প্রতিসন্ধানাপূর্ব্বকস্বত্বাপগমহেতুব্যাপারত্বেন লক্ষণেত্যর্থঃ। তেন পিতৃদত্তাদৌ ন বিভাগ প্রসঙ্গঃ দানাদেঃ স্বত্বপ্রতিসন্ধানপূর্ব্বকত্বাদিতি। পাতিত্যাদেঃ স্বত্বনাশকত্বে প্রমাণমাহ তদাহেতি। অত্র পুত্রা বিভজেয়ুরিত্যুপক্রমলব্ধত্বেন বিভাগানুষঙ্গাৎ পিতৃস্বত্বাপগমপুত্রস্বত্বয়োরবগমাদিতি ভাবঃ। নির্দ্দোষে পিতরি স্থিতে ইতি দেবলবচনেন সদোষে পিতরি স্থিতে তৎস্বাম্যনাশপুত্রস্বাম্যাবগমাত্তদেকবাক্যত্বাচ্চ। বিনষ্টে পতিতে ইতি। বিনাশার্থকত্বে পিতর্য্যূর্দ্ধংগতে পুত্রাইতি নারদ বচনান্তরেণ সহ পৌনরুক্ত্যাপত্তেরিতি ভাবঃ অত্র পতিতস্যাপি সর্ব্বস্বদানাদিপ্রায়শ্চিত্তশ্রবণাৎ প্রায়শ্চিত্তপরাঙ্মুখেতিবিশেষণং দেয়ং তেন প্রায়শ্চিত্তপ্রাগভাবাভাবসহকৃতং পাতিত্যং স্বত্বনাশহেতুরিতি বোধ্যং। গৃহস্থাশ্রমরহিতইতি। গৃহস্থাশ্রমো গার্হস্থ্যং তদ্রহিতে আশ্রমান্তরগতে ইত্যর্থঃ। গৃহস্থাশ্রমাশরণে ইতিপাঠেঽপি শরণং গৃহ-রক্ষিত্রোরিত্যমরকোষাৎ তদরক্ষিতরীতি স এবার্থঃ। উপরতস্পৃহে স্বত্বসমান-কালীনেচ্ছাপ্রাগভাবাসমানকালীনেচ্ছাধ্বংসবতি। ১৭।

---

প্রব্রজিতত্বাদির বোধক, যেহেতু স্বত্ববিনাশকরূপে কি মরণ কি পাতিত্য কি সন্ন্যাস সকলই সমান। যথা নারদবচন, মাতার রজনিবৃত্তি হইলে ও ভগিনী সকল পাত্রসাৎ করা হইলে পর পিতা পতিত হইলে বা গৃহস্থাশ্রম রহিত হইলে অথবা একেবারে বিষয়বিরক্ত হইলে পর পুত্রেরা পিতৃধন ভাগ করিয়া লইবে, তন্মধ্যে পতিতের সর্ব্বস্ব দানাদি প্রায়শ্চিত্ত শাস্ত্রে শ্রবণ থাকায় প্রায়শ্চিত্তবিমুখ পিতার পাতিত্যই স্বত্ববিনাশক, কিন্তু প্রায়শ্চিত্ত প্রবৃত্তি থাকিলে স্বত্বনাশ হইবে না। ১৭।

যদা নিবৃত্তে বাপি মরণাদিতিপাঠঃ তদা মরণান্নিবৃত্তে জীবতি নিস্পৃহইতি। পাঠান্তরমনাকরং। অত্রাপ্যুপরতস্পৃহত্বাদিনা পুত্ত্রাণাং স্বত্বং পিতৃধনে ভবতীতিজ্ঞাপনাদয়মেকঃ কালো বিভাগস্যেচ্ছাপ্রাপ্তোঽনুদ্যতে প্রাপ্ত্যনুসারিত্বাচ্চানু-

---

যদেতি। বিনষ্টে বাপীতি তৃতীয়চরণে নিবৃত্তে বাপীতি যদা পাঠ ইত্যর্থঃ। তদাঽস্য নিস্পৃহত্ববিশেষণমাহ তদেতি। যদাতদেতি অস্বরসসূচনায় তদ্বীজঞ্চ বিশেষণবৈয়র্থ্যমেবেতি। পাঠান্তরমিতি। নিবৃত্তে বাপি মরণাদিতি প্রকাশাদিধৃতপাঠান্তরমনাকরমিত্যর্থঃ বহুষু গ্রন্থেষ্বদর্শনাৎ তথাবিধে পিতরি বিষয়ান্তরস্পৃহাবত্যতিপ্রসঙ্গাচ্চেতি ভাবঃ। জ্ঞাপনাদিতি। জ্ঞাপনায়েত্যর্থঃ। সমেত্যেতি। মিলিত্বেত্যর্থঃ। মিলনঞ্চ সর্ব্বেষামুদ্যমসত্ত্বে এব তৎকিমেকেচ্ছয়া ন বিভাগইত্যত্রাহ একস্যাপীতি। স্বাম্যাদিতি। তথাচ স্বামিত্বেন স্বাতন্ত্র্যাদেকেচ্ছয়া বিভাগো নৈয়ায়িকএবেতি ভাবঃ। পক্ষেতি। কদাচিৎ সর্ব্বেচ্ছয়া বিভাগঃ কদাচিদেকেচ্ছয়া যদা সর্ব্বেচ্ছয়া তৎপক্ষপ্রাপ্তইত্যর্থঃ। অন্যথা ন্যায়প্রাপ্তানুবাদকতাং বিহায় বচনবলাদেব তস্য বিবক্ষিতত্বে। সাহিত্যবদিতি। সাহিত্যং মিলনমাত্রং ন তু পরস্পরসাপেক্ষাণাং তুল্যরূপাণাং একক্রিয়ান্বয়িত্বরূপসাহিত্যং বিভাগক্রিয়ায়া বৈশেষিক-

---

যদি তৃতীয় চরণে নিবৃত্তে বাপি মরণাৎ এইপাঠ হয় তবে মরণ হইতে নিবৃত্ত অর্থাৎ জীবিত থাকিতে নিস্পৃহ হন এইরূপ অর্থ, এই বিশেষণ নিরর্থক জানিবে, এজন্য যদি এই পাঠ হয় এই কথা গ্রন্থকার লিখিলেন পাঠান্তর অমূলক। পিতার বৈরাগ্যাদি হেতুক পিতৃধনে পুত্রগণের স্বত্ব হয় ইহা জ্ঞাপন নিবন্ধন এই একটি বিভাগের কাল ইচ্ছাপ্রাপ্ত ইহার অনুবাদ হইল স্বামিত্বাধীন বিভাগের প্রাপ্তি, সেই প্রাপ্তির অনুসারে অনুবাদ জানিবে। এবচনে একেরও স্বকীয়ধনের স্বামিত্ব হেতুক একজনের ইচ্ছাতেও ভাগ হয় এ নিমিত্ত ভ্রাতারা মিলিত হইয়া পিতৃধন ভাগ করিবে এই বচনে মিলনটী

বাদস্য স্বামিত্বাচ্চ প্রাপ্তেঃ একস্যাপি স্বধনে স্বাম্যাদেকেচ্ছয়াপি বিভাগপ্রাপ্তেঃ সমেত্যেতি সহিতত্বং পক্ষপ্রাপ্তমনূদ্যতে। অন্যথা সাহিত্যবৎ বহুত্বস্যাপ্যবগতের্দ্বয়োর্ব্বিভাগো ন স্যাদেব দ্বয়োর্ব্বিভাগপ্রতিপাদকশাস্ত্রাভাবাৎ ॥ ১৮ ॥

নন্বু উপরতে পিতরি জ্যেষ্ঠএব ধনাধিকারী নেতরে। যথা মনুঃ। জ্যেষ্ঠএব তু গৃহ্লীয়াৎ পিত্র্যং ধনমশেষতঃ। শেষাস্তমুপজীবেয়ুর্যথৈব পিতরং তথা। জ্যেষ্ঠোঽত্র পুন্নামনরকব্যাবর্ত্তকোঽভিপ্রেতো ন তু জীবদপেক্ষঃ। যথা মনুঃ। জ্যেষ্ঠেন

---

স্বত্বাবধারণরূপায়া অক্ষপাতাদিরূপতদনুকূলব্যাপাররূপায়া বা সর্ব্বানন্বয়াৎ। বচনান্তরাৎ দ্বয়োর্ব্বিভাগো ভবিষ্যতীত্যাশঙ্কামুপনয়তি দ্বয়োরিতি। কিঞ্চৈবং একস্য বিদেশস্থত্বে বাল্যাদিনা হুজ্ঞানিত্বে বা মিলনাভাবাৎ বিভাগাভাবে "অপ্রাপ্তব্যবহারাণাং ধনং ব্যয়বিবর্জ্জিতং। ন্যসেয়ুর্ব্বন্ধুবর্গেষু প্রোষিতানাং তথৈব চেতি" বক্ষ্যমাণবচনবিরোধঃ স্যাদিতি ॥ ১৮ ॥

পিতৃবজ্জ্যেষ্ঠএব পিতুরনন্তরং ধনাধিকারী তেন সহ বিভাগ এবেতরেষাং নাস্তীত্যাশঙ্কতে নন্বিতি। পুত্রী ভবতীতি। পুন্নামনরকত্রাণকর্ত্তৃপুত্রবান্ ভবতীত্যর্থঃ। স তস্মাদিতি। তথাচ জ্যেষ্ঠস্য ধনলাভে পুন্নামনরকত্রাণকর্ত্তৃত্ব-

---

পক্ষান্তরীয়ের অনুবাদ মাত্র অর্থাৎ কোনস্থলে সকলের ইচ্ছাতে ভাগ হয়, কোনস্থলে একের ইচ্ছাতে ভাগ হয়, এই দুই পক্ষের মধ্যে একপক্ষ ধরিয়া অনুবাদ করিয়াছেন, নচেৎ মিলন না হইলে যদি ভাগ না হয় তবে ঐ বচনে তদ্রূপ বহুবচনের প্রয়োগ থাকায় দুয়ের পিতৃধন বিভাগ হইতে পারে না; যেহেতু দুয়ের বিভাগ প্রতিপাদক শাস্ত্র নাই। ১৮।

ভাল, পিতার মরণানন্তর জ্যেষ্ঠই সর্ব্বধনাধিকারী হইবে, অন্যেরা অধিকারী নহে এইরূপ ব্যবস্থা হউক না কেন? যথা মনু, জ্যেষ্ঠই সমস্ত পিতৃধন

জাতমাত্রেণ পুত্রী ভবতি মানবঃ। পিতৄণামনৃণশ্চৈব স তস্মা-ল্লব্ধুমর্হতি। যস্মিন্নৃণং সন্নয়তি যেন চানন্ত্যমশ্নুতে। স এব ধর্ম্মজঃ পুত্রঃ কামজানিতরান্ বিদুঃ। নৈতৎ সর্ব্বেচ্ছা-ধীনজ্যৈষ্ঠাধিকারশ্রুতেঃ। যথা নারদঃ। বিভৃয়াদ্বেচ্ছতঃ সর্ব্বান্ জ্যেষ্ঠো ভ্রাতা যথা পিতা। ভ্রাতা শক্তঃ কনিষ্ঠোবা শক্ত্যপেক্ষা কুলে স্থিতিঃ। সর্ব্বেচ্ছয়া কনিষ্ঠোঽপি শক্তঃ

রূপপুত্রত্বস্য হেতুত্বেনোপাদানাৎ তদ্রূপজ্যেষ্ঠস্যৈব ধনাধিকারঃ নাতদ্রূপস্য জীবদ-পেক্ষজেষ্ঠস্যেতি ভাবঃ। এতচ্চ সজাতীয়স্ত্রীজাতেষু বিজাতীয়স্ত্রীজাতেষু উৎকৃষ্টা-জাতস্যৈব জ্যেষ্ঠত্বং। সদৃশস্ত্রীষু জাতানং পুত্রাণামবিশেষতঃ। ন মাতৃতো জ্যৈষ্ঠমস্তি জন্মতো জৈষ্ঠ্যমুচ্যতে ইতিমনুবচনাৎ। ধর্ম্মজঃ নতু রাগজঃ অপুত্রাঃ সন্ত্বাদৃশইতি নিন্দার্থবাদাদিতিভাবঃ। অদৃশোঽদর্শনশীলা রাক্ষসাইতি মিশ্রাঃ। তথাচ বিভাগবচনং মৃতজ্যেষ্ঠকনিষ্ঠভ্রাতৃগণবিষয়মিতি পূর্ব্বপক্ষয়িতুরভিপ্রায়ঃ। জ্যেষ্ঠতা চাতন্ত্র্যম্বিতি। জ্যেষ্ঠএবেত্যবধারণং জ্যেষ্ঠস্য সতি ভরণসামর্থ্যে জ্ঞেয়ং।

গ্রহণ করিবে, অবশিষ্ট ভ্রাতৃগণ পিতৃবৎ সেই জ্যেষ্ঠের অনুজীবী হইবে, এই বচনে জ্যেষ্ঠপদে পিতার পুন্নাম নরক নিবর্ত্তক পুত্রই অভিপ্রেত, জীবদপেক্ষ জ্যেষ্ঠ নহে। যথা মনু, জ্যেষ্ঠ জাতমাত্রে মানব পুত্রবান্ এবং পিতৃলোকের ঋণ হইতে মুক্ত হয়, সেই হেতু সেই জ্যেষ্ঠ পিতৃধন লাভ করিবার যোগ্য ও যাহাতে ঋণ শোধ ও যদ্দ্বারা আনন্ত্য স্বর্গলাভ হয় সেই জ্যেষ্ঠই ধর্ম্মজপুত্র, অন্য পুত্রদিগকে কামজ বলিয়া ঋষিরাই ব্যাখ্যা করিয়াছেন।

এই সকল বচনের তাৎপর্য্য ওরূপ নহে, কারণ সকলের ইচ্ছাধীনই জ্যেষ্ঠাধিকার শ্রুত হয়, যথা নারদ, জ্যেষ্ঠভ্রাতা পিতার ন্যায় অনুগত সকল ভ্রাতাকে ভরণপোষণ করিবেন, তিনি অসমর্থ হইলে যদি কনিষ্ঠ শক্ত হয় তবে সেই কর্ত্তা হইবে। যেহেতু সংসারের রক্ষণাবেক্ষণ ক্ষমতা সাপেক্ষ,

সন্ বিভৃয়াদিতি জ্যেষ্ঠতা চাতন্ত্র্যং যথা মনুঃ। এবং সহ বসেয়ুর্ব্বা পৃথগ্বা ধর্ম্মকাম্যয়া। পৃথগ্বিবর্দ্ধতে ধর্ম্মস্তস্মাদ্ধর্ম্ম্যা পৃথক্‌ক্রিয়া। সহ পৃথগ্বেতিপদাভ্যাং কাম্যয়েতি চেচ্ছায়া বিকল্পকত্বং দর্শয়তি। ১৯।

তদেবং পিতৃস্বত্বাপগম একঃ কালোঽপরশ্চানপগত এব পিতুঃ স্বাম্যে পিতুরিচ্ছয়েতি কালদ্বয়ং। ন পুনঃ পিতর্য্যুপরতইত্যেকঃ কালঃ পিতর্য্যুপরতস্পৃহে মাতুশ্চ নিবৃত্তে রজসীত্যপরঃ অনিবৃত্তেঽপি মাতৃরজসি পিতরি সস্পৃহে তদি-

---

পৃথগ্বিবর্দ্ধতে ইতি। যদ্যপ্যবিভক্তানামপ্যেকেনৈব কর্ম্মণা সর্ব্বেষাং ধর্ম্মোদয়াৎ পৃথগ্‌ভাবে ধর্ম্মবৃদ্ধিরনুপপন্না তথাপি পার্থক্যে স্বস্বাসাধারণ দ্রব্যেণ কৃতকর্ম্মণো ঽতিশয়িতধর্ম্মোৎপত্তেস্তথোক্তমিতি। ১৯।

অনপগতএবেতি। যদ্যপি পিতুরিচ্ছয়া বিভাগেঽপ্যপেক্ষয়া পিতুঃ স্বত্বনাশোঽপ্যবশ্যাভ্যুপেয়ঃ অন্যথা স্বোক্তবিভাগস্যৈবানুপপত্তেঃ তথাপি বিভাগেচ্ছাধীনতদনধীনস্বত্বাপগমাভ্যাং কালদ্বয়মুক্তং। বস্তুতো লাঘবাদিতরস্বত্বাভিসন্ধানাপূর্ব্বকপিতৃস্বত্বাপগমকাল একএব দায়স্য বিভাগে নিমিত্তং ন তু কালদ্বয়ং গৌরবাদিতি

---

কনিষ্ঠ ক্ষমতাবান্ হইলে সকলেব ইচ্ছাধীন সেই কনিষ্ঠই সকলের ভরণপোষণ করিবে একারণ জ্যেষ্ঠত্ব সকল ধনাধিকারের হেতু বোধ হয় না যথা মনু, এইরূপে ভ্রাতৃবর্গ মিলিত হইয়াই বাস করুক অথবা ধর্ম্মবৃদ্ধি কামনায় পৃথক্‌ই বা হউক, যেহেতু পৃথকরূপে ধর্ম্মবৃদ্ধি হয় সেই হেতু পৃথক ক্রিয়া ধর্ম্মবৃদ্ধি করী। মিলিত হইয়া থাকা অথবা পৃথক্ হওয়া এই বিকল্প ইচ্ছাধীন, অতএব ইচ্ছাই বিকল্প॥ ১৯॥

এইরূপে পিতার স্বত্বনাশ কাল একটি বিভাগের কাল, আর একটি পিতার স্বত্বনাশ না হইলেও পিতার ইচ্ছাধীন বিভাগ হয়, এইরূপ পিতৃধন বিভাগের

চ্ছয়েতি কালত্রয়মাদরণীয়ং। মাতৃরজোনিবৃত্তেঃ পিতৃরুপর-তস্পৃহত্ববিশেষণত্বে। ত্রিংশদ্বর্ষো বহেৎ কন্যাং হৃদ্যাং দ্বাদশ-বার্ষিকীং। ত্র্যষ্টবর্ষোঽষ্টবর্ষাং বা ধর্ম্মে সীদতি সত্বরইতি। মনুনা বিবাহকালবিধানাৎ বনং পঞ্চাশতোব্রজেদিত্যাশ্রমা স্তরগমনকালবিধানাৎ তদা চ রজোনিবৃত্তের্মাতুরসম্ভবে

বোধ্যং। চূড়ামণিসম্মতোঽপ্যয়ং পক্ষইতি। যত্র তু পুত্রাণাং সম্ভাব্যমানানুভাবি-কলহনিরাকরণার্থং পিতা তত্তদংশানবধার্য্য পুনস্তেষু স্বয়মধিকরোতি ন তত্র বিভাগঃ পিতুরুপেক্ষাবিরহেণ তৎস্বত্বস্যৈব বিদ্যমানত্বাৎ তেন তত্র বিভাগপ্রয়োগো ভাক্তএবেতি। মিতাক্ষরাকৃন্মতং নিরস্যতি ন পুনরিতি। বহেৎ উদ্বহেৎ সত্বর ইত্যনেন উক্তকালাদল্পকালপরিগৃহীতদারঃ। তদা চেতি। দ্বাত্রিংশচ্চতুস্ত্রিংশদ্বর্ষ-মধ্যইত্যর্থঃ ত্রিংশদ্বর্ষেণোদ্বাহিতায়া দ্বাদশবর্ষীয়ায়াঃ স্ত্রিয়াঃ পত্যুঃ পঞ্চাশদ্বর্ষসময়ে দ্বাত্রিংশদ্বর্ষবয়স্কত্বাৎ এবং চতুর্ব্বিংশতিবর্ষেণোঢ়ায়াঃ স্ত্রিয়াঃ অষ্টবর্ষীয়ায়াঃ পত্যুঃ পঞ্চাশদ্বর্ষে চতুস্ত্রিংশদ্বর্ষীয়ত্বাৎ। অবিভাগপ্রসঙ্গাদিতি, ইদন্তু ন সম্যক্ ইদানীম-বিভাগস্যেষ্টত্বাৎ অন্যথা "পুত্রেষু দারান্নিঃক্ষিপ্য বনং গচ্ছেৎ সহৈব বা" ইতিবাগ-নিবৃত্ত্যনিবৃত্তিভ্যাং প্রকারদ্বয়বিধানেন রাগানিবৃত্তৌ সহবনগমনপক্ষে বানপ্রস্থা-

দুইটি কাল, নচেৎ পিতার মরণানন্তর এই একটি কাল আর পিতার বিষয় বৈরাগ্য ও মাতার রজোনিবৃত্তি হইলে পর একটি কাল এবং মাতার রজো-নিবৃত্তি না হইলেও পিতা বিষয়ানুরক্ত থাকিলেও তাঁহার ইচ্ছাক্রমে ভাগ হয়, এইরূপ মিতাক্ষরাতে যে কালত্রয় উক্ত হইয়াছে তাহা আদরণীয় নহে। যেহেতু মাতার রজোনিবৃত্তি ও পিতার বিষয় বৈরাগ্য এককালে ঘটে না, কেন না ত্রিংশবৎসরের বর, বারবৎসরের কন্যাকে বিবাহ করিবে ও চব্বিশ বৎসরের বর অষ্টবর্ষীয়া কন্যাকে বিবাহ করিবে কালাতিক্রম পূর্ব্বক বিবাহে ত্বরান্বিত হইলে ধর্ম্মহানি হয়, এই প্রকার ভগবান্ মনুর বিবাহ কাল নিয়মে আর পঞ্চাশ বৎসরের পর বনগমন করিবে এই আশ্রমান্তর গমনের কাল

পিতরি "চোপরতস্পৃহে বাণপ্রস্থে তৎপুত্রাণামিচ্ছতামপ্যবিভাগপ্রসঙ্গাৎ নির্ব্বিশেষণমুপরতস্পৃহত্বমেব পিতৃধনবিভাগকালইতি চেন্ন অনুপরতস্পৃহে পিতরি পতিতেঽপ্যবিভাগপ্রসঙ্গাৎ।" অয়মপ্যপরঃ কাল ইত্যভিধানে কালচতুষ্টয়াপত্তিঃ পিতুরুপরমঃ পতিতত্বং নিস্পৃহত্বং ইচ্ছা চেতি। ২০।

যচ্চ কার্য্যাক্ষমে পিতরি পুত্রাণাং বিভাগে স্বাতন্ত্র্যমুক্তং

শ্রমোৎপন্নপুত্রাণাং বৃত্তিলোপাপত্তেঃ"। গৃহস্থস্তু যদা পশ্যেদ্বলীপলিতমাত্মনঃ। অপত্যপুত্রস্তৎপুত্রাংস্তদারণ্যং সমাবিশেৎ। ইত্যুক্তকালান্তরে চারণ্যগমনে বিভাগস্য নানুপপত্তেঃ ইদানীং মাতৃরজোনিবৃত্তেরপি সত্ত্বাদিতি বোধ্যং। কেচিত্তু অবিভাগপ্রসঙ্গাদিতি। নচেষ্টাপত্তিঃ ব্যবহারবিরোধাৎ বানপ্রস্থস্য পত্নীসহিতবনগমনপক্ষেঽপ্যূর্দ্ধরেতস্ত্বাৎ অপত্যসম্ভাবনানিবৃত্তেঃ স্বতঃ সিদ্ধত্বেন তৎপরত্বাসম্ভবাৎ অদৃষ্টার্থকল্পনাগৌরবাচ্চেত্যাহুঃ তদসৎ নহি বনগমনমেব পুরুষস্য উর্দ্ধরেতস্ত্বং জনয়তি যেন তদনন্তরমপত্যসম্ভাবনানিবৃত্তিঃ স্যাদিতি। নিবৃত্তে রজসীত্যস্য তু বিষয়ঃ স্বয়মেব পরতোবক্ষ্যতে। কালচতুষ্টয়ং দর্শয়তি পিতুরুপরমইত্যাদিনা। ২০।

কার্য্যাক্ষমইতি। অতিবৃদ্ধত্বাদিনেতি শেষঃ। আদানং গ্রহণং বিসর্গস্ত্যাগঃ

বিধান থাকায় বিবেচনা করিয়া দেখিলে তৎকালে মাতার রজো নিবৃত্তি অসম্ভব তখন পিতা বিষয় বিরক্ত হইয়া বানপ্রস্থ আশ্রমী হইলে পর পুত্রগণের ইচ্ছাক্রমে ভাগ হইতে পারে না (এই আপত্তি ভাল হয় নাই যেহেতু পত্নীসহিত বানপ্রস্থ আশ্রম লইলে পর পুত্র জন্মাইলে তাহার বৃত্তি লোপ হয়, সুতরাং তখন বিভাগ না করাই উচিত) রজোনিবৃত্তি বিশেষণ না দিয়া কেবল বিষয় নিস্পৃহত্বই পিতৃধন বিভাগের কাল ইহা বলা যায় না বিষয়স্পৃহা নিবৃত্তি না হইলেও পিতা পতিত হইলে পর ভাগ হইতে পারে না। যদি বল ইহাও আর একটি বিভাগ কাল, ইহা বলিলে বিভাগের চারিটি কাল হইয়া উঠে অর্থাৎ পিতার মরণ, পাতিত্য, নিস্পৃহত্ব ও ইচ্ছা। ২০।

আর যে কেহ বলিয়াছেন, বার্দ্ধক্য প্রযুক্ত পিতা কার্য্যাক্ষম হইলে পুত্রদের

তদ্বচনানভিজ্ঞত্বেন তথাচ হারীতঃ। জীবতি পিতরি পুত্রাণামর্থাদানবিসর্গাক্ষেপেষু ন স্বাতন্ত্র্যং কামং দীনে প্রোষিতে আর্ত্তিং গতে বা জ্যেষ্ঠোঽর্থাংশ্চিন্তয়েৎ। সুব্যক্তমাহতুঃ শঙ্খলিখিতৌ। পিতর্য্যশক্তে ব্যবহারান্ জ্যেষ্ঠঃ প্রতিকুর্য্যাৎ অনন্তরোবা কার্য্যজ্ঞস্তদনুমতো ন ত্বকামে পিতরি রিকৃথবিভাগো বৃদ্ধে বিপরীতচেতসি দীর্ঘরোগিণি বা জ্যেষ্ঠ এব পিতৃবদর্থান্ পালয়েদিতরেষাং ঋকৃথমূলং হি কুটুম্বমস্বতন্ত্রাঃ পিতৃমন্তোমাতুরপ্যেবমবস্থিতায়াঃ। এতদ্বচনদ্বয়ং কার্য্যা-

---

আক্ষেপো ন্যাসকরণং ন স্বাতন্ত্র্যং ন তদনুমতিং বিনাঽধিকারঃ। দীনেঽতিবৃদ্ধত্বাদিনা দুঃখিতে। আর্ত্তিং গতে ইত্যন্তশোকরোগাদিভিঃ পীড়িতে। এতদ্বচনে স্বয়ং বক্ষ্যমাণঃ কার্য্যাক্ষমাদৌ পিতরি ভাগনিষেধেন জ্যেষ্ঠস্য গৃহযোগক্ষেমাচরণরূপোঽর্থো ন ব্যক্তঃ ন স্বাতন্ত্র্যমিত্যস্য পিতুঃ স্বাস্থ্যদশায়ামেব সম্ভবাৎ চিন্তয়েদিত্যস্য তু বিভাগার্থং চিন্তয়েদিত্যর্থসম্ভবাদতআহ সুব্যক্তমিতি। বৃদ্ধে সর্ব্বকর্ম্মাক্ষমে। বিপরীতচেতসি উন্মাদেন। দীর্ঘরোগিণি চিরতরকালং মহারোগিণি। পিতৃবদিতি

---

পিতৃধন বিভাগে ক্ষমতা জন্মে তাহা বচনের অনভিজ্ঞতা প্রযুক্ত যথা হারীত বচন, পিতা জীবিত থাকিতে পিতৃধনের গ্রহণ বা দান কিংবা গচ্ছিত করা কিছুতেই পুত্রের ক্ষমতা নাই। পিতা অত্যন্ত বৃদ্ধ বা প্রবাসী কিংবা অত্যন্ত রোগগ্রস্ত হইলে পর জ্যেষ্ঠ পৈতৃক অর্থ চিন্তা করিবে। শঙ্খ ও লিখিত মুনি স্পষ্টরূপে বলিতেছেন পিতা অশক্ত হইলে জ্যেষ্ঠপুত্র ধনাদি ব্যবহার কার্য্য নির্ব্বাহ করিবে অথবা তাঁহার অনুমতিক্রমে কার্য্যদক্ষ অন্য পুত্রও কার্য্য কবিতে পারে কিন্তু; পিতা বৃদ্ধই হউন উন্মত্তই বা হউন কিংবা অত্যন্ত রোগগ্রস্তই হউন জ্যেষ্ঠ পুত্রই পিতার ন্যায় অপর ভ্রাতার অর্থ পালন করিবেন। যেহেতু পোষ্যবর্গের পোষণ ধনসাপেক্ষ, কিন্তু পিতা মাতা জীবিত

ক্ষমে দীর্ঘরোগিণি চ পিতরি বিভাগং নিষিধ্য জ্যেষ্ঠএব গৃহং চিন্তয়েৎ তদনুজো বা কার্য্যজ্ঞ ইত্যাহ। অতো ন স্বকামে পিতরীত্যেতদেব কার্য্যাক্ষমে পিতরি ঋকৃথবিভাগইতি ভ্রান্তলিখিতং। ২১।

তস্মাৎ পতিতত্বনিস্পৃহত্বোপরমৈঃ স্বত্বাপগমইত্যেকঃ কালোঽপরশ্চ সতি স্বত্বে তদিচ্ছাতইতি কালদ্বয়মেব যুক্তং

---

পিতা যথা সর্ব্বেষাং পালনপুবঃসবমর্থান্ পালয়েৎ তথেতরেষাং কণিষ্ঠানাং পালনপুবঃসরমর্থান্ পালয়েদিত্যর্থঃ তেন তথাভুতে পিতবি জ্যেষ্ঠস্য কণিষ্ঠপালনপুবঃসরমর্থপালকতা প্রতিপাদিতা। অর্থপালনে হেতুমাহ ঋকৃথমূলং হীতি। কুটুম্বং কুটুম্বভরণং গার্হস্থ্যম্বা। অস্বতন্ত্রাঃ যথেষ্টবিনিয়োগানধিকাবিণঃ অনেন পিতৃসত্বে পুত্রাণামস্বাতন্ত্র্যং বিভাগাদৌ স্ফুটমেবাভিহিতমিতি। এবং মাতরি জীবন্ত্যামস্বতন্ত্রাঃ। অত উক্তবচনানভিজ্ঞত্বাৎ। এতদেবেতি। সুপাংসুপেতি সপ্তম্যর্থে প্রথমা এতৎপাঠস্থলএবেত্যর্থঃ। কার্য্যাক্ষমে পিতরি ঋকৃথবিভাগইতিযল্লিখিতং তদ্ভ্রান্তলিখিতমিত্যর্থঃ। ২১।

কার্য্যাক্ষমত্বসময়রূপবিভাগকালান্তরং নিরস্য স্বোক্তদার্ঢ্যায় পুনরুপসংহবতি তস্মাদিতি। ননু তর্হি মাতুর্নিবৃত্তে বজসীত্যস্য কোবিষয়ইত্যতআহ মাতুবিতি।

---

থাকিতে পুত্রেরা স্বাধীন হইতে পারে না এই দুইটি বচনে পিতা কার্য্যাক্ষম বা দীর্ঘরোগগ্রস্ত থাকিতে পৈতৃক ধনবিভাগের নিষেধ পূর্ব্বক জ্যেষ্ঠই অথবা কার্য্যদক্ষ তৎকনিষ্ঠ গৃহকার্য্য চিন্তা করিবে ইহা উক্ত হইল। অতএব পিতা অনিচ্ছু হইলে বিভাগ হয় না, এই পাঠস্থলে পিতা কার্য্যাক্ষম হইলে ধন বিভাগ হয়, এই পাঠ কল্পনা ভ্রান্ত লিখিত মাত্র। ২১।

অতএব পিতার পাতিত্য, নিস্পৃহত্ব ও মবণদ্বারা পিতার স্বত্বনাশ এই একটি পৈতৃকধনবিভাগের কাল, আর একটি বিভাগকাল পিতার স্বত্ব বিদ্যমানেই তাঁহাব ইচ্ছাক্রমে এইরূপে দুইটি কালই যুক্তি যুক্ত বুঝিতে হইবে।

মাতুর্নিবৃত্তে রজসীতি তু পিতামহাদিধনাভিপ্রায়ং নিবৃত্তে রজসি পুত্রান্তরসম্ভাবনাভাবাৎ তদানীমপি পিতুরিচ্ছয়ৈব পুত্রাণাং বিভাগঃ অনিবৃত্তে রজসি ক্রমাগতধনবিভাগে পশ্চাজ্জাতানাং বৃত্তিলোপাপত্তেঃ ন চাসৌ যুক্তঃ। যে জাতা যেঽপ্যজাতা বা যে চ গর্ভে ব্যবস্থিতাঃ। বৃত্তিং তেঽপি হি কাঙ্ক্ষন্তি বৃত্তিলোপোবিগর্হিত ইতিমনুবচনাৎ। যতএব পিতৃধনে কালদ্বয়ং অতএব মনুগৌতমাদিভির্মৃতপদং পরিত্যজ্য ঊর্দ্ধ্বমি-

---

পুত্রান্তরসম্ভাবনাভাবাদিতি। তেন মাতৃপদং পিতৃপত্ন্যুপলক্ষণং। তদানীমপি পিতৃপত্নীরজোনিবৃত্ত্যুত্তরকালেঽপি। পিতুরিচ্ছয়ৈবেতি। অত্র প্রমাণং বক্ষ্যতে। নন্ন পুত্রান্তরসম্ভাবনাসত্ত্বে পিতামহধনবিভাগে কা ক্ষতিরিত্যত আহ অনিবৃত্ত ইতি। বৃত্তিলোপঃ পিতামহধনে নিরংশিত্বং। অযুক্তত্বে হেতুমাহ যে জাতাইতি জাতা উৎপন্না অজাতা ভবিষ্যদ্গর্ভসম্বন্ধাঃ। ঊর্দ্ধং স্বত্বাপগমাৎ। রজোনিবৃত্তিরূপস্বতন্ত্রকালনিরাসেন পুনরুপসংহরতি অতইতি। অয়ং স্বত্বাপগমকালঃ। প্রমাণদর্শনপূর্ব্বকং কালান্তরমাহ ঊর্দ্ধমিতি। অপরঃ পিতৃস্বত্বাপগমাদন্যঃ পিতুরিচ্ছাসময়রূপঃ। যচ্ছিষ্টং যদবশিষ্টং। যথেদং নারদবচনং ন বিভাগকালান্তরপ্রদর্শনার্থং কিন্তু ঋণপরিশোধনাবশ্যংভাবার্থং অন্যথা ঋণী ন স্যাদিতি বৈয়র্থ্যাপত্তেঃ

---

মাতার রজোনিবৃত্তি হইলে এই বচন পিতামহাদি ধনবিভাগে ব্যবস্থাপিত তৎকালেও পিতার ইচ্ছাতেই পুত্রগণের বিভাগ হইবে মাতা ও বিমাতার রজোনিবৃত্তি না হইলেও যদি পিতামহাদি ধন বিভাগ হয়, তাহা হইলে পশ্চাৎ পৌত্রাদি জন্মিলে পর তাহাদের বৃত্তি লোপ হয় তাহা উচিত নহে। যথা মনুবচন, যাহারা জন্মিয়াছে ও যাহারা গর্ভে জন্মিবে এবং যাহারা গর্ভস্থ আছে তাহারা সকলে বৃত্তি অর্থাৎ জীবিকা আকাঙ্ক্ষা করে, বৃত্তি লোপ অতি গর্হিত কর্ম্ম।

ত্যুক্তং উৰ্দ্ধং পিতুরিতি। পিতুস্তদা স্বত্বাপগমাৎ তদর্থ-মেবোর্দ্ধমিত্যুক্তং অতোঽয়মেকোবিভাগকালঃ। ঊর্দ্ধং বিভাগা-জ্জাতস্ত্বিত্যনেন চ সস্পৃহে পিতরি তদিচ্ছয়া বিভাগকালোঽ-পরোদর্শিতঃ। ' দত্তাস্থ ভগিনীষু চেতি ন কালার্থং কিন্তু তাসামবশ্যং দানার্থং। যথা। যচ্ছিষ্টং পিতৃদায়েভ্যো দত্ত্বর্ণং পৈতৃকং ততঃ। ভ্রাতৃভিস্তদ্বিভক্তব্যমৃণী ন স্যাদ্যথা পিতা। ইদং নারদবচনং পিত্রর্ণশোধনাবশ্যম্ভাবার্থং ন বিভাগকালার্থং। অস্মাচ্চ নারদবচনাদয়মর্থঃ সিধ্যতি যদ্বিভাগকর্তৃভিরুত্তমর্ণানু-

তথা দত্তাস্বিতি ভগিনীদানাবশ্যম্ভাবার্থমিত্যর্থঃ। এতৎপ্রয়োজনত্বাৎ ঋণপরিশোধ-নাবশ্যম্ভাবপ্রতিপত্তিমাত্রপ্রয়োজনত্বাৎ। অতএব ঋণপরিশোধনস্যাবশ্যকত্বাদেব। তাভ্যঋতে দুহিতৃভ্যোবিনা। নম্বু অম্বয়ো দুহিতুর্ম্মাতুর্ব্বা তত্রাহ এতচ্চেতি।

যেহেতু পিতৃধনবিভাগেব কালদ্বয় অতএব মনুগৌতমাদি মুনিগণ, মৃত পদ পরিত্যাগ করিয়া ( ঊর্দ্ধং পিতুঃ ) এইরূপে ঊর্দ্ধ শব্দ প্রয়োগ কবিয়াছেন এবং তৎকালে পিতার স্বত্ব নাশ হইবার তাহাব ঊর্দ্ধ অর্থাৎ পিতৃস্বত্ব নাশান-ন্তর 'এই অর্থ উক্ত হইল ; অতএব পিতাব স্বত্বনাশ হইলে পর এই একটি বিভাগকাল, আর বিভাগেব পব যে পুত্র জন্মে ইত্যাদি বচনদ্বারা বিষয়ানু-রাগি পিতার জীবদ্দশায় তাঁহার ইচ্ছানুসারে ভাগ হয় এই আর একটি বিভাগ কাল দর্শিত হইল।

ভগিনীরা দত্তা হইলে পর এই বচন বিভাগকালার্থ নহে, কিন্তু তাহাদের সৎপাত্রে দান আবশ্যক। আর পিতৃধন হইতেই পৈতৃক ঋণ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহাই পুত্রেবা বিভাগ করিয়া লইবে, যাহাতে পিতা ঋণী না থাকেন, এই নারদ বচনের তাৎপর্য্য পৈতৃক ঋণ শোধ অতি আবশ্যক, নচেৎ ইহাতে বিভাগের তাদৃশ আবশ্যকতা বুঝায় না এই নারদ বচন হইতে এই

মত্যেব পিত্রাদি ঋণং বিভজনীয়ং পরিশোধ্যং বা শোধনাবশিষ্টধনবিভাগপ্রতিপাদনস্যৈতৎপ্রয়োজনত্বাৎ অতএব মাতৃধনস্যাপি ঋণাবশিষ্টস্য বিভাগমাহ যাজ্ঞবল্ক্যঃ। মাতুর্দুহিতরঃ শেষমৃণাৎ তাভ্যঋতেঽন্বয়ঃ। এতচ্চ বিস্তরেণ ঋণাদানে বক্ষ্যতে। যদ্বা দত্তাসু ভগিনীষু মাতৃধনং পুত্রৈরেব বিভজনীয়ং অদত্তাসু তাভিঃ সহ সাধারণং এতচ্চাবসরে বাচ্যং এবন্তাবৎ পিতৃধনবিভাগস্য কালদ্বয়মপ্যুক্তং। ২২।

সম্প্রতি পিতামহধনবিভাগকালোঽভিধীয়তে। তত্র বৃহ-

---

বক্ষ্যতে মাতুরন্বয়ইতিব্যবস্থাপয়িষ্যতে। পক্ষান্তরমাহ যদ্বেতি। মাতৃধনমযৌতকং যৌতকে সর্ব্বাদুহিত্রভাবএব পুত্রাধিকারস্য বক্ষ্যমাণত্বাৎ তথাচ দত্তাসু ভগিনীষু চেতি মাতুরযৌতকধনবিষয়মিতি ভাবঃ। অবসরে প্রকৃতসমাপ্তৌ স্ত্রীধনবিভাগপ্রকরণে। উক্তং ব্যবস্থাপিতং ন্যায়বচনাভ্যামিতিশেষঃ॥ ২২॥

পিতৃধনবিভাগকালে কথিতে পিতামহধনবিভাগকালস্য আকাঙ্ক্ষিতত্বাৎ তৎ

---

অর্থ সিদ্ধ হইতেছে যে পিতৃধন বিভাগকারী পুত্রেরা উত্তমর্ণের অনুমতিক্রমে পিতার ঋণ বিভাগ করিয়া লইবে, অথবা ঋণ পরিশোধ করিবে, এই পিতৃ ঋণ শোধনাবশিষ্টধনবিভাগ প্রতিপাদক বচনের প্রয়োজন। অতএব ঋণ শোধনাবশিষ্ট মাতৃধনের বিভাগ যাজ্ঞবল্ক্যমুনি বলেন যথা কন্যারা ঋণ শোধাবশিষ্ট মাতার ধন বিভাগ করিয়া লইবে, কিন্তু কন্যা না থাকিলে মাতৃধন পুত্রাদিরা লইবে। ইহা বিস্তারক্রমে ঋণাদান প্রকরণে বলিব, অথবা ভগিনীরা বিবাহিতা হইলে মাতার অযৌতক ধন পুত্রেরা বিভাগ করিয়া লইবে অবিবাহিতা ভগিনী থাকিলে তাহাদের সহিত সাধারণ রূপে ভাগ করিয়া লইবে, ইহা স্ত্রীধনবিভাগ প্রকরণে বলিব, এতাবতা পিতৃধনবিভাগের দুইটি কাল উক্ত হইল। ২২।

এই ক্ষণে পিতামহ ধন বিভাগের কাল উক্ত হইতেছে, যথা বৃহস্পতি

স্পাতিঃ। পিত্রোরভাবে ভ্রাতৃণাং বিভাগঃ সম্প্রদর্শিতঃ। মাতুর্নিবৃত্তে রজসি জীবতোরপি শস্যতে। নাস্য বচনস্য পিতৃধনগোচরত্বং ঊর্দ্ধং বিভাগাজ্জাতস্ত্বিত্যস্য নির্ব্বিষয়ত্বাপত্তেঃ নিবৃত্তে রজসি পুত্রোৎপত্তেরভাবাৎ মাতৃধনবিষয়ত্বঞ্চাস্য নাশঙ্কনীয়ং এবং মাতুরেব নির্দ্ধনত্বাপত্তেঃ অতোনিবৃত্তে রজসীতি পিতামহাদিধনবিষয়ং। ন চেচ্ছামনপেক্ষ্য রজোনিবৃত্তের্ব্বিভাগনিমিত্তত্বং সম্ভবতি অনিচ্ছয়া বিভাগাভাবাৎ সত্যামিচ্ছায়াং

বক্তুংপ্রতিজানীতে সম্প্রতীতি। নির্ব্বিষয়ত্বে হেতুমাহ নিবৃত্তে রজসীতি। ন চ পিত্রোরভাবইতি বচনং পিতৃধনবিষয়ং ঊর্দ্ধংবিভাগাজ্জাতস্ত্বিতি পৈতামহধনবিষয়মিতি বৈপরীত্যমেব কুতো ন স্যাৎ। পিতামহধনে পিতুঃ পুত্রেভ্যঃ স্বেচ্ছাকৃতন্যূনাধিকদানস্যাপি নিষেধেন উৎপৎস্যমানপুত্রনিরংশতায়াঃ সর্ব্বথৈব নিষিদ্ধত্বাৎ তত্রৈব মাতৃরজোনিবৃত্তেঃ সহকারিত্বৌচিত্যাৎ। ন চ পিত্রা স্বয়ং গৃহীতে দ্ব্যংশে তদনন্তরং তস্যৈবাধিকারাৎ ন নিরংশতেতি বাচ্যং তস্য পিতৃপভোগোপক্ষীণত্বে নিরংশতায়া দুর্ব্বারত্বাৎ পৈতৃকে তু "তস্য স্বেচ্ছা স্বয়মুপাত্তেঽর্থে" ইতি বিষ্ণুবচনেন ইচ্ছায়ানিয়ামকত্বাভিধানাৎ ইচ্ছয়োৎপৎস্যমাননিরংশতায়ামপ্যবিরোধাৎ ন তত্রাস্য সহকারিতেতি অতএব বৃত্তিলোপোবিগর্হিতইতিপ্রাগুক্তবচনে বৃত্তিপদং পিতামহধনপরমিতি সুধীভির্ভাব্যং। নির্দ্ধনত্বাপত্তেরিতি। রজোনিবৃত্তিমাত্রেণ তস্যাঃ স্বত্বনাশে

বচন, পিতা ও মাতার অভাবে ভ্রাতৃগণের বিভাগ প্রদর্শিত হইল। এবং মাতার রজোনিবৃত্তি হইলে পিতামাতার জীবদ্দশাতেও বিভাগ প্রশস্ত হয়। এই বচন পিতৃধন বিভাগ বিষয়ক ন, তাহা হইলে বিভাগের পর যে পুত্র জন্মে এই বচনের বিষয় থাকে না কেননা রজোনিবৃত্তি হইয়া গেলে আর পুত্রোৎপত্তি সম্ভাবনা কোথায়। আর মাতার রজোনিবৃত্তি হইলে তাঁহার ধন পুত্রেরা ভাগ করিয়া লইবে এইরূপ মীমাংসাও করা যায় না, তাহা

কস্যেচ্ছয়েত্যপেক্ষায়াং "ঊর্দ্ধং পিতুঃ পুত্রা রিকৃথং বিভজেয়ুঃ নিবৃত্তে রজসি মাতুর্জীবতি চেচ্ছতীতি" গৌতমবচনাৎ পিতুরেবেচ্ছাতইতি নির্ণীয়তে। অতঃ পিত্রোরভাবইত্যেকঃ কালঃ। পিত্রোরিতি দ্বিবচননির্দ্দেশাৎ সোদরভ্রাতৃণাং পিতৃধনবিভাগোঽপি মাতুরভাবএব কার্য্যঃ ন তু মাতৃধনবিভাগার্থং মাতুরভাব-

---

পুত্রাণাং তদ্ধনবিভাগইত্যর্থঃ। উপসংহরতি অতইতি। যতঃ ন পিতৃধনগোচরত্বং নাপি মাতৃধনগোচরত্বমতইত্যর্থঃ। ননু নিরপেক্ষশ্রুতিবলাৎ পিতুরনিচ্ছয়াপি মাতৃরজোনিবৃত্তৌ পুত্রাণাং বিভাগঃ স্যাদতআহ ন চেচ্ছামিতি। বিভাগনিমিত্তত্বং বিভাগোপধায়কত্বং। অনিচ্ছয়েতি স্বারসিকেচ্ছাং বিনেত্যর্থঃ। বিভাগাভাবাদিতি। বিভাগস্য দৃষ্টার্থকতয়া স্বারসিকেচ্ছাধীনত্বনিয়মাদিত্যর্থঃ। সত্যামপেক্ষিতায়ামিচ্ছায়াং কস্য পিতুঃ পুত্রস্য বা পিতুরেবেচ্ছাতইতি। জীবতি চেচ্ছতীত্যনয়োরিচ্ছাজীবনয়োঃ সামানাধিকরণ্যানুবোধাদিতি ভাবঃ। তেন তদানীমপি বিভাগে পিতুরেব স্বামিত্বাৎ স্বাতন্ত্র্যাং ন পুত্রেচ্ছয়া বিভাগোঽস্বামিত্বেনাস্বাতন্ত্র্যাদিত্যভিহিতং। যথাশ্রুতন্তু ন সঙ্গচ্ছতে ইচ্ছায়াঃ সামানাধিকরণ্যকৃতিদ্বারা বিভাগপ্রযোজকত্বস্য সিদ্ধত্বেন তত্র কস্যেত্যাকাঙ্ক্ষানুদয়াৎ তৎপ্রতিপাদনস্য প্রকৃতানুপযোগিত্বাচ্চেতি দ্রষ্টব্যং।

অতইতি। যতোবৃহস্পতিবচনস্য ন পিতৃধনবিষয়ত্বমত ইত্যর্থঃ। একঃ কালঃ

---

হইলে মাতারই নির্দ্ধনতা হইয়া উঠে, একারণ রজোনিবৃত্তি হেতুক বিভাগব্যবস্থা পিতামহাদি ধনবিষয়ে বুঝিতে হইবে। আর ইচ্ছা ব্যতিরেকে কেবল রজোনিবৃত্তি নিমিত্ত বিভাগ সম্ভবে না, কেননা অনিচ্ছাতে বিভাগ হয় না, অবশ্যই বিভাগের প্রতি ইচ্ছা কারণ, সুতরাং কাহার ইচ্ছাতে ভাগ হইবে এই জিজ্ঞাসায় পিতার স্বত্ব নাশানন্তর পুত্রেরা ধনবিভাগ করিবে ও মাতার রজোনিবৃত্তি হইলে পিতা জীবদ্দশায় যদি ইচ্ছা করেন তাহা হইলেও ভাগ হয় এই গৌতমবচনের অর্থে পিতারই ইচ্ছাক্রমে বিভাগ কর্ত্তব্য ইহা নির্ণীত হইল। অতএব পিতা মাতার অভাবে পিতামহধনের বিভাগ হইবে এই একটি কাল

স্বোপাদানং জীবতোরপীত্যস্য মাতৃধনগোচরত্বানুপপত্তেঃ অন্যধনগোচরত্বমবশ্যং বাচ্যং তেন যত্রৈব বিভাগে পিত্রোরভাবো নিমিত্তং তত্রৈব জীবতোরপীত্যপিশব্দেন জীবনস্যাপি

পিতামহধনবিভাগইতিশেষঃ। অথবা যতোঽপত্যসম্ভাবনাভাবঃ পিতুরিচ্ছাসহকৃতএব বিভাগনিমিত্তং ন তু স্বাতন্ত্র্যেণ অতইত্যর্থঃ। একঃ কালইতি পিতুরিচ্ছাসহকৃতমাতৃরজোনিবৃত্তিকালোদতিরিক্তকালইত্যর্থঃ অন্যথা মরণাদাবপ্যপত্যসম্ভাবনাবিরহস্যাপ্যবিশিষ্টত্বেন পিত্রোরভাবইতিপৃথক্কালোনাভিহিতঃ স্যাদিতি ভাবঃ। অতোঽস্য নোপসংহারার্থত্বং তেন বক্ষ্যমাণতস্মাদিত্যুপসংহারেণ সহ ন পৌনরুক্ত্যমিতি দ্রষ্টব্যং। এতেনাস্যাপ্যুপসংহারার্থত্বাদিত্যভিপ্রায়েণ লিখিষ্যমাণতস্মাদিত্যুপসংহারে পুনরুপসংহরতীতিচূড়ামণিলিখনমপর্য্যালোচনবিজৃম্ভিতমিতি বোধ্যং। নন্বু পিত্রোবিতি সাহিত্যমবিবক্ষিতমেব অন্যথা জীবতি পিতরি মাতুরভাবেঽপি সাহিত্যাবচ্ছিন্নাভাবসত্বাৎ বিভাগপ্রসঙ্গাৎ তথাচ দ্বিবচনস্যাবৈয়র্থ্যায় পিতুরভাবো মাতুরভাবশ্চেতিদ্বয়ং বিভাগনিমিত্তং স্যাৎ ন তু পিতুরুপরমমাত্রং অত্রেষ্টাপত্তিমাহ পিত্রোবিতীতি। বিমাতুর্ম্মাতৃত্বাভাবাৎ তৎসত্বে সপত্নীপুত্রাণাং বিভাগে বাধকাভাবইত্যর্থবললভ্যমাহ সোদরভ্রাতৃণামিতি। কার্য্যইতি প্রশস্তইত্যর্থঃ অতএব বক্ষ্যতি সোঽপি চ মাতরি জীবন্ত্যাং ন ধর্ম্ম্যইতি তথাচ মাতুরভাবো বিভাগপ্রাশস্ত্যমাত্রনিমিত্তং ন তু বিভাগে পিতৃুপরমানন্তরমেব পুত্রাণাং ধনস্বামিত্বেন বিভাগে স্বাতন্ত্র্যাৎ

আর দ্বিতীয় বিভাগকাল মাতার রজোনিবৃত্তি সহকৃত পিতার ইচ্ছাক্রমে বুঝিতে হইবে। পিতা ও মাতা এই উভয়ের নির্দ্দেশ হেতুক সোদর ভ্রাতৃগণের পিতৃধন বিভাগও মাতার মৃত্যুর পর কর্ত্তব্য, নচেৎ মাতার ধনবিভাগ মাতার মৃত্যুর পর কর্ত্তব্য, এই অভিপ্রায়ে বৃহস্পতি মাতার মৃত্যু ধরেন নাই উভয়ের জীবদ্দশাতেও বিভাগ হয় একথা মাতৃধনে ঘটে না, স্থতরাং অন্য ধন বিষয়ে বলিতে হইবে। অতএব যে ধন বিভাগে পিতা মাতা উভয়ের মৃত্যু কারণ হয় সেই স্থলেই উভয়ের জীবদ্দশাতেও এই কথা বলিয়া জীবিত বিভাগের

শস্তত্বকীর্ত্তনাৎ ন মাতুরভাবো মাতৃধনে ব্যাখেয়ঃ। এতচ্চ বিস্তরেণ বাচ্যং ॥ ২৩ ॥

তস্মাৎ পিতামহাদিধনস্যাপি পিত্রোরভাবইত্যেকো বিভাগ-কালঃ তথা মাতুর্নির্বৃত্তে রজসি পিতুরিচ্ছাতইত্যপরঃ ন তু পিতুরিচ্ছামন্তরেণ তস্য বিভাগঃ অনীশাস্তে হি জীবতোঃ তথা অস্বাম্যং হি ভবেদেষাং নির্দ্দোষে পিতরি স্থিতে তথা জীবতি চেচ্ছতীতি তথা পিতুরনুমত্যা দায়বিভাগঃ তথা জীবতি পিতরি রিকৃথবিভাগোঽনুমতেঃ তদেবমাদিমনুনারদগোতম-বৌধায়নশঙ্খলিখিতাদিভিরবিশেষেণ জীবতি পিতরি পুত্রাণাং

অদৃষ্টার্থত্বকল্পনায়াশ্চ অন্যায্যত্বাদিতি ভাবঃ। অস্য উক্তবচনস্য। মাতৃধনগোচরত্বা-নুপপত্তেরিতি। মাতুর্নির্দ্ধনত্বাপত্তেরিতিশ্লেষঃ অন্যধনগোচরত্বং মাতৃধনাতিরিক্ত-ধনগোচরত্বং। তত্রৈবেতি। সন্নিহিতে বুদ্ধিবন্তবঙ্গা ইতি ন্যায়াৎ উপস্থিতবিভাগ-এব ন ত্বনুপস্থিতে বিভাগান্তরইতি ভাবঃ। নন্থ তর্হি মাতৃধনবিভাগে কিং নিমিত্তমত্রাহ এতচ্চেতি। বাচ্যং মাতৃধনবিভাগাবসরে ইতি শেষঃ ॥ ২৩ ॥

উপসংহরতি তস্মাদিতি। বিশেষাভিধানায় পুনরাহ ন ত্বিতি। উক্তবচনানাং

প্রশস্ততা কীর্ত্তন হইতে পারে, নচেৎ মাতার মরণানন্তর মাতৃধনের বিভাগ করিবে এরূপ ব্যাখ্যা কর্ত্তব্য নহে, ইহা বিস্তার পূর্ব্বক পরে বলিব ॥ ২৩ ॥

এতাবতা এই সিদ্ধান্ত স্থির হইল যে, পিতা মাতার মৃত্যুর পর পিতামহাদি-ধন বিভাগের একটি কাল আর মাতার রজোনিবৃত্তি হইলে পিতার ইচ্ছানু সারে বিভাগ হয় এইটি দ্বিতীয় বিভাগ কাল, পিতার ইচ্ছা ব্যতিরেকে বিভাগ হইবে না; ইহার প্রমাণ ঋষিবচন যথা পিতামাতাব জীবদ্দশায় পুত্রেরা অপ্রভু, নির্দ্দোষ পিতা জীবিত থাকিতে পুত্রগণের স্বামিত্ব নাই, পিতা জীবিত থাকিতে যদি ইচ্ছা করেন তথা পিতার অনুমতি ক্রমে দায়ের বিভাগ হয়, ইত্যাদি বচনদ্বারা মনু, নারদ, গোতম, বৌধায়ন, শঙ্খ লিখিত প্রভৃতি মুনিগণ কিছুমাত্র বিশেষ না করিয়া পিতাব জীবদ্দশায় পুত্রের সর্ব্বধনে

যাবদ্ধনগোচরাস্বামিত্বস্য পিতুরিচ্ছাধীনবিভাগস্য চ প্রতিপাদনাৎ পৈতামহাধনবিভাগকালস্য চ পৃথগেভিরনভিধানাৎ পৈতামহধনগোচরত্বমপ্যনীশত্বপিত্রনুমতিবচনানাম ॥ ২৪ ॥

যত্তু যাজ্ঞবল্ক্যবচনং। ভূর্য্যা পিতামহোপাত্তা নিবন্ধো দ্রব্যমেব বা। তত্র স্যাৎ সদৃশং স্বাম্যং পিতুঃ পুত্রস্য চোভয়োঃ। তস্য নিরবদ্যবিদ্যোদ্যোতেন দ্যোতিতস্তত্ত্বতোহয়মর্থঃ যত্র দ্বয়োর্ভ্রাত্রোর্জীবৎপিতৃকয়োরপ্রাপ্তভাগয়োরেকঃ পুত্রমুৎ-

পিতৃধনবিভাগপ্রকরণনিয়ন্ত্রিতত্বাৎ তদ্বিষয়কত্বশঙ্কামপনেতুমাহ পৈতামহেতি। তথাচ প্রকরণমপি সাধারণমিতি ভাবঃ। ২৪।

পৈতামহে পিতুরেব স্বামিত্বে যাজ্ঞবল্ক্যবচনবিরোধমপনেতুমাহ যত্ত্বিতি। সদৃশং স্বাম্যমিতি। যথাশ্রুতার্থমাদায় বিরোধো বোধ্যঃ। তস্য উক্তবচনস্য। নিরবদ্যেতি। নিরবদ্যা উৎকৃষ্টা যা বিদ্যা সৈব দিবাকরঃ তস্যোদ্যোতেনোদয়েন দ্যোতিতঃ প্রকাশিত ইত্যর্থঃ। গুণসিন্ধুরিত্যাদৌ সিন্ধুপদার্থসামর্থ্যাৎ যথা গুণে জলত্বং ব্যঙ্গ্যং তথা উদ্যোতপদার্থসামর্থ্যাৎ বিদ্যায়াং দিবাকরত্বং ব্যঙ্গ্যমিতি। পুত্র-এবেতি ন তু মৃতপিতৃকপৌত্রশ্চ। তদর্থং মৃতপিতৃকপৌত্রস্য প্রাপ্ত্যর্থং তথৈবেতি। এতেন মৃতপিতৃকপৌত্রাণাং বহূনামপি মিলিত্বৈকোভাগঃ পিতৃব্যস্য চাপরোভাগো ন তু তেষাং প্রত্যেকং পিতৃব্যেন সহ তুল্যাংশতেতি প্রতিপাদিতং। অতএব উপকারত্বাবিশেষাদেব। পিণ্ডদত্বাবিশেষাদিতি।

অস্বামিত্ব ও পিতার ইচ্ছাধীন বিভাগ প্রতিপন্ন করিয়াছেন। আর পিতামহ ধন বিভাগের কাল পৃথক রূপে ইঁহারা না বলায় পৈতামহধনেও পৌত্রের অস্বামিত্ব ও পিতার অনুমতিক্রমে বিভাগ বুঝিতে হইবে। ২৪।

এবিষয়ে যে যাজ্ঞবল্ক্য মুনির বচনটি বিরুদ্ধরূপ দৃষ্ট হয় যথা ভূর্য্যা পিতামহোপাত্তা নিবন্ধো দ্রব্যমেব বা। তত্র স্যাৎ সদৃশং স্বাম্যং পিতুঃ পুত্রস্য চোভয়োঃ। এই বচনের যথাশ্রুত অর্থ করিলে বিরোধ হয় বটে, কিন্তু

পাদ্য বিনষ্টোঽন্যোজীবতি অনন্তরং পিতা মৃতঃ, তত্র পুত্র-এব তদ্ধনং প্রাপ্নোত্বতিসন্নিকর্ষাৎ তদর্থং সদৃশং স্বাম্যমিতি বচনং। যথা পৈতামহধনে পিতুঃ স্বাম্যং তথৈব তস্মিন্মৃতে তৎপুত্রাণামপি ন তত্র সন্নিকর্ষবিপ্রকর্ষাভ্যাং কোঽপি বিশেষঃ পার্ব্বণবিধিনা পিণ্ডদানেন দ্বয়োরপি তদুপকারকত্বাবিশেষা-দিত্যভিপ্রায়ঃ। অতএব মৃতপিতৃপিতামহকঃ প্রপৌত্রোঽপি

তেন পুত্রপদং পার্ব্বণাধিকারিসগোত্রোপলক্ষণং পিতামহপদঞ্চ পার্ব্বণোদ্দেশ্যপিতৃ-পূর্ব্বপুরুষপরং পিতৃপদং অংশিপূর্ব্বপুরুষধনস্যপত্যপরমিতি বোধ্যং। নন্বেবং মৃতপিতৃকপ্রপৌত্রস্য প্রপিতামহধনে পিতামহেন সহ তুল্যাধিকারঃ স্যাদুপকারা-বিশেষাদিতি চেন্ন তস্য প্রপিতামহপার্ব্বণানিয়মাৎ "পিতামহে জীবতি তু পিতর্য্যেব সমাপয়েদিত্যাদ্যুক্তেঃ।" অতোনিয়তৎপার্ব্বণকর্ত্তুঃ পিতামহস্য তদপেক্ষয়োপকার-বিশেষস্য স্ফুটত্বাদিতি। নিরবদ্যবচনস্য সঙ্কোচেন সামান্যতএব পৌত্রাণাং পিত্রা সহ পিতামহধনে তুল্যস্বামিত্বে বাধকমাহ জীবতি ত্বিতি। স্বামিত্বাবিশেষাদিতি ভবন্মতইতিশেষঃ তথাচ ব্যবহারবিরোধইতিভাবঃ। ইদমুপলক্ষণং। এবঞ্চেৎ পুত্রেচ্ছয়াপি বিভাগে প্রাপ্তে মাতুর্নিবৃত্তে রজসি জীবতি চেচ্ছতীতি পিতুরিচ্ছাধীন-বিভাগপ্রতিপাদকপ্রাগুক্তশাস্ত্রবিরোধোদ্রষ্টব্যঃ। অতদর্থত্বং পিতৃদ্রব্যে মৃতপিতৃক

সুনির্ম্মল বিদ্যারূপ দিবাকর প্রকাশে প্রকাশিত তাত্ত্বিক অর্থ এই যে যে স্থলে দুই ভ্রাতা পিতা বিদ্যমান থাকায় পিতামহধনে অধিকারি না হইয়া একজন পুত্র রাখিয়া মরিল, আর একজন জীবিত আছে অনন্তর পিতা মরিলেন সে স্থলে পুত্রই নৈকট্য প্রযুক্ত সেই সমস্ত ধন প্রাপ্ত হউক না কেন, এই আশঙ্কায় পিতা ও পুত্র উভয়ের তুল্য স্বামিত্ব বলা হইয়াছে অর্থাৎ যেমন পিতামহধনে পিতার স্বত্ব হয়, সেইরূপ পিতা স্বর্গারোহণ করিলে তৎ পুত্র-গণেরও স্বত্ব হইবে তাহাতে সম্বন্ধের নৈকট্য ও দূরত্ব ধরিয়া কোন বিশেষ হইবে না; যেহেতু পিতৃব্য ও মৃতপিতৃক ভ্রাতৃপুত্র এই উভয়ের পার্ব্বণা-

পুত্রপৌত্রাভ্যাং সহ তুল্যাধিকারী ভবতি পিণ্ডদত্ত্বাবিশেষাৎ জীবতি তু পিতরি পুত্রাণাং পিতামহধনস্বামিত্বে সপুত্রাপুত্র-ভ্রাতৃদ্বয়বিভাগে তৎপুত্রাণামপি ভাগঃ স্যাৎ স্বামিত্বাবিশে-ষাৎ। ন চাপ্রক্রান্তত্বেনাতদর্থত্বং বচনস্য অনেকপিতৃকা-ণামেব প্রক্রমাৎ। নিবন্ধঃ কার্ত্তিক্যাং কার্ত্তিক্যামিদং দাস্যা-মীতি যন্নিবদ্ধং দ্রব্যং ভূসাহচর্য্যাৎ দ্বিপদমভিহিতং ॥ ২৫ ॥

ভ্রাতৃপুত্রেণ সহ পিতৃব্যস্য তুল্যস্বামিত্বাবিষয়কত্বং। প্রক্রমাদিতি। অনেক-পিতৃকাণাস্তু পিতৃতোভাগকল্পনেত্যনেন অনেকপিতৃকাণামেব প্রক্রান্তত্বাদিত্যর্থঃ। অত্রানেকপিতৃকাণাং একপিতৃকভিন্নানাং বিভিন্নপিতৃকাণামিত্যর্থঃ। নিবন্ধঃ প্রতিবর্ষং প্রতিমাসাদি বা দাতব্যত্বেন প্রতিশ্রুতবস্তুরূপইতি ব্যাচষ্টে নিবন্ধইতি। সাহচর্য্যাদিতি। স্থাবরং দ্বিপদঞ্চৈব যদ্যপি স্বয়মর্জ্জিতং ইত্যাদি বক্ষ্যমাণে ভূদ্বিপদয়োরেকক্রিয়ান্বয়াদিত্যর্থঃ ॥ ২৫ ॥

ধিকারে পিণ্ডদানদ্বারা ধনির উপকার করণে কিছুমাত্র বিশেষ দৃষ্ট হয় না এই বচন তাৎপর্য্য। অতএব পিতা ও পিতামহ মরিলে প্রপৌত্রও পার্ব্বণ পিণ্ড দাতৃত্ব প্রযুক্ত প্রপিতামহধনে পুত্র ও পৌত্রের সহিত তুল্যাধিকারী হয়, কিন্তু পিতা জীবিত থাকিতে পুত্রগণের পিতামহধনে স্বামিত্ব স্বীকার করিলে সপুত্রক ও অপুত্রক দুই ভ্রাতার পিতৃধন বিভাগস্থলে তৎপুত্রগণের অর্থাৎ পৌত্রদিগেরও স্বতন্ত্র পিতামহধনে ভাগ প্রাপ্তি হইয়া উঠে, ইহা ব্যবহার বিরুদ্ধ। অতএব যথাশ্রুত অর্থ প্রকরণ সিদ্ধ না হওয়াতে একপিতৃক ভিন্ন অর্থাৎ মৃতপিতৃক ভ্রাতৃপুত্রের সহিত পিতৃব্যের তুল্যাধিকারিত্বরূপ বচনের অর্থই প্রকরণ সিদ্ধ বোধ হইতেছে। কার্ত্তিকী কার্ত্তিকী পৌর্ণমাসীতে এইটি দিব ইত্যাদি রূপে প্রতিবৎসর বা প্রতিমাসাদিতে যাহা বৃত্তিরূপে নিবদ্ধ থাকে তাহার নাম নিবন্ধ। ভূমির সাহচর্য্য প্রযুক্ত দ্বিপদ অর্থাৎ দাস দাসী, দ্রব্যশব্দে বুঝায় ॥ ২৫ ॥

অয়ম্বা ধারেশ্বরপুরস্কৃতো বচনার্থঃ। ইচ্ছয়া বিভাগদান-প্রবৃত্তস্য পিতুঃ পৈতামহধনে সদৃশং স্বাম্যং পুত্রৈঃ সহ ন তত্র সোপার্জ্জিতধনইব ন্যূনাধিকবিভাগমিচ্ছাতঃ কর্ত্তুমর্হতীতি। যথা বিষ্ণুঃ। পিতা চেৎ পুত্রান্ বিভজেত্তস্য স্বেচ্ছা স্বয়মুপাত্তেঽর্থে পৈতামহে তু পিতাপুত্রয়োস্তুল্যং স্বামিত্বমিদং সুব্যক্তং যদি পিতা পুত্রান্ বিভজতি তদা স্বোপাত্তেঽর্থে ন্যূনাধিকবিভাগং স্বেচ্ছয়া পুত্রেভ্যো দদ্যাৎ পৈতামহে

---

নন্বেবং দ্রব্যপদস্য দ্বিপদপরত্বে পৈতামহমণিমুক্তাদিদ্রব্যং পিতৃব্যস্যৈব স্যাৎ ন তথাবিধপৌত্রাদীনাং দ্রব্যসামান্যপরত্বে চ ভূম্যাদীনাং পৃথগুপাদানং ব্যর্থং অথ গোবৃষন্যায়াৎ ভূমিনিবন্ধয়োঃ প্রাশস্ত্যার্থমেব পৃথগুপাদানং সাহচর্য্যন্তু ন্যায়পর্য্যবসায়িতয়া শাস্ত্রতোদুর্ব্বলত্বাদকিঞ্চিৎ করমিতি চেত্তথাপি উপকারিত্বাবিশেষাৎ প্রতিপৌত্রং পিতৃব্যেণ সহ তুল্যাংশিত্বাপত্তৌ শিষ্টাচারবিরোধইতি বিভাব্যাহ অয়ং বেতি। অয়ং বক্ষ্যমাণঃ। তমেবাহ ইচ্ছয়েতি। উক্তার্থে মুনিস্বরসমাহ যথেতি। স্বরসং প্রকাশয়তি ইদমিতি। অত্রায়ং ভাবঃ যদি বিষ্ণুবচনে স্বেচ্ছৈব বিভাগপ্রযোজিকা ইত্যর্থকল্পনয়া স্বার্জ্জিতে পুত্রেচ্ছা ব্যাবর্ত্ত্যতে তদা পৈতামহে পুত্রেচ্ছয়াঽপি বিভাগঃ

---

অথবা ধারেশ্বর নামক পণ্ডিতকৃত উক্ত যাজ্ঞবল্ক্যবচনের অর্থ এই যে ইচ্ছাপূর্ব্বক বিভাগদানে প্রবৃত্ত পিতার পুত্রগণের সহিত পিতামহধনে তুল্য স্বামিত্ব অর্থাৎ পুত্রদের সহিত পৈতৃকধনে স্বোপার্জ্জিতধনের ন্যায় স্বেচ্ছাক্রমে ন্যূনাধিক বিভাগ করিতে পিতা পারেন না। যথা বিষ্ণুবচন, পিতা যদি পুত্রদিগকে বিভাগ করিয়া দিতে চাহেন তাহা হইলে স্বোপার্জ্জিতধনে পিতার স্বেচ্ছাই নিয়ামিকা; কিন্তু পিতামহধনে পিতা পুত্র উভয়ের তুল্য স্বামিত্ব, ইহাতে সুব্যক্ত হইল যে যদি পিতা পুত্রদিগকে বিভক্ত করিয়া দেন তাহা হইলে স্বোপার্জিতধনে পুত্রদিগকে আপন ইচ্ছাক্রমে কোন পুত্রকে অধিক

তু নৈতৎ 'যস্মাৎ তত্র তুল্যং স্বামিত্বং ন পুনঃ পিতুঃ স্বচ্ছন্দবৃত্তিতা। অতঃ পিতাপুত্রয়োঃ পৈতামহধনে সমবিভাগার্থং সদৃশং স্বাম্যমিতিবচনং পুত্রাণাং বা বিভাগস্বাতন্ত্র্যার্থমিতি মতদ্বয়মপি হেয়ং এবমেবাপরমপি বচনং ব্যাখ্যেয়ং ॥ ২৬ ॥

প্রসজ্যেত তচ্চ ন সম্ভবতি স্বার্জ্জিতে পুত্রাণাং স্বামিত্বাভাবেন তেষামিচ্ছয়া বিভাগাপ্রসক্তেঃ বচনবৈফল্যাৎ জীবতি চেচ্ছতীতি প্রাগুক্তেন বিরোধশ্চ স্যাৎ অতঃ স্বোপাত্তেঽর্থে স্বেচ্ছা ন্যূনাধিকবিভাগপ্রযোজিকেত্যেবার্থঃ। এবঞ্চ সতি ব্যবচ্ছেদবোধকতুশব্দবলাৎ স্বেচ্ছায়াঃ পৈতামহে ন্যূনাধিকবিভাগপ্রযোজকত্বব্যবচ্ছেদএব লভ্যতে ইত্যেতদেবাহ যদীতি। নৈতৎ ন স্বেচ্ছয়া ন্যূনাধিকবিভাগদানং ন পুনরিতি স্বচ্ছন্দবৃত্তিতা ন্যূনাধিকবিভাগদানাধিকারিতা। তথা চোক্তার্থে তুল্যং স্বামিত্বমিতি লাক্ষণিকঃ প্রয়োগঃ লক্ষণা চেয়ং উক্তযুক্তিপ্রাপ্তা ন দূষণাবহেতি ভাবঃ। অতইতি। যত উক্তার্থপরতযোপপত্তিরত ইত্যর্থঃ। মতদ্বয়মিতি। মিতাক্ষরাকৃৎপ্রভৃতীনামিতি শেষঃ। হেয়মিতি সমবিভাগঃ পশ্চান্নিরসনীয়ঃ পুত্রেচ্ছয়া বিভাগস্তু নিরস্তএবেতি ভাবঃ। এবমেব পিতামহধনে পৌত্রাণাং পিতৃকৃতবিষমবিভাগনিষেধপরতয়ৈব। ভাগদ্বয়মিতি জীবদ্বিভাগে তু পিতা গৃহীতাংশদ্বয়ং স্বয়মিত্যাদিবচনে ভাগদ্বয়স্য বক্ষ্যমাণত্বাৎ সিদ্ধবন্নির্দ্দেশঃ ॥ ২৬ ॥

কোন পুত্রকে ন্যূন বিভাগ করিয়া দিতে পাবেন, কিন্তু পিতামহধনে তাহা ঘটে না। যেহেতু পিতা পুত্রের তুল্য স্বামিত্ব বিধায় পৈতৃকধনে পিতার স্বেচ্ছাচারিতা নাই। অতএব পিতামহধনে তুল্য স্বামিত্বের বচন দেখিয়া কেহ বলেন পিতামহধনে পিতা পুত্রের সমানভাগ হইবে, কেহ বলেন পিতার ইচ্ছা না থাকিলেও পুত্রের ইচ্ছাক্রমে ভাগ হইবে, এই দুই মতই অগ্রাহ্য জানিবে, এইরূপে আর আর বিরুদ্ধবচনের ব্যাখ্যা করিতে হইবে ॥ ২৬ ॥

অতঃ পৈতামহাদিধনে পিতুর্ভাগদ্বয়ং পিতুরিচ্ছাতএব বিভাগো ন পুত্রেচ্ছয়েতি সিদ্ধং। যচ্চ মনুবিষ্ণূ। পৈতৃকন্তু পিতা দ্রব্যমনবাপ্তং যদাপ্নুয়াৎ। ন তৎপুত্রৈর্ভজেৎ সার্দ্ধমকামঃ স্বয়মর্জ্জিতং। স্বার্জ্জিতত্বেন হেতুনা নাকামো বিভজেদিতি বদন্তৌ স্বয়মনর্জিতে পৈতামহধনে পিতুরনিচ্ছয়াপি পুত্রাণাং

পিতুরিচ্ছাত ইতি। জীবতি চেচ্ছতীতি প্রাগুক্তেবিতি ভাবঃ। ন পুত্রেচ্ছয়েত্যত্র বচনান্তরবিরোধমপনেতুমাশঙ্কতে যচ্চেতি। পৈতৃকং অন্যৈরপহৃতং অনবাপ্তং অংশ্যন্তরৈরনুদ্ধৃতং অবাপ্নুয়াৎ স্বয়মেবাহরেদিতি বদন্তৌ মনুবিষ্ণূইত্যন্বয়ঃ। নন্নু কামনাং বিনা কথং বিভাগঃ বিভাগকৃতেঃ কামনাসাধ্যত্বাদত আহ অস্বেচ্ছাতইতি। অস্বারসিকেচ্ছাতঃ প্রত্যবায়ভয়মাত্রজনিতেচ্ছাতএবেত্যর্থঃ। এবঞ্চ প্রকারান্তরেণ জীবনক্ষমেষু স্বোদ্ধৃতভূম্যাদ্যংশাদানে ন প্রত্যবায়ঃ অনুদ্ধৃতে ন্যূনাধিকদানস্যৈব নিষিদ্ধত্বাদিতি বোধ্যং। জ্ঞাপয়তইতি জীবতি চেচ্ছতীত প্রাগুক্তবিরোধাদিতিভাবঃ। পিত্রনর্জ্জিতে পিত্রনুদ্ধৃতে। স্বাম্যং স্বাতন্ত্র্যং। তদেব বিবৃণোতি ন্যূনাধিকেতি। পিতামহশ্রুতেরিতি। পিতৃস্বাববাদৌ পিতামহপ্রভুত্বস্যাপ্রসক্তেবিতি ভাবঃ। পুনঃ সর্ব্বস্যেতি। বিভক্তিবচনভেদাৎ মণ্যাদীনাং বিশেষণত্বাসম্ভবেন পৃথগুপাদানস্য সুবর্ণাদিদ্রব্যান্তরপ্রাপ্ত্যর্থত্বাদিতি ভাবঃ। ন চৈবং সর্ব্বস্যেত্যনেনৈব সিদ্ধৌ

এতাবতা পিতামহাদিধনে পিতার দুই ভাগ প্রাপ্য এবং পিতার ইচ্ছাতেই ভাগ হইবে পুত্রের ইচ্ছাতে নহে ইহা সিদ্ধ হইল। আর যে পৈতৃক দ্রব্য অন্য কর্ত্তৃক হৃত হইলে পর অন্য কোন অংশী উদ্ধার না করিলে যদি উহা পিতা উদ্ধার করেন তাহা হইলে ঐ ধন স্বোপার্জিতরূপে গণ্য, সুতরাং ঐ উদ্ধৃত ধন অনিচ্ছু হইলে পিতা পুত্রদের সঙ্গে ভাগ করিবেন না, এই বলায় পিতৃকর্ত্তৃক অনুদ্ধৃত পিতামহধনে তাঁহার অনিচ্ছাতেও পুত্রগণের বিভাগ যদিও প্রকারান্তরে মনু ও বিষ্ণু দর্শাইতেছেন বটে তত্রাপি তাহার মীমাংসা এই যে বিভাগদানে প্রবৃত্ত পিতা পূর্ব্বোক্ত স্বোপার্জ্জিত পিতামহ ধন অনিচ্ছু হইলে ভাগ করিবেন

বিভাগং দর্শয়তস্তত্রাপি বিভাগদানপ্রবৃত্তঃ পিতা পিতামহধনং স্বার্জিতং নাকামোবিভজেৎ অন্যৎ পুনরকামোঽপি বিভজেদি-ত্যস্বেচ্ছাতএবেতর্থঃ॥ ন পুনঃ পুত্রেচ্ছয়া বিভাগং জ্ঞাপয়তঃ মণিমুক্তাদৌ তু পুনঃ পৈতামহে পিত্রনর্জ্জিতেঽপি স্বার্জ্জিত ইব পিতুরেব স্বাম্যং ন্যূনাধিকবিভাগদানার্হত্বং। তথা যাজ্ঞবল্ক্যঃ। মণিমুক্তাপ্রবালানাং সর্ব্বস্যৈব পিতা প্রভুঃ। স্থাবরস্য তু সর্ব্বস্য ন পিতা ন পিতামহঃ। পিতামহশ্রুতেস্ত-দ্ধনবিষয়কং বচনং। মণিমুক্তাদ্যুপাদায় পুনঃ সর্ব্বস্যেত্যুপা-দানাৎ সর্ব্বেষাং ভূম্যাদিব্যতিরিক্তানাং দানাদিষু পিতুঃ

---

মণ্যাদীনাং পৃথগুপাদানবৈয়র্থ্যং এতস্যোপলক্ষণত্বাৎ সুবর্ণাদিষু কস্য প্রভুত্বমিতি জিজ্ঞাসায়া অপি নিবর্ত্ত্যত্বাৎ গোবৃষন্যায়াদ্বা পৃথগুক্তিরিতি। পোষ্যবর্গস্যেতি। স চ পিতা মাতা গুরুর্ভার্য্যা প্রজা দীনাঃ সমাশ্রিতাঃ। অভ্যাগতোঽতিথিশ্চৈব পোষ্যবর্গ উদাহৃতইতি মনুনৈবোক্তঃ। আনর্থক্যাপত্তেরিতি।. অল্পস্যাপি দান-নিষেধে সর্ব্বস্যেত্যস্য বৈয়র্থ্যাপত্তেরিত্যর্থঃ। স্থাবরগ্রহণাদিতি। ত্রয়াণাং যুগ-নদ্ধবাহিত্বাদিতি ভাবঃ। নমু নিবন্ধদ্বিপদয়োঃ কথং স্থাবরগ্রহণাৎ সিদ্ধিঃ তয়োঃ স্থাবরপদার্থত্বাভাবাৎ অতআহ দণ্ডেতি। তথাচাপদার্থত্বেঽপি ন্যায়াদেব তৎ-

---

না। অন্য পৈতৃক ধন অনিচ্ছাতেও ভাগ করিবেন, ইহার তাৎপর্য্য প্রত্যবায় ভয় মাত্র জনিত ইচ্ছানুসারে বিভাগের বর্ত্তব্যতা; নচেৎ পিতা জীবিত থাকিতে পুত্রের ইচ্ছাক্রমে বিভাগ দর্শিত হইতেছে না। আর মণি মুক্তা প্রবালাদি অস্থাবর পৈতামহধন পিতা স্বোপার্জ্জিতধনের ন্যায় ন্যূনাধিক বিভাগ করিয়া দিতে পারেন, যথা যাজ্ঞবল্ক্যবচন, মণি মুক্তা প্রবাল সুবর্ণ রৌপ্য প্রভৃতি সমস্ত অস্থাবরধনে পিতার প্রভুত্ব কিন্তু স্থাবর সম্পত্তি সকলের প্রতি পিতা কিংবা পিতামহের প্রভুত্ব থাকে না। এই বচনে পিতামহ পদ থাকায় তদ্ধনবিষয়েতেই এই ব্যবস্থা।

প্রভুত্বং ন স্থাবরনিবন্ধদ্রব্যাণাং। তত্রাপি সর্ব্বস্যেত্যুপাদানাৎ সর্ব্বস্য কুটুম্ববর্ত্তনহেতোর্দ্দানাদিনিষেধঃ কুটুম্বস্যাবশ্যং ভরণীয়ত্বাৎ। যথা মনুঃ। ভরণং পোষ্যবর্গস্য প্রশস্তং স্বর্গসাধনং। নরকং পীড়নে চাস্য তস্মাদ্যত্নেন তং ভরেৎ। অল্পস্য তু কুটুম্ববর্ত্তনাবিরোধিনো ন দানাদিনিষেধঃ সর্ব্বস্যেত্যানর্থক্যাপত্তেঃ। স্থাবরগ্রহণাৎ নিবন্ধদ্বিপদয়োর্দ্দণ্ডাপূপন্যায়াৎ দানাদিনিষেধসিদ্ধিঃ। যদি পুনঃ সর্ব্বস্থাবরাদি-

---

সিদ্ধিরিত্যর্থঃ। স চ ন্যায়ো যথা দণ্ডবিদ্ধাপূপানাং দণ্ডানয়নাদবশ্যমানয়নং তথা যুগনদ্ধবাহিত্বাৎ একস্য গ্রহণাদপরয়োরপি সিদ্ধিরিতি কেচিদাহুঃ। বস্তুতস্তু একত্র স্থাপিতয়োর্দ্দণ্ডাপূপয়োর্যদা পূপো নাস্তি দণ্ডস্তু মূষিকৈর্ভক্ষিতো বর্ত্ততে তত্র যথা মূষিকস্য দুষ্করদণ্ডভক্ষণসিদ্ধৌ তৎসহচরিতাপূপভক্ষণমপি সিধ্যতি তথৈকস্যাপ্রভুত্বে সিদ্ধে যুগনদ্ধবাহিত্বাদপরয়োরপ্যপ্রভুত্বং সিধ্যতীতি সমুদায়ার্থঃ। ন্যায়মূলকত্বাৎ প্রাসঙ্গিকত্বেনান্যথাপ্যাহ যদি পুনরিতি। কুটুম্ববর্ত্তনরূপস্য হেতোরবিশেষাদিত্যাশয়ঃ। অর্থাৎ কুটুম্বস্যাবশ্যং ভর্ত্তব্যত্বরূপাৎ। এবঞ্চ যত্র ভূম্যাদিকং

---

মণিমুক্তাদি ধরিয়া পুনর্ব্বার সর্ব্ব পদ প্রয়োগ করায় ভূমি নিবন্ধ ও দ্বিপদ ব্যতিরিক্ত সমস্ত অস্থাবব পিতামহধনের দানাদিতে পিতার প্রভুত্ব আছে স্থাবর নিবন্ধ ও দ্বিপদ দানাদিতে প্রভুত্ব নাই। তত্রাপি সর্ব্ব পদ প্রয়োগ থাকায় সকল অর্থাৎ পোষ্যবর্গের, পোষণোপযুক্ত স্থাবরাদির দানাদি নিষেধ যেহেতু পোষ্যবর্গের পোষণ অবশ্য কর্ত্তব্য যথা মনু, পোষ্যবর্গের ভরণ পোষণ স্বর্গের সাধন প্রশস্ত কর্ম্ম, তাহাদের পীড়ন করিলে নরক হয়, এজন্য যত্নপূর্ব্বক পোষ্যবর্গের ভরণ পোষণ করিবে। পোষ্যবর্গের পোষণের হানি না হয় এমন স্থলে অল্পপরিমাণে পিতামহের স্থাবর সম্পত্তির দানাদি নিষিদ্ধ নহে, অন্যথা সর্ব্বপদ প্রয়োগ বৃথা হয়, স্থাবর সম্পত্তিব গ্রহণাধীন্ নিবন্ধ ও দ্বিপদের

বিক্রয়মন্তরেণ কুটুম্ববর্ত্তনমেব ন ভবতি তদা সর্ব্বস্যাপি বিক্রয়ণাদিকমর্থাৎ সিধ্যতি। সর্ব্বত এবাত্মানং গোপায়ীতেতি বচনাৎ॥ ২৭॥

ন চ স্থাবরস্য সমস্তস্য গোত্রসাধারণস্য চ। নৈকঃ কুর্য্যাৎ ক্রয়ং দানং পরস্পরমতং বিনা। বিভক্তা অবিভক্তা বা সপিণ্ডাঃ স্থাবরে সমাঃ। একোহ্যনীশঃ সর্ব্বত্র দানাধমনবিক্রয়ে। এতদ্ব্যাসবচনদ্বয়েন একস্য বিক্রয়াদ্যনধিকারইতি বাচ্যং যথেষ্টবিনিয়োগার্হত্বলক্ষণস্য স্বত্বস্য দ্রব্যান্তর ইবাত্রাপ্য-

নাস্তি মণ্যাদিরেবাস্তি তত্র ন সর্ব্বব্যয়ে প্রভুত্বং হেতোরবিশেষাৎ তৎ প্রভুত্ববচনন্তু ভয়সম্ভাববিষয়মিতি দ্রষ্টব্যং। সর্ব্বতইতি। তথাচ পোষ্যবর্গসেবাত্মনোহপি রক্ষার্থং কৃতঃ সর্ব্ববিক্রয়ঃ কুটুম্ববিরোধেহপি সিধ্যতীতি দ্রষ্টব্যং॥২৭॥

অত্র দায়াদানুমতিং বিনা ন দানসিদ্ধিঃ কৃতমপি দানং দানাভাসতয়া নিবর্ত্তনীয়মিতি চণ্ডেশ্বরমতমপাকর্ত্তুং শঙ্কতে ন চেতি। ক্রয়ং বিক্রয়ং। বিভক্তা অবিভক্তা বেতি। তথাচ স্থাবরস্যেতি বচনস্যাবিভক্তস্থাবরমাত্রবিষয়কত্বং ন সম্ভবতীতি ভাবঃ। ন চ বিভক্তপদং দ্রব্যান্তরবিভক্তপরং স্থাবরপদঞ্চাবিভক্ত-

দানাদি নিষেধ দণ্ডাপূপন্যায়ে ফলে ফলে ঘটিয়া উঠে। যদি পৈতামহ সমগ্র স্থাবরাদি বিক্রয় ব্যতিরেকে পোষ্যবর্গের জীবিকা নির্ব্বাহ না হয়, তবে আবশ্যকতা প্রযুক্ত সমস্ত স্থাবরাদির বিক্রয় সিদ্ধ হয়। আর পোষ্যবর্গের ন্যায় আত্মপোষণের নিতান্ত আবশ্যকতা হেতু আত্মরক্ষার্থ সর্ব্বস্ব বিক্রয় পোষ্যবর্গের পীড়ন হইলেও সিদ্ধ হয়, ইহার প্রমাণ সর্ব্বপ্রযত্নে আত্মরক্ষা করিবে॥ ২৭॥

যদি বল বিভক্ত স্থাবর সম্পত্তি ও অবিভক্ত সাধারণ দ্রব্য একজন পরস্পরের মত ভিন্ন বিক্রয় কিংবা দান করিতে পাবে না। বিভক্তই বা অবিভক্তই হউক সকল সপিণ্ডজ্ঞাতিবর্গ স্থাবর সম্পত্তি বিষয়ে সমান এজন্য একজন অন্যের

বিশেষাৎ ব্যাসবচনন্তু স্বামিত্বেন দুর্ব্বৃত্তপুরুষগোচরবিক্রয়-দানাদিনা কুটুম্ববিরোধাৎ অধর্ম্মভাগিতাজ্ঞাপনার্থং নিষেধ-রূপং ন তু বিক্রয়াদ্যনিষ্পত্ত্যর্থং। এবঞ্চ স্থাবরং দ্বিপদঞ্চৈব যদ্যপি স্বয়মর্জ্জিতং। অসম্ভূয় সুতান্ সর্ব্বান্ ন দানং ন চ বিক্রয়, ইত্যেবমাদিকং তদপ্যেবমেব বর্ণনীয়ং। তথাহি কর্ত্ত-ব্যপদমবশ্যমত্রাধ্যাহার্য্যং তেন দানবিক্রয়কর্ত্তব্যতানিষেধাৎ তৎকরণাৎ বিধ্যতিক্রমোভবতি ন তু দানাদ্যনিষ্পত্তিঃ বচন

স্থাবরপরং অতো নানুপপত্তিরিতি বাচ্যং॥ তথাসতি একস্যাস্বাম্যাদনধিকারস্য দ্রব্যান্তরেঽপ্যবিশিষ্টত্বাৎ স্থাবরোপাদানবৈয়র্থ্যাপত্তেরতো বিভক্ত স্থাবরে বাচনি-কোঽয়ং নিষেধো ন যৌক্তিকইতি। অবিভক্তাবেতি বাশব্দ ইবার্থে বাস্যাদ্বি-কল্পোপময়োরেবার্থে চ সমুচ্চয়ে ইতি বিশ্বোক্তেঃ। অত্র স্থাবরে। তথাচ বিভক্তস্যেবাবিভক্তস্থাবরস্যাপি স্বামিকৃতদানাদি সিধ্যত্যেব অক্ষপাতাদিনা পশ্চা-দংশপরিচয়সম্ভবাদিতি ভাবঃ। যদ্যপি স্বয়মর্জ্জিতমিতি। স্বয়মর্জ্জিতং দ্বিবিধং পৈতামহমন্যেন হৃতং পশ্চাত্তদুদ্ধৃতং স্বয়ম্বাঽর্জ্জিতং অবিশেষাত্তদুভয়মপীত্যর্থঃ। নিষেধরূপত্বে হেতুমাহ তথাহীতি। অবশ্যমিতি। ন চ সিধ্যতি সম্ভবতীত্যেবং কুতো নাধ্যাহ্রিয়তে তথাত্বে ক্ত্বান্তেন সহ সমানকর্ত্তৃকত্বানুপপত্তিরিতি ভাবঃ। অথাঽয়ং দানবিক্রয়নিষেধো নাদৃষ্টার্থকঃ কিন্তু স্বত্বধ্বংসানুৎপত্তিরূপদৃষ্টপ্রয়োজনকঃ

অনুমতি ব্যতিরেকে স্থাবরের দান বন্ধক বা বিক্রয় সর্ব্বত্র অপ্রভু। এই দুইটি বেদব্যাসের বচন দ্বারা একের বিক্রয়াদিতে অধিকার নাই ইহা বক্তব্য নহে, যথেষ্ট বিনিয়োগার্হত্বরূপ স্বত্ব দ্রব্যান্তরের ন্যায় স্থাবর সম্পত্তিতেও নির্ব্বিশেষ, সুতরাং বিভক্ত ও অবিভক্ত স্থাবর বস্তুর স্বামিকৃত বিক্রয় অন্যের অনুমতি না থাকিলেও অবশ্য সিদ্ধ হইবে। তবে যে ব্যাসবচন দ্বারা নিষেধ দৃষ্ট হয়, তাহাতে স্বামিত্ব প্রযুক্ত দুর্ব্বৃত্ত লোকের নিকট বিক্রয় অথবা দান করিলে আত্মীয় লোকের পীড়নজন্য অধর্ম্মভাগী হইতে হয় এইমাত্র বোধ হইতেছে,

শতেনাপি বস্তুনোঽন্যথাকরণাশক্তেঃ। অতএব নারদঃ। যদ্যেকজাতা বহবঃ পৃথগ্ধর্ম্মাঃ পৃথক্ক্রিয়াঃ। পৃথক্কর্ম্মগুণোপেতা ন চেৎকার্য্যেষু সম্মতাঃ। স্বভাগান্ যদি দদ্যুস্তে বিক্রীণীয়ুরথাপি বা। কুর্য্যুর্যথেষ্টং তৎসর্ব্বমীশাস্তে স্বধনস্য বৈ ॥ ২৮ ॥

দৃষ্টার্থত্বসম্ভবেঽদৃষ্টার্থত্বকল্পনায়া অন্যায্যত্বাৎ ইত্থঞ্চ বিশিষ্যস্থাবরদানাদৌ দায়াদানুমতেরপি সহকারিতা কল্প্যত ইতি। নৈবং কৢপ্তকারণাদেব স্বাম্যাৎ দানাদিনির্ব্বাহেঽতিরিক্তকারণকল্পনে গৌরবাৎ অতএবাদৃষ্টকল্পনাঽপি ন দূষণাবহা প্রামাণিকত্বাদিতি। অতএবেতি। যতো দানাদিনিষ্পত্তিরতএবেত্যর্থঃ। একজাতাইতি। ধর্ম্মোঽশৌচং দশত্বাশরাত্রাদি। ক্রিয়া যাজনপালনাদি। কর্ম্ম তপঃ শৌর্য্যাদি। গুণো মৃদুত্বচণ্ডত্বাদিঃ। তথাচ বিভিন্নজাতীয়মাতৃকা ইত্যর্থঃ। কার্য্যেষু একৈকক্রিয়মাণদানাদিষু ন সম্মতাঃ। যদি দদ্যুরিতি। সদ্বৃত্তগোচরদানাদিবিষয়োঽয়ং নিষেধস্তু দুর্ব্বৃত্তগোচরইতি বিভাব্যং। কুর্য্যুরিতি। তথা চাসম্মত্যাপি দানাদি সিধ্যতীতি স্ফুটমুক্তমিতি। ইত্থঞ্চ স্থাববাদাবনাপদি

নচেৎ বিক্রয়াদি অসিদ্ধ হইবে না। এবং স্থাবর ধন ও দ্বিপদ যদিও স্বোপার্জ্জিত হয়, তথাপি সন্তান সন্ততির অনুমতি না লইয়া দান বিক্রয় হয় না ইত্যাদি বচনের মীমাংসাও ঐরূপ করিতে হইবে, অর্থাৎ উক্ত বচনে একটি কর্ত্তব্য পদ অবশ্য উহ্য করিতে হইবে, তাহাতে দান বিক্রয়ের কর্ত্তব্যতা নিষেধে তদাচরণে বিধ্যতিক্রম দোষ মাত্র, অর্থাৎ অধর্ম্ম হয়; কিন্তু দান বিক্রয়াদি অসিদ্ধ হইবে না। শত শত বচন থাকিলেও স্বামিত্বরূপ বস্তুতত্ত্বের কদাচ অন্যথা করণ হইতে পারে না। অতএব নারদবচন যথা যদি এক জনের ভিন্ন ভিন্ন জাতীয় বহুস্ত্রীতে বহু পুত্র জন্মে তাহাদের অশৌচধর্ম্ম পৃথক্, পৃথক্, তপস্যাদি কর্ম্ম পৃথক্ ও গুণ পৃথক। যদি তাহারা সকল কর্ম্মে পরস্পর সম্মত না হয় তবে স্ব স্ব ভাগ যদি দান করে কিংবা বিক্রয় করে তাহা সমস্তই ইচ্ছানুসারে করিতে

প্রকৃতমনুসরামঃ। তদেবমুক্তপ্রবন্ধেন পিতামহাদিধনে পিতাপুত্রয়োঃ সমভাগবিধানানুপপত্তেঃ পুত্রাণাং বিভাগস্বাতন্ত্র্যপ্রতিপত্তিপরত্বাভাবাচ্চ জনকেচ্ছাধীনম্যূনাধিকবিভাগনিরাকরণার্থং মৃতপিতৃকস্য ভ্রাতুঃ পুত্রস্য পিতৃব্যেণ সহ তুল্যাধিকারার্থং বা বচনং। এবঞ্চ পিতামহধনস্যাপি পিতুরিচ্ছয়ৈব বিভাগঃ কার্য্যঃ কিন্তু মাতুর্নিবৃত্তে রজসীতি বিশেষঃ স্বোপাত্তে তু রজোনিবৃত্তিমন্তরেণাপি, পিতুরূর্দ্ধমিতি তু উভয়-

সর্ব্বদানবিক্রয়নিষেধোঽয়ং মণ্যাদ্যপেক্ষয়া বিশেষো বোধ্যঃ। এতস্য স্বার্জ্জিতবিষয়ত্বে তু বচনবৈয়র্থ্যাপাতাদিতি ॥ ২৮ ॥

প্রকৃতমিতি। ন পিতামহধনে পিত্রা সহ তুল্যাংশিত্বং ন বা পৌত্রেচ্ছয়া বিভাগ ইতি প্রকৃতমিত্যর্থঃ। এতদেব বিশিষ্যব্যবস্থাপনেনানুসরাম ইত্যর্থঃ। ব্যবস্থাপিতবচনার্থমুপসংহরতি তদেবমিতি। সমবিভাগানুপপত্তের্ব্বক্ষ্যমাণহেতোঃ পুত্রাণাং চেত্যাদ্যুক্তহেতোরুক্তপ্রবন্ধেন জনকেচ্ছাধীনেত্যাদ্যর্থবচনেনেত্যর্থঃ। মৃতপিতৃকস্যেতি। বাকারোঽনাস্থায়াং অন্যথা ভূমিনিবন্ধনাদাবেব পিতৃব্যেণ সহ তুল্যাংশিতা স্যাৎ মণিমুক্তাদিদ্রব্যান্তরঞ্চ সর্ব্বং পিতৃব্যস্যৈব স্যাদিতি তস্মান্ন্যূনাধিকবিভাগনিরাকারণার্থমিতি পূর্ব্বকল্পএব সাধীয়ানিতি। এবঞ্চ পুত্রাণাং বিভাগস্বাতন্ত্র্যাভাবাচ্চ। পিতামহধনবিভাগকালমুপসংহরতি তেনেতি। কালদ্বয়মিতি। মরণাদিনা পিতৃস্বত্বাপগমঃ নিবৃত্তে মাতৃরজসি পিতুরিচ্ছেতি কালদ্বয়মিত্যর্থঃ। বস্তুতস্তু পৈতামহে স্বার্জ্জিতে বা পিতৃস্বত্বাপগমকাল একএব বিভাগস্য

পারে, যেহেতু তাহারা স্ব স্ব ধনের নিশ্চিতই প্রভু। সুতরাং অন্যের অনুমতি ব্যতিরেকেও অন্যের দানাদি সিদ্ধ হয় ইহা স্পষ্ট হইল ॥ ২৮ ॥

এক্ষণে প্রকৃত বিষয় অনুসরণ করি অর্থাৎ ইহাতে পিতামহধন বিষয়ে পরিষ্কৃত ব্যবস্থা স্থির হইবে। এতাবতা পূর্ব্বোক্ত বিচার প্রবন্ধ দ্বারা পিতামহের ধনে পিতা ও পুত্রের সমভাগ বচন ও যুক্তি বিরুদ্ধ এবং পুত্রের ইচ্ছানুসারে

ত্রাপ্যবিশিষ্টং। তেন পৈতামহধনেঽপি কালদ্বয়ং। তত্র যদা পিতৈবেচ্ছাতঃ পুত্রান্ বিভজতি তদা পৈতামহধনাৎ ভাগদ্বয়ং স্বয়ং গৃহ্লীয়াৎ। জীবদ্বিভাগে তু পিতা গৃহ্লীতাংশদ্বয়ং স্বয়মিতি বৃহস্পতিনা, দ্বাবংশৌ প্রতিপদ্যেতে বিভজন্নাত্মনঃ পিতেতি নারদেন চাবিশেষেণ প্রতিপাদনাৎ॥ ২৯॥

কিঞ্চ ইতোঽপি পিতামহধনাৎ পিতুর্ভাগদ্বয়ং জ্যেষ্ঠস্য বিংশ উদ্ধারঃ সর্ব্বদ্রব্যাচ্চ যদ্বরং। ততোঽর্দ্ধং মধ্যমস্য স্যাত্তুরীয়ন্তু যবীয়সঃ। তথা। এবং সমুদ্ধৃতোদ্ধারে সমানংশান্ প্রকল্পয়েৎ। উদ্ধারেঽনুদ্ধৃতে ত্বেষামিয়ং স্যাদংশকল্পনা। একাধিকং হরেজ্জ্যেষ্ঠঃ পুত্রোঽধ্যর্দ্ধং ততোঽনুজঃ। অংশমংশং যবী-

---

বিশেষস্তু পিতামহধনবিভাগে মাতৃরজোনিবৃত্তিকালস্য সহকারিত্বমিতি বোধ্যং। পিতৃকৃতবিভাগেঽপি তস্যোপেক্ষয়া পুত্রাণাং স্বাংশে স্বত্বাবগমাৎ অন্যথা পিতৃস্বত্বে বিদ্যমানে পুত্রাণাং প্রাগুৎপন্ন স্বত্বাভাবাৎ তদ্ধনে দায়ত্বস্য বিভাগস্য চানুপপত্তেরিতি ভাব্যং। মনুবচনে পিতামহপদাশ্রবণাৎ কথং তদ্ধনবিষয়ত্বমতআহ অবিশেষেণেতি। স্বার্জ্জিতধনং পিতামহধনং বা বিশেষতোঽনুপাদায়েত্যর্থঃ তথাচ স্বার্জ্জিতধনবিষয়ত্বে বিষ্ণুবচনবিরোধাৎ পিতামহধনবিষয়ত্বমেবাস্য বচনস্যেতি ভাবঃ। নন্বু ভূর্য্যোত্যাদিবচনবিরোধাৎ পিতৃধনবিষয়ত্বমেব কুতো ন স্যাৎ তথাচ

---

বিভাগের সমাধানও হইতে পারে না, পিতার ইচ্ছাতেই বিভাগ হইবে। কিন্তু ন্যূনাধিক বিভাগের নিষেধ অথবা পিতৃহীন ভ্রাতৃপুত্রের পিতৃব্যের সহিত তুল্যাধিকারপ্রতিপাদক যাজ্ঞবল্ক্যমুনির বচন। পিতামহধনের বিভাগ পিতার ইচ্ছাক্রমেই বটে কিন্তু মাতার রজোনিবৃত্তি না হইলে হইবে না এই মাত্র বিশেষ। পরন্তু স্বোপার্জ্জিতধনে রজোনিবৃত্তির অপেক্ষা নাই। মরণাদি নিবন্ধন পিতার স্বত্বনাশ কি পিতৃধন কি পিতামহ ধন সর্ব্বত্রই সমান কোন বিশেষ নাই। অতএব পিতামহধনবিভাগেরও দুইটি কাল। (কিন্তু দায়ভাগের টীকাকার

য়াংসইতি ধর্ম্মোব্যবস্থিতঃ। এতৈর্ম্মনুবচনৈঃ সর্ব্বদ্রব্যবরসহিতবিংশতদর্দ্ধতত্তুরীয়োদ্ধারা দর্শিতাঃ তথা একাংশাধিকার্দ্ধাংশাধিকচতুর্থভাগাধিকভাগাঃ প্রতিপাদিতাঃ। গৌতমেনাপি বিংশতিভাগো জ্যেষ্ঠস্য মিথুনমুভয়তোদদ্‌যুক্তোরথো গো-

সতি পিতামহধনে পিতাপুত্রয়োস্তুল্যাংশিতৈব যুক্তেতি চেন্ন বিষ্ণুবচনবিরোধস্য জাগরূকত্বাৎ॥ ২৯॥

বচনমুক্ত্বা যুক্তিমপ্যাহ কিঞ্চেতি। অথবা নমু তস্য স্বেচ্ছা স্বয়মুপাত্তেঽর্থে ইতি বিষ্ণুবচনস্য পুত্রেভ্যো ন্যূনাধিকভাগদানে স্বেচ্ছা ইত্যেবার্থঃ বিভাগে তু তস্য স্বোপাত্তে তু দ্ব্যংশিত্বং উক্তবচনাভ্যাং পৈতামহে তু ভূর্য্যেত্যাদিবচনস্য যথাশ্রুতার্থানুরোধাৎ তুল্যাংশিতৈব ন্যূনাধিকবিভাগনিষেধপরত্বে লক্ষণাপত্তিরতো যুক্তিং প্রমাণয়তি কিঞ্চেতি। ইতইতি বক্ষ্যমাণপ্রবন্ধযুক্তেরিত্যর্থঃ। বিংশঃ বিংশতেঃ পূরণঃ উদ্ধ্রিয়তে সাধারণধনাৎ বহির্ভাব্যতে ইত্যুদ্ধারঃ। বরং শ্রেষ্ঠং যৎকিঞ্চিৎ ভূরত্নাদিকং। এবঞ্চ জ্যেষ্ঠস্য দশমং ভাগং ন্যায়বৃত্তস্য দাপয়েদিতি দেবলবচনং বিংশোদ্ধারার্হাপেক্ষয়া জ্যেষ্ঠস্যাতিশয়গুণবত্বে বোধ্যং। মধ্যমশব্দোঽত্র জ্যেষ্ঠানন্তরজপরঃ তদনুজাশ্চ সর্ব্বে যবীয়ঃপদার্থাঃ উত্তরবচনেঽধ্যর্দ্ধং ততোঽ-

শ্রীকৃষ্ণতর্কালঙ্কার দায়ভাগের টীকাতে উপেক্ষাধীন স্বত্বনাশ মানিয়া কি পিতৃধন কি পিতামহাদি ধন সর্ব্বত্রই পিতার স্বত্বনাশ জন্য একটীমাত্র বিভাগকাল ব্যবস্থাপিত করিয়া সংক্ষেপ করিয়াছেন ) যখন পিতাই ইচ্ছাতঃ পুত্রদিগকে বিভাগ করিয়া দেন তখন পৈতামহ ধন হইতে ভাগদ্বয় স্বয়ং গ্রহণ করিবেন। ইহার প্রমাণ ( জীবদ্দশায় বিভাগে প্রবৃত্ত হইয়া পিতা স্বয়ং অংশদ্বয় গ্রহণ করিবেন ) ইহা বৃহস্পতি এবং নারদ মুনি উভয়ে স্ব স্ব বচনদ্বারা অবিশেষরূপে দুই অংশ প্রতিপাদন করিয়াছেন॥ ২৯॥

এতাবতা পিতামহ ধন হইতে যেমন পিতার দুই অংশ প্রাপ্য, তেমনি বিদ্যাদিগুণসম্পন্ন হইলে জ্যেষ্ঠেরও বিংশতিতমভাগ ও সকল দ্রব্যের মধ্যে উত্তমদ্রব্য আদৌ বাহির করিয়া উদ্ধাররূপে প্রাপ্য। মধ্যমের তাহার অর্দ্ধ

বৃষঃ। মিথুনমজাদীনাং উভয়তোদৎ অশ্বাদি তদ্‌যুক্তো রথঃ গোযুক্তো বৃষঃ এতৎসর্ব্বং জ্যেষ্ঠস্য। তথা কাণখোরকূটবণ্ডা মধ্যমস্যানেকাশ্চেৎ। খোরো বৃদ্ধঃ কূটো বামনাকৃতিঃ বণ্ডো বিকৃতলাঙ্গুলঃ এতে মধ্যমস্য যদি বহবো ভবন্তি পশবঃ। তথা অবির্দ্ধান্যায়সী গৃহমনোযুক্তং চতুষ্পদাঞ্চৈকৈকং

---

মুজইত্যভিধানাৎ অংশমংশং যবীয়াংসইতি বীপ্সাবলাচ্চেতি বোধ্যং। উদ্ধারেহনুদ্ধৃতে ইতি। সোদরমাত্রক্রিয়মাণবিভাগ ইত্যর্থঃ। সোদরাসোদরবিভাগে তু বিংশোদ্ধারাদিকমেব। এতচ্চ সোদরাসোদরাভিপ্রায়কং কল্পদ্বয়ং বিদ্যাদিগুণবতাং জ্যেষ্ঠাদীনামিতি বক্ষ্যতে। একাধিকমিতি। একমধিকভাগং তেন ভাগদ্বয়মিত্যর্থঃ। অধ্যর্দ্ধমিতি। অধি অধিকং অর্দ্ধং তেনার্দ্ধাধিকমেকভাগং অংশমংশমিত্যত্রাপি অধিকপদার্থান্বয়ঃ তেন পাদং পাদমধিকং তথাচ সপাদৈকভাগমিত্যর্থঃ। মিথুনং স্ত্রীপুংসৌ তৌ চ পশুপ্রস্তাবাৎ পশূনামেব তত্র গোঃ পৃথগুপাদানাদাহ অজাদীনামিতি। আদিনা মেষাদিসংগ্রহঃ। ননু গোবৃষইত্যত্র ন দ্বন্দ্বসম্ভবঃ সমাহারপক্ষে পুংলিঙ্গানুপপত্তেঃ ইতরেতরপক্ষে একবচনানুপপত্তেশ্চেত্যতআহ গোযুক্ত ইতি। তথাচ মধ্যপদলোপিসমাসাশ্রয়ণেন তৎপদং সাধু নাত্র দ্বন্দ্ব ইতি

---

অর্থাৎ চল্লিশ ভাগের ভাগ। আর আর সকলের চতুর্থাংশ অর্থাৎ অশীতিতম ভাগ উদ্ধার রাখিয়া অবশিষ্ট ধন সমান ভাগ করিবে। এইরূপ সহোদর ও অসহোদর স্থলে সর্ব্বোত্তম দ্রব্য সহিত বিংশতিতম ভাগ ও তাহার অর্দ্ধ এবং তাহার চতুর্থভাগ উদ্ধার দর্শিত হইল; ও একাধিক অর্থাৎ দুই অংশ জ্যেষ্ঠ লইবে, মধ্যম সার্দ্ধৈক ভাগ, আর আর সকলে সপাদৈক ভাগ লইবে এই ধর্ম্ম ব্যবস্থাপিত হইল, এই মনুবচনে সহোদর মাত্রস্থলে একাংশাধিক অর্দ্ধাংশাধিক ও চতুর্থাংশাধিক ভাগ ব্যবস্থা জ্যেষ্ঠাদিক্রমে প্রতিপাদিত হইল। ভগবান্ গৌতম মুনিও জ্যেষ্ঠ প্রভৃতির বিশেষ কহিতেছেন, যথা জ্যেষ্ঠের বিংশতিতম ভাগ উদ্ধাররূপে প্রাপ্য আর ছাগ মহিষ প্রভৃতি পশুর মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষ

যবীয়সঃ সমমিতরৎ সর্ব্বং অবিপ্রভৃতয়ঃ কনীয়সঃ অবশিষ্টং সর্ব্বং সমং বিভজেরন্নিতি প্রতিপাদ্য দ্ব্যংশী বা পূর্ব্বজঃ স্যাদেকৈকমিতরেষামিতি সূত্রেণাংশদ্বয়ং জ্যেষ্ঠস্যোক্তং ॥ ৩০ ॥

নচোপার্জকত্বেন জ্যেষ্ঠস্যাংশদ্বয়মিতি বাচ্যং উদ্ধারেঽনুদ্ধৃতে ভাগদ্বয়স্য বিধানাৎ অর্জকত্বে চোদ্ধারস্যাসম্ভবাৎ মধ্য-

ভাবঃ। অনেকাশ্চেদিত্যনেন তেষামেকত্বে জ্যেষ্ঠপ্রাপ্যোদ্ধারানুরূপমেব কল্প্যং। অত্র জ্যেষ্ঠস্যাপি মনূক্তবিংশোদ্ধারস্যৈব গোতমেন মনুবচনাদধিকমুক্তং তদত্যন্তগুণবত্বে বোধ্যং। একৈক মিতরেষামিত্যপি তেষাং নির্গুণত্বে বোধ্যং। গৃহমিতি। পিত্রবস্থানাতিরিক্তগৃহমিত্যর্থঃ গৃহং যবীয়সোঽন্যত্র পিতুরবস্থানাদিতি শঙ্খবচনাৎ ॥ ৩০ ॥

পূর্ব্বজস্য দ্ব্যংশিত্বাভিধানং ন জ্যেষ্ঠতাপ্রযুক্তং কিন্ত্বর্জ্জকত্বপ্রযুক্তমেবেত্যাশঙ্কতে ন চেতি। উদ্ধারস্যাসম্ভবাদিতি। অত্রায়ং ভাবঃ উদ্ধারেঽনুদ্ধৃত ইত্যনেন যত্র বিষয়ে উদ্ধারপ্রসক্তিস্তত্রৈব বিষয়ে ভাগদ্বয়বিধানং উদ্ধারশ্চ জ্যেষ্ঠত্বপুরস্কারেণৈব শ্রুতো ন ত্বর্জ্জকত্বেনেতি। যদ্যপি উদ্ধারঃ সোদরাসোদরবিষয়ঃ দ্ব্যংশাদিকস্তু

এক এক ঘোড়া ও অশ্বাদিযুক্ত একখানি রথ এবং একটী গাভী সহিত অনড্বান এই সকল জ্যেষ্ঠের অতিরিক্ত প্রাপ্য ; এবং কাণা, বুড়া, বেঁটিয়া ও বেঁড়িয়া গো প্রভৃতি পশু মধ্যমের প্রাপ্য, কিন্তু যদি অনেক থাকে। নচেৎ বিবেচনা মতে উদ্ধার দেয়, আর আর কনিষ্ঠের একটি মেষ, কিঞ্চিৎ ধান্য, কিঞ্চিৎ লৌহ, একখানি সামান্য গৃহ, একখানি শকট ও এক একটি পশু উদ্ধারস্বরূপে দাতব্য। পরে অবশিষ্ট ধন সকলে সমানভাগ করিয়া লইবে। এইরূপ বলিয়া দ্বিতীয়কল্প কহিতেছেন অথবা জ্যেষ্ঠ দুই অংশ লইবে, আর আর সকলের নির্গুণত্ব প্রযুক্ত এক একাংশ গ্রাহ্য এই সূত্রদ্বারা জ্যেষ্ঠের দুই অংশ উক্ত হইল ॥ ৩০ ॥

যদি বল উক্ত দুই অংশ জ্যেষ্ঠ ভ্রাতা উপার্জ্জক হইলে পাইবেন, ইহা বক্তব্য নহে, যেহেতু বিংশতিতম ভাগ উদ্ধার দান না করিলে জ্যেষ্ঠকে দুই অংশ দিতে হয় বিধান আছে, সেই বিংশতিতম ভাগ উদ্ধার দান জ্যেষ্ঠের প্রতি যখন

মকনীয়ংসোশ্চোপার্জকতয়া জ্যেষ্ঠেনাপ্যবিশেষাৎ তয়োরধ্যর্দ্ধাদিবিধানানুপপত্তেঃ জ্যেষ্ঠাদিপদানর্থক্যাচ্চ অতএব পুত্রিক্রৌরসয়োঃ পিতৃধনবিভাগে মনুরপি। পুত্রিকায়াং কৃতায়াস্তু যদি পুত্ত্রোঽনুজায়তে। সমস্তত্র বিভাগঃ স্যাজ্জ্যেষ্ঠতা নাস্তি

সোদরমাত্রবিষয়মিত্যস্তি বিষয়ভেদঃ তথাপি জ্যেষ্ঠত্বপুরস্কারেণৈব উদ্ধারবিধানাৎ সোদরমাত্রবিভাগেঽপি জ্যেষ্ঠস্য তৎ প্রসক্তিরস্তীত্যাশয়ঃ। ননূদ্ধারেঽনুদ্ধৃতে ইত্যনেন উদ্ধারার্হবিষয়ে দ্ব্যংশিত্বং ন বিধীয়তে উদ্ধারদ্ব্যংশিত্বয়োরসোদরসোদরবিষয়ত্বেন ভিন্নবিষয়ত্বাৎ কিন্তু ভক্ত্যতিশয়াভাবেনোদ্ধারাভাবেন সমভাগবোধকশাস্ত্রান্তরসম্বাদিতয়া সমভাগমর্থতঃ সূচয়িত্বার্জ্জকত্বেনৈব দ্ব্যংশিত্বমভিধীয়তে তথাবিধবিষয়ত্বে দ্ব্যংশিত্বস্যাত্যন্তাসম্ভবযুক্তিকত্বাদতআহ মধ্যমকনীয়সোরিতি। অধ্যর্দ্ধাদীতি। অধিকার্দ্ধাধিকপাদবিধানেনেত্যর্থঃ। তয়োরধ্যর্দ্ধাদিভাগস্য বাচনিকত্বে ত্বদৃষ্টকল্পনাগৌরবমিতি ভাবঃ। "ননু সর্ব্বত্রার্জ্জকত্বেনৈব দ্ব্যংশিত্বং মধ্যমকনীয়সোরধ্যর্দ্ধাদিবিধানন্তু অর্জ্জনস্যাল্পাল্পতরত্বাদিনাঽপ্যুপপন্নং ন বাধকমতআহ জ্যেষ্ঠাদিপদেতি। অর্জ্জকত্বেনৈব দ্ব্যংশিত্বে মধ্যমাদীনামপি তদবিশিষ্টতায়াঃ সর্ব্বসিদ্ধত্বাৎ জ্যেষ্ঠপদস্যানর্থক্যাদিতি ভাবঃ। অতএবেতি। যতএব জ্যেষ্ঠত্বেনৈব দ্ব্যংশিত্বমতএবেত্যর্থঃ। ভাগদ্বয়মিতি। ননু জ্যেষ্ঠস্য বিষমভাগমেব জ্ঞাপয়তি মনুঃ বৈষম্যস্য চ সোদ্ধারভাগেঽপি সম্ভবাৎ কথম্ভাগদ্বয়জ্ঞাপনমিতি চেন্ন উদ্ধারস্য ভাগবৈষম্যাপ্রয়োজকত্বাৎ এবং সমুদ্ধৃতোদ্ধারে সমানংশান্ প্রকল্পয়েদিতি বচনাৎ। নচৈবং

উপার্জ্জকত্ব নিবন্ধন অসম্ভব তখন জ্যেষ্ঠকে অংশদ্বয় দানেরও ব্যবস্থা কেবল জ্যেষ্ঠত্ব নিবন্ধন বুঝিতে হইবে, উপার্জ্জকত্ব নিবন্ধন নহে। আর মধ্যম ও কনিষ্ঠের উপার্জ্জকত্ব স্থলে জ্যেষ্ঠের সহিত কিছুমাত্র বিশেষ না থাকায়, মধ্যম ও কনিষ্ঠের প্রতি সার্দ্ধেক ভাগ সপাদৈক ভাগ বিধান নিতান্ত অসঙ্গত এবং জ্যেষ্ঠাদি পদ প্রয়োগ নিরর্থক হইয়া উঠে। অতএব পুত্রিকা ও ঔরস পুত্রের পিতৃধন বিভাগস্থলে ভগবান্ মনু বলিয়াছেন পুত্রিকা গ্রহণ করিলে পর যদি পুত্র জন্মে তবে সেস্থলে সমান বিভাগ হইবে; যেহেতু স্ত্রীলোকের জ্যেষ্ঠত্ব নাই

হি স্ত্রিয়াইতি স্ত্রীত্বেন জ্যেষ্ঠত্বাভাবাৎ সমভাগতাং প্রতিপাদয়ন্ পুরুষস্য ভাগদ্বয়ং প্রতিপাদয়তি ॥ ৩১ ॥

যদুক্তং হোলাকাধিকরণে প্রাচ্যকর্ত্তৃকহোলাকানুষ্ঠানোপপত্তয়ে হোলাকা কর্ত্তব্যেতিশ্রুতিঃ কল্পিতা তাবিতৈব তদুপপত্তেঃ ন তু প্রাচ্যাদিপদবতী কল্পনাগৌরবাৎ তদ্বদত্রাপ্যর্জকোহংশদ্বয়ং গৃহ্নীয়াদিতিশ্রুতিঃ কল্পনীয়া ন পুনঃ পিত্রাদিপদবতীতি তদযুক্তং তত্র প্রাচ্যকর্ত্তৃকহোলাকানুষ্ঠানস্যাবশ্যকল্পনীয়সামান্যশ্রুত্যৈবোপপত্তেঃ ন চাপ্রাচ্যানামনসুষ্ঠানার্থং প্রাচ্যপদবতি কল্প্যতামিতিবাচ্যং তেষামননুষ্ঠানস্যানা-

স্ত্রিয়া অপি বিংশ উদ্ধারঃ স্যাৎ তাবত্তাপি সমভাগসম্ভবাদিতি বাচ্যং উদ্ধারস্য জ্যেষ্ঠত্বপুরস্কারেণৈব শ্রুতেঃ স্ত্রিয়াশ্চ তদভাবাৎ তদিদমুক্তং জ্যেষ্ঠতা নাস্তীতি ॥ ৩১ ॥

যদুক্তমিতি। হোলাকা বসন্তোৎসববিশেষঃ প্রাচ্যৈঃ ক্রিয়তে প্রাচ্যাদীত্যাদিপদাৎ :দাক্ষিণাত্যক্রিয়মাণকরঞ্জার্কপূজারূপোৎসবাচারোপপত্তয়ে কল্পনীয়শ্রুতৌ দাক্ষিণাত্যপদপরিগ্রহঃ। ন পিত্রাদীতি। তথাচ পিতুরপি অর্জ্জকত্বেনৈব ভাগদ্বয়ং নান্যথা তেন তস্যাপি স্বার্জ্জিতধনএব দ্ব্যংশিত্বং নান্যত্রেতিমতং তস্য। সামান্যশ্রুত্যৈবেতি। প্রাচ্যাদিপদাঘটিতশ্রুত্যৈবেত্যর্থঃ। শ্রুতিকল্পনানিমিত্তত্বেতি। আচারশ্চৈব সাধূনামিত্যনেনাচারস্যৈব বেদমূলকত্বাভিধানাৎ ন ত্বনাচারস্যেতি ভাবঃ। ন চ শ্রুতৌ প্রাচ্যপদাপ্রবেশেহপ্রাচ্যানামপি তৎপ্রাপ্তিস্তেষাং তদকরণাৎ প্রত্যবায়াপত্তেরিতি বাচ্যং আচারস্য নিত্যত্বে প্রমাণাভাবাৎ। তদুপপত্তয়ে

এই বচনে স্ত্রীলোক বলিয়া জ্যেষ্ঠত্বের অভাব প্রযুক্ত সমান ভাগ প্রতিপন্ন করায় পুরুষের ভাগদ্বয় প্রতিপাদিত হইতেছে ॥ ৩১ ॥

ভাল, হোলাকাধিকরণে অর্থাৎ বসন্তোৎসব বিশেষ প্রতিপাদক অধিকরণ শাস্ত্রে যেমন প্রাচ্য ব্যক্তিগণ কর্ত্তৃক হোলাকার অনুষ্ঠান সিদ্ধির নিমিত্ত আচার দেখিয়া হোলি করিবে এই মাত্র শ্রুতির অনুমান দ্বারা সামাধা হয়। প্রাচ্যেরা

চরন্নপস্য শ্রুতিকল্পনানিমিত্তত্বানুপপত্তেঃ ইহ তু মন্বাদীনাং জ্যেষ্ঠপদপ্রয়োগাৎ তদুপপত্তয়ে জ্যেষ্ঠপদবত্যাএব শ্রুতেঃ কল্পনার্হত্বাৎ অর্জ্জকপদবত্যাএব অবশ্যকল্পনীয়ত্বাভাবাৎ জ্যেষ্ঠপদবত্যা অর্জ্জকপদবত্যাশ্চ কল্পনায়াং বিশেষপ্রমাণা-ভাবাৎ ন চান্যত্রার্জ্জকস্য ভাগদ্বয়ার্থং শ্রুতেরবশ্যং কল্পনীয়ত্বা-দত্রাপি সৈব মূলমস্তু লাঘবাৎ জ্যেষ্ঠপদঞ্চার্জ্জকপরমস্ত্বিতিবাচ্যং বৈপরীত্যস্যাপি সম্ভবাৎ অত্রৈব জ্যেষ্ঠপদযুক্তশ্রুতিকল্পনায়াম-

---

জ্যেষ্ঠপদসার্থক্যায়। জ্যেষ্ঠপদবত্যা ইতি স্মৃতেঃ স্বসমানার্থকশ্রুতিমূলত্বাদিতি ভাবং। তথাচাচারে পদবিরহাৎ পদবৈয়র্থ্যাপত্তিরূপবাধকবিরহেণ সামান্যশ্রুতি-রেব তত্র কল্প্যতে স্মৃতৌ তু জ্যেষ্ঠপদবৈয়র্থ্যাপত্তিরূপবাধকসত্বাৎ ন সামান্যশ্রুতেঃ কল্পনং অপি তু জ্যেষ্ঠপদবত্যা এবেতি ভাবঃ। অবশ্যেতি। যথা জ্যেষ্ঠপদবত্যা অবশ্যকল্পনা ন তথা অর্জ্জকপদবত্যা অবশ্যকল্পনা দ্ব্যংশী বা পূর্ব্বজঃ স্যাদিত্যাদা-বর্জ্জকপদাশ্রবণাৎ অর্জ্জকো দ্ব্যংশমর্হতীত্যস্য তু নিরপেক্ষার্জ্জকত্বপুরস্কারেণৈব শ্রুতিকল্পকত্বং তত্র জ্যেষ্ঠপদাশ্রবণাদিতি ভাবঃ নন্নু জ্যেষ্ঠার্জ্জকপদবতীভ্যাং স্মৃতিভ্যামেকমূলত্বকল্পনালাঘবেন জ্যেষ্ঠার্জ্জকো দ্ব্যংশং গৃহ্নীয়াৎ ইত্যেকৈব শ্রুতিঃ কল্প্যতে তাবতাপি জ্যেষ্ঠস্যার্জ্জকত্বপুরস্কারেণৈব দ্ব্যংশিত্বমিতি সিদ্ধমেবেত্যতআহ জ্যেষ্ঠপদবত্যা ইতি। প্রামাণাভাবাদিতি। নিরপেক্ষপ্রবৃত্তায়ামেকৈকস্মৃতৌ

---

হোলি করিবে এরূপ শ্রুতি কল্পনা নহে। যে হেতু প্রাচ্যেরা একথা বলা অতিরিক্ত বিধায় গৌরব হয়। সেইরূপ এস্থলেও অর্জ্জক দুই অংশ লইবে, এইটি মাত্র শ্রুতিকল্পনা করিব; পিত্রাদিপদঘটিতশ্রুতিকল্পনা করিব না এরূপ .বলা অযুক্ত। কারণ হোলি করিবে এই সামান্য শ্রুতিকল্পনা দ্বারাই প্রাচ্যব্যক্তির হোলির অনুষ্ঠান বিধি সম্পন্ন হইতে পারে। যদি বল অপ্রাচ্য লোকের হোলির কর্ত্তব্যতা নাই এইটি জানাইবার জন্য প্রাচ্যেরা হোলি করিবে, এই শ্রুতি কল্পনা করি না কেন, ইহা বক্তব্য নহে অনুষ্ঠান না করার

র্জ্জকপদস্যাপি জ্যেষ্ঠপরত্বকল্পনাসম্ভবাৎ বিনিগমনাপ্রমাণাভাবাৎ। কিঞ্চৈবং লাঘবাদিনা যৎ কিঞ্চিৎ ত্রিচতুরাদিপদবতীমেকাং শ্রুতিমনুমায় সকলস্মৃতিপদানাং গৌণ্যা লক্ষণয়া বা বৃত্ত্যা তৎপরত্বমপি বাচ্যমিত্যতীবাত্মনঃ স্মৃতিনিপুণতা নিরূ-

---

পদদ্বয়াশ্রবণাদিতি ভাবঃ। তথাত্বে কনিষ্ঠার্জ্জকানামদ্ব্যংশিত্বে সর্ব্বতন্ত্রবিরোধোঽপিদ্রষ্টব্যঃ। অন্যত্র কনিষ্ঠার্জ্জিতধনে। শ্রুতেঃ অর্জ্জকোদ্ব্যংশং গৃহ্ণীয়াদিতি শ্রুতেঃ। বৈপরীত্যং বিবৃণোতি। তত্রৈবেতি বিনিগমনেতি। লক্ষণায়া উভয়ত্রাপ্য বিশিষ্টতয়া তস্যাবশ্যকল্পনং অস্য বেত্যেকতরগ্রাহকপ্রমাণাভাবাদিত্যর্থঃ। অথ পিতৃব্যাদীনামপি সাধারণধনেনার্জ্জকত্বে দ্ব্যংশিত্বং উভয়বাদিসিদ্ধমিত্যেতদেব বিনিগমকমস্তীত্যতআহ কিঞ্চেতি। লাঘবাদিত্যাদিনা একত্র বিপ্রতিপত্তিঃ অন্যত্র উভয়বাদিসিদ্ধত্বরূপবিনিগমনাসংগ্রহঃ। স্মৃতিনিপুণতেতি। তস্মান্মুখ্যার্থস্য প্রথমোপস্থিতত্বাৎ লক্ষণাযাং গৌরবাৎ তৎকল্পনাভাবাচ্চ শব্দানাং মুখ্যার্থবোধকত্ব-

---

নাম অনাচার, অনাচাব শ্রুতিকল্পনার কারণ হইতে পারে না, কিন্তু মনু বচনাদিতে জ্যেষ্ঠ পদ প্রয়োগ থাকায় তৎসিদ্ধির জন্য জ্যেষ্ঠপদঘটিশ্রুতিই অবশ্য কল্পনীয়। অর্জ্জকপদখটিতশ্রুতিকল্পনার আবশ্যকতা নাই, আর জ্যেষ্ঠ ও অর্জ্জক এই দুইপদঘটিতশ্রুতিকল্পনার বিশেষ প্রমাণাভাব। যদি বল অর্জ্জকের ভাগদ্বয় প্রাপ্তির নিমিত্ত যখন শ্রুতি কল্পনার আবশ্যকতা আছে তখন সেই শ্রুতিমূলক অর্থাৎ সেই শ্রুতির সহিত একবাক্যতা করিয়া জ্যেষ্ঠপদ অর্জ্জকরূপ অর্থে লাক্ষণিক হউক না কেন, একথা বলিতে পার না, কেন না ইহার বৈরূপত্যও অসম্ভব নহে অর্থাৎ জ্যেষ্ঠপদযুক্ত শ্রুতিকল্পনা মূল করিয়া অর্জ্জক পদও জ্যেষ্ঠরূপ অর্থে লাক্ষণিক হইতে পারে, অর্জ্জকরূপ অর্থে লাক্ষণিকতার প্রমাণ বিরহ। এতাবতা লাঘবাদি নিবন্ধন সংক্ষেপ কবিয়া যৎকিঞ্চিৎ তিনটি চারিটি মাত্র পদ ঘটিত একটি শ্রুতি অনুমান করিয়া সমস্ত স্মৃতিশাস্ত্রীয় জ্যেষ্ঠাদি পদের মুখ্যার্থ পরিত্যাগ পূর্ব্বক গৌণার্থ অবলম্বন

পিতা। তস্মাদ্যস্মাদেবাচারাৎ স্মৃতিবাক্যাদ্বা যা শ্রুতিরবশ্যং কল্পনীয়া তয়ৈব তদ্গতস্যাচারাংশস্য স্মৃতিপদস্য চ উপপত্তের্ন তত্রাধিককল্পনেতি হোলাকাধিকরণস্যার্থঃ ॥ ৩২ ॥

অতএব বশিষ্ঠেন জ্যেষ্ঠস্যাংশদ্বয়মভিধায় উপার্জ্জকস্যাপ্যংশদ্বয়ং পৃথগভিহিতং। যথা। অথ ভ্রাতৃণাং দায়বিভাগো দ্ব্যংশং জ্যেষ্ঠোহরেৎ। ততোহনতিদূরে পুনরাহ। যেন চৈষাং সমুৎপাদিতং স্যাৎ. সোহপি দ্ব্যংশমেব হরেৎ। অনেনার্জ্জকতয়া

---

স্থিতৌ কথং জ্যেষ্ঠ্যাদিপদানামর্জ্জকে লাক্ষণিকত্বসম্ভবইতিভাবঃ। তর্হি কাস্য ন্যায়স্য বিষয়ইত্যত্রাহ তস্মাদিতি। অবশ্যং কল্পনীয়েতি। প্রাচ্যাদিপদবতীকল্পনেহপি হোলাকা কর্ত্তব্যেতিভাগস্যাবশ্যকত্বাদিতি ভাবঃ। আচারাংশস্য আচারবিষয়স্য স্মৃতিপদস্য স্মৃতিবিষয়স্য ॥ ৩২ ॥

অতএবেতি। যতএব জ্যেষ্ঠত্বমর্জ্জকত্বঞ্চ পরস্পরনৈরপেক্ষ্যেণ দ্ব্যংশিত্বপ্রযোজকং অতএবেত্যর্থঃ। পৃথগভিহিতমিতি। তথা চৈকমুনিবচনয়োরেকবচনবৈয়র্থ্যাপত্ত্যা একবাক্যত্বাসম্ভবান্ন তথাত্বমিতি ভাবঃ। পৃথগভিধায়কতদ্বচনমাহ যথেতি। যেনেতি। তেষাং ভাগিনাং মধ্যে যেনার্জ্জিতং সোহর্জ্জিতধনাৎ

---

করিয়া লক্ষণাবৃত্তি দ্বারা অর্জ্জকরূপ অর্থে তাৎপর্য্য ব্যাখ্যাকারী আপনার অতীব স্মৃতিশাস্ত্রে নিপুণতা প্রকাশ করিয়াছেন। সে যাহা হউক যে আচার অথবা যে স্মৃতি বাক্য দেখিয়া যে শ্রুতির কল্পনা হইয়া থাকে, সেই কল্পনীয় শ্রুতি দ্বারাই যদি সেই আচারের কিম্বা সেই স্মৃতিবাক্যের উপপত্তি হয় তাহা হইলে সে স্থলে আর অধিক কল্পনার আবশ্যকতা নাই, এই হোলাকাধিকরণের অর্থ ॥ ৩২ ॥

অতএব বশিষ্ঠ ঋষি জ্যেষ্ঠের ভাগদ্বয় বলিয়া উপার্জ্জকেরও অংশদ্বয় পৃথক্‌ রূপে বলিয়াছেন। যথা অতঃপর ভ্রাতৃগণের দায়বিভাগ উক্ত হইতেছে, তন্মধ্যে জ্যেষ্ঠ দুই অংশ লইবেন। তদনন্তর কিঞ্চিদ্দূরে পুনর্ব্বার বলিতেছেন

ভাগদ্বয়ে দর্শিতে জ্যেষ্ঠস্যাংশদ্বয়াভিধানমনর্থকং স্যাৎ। দ্ব্যংশহরত্বমপি ন জ্যেষ্ঠতামাত্রেণ। যদাহ বৃহস্পতিঃ। জন্ম বিদ্যাগুণজ্যেষ্ঠো দ্ব্যংশং দায়াদবাপ্নুয়াৎ। সমাংশভাগিনস্ত্বন্যে তেষাং পিতৃসমস্তু সঃ। উপার্জ্জকত্বেন ভাগদ্বয়ে জন্মবিদ্যা-দিকীর্ত্তনমনুপযোগি। এতচ্চ ভাগদ্বয়ং সোদরমাত্রভ্রাতৃবিভা-

দ্ব্যংশং হরেদিত্যর্থঃ। জ্যেষ্ঠতা আদিগর্ভপ্রভবতা। জন্মবিদ্যেতি। তথা চৈতদ্বচনানুরোধাজ্জ্যেষ্ঠপদস্য জন্মবিদ্যাদিজ্যেষ্ঠপরত্বাবশ্যকত্বে কথমর্জ্জকপরত্বসম্ভব-ইতি ভাবঃ। অনুপযোগীতি। তত্রার্জ্জনস্যৈবোপযোগিত্বাদিতি ভাবঃ। সোদরাসোদরেতি। উপলক্ষণমেতৎ। অসোদরমাত্রবিষয়োঽপীতি ভাব্যং উদ্ধার ইতি। দ্ব্যংশস্থানেঽধিকাংশো নোদ্ধারঃ অবিভক্তদ্রব্যাৎ তস্য পৃথগক্রিয়মাণত্বাদিতি ভাবঃ। সমবর্ণাস্বিতি। বিষমবর্ণাসু জাতানাঞ্চ ব্রাহ্মণাদিপুত্রাণাং ক্রমেণ চতুস্ত্রিদ্ব্যেকভাগিত্বমিতি বক্ষ্যতে দ্বিজন্মানামিত্যনেনেন শূদ্রস্য বিংশোদ্ধারনিবৃত্তিঃ তন্নিবৃত্ত্যা চ দণ্ডাপূপন্যায়াৎ দ্ব্যংশস্যাপি নিবৃত্তিঃ অতএব মনুরপি। শূদ্রস্য তু সবর্ণৈব নান্যা ভার্য্যোপদিশ্যতে। তস্যাং জাতাঃ সমাংশাঃ স্যুর্যদি পুত্রশতং ভবেৎ। ইত্যনেনেন শূদ্রস্য সমাংশমেব বিদধাতি। ন চ দ্বিজন্মনামিত্যুপাদানাৎ সমবর্ণাস্বিত্যত্র বহুবচনোপাদানাচ্চ সোদরাসোদরাণাং দ্বিজন্মনামেবোদ্ধারবিধিঃ দ্ব্যংশবিধিস্তু তদন্যেষাং সোদরমাত্রাণাং দ্বিজন্মনাং সামান্যতঃ শূদ্রভ্রাতৄণাঞ্চেত্যেব কিন্নস্যাদিতি

যথা এই সকল অংশিদের মধ্যে যে ব্যক্তি যাহা উপার্জ্জন করিবে সে সেই উপার্জ্জিত ধন হইতে দুই অংশ পাইবে, এই বচনে উপার্জ্জকত্ব নিবন্ধন ভাগদ্বয় দর্শিত হওয়াতে, আবার পূর্ব্ববচনে জ্যেষ্ঠের অংশদ্বয় বিধান নিরর্থক হয়, আর কেবল জ্যেষ্ঠত্ব নিবন্ধনই যে দুই অংশ লাভ হয় এমত নহে, যথা বৃহস্পতি, জন্ম বিদ্যা ও গুণ দ্বারা যিনি জ্যেষ্ঠ হয়েন তিনিই পিতৃধন হইতে দুই অংশ প্রাপ্ত হন। অন্যেরা সকলে সমানাংশভাগী হয়। জ্যেষ্ঠই তাহাদের পিতার সমান এই বচনে জ্যেষ্ঠের ভাগদ্বয় বিধান উপার্জ্জক বলিয়া মীমাংসা করিলে জন্ম বিদ্যাদির উল্লেখ করা নিষ্প্রয়োজন। আর এই ভাগদ্বয় বিধানটি

গবিষয়ং। সোদরাসোদরবিভাগগোচরশ্চ জ্যেষ্ঠস্য বিংশ উদ্ধারঃ। যদাহ বৃহস্পতিঃ। সমবর্ণাসু যে জাতাঃ সর্ব্বে পুত্রা দ্বিজন্মনাং। উদ্ধারং জ্যায়সে দত্ত্বা ভজেরন্নিতরে সমং। সবর্ণাসু বহ্বীষু স্ত্রীষু জাতানাং উদ্ধারপূর্ব্বকবিভাগশ্রুতের্ভাগদ্বয়ং সোদরমাত্রগোচরমেব সিধ্যতি। যুক্তঞ্চৈতৎ সোদরতয়াধিকগৌরবাৎ। উদ্ধারোঽপি দশসু গবাদিষু ন কার্য্যঃ। তথা

বাচ্যং পূর্ব্বোক্তমনুবচনৈরুদ্ধারদ্ব্যংশয়োঃ সমানবিষয়ত্বাবগমাৎ উদ্ধারাবিষয়ে শূদ্রে দ্ব্যংশিত্বাপ্রসক্তেঃ। বস্তুতস্তু জ্যেষ্ঠশূদ্রস্যাপ্যুদ্ধারোযুক্তঃ তস্যাপি পুন্নামনরকনিবর্ত্তকত্বেনাধিকোপকারকত্বাৎ অধিকধনসম্বন্ধস্যাধিকোপকারনিবন্ধনত্বাৎ বৃহস্পতিবচনে সমবর্ণাস্বিতি বিষমবর্ণাজাতানাং বিষমবিভাগসূচনার্থং অতএব শূদ্রস্য বিষমবর্ণাজাতাভাবেন সূচনীয়স্য বিষমভাগস্য তত্রাসম্ভবাত্তদ্ব্যাবৃত্ত্যর্থং দ্বিজন্মনামিতি কৃতং ন তু শূদ্রস্যোদ্ধারনিবৃত্ত্যর্থং যুক্তিবিরোধাৎ। ন চ মনুনা সমানাংশাভিধানাৎ তদ্বিরোধঃ উদ্ধারস্য ভাগবৈষম্যাপ্রযোজকত্বাৎ। যথোক্তং উদ্ধারং জ্যায়সে দত্ত্বা ভজেরন্নিতরে সমমিতি ভাব্যং। ইতরে সমমিতি। জ্যেষ্ঠস্য সগুণত্বে ইতরেষাং নির্গুণত্বে ইদং তেন নাধ্যর্দ্ধাদিভাগবিধিবিরোধঃ। ন চ দ্ব্যংশবিধি র্জন্মবিদ্যাদিজ্যেষ্ঠবিষয়োঽস্তু উদ্ধারবিধিস্তু তদিতরবিষয়ইতি নির্গুণস্যাপি উদ্ধারইতি তেন.

কেবল সহোদর ভ্রাতৃ কর্ত্তৃক বিভাগবিষয়ক, সহোদর ও অসহোদর উভয়ের বিভাগস্থলে জ্যেষ্ঠের বিংশতিতম ভাগ উদ্ধার দান কর্ত্তব্য, যথা বৃহস্পতি সবর্ণা বহুস্ত্রীতে জাত পুত্রগণ জ্যেষ্ঠকে উদ্ধার দান করিয়া অন্যেরা সমান ভাগ করিয়া লইবে, এই বচনদ্বারা সহোদরাসহোদরগণের উদ্ধার পূর্ব্বক বিভাগ বোধিত হইবায় ভাগদ্বয় সহোদর মাত্র কৃত বিভাগ বিষয়েই সিদ্ধ হইতেছে ইহা যুক্তি সিদ্ধও বটে, কারণ সহোদরত্ব প্রযুক্ত অধিক গৌরবের বিষয় হয়।

আর যে স্থলে গো মহিষাদি দশটির অধিক না থাকে সে স্থলেও উদ্ধার

মনুঃ। উদ্ধারোন দশস্বস্তি সম্পন্নানাং স্বকর্ম্মসু। যৎকিঞ্চিদেব দেয়ং স্যাজ্জ্যায়সে মানবর্দ্ধনং॥ ৩৩॥

তদেবমুক্তপ্রবন্ধেন যত্র জ্যেষ্ঠভ্রাতুরেব পিতৃধনে ভাগদ্বয়ং কথং তত্র জনকস্য দানবিক্রয়পরিত্যাগক্ষমস্য পিতামহধনসম্বন্ধমূলস্যাতিগুরোঃ পিতুরেব স্বপিতৃধনে ভাগদ্বয়ং ন সম্ভবতি জন্মবিদ্যাগুণজ্যেষ্ঠইতিবাক্যেন চ পিতৃসমত্বেন ভাগদ্বয়ং জ্যেষ্ঠস্যাতিদিশন্ পিতুর্ভাগদ্বয়ং জ্ঞাপয়তি বৃহস্পতিঃ। জীবদ্বিভাগে তু পিতা গৃহ্ণীতাংশদ্বয়ং স্বয়মিতি সামান্যেনাংশদ্বয়াভি-

সোদরাসোদরসাধারণী ব্যবস্থাস্বিতি বাচ্যং সমবর্ণাস্বিতিবহুবচনানুপপত্তেঃ ভবন্মতে একস্যাং জাতানামপি তথাত্বস্য সিদ্ধেঃ দশস্বিতি। তৎপর্য্যন্তেষ্বিত্যর্থঃ। স্বকর্ম্মসু সম্পন্নানামিত্যনেন সর্ব্বেষাং তুল্যগুণবত্ত্বএব তৎ অধিকগুণবত্ত্বে তু জ্যেষ্ঠস্য তত্রাপি বিংশউদ্ধার ইতিচূড়ামণিঃ॥ ৩৩॥

বৃহস্পতিবচনমপি পিতুর্দ্ব্যংশিত্বে প্রমাণয়তি জন্মেতি। অতিদিশন্নিতি। তেষাং পিতৃসমস্তু স ইত্যতিদেশেন যথা পুত্রাদিভিঃ সহ স্বপিতৃধনবিভাগে ক্রিয়মাণে পিতুর্দ্ব্যংশিত্বং তথা জ্যেষ্ঠস্যাপি ভ্রাতৃবিভাগে স্বপিতৃধনদ্ব্যংশিত্বমিত্যবগমাদিতি ভাবঃ। সামান্যেন স্বার্জ্জিতপিতৃধনাদ্যনুল্লেখেনাংশদ্বয়াভিধানরূপ উপদেশঃ পিতৃধনবিষয়তয়া বৃহস্পতিনা দর্শিতোঽতিদেশেনেতি শেষঃ। নারদবচনাদাত্মধনএব পিতুরংশদ্বয়মিতি শঙ্কামপনেতুং স্বমতসাধকতয়া তদবতারয়তি তথেতি। পূর্ব্বো-

দান হইবে না, যথা মনুবচন সকলই যদি স্বকর্ম্ম সম্পন্ন অর্থাৎ তুল্য গুণশালী হয়, তবে দশটি সংখ্যা পর্য্যন্ত গবাদির উদ্ধার দান হয় না। কিন্তু জ্যেষ্ঠকে তন্মধ্যে যৎকিঞ্চিৎ মানবৃদ্ধির উদ্দেশে দাতব্য হইবে॥ ৩৩॥

এই উক্ত প্রকার বিচার দ্বারা যেখানে জ্যেষ্ঠ ভ্রাতারই দুই ভাগ প্রাপ্য হইতেছে, সেখানে যিনি জন্ম দিয়াছেন ও পুত্রের দান বিক্রয় পরিত্যাগে ক্ষমতাবান্ ও পিতামহধন সম্বন্ধের মূল কারণ এবং মহাগুরু যে পিতা সেই

ধানোপদেশো বৃহস্পতিনা দর্শিতঃ। তথা নারদঃ। দ্বাবংশৌ প্রতিপদ্যেত বিভজন্নাত্মনঃ পিতা। সমাংশহারিণী মাতা পুত্রাণাং স্যান্মৃতে পতৌ। দ্রব্যং বিভজন্ পিতা দ্বাবংশাবাত্মনো গৃহ্লীয়াৎ ন পুনরাত্মনোদ্রব্যং বিভজন্নিতি সম্বন্ধঃ পূর্ব্বোক্ত বিরোধাৎ। কিঞ্চ পৈতামহধনে পিতাপুত্রয়োঃ সমভাগিত্বে

ক্তেতি। তস্য স্বেচ্ছা স্বয়মুপাত্তেঽর্থে ইতিপূর্ব্বোক্তবিষ্ণুবচনস্য স্বল্পেন বা বিভজ্য ভুয়িষ্ঠমাদায় বসেদিতি হারীতোক্তস্য চ বিরোধাদিত্যর্থঃ। কেচিত্তু ইতোঽপীত্যাদিপিতামহধনগোচরভাগদ্বয়যুক্তিবিরোধাদিত্যাহুঃ। তদসৎ পিতামহধনদ্ব্যংশিত্বযুক্তেঃ পিতৃধনদ্ব্যংশিত্ববিরোধাপ্রসক্তেঃ। পিতামহধনে পিতাপুত্রয়োস্তুল্যাংশিত্বে বাধকমপ্যাহ কিঞ্চেতি। মধ্যগত্বাপত্তেরিতি। মধ্যগত্বঞ্চ উভয়নিরূপিতস্বত্ববদেকদ্রব্যং। অথৈবং পিতরি মৃতে সত্যাং মাতরি বিমাতরি বা পুত্রাণাং স্বত্বান্নদয়ঃ স্যাৎ মাত্রাদিস্বত্বস্য বিরোধিনঃ সত্বাৎ। ন চ পিতৃমরণাদেব তাসাং স্বত্বনাশোঽন্যমরণস্যান্যস্বত্বনাশকত্বে প্রমাণাভাবাৎ। ন চোভয়নিরূপিতং ব্যাসজ্যবৃত্তি একমেব স্বত্বং প্রতিযোগিনাশাদেব নশ্যতীতি বাচ্যং তথা সতি পত্ন্যাঃ মৃতায়াং তদ্ধনে

পিতারই নিজ পিতৃধনের বিভাগকালীন দুই অংশ কেনই না প্রাপ্য হইবে? আর জন্ম বিদ্যা গুণ জ্যেষ্ঠ এই বচন দ্বারা সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ জ্যেষ্ঠ ভ্রাতা পিতার সমান বলিয়া দুই ভাগের অধিকারী বলাতে পিতার দুই ভাগ প্রাপ্য, ইহা বৃহস্পতির অভিপ্রায় বোধিত হইতেছে। আর জীবদ্বিভাগে পিতা স্বয়ং দুই অংশ গ্রহণ করিবেন এই বচনে সামান্যতঃ পিতার দুই অংশ প্রাপ্তির উপদেশ বৃহস্পতি দর্শাইয়াছেন, তথা নারদ মুনিও বলিয়াছেন যথা পিতা ধনবিভাগে প্রবৃত্ত হইয়া আপনার দুই অংশ গ্রহণ করিবেন; এবং স্বামী পরলোক গত হইলে পর মাতা বিভাগকালীন পুত্রগণের সমানাংশ গ্রাহিণী হয়েন নচেৎ আপনার ধন বিভাগ করণে প্রবৃত্ত হইয়া পিতা দুই অংশ গ্রহণ করিবেন এরূপ বচনের অর্থ হইবে না। অন্যথা স্বোপার্জ্জিতধনে পিতার

যাবদ্ধনং পিতুস্তাবদেব পুত্রস্যাপীতি বাচ্যং ন তু যাবদেব যদেব ধনং তাবদেব তদেব পুত্রস্যাপীতি মধ্যগত্বাপত্তেঃ জায়াপত্যোরিব বিভাগাভাবপ্রসঙ্গাৎ॥ ৩৪॥

এবঞ্চ সতি ভ্রাতৃণাং বিভাগে যদা জ্যেষ্ঠস্য জ্যেষ্ঠতয়া ভাগদ্বয়কল্পনং তদা তৎপুত্রস্যাপি ভাগদ্বয়কল্পনে পুত্রেণ

---

পত্যুঃ স্বত্বনাশপ্রসঙ্গাৎ মাতৃধনাস্তবইব তৎপুত্রকন্যাদীনামধিকারপ্রসঙ্গাৎ। কিঞ্চ পত্ন্যাং জীবন্ত্যাং স্বধনস্য পবস্বত্বেন নির্ণীতস্য বিনিয়োগে প্রতিক্ষণং পত্যুশ্চৌর্য্যং স্যাদিতি চেন্নৈবং পিতৃমরণানন্তরং পুত্রাধিকার প্রতিপাদকশাস্ত্রস্যৈব পতিমরণাৎ পত্নীস্বত্বনাশে প্রমাণত্বাৎ। অতএব পুণ্যাপুণ্যফলে সমেত্যাপি সঙ্গচ্ছতে। অন্যথা পত্ন্যাঃ পতিধনে স্বত্বাভাবে তদনুপপত্তেরিত্যাদি সুধীভির্ভাব্যং। বিভাগাভাবেতি। যত্রৈব পিতুঃ স্বত্বং তত্রৈব পুত্রস্যাপীত্যভ্যুপগমে বিভাগানন্তরমপি তদবধারণাৎ বৈশেষিকব্যবহাবানর্হতায়াস্তাদবস্থ্যাদিতি ভাবঃ॥ ৩৪॥

বহুপুত্রত্বে চেতি। পূর্ব্বং সপুত্রাপুত্রভ্রাতৃদ্বয়বিভাগে তৎ পুত্রস্যাপি ভাগইত্যেতাবন্মাত্রমুক্তং ইহ তু কনিষ্ঠস্যাল্পপ্রাপ্তিরিতি বিশেষাৎ ন পুনরুক্তিঃ।

---

স্বেচ্ছাবিধায়ক বিষ্ণুবচনেব সহিত বিরোধ হয়। আব পিতামহধনে পিতা পুত্রের সমান ভাগ বলিতে গেলে পিতার যত, পুত্রেরো তত, এই কথা বলিতে হয়, পিতার দুই ভাগ বলা হয় না। নতুবা যে যে ধন পিতার, পুত্রেরও সেই সেই ধন, একথা বলিলে স্ত্রী পুরুষের দাম্পত্য সম্বন্ধে স্বত্বের ন্যায় স্বত্ব হওয়াতে সে ধন মধ্যগ পদ বাচ্য হইয়া কথনই বিভাগের যোগ্য হইতে পারে না॥ ৩৪॥

তুল্যস্বামিত্ব মতে আবও দোষ দেখাইতেছেন, পিতামহধনের ভ্রাতৃগণকৃত বিভাগ স্থলে যখন জ্যেষ্ঠ ভ্রাতার জ্যেষ্ঠত্ব প্রযুক্ত দুই অংশ দিতে হয় তথন

সহ জ্যেষ্ঠস্য চত্বারোঽংশাঃ ভ্রাত্রন্তরস্যৈকোঽংশঃ স্যাৎ বহুপুত্রত্বে চ জ্যেষ্ঠস্য তৎপুত্রাণাং পিতৃসমভাগকল্পনে কনিষ্ঠভ্রাতুর্যৎকিঞ্চিদেব স্যাদিতি মহাজনবিরোধঃ। যচ্চ বৃহস্পতিবচনং। দ্রব্যে পিতামহোপাত্তে স্থাবরে জঙ্গমে তথা। সমমংশিত্বমাখ্যাতং পিতুঃ পুত্রস্য চৈব হি। অংশিত্বং সমং সমানং ন চ স্বেচ্ছয়া স্বোপাত্তধনবৎ ন্যূনাধিকবিভাগং দাতুমর্হতি ন পুনরংশঃ সমইতি তস্যার্থঃ। দ্বিপিতৃকপিত্রভিপ্রায়ং বা

---

যচ্চেতি। জঙ্গমো দ্বিপদএব স্থাবরসাহচর্য্যাৎ। সমানমিতি। সমানমেবেত্যর্থঃ। লক্ষণাফলমাহ ন চেতি। গত্যন্তরসম্ভবে লক্ষণাশ্রয়ণমন্যায্যমিত্যভিপ্রায়েণাহ দ্বিপিতৃকেতি। স যস্ত্বেকপুত্রঃ স্যাদিতি বক্ষ্যমাণশঙ্খবচনানুরোধাদিতিভাবঃ। চূড়ামণিস্তু তস্যার্থ ইত্যন্তং ভূর্যা পিতামহোপাত্তা ইত্যনেনৈকবাক্যত্বাদিতিসহেতুকং ব্যাখ্যায় নমু অংশিত্বস্য অংশানতিরিক্ততয়া কথমংশিত্বসাম্যেঽংশবৈষম্যং তথাচ স্থাবরজঙ্গমপদস্যোপলক্ষণতয়া দ্রব্যসামান্যগ্রহণাৎ কৃতোভূর্যেত্যাদিনৈকবাক্য-

---

তৎপুত্রেরা পিতাপুত্রের তুল্যস্বামিত্ব বলিয়া দুই ভাগ দিতে হইলে, পুত্রের সহিত জ্যেষ্ঠের চারি অংশ লাভ হয়, অন্য ভ্রাতার একাংশ মাত্র, আবার যদি জ্যেষ্ঠের বহু পুত্র থাকে, তবে সেস্থলে জ্যেষ্ঠের দুই অংশ তৎপুত্রগণের পিতৃসম ভাগদ্বয় দিতে গেলে কনিষ্ঠ ভ্রাতার যৎকিঞ্চিন্মাত্র প্রাপ্তি হয় ইহা মহাজন বিরুদ্ধ। তবে যে বৃহস্পতি বচন বিরুদ্ধ দৃষ্ট হয়, যথা পিতামহাগত স্থাবর ও দ্বিপদধনে পিতা পুত্রের অংশিত্ব সমান উক্ত হইয়াছে, এই বচনের অর্থ এইরূপ কর্ত্তব্য যে অংশিত্ব সমান বলাতে লক্ষণাদ্বারা বোধ হইতেছে স্বোপার্জিত ধনের ন্যায় পিতা পৈতৃকধনে ন্যূনাধিক ভাগ দিতে পারেন না, নচেৎ পিতা ও পুত্র এই উভয়ের সমান অংশ হইবে এমন অর্থ নহে। অথবা

সমভাগবচনং তত্র স্যাৎ সদৃশং স্বাম্যমিতি বচনং তু প্রাগেব ব্যাখ্যাতং ॥ ৩৫ ॥

কিঞ্চ যদ্যসৌ পিতা স্বপিতুঃ পুন্নামনরকনির্বর্ত্তকোজ্যেষ্ঠস্তদা তস্য স্বভ্রাতৃনেবাপেক্ষ্য যত্র পিতৃসমত্বেন ভাগদ্বয়ং স্মৃতরাং তস্য পুত্রাপেক্ষয়া ভাগদ্বয়ং যুক্তং পুত্রাণাং ক্রমাগতধনসম্বন্ধস্য পিত্রধীনত্বাৎ অথ যঃ পিতুর্ন জ্যেষ্ঠঃ পুত্রস্তস্য স্বপুত্রৈঃ সহ সমাংশতোচ্যতে। তন্ন মধ্যমাদিপুত্রাণামপ্যধ্যর্দ্ধাদিবিধানাৎ পিতৃতয়া ভাগদ্বয়স্যৈব স্মৃতরাং যুক্তত্বাৎ। সামান্যেন চ পিতাপুত্রয়োঃ সমাংশাভিধানস্য ভবতো মুনীনাং চানুচিতত্বাৎ। কিঞ্চ পিতুরংশদ্বয়াভিধানং স্বোপাত্তদ্রব্যগোচরমিত্যপ্যনুপপন্নং তদিচ্ছানুরোধিত্বাৎ বিভাগস্য ইচ্ছাতশ্চ

---

সম্ভবইত্যতআহ দ্বিপিতৃকেতীত্যাহ। তদযুক্তং বক্ষ্যমাণসিদ্ধান্তে ভূর্যেত্যাদিনা তস্য বচনস্য তুল্যবিষয়তায়া বক্ষ্যমাণত্বাৎ উক্তব্যাখ্যয়ৈব সামঞ্জস্যাচ্চ ॥ ৩৫ ॥

পিতামহধনে পিতুর্দ্ব্যংশিত্বে প্রকৃতে যুক্ত্যন্তরমাহ কিঞ্চেতি। নমু উক্তযুক্ত্যা নরকনিস্তারকর্ত্তুর্জ্যেষ্ঠপুত্রস্য পিতুঃ পৈতামহধনে দ্ব্যংশিত্বং তদকর্ত্তুশ্চ কনিষ্ঠপুত্রস্য পিতুস্তদ্ধনে পুত্রৈঃ সহ সমাংশিতাস্তু বচনানাং সামঞ্জস্যাদিত্যাশঙ্কতে অথেতি। মধ্যমেতি। মধ্যমাদিপুত্রাণামেব সার্দ্ধাংশাদিহারকত্বং যত্র তত্র

---

পিতা যদি দ্বিপিতৃক অর্থাৎ ক্ষেত্রজাদি হয়েন তবে তাঁহার সঙ্গে পুত্রের পৈতামহধনে সমান অংশ হইবে এরূপ মীমাংসাও হইতে পারে।

আর তুল্যস্বামিত্ব প্রতিপাদক যাজ্ঞবল্ক্য বচনের ব্যাখ্যা পূর্ব্বেই করিয়াছি ॥৩৫॥

আর যদি ঐ পিতা আপন পিতার পুন্নামনরকনিবর্ত্তক জ্যেষ্ঠ হন তবে তাঁহার নিজ ভ্রাতৃগণের নিকট পিতৃসমত্ব প্রযুক্ত যেখানে ভাগদ্বয় প্রাপ্তি হয়, সেই স্থলেই পিতার পুত্রদের নিকট দুই ভাগ পাওয়া উচিত, যেহেতু পৈতামহধন সম্বন্ধের মূল কারণ পিতা। আর যে পিতা আপন পিতার জ্যেষ্ঠপুত্র নহেন

ভাগদ্বয়ত্রয়ন্যূনাধিকানামপি প্রাপ্তে র্বিফলো বিধিঃ নিয়মার্থত্বঞ্চ বচনস্য ন বর্ণনীয়ং বিষ্ণুবিরোধাৎ তদাহ। পিতা চেৎ পুত্রান্ বিভজেৎ তস্য স্বেচ্ছা স্বয়মুপাত্তেঽর্থে পৈতামহে তু পিতাপুত্রয়োস্তুল্যং স্বাম্যং। অস্যার্থঃ স্বোপাত্তে যাবদেব গ্রহীতুমিচ্ছতি অর্দ্ধং ভাগদ্বয়ং ত্রয়ং বা তৎসর্ব্বং তস্য শাস্ত্রানুমতং ন তু পৈতামহেঽপি। তথাচ হারীতঃ। জীবন্নেব বা পুত্রান্ প্রবিভজ্য বনমাশ্রয়েৎ বৃদ্ধাশ্রমং বা গচ্ছেৎ স্বল্পেন বা

ততোন্যূনস্য একাংশমাত্রস্য পিতুঃ পিতৃত্বেনানৌচিত্যাৎ ভাগদ্বয়মেব যুক্তমিতি ভাবঃ। নন্বু পৈতামহে পিতাপুত্রয়োস্তুল্যাধিকাবিত্বমেবোচ্যতে তথাচ প্রাথম্যাৎ জ্যেষ্ঠেনৈব পিতুঃ সমানাধিকারিতা ভবিষ্যতি ন মধ্যমেন কনিষ্ঠের্ব্বা তৎ কথং ন্যূনত্বমতআহ সামান্যেনেতি। সামান্যেন সমমংশিত্বমিত্যাদৌ অবিশেষেণেত্যর্থঃ। অনুচিতত্বাদিতি। তথাচৈকপুত্রস্য পিতুর্দ্ব্যংশিত্বং দ্বিপিতৃকস্য তু ক্ষেত্রজাদেঃ পিতুশ্চ সমাংশিত্বমিত্যেবোচিতমিতি ভাবঃ। পিতুরংশদ্বয়বিধানস্য স্বোপাত্ত-

তাঁহার নিজ পুত্রগণের সহিত সমানাংশ হইবে, ইহা বলা অত্যন্ত অনুচিত; যেহেতু মধ্যমাদি পুত্রেরো সার্দ্ধেকভাগাদির বিধান আছে। সুতরাং পিতৃত্ব সম্বন্ধমাত্রেরই পিতার ভাগদ্বয় পাওয়া যুক্তিযুক্ত হয় অতএব সামান্যত মুনিবচনের যথাশ্রুত অর্থ ধরিয়া পিতা পুত্রের সমান ভাগ কথন অতি অনুচিত এবং সোপার্জ্জিত ধনে পিতার দুই অংশ প্রাপ্তির কথাও অসঙ্গত। কারণ স্বোপার্জ্জিত ধন বিভাগ পিতার ইচ্ছানুসারী, ইচ্ছাক্রমে দুই, তিন, ন্যূন ও অধিক বিভাগের প্রাপ্তি সম্ভাবনা বিধায় ভাগদ্বয়ের বিধি বিফল, ও ভাগদ্বয়ের একান্ত নিয়মও বলা যায় না। যেহেতু বিষ্ণুবচনের সহিত বিরোধ জন্মে, যথা যদি পিতা পুত্রদিগকে বিভাগ করিয়া দেন তবে তাঁহার স্বোপার্জ্জিত ধনেতে যাহা স্বেচ্ছা। পৈতামহ ধনেতে পিতা পুত্রের তুল্য স্বামিত্ব অর্থাৎ স্বোপার্জ্জিত ধনে যত গ্রহণ করিতে ইচ্ছা করেন তাহা অর্দ্ধই হউক, ভাগদ্বয়ই হউক অথবা তিন ভাগই হউক তৎসমুদায়ই শাস্ত্রসম্মত। কিন্তু পিতামহধনে সেরূপ নহে যথা হারীত

বিভজ্য ভূয়িষ্ঠমাদায় বসেৎ যদ্ব্যপদশ্যেৎ পুনস্তেভ্যো গৃহ্লীয়াৎ। অনেন স্বল্পস্য বিভাগো ভূয়িষ্ঠদ্রব্যস্য গ্রহণঞ্চ পিতুরভিহিতং। বৃদ্ধাশ্রমঃ প্রব্রজ্যা ॥ ৩৬ ॥

যচ্চ শঙ্খলিখিতবচনং। স যদ্যেকপুত্রঃ স্যাৎ দ্বৌ ভাগাবাত্মনঃ কুর্য্যাৎ। অস্যায়মর্থঃ। একস্য পুত্রঃ একপুত্রঃ ন পুনরেকএব পুত্রো যস্যেতি বহুব্রীহিঃ তস্যান্যপদার্থপ্রধানত্বেন ষষ্ঠীতৎপুরুষাদ্দুর্ব্বলত্বাৎ একপুত্রশ্চৌরসঞ্চ তথাবিধস্য পিতুর্ভাগদ্বয়ং ন তু ক্ষেত্রজস্য পিতৃত্বেঽপি। তত্র স্যাৎ সদৃশং স্বাম্যমিতি বচনং ক্ষেত্রজপিত্রভিপ্রায়মেব বর্ণনীয়ং। ক্ষেত্র-

---

বিষয়ত্বাসম্ভবাৎ পিতামহধনবিষয়ত্বমেবেত্যাহ কিঞ্চেতি। উপদশ্যেৎ ভুক্তসর্ব্বধনঃ স্যাৎ ॥ ৩৬ ॥

ভাগদ্বয়বচনং স যদ্যেকপুত্রঃ স্যাদিত্যনেনৈকমূলতয়া একপুত্রকপিতৃবিষয়মিতি মতমপাকর্ত্তুং তদ্বচনমন্যথা ব্যাখ্যাতুমুত্থাপয়তি যচ্চেতি। দুর্ব্বলত্বাদিতি। একদেশলক্ষণাপেক্ষয়া সমুদায়ে লক্ষণায়া গৌরবগ্রস্তত্বাদিতি কেচিৎ। তদসৎ সমুদায়ে শক্ত্যভাবেন লক্ষণায়া অপ্রসক্তেঃ। বস্তুতস্তু তৎপুরুষে উত্তরপদং মুখ্যমেব পূর্ব্বপদস্তু সম্বন্ধিনি লাক্ষণিকং বহুব্রীহৌ দ্বয়োরেব পদয়োঃ মুখ্যার্থত্যাগাৎ তদ-

---

বচন, অথবা পিতা জীবদ্দশায় পুত্রদিগকে বিভাগ করিয়া দিয়া বানপ্রস্থ হইবেন কিংবা বৃদ্ধাশ্রম গ্রহণ করিবেন অথবা স্বল্পধন বিভাগ করিয়া দিয়া প্রচুর ধন স্বয়ং লইয়া বাস করিবেন। যদি সমগ্র খাইয়া ফেলেন তবে পুনর্ব্বার সেই পুত্রগণের নিকট হইতে গ্রহণ করিবেন। ইহাতে স্বল্পধনের বিভাগ ও পিতার আপনার জন্য প্রচুর ধনের গ্রহণ উক্ত হইল। বৃদ্ধাশ্রমের অর্থ যতিধর্ম্ম ॥ ৩৬ ॥

তথা শঙ্খ ও লিখিত মুনিদ্বয়ের বচন, সেই পিতা যদি একপুত্র হয়েন তবে আপনার দুই ভাগ গ্রহণ করিবেন এই বচনে এক পুত্র শব্দের অর্থ

জোহি দ্বিপিতৃকঃ। তদাহ বৌধায়নঃ। মৃতস্য চ প্রসূতো যঃ ক্লীবস্য ব্যাধিতস্য বা। অন্যেনানুমতো বা স্যাৎ স্বে ক্ষেত্রে ক্ষেত্রজঃ স্মৃতঃ। স এব দ্বিপিতৃকো দ্বিগোত্রশ্চ দ্বয়োরপি স্বধাকরো রিকৃথভাগ্ ভবতি। অস্যার্থঃ। ক্লীবাদেঃ স্বে ক্ষেত্রে তদনুমতোঽন্যেন প্রসূতঃ ক্ষেত্রজঃ। তথা নারদঃ। ক্ষেত্রিকানুমতে ক্ষেত্রে বীজং যস্য প্রকীর্য্যতে। তদপত্যং দ্বয়োরেব বীজিক্ষেত্রিকয়োর্ম্মতং ॥ ৩৭ ॥

---

পেক্ষয়া দুর্ব্বলত্বমিতি। ঔরসস্যাপি পিতুর্ভাগদ্বয়ে ক্ষেত্রজস্য পুত্রেণ সহ তুল্যাংশিত্বস্থিতৌ তদ্বিষয়তয়া সদৃশং স্বাম্যমিতি বচনস্য মুখ্যত্বসম্ভবে ন্যূনাধিকবিভাগনিষেধেন লক্ষণা অন্যায্যেত্যভিপ্রেত্যাহ তত্র স্যাদিতি। দ্বিপিতৃকমাহ ক্ষেত্রজোহীতি। মৃতস্য চেতি। স্বে ক্ষেত্রেঽন্যেন প্রসূত উৎপাদিতঃ ক্লীবাদেঃ ক্ষেত্রে বা তদনুমতোঽন্যেনোৎপাদিতইত্যর্থঃ ॥ ৩৭ ॥

---

একের পুত্র অর্থাৎ ঔরস। নতুবা একই পুত্র যার এরূপ বহুব্রীহি সমাস নহে। ষষ্ঠীতৎপুরুষসমাসাপেক্ষা লাক্ষণিক অন্যপদার্থপ্রধানক বহুব্রীহি সমাস দুর্ব্বল, সুতরাং এক পুত্রপদে ঔরস বুঝাইল। অতএব সেইরূপ পিতার দুই ভাগ প্রাপ্য, ক্ষেত্রজপিতার জনকত্ব থাকিলেও ভাগদ্বয় লাভ হইবে না, একারণ পৈতামহধনে পিতাপুত্রের তুল্য স্বামিত্ব বচন ক্ষেত্রজ পিতৃ বিষয়েই বর্ণনীয়। ক্ষেত্রজ পুত্র দ্বিপিতৃক অর্থাৎ তাহার দুই পিতা যথা বৌধায়নবচন, মৃতব্যক্তির কিংবা ক্লীবের অথবা ব্যাধিগ্রস্ত ব্যক্তির অনুমতিক্রমে তদীয় স্ত্রীতে অন্য কর্ত্তৃক উৎপাদিত পুত্রকে ক্ষেত্রজপুত্র বলে, সেই ক্ষেত্রজপুত্র দ্বিপিতৃক, ও দুই পিতার গোত্র, শ্রাদ্ধ ও ধনাধিকারী হয়। তথা নারদ বচন, ক্ষেত্রিকের অনুমতিক্রমে তৎপত্নীতে অন্যদত্ত বীজদ্বারা যে সন্তান জন্মে সেই সন্তান বীজী ও ক্ষেত্রিক এই উভয়ের হয় ॥ ৩৭ ॥

অতশ্চৈকপুত্র আত্মনো ভাগদ্বয়ং কুর্য্যাদিতি বিধৌ এক-পুত্রত্বস্য কর্ত্তৃবিশেষণতয়া বিবক্ষার্হত্বাৎ উদ্দেশ্যবিশেষণত্বেনা-বিবক্ষিতত্বমিত্যপি পরাস্তং ভবতি। কিঞ্চ পরমপ্রেক্ষাবন্মনু-গৌতমদক্ষাদিপ্রযুক্তপদানাং প্রতিক্ষণমবিবক্ষামাচক্ষাণঃ স্বস্যৈব সাক্ষাদবিবক্ষিতত্বং খ্যাপয়তি। তথা পুত্রার্জ্জিতেঽপি

অথৈকপুত্রোদ্দেশেন ভাগদ্বয়বিধানাৎ হবিরুভয়ত্ববৎ গ্রহৈকত্ববচ্চ উদ্দেশ্য-বিশেষণতয়া একপুত্রত্ববিশেষণমবিবক্ষিতং কিন্তু পক্ষপ্রাপ্তানুবাদমাত্রং অতঃ সর্ব্বেষামেব ভাগদ্বয়মিত্যাশঙ্ক্যাহ অতশ্চেতি। কর্ত্তৃবিশেষণতয়েতি। একপুত্র-কর্ত্তৃকাত্মসম্বন্ধিভাগদ্বয়স্য বিধেয়তয়া একপুত্রত্বং বিধেয়বিশেষণমেব ন তূদ্দেশ্য-বিশেষণং যেনাবিবক্ষিতং স্যাদিতি ভাবঃ। কেচিত্তু কর্ত্তুরাখ্যাতবাচ্যত্বেন বিধেয়তয়া তদ্বিশেষণস্যৈকপুত্রত্বস্য দ্বিপিতৃকব্যাবর্ত্তকত্বেন সপ্রয়োজনকতয়া বিব-

অতএব একপুত্র পিতা আপনার ভাগদ্বয় করিবেন এই বিধিতে এক পুত্রত্বরূপ পদার্থকর্ত্তার বিশেষণ বিধায় বিবক্ষিত অর্থাৎ আবশ্যক। এজন্য উদ্দেশ্য বিশেষণ বলিয়া কেহ যে অবিবক্ষিত বলেন সে মত পরাস্ত হইল এবং যিনি পরমবুদ্ধিশক্তিসম্পন্ন মনু গৌতম দক্ষাদি মুনিগণ কর্ত্তৃক লিখিত পদের প্রতিক্ষণে অবিবক্ষা অর্থাৎ অনৈয়ত্য ব্যাখ্যা করেন, তিনি সুব্যক্তরূপে আপ-নারই অনৈয়ত্য প্রকটীকৃত করেন।

এবং পুত্রকর্ত্তৃক উপার্জ্জিতধনেরও বিভাগকালীন পিতা দুই অংশ পাইবেন যেহেতু পূর্ব্বোক্ত প্রমাণে কোন বিশেষ দৃষ্ট হয় না ও কাত্যায়ন মুনিও সুস্পষ্ট বলিয়াছেন, যথা পুত্রবিত্তার্জ্জন হইতে পিতা অংশদ্বয় অথবা অর্দ্ধভাগ গ্রাহী হইবেন এবং মাতা ও পিতার পরলোকে পুত্র তুল্যাংশভাগিনী হয়েন। পুত্রবিত্তার্জ্জনের অর্থ পুত্রের উপার্জ্জিত ধন ; তাহা হইতে পিতার দ্ব্যংশ কিংবা অর্দ্ধভাগ প্রাপ্য, নচেৎ পুত্র ও বিত্ত এই উভয়ের অর্জ্জন হইলে পিতা

ধনে পিতুরংশদ্বয়ং দ্বাবংশাবিতি গৃহ্লীতাংশদ্বয়মিতি চাবিশেষশ্রুতেঃ। সুব্যক্তমাহ কাত্যায়নঃ। দ্ব্যংশহরোঽর্দ্ধহরোবা পুত্ত্রবিত্তার্জ্জনাৎ পিতা। মাতাপি পিতরি প্রেতে পুত্ত্রতুল্যাংশভাগিনী। পুত্ত্রস্য বিত্তার্জ্জনাৎ পিতুর্দ্ব্যংশহরত্বং অর্দ্ধহরত্বং বেত্যস্যার্থঃ। ন চ পুত্ত্রশ্চ বিত্তঞ্চেতি পুত্ত্রবিত্তে তয়োরর্জ্জনাৎ পিতা দ্ব্যংশহরঃ পুত্ত্রানর্জ্জনাত্তু সর্ব্বহরইতিবাচ্যং অনর্জ্জিতপুত্ত্রস্যাপি ভ্রাতৃভির্ব্বিভাগে বিত্তার্জ্জকতয়া অংশদ্বয়স্যেষ্টত্বাৎ কথং সর্ব্বহরত্বং অতো বিভাগার্হসম্বন্ধিনি বিদ্যমানে অর্জ্জকস্য দ্ব্যংশিত্বং অসতি তু সর্ব্বহরত্বং বাচ্যং তথাত্র পিতাপুত্ত্রয়োঃ প্রমত্তগীততা স্যাৎ॥ ৩৮॥

ক্ষিতত্বমিত্যাহুঃ। স্বধনাতিরিক্তধনে পিতুর্ভাগদ্বয়যুক্তিদার্ঢ্যার্থমাহ তথেতি। পুত্রবিত্তার্জ্জনাদিতি। দ্ব্যংশহরত্বাদ্যন্বয়ানুরোধাৎ কৃদ্বিহিতোভাবো দ্রব্যবৎপ্রকাশতে ইতি ব্যুৎপত্তেঃ পুত্রার্জ্জিতবিত্তাদিত্যর্থঃ। নচেতি। তথাচ পুত্রার্জ্জিতবিত্তে ন পিতুর্দ্ব্যংশিত্বং যেন দৃষ্টান্তবলাৎ প্রকৃতদার্ঢ্যং স্যাদিতি ভাবঃ। পিতাপুত্ত্রয়োঃ পিতাপুত্রপদয়োঃ॥ ৩৮॥

দ্ব্যংশভাগী হইবেন ও পুত্ত্রের অর্জন অর্থাৎ উৎপাদন না হইলে সকল ধনভাগী হইবেন এরূপ অর্থ করিও না। যেহেতু ভ্রাতৃগণের সহিত বিভাগস্থলেও যে ভ্রাতার পুত্ত্রোৎপাদন হয় নাই এমন ভ্রাতা পিতৃদ্রব্যের উপঘাতদ্বারা উপার্জক হইলে তাঁহারও দুই ভাগ প্রাপ্য হইবে তবে কি প্রকারে সর্ব্বধনভাগিত্ব পক্ষ ঘটিবে। সুতরাং কেহ ভাগী থাকিলে অর্জকের দুই অংশ হইবে, কেহ ভাগী না থাকিলে উপার্জকের সমুদায় হইবে ইহা অবশ্য বক্তব্য তাহা হইলে কেবল পিতাপুত্ত্রের উৎকীর্ত্তন উন্মত্ত প্রলাপ হয়॥ ৩৮॥

কিঞ্চার্জ্জনং স্বত্বহেতুভূতব্যাপারঃ অর্জ্জনং স্বত্বং নাপাদয়তীতি বিপ্রতিষিদ্ধমিত্যভিধানাৎ ন চ পুত্রেষু স্বত্বমস্তীতি সর্ব্বস্বদানে প্রদর্শিতং অতস্তত্র গৌণমর্জ্জনপদং বিত্তে চ মুখ্যং ন চৈতৎ সকৃৎশ্রুতস্য সম্ভবতি। ন চ পুত্রেণার্জ্জিতত্বাৎ পুত্রস্য

---

নমু বিভাগোঽর্থস্য পিত্র্যস্য ইতিবৎ পিতাপুত্রপদং সম্বন্ধিমাত্রোপলক্ষণং সামান্যকল্পনায়াং লাঘবস্য মূলত্বাদতআহ কিঞ্চেতি। বিপ্রতিসিদ্ধং বিরুদ্ধং তথা চার্জ্জনং স্বত্বমাপাদয়ত্যেবেত্যর্থঃ। অভিধানাৎ প্রাজ্ঞৈরিতি শেষঃ। দর্শিতমিতি। তত্র পুত্রদাননিষেধস্য স্বত্বাভাবেন ন্যায়মূলত্বাদিতি ভাবঃ। সম্ভবতীতি। সকৃদুচ্চরিতঃ শব্দঃ সকৃদেবার্থং গময়তীতি ন্যায়াৎ যুগপদ্বৃত্তিদ্বয়বিরোধাচ্চেতি শেষঃ। তেন ন দ্বন্দ্বগর্ভতৎপুরুষঃ সম্ভবতীতিভাবঃ। দ্ব্যংশপ্রাপ্তেরিতি। অর্জ্জকো দ্ব্যংশমাহবেদিতি বচনাৎ পিতুর্ভাগদ্বয়ং গৃহীত্বাংশদ্বয়ং স্বয়মিতি সামান্যাভিধানাদিতি ভাবঃ। অনর্থকমিতি অর্দ্ধহরত্বাভিধানমনর্থকমিত্যর্থঃ ইদমুপলক্ষণং।

---

আরও দোষ দেখাইতেছি অর্জন শব্দের অর্থ স্বত্বজনক ব্যাপার, অর্জ্জনাধীন স্বত্ব জন্মায় না একথা অতি বিরুদ্ধ বিধায় যে বস্তুতে স্বত্ব থাকে সেই বস্তুর অর্জ্জন বলিতে পারা যায়। যখন সর্ব্বস্ব দান স্থলে পুত্রেতে পিতার স্বত্ব নাই বলিয়া পুত্রের দান নিষেধ প্রদর্শিত হইয়াছে তখন সেই পুত্রের অর্জন বলিতে গেলে মুখ্যার্থ পরিত্যাগ পূর্ব্বক উৎপাদন অর্থে লক্ষণা করায় অর্জনপদ গৌণ হয়, আর ধনের অর্জন এই অংশে স্বত্ব প্রযুক্ত অর্জন পদ মুখ্য অর্থাৎ লক্ষণা করিতে হয় না। এরূপ এক অর্জনশব্দের এককালীন মুখ্য ও গৌণবৃত্তি অবলম্বন অসম্ভব।

এবং পুত্রকর্ত্তৃক উপার্জ্জিতধনে পুত্রের দুই অংশ, পিতারও দুই অংশ এই ব্যবস্থা, এই কাত্যায়ন বচন ব্যতিরেকেও পূর্ব্বোক্ত সামান্য বচনদ্বারা প্রাপ্ত হইবায় ফলে ফলে সমানভাগ হওয়াতে কাত্যায়নবচনে পিতার অর্দ্ধভাগিত্ব কথন নিবর্থক হয় একথা বলিও না। এবচন না থাকিলে দাসোপার্জ্জিত

দ্ব্যংশপ্রাপ্তেঃ পিতুশ্চ ভাগদ্বয়স্যাস্মাদ্বচনাদৃতেঽপি প্রাপ্তেঃ সমভাগত্বাপাতাৎ বিধানমনর্থকমিতিবাচ্যং এতদ্বচনমন্তরেণ পুত্রধনে পিতুর্ভাগদ্বয়স্যাপ্রাপ্তে র্বচনস্যার্থবত্ত্বাৎ॥ ৩৯॥

কিঞ্চ 'পুত্রবিত্তার্জনাদিত্যস্য পিতৃধনবিষয়ত্বে পিতুরিচ্ছাতো দ্ব্যংশহরত্বমর্দ্ধহরত্বম্বেত্যনুপপন্নং ইচ্ছানুরোধিত্বাৎ গ্রহণস্য ইচ্ছায়াশ্চানিয়তত্বাৎ সার্দ্ধসপাদপাদোনাংশগ্রহণস্যাপি সম্ভবাৎ কথং পক্ষদ্বয়মাত্রকীর্ত্তনং নিয়মার্থত্বঞ্চ পিতৃধনগোচরং

---

প্রাঙ্নির্দ্দিষ্টদ্ব্যংশহরত্বমাদায় বিরুদ্ধার্থকত্বমপি বোধ্যং। ভাগদ্বয়স্যাপ্রাপ্তেরিতি। দ্ব্যংশার্দ্ধরূপদ্বিবিধভাগস্যাপ্রাপ্তে র্নিয়মেনাপ্রাপ্তেরিত্যর্থঃ। তথাচ ভৃত্যার্জ্জিতবৎ সর্ব্বত্রৈব স্বাম্যাৎ ভূয়িষ্ঠগ্রহণস্যাপি প্রাপ্তের্নিয়মার্থং পক্ষদ্বয়মুক্তমিতি ভাবঃ। বিরুদ্ধার্থকত্বঞ্চৈতয়ো র্বিষয়ভেদস্য বক্ষ্যমাণতয়া নিরসনীয়মিতি॥ ৩৯॥

নন্থ পুত্রে স্বত্বমস্ত্যেব অন্যথা "বিক্রয়ঞ্চৈব দানঞ্চ ন নেয়াঃ স্যুরনিচ্ছবঃ। দারান্ পুত্রাংশ্চ সর্ব্বস্বমাত্মন্যেব নিযোজয়েৎ। আপৎকালে চ কর্ত্তব্যং দানং বিক্রয়এব চ। অন্যথা ন প্রবর্ত্তেত ইতি শাস্ত্রার্থনিশ্চয় ইতিকাত্যায়নেন বিরোধঃ স্যাৎ অতএব মাতাপিতৃদত্তবিক্রীতৌ পুত্রৌ দত্রিমক্রীতৌ মনুরাহ স্ম। যত্তু

---

ধনের ন্যায় পুত্রার্জ্জিতধনে সর্ব্বতোভাবে স্বাতন্ত্র্য প্রযুক্ত পিতার ইচ্ছাক্রমে অধিকগ্রহণেরও সম্ভাবনা ছিল, দুই অংশ ও অর্দ্ধাংশরূপ দ্বিপ্রকার বিভাগের নৈয়ত্য প্রাপ্তি ছিল না। ঐ দুই প্রকার বিভাগের নিয়ম বিধান করিয়া বচনের সার্থকতা সম্পাদিত হইল॥ ৩৯॥

আর পুত্রবিত্তার্জ্জনাৎ এই বচন পিতৃধন বিষয়ে ঘটাইয়া পিতার ইচ্ছাতে দ্ব্যংশভাগিত্ব ও অর্দ্ধভাগিত্ব কথন অনুচিত, কারণ ইচ্ছার নৈয়ত্য নাই সুতরাং ইচ্ছানুসারে লইতে গেলে সার্দ্ধ বা সপাদ অথবা চতুর্থাংশ ন্যূনাদি ভাগ গ্রহণেরো সম্ভব আছে, সে স্থলে দুইটি পক্ষমাত্রের কীর্ত্তন কি প্রকারে সম্ভবে? আর পিতার স্বোপার্জ্জিত বিষয়ে দুইটি মাত্র কল্পের নিয়ম করাও সম্ভবে না,

ন সম্ভবতীত্যুক্তং প্রাক্। অত্র চ পুত্রার্জিতবিত্তস্য যথা দ্ব্যংশহরত্বং তথা তস্যৈব বিত্তস্যার্দ্ধহরত্বমিতি যুক্তং ন পুনর্দ্ব্যংশস্যার্দ্ধমেকোঽংশস্তদ্‌গ্রহণার্থং বচনং অর্দ্ধস্য দ্ব্যংশস্য চৈকদেশত্বেন একদেশিন আকাঙ্ক্ষিতত্বাৎ পুরুষবিশেষণতয়া হরণকর্ম্মত্বেন চ দ্বয়োঃ সমত্বাৎ পরস্পরসম্বন্ধানুপপত্তেঃ। বিত্তার্জনাদিতি পঞ্চম্যন্তেন দ্ব্যংশরূপৈকদেশান্বয়ার্থোপাদানস্যাবিবাদাৎ অর্দ্ধপদেনাপি তস্যান্বয়ো যুক্তঃ

---

পুত্রদারোপক্রমে নারদেনোক্তং। আপৎস্বপি চ কষ্টাসু বর্ত্তমানেন দেহিনা। অদেয়ান্যাহুরাচার্য্যা যচ্চান্যস্মৈ প্রতিশ্রুতমিতি তৎ পুত্রাদীনামনিচ্ছাবিষয়মিতি ন বিরোধঃ। ন চ মন্বাদিভি রর্জনগণনমধ্যে অপত্যোৎপাদনস্যাগণনাৎ কুতঃ পুত্রে স্বত্বং কাত্যায়নাদিবচনস্যৈব তস্য স্বত্বহেতুত্বে প্রমাণত্বাৎ সর্ব্বস্বদানে তু বচনবলাদেব পুত্রস্যাদানং অতএব "স্বং কুটুম্বাবিরোধেন দেয়ং দারসুতাদৃতে" ইত্যুপপদ্যতে অন্যথা স্বত্বাভাবাদেব তদপ্রাপ্তেস্তদনর্থকং স্যাৎ অতআহ কিঞ্চেতি। নিয়মার্থত্বং পক্ষদ্বয়নিয়মার্থত্বং। উক্তং তস্য স্বেচ্ছেতি "স্বয়েন বা বিভজ্য ভূয়িষ্ঠমাদায় বসেদিত্যাভ্যামিতি শেষঃ"। তথা চানায়ত্ত্যা পুত্রার্জিতবিষয়ত্বং বচনস্যেতি ভাবঃ। একদেশত্বেন স্বসম্বন্ধিকত্বেন একদেশিনঃ সম্বন্ধিলক্ষণস্য। নমু তয়োঃ সম্বন্ধিসাকাঙ্ক্ষত্বেঽপি দ্ব্যংশস্য পুত্রবিত্তরূপসম্বন্ধিনা অর্দ্ধস্য তু দ্ব্যংশরূপসম্বন্ধিনা অন্বয়োঽস্ত্বিত্যতআহ পুরুষেতি। তথাচ গুণানাঞ্চ পরার্থত্বাদসম্বন্ধঃ সমত্বাৎ

---

ইহা পূর্ব্বেই বিচার পূর্ব্বক স্থিরীকৃত হইয়াছে এবং পুত্রার্জ্জিতবিত্তের যেমন দ্ব্যংশভাগিত্ব সেইরূপ সেই বিত্তেরই অর্দ্ধভাগিত্বঅর্থ যুক্তিসিদ্ধ; নতুবা দ্ব্যংশের অর্দ্ধ একাংশ গ্রহণ করিবেন এরূপ বচনার্থ নহে। কারণ অর্দ্ধ আর দ্ব্যংশপদ একদেশবাচক সুতরাং একদেশি অর্থাৎ কাহার অর্দ্ধ ও কাহার দ্ব্যংশ তাহা কে আকাঙ্ক্ষা করে এজন্য পুরুষের বিশেষণ ও হরণক্রিয়ার কর্ম্মপদ বলিয়া সমত্ব প্রযুক্ত বিশেষণদ্বয়ের পরস্পর অন্বয় হইতে পারে না।

বিত্তার্জনার্দ্ধপদয়ো শ্চাব্যবধানাৎ বিত্তস্যৈবার্দ্ধং প্রতীয়তে ন পুনর্দ্ব্যংশস্যার্দ্ধমেকোঽংশঃ প্রতীয়তে স্বায়ত্তে চৈকাংশপদে প্রয়োক্তব্যেঽবাচকপদপ্রয়োগস্যান্যায্যত্বাৎ বিত্তস্যৈবার্দ্ধং যুক্তং। তত্র পিতৃদ্রব্যোপঘাতেন পুত্রার্জিতবিত্তস্যার্দ্ধং পিতুঃ অর্জকস্য পুত্রস্যাংশদ্বয়ং ইতরেষামেকৈকাংশিতা অনুপ-

স্তাদিতি জৈমিন্যুক্তন্যায়েন দ্বয়োর্ব্বিশেষণয়োঃ পরস্পরং নান্বয়সম্ভবইতি ভাবঃ। বিত্তার্জনাদিতি পঞ্চম্যন্তেন দ্ব্যংশরূপৈকদেশস্য যোঽন্বয়ঃ তদর্থোপাদানস্য তদর্থ-দ্ব্যংশোপাদানস্য অবিবাদাৎ ভবতোঽপি সম্মতত্বাৎ অর্দ্ধপদেনাপি তদন্বয়োযুক্ত-ইত্যর্থঃ দ্ব্যংশস্য তু পঞ্চম্যন্তানুপস্থিত্যা তদন্বয়োন যুক্তইতিশেষঃ। পঞ্চম্যন্তত্বেনেতি পাঠে বিত্তার্জনাদিত্যানন্তরং ইতি ষষ্ঠ্যন্তঃ তৎপরামর্ষণীয়স্য উপাদানেনান্বয়ঃ। আসত্তিবলাৎ পঞ্চম্যন্তেন সহ প্রথমঃ অর্দ্ধস্যৈবান্বয়ো ন তু দ্ব্যংশস্য আসত্তিবিলম্বাদি-ত্যাহ বিত্তার্জনেতি। অত্র চানন্বয়িব্যবধানাভাবস্যৈব আসত্তিঘটকতয়া হবপুত্র-বিত্তপদে র্ব্যবধানেঽপি নাসত্ত্যনুপপত্তিরিতি ধ্যেয়ং। নপুনরিতি। তস্যানন্বয়িনা হর ইত্যনেন ব্যবধানাৎ পঞ্চম্যশ্রবণাচ্চেতি ভাবঃ। দ্ব্যংশেনান্বয়ে তাৎপর্য্যা-ভাবমাহ স্বায়ত্তইতি। অবাচকপদেতি। একাংশত্বেনাবাচকার্দ্ধপদেত্যর্থঃ।

জৈমিনিসূত্র আছে বিধায় বিত্তার্জ্জনাৎ এই পঞ্চমী বিভক্ত্যন্ত পদের সঙ্গে দ্ব্যংশরূপ একদেশের অন্বয় নির্ব্বিবাদ প্রযুক্ত অর্দ্ধরূপ একদেশের সহিতও সেই অর্জ্জিতবিত্তের অন্বয় যুক্তিযুক্ত এবং বিত্তার্জ্জন ও অর্দ্ধপদের অব্যবধান প্রযুক্ত বিত্তের অর্দ্ধ প্রতীত হইতেছে। নতুবা দ্ব্যংশের অর্দ্ধ একাংশ এরূপ অর্থ প্রতীত হয় না, কেননা একাংশ পদ প্রয়োগ, ঋষির সম্যক্ আয়ত্ত থাকিতে অমন করিয়া ঘুরাইয়া অবাচক পদ প্রয়োগ করা অন্যায্য। অতএব বিত্তের অর্দ্ধ এই অর্থ করা ন্যায্য বলিয়া বুঝিতে হইবে। তাহাতে পিতৃদ্রব্যের উপঘাত দ্বারা পুত্র কর্ত্তৃক উপার্জ্জিতধনের অর্দ্ধভাগ পিতার প্রাপ্য। অর্জ্জক পুত্রের অংশদ্বয় ও অন্যান্য পুত্রের এক এক অংশ প্রাপ্য। আর যদি পিতৃদ্রব্যের

ঘাতে তু পিতুরংশদ্বয়ং অর্জকস্যাপি তাবদেব ইতরেষামনং-শিত্বং ॥ ৪০ ॥

যদ্বা বিদ্যাদিগুণসম্পন্নস্য পিতুরর্দ্ধহরত্বং বিদ্যাদিনাঽপি জ্যেষ্ঠস্যৈবাধিকাংশদর্শনাৎ বিদ্যাদিশূন্যস্য জনকতামাত্রেণ দ্ব্যংশিত্বং। তেন ক্রমাগতধনাদ্বা পুত্রার্জ্জিতধনাদ্বা ভাগদ্বয়ং পিতা স্বয়ং গৃহ্লীয়াৎ অতোঽধিকমিচ্ছন্নপি নার্হতীতি বচনার্থঃ। স্বার্জ্জিতধনাত্তু যাবদেব গ্রহীতুমিচ্ছতি তাবদেব গৃহ্নীয়াৎ পুত্রাণাস্তু পিতামহধনাৎ বিংশোদ্ধারং দত্ত্বাঽ-

অন্যায্যত্বাদিতি। তথাচ ন তদন্বয়তাৎপর্য্যমিতি ভাবঃ। দ্ব্যংশার্দ্ধয়োর্ব্বিষমশিষ্টতয়া বিষয়ৈক্যে বিরোধাৎ ব্যবস্থিতবিকল্পমাহ তত্রেতি ॥ ৪০ ॥

নন্বত্রাপ্যর্দ্ধপর্য্যবসানে দ্ব্যংশাভিধানমনর্থকমতআহ যদ্বেতি। ইদঞ্চ পিতুর্গুণবত্ত্বনির্গুণবত্ত্বাভ্যাং অর্দ্ধহরত্বদ্ব্যংশহরত্বাভিধানং অংশিন্যনেকস্মিন্ পুত্রে বেদিতব্যং একস্মিংস্ত্বর্জ্জক পুত্রে অংশিনি গুণবতি পিতরি দ্ব্যংশিত্বং নির্গুণেঽর্দ্ধমিতি বৈপরীত্যং নৈয়ায়িকং সুধীভির্ভাব্যং। দত্ত্বাদত্ত্বৈবেতি। জ্যেষ্ঠং বা শ্রেষ্ঠভাগেন সর্ব্বে বা স্যুঃ সমাংশিন ইতিবক্ষ্যমাণবচনাদিত্যাশয়ঃ। পিতামহধনে পিতুরিচ্ছয়া ন্যূনাধিকদানে নিরস্তে পিতুঃ স্বার্জ্জিতমাত্রপর্য্যবসায়িবক্ষ্যমাণন্যূনাধিকবিভাগকারণ-

উপঘাত না থাকে তাহা হইলে পুত্রার্জ্জিতবিত্তের দুই অংশ পিতার অর্জ্জকেরো দুই অংশ, অন্যান্য পুত্রের সে ধনে অংশাধিকার নাই ॥ ৪০ ॥

এমতে পিতৃদ্রব্যের উপঘাত ও অনুপঘাত উভয় স্থলেই অর্দ্ধভাগে পর্য্যবসান হওয়ায় দ্ব্যংশ বিধান নিরর্থক জন্য দ্বিতীয় পক্ষাবলম্বন করিতেছেন। অথবা বিদ্যাদিগুণসম্পন্ন পিতার অর্দ্ধভাগাধিকার, যেহেতু বিদ্যাদিগুণসত্ত্বে যখন জ্যেষ্ঠ ভ্রাতার অধিকাংশ প্রাপ্তি দৃষ্ট হয় তখন পিতার গুণসত্ত্বে অধিক পাওয়া অতি উচিত, আর যদি পিতা নির্গুণ হয়েন তবে কেবল জনকত্ব নিবন্ধন

দত্ত্বৈব বা বিভজেৎ স্বোপার্জ্জিতধনাৎ। পুনর্গুণবত্ত্বেন সম্মানার্থং বহুকুটুম্বত্বেন বা ভরণার্থং অযোগ্যত্বেন বা কৃপয়া ভক্তত্বেন বা প্রসন্নতয়াধিকদানেচ্ছু র্ন্যূনাধিকবিভাগং কুর্ব্বন্ ধর্ম্মকারী পিতা। তদাহ যাজ্ঞবল্ক্যঃ। ন্যূনাধিকবিভক্তানাং ধর্ম্ম্যঃ পিতৃকৃতঃ স্মৃতঃ। তথা বৃহস্পতিঃ। সমন্যূনাধিকা ভাগাঃ পিত্রা যেষাং প্রকল্পিতাঃ। তথৈব তে পালনীয়া বিনেয়াস্তে স্যুরন্যথা। নারদশ্চ। পিত্রৈব তু বিভক্তা যে সমন্যূনাধিকৈর্দ্ধনৈঃ। তেষাং স এব ধর্ম্ম্যঃ স্যাৎ

মাহ স্বোপার্জ্জিতধনাদিতি। ধর্ম্মকারীতি। তথাচ উক্তান্যতমকারণং বিনা স্বার্জ্জিতধনে পুত্রাণাং বিষমভাগো ন ধর্ম্ম্য ইতিভাবঃ। বিনেয়াদণ্ড্যাঃ। পিতৃধনবিষয় এবেতি। স্বার্জিতধনবিষয়এবেত্যর্থঃ। পৈতামহইতি। যদ্যপি

পুত্রের উপার্জ্জিতধনের দুই অংশমাত্র পাইবেন এইরূপ গুণবত্ত্ব ও নির্গুণত্ব প্রযুক্ত পিতার পুত্রোপার্জ্জিতধনে অর্দ্ধভাগিত্ব ও দ্ব্যংশভাগিত্বের ব্যবস্থা, যেখানে অনেক পুত্র অংশ যোগ্য ঘটিবে সেই স্থলেই বুঝিতে হইবে, নতুবা একপুত্রস্থলে গুণবান্ পিতা পুত্রোপার্জ্জিতধনেব দুই অংশ ও নির্গুণ পিতা অর্দ্ধ অংশ লইবেন এইরূপ বৈপরীত্য বুঝিয়া লইতে হইবে।

অতএব এক্ষণে এই ব্যবস্থা স্থির হইল যে পৈতামহ ধনই হউক বা পুত্রোপার্জ্জিত ধনই হউক তাহা হইতে পিতা দুই ভাগ স্বয়ং গ্রহণ করিবেন। ইহার অধিক ইচ্ছা করিলে ও লইতে পারেন না এই বচনের তাৎপর্য্য। কিন্তু স্বোপার্জ্জিতধন হইতে যত গ্রহণ করিতে ইচ্ছা করেন ততই লইতে পারেন এবং পিতামহধন হইতে পুত্রদিগের বিংশোদ্ধার দিয়া হউক বা না দিয়াই হউক বিভাগ করিয়া দিবেন এবং স্বোপার্জ্জিতধন হইতে কোন পুত্রের গুণবত্তা প্রযুক্ত সম্মানের নিমিত্ত, কাহাকে বা বহুপরিবার বলিয়া ভরণ জন্য, কাহাকে

সর্ব্বস্য হি পিতা প্রভুঃ। সর্ব্বধনপ্রভুত্বস্য হেতুত্বাৎ পৈতামহে চ তদসম্ভবাৎ ন্যূনাধিকবিভাগঃ পিতৃকৃতঃ পিতৃধনবিষয় এবায়ং ধর্ম্ম্যঃ। তথাচ বিষ্ণুঃ। পিতা চেৎ পুত্ত্রান্ বিভজেৎ তস্য স্বেচ্ছা স্বয়মুপাত্তেঽর্থে পৈতামহে তু পিতাপুত্ত্রয়োস্তুল্যং স্বামিত্বং ॥ ৪১ ॥

নন্থু বিভাগশ্চেৎ পিতা কুর্য্যাদিচ্ছয়া বিভজেৎ সুতান্। জ্যেষ্ঠং বা শ্রেষ্ঠভাগেন সর্ব্বে বা স্যুঃ সমাংশিনইতি যাজ্ঞ-

পিতামহসর্ব্বধনপ্রভুত্বমপি পিতুরক্ষতমেব তথাপি প্রভুত্বমিহ ন স্বামিত্বং কিন্তু যথেষ্ট-বিনিয়োগযোগ্যত্বং সর্ব্বস্মিন্ পৈতামহে পিতু র্ন তথাত্বমিতি ভাবঃ ॥ ৪১ ॥

যাজ্ঞবল্ক্যীয়ং ন্যূনাধিকবিভাগবচনং বিভাগশ্চেৎ পিতা কুর্য্যাদিতিবচনঞ্চ স্বার্জ্জিতে পিতামহধনে বা সামান্যতএব সোদ্ধাররূপশ্রেষ্ঠসমভাগবিষয়মিত্যভিপ্রায়েণ

বা অযোগ্য বলিয়া কৃপাপ্রযুক্ত এবং কাহাকেও বা ভক্ত বলিয়া প্রসাদ হেতু অধিক দানেচ্ছু হইয়া ন্যূনাধিক বিভাগ করিয়া দিলে পিতা অধর্ম্মকারী হন না। যথা যাজ্ঞবল্ক্য, ন্যূনাধিকবিভাগে বিভক্তপুত্রদিগের পিতৃকৃত বিষম বিভাগ ধর্ম্মশাস্ত্রসম্মত। তথা বৃহস্পতি, পিতা পুত্রদিগকে যেরূপ ভাগ প্রদান করেন তাহারা তাহাতেই সম্মত হইবে অন্যথা দণ্ডনীয় হয়। তথা নারদ, পিতা পুত্রদিগকে যেরূপ ভাগ দিয়া পৃথক্ করিয়া দেন তাহাদের পক্ষে সেই বিভাগই ধর্ম্ম্য, যেহেতু পিতা সমস্তধনের প্রভু, সর্ব্বধনপ্রভুত্বই বিষম বিভাগের হেতু। পৈতামহধনে তাহা অসম্ভব প্রযুক্ত পিতৃকৃতন্যূনাধিক বিভাগ পিতার স্বোপার্জ্জিত বিষয়ই ধর্ম্ম্য। পরন্তু পূর্ব্বোক্ত গুণবত্ত্ব ও বহুপরিবারত্বাদি কারণ ব্যতিরেকে স্বার্জ্জিতধনের বিষম বিভাগ ধর্ম্ম্য হইবে না, ফলতঃ করিলে সিদ্ধ হইবে। তথা বিষ্ণুবচন পিতা যদি পুত্রগণকে বিভাগ করিয়া দেন তবে স্বোপার্জ্জিতধনে তদীয় স্বেচ্ছা প্রমাণ ইত্যাদি ॥ ৪১ ॥

এই বিষয়ে আপত্তি তুলিয়া মীমাংসা করিতেছেন, পিতা যদি পুত্রদিগকে ভাগ করিয়া দেন তাহা হইলে ইচ্ছাক্রমে ভাগ করিবেন, অথবা জ্যেষ্ঠকে

বল্ক্যবচনাৎ উদ্ধাররূপশ্রেষ্ঠভাগাবগতেঃ কথং ততোন্যূনাধিকত্বমভিধীয়তে। উচ্যতে। উপরতে পিতরি ভ্রাতৃভিরপি বিভাগে ক্রিয়মাণে বিংশোদ্ধাররূপশ্রেষ্ঠাংশস্য সিদ্ধত্বাদ্বচনানর্থক্যাৎ ন তদর্থত্বং অথ বিনাপ্যুদ্ধারং সমাংশতায়াঃ পিতৃকৃতায়া ধর্ম্ম্যত্বার্থং বচনমুচ্যতে তন্ন ন্যূনত্বমেব তর্হি পিতৃকৃতং ধর্ম্ম্যং স্যাদিত্যধিকপদমনর্থকং স্যাৎ। কিঞ্চ

শঙ্কতে নন্বিতি। শ্রেষ্ঠভাগাবগতেঃ সমভাগাবগতেশ্চ। কথমিতি তদীয়ৈতদ্বচনেনৈব তস্য প্রাপ্তত্বাৎ বিধানানুপপত্তিরিতিভাবঃ। যতএব বৈয়র্থ্যং স্যাদতএব ন তদর্থত্বমিত্যাহ উচ্যতইতি বচনানর্থক্যাদিতি। ভ্রাতৃকৃতবিভাগাপেক্ষয়া পিতৃকৃতবিশেষাভাবেন ন্যূনাধিকবিভক্তানামিতিবচনানর্থক্যাদিতি। তথাচ তদ্বচনং ন সোদ্ধারানুদ্ধাররূপন্যূনাধিকভাগবোধকং কিন্তু পিতুরিচ্ছাকৃতস্যৈবান্যস্য ন্যূনাধিকবিভাগস্যৈব বোধকমিতি ভাবঃ। প্রয়োজনান্তরপ্রদর্শনেন বচনস্যার্থবত্ত্বমাশঙ্কতে অথেতি। ধর্ম্ম্যত্বার্থমিতি। তদ্বচনে ধর্ম্ম্যইত্যনেন ধর্ম্ম্যত্বপ্রতিপাদনাদিতিভাবঃ। ন্যূনত্বমেবেতি। ভ্রাতৃকৃতসোদ্ধারাপেক্ষয়া পিতৃকৃতসমভাগস্যৈব ন্যূনত্বাদিতি ভাবঃ। অধিক পদমিতি। সোদ্ধাররূপাধিকভাগস্য ভ্রাতৃকৃতস্যাপি ধর্ম্ম্যত্বেন পিতৃকৃতবিষয়েঽধিকপদোপাদানবৈয়র্থ্যাদিতি ভাবঃ। চূড়ামণিস্তু অধিকপদমিতি

শ্রেষ্ঠভাগ দানে বিভক্ত করিবেন, কিংবা সকলেই সমভাগী হইবে, এই যাজ্ঞবল্ক্য বচনে উদ্ধাররূপ শ্রেষ্ঠভাগের অবগতি হওয়াতে তদপেক্ষা অতিরিক্ত ন্যূনাধিক বিভাগ আবার কেন, যদি এই কথা বলা যায় তাহার সিদ্ধান্ত এই, পিতার মরণানন্তর ভ্রাতৃগণের বিভাগ স্থলেও বিংশোদ্ধাররূপ শ্রেষ্ঠভাগ প্রাপ্ত হওয়ায় পুনর্ব্বচন নিরর্থক। আর উদ্ধার বিভাগ ভিন্ন সমান ভাগ পিতৃকৃত হইলে ধর্ম্ম্য হয় এই ধর্ম্ম্যত্ব কথনেই বচনের সার্থক্য বলিতে পারা যায় না, কারণ তাহা হইলে পিতৃকৃত ন্যূন ভাগই ধর্ম্ম্য হয় তবে অধিকভাগ আর

উদ্ধারাভিপ্রায়েণ সমন্যূনাধিকত্ববর্ণনে ইচ্ছয়া বিভজেদিত্য-
নর্থকং পদং এতদিতরপদত্রয়েণৈব বক্তব্যস্যাভিহিতত্বাৎ
অস্মন্মতে তু ইচ্ছয়া বিভজেদিতি স্বোপাত্তধনবিষয়ং শ্রেষ্ঠ্যাং-

জ্যেষ্ঠস্য বিংশউদ্ধার ইত্যনেন সামান্যতএব প্রাপ্তেরনর্থকমিত্যর্থ ইত্যাহ। অথ পিতৃকৃতসমভাগএব সোদ্ধারভাগাপেক্ষয়া ন্যূনঃ কনিষ্ঠানামর্থাদধিকো ভবতীতি সএবৈকো ভাগো ন্যূনাধিকপদাভ্যামুচ্যতে ন পৃথগিতি নাধিকপদবৈয়র্থ্যমিত্যতআহ কিঞ্চেতি কেচিৎ। বস্তুতো নন্থ সমভাগমাত্রাভিধানে পিতৃকৃতত্বনিমিত্তবিশেষাভিধানেন সামান্যপ্রাপ্তাধিকাংশবাধাপত্তিরতোঽধিকপদং সোদ্ধারভাগ প্রাপকতয়া সার্থকং বাচ্যং তথা সতি জ্যেষ্ঠং বা শ্রেষ্ঠভাগেনেত্যুক্তযাজ্ঞবল্ক্যবচনান্তরং ব্যর্থং ন্যূনাধিকবচনেনৈব তদুক্তদ্বিবিধভাগাবগতেরতো বচনমেতৎ বিষয়ান্তরাভিপ্রায়কতয়া সার্থকয়তি কিঞ্চেতি। অনর্থকমিতি। ভাগদ্বৈবিধ্যমাত্রাভিধানেন তত্রেচ্ছায়া অপ্রযোজকত্বাদিতি ভাবঃ। পদং বচনচতুর্থাংশঃ। এতদিতরপদত্রয়েণৈবেতি। বিভাগঞ্চেৎ পিতা কুর্য্যাদিতি জ্যেষ্ঠং বা শ্রেষ্ঠভাগেনেত্যাদিপাদত্রয়েণ বক্তব্যস্য ভাগদ্বয়রূপস্য। কথং তর্হি বচনস্যার্থবত্ত্বং অতআহ অস্মদিতি। স্বোপাত্তবিষয়মিতি। পিতামহধনপরত্বে বৈয়র্থ্যাপাতাদিতি ভাবঃ। ন কিমপীতি। ন্যূনাধিকবচনস্য স্বোপাত্তবিষয়তয়া বিভাগঞ্চেদিত্যস্য চ পিতামহধনগোচরতয়া বচনয়োরর্থবত্ত্বাদিতি ভাবঃ। ইদঞ্চ ন সমীচীনমুক্তং ইচ্ছয়া বিভজেদিত্যস্য স্বার্জ্জিতবিষয়ত্বেনৈব তত্র ন্যূনাধিকবিভাগে সিদ্ধে ন্যূনাধিকবচনবৈয়র্থ্যতাদবস্থ্যাৎ

কোথায় রহিল; সুতরাং "ন্যূনাধিকবিভক্তানাং" এই বচনে অধিক এই পদটি নিরর্থক হয়।

আর উদ্ধার ভাগাভিপ্রায়ে সমন্যূনাধিকত্ব বর্ণন করিলে ইচ্ছাক্রমে ভাগ করিবেন এই চরণটিই নিরর্থক হয়, তিন চরণেই বক্তব্য বিষয়ের সমাধা হইতে পারে। আমাদের মতে পিতা ইচ্ছানুসারে ভাগ করিবেন এইটি স্বোপা-

শতাসমানাংশতয়োস্তু পৈতামহধনগোচরত্বমিতি ন কিমপ্যনর্থকং ॥ ৪২ ॥

কিঞ্চ। পিতর্য্যুপরতেঽপি দ্বিপ্রকারো বিভাগো বৃহস্পতিনোক্তঃ যথা। দ্বিপ্রকারো বিভাগস্তু দায়াদানাং প্রকীর্ত্তিতঃ। বয়োজ্যেষ্ঠক্রমেণৈকঃ সমাপরাংশকল্পনা। জ্যেষ্ঠক্রমেণেত্যুদ্ধারং দর্শয়তি তথা সমাংশতা পরেতি ভ্রাতৃণামপি পরস্পরবিভাগস্য দ্বিপ্রকারত্বাৎ পিতৃকৃতস্য

ধর্ম্মাত্বার্থং তৎসার্থক্যন্তু পিতামহাদিধনসামান্যবিষয়ত্বপক্ষেঽপি সমানমিতি ভাব্যং ॥ ৪২ ॥

নন্বিচ্ছয়া বিভজেদিতি স্বগ্রাহ্যাংশবিষয়কমেব বাচ্যং স্বল্পেন বা বিভজ্য ভূয়িষ্ঠমাদায় বসেদিত্যেকমূলকত্বাৎ তৎকথমনর্থকমতআহ কিঞ্চেতি। বিশেষো ন স্যাদিতি। তথাচ বচনবৈয়র্থ্যতাদবস্থ্যাৎ ন তথার্থসম্ভবইতি ভাবঃ। যদ্যপ্যয়ং দোষ উচ্যতইত্যাদিনা প্রাগেবোক্তস্তথাপি তস্য দার্ঢ্যপ্রতিপাদনার্থং পুনরভিধানমিতি বোধ্যং। নন্বু ন্যূনাধিকবচনস্য সোদ্ধারানুদ্ধারভাগদ্বয়নিয়ামকত্বে পিত্রা

র্জিতধনবিষয়ে ব্যবস্থাপিত, আর শ্রেষ্ঠাংশ ও সমানাংশের ব্যবস্থা পৈতামহ ধনবিষয়ে বুঝিতে হইবে, এমতে কিছুই নিরর্থক হয় না ॥ ৪২ ॥

আর পিতার মরণানন্তর ও বৃহস্পতি দুই প্রকার ভাগ কহিয়াছেন, যথা দায়াদগণের দ্বিপ্রকার বিভাগ উক্ত হইয়াছে তন্মধ্যে একটি বয়োজ্যেষ্ঠানুসারে, আর একটি সমানভাগ, এই বচনে ভ্রাতৃগণের পরস্পর বিভাগেরও প্রকারদ্বয় কথিত হওয়ায়, উক্ত প্রকার মীমাংসা করিলে পিতৃকৃতবিভাগের বিশেষ থাকে না। তথা নারদ বচন, পিতা প্রাচীন হইলে স্বয়ং পুত্রদিগকে বিভাগ করিয়া দিবেন তন্মধ্যে জ্যেষ্ঠকে শ্রেষ্ঠভাগ দিয়া বিভক্ত করিবেন অথবা পিতার যাহা মত হয়। এই বচনে জ্যেষ্ঠের শ্রেষ্ঠভাগ কহিয়া পুনর্ব্বার যাহা মত এই বলাতে যেরূপ পূর্ব্বোক্ত কারণ বশতঃ ন্যূনাধিক বিভাগ দানে পিতার কর্ত্তব্যত্ব মত

বিশেষো ন স্যাৎ। তথা নারদঃ। পিতৈব বা স্বয়ং পুত্রান্ বিভজেদ্বয়সি স্থিতঃ। জ্যেষ্ঠং বা শ্রেষ্ঠভাগেন যথা বাস্য মতির্ভবেৎ। জ্যেষ্ঠস্য শ্রেষ্ঠভাগমভিধায় পুনর্যথা বাস্য মতির্ভবেদিত্যনেন যাদৃশে ন্যূনাধিকবিভাগে পিতুঃ পূর্ব্বোক্ত-কারণাৎ কর্ত্তব্যতামতি র্ভবেদিতিপৃথগভিধানাৎ শ্রেষ্ঠভাগা-দন্য এবায়ং ন্যূনাধিকবিভাগঃ প্রতীয়তে ॥ ৪৩ ॥

যৎপুনর্নারদবচনং। ব্যাধিতঃ কুপিতশ্চৈব বিষয়াসক্ত-চেতনঃ। অযথাশাস্ত্রকারী চ ন বিভাগে পিতা প্রভুরিতি তদ্ব্যাধিনা আকুলচিত্ততয়া কস্মিংশ্চিৎ পুত্রে ক্রোধাদ্বা সুভগাপুত্রস্নেহাদ্বা অযথাশাস্ত্রং বিভজতি তদ্বিষয়ং পূর্ব্বোক্ত-

যেষামিতিপ্রতীকং ব্যর্থং স্যাৎ ভ্রাতৃবিভাগেঽপি দ্বৈবিধ্যসত্বাৎ অতো ন্যূনাধিক-বিভাগঃ সোদ্ধারানুদ্ধারাভ্যামন্যএবেত্যত্র প্রমাণান্তরমাহ তথেতি যাদৃশইতি। এতস্য সমাংশমাত্রাভিধায়কত্বে বিভজেদ্বয়সি স্থিতইতিপূর্ব্বপ্রতীকেনৈব সমং স্যাদ-শ্রুতত্বাৎ বিশেষস্যেতি ন্যায়াৎ সমাংশপ্রাপ্ত্যা বৈয়র্থ্যং স্যাদিতি ভাবঃ ॥ ৪৩ ॥

আকুলচিত্ততয়া কর্ত্তব্যাকর্ত্তব্যবিবেচনশূন্যতয়া। পূর্ব্বোক্তকারণাৎ ভক্তত্ববহু-পোষ্যত্বাদেঃ। কারণাদিতি যদুক্তং তত্র প্রমাণমাহ যথেতি। কারণং বিনা পূর্ব্বোক্তকারণং বিনা অন্যস্যাসম্ভবাৎ নৈকং পুত্রং বিশেষয়েদিত্যন্বয়ঃ। নির্ভাজ-য়েদিত্যত্র কারণং বিনা পাতিত্যাদিকং বিনা ইত্যর্থঃ। নমু কারণং বিনা ইত্যস্য গুণং বিনেত্যেবার্থঃ তথাচ কারণংগুণং বিনা ন বিশেষয়েৎ নোদ্ধারাদিনা বিশেষ-

হয় ইহা পৃথক্‌রূপে বলায় শ্রেষ্ঠভাগ ভিন্ন অন্যরূপ ন্যূনাধিক বিভাগ প্রতীত হইতেছে ॥ ৪৩ ॥

ইহাতে বিরুদ্ধ নারদ বচন যথা ব্যাধিত এবং কুপিত ও বিষয়াসক্তচিত্ত হইয়া শাস্ত্রবিরুদ্ধ ভাগকারী পিতা বিভাগকরণে প্রভু হয়েন না, এই বচন প্রমাণে রোগে আকুলচিত্ততা প্রযুক্ত কিংবা কোন পুত্র প্রতি ক্রোধপ্রযুক্ত অথবা

কারণাত্তু শাস্ত্রীয়এব বিষমবিভাগঃ। যথা কাত্যায়নঃ। জীবদ্বিভাগে তু পিতা নৈকং পুত্ত্রং বিশেষয়েৎ। নির্ভাজয়েন্নচৈবৈকমকস্মাৎ কারণং বিনা। নৈকমধিকদানেন বিশেষয়েৎ ন চ নির্ভাজয়েৎ বিভাগশূন্যং ন কুর্য্যাৎ কারণং বিনা উদ্ধারাদিবিশেষোহি বহূনামেব নৈকস্য একস্যাপি চ পুত্ত্রস্য কারণং বিনা বিশেষো ন কার্য্যঃ কারণবশাত্ত কার্য্যএব একস্যাপীত্যবগতে নোদ্ধারাপেক্ষো বিশেষঃ কিন্তু পিতুরিচ্ছাকৃত-

য়েদিতিবচনার্থঃ তৎ কথং পূর্ব্বোক্তকারণাৎ বিশেষং ব্রূষে ইত্যতআহ উদ্ধারাদিবিশেষোহীতি। বহূনামেবেতি বিংশ তদর্দ্ধতত্তুরীয়ভাগরূপাণামুদ্ধারাণাং বহুষ্বেব উদ্দিষ্টত্বাদিতি ভাবঃ। নৈকস্যেতি। তথাচ একস্য বিশেষো ন তু গুণকৃতোদ্ধাররূপঃ উদ্ধারস্য সর্ব্বপুত্ত্রসাধারণতয়া একপুত্ত্রস্য বিশেষত্বাসম্ভবাৎ কিন্তু কারণান্তরকৃতস্ততোহন্য এবেতিভাবঃ। যদ্যপি জ্যেষ্ঠস্য সগুণত্বে ইতরেষাঞ্চ নির্গুণত্বে একস্যাপ্যুদ্ধারকৃতবিশেষঃ সম্ভবত্যেব তথাপি স বিশেষো ন বচনার্থঃ পিত্রুপাদানবৈয়র্থ্যাৎ ভ্রাতৃবিভাগেহপি তথাবিধবিশেষসম্ভবাদিতি বোধ্যং। নন্বু একগ্রহণাৎ কারণং বিনা বহূনাং বিশেষঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ একস্যাপীতি। ন্যায়াদপ্যধ্যাহর্ত্তব্য ইতি ভাবঃ। ইচ্ছাকৃতএবেতি। স্বার্জ্জিতমাত্রে পূর্ব্বোক্তকারণসহকারেণ ইচ্ছা-

সুভগাপুত্ত্র প্রতি স্নেহপ্রযুক্ত পিতা যদি অযথা শাস্ত্র বিভাগ করেন তবে তদ্বিষয়েই এই বিরুদ্ধ নারদ বচন খাটিবে অর্থাৎ তাদৃশ অন্যায্য বিভাগ করিতে পিতা পারিবেন না, যদি পূর্ব্বোক্ত বহুপোষ্যত্বাদি কারণ বশতঃ বিষম বিভাগ করেন, তাহা শাস্ত্রীয় হইবে যথা কাত্যায়ন, পিতা জীবদ্বিভাগে পূর্ব্বোক্ত কারণ ব্যতিরেকে অধিক দান দ্বারা এক পুত্ত্রের বিশেষ করিবেন না। আর পাতিত্যাদি কারণ ব্যতিরেকেও অকস্মাৎ একজনকে বিভাগ শূন্য করিবেন না, এ বচনে বিশেষ পদে পিতার ইচ্ছানুসারে বিশেষ বুঝিতে হইবে। নচেৎ উদ্ধার রূপ বিশেষ নহে। কারণ বহু পুত্রস্থলে উদ্ধার বিভাগের ব্যবস্থা

এবেতি যথোক্তএবার্থঃ। যদি পুনঃ পিতরি জীবতি পুত্রাএব বিভাগমর্থয়ন্তে তদা বিষমবিভাগঃ পিত্রা ন দাতব্যঃ। তদাহ মনুঃ। ভ্রাতৄণামবিভক্তানাং যদ্যুত্থানং ভবেৎ সহ। ন তত্র ভাগং বিষমং পিতা দদ্যাৎ কথঞ্চন। উদ্ধারস্তু তদা পিত্রা দাতব্যএব তস্য বিষমবিভাগরূপত্বাভাবাৎ ন্যূনাধিকবিভাগস্যৈব নিষেধাদিতি পিতৃকৃতো বিভাগঃ॥ ৪৪॥

ইদানীমুপরতে পিতরি ভ্রাতৄণাং বিভাগঃ কথ্যতে।

---

কৃতএবেত্যর্থঃ। উত্থানং বিভাগোদ্যমঃ। উত্থানমর্জ্জিতং সহ যুগপৎ তথাচ সর্ব্বেষামর্জ্জিতে ন বিষমবিভাগইতিকুল্লূকভট্টব্যাখ্যানং তদসৎ। তত্র বিষমবিভাগাভাবস্য সমবিভাগস্য চ ন্যায়তএব প্রাপ্তের্ব্বচনানর্থক্যাৎ। বিষমবিভাগরূপত্বাভাবাদিতি। এবং সমুদ্ধৃতোদ্ধারে সমানংশান্ প্রকল্পয়েদিত্যাদিনা অবিভক্তদ্রব্যাৎ পৃথক্‌কৃতস্যৈবোদ্ধারতয়া তস্য ভাগাভাবাদিতি ভাবঃ। ইতি পিতৃকৃতবিভাগঃ॥ ৪৪॥

পিতৃকৃতবিভাগং নিরূপ্য ভ্রাতৃকৃতবিভাগনিরূপণার্থং সম্বোধ্যাবধানায় প্রতি-

---

এক পুত্রস্থলে তাহা ঘটে না। কিন্তু এ বচনে অকারণ বিশেষ করায় নিষেধও কারণ সত্ত্বে একেরও বিশেষ করা উক্ত হওয়াতে এ বিশেষ পদে উদ্ধার রূপ বিশেষ নহে। কিন্তু পিতার ইচ্ছাধীন বিশেষ এই অর্থ ই সুসঙ্গত। আর যদি পিতা জীবিত থাকিতেই পুত্রেরা বিভাগ প্রার্থনা করে, তবে পিতা পুত্রদিগকে বিষম বিভাগ দিবেন না। যথা মনু, যদি পুত্রেরা মিলিত হইয়া এককালে পিতার নিকট ভাগ প্রার্থনায় উদ্যম করে, তবে তথাবিধ স্থলে পিতা কদাচ পুত্রগণকে বিষম বিভাগ দিবেন না। কিন্তু শাস্ত্রোক্ত উদ্ধাররূপ ধনদান করিবেন। কেন না এ বচনে বিষম বিভাগ নিষেধ করায় ন্যূনাধিক বিভাগেরই নিষেধ, উদ্ধারের নিষেধ নহে। উদ্ধারকে বিষম বিভাগ বলা যাইতে পারে না। ইতি পিতৃকৃত বিভাগ সম্পূর্ণ॥ ৪৪॥

এইক্ষণে পিতৃমরণানন্তর ভ্রাতৃগণের বিভাগ কহিতেছি, সেই ভ্রাতৃকৃত

সোঽপি চ মাতরি জীবন্ত্যাং সত্যপি পিত্রুপরমাদ্ধনস্বামিত্বে ধর্ম্ম্যো ন বিভাগঃ সোদরাণাং ভবতীতি কথ্যতে ঊর্দ্ধং পিতুশ্চ মাতুশ্চেতি উভয়োরুপরমে সোদরাণাং পৈতৃকধন-বিভাগস্য জ্ঞাপনাৎ ন পুনর্ম্মাতুরূর্দ্ধং মাতৃধনবিভাগার্থং পৈতৃকপদাৎ পিতৃধনমাত্রস্যৈব বিভাগাবগতেঃ পৈতৃক পদস্যৈকশেষকল্পনায়াং প্রমাণাভাবাৎ। কিঞ্চ জনন্যাং সংস্থিতায়ামিত্যনেনৈব মাতরি মৃতায়াং তদীয়ধর্ন্মবিভাগস্য মনুনা বক্ষ্যমাণত্বাৎ ঊর্দ্ধং মাতুরিতি পুনরুক্তং স্যাৎ। যথা

জানীতে ইদানীমিতি। পিতৃকৃতবিভাগনিরূপণানন্তরমিত্যর্থঃ। সোঽপি ভ্রাতৃ-কৃতবিভাগোঽপি। ধর্ম্ম্যো নেতি। তথাচ বিভাগঃ সিধ্যত্যেব কিন্তু স ধর্ম্ম্যো নেতি ভাবঃ। অতএবোক্তং সত্যপীত্যাদি বিভাগাধিকারজ্ঞাপনার্থং। নম্বেবং পিতৃসত্ত্বে ইব মাতৃসত্ত্বেঽপি বিভাগাসিদ্ধেরপি বচনার্থত্বসম্ভবে ধর্ম্ম্যত্বেন কিমিত্য-দৃষ্টকল্পনাগৌরবমঙ্গীকরোষি ইতি চেন্ন তবাপি তদানীং 'তেষাং ধনস্বামিত্বাৎ মাতৃসত্ত্বে বিভাগাভাবস্য বাচনিকত্বেনাদৃষ্টকল্পনায়াস্তুল্যত্বাৎ বিনিগমনা তু তেষাং পিতৃসত্ত্বে অস্বামিত্বাৎ যুক্তা বিভাগাসিদ্ধিঃ মাতৃসত্ত্বে তু তেষাং স্বস্বধনস্বামিত্বাৎ বিভাগে বাধকাভাবইতি ন্যায়এবেতি বিভাব্যং। জ্ঞাপনাৎ মনুনেতিশেষঃ। নমু

বিভাগ মাতার জীবদ্দশায় পিতৃমরণাধীন সম্পূর্ণ স্বামিত্ব থাকিলেও সহোদরের পক্ষে ধর্ম্ম্য হয় না। কিন্তু সেই বিভাগ সিদ্ধ হইবে। এইটি পিতা মাতা উভয়ের মরণানন্তর সহোদরগণের পৈতৃক ধন বিভাগ জ্ঞাপক বচনের তাৎপর্য্য। নতুবা মাতার মরণে মাতার ধন ভাগ করিবে এরূপ তাৎপর্য্য নহে। তার কারণ, বচনে পৈতৃক পদে কেবল পিতার ধনমাত্রই বুঝায় পিতৃপদে কোন কোন স্থলে একশেষদ্বন্দ্ব করিয়া পিতা মাতা উভয়ও বুঝায় বটে কিন্তু এখানে সেরূপ কল্পনার প্রমাণাভাব। আরও মাতার পরলোক গমনে তদীয় ধন বিভাগ ভগবান্ মনু পরে "জনন্যাং সংস্থিতায়াং" এই বচন দ্বারা বলিবেন তাহাতে পুনরুক্ত

যাজ্ঞবল্ক্যঃ। বিভজেরন্ সুতাঃ পিত্রোরূর্দ্ধমৃক্থমৃণং সমং। মাতুর্দুহিতরঃ শেষমৃণাত্তাভ্য ঋতেঽন্বয়ঃ। মাতৃধনবিভাগস্য দুহিতৃণাং সদ্ভাবে অনধিকারঃ অসদ্ভাবে চান্বয়পদেন পুত্রাণা-মধিকারইত্যুত্তরার্দ্ধেনৈব প্রতিপাদনাৎ পূর্ব্বার্দ্ধে পিত্রোরিতি পিতৃধনবিষয়মেব অন্যথা পুনরুক্তত্বাপত্তেঃ॥ ৪৫॥

মাতুরূর্দ্ধমিত্যস্য পিতৃধনবিষয়ত্বেঽদৃষ্টকল্পনাগৌরবমেব একশেষকল্পনায়াং মানমত-আহ কিঞ্চেতি। পুনরুক্তমিতি। দ্বয়োরপি মনুবচনত্বাদিতি ভাবঃ। উক্তার্থে যাজ্ঞবল্ক্যবচনং স্ফুটং প্রমাণয়তি যথেতি। অনধিকারইতি। পুত্রাণামিতি শেষঃ। পুনরুক্তত্বেতি। পূর্ব্বার্দ্ধেপিত্রোরিত্যত্রৈকশেষকল্পনয়া মাতৃধনবিভাগে মাতুরূর্দ্ধ-মিতিপ্রাপ্তেঃ পুনর্ম্মাতুর্ধনমিত্যস্য পুনরুক্তত্বাপত্তেরিত্যর্থঃ। ইদমুপলক্ষণং উত্তরার্দ্ধে দুহিত্রভাবে সুতস্যাধিকারপ্রতিপাদনাৎ বিরোধোঽপি দ্রষ্টব্যঃ। অথ পূর্ব্বার্দ্ধং মাতুরযৌতকধনবিষয়ং উত্তরার্দ্ধং যৌতকধনবিষয়ং অত্র প্রথমং দুহিত্রধিকারস্য বক্ষ্যমাণত্বাৎ অতো ন পৌনরুক্ত্যং ন বা বিরোধইতি চেন্ন। অযৌতকস্ত্রীধনে পুত্রকুমার্য্যো র্যুগপদধিকারস্যৈব বক্ষ্যমাণত্বেন কেবলপুত্রাধিকারপ্রতিপাদনে বিরোধতাদবস্থ্যাৎ। ন চ সুতাইত্যত্রাপ্যেকশেষকল্পনয়া কন্যাপুত্রয়ো র্যুগপদধি-কারপ্রাপ্তিরিতি বাচ্যং। পিতৃধনসমভিব্যাহারাৎ কেবলপুত্রাধিকারস্যৈবাবগতেঃ অন্যথা পিতৃধনেঽপি তয়োর্যুগপদধিকারাপত্তিঃ॥ ৪৫॥

দোষও হয়। তথা যাজ্ঞবল্ক্য, পিতা মাতার মরণানন্তর পৈতৃক ঋণ ও ধন সমান ভাগ করিয়া লইবে এবং মাতার ধন ঋণাবশিষ্ট কন্যারা লইবে ও কন্যা না থাকিলে পুত্রাদিরা লইবে, এই বচনের উত্তরার্দ্ধে মাতৃধন বিভাগে কন্যাসত্ত্বে পুত্রের অনধিকার ও কন্যা না থাকিলে পুত্রের অধিকার প্রতি-পাদিত হওয়াতে পূর্ব্বার্দ্ধে পিতৃ মাতৃ মরণানন্তর পুত্রের বিভাগাধিকার প্রতি-পাদন পিতৃধন বিষয়েই বর্ণনীয়, অন্যথা পৌনরুক্ত দোষ হয়॥ ৪৫॥

মাতাপিত্রোরুপরমে ভ্রাতরো বিভজেরন্নিতি বদতা যাজ্ঞবল্ক্যেন উভয়োরুপরমানন্তরকালস্য বিভাগার্থতয়া বিধানাৎ সাহিত্যং বিবক্ষিতং তথাচ শঙ্খলিখিতৌ। রিক্থমূলং হি কুটুম্বমস্বতন্ত্রাঃ পিতৃমন্তো মাতুরপ্যেবমবস্থিতায়াঃ। মাতুরপি সকাশাদস্বতন্ত্রা বিভাগানধিকারিণ ইত্যাহতুঃ। সুব্যক্তমাহ ব্যাসঃ। ভ্রাতৃণাং জীবতোঃ পিত্রোঃ সহবাসো বিধীয়তে। তদভাবে বিভক্তানাং ধর্ম্মস্তেষাং বিবর্দ্ধতে। সহবাসবিধান-

সাহিত্যমিতি। পিতৃমাত্রুপরময়োঃ সাহিত্যমিত্যর্থঃ। বিবক্ষিতমিতি। তদ্বচনস্য চকারেণ দ্বন্দ্বসমানার্থকেন সাহিত্যাবগমাদিতি ভাবঃ। অত্র চ সাহিত্যং বিভাগক্রিয়াপেক্ষয়া সাহিত্যস্তু তুল্যরূপাণাং পরস্পরসাপেক্ষাণামেকক্রিয়ান্বয়িত্বং তত্র তুল্যরূপাণাং বিশেষণবিশেষ্যভাবানাপন্নানাং তেন সপত্নীকো ধর্ম্মমাচরেদিত্যত্র সাহিত্যব্যুদাসঃ পত্ন্যুর্ব্বিশেষণত্বেনৈব পত্ন্যা আচারক্রিয়ান্বয়াৎ পরস্পরসাপেক্ষাণাং পরস্পরনৈরপেক্ষেণ তৎক্রিয়ানন্বয়িনাং যুগপত্তৎ ক্রিয়ান্বয়িনামিতি ফলিতার্থঃ তেন ধবখদিরৌ ছিনত্তীত্যত্র একস্যামপি ছিদক্রিয়াব্যক্তৌ ক্রমেণান্বিতয়ো ধবখদিরয়োঃ সাহিত্যব্যুদাসঃ যুগপদন্বিতয়োরেব সাহিত্যপ্রতীতেরিতি। অত্র সম্বাদং দর্শয়তি তথাচেতি। রিক্থেতি। হি হেতৌ যত রিক্থমূলং গার্হস্থ্যং অতোঽস্বতন্ত্রাঃ ব্যয়ানধিকারিণঃ ইতরথা সর্ব্বৈরেব স্বেচ্ছয়া ধনব্যয়ে কৃতে ধনবিলয়াপত্ত্যা কুটুম্বরক্ষা ন স্যাদিতি ভাবঃ। অত্রৈবংশব্দেন মাতুরবস্থানে অস্বাতন্ত্র্যস্য স্ফুটমেবা-

পিতা মাতা উভয়ের মরণানন্তর পুত্রেরা পিতৃধন ভাগ করিয়া লইবে এই যাজ্ঞবল্ক্য বিধানে উভয়ের উপরমানন্তর কাল বিভাগ প্রয়োজক বিধায় সাহিত্য বিবক্ষিত অর্থাৎ পিতা মাতা উভয়ের অভাব বিভাগ ক্রিয়ায় আবশ্যক যথা শঙ্খলিখিতবচন, গার্হস্থ্য আশ্রম ধন ভিন্ন চলে না এই জন্য পুত্রেরা পিতা মাতার জীবদ্দশায় স্বাধীন হইতে পারে না। সকলে ইচ্ছাক্রমে ব্যয় করিলে সমগ্র ধন ক্ষয় পাইলে গৃহস্থাশ্রম চলে না, এইরূপ মাতা জীবিতা থাকিলেও

মুখেন পৃথগ্ভাবনিষেধাৎ পিতৃমাতৃজীবনবতশ্চ বিভাগনিষে-ধাৎ জীবতোরিতি সাহিত্যমবিবক্ষিতং অত একস্মিন্নপি জীবতি বিভাগো ন ধর্ম্ম্যঃ কিন্তু উভয়োরভাবে যথাহ বৃহস্পতিঃ। পিত্রোরভাবে পুত্রাণাং বিভাগঃ সম্প্রদর্শিতঃ। মাতুর্নিবৃত্তে-রজসি জীবতোরপি শস্যতে। নিবৃত্তরজস্কায়াং মাতরি জীবন্ত্যাং বিভাগস্য মাতৃধনগোচরত্বানুপপত্তেঃ উভয়াভা-বোক্তবিভাগস্যৈব জীবতোরপীত্যপিকারেণ শস্তত্বকীর্ত্তনাৎ

ভিধানমিতি ভাবঃ। নম্বস্য বচনস্য ভার্য্যাপুত্রশ্চেত্যাদিনৈকমূলত্বাৎ স্বার্জ্জিতধনে অস্বাতন্ত্র্যপরত্বমস্ত দায়ভাগপ্রকরণাম্নানাৎ অতএব ইদমস্পষ্টমেব অতঃ স্পষ্টমাহ ব্যাসইতি। বিধানমুখেন প্রতিপাদনমুখেন। সহবাসস্য জন্মপ্রভৃতিপ্রাপ্ততয়া তদ্বিধানাসম্ভবাৎ। পৃথগ্ভাবেতি। পৃথগ্ভাবনিষেধস্যৈব সহবাস এবেতিনিয়মেন পরিসংখ্যয়া বা বচনার্থত্বাদিতি ভাবঃ। অত্র জীবতোরিতি দ্বিবচনাবগতসাহিত্যস্য বিবক্ষিতত্বে একমাত্রজীবনেন সহবাসস্যাপ্রাপ্ত্যা মাতরি জীবন্ত্যামপি বিভাগঃ স্যাৎ মাতরি মৃতায়াং পিতৃসত্ত্বেঽপি বিভাগ আপদ্যেত অতস্তদবিবক্ষামাহ পিত্রেত্যাদিনা জীবনবতইত্যনেনাবিবক্ষিতত্ববীজং উদ্দেশ্যবিশেষণত্বং সাহিত্যস্য প্রতিপাদিতং জীবৎপিতৃমাতৃকমুদ্দিশ্য বিভাগাভাবস্য বিধেয়ত্বাৎ যদ্যপি পিতৃসত্ত্বেঽস্বামিত্বেনৈব বিভাগাপ্রাপ্তেঃ পিত্রুপাদানবৈয়র্থ্যং তথাপি দৃষ্টান্তার্থং তদুপাদানমতএব প্রাগুক্ত-মাতুরপ্যেবমবস্থিতায়া ইত্যত্র এবং শব্দঃ যথা পিতরি জীবতি বিভাগাস্বাতন্ত্র্যং

পুত্রেরা স্বাধীন হইতে পারে না। অর্থাৎ বিভাগ করণে অধিকারী হয় না। ভগবান্ বেদব্যাস সুস্পষ্ট বলিয়াছেন যথা পিতা মাতার জীবদ্দশায় পুত্রগণের একত্র সহবাস বিধেয়, ঐ উভয়ের মৃত্যুর পর তাহারা বিভক্ত হইলে পৃথক্ পৃথক্ রূপে ধর্ম্ম কর্ম্ম বৃদ্ধি পায়। এই বচনে সহবাস কথনে প্রকারান্তরে পার্থক্য নিষেধ করায় জীবৎপিতৃমাতৃকের উদ্দেশে বিভাগের নিষেধ করায় উদ্দেশ্যবিশেষণ বিধায় উভয়ের জীবন সাহিত্য বিবক্ষিত নহে। অতএব একজন পিতা বা মাতা জীবিত থাকিলে বিভাগ ধর্ম্ম্য হয় না। পরন্তু উভয়ের

উভয়োরভাবে ভ্রাতৃবিভাগঃ পিতৃধনগোচরএবাবধার্য্যতে। অতএব জীবন্ত্যাং মাতরি মাতৃপ্রধানকং বিভাগং নির্দ্দিশতি ব্যাসঃ। সমানজাতিসংখ্যা যে জাতাস্ত্বেকেন সূনবঃ। বিভিন্নমাতৃকাস্তেষাং মাতৃভাগঃ প্রশস্যতে। তথা বৃহস্পতিঃ। যদ্যেকজাতা বহবঃ সমানা জাতিসংখ্যয়া। সাপত্নাস্তৈর্ব্বি-

---

তথা মাতরি জীবন্ত্যামপীতি দৃষ্টান্তার্থকঃ প্রযুক্তইতি। উভয়োরভাবে অন্যতরা-ভাবে। এবঞ্চ জীবতোঃ সাহিত্যাবিবক্ষায়ামুপরমসাহিত্যং স্ফুটমুক্তমিতি ভাবঃ। মাতৃধনগোচরত্বানুপপত্তেরিত্যস্য মাতুর্নির্ধনত্বাপত্তেরিতি শেষঃ। উভয়াভাবো-ক্তেতি। উপস্থিতবিভাগানুষঙ্গেনৈব শস্তত্বান্বয়সম্ভবে বিভাগান্তরাধ্যাহারকল্পনায়াং গৌরবাদিতি ভাবঃ। পিতৃধনগোচরএবেতি পিতামহধনস্যাপি পিতুঃ স্বত্ববত্বাৎ

---

অভাবে বিভাগ করিলে ধর্ম্ম্য হয়। যথা বৃহস্পতি, পিতা মাতার অভাবে পুত্রের পরস্পর বিভাগ সম্যক্ দর্শিত হইল, মাতার রজোনিবৃত্তি হইলে উভয়ের জীবদ্দশাতেও বিভাগ প্রশস্ত হয় এই বচনে নিবৃত্তরজস্কা মাতা জীবিতা থাকিলেও বিভাগের কর্ত্তব্যতা মাতার নির্ধনত্বাপত্তি দোষ প্রযুক্ত মাতৃধন বিষয়ে বর্ণন করা যাইতে পারে না। সুতরাং উভয়ের অভাবনিবন্ধন বিভাগেরই উভয়ের জীবদ্দশাতেও প্রাশস্ত্য কীর্ত্তন হেতু উভয়াভাব নিবন্ধন ভ্রাতৃবিভাগ পিতৃস্বত্বাস্পদ ধন বিষয়েই অবধারিত হইল। অতএব মাতৃজীবনে বেদব্যাস মাতাকে প্রধান করিয়া বিভাগ নির্দ্দেশ করিতেছেন, যথা যে সকল পুত্র ভিন্ন ভিন্ন মাতৃগর্ভে এক পিতা হইতে জন্মিয়া জাতি ও সংখ্যায় সমান হয়, তাহা-দের আপন আপন মাতার নামে ভাগ প্রশস্ত হয়। তথা বৃহস্পতি, যদি এক পিতা হইতে জাত বৈমাত্রের বহু ভ্রাতা জাতি ও সংখ্যায় সমান হয় তবে তাহাদের ধর্ম্মতঃ স্ব স্ব মাতার নামে ভাগ হইবে। ইহাতে পুত্রগণের জাতি সংখ্যার সমানতা প্রযুক্ত সমান ভাগের কোন বৈলক্ষণ্য না হইবায় এই ভাগ আমাদের মাতার আমাদের নহে এই বলিয়া বিভাগ করিবে, তাহাতে মাতার প্রাধান্য রহিল। অতএব অপর মাতৃধনের ন্যায় স্বস্বত্বাস্পদীভূত

ভক্তব্যং মাতৃভাগেন ধৰ্ম্মতঃ। পুত্ৰাণাং জাতিসংখ্যাসাম্যেন বিভাগে বিশেষাভাবাৎ মাতুরেবায়ং বিভাগো ন পুত্রাণামিত্যুদ্দিশ্য বিভাগঃ কৰ্ত্তব্যঃ তেনেতরমাতৃধনইবাত্রাপি পুত্রাণাং মাতরি জীবন্ত্যাং ন পরস্পরবিভাগে স্বাতন্ত্র্যং কিন্তু মাতুরনুমত্যৈব পরং বিভাগোধৰ্ম্ম্যঃ ॥ ৪৬ ॥

অতো যদ্গৌতমাদিভিরুক্তং বিভাগে তু ধৰ্ম্মবৃদ্ধিরিত্যাদি তন্মাতুরুপরমে বেদিতব্যং। তত্র যদ্যবিভক্তাএব স্থাতুমিচ্ছন্তি তদা জ্যেষ্ঠএব যোগক্ষেমশক্তঃ সৰ্ব্বং গৃহ্লীয়াৎ ইতরে পিতর-

---

পিতৃধনত্বেন তস্যাপি সংগ্রহঃ। এবকারেণ মাতৃধনমাত্রব্যবচ্ছেদঃ তেনাস্য বচনস্য ন প্রাগুক্তপিতামহধনগোচরত্ববিরোধঃ। মাতৃপ্রধানকং মাতৃসম্বন্ধিত্বেন নির্দ্দেশপূৰ্ব্বকং অত্রাপি পিতৃধনে স্বস্বত্বাস্পদীভূতেইপীত্যৰ্থঃ ॥ ৪৬॥

উক্তং প্রাগিতি। পিতৃধনবিভাগপ্রকরণে একস্যাপি স্বধনে স্বাম্যাদিত্যাদিনেত্যৰ্থঃ। অপ্রাপ্তব্যবহারা বালকাঃ পঞ্চদশবর্ষানধিকবয়স্কাঃ। প্রোষিতানামিতি অত্র তদনুমতিং বিনা বিভাগঃ স্ফুটএবেতি ভাবঃ। যতএব প্রপৌত্র-

---

পিতৃধনেও মাতার জীবদ্দশায় পুত্ৰগণের পরস্পর বিভাগে স্বাতন্ত্র্য নাই। পরন্তু মাতার অনুমতিক্রমেই বিভাগ পুত্রের ধৰ্ম্ম্য ॥ ৪৬ ॥

অতএব বিভাগে ধৰ্ম্মবৃদ্ধি হয় এই কথা যে মনু গৌতম প্রভৃতি মুনিগণ বলিয়াছেন তাহা মাতার মৃত্যুর পর বুঝিতে হইবে। তাহাতে যদি ভ্রাতৃগণ একত্র থাকিতে চাহেন তবে রক্ষণাবেক্ষণে সমর্থ জ্যেষ্ঠ ভ্রাতাই সমস্ত গ্রহণ করিবেন। অন্য ভ্রাতারা পিতার ন্যায় সেই জ্যেষ্ঠের অনুজীবী হইয়া থাকিবেন। যথা মনু, জ্যেষ্ঠই সমগ্র পিতৃধন গ্রহণ করিবেন অবশিষ্ট ভ্রাতারা পিতার ন্যায় সেই জ্যেষ্ঠের উপজীবী হইবেন। তথা গৌতম, অথবা জ্যেষ্ঠেরই সৰ্ব্বস্ব হইবে সেই জ্যেষ্ঠভ্রাতা পিতার ন্যায় অন্য সকলকে ভরণ পোষণ করিবেন, এ বচনে পক্ষান্তর বোধক বা শব্দ প্রয়োগ থাকায় পৃথক হইবে, কিংবা সকলে একত্র সহবাস করিবে, এই অর্থ উক্ত হইল সেই অবিভক্ত রূপে সহবাসটি সকলের

মিব তমুপজীবেয়ুঃ। যথা মনুঃ। জ্যেষ্ঠএব তু গৃহ্নীয়াৎ পিত্র্যং ধনমশেষতঃ। শেষাস্তমুপজীবেয়ুর্যথৈব পিতরং তথা। তথা গৌতমঃ। সর্ব্বস্বং বা পূর্ব্বজস্য স ইতরান্ বিভৃয়াৎ পিতৃবৎ। বাশব্দাৎ পৃথগ্বা ভবেয়ুঃ সহ বা বসেয়ুঃ। সহবাসশ্চ সর্ব্বেষামিচ্ছাতএব। যথা নারদঃ। বিভৃয়াদ্বেচ্ছতঃ সর্ব্বান্ জ্যেষ্ঠো ভ্রাতা যথা পিতা। ভ্রাতা শক্তঃ কনিষ্ঠো বা শক্ত্যপেক্ষা কুলে স্থিতিঃ। শক্তঃ সন্ কনিষ্ঠোঽপি সর্ব্বান্ বিভৃয়াৎ মধ্যমোঽত্র দণ্ডাপূপন্যায়াৎ সিদ্ধঃ। বিভাগস্ত্বেকস্যাপীচ্ছয়া ভবতীত্যুক্তং প্রাক্। অতএব বিভাগং প্রক্রম্যাহ কাত্যায়নঃ। অপ্রাপ্তব্যবহারাণাং ধনং ব্যয়বিবর্জ্জিতং। ন্যসেয়ুর্ব্বন্ধুমিত্রেষু প্রোষিতানাং তথৈব চ। তথা রক্ষং বালধনমাব্যবহারপ্রাপ্তেরিতিবচনং। অয়ঞ্চ পুত্রাণাং বিভাগঃ পুত্রপৌত্রপ্রপৌত্রাণাং সমানোনাত্রোৎপত্তিক্রমেণাধিকারক্রমঃ পুত্রাদীনাং ত্রয়াণা-

---

পর্য্যান্তানাং তুল্যোপকারকতা অতএব প্রপিতামহপর্য্যন্তানাং তুল্যোপাসনেত্যাহ অতএবেতি। তৃপ্তিং দাস্যতি জনয়িষ্যতি। প্রপৌত্রপর্য্যন্তপরমিতি। পার্ব্বণকর্তৃসপিণ্ডত্বেন লক্ষণয়েত্যর্থঃ। অতএব ধনাধিকারস্যোপকারনিবন্ধনত্বাদেব।

---

ইচ্ছাধীনই জানিবে যথা নারদ বচন, যদি সকলে ইচ্ছুক থাকে তবে জ্যেষ্ঠভ্রাতা অন্য সকল ভাইকে ভরণ পোষণ করিবেন, আর যদি কনিষ্ঠই সমর্থ হয় তবে কনিষ্ঠই ভার গ্রহণ করিবে যেহেতু গৃহের রক্ষণাবেক্ষণ কর্ম্ম যোগ্যতাসাপেক্ষ। ইহাতে কনিষ্ঠের রক্ষণাবেক্ষণাধিকার বলায় মধ্যমকে কাজেকাজেই পাওয়া যাইবে, আর একজনের ইচ্ছাতেও বিভাগ হয় ইহা পূর্ব্বেই বলিয়াছি। অতএব বিভাগ উপক্রমে কাত্যায়ন বচন যথা অপ্রাপ্তব্যবহার অর্থাৎ পঞ্চদশ বর্ষানধিকবয়স্ক বালকের ধন ব্যয় রহিত করিয়া জ্ঞাতি অথবা মিত্রের নিকট

মেব পার্ব্বণে তৎপিণ্ডতদ্ভোগ্যপিণ্ডদ্বয়দানাবিশেষাৎ। অতএব দেবলঃ। পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। উপাসতে স্নুতং জাতং শকুন্তাইব পিপ্পলং। মধুমাংসৈশ্চ শাকৈশ্চ পয়সা পায়সেন চ। এষ নো দাস্যতি শ্রাদ্ধং বর্ষাসু চ মঘাসু চ। তথা শঙ্খলিখিতযমাঃ। পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। জাতং পুত্রং প্রশংসন্তি পিপ্পলং শকুনাইব। মধুমাংসেন খড়্গেন পয়সা পায়সেন বা। এষ

---

পিতৃভাগস্যৈবোক্তবকালং তদ্গামিত্বাৎ ন নিরংশতেতি বোধ্যং। পিণ্ডাপ্রদাতৃত্বাদিতি। অত্র চ পিণ্ডদানযোগ্যতৈব বিবক্ষিতা ন তু তত্প্রধানং তথাত্বে দৈবাদ্‌কৃতপার্ব্বণস্য পুত্রাদেবনধিকারাপত্তেঃ স্বরূপযোগ্যতা তু পৌত্রাদের্মৃতপিতৃক-

---

গচ্ছিত রাখিবে এইরূপ প্রবাসস্থদিগেরো ভাগ গচ্ছিত রাখিবে। আর একটি বচন, বালকের ধন বয়ঃপ্রাপ্তিপর্য্যন্ত রক্ষা করিবে। এই বিভাগ পুত্র পৌত্র এবং প্রপৌত্রের সমান জানিবে নতুবা উৎপত্তিক্রমে অধিকারক্রম নহে। যেহেতু পুত্র, মৃতপিতৃক পৌত্র, ও মৃতপিতৃ পিতামহক প্রপৌত্র এই তিনেরই পার্ব্বণাধিকারে ধনিপিণ্ড ও ধনিভোগ্যপিণ্ডদ্বয় দানের কোন বিশেষ নাই। অতএব দেবলবচন, যেমন পক্ষিগণ অশ্বত্থ বৃক্ষকে উপাসনা করে, সেইরূপ পিতা পিতামহ ও প্রপিতামহ ইহারা জাত সন্তানকে উপাসনা করেন ও আশা করেন যে এই সন্তান মধু, মাংস, শাক, দুগ্ধ এবং পায়সদ্বারা বর্ষাতে নবোদকোপলক্ষে এবং মঘাতে আমাদিগকে শ্রাদ্ধ দান করিবে। তথা শঙ্খ, লিখিত ও যমবচন পক্ষিরা যেমন পিপ্পল তরুপ্রতি আশা করে, সেইরূপ পিতা, পিতামহ ও প্রপিতামহ রূপ পূর্ব্বপুরুষেরা জাত পুত্রপ্রতি আশা করেন যে এই সন্তান মধু, মাংস, খড়্গোদক এবং পায়সদ্বারা বর্ষাতে এবং মঘাতে আমাদের তৃপ্তি সম্পাদন করিবে। এই বচনে প্রপিতামহ গ্রহণ হেতু পুত্রপদ প্রপৌত্রপর্য্যন্তে লাক্ষণিক বিধায় প্রপিতামহপর্য্যন্তের পার্ব্বণশ্রাদ্ধ করণদ্বারা উপকারত্ব প্রযুক্ত প্রপৌত্রপর্য্যন্তের তুল্য ধনাধিকার। এজন্য জীবৎপিতৃক

দাস্যতি নপ্তৃপ্তিং বর্ষাসু চ মঘাসু চ। প্রপিতামহগ্রহণাৎ পুত্রপদং প্রপৌত্রপর্য্যন্তপরং। তদনেন প্রপৌত্রপর্য্যন্তস্য শ্রাদ্ধদানেন প্রপিতামহপর্য্যন্তোপকারকত্বাৎ তুল্যোদায়াধিকারঃ অতএব জীবৎপিতৃকয়োঃ পৌত্রপ্রপৌত্রয়োরনধিকারঃ পার্ব্বণানধিকারিতয়া পিণ্ডাপ্রদাতৃত্বাৎ পিত্রোরুপরমে চ ভ্রাতৃণাং পিতৃকৃতো বিশেষঃ পরং নিবর্ত্ততে অন্যৎ তু সর্ব্বমেব প্রত্যেতব্যং। ৪৭।

যদা চৈকঃ পুত্রোঽস্তি অপরস্য পুত্রস্য পুত্রাঃ সন্তি তদা তস্যৈকো ভাগঃ অপরশ্চ বহূনাং নপ্তৃণাং স্বপিত্রধীনজন্মমূলত্বাদ্ধনসম্বন্ধস্য যাবত্যেব ধনে তস্য স্বামিত্বার্হত্বং তাবত্যেব তেষা-

---

পৌত্রত্বাদিনৈব তথৈব "অবিভক্তে মৃতে পুত্রে তৎসুতং রিকৃথভাগিনমি"ত্যাদি শাস্ত্রেণাবগমাৎ তেন জীবৎপিতৃকপৌত্রাদের্ন স্বল্পপযোগ্যতেতি বোধ্যং॥ ৪৭॥

উপকারাবিশেষাৎ বহূনাং মৃতপিতৃকপৌত্রাণাং প্রত্যেকং পিতৃতুল্যভাগমাশঙ্ক্যাহ যদেতি। তাবত্যেবেতি। তথাচ রত্নাকরে কাত্যায়নঃ। অবিভক্তে মৃতে পুত্রে তৎসুতং রিকৃথভাগিনং। কুর্ব্বীত জীবনং যেন লব্ধং নৈব পিতামহাৎ। লভেতাংশং স পিত্র্যাস্তু পিতৃব্যাৎ তস্য বা সুতাৎ। স এবাংশস্তু সর্ব্বেষাং ভ্রাতৃণাং ন্যায়তো ভবেৎ। লভেত তৎসুতো বাপি নিবৃত্তিঃ পরতো ভবেদিতি। অত্র

---

পৌত্র ও প্রপৌত্রের পার্ব্বণে অনধিকার বশতঃ পিণ্ডপ্রদান না করায় দায়াধিকার হইবে না, তাহাদের পিতৃপ্রাপ্ত ভাগই উত্তরকালে তাহাদের হইবে।

আর পিতামাতার মৃত্যুর পর ভ্রাতৃগণের বিভাগস্থলে কেবল জীবৎ পিতৃকৃত বিশেষটী মাত্র নাই আর আর সকলই সমান জানিবে॥ ৪৭॥

আর যে স্থলে এক পুত্র বিদ্যমান ও আর এক পুত্রের কতকগুলি পুত্র আছে সেস্থলে সেই পুত্রের একভাগ আর একভাগ মাত্র সেই সকল পৌত্র-

মপি। যচ্চানেকপিতৃকাণাং তু পিতৃতোভাগকল্পনেতি বচনং তস্য নায়ং বিষয়ঃ পিতৃব্যপিতুরেব তৎ সর্ব্বং ধনমিতি পিতৃব্যস্যৈব সর্ব্বং স্যাৎ ন তদ্ভ্রাতুঃ পুত্রাণাং। পিতৃতোভাগকল্পনে পিতাপুত্রবিভাগবদ্ভাগকল্পনে পিতুর্ভাগদ্বয়সম্বন্ধাৎ পিতৃব্যস্য ভাগদ্বয়ং ভবেৎ তদ্ভ্রাতুঃ পুত্রাণাং ত্বেকৈকোভাগঃ স্যাৎ তদা চ শিষ্টাচারবিরোধঃ স্যাৎ অস্য পুনরেষ বিষয়ো যত্রৈকস্য

ন্যায়তইত্যস্য স্বপিত্রধীনজন্মমূলত্বাদিত্যর্থঃ। অতএব পার্ব্বণপিণ্ডদাতৃত্বেঽপি দৌহিত্রস্য নাধিকারঃ মাতুলাদিসত্ত্বে তন্মাতুরেবানধিকারাৎ প্রপৌত্রপুত্রস্য তু পার্ব্বণপিণ্ডদাতৃত্বাভাবাৎ নাধিকারঃ। অত্রৈব বিষয়ে যৎ কেনচিৎ বচনান্তরং সাধকতয়া উপন্যস্তং তদ্দূষয়িতুমেতদ্বচনমাহ যচ্চেতি। অনেকপিতৃকাণামিতি। অনেকে পিতরো যেষামিতি ব্যুৎপত্তেরনেকভ্রাতৄণামনেকে পুত্রাঃ সূচিতাঃ। অয়ং পিতৃব্যভ্রাতৃপুত্রবিভাগঃ। পিতৃতোভাগকল্পনেত্যস্য কিং পিত্রংশএব পুত্রস্য ভাগইত্যর্থঃ পিতাপুত্রবৎ ভাগোবার্থঃ। তত্র নাদ্যইত্যাহ পিতৃব্যপিতুরেবেতি। দ্বিতীয়মাশঙ্ক্য নিষেধতি পিতৃত ইতি। স্বমতমাহ অস্য পুনরিতি। যত্রেতি।

দের হইবে। তাহার কারণ এই যে পিতামহধনসম্বন্ধের মূলকারণ স্বপিত্রধীন জন্ম সুতরাং সেই পিতার যত ধনস্বামিত্বযোগ্যতা ছিল তত ধনেই তাহাদের সকলের মিলিয়া অধিকার হইবে। আর যে "অনেকপিতৃকাণান্তু পিতৃতোভাগকল্পনা" এই বচনটি আছে তাহার স্থল ইহা নহে, এস্থলে এবচন ঘটাইলে পিতৃব্যের পিতারই সেই সমস্ত ধন ছিল বলিয়া পিতৃব্যেরই সমুদায় হইতে পারে, ভ্রাতৃপুত্রদের কিছুমাত্র হইতে পারে না। আর পিতৃতোভাগ কল্পনা এই বাক্যের পিতাপুত্রবৎ ভাগ ব্যবস্থা অর্থ করিলে যেমন পিতার ভাগদ্বয় প্রাপ্তি হয় সেইরূপ পিতৃব্যের দুইভাগ ও তদ্ভ্রাতৃপুত্রদের এক এক ভাগ হয় ইহা শিষ্টাচারবিরুদ্ধ। অতএব উক্তবচনের স্থল এই যে যেখানে

ভ্রাতুরল্পসংখ্যকাঃ পুত্রাঃ সন্তি অপরস্য বহুসংখ্যকাস্তত্র পিতৃতোভাগকল্পনেতি ॥ ৪৮ ॥

ইদানীং সবর্ণভ্রাতৃণাং বিভাগো বিংশোদ্ধারাদিপূর্ব্বকোবা সমএব বেতি বিকল্পঃ উদ্ধারমন্তরেণাপি সমবিভাগমাহ পিতরীত্যনুবৃত্তৌ হারীতঃ। সমানতো মৃতে রিকৃথ বিভাগঃ। তথোশনাঃ। বর্ণানামানুলোম্যানাং বিভাগোঽয়ং প্রদর্শিতঃ। সমস্বৈনৈকজাতানাং বিভাগস্তু বিধীয়তে। তথাচ

---

তথাচ বিভিন্নপিতৃকাণাং পৌত্রাণাং পিতামহধনবিভাগে স্বস্বপিত্রনুসারেণ ভাগকল্পনেতি বচনার্থ ইতি ভাবঃ। পুত্রাইত্যুপলক্ষণং পৌত্রা অপি বোধ্যাঃ ॥ ৪৮ ॥

ইদানীং কালবিশেষবিশেষিতভ্রাতৃবিভাগনিরূপণানন্তরং। বিকল্পো দ্বিপ্রকারো নিরূপ্যত ইতি শেষঃ। তত্র সোদ্ধারঃ জ্যেষ্ঠস্য বিংশউদ্ধারইত্যাদিনা প্রাগেবোক্তঃ সম্প্রতি সমং সাধয়তি উদ্ধারমন্তরেণাপীতি। সমানতঃ সমত্বেন তৃতীয়া বিশেষণে। আনুলোম্যানাং অনুলোমজাতানাং ব্রাহ্মণাদেঃ ক্ষত্রিয়াদিপুত্রাণামিত্যর্থঃ। একজাতানামেকজাতীয়মাতৃজাতানামিত্যর্থঃ। দায়াদস্তেদং দায়াদ্যং তস্মিন্ দায়াদ্যে বিভাগোঽংশঃ সমইত্যর্থঃ বিভাগোবিভজ্যমানদায়ঃ সমানইতিবার্থঃ। অতো বিভাগদ্বৈবিধ্যতঃ। বিকল্পো ব্যবস্থিত নত্বৈচ্ছিকঃ বিষমশিষ্টত্বাৎ। ব্যবস্থিতত্বং ব্যবস্থাপয়িতুমাশঙ্কতে নচেতি। নিত্যবদিতি নিয়তমিত্যর্থঃ সমভাগস্যাপি

---

একভ্রাতার অল্পসংখ্যক পুত্র ও অপর ভ্রাতার বহুসংখ্যক পুত্র আছে সেই স্থলেই পিত্রনুসারে ভাগকল্পনা হইবে ॥ ৪৮ ॥

এক্ষণে সবর্ণ ভ্রাতৃগণের বিংশোদ্ধারাদি পূর্ব্বকই হউক বা সমানই হউক এই দুই প্রকার ভাগ সগুণ নির্গুণ স্থলভেদে নিরূপণ করি, উদ্ধার বিভাগ পূর্ব্বেই বলা হইয়াছে। তদ্ভিন্ন সমান ভাগ হারীত মুনি বলিতেছেন, যথা পিতার মৃত্যুর পর সমানরূপে ধন বিভাগ হইবে। তথা উশনা, অনুলোমজাত পুত্রগণের এই বিভাগ ব্যবস্থা দর্শিত হইল, এক্ষণে একজাতীয় মাতৃগর্ভজাত

পৈঠীনসিঃ। পৈতৃকে বিভজ্যমানে দায়াদ্যে সমো বিভাগঃ। তথা যাজ্ঞবল্ক্যঃ। বিভজেরন্ সুতাঃ পিত্রোরূর্দ্ধমৃক্‌থমৃণং সমং। অতঃ সোদ্ধারানুদ্ধারভাগয়োর্ব্বিকল্পঃ। ন চ কেবল-সমবিভাগস্যাপি শাস্ত্রীয়ত্বান্নিত্যবত্তস্যৈবানুষ্ঠানং স্যাদিতি বাচ্যং ভক্ত্যতিশয়েন ভ্রাতৄণামুদ্ধারানুমতেরপি সম্ভবাদ্বিভাগা-বিভাগবদ্বিকল্পঃ। অতএবাদ্যতনানাং ভক্ত্যতিশয়াভাবাৎ সমভাগএব লোকে দৃশ্যতে উদ্ধারার্হজ্যেষ্ঠাভাবাচ্চ। যস্তু স্বযোগ্যতামাত্রপরামর্ষাৎ পিতৃপিতামহাদিধনবিভাগে নিস্পৃহঃ

শাস্ত্রীয়ত্বে সোদ্ধাবে বলবদ্দ্বেষাদিতি ভাবঃ। অদ্যতনানামিতি কনিষ্ঠানামিতি শেষঃ। যত্র চাদ্যগর্ভসম্ভবরূপজ্যেষ্ঠাভাবস্তত্রাপি সমো বিভাগইত্যবধেয়ং। নন্থ জন্মবিদ্যাগুণজ্যেষ্ঠইত্যনেন গুণস্যৈবাধিকাংশপ্রযোজকত্বমুক্তং ন তু ভক্ত্যতি-শয়স্যাপি প্রমাণাভাবাদতআহ উদ্ধারার্হইতি। বেদবিদ্যাবৈদিককর্ম্মানুষ্ঠানক-নিষ্ঠাবঞ্চনাদিগুণবতএব উদ্ধারার্হতয়া কলৌ তাদৃশজ্যেষ্ঠস্য প্রায়েণাসত্ত্বাদিতি ভাবঃ তেন বিকল্পোঽপি গুণতদভাবাভ্যাং ব্যবস্থিতএবেতি দ্রষ্টব্যং। স্বযোগ্যতামাত্র-পরামর্ষাৎ স্বযোগ্যতাবলাৎ। কিঞ্চিদিতি। কিঞ্চিদগৃহীত্বা নিবৃত্তিস্তস্যান্যত্রো-পেক্ষাব্যঞ্জিকা ইত্যতস্তদুপাদানং। ভ্রাতৄণামিতি। ভ্রাতৄণাং বিভাগে ক্রিয়মাণে

পুত্রদেব বিভাগ বিধি বলি। তথা পৈঠীনসি, পৈতৃক ধনবিভাগে প্রবৃত্ত হইলে সমানভাগ হইবে। তথা যাজ্ঞবল্ক্য পিতামাতাব মরণে পৈতৃক ধন ও ঋণ,পুত্রেরা সমানভাগ করিয়া লইবে। ইহাতে সোদ্ধার ও সমভাগরূপ দ্বিপ্রকার ভাগ ব্যবস্থাপিত হইল, নচেৎ শাস্ত্রীয়ত্ব প্রযুক্ত কেবল সমানভাগেরই নিয়ত অনুষ্ঠান হইবে এরূপ বলিও না। কেননা ভক্ত্যতিশয় প্রযুক্ত ভ্রাতৃগণের জ্যেষ্ঠপ্রতি উদ্ধার দানে সম্মতি ও সম্ভব বিধায় বিভাগ করাও না করার ন্যায় পক্ষদ্বয়ও ঘটিতে পারে। অতএব ইদানীন্তন কনিষ্ঠ দিগের জ্যেষ্ঠপ্রতি ভক্ত্যতিশয় না থাকায় সচারাচর সমান ভাগই দেখা যায়। ফলতঃ উদ্ধার প্রাপ্তির যোগ্য বেদবিদ্যাবিশিষ্ট

স কিঞ্চিদেব তণ্ডুলপ্রস্থমপি দত্ত্বা তৎপুত্রাদেঃ কালান্তরীয়দুরন্ততানিরাসার্থং বিভজনীয়ঃ। তদাহ মনুঃ। ভ্রাতৄণাং যস্তু নেহেত ধনং শক্তঃ স্বকর্ম্মণা। স নির্ভাজ্যঃ স্বকাদংশাৎ কিঞ্চিদ্দত্ত্বোপজীবনং। তথা যাজ্ঞবল্ক্যঃ। শক্তস্যানীহমানস্য কিঞ্চিদ্দত্ত্বা পৃথক্‌ক্রিয়া॥ ৪৯॥

পিতরি চোপরতে সোদরভ্রাতৃভির্ব্বিভাগে ক্রিয়মাণে

---

যস্তু জনঃ স্বকর্ম্মণা "শক্তশ্চেৎ পিতৃধনং নেহেত ন চেষ্টত ইত্যর্থঃ। এবমেব মিতাক্ষরাকুল্লূকপাণিহলায়ুধপ্রভৃতয়ঃ। প্রকাশকাবাদয়স্তু ভাগিষু ব্যাপ্রিয়মাণেষু আলস্যাদিনা যো ন ব্যাপ্রিয়তে স নির্ভাজ্যঃ মূলধনাদংশমাত্রং দত্ত্বা অর্জিতধনভাগশূন্যঃকার্য্যইতিবচনং ব্যাচক্রুঃ তদসৎ এতস্যোপঘাতার্জিতবিষয়ত্বে সাধারণধনোপঘাতেনার্জিতে নির্ব্যাপাবস্থাপি "সাধাবণং সমাশ্রিত্যে"ত্যাদিনা ভাগাবগতের্ব্বিবোধাৎ অনুপঘাতার্জিতবিষয়ত্বে তু "অনুপঘ্নন্ পিতৃদ্রব্যমি"তি তদীয়পরবচনবৈয়র্থ্যাপাতাদিতি॥ ৪৯॥

সোদরভ্রাতৃভিরিতি। সোদবাসোদরবিভাগে তু নৈবং তত্রৈকস্যাঃ সর্ব্বপুত্রমাতৃত্বাভাবাৎ মাতুরেবাংশিতায়া বচনেন বোধিতত্বাৎ। ন সপত্নীমাতুরিতি।

---

গুণসম্পন্ন জ্যেষ্ঠ এইক্ষণে দুর্লভ প্রযুক্ত সচারাচব সমান ভাগই হইয়া থাকে। আর যে অংশী স্বকীয় যোগ্যতাধিক্য প্রযুক্ত পিতৃপিতামহাদি ধনবিভাগে স্পৃহা না রাখে তাহাকে যৎকিঞ্চিৎ তণ্ডুলপ্রস্থও দিয়া তৎপুত্রাদির কালান্তরীয় আপত্তি নিবারণের জন্য পৃথক্ করিয়া দিবে। যথা মনু, ভ্রাতৃগণের মধ্যে যে ভ্রাতা উপার্জ্জন কর্ম্মে ক্ষমতাবান্ বিধায় পৈতৃক ধনের বিভাগ চাহেনা তাহাকে যৎকিঞ্চিৎ দিয়া যথাযোগ্য অংশ হইতে নির্ভাগ করিয়া দিবে। তথা যাজ্ঞবল্ক্য, পৈতৃকধনের বিভাগ অনিচ্ছুক ক্ষমতাবান্ অংশিকে কিঞ্চিৎ দিয়া পৃথক্ করিয়া দিবেন॥ ৪৯॥

পিতার মরণানন্তর সহোদর ভ্রাতারা পিতৃধন বিভাগে প্রবৃত্ত হইলে, নিজ মাতাকে পুত্রসমানাংশ দিবেন। পরন্তু সহোদর ও বৈমাত্রেয় উভয় কৃত বিভাগ

মাত্রেঽপি পুত্রসমাংশো দাতব্যঃ। সমাংসহারিণী মাতেতি-বচনাৎ মাতৃপদস্য জননীপরত্বাৎ ন সপত্নীমাতৃপরত্বমপি সকৃচ্ছ্রুতস্য মুখ্যগৌণত্বানুপপত্তেঃ সমাংশতা চ মাতুর্ভর্ত্রা-দিভিঃ স্ত্রীধনাদানে দত্তে পুনরর্দ্ধং। পিত্রা চ পুত্রেভ্যঃ সম-বিভাগদানে সর্ব্বপত্নীনামেব পুত্রসমাংশতা কর্ত্তব্যা। তদাহ যাজ্ঞবল্ক্যঃ। যদি কুর্য্যাৎ সমানাংশান্ পত্ন্যঃ কার্য্যাঃ সমাং-শিকাঃ। ন দত্তং স্ত্রীধনং যাসাং ভর্ত্রা বা শ্বশুরেণ বা। অধি

সকৃচ্ছ্রুতস্যেতি। যুগপদবৃত্তিদ্বয়বিবোধাদিতি ভাবঃ। ইদঞ্চ প্রচীননয়মাশ্রিত্যা-ভিহিতং ন তু নব্যানাং কিন্তু নব্যেষবপি তাৎপর্য্যান্যথানুপপত্ত্যৈব গঙ্গায়াং ঘোষমৎস্যৌ স্ত ইত্যাদৌ বৃত্তিদ্বয়াঙ্গীকাবাৎ প্রকৃতে তথাবিধোভয়তাৎপর্য্যগ্রাহক-প্রমাণাভাবেন মুখ্যপরতেতি তন্মতাশ্রয়ণেঽপি ন বৃত্তিদ্বয়সম্ভবইতি ভাবঃ। অতএব পিতৃপত্নীত্বেনোভয়সাধাবণরূপেণ লক্ষণয়ৈবোভয়বোধসম্ভবইত্যপি পরাস্তং লক্ষণাহেত্বভাবাৎ। সর্ব্বপত্নীনামিতি। পুত্রহীনানামিতি বক্ষ্যতি। পুত্রেভ্য-ইত্যত্র দত্তে পুনর্বর্দ্ধমিত্যত্র চ প্রমাণং ক্রমেণ বচনদ্বয়মাহ তদাহেতি। সমানাংশান্ পুত্রানিতি শেষঃ। অধিবিন্নেতি। অধি উদ্বাহ্যমানস্ত্রিয়মপেক্ষ্যাধিকা বিন্না পূর্ব্বো-দ্বাহিতা যা তস্যৈ স্ত্রিয়ৈইত্যর্থঃ। আধিবেদনিকং অধিবেদনানিমিত্তং সমং উদ্বাহ্যমানস্ত্রিয়ৈ দেয়সমমিত্যর্থঃ। যদ্যপীদমধিবিন্নস্ত্রীসম্প্রদানকদানবিষয়ং "ন

স্থলে দিবেনা। সমাংশহারিণী মাতা এই বচনে মাতৃপদের মুখ্য অর্থ কেবল জননী, বিমাতা নহে। অন্যথা এক মাতৃপদেব মুখ্যার্থ ও গৌণার্থ একদা স্বীকার করিলে যুগপদ্বৃত্তিদ্বয় বিবোধ দোষ ঘটে। আর যদি মাতার ভর্ত্তৃ ও শ্বশুরাদি দত্ত কিছু স্ত্রীধন না থাকে, তাহা হইলে পুত্রের সমানাংশ প্রাপ্য। আর যদি স্ত্রীধন প্রদত্ত হইয়া থাকে, তবে অর্দ্ধ মাত্র প্রাপ্য ইহা সাংদৃষ্টিক প্রমাণসিদ্ধ বুঝিবে। এবং যে স্থলে পিতা পুত্রগণকে সমান ভাগ দেন সে স্থলে পুত্রহীনা সকল স্ত্রীকেই স্ত্রীধন না থাকিলে পুত্র সমানাংশ দিবেন। তাহার প্রমাণ যথা যাজ্ঞবল্ক্য, যদি

বিন্নস্ত্রিয়ৈ দেয়মাধিবেদনিকং সমং। ন দত্তং স্ত্রীধনং যাসাং দত্তে ত্বৰ্দ্ধং প্রকল্পয়েৎ। পুত্রহীনাশ্চ পিতুঃ পত্ন্যঃ সমানাংশা ন পুত্রবত্যঃ। তথা ব্যাসঃ। অসুতাস্তু পিতুঃ পত্ন্যঃ সমানাংশাঃ প্রকীর্ত্তিতাঃ। পিতামহ্যশ্চ সর্ব্বাস্তা মাতৃতুল্যাঃ প্রকীর্ত্তিতাঃ। তথা বিষ্ণুঃ। মাতরঃ পুত্রভাগানুসারেণ ভাগ-

---

দত্তং স্ত্রীধনং যাসামিতি,, তু পিতৃকৃতবিভাগবিষয়ং তথাপ্যেকত্র নির্ণীতঃ শাস্ত্রার্থো বাধকং বিনা অন্যত্রাপি তথেতিন্যায়াৎ অত্রাপি তথা কল্প্যতইতি চোক্তং। পুত্রহীনাশ্চেতি। অত্র কশ্চিদিদং পিতুঃ পত্ন্যইতি স্বরসাৎ পুত্রকৃতবিভাগবিষয়ং পিতৃকৃতবিভাগে তু সপুত্রাপুত্রপত্নীনামেবাংশিত্বমিত্যাহ তদসৎ মাতৃপদস্য ন সপত্নীমাতৃপরত্বমিতিব্যাখ্যানবিরোধাৎ ভর্ত্তৃকৃতবিভাগে পুত্রবতীনামপ্যাংশিত্বে "সমাংশহারিণী মাতা পুত্রাণাং স্যান্মৃতে পতাবি"ত্যত্র "মাতা তু পিতরি প্রেতে পুত্রতুল্যাংশহারিণী"ত্যত্র চ মৃতে পতাবিতি পিতরি প্রেতে ইতি বিশেষণবৈয়র্থ্যাচ্চ। ন চ পতিসত্বে তৎসমাংশহারিণী তদভাবে পুত্রসমাংশিনীত্যর্থোবাচ্য ইতি বাচ্যং যদি কুর্য্যাৎ সমানাংশানিত্যত্র উপস্থিতপুত্রসমাংশতয়াএব পত্নীনাং প্রাপ্তেঃ

---

পিতা পুত্রদিগকে সমান ভাগে বিভক্ত করেন তবে পত্নীদিগকেও ঐরূপ সমানাংশ-ভাগিনী করিবেন, যদি তাহাদিগকে তিনি কিম্বা তাঁহার পিতা স্ত্রীধন না দিয়া থাকেন। এবং অধিক বিবাহ স্থলে যাহাকে স্ত্রীধন দেওয়া হয় নাই এমন প্রথম বিবাহিতা স্ত্রীকে ভর্ত্তা অভিনব বিবাহে নূতন স্ত্রীকে যাহা দেন তাহার সমান দিবেন। যদি স্ত্রীধন দিয়া থাকেন তবে তাহার অর্দ্ধ প্রদান করিবেন। পুত্রহীনা পত্নীদিগকে পিতা, পুত্রসমভাগিনী করিবেন; কিন্তু পুত্রবতীদিগকে নহে, যথা ব্যাস, পুত্রহীনা ভার্য্যাদিগকে পিতা, পুত্রসমানাংশ দিবেন এবং পিতামহ ধন বিভাগকালে পৌত্রেরা পুত্রহীনা পিতামহীকেও সমানাংশ দিবে। যেহেতু শাস্ত্রে পিতামহীকেও মাতার তুল্যা বলিয়া কীর্ত্তন করিয়াছেন। তথা বিষ্ণু, মাতা পুত্রভাগানুসারে ভাগহারিণী হয়েন; অবিবাহিতা কন্যাও বিবাহযোগ্যধন পায়।

হারিণ্যঃ অনূঢ়া দুহিতরশ্চ। পুত্রভাগানুসারেণ যথা বর্ণক্রমেণ পুত্রাণাং চতুস্ত্রিদ্ব্যেকভাগিতা তথা পত্নীনামপীতি ॥ ৫০ ॥

অনূঢ়াণাং দুহিতৃণাং পুত্রভাগমনুসৃত্য তচ্চতুর্থাংশঃ। তদাহ বৃহস্পতিঃ। সমাংশা মাতরস্তেষাং তুরীয়াংশাশ্চ কন্যকাঃ। পুত্রস্য ভাগত্রয়ং কন্যকায়া একোভাগঃ। যদাহ কাত্যায়নঃ। কন্যকানাং ত্বদত্তানাঞ্চতুর্থো ভাগইষ্যতে। পুত্রাণাঞ্চ ত্রয়োভাগাঃ স্বাম্যং স্বল্পধনে স্মৃতং। অল্পধনে পুত্রৈঃ স্বাৎ স্বাদংশাদাকৃষ্য কন্যাভ্যশ্চতুর্থোহংশো দাতব্যঃ। যথা মনুঃ। স্বেভ্যোহংশেভ্যস্তু কন্যাভ্যঃ প্রদদ্যুর্ভ্রাতরঃ পৃথক্।

নত্বনুপস্থিতপতিসমাংশতায়াইতি। তস্মাৎ পতিকৃতবিভাগে পুত্রহীনপত্নীনামেবাংশিত্বং ন পুত্রবতীনাং পুত্রকৃতবিভাগে তু মাতৃণামেবাংশিত্বং ন বিমাতৃণামিতি ব্যবস্থেতি পিতুরিতি কর্ত্তরি ষষ্ঠী। পিতামহইতি পিতামহধনবিষয়ং। অত্র পিতামহীপদং পিতৃজননীমাত্রপরং প্রাগুক্তযুক্তেরিতি কেচিৎ অপরে তু বহুবচনাৎ সর্ব্বাইত্যুপাদানাচ্চ সর্ব্বাসামেব পিতামহপত্নীনামংশিত্বমিতি প্রাহুঃ ॥ ৫০ ॥

স্বল্পধনইতি। যদ্ধনস্য একপুত্রলভ্যতুরীয়াংশেন কন্যাসংস্কারো ন সম্ভবতি তদেব স্বল্পধনং তদ্‌ভ্রাতৃভিরেব বিভজনীয়ং পশ্চাত্তৈরেব স্বস্বদ্রব্যাদাকৃষ্য ভগিনীসংস্কারঃ কার্য্য ইতি ভাবঃ। ন চতুর্থাংশনিয়মইতি। অতএব রত্নাকরে বিষ্ণুঃ। অনূঢ়ানাং কন্যানাং বিত্তানুসারেণ সংস্কারং কুর্য্যাদিতি। বিষমেতি। পুত্রাণাং

পুত্রভাগানুসারে ইহার অর্থ যেমন অসবর্ণার পাণিগ্রহণস্থলে পুত্রগণের বর্ণক্রমে চারি তিন দুই এক ভাগ প্রাপ্তি হয় পত্নীদিগেরও সেইরূপ হইবে ॥ ৫০ ॥

অবিবাহিতা কন্যার ভ্রাতৃ ভাগের চতুর্থাংশ প্রাপ্য যথা বৃহস্পতি, মাতা পুত্রের সমান ভাগিনী ও কুমারী চতুর্থাংশ ভাগিনী হয়। অর্থাৎ পুত্রের তিন ভাগ এবং অবিবাহিতা কন্যার এক ভাগ হইবে। যথা কাত্যায়ন, অদত্তা কন্যার চতুর্থভাগ শাস্ত্রসিদ্ধ, পুত্রগণের তিন তিন ভাগ প্রাপ্য। স্বল্পধন স্থলে পুত্রগণেরই স্বামিত্ব

স্বাৎ স্বাদংশাচ্চতুর্ভাগং পতিতাঃ স্যুরদিৎসবঃ। প্রদদ্যুরিতি প্রদানশ্রুতেরদানে চ পতিতত্বশ্রুতে র্ন কন্যাভিরধিকারিবুদ্ধ্যা গ্রহীতব্যং ন হ্যধিকারিণে ভ্রাত্রেঽপরো ভ্রাতা স্বাদংশাদ্দদাতি। যথা যাজ্ঞবল্ক্যঃ। অসংস্কৃতাস্তু সংস্কার্য্যা ভ্রাতৃভিঃ পূর্ব্বসংস্কৃতৈঃ। ভগিন্যশ্চ নিজাদংশাদ্দত্ত্বাংশস্তু তুরীয়কং। ভগিনীনাং সংস্কার্য্যতামাহ নাধিকারিতাং। এবঞ্চ বহুতরধনে বিবাহোচিতধনং দাতব্যং ন চতুর্থাংশনিয়মইতি সিধ্যতি। এতচ্চ কন্যাপুত্রয়োঃ সমসংখ্যত্বে জ্ঞাতব্যং বিষমসংখ্যত্বে চ কন্যায়া এব বহুতরধনং বা স্যাৎ পুত্রস্য বা নির্দ্ধনতা স্যাৎ ন চৈতদুচিতং পুত্রস্য প্রাধান্যাৎ॥ ৫১॥

যচ্চেদমত্র বাধকমুক্তং। অবিদ্যমানে পিত্রর্থে স্বাংশাদুদ্ধৃত্য

---

চতুর্বাদিসংখ্যত্বে কন্যায়াশ্চৈকত্বে কন্যায়াবহুতরধনং চতসৃষু কন্যাসু সতীষু পুত্রস্যৈকস্য নির্দ্ধনতেত্যর্থঃ॥ ৫১॥

ভ্রাতৃণামিতি পাঠে একশেষাদ্ভগিনীসংস্কারস্যাপ্যাবশ্যকতা স্যাৎ অতস্তন্নিরস্যতি ভ্রাতৃণামিতি। নন্বু ভ্রাতৃসংস্কারার্থত্ববৎ ভগিনীসংস্কারার্থত্বমপি বচনস্য কুতোন স্যাদি-

---

অর্থাৎ পুত্রেরাই সমগ্র ভাগ করিয়া লইয়া আপন আপন ভাগ হইতে কিঞ্চিৎ কিঞ্চিৎ আকর্ষণ করিয়া কুমারীকে চতুর্থাংশ দিবে। যথা মনু, স্ব স্ব অংশ হইতে ভ্রাতারা কুমারীদিগকে পৃথক্ পৃথক্ রূপে অংশ প্রদান করিবে, স্ব স্ব ভাগ হইতে চতুর্থ ভাগ যদি দিতে ইচ্ছা না করে তবে পতিত হয়। এই বচনে প্রদান করিবে ও না দিলে পতিত হয় বলায় কুমারীরা অধিকারিত্ব বোধে লইতে পারিবেনা। কেননা কোন অধিকারী ভ্রাতাকে অন্য ভ্রাতা স্বকীয় অংশ হইতে তোলা তুলিয়া দেয় না। যথা যাজ্ঞবল্ক্য, সংস্কৃত ভ্রাতারা অসংস্কৃত ভ্রাতাদের সংস্কার করিবে এবং অসংস্কৃতা ভগিনীদিগকেও নিজ অংশ হইতে চতুর্থাংশ দিয়া সংস্কার কর্ম্ম করিবে। ইহাতে ভগিনীদিগের সংস্কার কর্ত্তব্যতাই লিখিত হইয়াছে

বা পুনঃ। অবশ্যকার্য্যাঃ সংস্কারা ভ্রাতৃভিঃ পূর্ব্বসংস্কৃতৈঃ। অস্মাম্মারদবচনাদবশ্যকর্ত্তব্যত্বাদ্ভগিনীনাং সংস্কারস্য নিরংশ-তাপি ন দোষায়েতি তদযুক্তং ভ্রাতৃসংস্কারার্থত্বাদস্য বচনস্য

শেষা শ্রবণাৎ অতআহ ভ্রাতৃসংস্কারস্থেতি। পুংলিঙ্গনির্দ্দেশাদিতি। ন চ যেষামপত্যা-নামিতি নপুংসকনির্দ্দেশএব কুতোন স্যাদিতি বাচ্যং অর্থসাধুত্বে সম্ভবতি শব্দসাধুত্ব-মাত্রস্যান্যায্যত্বাদিত্যভিপ্রায়াদিতি। বস্তুতস্তু পিতৃপিতামহাভাবে ভগিনীদানাধি-কারিতয়া ভ্রাতুরপ্যাবশ্যকএব ভগিনীসংস্কারঃ অথ ঋতুমতী ভবতি দাতা প্রতি-

অধিকারিতার কথা বলেন নাই। আর বহুতর ধনস্থলে ভগিনীকে তদীয় বিবাহ নির্ব্বাহ যোগ্য ধনই দিবে, চতুর্থাংশের নিয়ম নাই এই সিদ্ধান্ত স্থির জানিবে। আর চতুর্থাংশ দানের বচন গুলি, যেস্থলে কন্যা পুত্রের সংখ্যা সমান সেই স্থলেই ঘটাইতে হইবে। অন্যথা সর্ব্বত্র চতুর্থাংশের নিয়ম করিলে যেখানে চারি পাঁচ পুত্র ও কন্যা একটি, সেখানে কন্যার বহুতর প্রাপ্তি হয়। আর যেখানে চারিটি কুমারী ও এক পুত্র থাকে সেখানে পুত্রই নির্দ্ধন হইয়া যায় তাহা উচিত নহে; যেহেতু পুত্রেরই প্রাধান্য ॥ ৫১ ॥

আর এ বিষয়ে যে বিরুদ্ধ বচন ও ব্যাখ্যা উক্ত হইয়াছে যথা পিতৃধন না থাকিলে পূর্ব্বসংস্কৃত ভ্রাতারা নিজ নিজ ধন হইতে কিছু কিছু আকর্ষণ পূর্ব্বক অন্যের সংস্কার কর্ম্ম অবশ্য করিবে। এই বচনে ভগিনীগণের সংস্কার অবশ্য কর্ত্তব্য প্রতিপাদন করায় ভ্রাতার নির্দ্ধনত্বও দোষের নিমিত্ত হয় না এই যে অর্থ করেন তাহা অযুক্ত, যেহেতু এই বচনটি ভ্রাতৃ সংস্কার বিষয়ক, ভগিনী সংস্কার বিষয়ক নহে, এবং ভ্রাতৃ ভগিনী উভয় ঘটাইবার জন্য অন্য প্রকার পাঠ কল্পনা মূলগ্রন্থ বিরুদ্ধ। ফলতঃ এ বচন ভ্রাতৃ সংস্কার প্রকরণে লিখিত হইয়াছে ইহার পূর্ব্বে এই বচনটি লিখিত আছে যে পিতা যাহাদের যথাক্রমে সংস্কার কর্ম্ম করেন নাই ভ্রাতারা পৈতৃকধন হইতে তাহাদের সমস্ত সংস্কার করিবেন। এই বচনে যেষাং তেষাং এই দুইটী পদে পুংলিঙ্গ নির্দ্দেশ থাকায় এবং তদনন্তরই পূর্ব্বোক্ত বচনটি লিখিবায় সুতরাং প্রকরণাধীন এই বচনটি ভ্রাতৃসংস্কার বিষয়েই খাটিবে। বস্তুতঃ পিতৃ পিতামহের অভাবে ভ্রাতারই ভগিনী দানাধিকার বিধায়

ভ্রাতৃণাং পূর্ব্বসংস্কৃতৈরিতি পাঠস্যানাকরত্বাৎ ভ্রাতৃসংস্কারস্য চ প্রকৃতত্বাৎ। ইদং হি পূর্ব্বমুক্তং যেষাস্তু ন কৃতাঃ পিত্রা সংস্কারবিধয়ঃ ক্রমাৎ। কর্ত্তব্যা ভ্রাতৃভিস্তেষাং পৈতৃকাদেব তদ্ধনাৎ। যেষাং তেষামিতি পুংলিঙ্গনির্দ্দেশাৎ এতদনন্তরমেবাবিদ্যমানইতি বচনারম্ভাৎ ভ্রাতৃসংস্কারার্থমেবেদং বচনং ইতি পিতৃপিতামহাদিধনবিভাগঃ॥ ৫২॥

অথ স্ত্রীধনবিভাগার্থং প্রথমং স্ত্রীধনং নিরূপ্যতে। তত্র বিষ্ণুঃ। পিতৃমাতৃসুতভ্রাতৃদত্তমধ্যগ্ন্যুপাগতং আধিবৈদনিকং

---

গ্রহীতা চ নরকমাপ্নোতীতিশ্রুতেঃ অতএব যাজ্ঞবল্ক্যেনাপি ভগিন্যশ্চ নিজাদংশাদিত্যনেন ভগিনীনামপি ভ্রাতৃবৎ সংকার্য্যত্বমুক্তং ইত্যতো বহুতরভ্রাতৃসংস্কারাৎ ভ্রাতুর্নির্দ্ধনতাবৎ ভগিনীসংস্কাবাদপি নির্দ্ধনতা ন দোষায়েতি সুধীভির্ভাব্যং॥ ৫২॥

প্রকরণান্তরমাহ অথেতি। অধ্যগ্ন্যাদিকমগ্রে বক্ষ্যতে। বিবাহাৎ পরতইতি। এতেন পিতৃমাতৃভ্রাতৃবন্ধুদত্তমিতি কালান্তরদত্তমাত্রপরিগ্রহার্থমিতি সুব্যক্তং। বন্ধুপদেনেতি। লব্ধং বন্ধুকুলাত্তথেত্যত্রেতি শেষঃ। মাতাপিতৃদ্বারেণেতি। মাতুঃ

---

ভগিনীসংস্কারও ভ্রাতাব পক্ষে অতি আবশ্যক কর্ম্ম, যে হেতু কন্যা ঋতুমতী হইলে দাতা ও গ্রহীতা উভয়েরই নরক প্রাপ্তি হয়, এজন্য বহুতর ভ্রাতার সংস্কার করণে যেমন ভ্রাতাব নির্দ্ধনত্ব দোষকর নহে, সেইরূপ বহুতর ভগিনীসংস্কার করিতে যদি ভ্রাতা নির্দ্ধন হইয়া যায় তাহাও দোষকর নহে ইহা সুধীগণ বিবেচনা করিয়া দেখিবেন। ইতি পিতৃপিতামহাদিধন বিভাগ সম্পূর্ণ॥ ৫২॥

অতঃপর স্ত্রীধনবিভাগ লিখিবার নিমিত্ত প্রথমতঃ স্ত্রীধন নিরূপণ করি। যথা বিষ্ণুবচন, পিতৃদত্ত, মাতৃদত্ত, পুত্রদত্ত, ভ্রাতৃদত্ত, অধ্যগ্ন্যুপাগত অর্থাৎ যৌতকধন, অধিবেদন লব্ধ, মাতুলাদি দত্ত, শুল্ক ও অন্বাধেয় এই গুলি স্ত্রীধন। তন্মধ্যে অন্বাধেয় স্ত্রীধন বলিতেছেন, যথা কাত্যায়ন, বিবাহের পর ভর্ত্তৃকুল ও পিতৃ মাতৃ কুল হইতে এবং ভর্ত্তা ও পিতা মাতার নিকট হইতে স্ত্রীলোক যে ধন প্রাপ্ত হয় সেই ধনকে ভৃগু অন্বাধেয় বলেন। এই বচনে বন্ধু শব্দে মাতা পিতা

বন্ধুদত্তং শুল্কান্বাধেয়কমিতি স্ত্রীধনং। অন্বাধেয়মাহ কাত্যায়নঃ। বিবাহাৎ পরতো যত্তু লব্ধং ভর্ত্তৃকুলাৎ স্ত্রিয়া। অন্বাধেয়ং তদুক্তন্তু লব্ধং বন্ধুকুলাত্তথা। ঊর্দ্ধং লব্ধন্তু যৎকিঞ্চিৎ সংস্কারাৎ প্রীতিতঃ স্ত্রিয়া। ভর্ত্তুঃ পিত্রোঃ সকাশাদ্বা অন্বাধেয়স্তু তদ্ভৃগুঃ। বন্ধুপদেন মাতাপিত্রোরুপাদানং তেনায়মর্থঃ মাতাপিতৃদ্বারেণ সম্বন্ধিনাং পিত্রোশ্চ সকাশাৎ যৎ তু বিবাহাৎ পরতো লব্ধং তথা ভর্ত্তুঃ সকাশাৎ

পিতুর্ব্বা যস্য সম্বন্ধস্য ঘটকত্বং তৎসম্বন্ধবতাং মাতুলপিতৃব্যাদীনামিত্যর্থঃ। এবঞ্চ সতি মাতৃপিতৃভর্ত্তৃদত্তস্য অন্বাধেয়কসংজ্ঞা ন স্যাৎ অত ঊর্দ্ধং লব্ধমিত্যভিহিতং। তল্লব্ধার্থমাহ পিত্রোশ্চ সকাশাদিতি তথা ভর্ত্তুঃ সকাশাদিতি চ। লব্ধং ভর্ত্তৃকুলাদিত্যুক্তস্যার্থমাহ ভর্ত্তৃকুলাচ্চেতি। ইত্থং চ বিষ্ণুবচনোপাত্তস্য সুতদত্তস্য নান্বাধেয়ত্বং সুতস্য সাক্ষাদেব সম্বন্ধবত্বেন নিরুক্তবন্ধুভর্ত্তৃকুলত্বাসম্ভবাদিতি সুধীভির্ভাব্যং। স্বপদেনেতি। পিতৃমাতৃসুতভ্রাতৃদত্তমিত্যত্র পিত্রাদিপদেনেত্যর্থঃ। নন্বু বিবাহাৎ পরতইতি ঊর্দ্ধংসংস্কারাদিতি চ বিহায় সামান্যেনৈব ভর্ত্তৃতৎকুলাৎ পিতৃমাতৃতৎকুলাচ্চ লব্ধস্যান্বাধেয়সংজ্ঞা কিমিতি ন কৃতেত্যাশঙ্কায়ামাহ পরিণয়নসময় লব্ধস্যেতি। অয়ম্ভাবঃ অন্বাধেয়সংজ্ঞায়াস্তাবত্তাদ্রূপ্যেহপ্রজঃস্ত্রীধনে বক্ষ্যমাণোভ্রাত্রধিকারএব ফলং পরিণয়নসময়লব্ধে চ ন ভ্রাত্রধিকারং ব্রাহ্ম্যাদিপঞ্চসু ভর্ত্তুঃ আসুরাদিত্রিষু চ

বুঝায়, তাহাতে এই অর্থ হইল যে মাতা এবং পিতার সম্পর্কে সম্পর্কীয়দের নিকট ও পিতা মাতার নিকট বিবাহের পর যাহা প্রাপ্ত হয় এবং ভর্ত্তার নিকট ও ভর্ত্তৃকুল অর্থাৎ শ্বশুরাদি হইতে যাহা লব্ধ হয় তাহার নাম অন্বাধেয়। বিষ্ণু বচনে বন্ধুপদটি মাতুলাদি বাচক, যে হেতু পিতৃ মাতৃ সুত প্রভৃতি স্বতন্ত্র শব্দদ্বারা পিত্রাদির পৃথক্ নির্দ্দেশ হইয়াছে। আর বিবাহ সময়লব্ধ যৌতকধনে সন্তান সন্ততির অভাবে ব্রাহ্ম্যাদি পাঁচ বিবাহে প্রথম ভর্ত্তার অধিকার ও আসুরাদি তিন বিবাহে প্রথম মাতার তাহার পর পিতার অধিকাব হয়। পরন্তু অন্বাধেয় স্ত্রীধনে সন্তান সন্ততির অভাবে অগ্রে ভ্রাতার অধিকার পরে স্থির করা যাইবে

ভর্ত্তৃকুলাচ্চ শ্বশুরাদিতো যল্লব্ধং ধনং তদন্বাধেয়ং। বিষ্ণু-বচনে চ বন্ধুপদং মাতুলাদ্যভিপ্রায়ং পিত্রাদীনাং স্বপদেনৈব নির্দ্দিষ্টত্বাৎ পরিণয়নসময়লব্ধস্য ব্রাহ্ম্যাদ্যাসুরাদিবিশেষেণ ভর্ত্তুঃ পিত্রোর্ব্বাধিকারাৎ। স্ত্রীধনমাহতুঃমনুকাত্যায়নৌ। অধ্যগ্ন্যধ্যাবাহনিকং দত্তঞ্চ প্রীতিতঃ স্ত্রিয়ৈ। ভ্রাতৃমাতৃ-পিতৃপ্রাপ্তং ষড়্বিধং স্ত্রীধনং স্মৃতং। তথা নারদঃ। অধ্য-গ্ন্যধ্যাবাহনিকং ভর্ত্তৃদায়স্তথৈব চ। ভ্রাতৃদত্তং পিতৃভ্যাঞ্চ ষড়্বিধং স্ত্রীধনং স্মৃতং ॥ ৫৩ ॥

এতদ্ব্যাকুরুতে কাত্যায়নঃ। বিবাহকালে যৎ স্ত্রীভ্যো

---

পিত্রোরেব তেষামভাবে দেবরাদেবেবাধিকারাৎ অতঃ সংজ্ঞায়া স্তৎসাধারণ্যে প্রয়োজনাভাবঃ প্রত্যুত তৎসাধারণ্যে তত্র ভর্ত্রধিকারবোধকবিশেষবচনেন ভ্রাত্রধিকারবচনস্য বিরোধপ্রসক্ত্যা তস্য সঙ্কোচোবাচ্যঃ তথাচ প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং বরমিতিন্যায়েন তদ্ব্যাবর্ত্তনমেব সংজ্ঞায়াঃ সমুচিতমিতি। ন চ তথাপি বিবাহসময়াদন্যত্রেত্যেবোচ্যতাং কিং পরতইত্যাদিপর্য্যন্তেনেতি বাচ্যং তথা সতি বিবাহাৎপূর্ব্বং বাগ্‌দানোত্তরং পতিদত্তে ভ্রাত্রধিকারাপত্তেরিতি ॥ ৫৩ ॥

এতদধ্যগ্ন্যাদিকং। দায়পদস্য সংক্রান্তসম্বন্ধিধনপরত্বশঙ্কামপনয়তি ভর্ত্তৃদায়ইতি। মন্বাদিভিরিতি। আদিনা কাত্যায়নবিষ্ণুপরিগ্রহঃ। তত্র মনুকাত্যায়নাভ্যাং দত্তঞ্চ

---

এইরূপে অন্বাধেয় সংজ্ঞার সার্থকতা বুঝিতে হইবে। মনু ও কাত্যায়ন স্ত্রীধন কহিয়াছেন যথা অধ্যগ্নি, অধ্যাবাহনিক ও প্রণয় পূর্ব্বক আত্মীয়েরা স্ত্রীলোককে যাহা দেন, এবং ভ্রাতৃ, মাতৃ ও পিতৃ হইতে প্রাপ্ত এই ছয় প্রকার স্ত্রীধন কথিত হয়। তথা নারদ বচন, অধ্যগ্নি, অধ্যাবাহনিক ভর্ত্তৃদত্ত, ভ্রাতৃদত্ত, পিতৃদত্ত ও মাতৃদত্ত এই ছয় প্রকার স্ত্রীধন কথিত হয় ॥ ৫৩ ॥

কাত্যায়ন মুনি উক্ত স্ত্রীধনের ব্যাখ্যা করিতেছেন যথা বিবাহ কালে অগ্নি-সন্নিধানে স্ত্রীলোককে যাহা দান করে তাহাকে পণ্ডিতেরা অধ্যগ্নি নামক স্ত্রীধন

দীয়তে হ্যগ্নিসন্নিধৌ। তদধ্যগ্নিকৃতং সদ্ভিঃ স্ত্রীধনং পরি-কীর্ত্তিতং। যৎ পুনর্লভতে নারী নীয়মানা হি পৈতৃকাৎ। অধ্যাবাহনিকং নাম তৎ স্ত্রীধনমুদাহৃতং। পৈতৃকাদিত্যেক শেষেণ পিতৃমাতৃকুলাৎ যল্লভতে ধনং ভর্ত্তৃগৃহং নীয়মানা তদধ্যাবাহনিকং ভর্ত্তৃদায়ো ভর্ত্তৃদত্তং ধনং ভর্ত্তৃদায়মনভিধায় মন্বাদিভির্ভর্ত্তৃদত্তস্যাভিধানাৎ নারদেনাপি ভর্ত্তৃদত্তমনভিধায় ভর্ত্তৃদায়স্যাভিধানাৎ তথা অন্যত্রাপি ভর্ত্তৃদত্তে ভর্ত্তৃদায়-প্রয়োগোদৃষ্টঃ। যথা কাত্যায়নঃ। ভর্ত্তৃদায়ং মৃতে পত্যৌ

প্রীতিতঃ স্ত্রিয়ৈ ইত্যনেন বিষ্ণুনা চ অন্বাধেয়মিত্যনেনেতি ভাবঃ। তথাচ তৈঃ সহৈক শ্রুতিমূলত্বানুবোধাৎ দায়পদং দত্তপরমিতি ভাবঃ। ন চ বৈপরীত্যং বহুষু লক্ষণাপ্রসঙ্গাৎ মনুস্মৃতের্ব্বলবত্ত্বাচ্চ। ভর্ত্তৃদায়ং মৃতইতি। অত্র মৃতে বিদ্যমানে ইত্যভিদানাৎ ন সংক্রান্তসম্বন্ধিধনপরতা। বিন্যসেৎ বিনিযুঞ্জীত। ক্ষপয়েৎ স্থাপয়েৎ। অন্যথা স্বয়ং রক্ষণাসামর্থ্যে। অন্যথা তদ্ধনেন বর্ত্তনাসম্ভবে তৎকুলে ক্ষপয়েৎ তৎকুলমাশ্রিত্য কালং গময়েদিত্যর্থ ইতি কেচিৎ। কেনেত্যাকাঙ্ক্ষায়াং

কহিয়াছেন। আর কন্যাকে যখন পিত্রালয় হইতে পতির গৃহে লইয়া যায় তখন ঐ কন্যা পিতৃকুল ও মাতৃকুল হইতে যাহা প্রাপ্ত হয় তাহাকে অধ্যাবাহনিক নামক স্ত্রীধন বলা যায়। ভর্ত্তৃদায়শব্দে ভর্ত্তৃদত্ত ধন বুঝায় সংক্রান্ত ধন বুঝায় না। যে হেতু মনু প্রভৃতি মুনিগণ ভর্ত্তৃদায় প্রয়োগ না করিয়া ভর্ত্তৃদত্ত শব্দই প্রয়োগ করিয়াছেন। এবং নারদ মুনি ভর্ত্তৃদত্ত শব্দ প্রয়োগ না করিয়া ভর্ত্তৃদায় শব্দ প্রয়োগ করিয়াছেন এবং অন্যত্রও ভর্ত্তৃদত্তধনে ভর্ত্তৃদায় শব্দ প্রয়োগ দৃষ্ট হয়। যথা কাত্যায়ন বচন, পতির মৃত্যু হইলে স্ত্রী ইচ্ছানুসারে ভর্ত্তৃদায় ব্যয় করিবে কিন্তু পতি বিদ্যমানে মুক্তহস্তরূপে ব্যয় না করিয়া রক্ষা করিবে, যদি স্বয়ং রক্ষা করিতে না পারে তবে পতিকুলের কোন বিশ্বস্ত ব্যক্তির নিকটে গচ্ছিত করিয়া রাখিবে। এবং ভর্ত্তা স্ত্রীকে কত দিবেন তাহার শেষ সীমা পর্য্যন্ত জানাইবার

বিন্যসেৎ স্ত্রী যথেষ্টতঃ। বিদ্যমানে তু সংরক্ষেৎ ক্ষপয়েত্তৎকুলেঽন্যথা। অস্যার্থঃ ভর্তৃদত্তং ধনং ভর্ত্তরি মৃতে যথেষ্টং বিনিযুঞ্জীত জীবতি তু তদ্রক্ষেৎ ইদমমুক্তহস্ততাজ্ঞাপনার্থং তথা ব্যাসবচনমপি ভর্ত্তৃদেয়পর্য্যন্ততাজ্ঞাপনার্থং। যথা দ্বিসহস্রপরো দায়ঃ স্ত্রিয়ৈ দেয়ো ধনস্য তু। যচ্চ ভর্ত্রা ধনং দত্তং সা যথা কামমশ্নুয়াৎ। দ্বিসহস্রপর্য্যন্তঃ স্ত্রিয়ৈ দেয়ো নাধিকঃ কেনেত্যাকাঙ্ক্ষায়াং ভর্ত্রেতিশ্রুতমন্বেতি ন পুনরশ্রুতকল্পনা তথাচ দেয়ইতি দদাতির্মুখ্যঃ স্যাৎ মৃতপতিধনে তু তাবতি পত্ন্যাএব স্বামিত্বাৎ গৌণঃ স চান্যায্যঃ যচ্চ ভর্ত্তৃদত্তং ধনং তদ্‌যথাকামমশ্নীয়াৎ অতোঽপুত্রস্য মৃতস্য

---

কেন দেয়ইত্যাকাঙ্ক্ষায়াং। অশ্রুতকল্পনেতি। অনন্তরাধিকারিণা ভ্রাত্রাদিনা স্বয়ং সর্ব্বং গৃহীত্বা দ্বিসহস্রপণপর্য্যন্তং স্ত্রিয়ৈ দায়ো দেয়ইত্যশ্রুতভ্রাত্রাদীনাং কর্ত্তৃত্ব-

---

জন্য ব্যাস বচন যথা ভর্ত্তা স্ত্রীকে দুই সহস্রপণ অথবা দুই সহস্র চলিত মুদ্রা স্ত্রীধন দিবেন, সেই স্ত্রী ভর্ত্তৃদত্ত স্ত্রীধন আপন ইচ্ছানুসারে ভোগ করিবে। দুই হাজার টাকা পর্য্যন্ত স্ত্রীকে দিবে অধিক দিবে না, কে দিবে এই আকাঙ্ক্ষায় বচনের পরার্দ্ধে পঠিত ভর্ত্তৃপদের সহিত অন্বয় করা উচিত নতুবা বচনে অপঠিত দেবরাদির কল্পনা করা উচিত নহে তাহাতে পতি দিবে এ কথায় দা ধাতু প্রয়োগের মুখ্যার্থ থাকে, পরন্তু মৃতপতির সমস্তধনে পত্নীর স্বামিত্ব থাকায় অন্যে দুই হাজার পর্য্যন্ত দিবে এ কথা বলিলে দান প্রয়োগটি গৌণ হইয়া উঠে তাহা অন্যায্য। আর কেহ কহেন যে ভর্ত্তা স্ত্রীকে যে ধন দান করেন তাহা স্ত্রী ইচ্ছানুসারে ভোগ করিবে এই কথা বলায় অপুত্রক মৃত পতির ধনে দুইসহস্রপর্য্যন্তেতেই পত্নীর অধিকার হইবে তাহার অধিক প্রাপ্তিতে অধিকার নাই এই যে কাহারো মত আছে তাহা পণ্ডিতগণের অগ্রাহ্য। পুত্র পৌত্র প্রপৌত্র

পত্যুর্ধনে দ্বিসহস্রপর্য্যন্তএব পত্ন্যা অধিকারো ন সর্ব্বত্রেতি যত্নুক্তং তদ্বিদ্বদ্ভিরনাদেয়ং। এতচ্চ বিস্তরেণ বক্ষ্যতে ॥ ৫৪ ॥

আহ যাজ্ঞবল্ক্যঃ। পিতৃমাতৃপতিভ্রাতৃদত্তমধ্যগ্ন্যুপাগতং। আধিবেদনিকঞ্চৈব স্ত্রীধনং পরিকীর্ত্তিতং। যচ্চ দ্বিতীয়স্ত্রী-বিবাহার্থিনা পূর্ব্বস্ত্রিয়ৈ পারিতোষিকং ধনং দত্তং তদাধিবেদ-নিকং অধিকস্ত্রীলাভার্থত্বাত্তস্য। তথা দেবলঃ। বৃত্তিরাভরণং শুল্কং লাভশ্চ স্ত্রীধনং ভবেৎ। ভোক্ত্রী তৎস্বয়মেবেদং পতির্নার্হত্যনাপদি। তথা ব্যাসঃ। বিবাহকালে যৎকিঞ্চিৎ বরায়োদ্দিশ্য দীয়তে। কন্যায়াস্তদ্ধনং সর্ব্বমবিভাজ্যঞ্চ বন্ধুভিঃ।

---

কল্পনেত্যর্থঃ। এতচ্চেতি। মৃতস্যাপুত্রস্য পত্ন্যাঃ সর্ব্বধনাধিকারিত্বঞ্চেত্যর্থঃ। বক্ষ্যতেইতি। অপুত্রধনাধিকারনিরূপণইতি শেষঃ ॥ ৫৪ ॥

আহেতি। স্ত্রীধনমিতি প্রাগুক্তেনান্বয়ঃ। পিত্রাদিদত্তং বিবাহাৎ পূর্ব্বং পরতোবা বিবাহকালে দত্তস্য অধ্যগ্নিপদেনৈব প্রাপ্তেঃ। বৃত্তিঃ গ্রাসাচ্ছাদনাবশিষ্টং। শুল্কং বক্ষ্যমাণং। লাভ ঋণাদিবৃদ্ধিঃ। বরায় দানং বরহস্তে সমর্পণং। প্রদর্শ-

---

হীন মৃতস্বামির সমগ্র ধনে পত্নীর অধিকার ইহা অপুত্রধনাধিকারপ্রকরণে বিস্তারিত রূপে বলিব ॥ ৫৪ ॥

যাজ্ঞবল্ক্য বলেন, পিতৃদত্ত, মাতৃদত্ত, পতিদত্ত, ভ্রাতৃদত্ত, অধ্যগ্ন্যুপাগত, ও আধিবেদনিক এই ছয়টি স্ত্রীধন বলিয়া কীর্ত্তিত হয়। দ্বিতীয় পক্ষে বিবাহ করিবার নিমিত্ত স্বামী প্রথম স্ত্রীকে যাহা পারিতোষিক দেন তাহার নাম আধি-বেদনিক, অধিবেদনশব্দের অর্থ অধিক বিবাহ তদুপলক্ষে যাহা দত্ত এই ব্যুৎপত্তিতে আধিবেদনিক শব্দ নিষ্পন্ন। তথা দেবলবচন, বৃত্তি অর্থাৎ গ্রাসাচ্ছাদনাবশিষ্টধন, অলঙ্কার, শুল্ক ও সুদ এই সকল স্ত্রীধন, সেই স্ত্রীই স্বয়ং ভোগ করিবে স্বামী তাহা অনাপৎ কালে লইতে পারেন না। তথা ব্যাস, বিবাহ সময়ে কন্যার উদ্দেশে অর্থাৎ এই ধন কন্যার হইবে এই উদ্দেশ করিয়া বরের হস্তে যাহা কিছু

উদ্দিশ্যেতি কন্যায়া ইদং ভবত্বিত্যুদ্দিশ্য বরায় যদ্দানং ন পুনরে-তদভিসন্ধিং বিনাপীত্যর্থঃ অতএব বিবাহকালইতি প্রদর্শনার্থং ন পুনরেতদেব প্রয়োজকং দাত্রভিসন্ধিনিমিত্তত্বাৎ স্বত্বস্য। তথাচ প্রামাণিকং বচনং। যদ্দত্তং দুহিতুঃ পত্যে স্ত্রিয়মেব তদন্বিয়াৎ। মৃতে জীবতি বা পত্যৌ তদপত্যমৃতে স্ত্রিয়াঃ। বিবাহকালইতি ন বিশিনষ্টি। অভিসন্ধিস্তু দুহিত্রন্বয়াভিধানা-দেব লব্ধত্বান্নোক্তঃ ॥ ৫৫ ॥

তদেবমব্যবস্থিতসঙ্খ্যস্ত্রীধনকীর্ত্তনাৎ ন ষট্‌সঙ্খ্যা বিবক্ষিতা

---

নার্থং উপলক্ষণমিত্যর্থঃ। উপলক্ষণত্বে হেতুমাহ দাত্রভীতি। তথাচাভিসন্ধেঃ স্বত্বজনকত্বস্যাত্র কংপ্তত্বয়োক্তবিষয়ে বিবাহকালস্য সহকারিত্বকল্পনে প্রমাণা-ভাবোহদৃষ্টকল্পনাগৌরবঞ্চ স্যাদিতি ভাবঃ। তদুপলক্ষণত্বে বচনমপি প্রমাণয়তি তথাচেতি। ন বিশিনষ্টি ন বিশেষণং দত্তবান্ ॥ ৫৫ ॥

অব্যবস্থিতসংখ্যেতি। অনিয়তসংখ্যেত্যর্থঃ। মন্বাদ্যুক্তষড়্‌বিধাদধিকস্যাপি শুল্কলাভাদের্দেবলাদিভিরভিহিতত্বাদিতি ভাবঃ। পিতৃমাতৃভর্তৃকুলেতি। পিতৃ-

---

দেওয়া হয় সে সমস্তই কন্যার ধন হইবে তাহা কেহ ভাগ করিয়া লইতে পারিবে না। কন্যাব ইহা হউক এরূপ উদ্দেশ না থাকিলে স্ত্রীধন হইবে না। অতএব বিবাহকাল উপলক্ষ মাত্র। যে কোন সময়ে যে কোন ব্যক্তির উদ্দেশে দান করিলেই গ্রহীতার স্বত্ব হইবে স্বত্বের প্রতি দাতার অভিসন্ধিই কারণ। তথা প্রামাণিকবচন, কন্যার স্বামির হস্তে যাহা দেওয়া হয় তাহা সেই কন্যাকেই অর্শিবে এবং সেই স্ত্রীর মৃত্যুর পর সেই স্ত্রীর কন্যাপুত্রাদির অধিকার হইবে। এই বচনে বিবাহকালের কোন উল্লেখ নাই এবং পতির হস্তে সমর্পিত ধন কন্যাকে অর্শে বলাতেই কাজে কাজে কন্যার উদ্দেশেই দান বোধ হইয়া যায় এজন্য উদ্দেশের কথা কহেন নাই ॥ ৫৫ ॥

এইরূপে নানা বচনে অনিয়ত সংখ্যক স্ত্রীধন কীর্ত্তন করায় মন্বাদ্যুক্ত ছয়

কিন্তু স্ত্রীধনকীর্ত্তনমাত্রপরাণি বচনানি। তদেব চ স্ত্রীধনং যত্র ভর্ত্তৃতঃ স্বাতন্ত্র্যেণ দানবিক্রয়ভোগান্ কর্ত্তুমধিকরোতি। তদিদং কিঞ্চিৎ সঙ্ক্ষিপ্যাহ কাত্যায়নঃ। প্রাপ্তং শিল্পৈস্তু যদ্বিত্তং প্রীত্যা চৈব যদন্যতঃ। ভর্ত্তুঃ স্বাম্যং ভবেৎ তত্র শেষন্তু স্ত্রীধনং স্মৃতং। অন্যতইতি পিতৃমাতৃভর্ত্তৃকুলব্যতিরিক্তাৎ যল্লব্ধং শিল্পেন বা যদর্জ্জিতং তত্র ভর্ত্তুঃ স্বাম্যং স্বাতন্ত্র্যং অনাপদ্যপি ভর্ত্তা গ্রহীতুমর্হতি তেন স্ত্রিয়াঅপি ধনং ন স্ত্রীধন-

মাতৃভর্ত্তারো যস্মিন্ কুলে ইতি বহুব্রীহিঃ অন্যথা লব্ধং ভর্ত্তৃকুলাত্তথেত্যত্র ভর্ত্তৃকুলাদিপদাৎ ভর্ত্রাদিপরিগ্রহো ন স্যাৎ। অনাপদ্যপীতি। তথাচোক্তদ্বিবিধস্ত্রীধনে ভর্ত্তুরিচ্ছৈব স্বত্বজনিকা পত্নীস্বত্বনাশিকা চ তদন্যস্ত্রীধনে তু ভর্ত্রা আপৎকালোঽপেক্ষ্যতইতি ভাবঃ। স্ত্রিয়া অপি ধনং স্ত্রীস্বত্বাস্পদীভূতমপি ধনং ন স্ত্রীধনং নেতরনৈরপেক্ষ্যেণ স্ত্রিয়া যথেষ্টবিনিযোজ্যং। অস্বাতন্ত্র্যাদিতি। এতচ্চ ভার্য্যাপুত্রশ্চেত্যাদিনা প্রতিপাদিতমেব প্রাক্। স্ত্রিয়াএবেতি। স্ত্রীণাং স্বাতন্ত্র্যেণ

সংখ্যায় নৈয়ত্য নাই বোধ হইল স্ত্রীধন পরিগণনই সকল বচনের তাৎপর্য্য। স্ত্রীধনের প্রকৃত লক্ষণ এই যে স্ত্রীলোক ভর্ত্তার কোন অপেক্ষা না করিয়া স্বয়ং যে ধন দান বিক্রয় ও ভোগ করিতে পারে সেই ধনকে স্ত্রীধন বলা যায়। অতএব কাত্যায়ন মুনি সংক্ষেপে সেই স্ত্রীধন কহিতেছেন, যথা স্ত্রীলোক শিল্পকর্ম্ম করিয়া যাহা প্রাপ্ত হয় ও পিতৃমাতৃ ভর্ত্তৃকুল ভিন্ন অন্য কোন ব্যক্তির নিকট হইতে যাহা পায় এই দুই প্রকার স্ত্রীধনে ভর্ত্তার স্বামিত্ব হয় অর্থাৎ স্বামী ইচ্ছা করিলে আপৎকাল ব্যতিরেকেও ঐ দুই স্ত্রীধন লইতে পারেন কিন্তু অন্যান্য স্ত্রীধন আপৎকাল ভিন্ন লইতে পারেন না। এই বচনে অন্যতঃ এই পদ প্রয়োগ থাকায় পিতৃ মাতৃ ভর্ত্তৃকুল ব্যতিরিক্ত অন্য লোকের নিকট প্রাপ্ত অথবা শিল্পকর্ম্মদ্বারা যে ধন উপার্জিত হয় সে ধনে ভর্ত্তার প্রভুত্ব অর্থাৎ অনাপৎকালেও ভর্ত্তা গ্রহণ করিতে পারেন, এজন্য উক্ত দুই ধন স্ত্রীর স্বত্বাস্পদীভূত হইলেও

মস্বাতন্ত্র্যাৎ এতদ্দ্বয়াতিরিক্তধনস্তু স্ত্রিয়াএব দানবিক্রয়াদ্যধিকারাৎ। তদাহ কাত্যায়নঃ। ঊঢ়য়া কন্যয়া বাপি পত্যুঃ পিতৃগৃহেহথবা। ভর্ত্তুঃ সকাশাৎ পিত্রোর্ব্বা লব্ধং সৌদায়িকং স্মৃতং। সৌদায়িকং ধনং প্রাপ্য স্ত্রীণাং স্বাতন্ত্র্যমিষ্যতে। যস্মাত্তদানৃশংস্যার্থং তৈর্দ্দত্তং তৎপ্রজীবনং। সৌদায়িকে সদা স্ত্রীণাং স্বাতন্ত্র্যং পরিকীর্ত্তিতং। বিক্রয়ে চৈব দানে চ যথেষ্টং স্থাবরেষ্বপি। স্বদায়সম্বন্ধিভ্যো লব্ধং সৌদায়িকং। স্থাবরে-

বিনিযোজ্যং স্ত্রীধনমিত্যর্থঃ। তথা চ কাত্যায়নেনৈকবাক্যতয়া ভার্য্যা পুত্রশ্চেত্যাদিবচনমপ্যুক্তশিল্পলব্ধাদিদ্বিবিধস্ত্রীধনবিষয়মেব স্ত্রীধনান্তবে তু স্ত্রীণাং স্বাতন্ত্র্যেণ যথেষ্টবিনিয়োগো নিস্প্রত্যূহএবেতি ভাবঃ। অত্র সম্বাদমাহ তদাহেতি। আনৃশংস্যার্থং অনুকম্পার্থং। নচৈবং শুল্কলাভয়োরসৌদায়িকত্বাৎ তত্রাস্বাতন্ত্র্যং স্যাদিতি বাচ্যং পূর্ব্বোক্তকাত্যায়নবচনেন অন্যতো লব্ধস্য শিল্পলব্ধস্য চ দ্বয়োরেবাস্বাতন্ত্র্য-

স্বামি পারতন্ত্র্য প্রযুক্ত সম্যক্ প্রকারে স্ত্রীধন পদ বাচ্য হইতে পারে না, এই দুই ভিন্ন আর সমস্ত স্ত্রীধনেই স্ত্রীলোকের দান বিক্রয়াদিকরণে সম্পূর্ণ অধিকার আছে। সেইরূপ কাত্যায়ন ঋষি বলিয়াছেন যথা বিবাহিতা হউক আর কুমারীই হউক, পতির গৃহে হউক বা পিতার বাটীতে হউক, ভর্ত্তার নিকটেই হউক বা পিতামাতার নিকটেই হউক যাহা প্রাপ্ত হয় তাহাকে সৌদায়িক নামক স্ত্রীধন বলা যায়। সৌদায়িকধনে স্ত্রীলোকের সম্পূর্ণ প্রভুত্ব আছে যেহেতু আত্মীয়েরা কৃপা করিয়া জীবিকার্থই সেই ধন তাঁহাকে দিয়াছেন বলিয়া সেই সৌদায়িকধন স্থাবর হউক বা অস্থাবর হউক সর্ব্বত্রই ইচ্ছানুসারে দান ও বিক্রয় করিতে স্ত্রীলোকের সর্ব্বতোভাবে সর্ব্বদাই প্রভুত্ব আছে। সৌদায়িক শব্দের ব্যুৎপত্তি এই যে স্বদায় শব্দে যাহাদের সঙ্গে ধনাধিকার সম্বন্ধ ঘটে এমত আত্মীয় লোক বুঝায় তাহাদের নিকট হইতে যাহা প্রাপ্ত হয় তাহা সৌদায়িক পদ বাচ্য। সৌদায়িকের মধ্যে কেবল ভর্তৃদত্ত স্থাবর সম্পত্তিতে স্ত্রীর দান বিক্রয়াদিকরণে

ঽপি ভর্ত্তৃদত্তমাত্রে স্ত্রিয়া দানাদ্যনধিকারঃ। তদাহ নারদঃ। ভর্ত্রা প্রীতেন যদ্দত্তং স্ত্রিয়ৈ তস্মিন্ মৃতেঽপি তৎ। সা যথা কামমশ্নীয়াৎ দদ্যাদ্বা স্থাবরাদৃতে। ভর্ত্তৃদত্তবিশেষণাৎ ভর্ত্তৃ-দত্তস্থাবরাদৃতেঽন্যৎ স্থাবরং দেয়মেব ভবতি অন্যথা যথেষ্টং স্থাবরেষ্বপীতি বিরুধ্যেত ॥ ৫৬ ॥

ভর্ত্তা তু যদা দুর্ভিক্ষাদৌ স্ত্রীধনং বিনা বর্ত্তনাক্ষমস্তদা গ্রহীতুমর্হতি নান্যদা। যদাহ যাজ্ঞবল্ক্যঃ। দুর্ভিক্ষে ধর্ম্ম-কার্য্যে চ ব্যাধৌ সম্প্রতিরোধকে। গৃহীতং স্ত্রীধনং ভর্ত্তা ন স্ত্রিয়ৈ দাতুমর্হতি। অন্যত্র পুনরনধিকারমাহ কাত্যায়নঃ।

---

প্রতিপাদনেন এতয়োরপি স্ত্রীধনমধ্যপঠিতয়োঃ স্বাতন্ত্র্যাবগমাৎ। স্থাবরেষ্বপীতি যদুক্তং তস্যাপবাদমাহ স্থাবরেঽপীতি। অন্যথেতি স্থাবরমাত্রে দাননিষেধ ইত্যর্থঃ ॥ ৫৬ ॥

তদেতি। তদৈবেত্যর্থঃ। সম্প্রতিরোধকে ঋণার্থমুত্তমর্ণেন কৃতে স্নানভোজ-নাদ্যবরোধে। বিসর্গে দানে। গ্রাসেতি। বাসো গৃহং। তত্র স্বমিতি।

---

অধিকার নাই। যথা নারদবচন ভর্ত্তা প্রীত হইয়া স্ত্রীকে যাহা দান করেন তাহা স্বামির মৃত্যুর পর সেই স্ত্রী আপন ইচ্ছানুসারে ভোগ করিবে। আর স্থাবর সম্পত্তি ভিন্ন অন্য স্বামিদত্ত ধন দান করিতেও পারে। স্বামিদত্ত স্থাবর ভিন্ন এই বিশেষণ দিবায় ভর্ত্তৃদত্ত স্থাবর ব্যতিরেকে অন্য স্থাবর সম্পত্তি স্ত্রীলোকে দান বিক্রয় করিতে পারে ইহা অবশ্য বক্তব্য। নতুবা সৌদায়িক স্থাবর ও অস্থাবর সর্ব্বত্রই স্ত্রীলোকের দান বিক্রয়াধিকারের বচন লাগে না ॥ ৫৬ ॥

আর ভর্ত্তা যদি দুর্ভিক্ষাদি সঙ্কটে পড়িয়া স্ত্রীধন গ্রহণ না করিয়া অন্য কোন প্রকারে জীবিকা নির্ব্বাহ করিতে সমর্থ না হন তবে স্ত্রীধন লইতে পারেন অন্যথা পারেন না। যথা যাজ্ঞবল্ক্যবচন, দুর্ভিক্ষ সময়ে, আবশ্যক ধর্ম্মকার্য্যে, ও রোগগ্রস্ত হইলে এবং উত্তমর্ণ ঋণ আদায় জন্য রোধ করিলে পর বিপদ্‌গ্রস্ত

ন ভর্ত্তা নৈব চ সুতো ন পিতা ভ্রাতরো ন চ। আদানে বা বিসর্গে বা স্ত্রীধনে প্রভবিষ্ণবঃ। যদি হ্যেকতরস্ত্বেষাং স্ত্রীধনং ভক্ষয়েদ্বলাৎ। স বৃদ্ধিং প্রতিদাপ্যঃ স্যাদ্দণ্ডঞ্চৈব সমাপ্নুয়াৎ। তদেব যদ্যনুজ্ঞাপ্য ভক্ষয়েৎ প্রীতিপূর্ব্বকং। মূলমেব তদা দাপ্যো যদা স ধনবান্ ভবেৎ। অথ চেৎ স দ্বিভার্য্যঃ স্যাৎ ন চ তাং ভজতে পুনঃ। প্রীত্যা বিসৃষ্টমপি চেৎ প্রতিদাপ্যঃ স তদ্বলাৎ। গ্রাসাচ্ছাদনবাসানামুচ্ছেদো যত্র যোষিতঃ। তত্র স্বমাদদীত স্ত্রী বিভাগং রিকৃথিনাং তথা। স্ত্রিয়া ধনং গৃহীত্বা যদ্যপরভার্য্যয়া সহ বসতি তাঞ্চাবজানীতে তদা গৃহীত-

স্বকীয়ং গ্রাসাচ্ছাদনাদীত্যর্থঃ। ঋকৃথিনাং স্বভর্ত্তৃসাধারণধনাধিকারিণাং দেবরাদীনাং সকাশাৎ বিভাগং স্বভর্ত্তৃযোগ্যাংশমাদদীতেত্যর্থঃ। কেচিত্তু ঋকৃথিনাং

হইয়া স্বামী যে স্ত্রীধন গ্রহণ করেন তাহা পুনর্ব্বার স্ত্রীকে না দিলেও না দিতে পারেন। কিন্তু পূর্ব্বোক্ত দুর্ঘটনা ভিন্ন অন্য কোন প্রকারে স্ত্রীধনে হস্তার্পণ করিতে পারেন না। যথা কাত্যায়ন, স্বামী, পুত্র, পিতা, বা ভ্রাতা কেহই স্ত্রীধন গ্রহণ করিতে বা অন্যকে দান করিতে অধিকারী হয়েন না। যদি ইহাদের মধ্যে কেহ বল করিয়া স্ত্রীধন ভোগ করে তবে সে সেই অপরাধে রাজার নিকট দণ্ডনীয় ও স্ত্রীধন বৃদ্ধির সহিত দাপনীয় হইবে। আর যদি প্রণয়পূর্ব্বক অনুমতি লইয়া স্ত্রীধন খাইয়া ফেলে তবে সে যখন সঙ্গতিপন্ন হইবে তখন রাজা সেই স্ত্রীধন মূল মাত্র দেওয়াইবেন বৃদ্ধি দেওয়াইবেন না। আর যদি স্বামী আর একটি বিবাহ করিয়া ঐ প্রথম স্ত্রীকে ভাল না বাসেন তাহা হইলে প্রীতিপূর্ব্বক প্রদত্ত হইলেও স্ত্রীধন রাজা বলপূর্ব্বক প্রথম স্ত্রীকে দেওয়াইয়া দিবেন। আর উক্ত নিরুপায়া স্ত্রী স্বামির নিকট হইতে নিজ গ্রাসাচ্ছাদন ও বাসগৃহ গ্রহণ করিবেন. এবং স্বামির মৃত্যুর পর অবিভক্ত ধনাধিকারি দেবরাদির নিকট হইতে আপনার পতিযোগ্য অংশ গ্রহণ করিবেন। স্বামী স্ত্রীধন লইয়া যদি অন্য স্ত্রীর সহিত পৃথক্ বাস করেন এবং তাহাকে অবজ্ঞা করেন তাহা হইলে

ধনং রাজ্ঞা বলাদ্দাপ্যঃ ভক্তাচ্ছাদনাদিকং যদি ভর্ত্তা ন দদাতি তদা তদপি স্ত্রিয়া আকৃষ্য গ্রাহ্যং ইতি স্ত্রীধনলক্ষণং ॥ ৫৭ ॥

ইদানীং স্ত্রীধনবিভাগোঽভিধীয়তে। তত্র মনুঃ। জনন্যাং সংস্থিতায়ান্তু সমং সর্ব্বে সহোদরাঃ। ভজেরন্ মাতৃকং রিক্থং ভগিন্যশ্চ সনাভয়ঃ। দ্বন্দ্বাশ্রবণেঽপি তত্তুল্যার্থক-চকারেণ ভ্রাতৃভগিন্যোরিতরেতরযুক্তয়োর্ব্বিভাগপ্রতিপাদনাৎ ভগিন্যঃ সহোদরাশ্চ বিভজেরন্নিত্যয়মেবাস্য বচনস্যার্থঃ। বৃহস্পতিরপি চকারাৎ সমুচ্চয়মাহ। স্ত্রীধনং তদপত্যানাং

---

ভর্ত্রাদিসম্বন্ধিনাং সকাশাৎ স্বং বিভাগং গ্রাসাচ্ছাদনাদিরূপং আদদীতেত্যর্থ ইতি ব্যাচক্রুঃ তদসৎ তত্র স্বমিত্যনেনৈব গতার্থত্বাদিতি ॥ ৫৭ ॥

ইদানীং স্ত্রীধননিরূপণানন্তরমিত্যর্থঃ। সমমিতি। বিংশোদ্ধারনিষেধায়। ভগিন্যোঽদত্তাঃ সনাভয়ঃ সহোদরাঃ। অত্র বচনে দ্বন্দ্বশ্রুতির্নাস্তি যেনাবগত-সাহিত্যবলেন ভগিনীভ্রাত্রো র্যুগপদধিকারঃ স্যাৎ কিন্তু ক্রমেণৈব তয়োরধিকারঃ ক্রমশ্চ ন পাঠিকঃ কিন্তু প্রথমং ভগিন্যাঃ ততো ভ্রাতুরিত্যেবংরূপঃ মাতুর্দুহিত-রোঽভাবে দুহিতৄণাং তদন্বয়ইত্যাদিনারদাদিবচনেষু বলবতঃ শাব্দক্রমস্য প্রাপ্তেরিতি কেষাঞ্চিন্মতং তদপাকর্ত্তুমাহ দ্বন্দ্বাশ্রবণেঽপীতি। তত্তুল্যার্থেতি। চার্থে দ্বন্দ্ব-ইত্যুক্তের্দ্বন্দ্বসমানার্থতা চকারস্য। পুত্রপরমিতি। দুহিতুঃপৃথগুপাদানাৎ নপুংস-কস্য চাধিকারাভাবাদিতি ভাবঃ। সর্ব্বাবস্থস্যেতি। সংস্কৃতস্যাসংস্কৃতস্য চেত্যর্থঃ।

---

গৃহীত স্ত্রীধন রাজা বলপূর্ব্বক দেওয়াইবেন এবং ভর্ত্তা যদি অন্নাচ্ছাদনাদি না দেন তবে তাহাও স্ত্রী রাজদ্বারে অভিযোগ করিয়া বল করিয়া লইবে ॥ ৫৭ ॥

ইতি স্ত্রীধন লক্ষণ সম্পূর্ণ।

এইক্ষণে স্ত্রীধনের বিভাগ প্রকরণ কহিতেছি। যথা মনুবচন, জননী পরলোক গতা হইলে পর সহোদর ভ্রাতৃগণ এবং অদত্তা ভগিনীরা সকলে মিলিয়া মাতার অযৌতক ধন সমানভাগ করিয়া লইবে। এই বচনে দ্বন্দ্বসমাসের শ্রবণ না থাকিলেও দ্বন্দ্বের সমানার্থক চকার দ্বারা ভ্রাতৃভগিনী উভয়ের মিলিতরূপে

দুহিতা চ তদংশিনী। অপ্রত্তা চেৎ সমূঢ়া তু ন লভেন্মাতৃকং ধনং। অপত্যপদং পুত্রপরং। তেষামপ্রত্তাভির্দুহিতৃভিঃ সহ মাতৃধনবিভাগঃ। তথাচ শঙ্খলিখিতৌ। সমং সর্ব্বে সোদর্য্যা দ্রব্যমর্হন্তি কুমার্য্যশ্চ। সর্ব্বত্রৈব প্রথমং পুত্রোপাদানাৎ সর্ব্বাবস্থস্য পুত্রস্য মাতৃধনেঽধিকারঃ চকারশ্রুতিশ্চ সর্ব্বত্রানুগতা সমুচ্চয়বাচিকা। এতাবতাপ্যুদ্গ্রাহমল্লস্য দেবলবচনং গলহস্তঃ। যথা। সামান্যং পুত্রকন্যানাং মৃতায়াং স্ত্রীধনং স্ত্রিয়াং। অপ্রজায়াং হরেদ্ভর্ত্তা মাতা ভ্রাতা পিতাপি বা।

---

অত্র সহোদরপদাদ্যুপাদানাৎ কন্যাসত্ত্বে দত্তকাদীনাং নাধিকারঃ। দুহিত্রপেক্ষয়া পঞ্চমাদ্যংশভাগিতা পুত্ত্রনবদিতি কেচিৎ। এতাবতাপি উক্তক্রমেণ যৌগপদ্যাবগমেনাপি উদ্গ্রাহ মল্লস্য উদ্গ্রাহো বাদঃ স চ চকারশ্রুতিবলাৎ ন তয়োর্ব্বিভাগে সাহিত্যাবগমঃ ব্রীহিযবপাকৌ চেত্যাদাবিব ভিন্নকালীনয়োরপ্যেকজাতীয়ক্রিয়াসম্বন্ধমাত্রেণ তস্যাশ্চরিতার্থত্বাৎ। অন্যথা পত্নীদুহিতরশ্চেত্যাদৌ চকারশ্রুতিবলেন পত্নীদুহিত্রোরপি যুগপদধিকারাপত্তেরিত্যেবং রূপঃ তত্র মল্লস্য সমর্থস্য গলহস্তস্তন্নিরাকরইত্যর্থঃ। তদ্বচনমাহ যথেতি। অপ্রজায়ামিতি। প্রজা সন্ততিঃ।

---

বিভাগ প্রতিপাদন করায় ভগিনীগণ ও সহোদর অর্থাৎ দত্তকাদি ভিন্ন ভ্রাতারা সকলে মিলিয়া ভাগ করিয়া লইবে এইরূপই বচনের অর্থ কর্ত্তব্য। বৃহস্পতিও চশব্দদ্বারা মিলিত অধিকার কহিতেছেন। যথা স্ত্রীধনে তদীয় অপত্যগণের অধিকার এবং কন্যাও তাহার অংশভাগিনী হয়, সেই কন্যা যদি অবিবাহিতা হয়, বিবাহিতা হইলে মাতার অযৌতক ধন পুত্র সত্ত্বে পায় না। এই বচনে অপত্যশব্দ পুত্রবাচক, সেই পুত্রদের অদত্তা কন্যার সহিত মাতৃধনের সমানভাগ হইবে। যথা শঙ্খ লিখিত বচন, সকল সহোদর ভ্রাতারা এবং কুমারী ভগিনীগণ মাতৃধন সমান ভাগ করিয়া লইবে, এইরূপ সকল বচনেই প্রথমতঃ পুত্রের উল্লেখ হেতু সর্ব্বাবস্থ অর্থাৎ সংস্কৃত ও অসংস্কৃত উভয় প্রকার পুত্রের মাতৃধনে অধিকার

ইহ পুত্রকন্যয়োঃ সাধারণং মাতৃধনমিতি সুব্যক্তং কেবল-কুমার্য্যাঃ সকলমাতৃধনাধিকারিত্বে যৌতকধনে বিশেষবচনং মন্বাদীনামনর্থকং স্যাৎ সর্ব্বত্রাধিকারাবিশেষাৎ ॥ ৫৮ ॥

যঃ পুনরেবং সমাধানং ব্রূতে ভ্রাতৃভগিন্যোস্তুল্যবজ্জননী-ধনাধিকারিত্বে সমভাগবিধানং যুক্তং কেবলভগিনীনাং তদভাবে চ কেবলভ্রাতৄণাং ধনসম্বন্ধে সমং স্যাদশ্রুতত্বাদ্বিশেষস্যেতি ন্যায়তএব সমত্বপ্রাপ্তেরনর্থকং সমমিতি। স. এবং বাচ্যঃ

---

পুত্রদুহিতৃসপত্নীপুত্রপৌত্রদৌহিত্রপ্রপৌত্রসপত্নীপৌত্রপ্রপৌত্ররহিতায়ামিত্যর্থঃ। সু-ব্যক্তমিতি। সামান্যপদাদিতি শেষঃ। কেবলকুমার্য্যা ইতি। ভ্রাতৃসত্বেঽপীত্যাদি। বিশেষবচনং বক্ষ্যমাণং ॥ ৫৮ ॥

নম্নু ভ্রাতৃভগিন্যোবধিকারে ভগিন্যপেক্ষয়া ভ্রাতুরভ্যর্হিতত্বেন বিংশোদ্ধারপ্রসক্তৌ

---

প্রতিপাদিত হইয়াছে ও চকার প্রয়োগও সর্ব্বত্র নিয়ত সমুচ্চয়বাচক। ইহাতেও বিতণ্ডাশীল বাদমল্ল ব্যক্তির প্রতি এই দেবল বচনটিই গলহস্ত স্বরূপ জানিবে, যথা মাতার মরণানন্তর মাতৃধন পুত্র ও অদত্তা কন্যা উভয়ের সাধারণরূপে অধিকারযোগ্য ও স্ত্রী নিঃসন্তানা হইলে পর, ভর্ত্তা বা মাতা বা ভ্রাতা কিংবা পিতা সেই স্ত্রীধন পাইবেন। এই বচনে মাতৃধন পুত্র কুমারী উভয়ের সাধারণ স্বত্বাস্পদীভূত ইহা সুস্পষ্ট হইল। মাতার সমস্ত ধনে কেবল কুমারীর অধিকার বলিলে যৌতকধনে মনুপ্রভৃতির বিশেষ বচন নিরর্থক হইয়া যায়। কেন না কি যৌতক কি অযৌতক কোন স্ত্রীধনেই কন্যা পুত্রের অধিকারের বিশেষ থাকে না ॥ ৫৮ ॥

আর যিনি মনু বচনের এইরূপ সমাধান করেন যে মাতৃধনে ভাই ভগিনী উভয়ের তুল্যাধিকার হইলেই সমান ভাগ বিধান যুক্তিযুক্ত হয়, নচেৎ কেবল ভগিনীর, তাহার অভাবে কেবল ভ্রাতার অধিকার হইলে "কোন বিশেষের শ্রবণ না থাকিলে সমানই হয়" এই ন্যায়দ্বারাই সমান ভাগ ব্যবস্থা লাভ হইতে পারে তাহাতে সমান ভাগ করিয়া লইবে এই মনুবচনে সম শব্দ প্রয়োগ করা

ভ্রাতৃভগিন্যোরপ্যধিকারে সমং স্যাদিতি ন্যায়াৎ সমত্বপ্রাপ্তেরবিশেষাদানর্থক্যস্য তদবস্থত্বাৎ। কিঞ্চ কেবলভ্রাত্রধিকারপক্ষেঽপি পিতৃধনইব মাতৃধনেঽপি বিংশোদ্ধারাদি প্রসক্তিনিবর্ত্তকতয়া সমপদস্য সার্থকত্বাৎ কথমনর্থকতা। অতোবচনন্যায়ানভিজ্ঞঃ সর্ব্বৈঃ প্রাজ্ঞৈরবজ্ঞেয়এব কিঞ্চিজ্জ্ঞ ইতি॥ ৫৯॥

কিন্তূক্তাদেব হেতোঃ পুত্রকুমারীদুহিত্রোস্তুল্যবদধিকারঃ। এতয়োশ্চান্যতরাভাবেঽন্যতরস্য তদ্ধনং দ্বয়োরপ্যেতয়োরভাবে তু ঊঢ়ায়া দুহিতুঃ পুত্রবত্যাঃ সম্ভাবিতপুত্রায়াশ্চ তুল্যোঽধি-

---

তন্নিবর্ত্তকতয়ৈব সমত্ববিধানং সার্থকমিতি যদি তদা কেবলভ্রাত্রধিকারপক্ষেঽপি তথৈব সার্থকমিতি কথমনর্থকত্বেত্যাহ কিঞ্চেতি। বচনন্যায়েতি। বচনং সামান্যং পুত্রকন্যানামিতি। ন্যায়ঃ কিঞ্চেত্যাদিনোক্তযুক্তিঃ॥ ৫৯॥

অন্যতরেতি। ভ্রাত্রোরিব তুল্যাধিকারাদিতি ভাবঃ। ঊঢ়ায়া ইতি। ন পুনর্ব্বক্ষ্যমাণযৌতকধনবৎ কন্যায়া অভাবে বাগ্‌দত্তায়াস্তদভাবে ঊঢ়ায়া ইতি ক্রমঃ প্রমাণাভাবাদিতি ভাবঃ। অতএব পার্ব্বণপিণ্ডদানাদেব। উপকারান্তরমপি হেতুমাহ দৌহিত্রোঽপীতি। স্বসত্তয়া সাক্ষাৎ স্বজন্যসত্তয়া স্বপুত্রদ্বারেণ চোহেতৌ।

---

নিরর্থক হয়, এইরূপ মীমাংসা কারি ব্যক্তিপ্রতি এইরূপ বক্তব্য যে ভ্রাতৃ ভগিনী উভয়ের এককালে অধিকার বলিলেও উক্ত ন্যায়ানুসারে সমভাগ লাভের কোন বৈলক্ষণ্য না হইবায় সমপদের আনর্থক্য দোষ তদবস্থই থাকে তাহার কোন ভঞ্জন হয় না। আর কেবল ভ্রাত্রধিকারপক্ষে ও পিতৃধনের ন্যায় মাতৃধনেও বিংশোদ্ধারাদির প্রসক্তি ছিল তাহার নিবারণই সম শব্দ প্রয়োগের প্রয়োজন। সুতরাং সমপদের নিরর্থকতা দোষ রহিল না, অতএব পূর্ব্বোক্ত দেবল বচন ও সমপদের প্রকৃত সার্থকতা যুক্তি না জানিয়া মনুবচনের যথাশ্রুত সমাধানকারি ব্যক্তি প্রাজ্ঞসমাজে কিঞ্চিজ্জ্ঞ বলিয়া অবজ্ঞেয়ই হইবেন ইতি॥ ৫৯॥

পরন্তু পূর্ব্বোক্ত হেতুতে মাতার অযৌতক ধনে পুত্র এবং কুমারী দুহিতার

কারঃ স্বপুত্রদ্বারেণ পার্ব্বণপিণ্ডদানসম্ভবাৎ। অতএব পূর্ব্বোক্ত-দুহিত্রভাবে দৌহিত্রস্যৈব ধনাধিকারঃ। দৌহিত্রোঽপি হ্যমুত্রৈনং সন্তারয়তি পৌত্রবৎ ইতিমনুবচনাৎ ন তু বন্ধ্যাবিধবা-দুহিত্রোঃ স্বসত্তয়া স্বজন্যসত্তয়া চ পার্ব্বণপিণ্ডদানাভাবাৎ। অতএব নারদঃ। পুত্রাভাবে চ দুহিতা তুল্যসন্তানদর্শনাৎ। পৌত্রদৌহিত্রয়োস্তু সদ্ভাবে পৌত্রস্যৈবাধিকারঃ পুত্রেণ

---

যদ্যপি পুত্রবতীনামপি স্বসত্তয়া পিণ্ডদানাভাবঃ তথাপি দৃষ্টান্তার্থং তদুক্তিঃ। যতঃ স্বপুত্রদ্বারেণ তদুপকারকতয়া দুহিতৄণাং ধনাধিকারঃ অতএব নারদেন সন্তানদর্শনং দুহিত্রধিকারে হেতুতয়া নির্দ্দিষ্টমিত্যাহ অতএবেতি। পুত্রেণেতি। এতেন যৌতকধনে দৌহিত্রস্যাদাবধিকারঃ সূচিতঃ তত্র পুত্রস্যৈবোঢ়াবাধ্যত্বাদিতি বোধ্যং।

---

সমান অধিকার হইবে, ইহার মধ্যে একের অভাবে অন্যের অধিকার অর্থাৎ কুমারী না থাকিলে কেবল পুত্রও না থাকিলে কেবল কুমারী মাতার ধন পাইবে, পুত্র কুমারী উভয়ের অভাবে বিবাহিতা পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা দুহিতার তুল্য অধিকার হইবে, যেহেতু তাহাদের আপন পুত্রদ্বারা পার্ব্বণ-বিধানে পিণ্ডদান সম্ভব। অতএব উক্ত দুহিতার অভাবে দৌহিত্রের মাতামহী-ধনে অধিকার, দৌহিত্রও পৌত্র ন্যায় পরলোকে মাতামহ মাতামহীকে উদ্ধার করে এই মনুবচনই তদ্বিষয়ে প্রমাণ। নতুবা প্রপৌত্র পর্য্যন্ত থাকিতে বন্ধ্যা ও পুত্রহীনা বিধবার মাতার অযৌতকধনে অধিকার হয় না, কেননা উহাদেব সাক্ষাৎ সম্বন্ধে আপনার দ্বারা কিংবা আপনার পুত্রদ্বারা পার্ব্বণ পিণ্ডদান অসম্ভব। এজন্য নারদ মুনি, পুত্রের অভাবে দুহিতা অধিকারিণী হয় যদি অনুরূপ সন্তান দর্শায় এই বচন দ্বারা দুহিত্রধিকারস্থলে সন্তান দর্শানকে হেতু রূপে নির্দ্দিষ্ট করিয়াছেন। আর পৌত্র ও দৌহিত্রের মধ্যে পৌত্রেরই প্রথম অধিকার যুক্তিসিদ্ধ। কারণ পুত্র বিবাহিতা কন্যার অধিকার বাধক বিধায় পৌত্র বাধকের পুত্র হইয়া অবশ্যই বাধ্যা দুহিতার পুত্রকে অধিকার বিষয়ে বাধা দিতে পারে

পরিণীতদুহিতুর্ব্বাধাৎ বাধকপুত্রেণ বাধ্যদুহিতৃপুত্রবাধস্য ন্যায্যত্বাৎ। উক্তানান্তু সর্ব্বেষাং দৌহিত্রপর্য্যন্তানামভাবে বন্ধ্যাবিধবয়োরপি মাতৃধনাধিকারিতা তয়োরপি তৎ প্রজাত্বাৎ প্রজাভাবে চান্যেষামধিকারাৎ॥ ৬০॥

যত্তু দুহিতৃমাত্রাধিকারার্থং গৌতমবচনং স্ত্রীধনং দুহিতৄণামপ্রত্তানামপ্রতিষ্ঠিতানাং চ। যচ্চ নারদস্য মাতুর্দুহিতরোহভাবে দুহিতৄণাং তদন্বয়ঃ। যচ্চ কাত্যায়নস্য দুহিতৄণাম-

দৌহিত্রপর্য্যন্তানামিতি প্রপৌত্রপর্য্যন্তোপলক্ষণং দৌহিত্রানন্তরং মহোপকারকত্বেন তস্যৈবাধিকারাৎ। তয়োরপীতি। এতেন পূর্ব্বং যত্তয়োরনধিকারকথনং তদুক্তপর্য্যন্তসদ্ভাবে জ্ঞেয়ং॥ ৬০॥

যৌগপদ্যাধিকারে কেবলকন্যাধিকারবোধকবচনবিরোধং পরিহর্ত্তুং তদ্বচনান্যাহ যত্ত্বিতি। নন্বত্র বিনিগমকাভাবঃ দেবলাদিবচনানাং যৌতকবিষয়ত্বং অনন্তরোক্তগৌতমাদিবচনানাং অযৌতকবিষয়ত্বমিত্যস্যাপি সম্ভবাৎ অতো মনুবচনৈকমূলকত্বং বিনিগমকমাহ অতএবেতি। যতএব কেবলযৌতকএব প্রথমং কুমার্য্যধিকারঃ

ইহা ন্যায্য। (আর দৌহিত্রের অভাবে প্রপৌত্রের অধিকার উপকারকত্ব নিবন্ধন বুঝিতে হইবে) উক্ত প্রপৌত্রপর্য্যন্তের অভাবে বন্ধ্যা ও পুত্রহীনা বিধবারও মাতৃধনে অধিকার বাচনিক। যেহেতু বন্ধ্যা ও বিধবা প্রজাশব্দবাচ্য প্রজা অর্থাৎ সন্তান সন্ততি, তাহা না থাকিলে অন্যের অধিকার হইবে॥ ৬০॥

তবে কন্যামাত্রের অধিকার বোধক যে কয়েকটি বচন আছে যথা গৌতমবচন, অদত্তা হউক বা দত্তাই হউক স্ত্রীধন কন্যার হইবে। তথা নারদবচন, মাতার ধন কন্যারা পায় কন্যার অভাবে পুত্রাদি পায়। তথা কাত্যায়ন বচন, কন্যার অভাবে মাতৃধন পুত্রগামি হয়। তথা যাজ্ঞবল্ক্যবচন, ঋণাবশিষ্ট মাতৃধন কন্যারা পায়, কন্যা না থাকিলে পুত্রাদি পায়। এই কয়েকটি বচন, পূর্ব্বোক্ত দেবলাদি বচনের সহিত বিরোধপ্রযুক্ত যৌতকধনবিষয়েই ঘটাইতে হইবে। যথা মনুবচন, মাতার যা কিছু যৌতকধন থাকে তাহা কেবল

ভাবে তু রিক্থং পুত্রেষু তদ্ভবেৎ। যচ্চ যাজ্ঞবল্ক্যস্য মাতুর্দুহিতরঃ শেষমৃণাত্তাভ্য ঋতেঽন্বয়ঃ। তানি পূর্ব্বোক্তদেবলাদিবচনবিরোধেন যৌতকদ্রব্যবিষয়াণি। অতএব মনুঃ। মাতুশ্চ যৌতকং যৎ স্যাৎ কুমারীভাগ এব সঃ। যৌতকং পরিণয়নলব্ধং যুমিশ্রণে ইতিধাতো যুতইতিপদং মিশ্রতাবচনং মিশ্রতা চ স্ত্রীপুরুষয়োরেকশরীরতা বিবাহাচ্চ তদ্ভবতি "অস্থিভিরস্থীনি মাংসৈর্ম্মাংসানি ত্বচা ত্বচমিতিশ্রুতেঃ", অতো বিবাহকালে লব্ধং যৌতকং। অতএব বশিষ্ঠঃ। মাতুঃ পারিণায্যং স্ত্রিয়োবিভজেরন্। পারিণ্যায্যং পরিণয়নলব্ধং ধনং ॥ ৬১ ॥

---

অতএব মনুনা কুমার্য্যধিকারে যৌতকপদমভিহিতং ইতি ভাবঃ। অস্থিভিরিতি। কন্যাস্থিভি র্বরাস্থীন্যেকতামাপ্নুবন্তীত্যর্থঃ এবমন্যত্রাপি। যতো বিবাহসময়লব্ধমেব যৌতকং অতোঽত্র বশিষ্ঠেনাপি পারিণায্যপদমুক্তং অন্যথা মূলান্তরকল্পনাপত্তেরিত্যাহ অতএবেতি। অতএব পারিণায্যপদমপি বিবাহসময়লব্ধপরমেব নতু কল্পতরু প্রভৃতিভিরুক্তং যৎ পরিচ্ছদাদর্শকঙ্কতিকাদিরূপং পারিণায্যং তৎপরং। তথাত্বে শ্রুতিভেদকল্পনাপাতাৎ পরিণয়শব্দস্য বিবাহে রূঢ়ত্বাচ্চ॥ ৬১ ॥

---

কুমারীরই প্রাপ্য। যৌতক শব্দের ব্যুৎপত্তিলভ্য অর্থ বিবাহসময়লব্ধধন, যু মিশ্রণে এই মিশ্রণার্থ যু ধাতুর উত্তর ভাববাচ্যে ক্ত প্রত্যয় করিয়া যুত এই পদটি নিষ্পন্ন হয় তাহাতে মিশ্রীকরণ অর্থ বুঝাইল এস্থলে মিশ্রীকরণ স্ত্রী-পুরুষের একশরীরতা। তাহা বিবাহ হইতে হয় যথা শ্রুতি, কন্যার অস্থির সহিত বরের অস্থি একতা প্রাপ্ত হয় এবং কন্যার মাংসের সহিত বরের মাংস, ও কন্যার চর্ম্মের সহিত বরের চর্ম্ম ঐক্য প্রাপ্ত হয়। সুতরাং সেই বিবাহ কালে যাহা প্রাপ্ত হয় তাহার নাম যৌতুক। অতএব বশিষ্ঠ বলেন মাতার পারিণায্য অর্থাৎ পরিণয়নলব্ধ যৌতক ধন কন্যারা বিভাগ করিয়া লইবে॥ ৬১ ॥

যত্তু মনুবচনং। স্ত্রিয়াস্তু যদ্ভবেদ্বিত্তং পিত্রা দত্তং কথঞ্চন। ব্রাহ্মণী তদ্ধরেৎ কন্যা তদপত্যস্য বা ভবেৎ। অত্র পিত্রা দত্তমিতিবিশেষণাৎ বিবাহসময়াদন্যত্রাপি যৎ পিতৃদত্তং তৎ কন্যায়া এবেত্যেতদর্থং ব্রাহ্মণীপদঞ্চানুবাদঃ। যদ্বা ব্রাহ্মণী-পদস্য চানর্থক্যভয়াৎ ক্ষত্রিয়াদিস্ত্রীণামনপত্যানাং পিতৃদত্তং ধনং সপত্নীদুহিতা ব্রাহ্মণী কন্যা হরেৎ ন পুনরপ্রজাস্ত্রীধনং ভর্ত্তুরিতিবচনাবকাশইতিবচনার্থঃ। অন্যথা সকলবচনানাম-

বিবাহসময়াদন্যত্রাপীতি। তথাচ পিত্রা দত্তং যৌতকমযৌতকং বা তৎ সর্ব্বং কন্যায়া-এবেত্যেতদ্বোধনার্থমেতদ্বচনং'মাতুশ্চ যৌতকং যৎ স্যাদিতি'পূর্ব্ববচনন্তু যৌতকসামান্যে কন্যামাত্রাধিকারার্থমিতি নান্যতরবৈয়র্থ্যমিতি বোধ্যং। কন্যায়াএবেতি এবকারেণ পুত্র নিরাসঃ। ব্রাহ্মণীপদস্যানুবাদত্বে বৈয়র্থমাশঙ্ক্যাহ যদ্বেতি। ন চ ব্রাহ্মণীকন্যায়া অধিকারাবগমাৎ স্ত্রীপদং ব্রাহ্মণীপরংমস্তু ক্ষত্রিয়াদিপরত্বে কন্যাপদস্যামুখ্যতাপত্তেরিতি বাচ্যং অনূঢ়ত্বেনৈব কন্যাপদস্য সপত্নীকন্যাবোধকতয়া অমুখ্যত্বাপ্রসক্তেঃ তদ্রূপেণৈব কন্যাপদস্য শক্তেঃ। আনর্থক্যভয়াদিতি। ন চ আনর্থক্যভয়াৎ পরিসংখ্যৈবাস্তু তথাচ ব্রাহ্মণী এব হরেৎ নান্যেতিপরিসংখ্যয়া ক্ষত্রিয়াদেঃ পিতৃদত্তযৌতকে সত্যামপি কন্যায়াং পুত্রাণামেবাধিকারইতি বাচ্যং স্বার্থহান্যাদিদোষত্রয়াপত্তেঃ এতদপেক্ষয়া কন্যাপদস্য জহৎস্বার্থলক্ষণয়া সপত্নীকন্যাপরত্বস্যৈব ন্যায্যত্বাদিতি। ব্রাহ্মণীপদমুক্তম-

আর একটি যে মনুবচন আছে যথা স্ত্রীলোকের পিতৃদত্ত যে কিছু ধন থাকে তাহা ব্রাহ্মণী কন্যাই পায় তদভাবে পুত্র পায়। এই বচনে পিতৃদত্ত এই বিশেষণটি দেওয়ায় বিবাহসময়াতিরিক্ত অন্য সময়েও পিতা কন্যাকে যাহা দেন তাহা অগ্রে কুমারী কন্যা মাত্রেরই হইবে অন্যান্য অযৌতক ধনের ন্যায় পুত্র ভাগ পাইবেন না, এই বচনের তাৎপর্য্য বিধায় ব্রাহ্মণীপদ অনুবাদমাত্র অর্থাৎ ব্রাহ্মণী এই বিশেষণ নিরর্থক, অথবা উহার সার্থকতা রাখিবার নিমিত্ত এরূপও অর্থ করা যায় যে চতুর্ব্বর্ণ বিবাহস্থলে ব্রাহ্মণের ক্ষত্রিয়াদি পত্নী নিঃসন্তানা হইলে তাহাদের পিতৃদত্ত স্ত্রীধন অন্যে না পাইয়া সপত্নী ব্রাহ্মণী কন্যাই পাইবে। সে স্থলে

সামঞ্জস্যং স্যাৎ। ন চ বাচ্যং নারদাদিভির্দুহিতুরভাবে দুহিতুঃ পুত্রাণামেব ধনাধিকারোদর্শিতঃ প্রত্যাসন্নদুহিতৃপদেনৈবান্বয়-পদস্যান্বয়াদিতি যতো দুহিতৃপদস্য জন্যবিশেষপরত্বেন জনকাকাঙ্ক্ষিতত্বাৎ ন জন্যান্তরেণান্বয়পদোপাত্তেন পুত্রেণান্বয়ঃ সম্ভবতি সমত্বাৎ। ন চাধিষ্ঠানলক্ষণয়ান্বয়ো বাচ্যঃ মাত্রন্বয়ে-

জাতিমাত্রপরং তেন বৈশ্যায়া অপি তথাবিধায়াঃ পিতৃদত্তং ধনং ক্ষত্রিয়া গৃহ্নীয়াদিতি মিতাক্ষরাব্যাখ্যানং তৎ প্রমাণাভাবাদুপেক্ষণীয়মিতি। অন্যথেতি। পূর্ব্বাব্যাখ্যানে ইত্যর্থঃ। সকলবচনানামিতি। পিতৃদত্তসাধারণযৌতকধনসামান্যে কন্যা পুত্রয়োস্তুল্যবদধিকারবোধকবচনানামিত্যর্থঃ। নারদাদিবাক্যে অন্বয়পদং সন্নিহিতত্বাৎ দুহিত্রন্বয়ি দৌহিত্রপরং তথাচ সত্যপি পুত্রে দুহিত্রভাবে দৌহিত্রস্যৈব যৌতকধনাধিকার ইতি কেষাঞ্চিন্মতমপাকর্ত্তুমাহ ন চ বাচ্যমিতি। জন্যবিশেষেতি! বিশেষঃ স্ত্রীরূপঃ জনকাকাঙ্ক্ষিতত্বাৎ জনকমাত্রাকাঙ্ক্ষিতত্বাৎ জন্যতয়োপস্থিতনিরাকাঙ্ক্ষিতত্বাদিতি যাবৎ। জন্যান্তরেণ জন্যতয়োপস্থিতেন। তথোপস্থিতিং সমর্থয়তি অন্বয়পদোপাত্তেনেতি। পূর্ব্বাসত্বপূর্ব্বসত্ববিশিষ্টসত্বরূপয়োঃ সাধ্যত্বসাধনত্বয়োর্ব্বিরোধেন একস্মিন্ ধর্ম্মিণ্যেকদা তদুভয়বোধাসম্ভবাদিতি ভাবঃ। অন্বয়পদস্যাপি দুহিত্রন্বয়ে নিরাকাঙ্ক্ষত্বমাহ সমত্বাদিতি। দ্বয়োরেব জনকমাত্রসাকাঙ্ক্ষতয়া তুল্যত্বাদিত্যর্থঃ। অধিষ্ঠানেতি। জন্যত্বাংশমপহায় দুহিতৃপদস্য স্ত্রীত্বেন অন্বয়পদস্য চ পুংস্তেন রূপেণ লক্ষণয়েত্যর্থঃ।

অপ্রজস্ত্রীধনাধিকারের বচন খাটিবে না এইরূপ মীমাংসা করা কর্ত্তব্য, অন্যথা সকল বচনের সামঞ্জস্য থাকে না।

আর নারদাদিবচনে নিকটস্থ দুহিতৃপদের সহিত অন্বয় পদের সমন্বয় করিয়া মাতার যৌতকধনে প্রথম দুহিতার অধিকার, দুহিতার অভাবে তাহার অন্বয় অর্থাৎ দৌহিত্রের অধিকার হইবে একথা বক্তব্য নহে, যেহেতু দুহিতৃ শব্দের অর্থ জন্য স্ত্রীরূপ তাহার জনকমাত্রেরই সহিত সাকাঙ্ক্ষত্ব প্রযুক্ত অন্বয় হইতে পারে, পুত্রের সহিত অন্বয় হইতে পারে না। কেননা অন্বয় শব্দ প্রতিপাদ্য পুত্রও জন্য পুংরূপ সুতরাং জন্যস্বরূপে দুই সমান হওয়াতে পরস্পরের অন্বয় হইতে পারে না,

নৈব সর্ব্বেষাং মুখ্যত্বসম্ভবাৎ মাতৃপদান্বয়ে চ দুহিতৃপদস্য মুখ্যত্বস্বীকারাৎ। ন চ তদন্বয় ইতি তচ্ছব্দোপাত্তায়া দুহিতু-রন্বয়যোগ্যতা বাচ্যা তচ্ছব্দস্যাপি প্রকৃতবাচিতয়া দুহিতৃস্বরূপে-নৈবোপপাদকত্বাৎ। কিঞ্চ যাজ্ঞবল্ক্যবচনে দুহিতরইতিপদং প্রথমান্তং তাভ্যইতিপদঞ্চ পঞ্চম্যন্তং অন্বয়পদেন ষষ্ঠ্যন্তান্বয়-

---

অন্বয়োবাচ্যইতি। জন্যত্বেনানুপস্থিত্যা পরস্পরনিরাকাঙ্ক্ষত্ববিরহাদিতিভাবঃ। সর্ব্বেষামিতি। দুহিতৃপদানুয়পদকাত্যায়নোক্ত পুত্রপদানামিত্যর্থঃ। মুখ্যত্বস্বীকারা-দিতি। তথাচ মাতুরন্বয়ার্থং মুখ্যস্য দুহিতৃপদস্য অন্বয়পদার্থান্বয়ার্থং ন পুনর্লক্ষণা যুগপদ্বৃত্তিদ্বয়বিরোধাদিতি ভাবঃ। তচ্ছব্দোপাত্তায়া ইতি। তদা বুদ্ধিস্থত্বেনৈবো-পস্থিতায়া ইত্যর্থঃ। দুহিতৃত্বরূপেণেতি। তথাচ তদাদের্ব্বিশেষরূপেণৈব বোধকত্বং ন বুদ্ধিস্থত্বসামান্যেনেতি নিরাকাঙ্ক্ষত্বং তদবস্থমিতি ভাবঃ। নন্বন্বয়পদার্থস্য মাতু-রিত্যনেনান্বয়ে তৎপদবৈয়র্থ্যং ন চ তৎপদোপস্থিতায়াএব মাতুরন্বয়ো বাচ্যঃ মাতু-র্ব্বিশেষণত্বেনাপ্রধানতয়া তদা পরামর্ষাভাবাৎ তদাদীনাং বিশেষ্যপবামর্ষস্যৌৎসর্গি-কত্বাৎ তথাচ প্রধানী ভূতদুহিতুরেব পরামৃষ্টায়া অন্বয়েনান্বয়ো বাচ্যঃ ন চ জন্যত্বে-নোপস্থিতায়া দুহিতুর্জ্জনকত্বান্বয়ে বিরোধঃ একনিরূপিতজন্যজনকতয়োরেবৈকস্মিন্ ধর্ম্মিণি বিরোধেন ভানানভ্যুপগমাৎ ইহ তু মাত্রপেক্ষয়া জন্যত্বং অন্বয়পদার্থাপেক্ষয়া

---

আর জন্যত্বাংশ পরিত্যাগ করিয়া দুহিতৃপদে ও অন্বয় শব্দবাচ্য পুত্রপদে লক্ষণা করিয়া কেবল স্ত্রীজাতি ও পুংজাতিরূপ অর্থ করিয়া পরস্পরের অন্বয় করিব ইহাও বলিতে পার না, যেহেতু মাতার সহিত কি দুহিতা কি পুত্র উভয়েরই অন্বয় করিলে লক্ষণা করিতে হয় না মুখ্যার্থ দ্বারাই সমাধা হয়। আর মাতার সঙ্গে দুহিতার অন্বয়কালে দুহিতৃশব্দের শক্তি জন্যত্ববিশিষ্ট স্ত্রীতে স্বীকার করিতে হইবে এবিধায় দুহিতৃশব্দের মাত্রপেক্ষা মুখ্যত্ব এবং পুত্রের সঙ্গে অন্বয়কালে লাক্ষণিকত্ব স্বীকার করিতে গেলে যুগপদ্বৃত্তিদ্বয় বিরোধরূপ দোষ ঘটে। যদি বল দুহিতৃশব্দের পুত্রের সঙ্গে অন্বয় করিলে দোষ ঘটে বটে কিন্তু এখানে সাক্ষাৎ দুহিতৃশব্দ না লইয়া তদ্ শব্দদ্বারা দুহিতার উপস্থিতি করিয়া তাহার সঙ্গে অন্বয় করিব, একথাও বলিতে

যোগ্যেন নাম্বীয়তে কিন্তু ব্যবহিতমপি মাতুরিত্যেবপদমন্বয়ি তদত্র মাতুরন্বয়ে নিশ্চিতে নারদকাত্যায়নবাক্যেঽপি মাতুরেবান্বয়ো ন্যায্যঃ অবিরোধাৎ ॥ ৬২ ॥

কিঞ্চ সৎস্বঙ্গজেষু তদ্গামী হ্যর্থো ভবতীতি বৌধায়নবচনানুসারেণানন্তর্য্যাচ্চ অঙ্গজস্য পুত্রস্যাধিকারো ন্যায্যো

জনকত্বং দুহিতুরিতি নিরূপকভেদাৎ অতএব "দুহিতুশ্চৈব যে পুত্রা দৌহিত্রাস্তে প্রকীর্ত্তিতা" ইত্যাদিবচনেষু দুহিতুঃ পুত্রা ইতি সঙ্গচ্ছতে ইত্থঞ্চাত্র দুহিত্রন্বয়ে নির্ণীতে তদেকশ্রুতিমূলতয়া যত্র তৎপদং নাস্তি তত্রাপি বচনে দুহিত্রন্বয়এব বাচ্য ইত্যতআহ কিঞ্চেতি। কিন্ত্বিতি। ষষ্ঠ্যন্তমুপেক্ষ্য ষষ্ঠ্যন্তবিপরিণামেন নান্বয়োগৌরবাদিতি ভাবঃ। অবিরোধাদিতি। একশ্রুতিমূলত্বেঽবিরোধাদিত্যর্থঃ। ৬২।

নমু তথাপি নারদবচনে মাতুরন্বয়ে তৎপদবৈয়র্থ্যাপাতাৎ বরং যাজ্ঞবল্ক্যবচনে ষষ্ঠ্যন্ত বিপরিণামেন দুহিতুরেবান্বয়োন্যায্য ইত্যতআহ কিঞ্চেতি। তথাচ বৌধায়নস্য সঙ্কোচকল্পনং যাজ্ঞবল্ক্যোক্তষষ্ঠ্যন্তবিপরিণামেনান্বয়কল্পনং চাপেক্ষ্য তৎপদস্যানুষঙ্গপ্রয়াসনিরাসার্থং অনুবাদএব ন্যায্যইতি ভাবঃ। যৌতকধনং সর্ব্বাবস্থদুহিতৃণামেব তদভাবে পুত্রস্য ইত্যুপসংহরতি ততশ্চেতি। ন পুত্রাণামিতি দুহিতরি

পার না, কেননা তদ্‌শব্দটি সর্ব্বনাম প্রক্রান্তবাচিত্ব প্রযুক্ত জন্য স্ত্রীরূপ দুহিতাকেই উপস্থিত করে তাহাতে সাক্ষাৎ দুহিতৃশব্দের ও তদ্ শব্দের অর্থতঃ কিছুমাত্র বিশেষ নাই। আর দুহিতরঃ এই পদটি প্রথমান্ত এবং তাভ্যঃ এই পদটি পঞ্চম্যন্ত বিধায় ষষ্ঠ্যন্ত পদের সহিত অন্বয় যোগ্য, পুত্রবাচক অন্বয় শব্দের সঙ্গে প্রথমান্ত ও পঞ্চম্যন্তপদ অন্বয় পাইতে পারে না। সুতরাং মাতুঃ এই পদটি ব্যবহিত অর্থাৎ দূরস্থিত হইলে ও ষষ্ঠীবিভক্ত্যন্ত হইবায় অন্বয়পদের সঙ্গে অন্বয় পাইল, এইরূপে মাতার অন্বয় অর্থাৎ পুত্র পাইবে, এই অর্থ স্থিরীভূত হইলে পর নারদ ও কাত্যায়নমুনির বচনেও মাতারই অন্বয় অর্থাৎ পুত্র এই অর্থই যুক্তিসিদ্ধ তাহাতে আর কোন বিরোধ থাকে না ॥ ৬২ ॥

আর যদি অঙ্গজ থাকে তবে ধন তাহাকেই প্রাপ্ত হয় এই বৌধায়নের

নাননঙ্গজস্য ব্যবহিতস্য দৌহিত্রস্যাধিকারঃ। ততশ্চ পরিণয়নলব্ধস্ত্রীধনং দুহিতুরেব ন পুত্ত্রাণাং তত্রৈব চ ক্রমার্থং গৌতমবচনং স্ত্রীধনং দুহিতৄণামপ্রত্তানামপ্রতিষ্ঠিতানাঞ্চ। প্রথমমপ্রত্তানাং তদভাবে প্রত্তানাং তদভাবে চ সমূঢ়ানাং স্ত্রীধনং দুহিতৄণামিতি সামান্যতঃ প্রাপ্তত্বাৎ অপ্রত্তানামিত্যাদেস্তু ক্রমার্থত্বেনোপসংহারার্থত্বাৎ। তথা চ যাজ্ঞবল্ক্যঃ। অপ্রজাস্ত্রীধনং ভর্ত্তুর্ব্রাহ্মাদিষু চতুর্ষ্বপি। দুহিতৄণাং প্রসূতা চেচ্ছেষেষু পিতৃগামি তৎ। ব্রাহ্মাদিষু বিবাহেষু যল্লব্ধং অধ্য-

সত্যামিতি শেষঃ। তত্রৈব দুহিত্রধিকারবিষয়এব। ক্রমার্থং কুমারীণাং বাগ্দত্তানামূঢ়ানাঞ্চ ক্রমেণাধিকারার্থং। প্রথমমিতি। অপ্রত্তা অবাগ্দত্তা প্রত্তা বাগ্দত্তা। চকারলভ্যার্থমাহ সমূঢ়ানামিতি। নন্বু যুগপদেবাপ্রত্তাদীনামধিকারস্ত বচনার্থত্বসম্ভবাৎ কথং ক্রমকল্পনেত্যতআহ দুহিতৄণামিতীতি। ক্রমার্থত্বেন ক্রমিকাধিকারিত্বেন যঃ সামান্যপ্রাপ্তাধিকারস্ত উপসংহারোবোধস্তদ্রূপার্থবত্ত্বাৎ তৎপ্রয়োজনবত্ত্বাদিত্যর্থঃ উপসংহারোঽর্থো যস্যেতিবহুব্রীহিণা উক্তার্থলাভাৎ। উপসংহারসমর্থত্বাদিতি পাঠে সম্যগর্থঃ প্রয়োজনং যস্যেতি পূর্ব্বোক্ত এবার্থঃ। তথাচ প্রথমং কুমার্য্যাস্তদভাবে বাগ্দত্তায়াঃ সগোত্রত্বেন তস্যা উঢ়াপেক্ষয়া বলবত্ত্বাৎ তদভাবে সমূঢ়ায়াঃ তত্রাপি পুত্রবতীসম্ভাবিতপুত্রয়োঃ তদভাবেঽন্যস্যা ইতিক্রমঃ। ন চ চকারশ্রুতেরপ্রত্তাদীনাং যুগপদধিকারোরত্নাকরসম্মতোযুক্তইতি বাচ্যং মাতুশ্চ যৌতকং যৎ স্যাৎ কুমারীভাগ এব স ইতি মনুবচনে নিরপেক্ষকুমারীভাগশ্রবণাৎ এবকারশ্রবণাচ্চ কুমারীমাত্রাধিকারাবগমাৎ তত্তুল্যোপকারাভাবে ন্যায়বিরোধাচ্চ। সামান্যেন প্রাপ্তির্যাজ্ঞবল্ক্যবচনাদপীত্যাহ তথেতি। ব্রাহ্মাদিষু চতুর্ষু ব্রাহ্মেণ সহ পঞ্চসু বিবাহে-

বচনানুসারে অঙ্গজ তর্থাৎ পুত্রের অধিকার একান্ত ঘনিষ্টতা প্রযুক্ত শ্লাঘ্য, নচেৎ যে অঙ্গজ নহে অথচ দূরস্থ এমন যে দৌহিত্র তাহার অগ্রিম অধিকার উচিত হয় না।

অতএব মাতার যৌতক স্ত্রীধন দুহিতারই হইবে পুত্রের নহে। তদ্বিষয়ে

ম্রিধনং স্ত্রিয়া তত্তস্যাং মৃতায়াং প্রথমং দুহিতৃণামেব তত্রাপি প্রথমং কন্যায়াস্তদভাবে প্রত্তায়াস্তদভাবে পরিণীতায়াঃ সর্ব্বদুহিত্রভাবে চ পুত্রস্যাধিকারঃ অপ্রজঃস্ত্রীধনে ভর্ত্তুরধিকারাৎ

যু ভর্ত্তুঃ শেষেষু আসুরাদিষু পিতৃগামি প্রসূতা চেৎ তদা দুহিতৃণামর্থাৎ সর্ব্বত্রেত্যর্থঃ। প্রথমং কন্যায়াইতি। পূর্ব্বোক্তবচনৈকমূলত্বাদিতি ভাবঃ। ন চাত্র দুহিতৃপদং দৌহিত্রীপরং অন্যথা মাতুর্দুহিতরঃ শেষমিত্যনেন পৌনরুক্ত্যাপত্তেরিতি মিতাক্ষরোক্তং যুক্তমিতি বাচ্যং মাতুর্দুহিতরইত্যস্যাধ্যগ্নিবিষয়ত্বেনোপসংহারকতয়া তদতিরিক্তপরিণয়নলব্ধবিষয়তয়া চ তস্যাপুনরুক্তত্বাৎ। তস্য চ ঋণাবশিষ্টরূপবিশেষায়ানন্তরমন্বয়াধিকারায় চ সার্থকত্বাৎ তদ্বচনং কন্যাধিকারার্থং ইদন্তু সমূঢ়াধিকারার্থমিত্যপুনরুক্তিরিতি কেচিৎ তদসৎ উভয়ত্রৈব দুহিতৃপদমাত্রশ্রুতেরবিশেষাদুভয়াধিকারস্যৈকেনৈব সিদ্ধেরপরবচনবৈয়র্থ্যস্য দুষ্পরিহারত্বাৎ। দুহিতৃণামেবেতি। ন ত্বযৌতকধনবৎ পুত্রদুহিত্রোরিত্যর্থঃ। নন্থ বচনবলাৎ দুহিত্রভাবএব ভর্ত্তুরধিকারপ্রাপ্তেঃ কথমন্তরাপুত্রস্যাধিকারইত্যতআহ অপ্রজাস্ত্রীধনইতি।

ক্রম বিধায়ক গৌতম বচন যথা স্ত্রীধনে দুহিতৃগণের অধিকার তন্মধ্যে প্রথম অদত্তা কন্যার, তদনন্তর বাগদত্তা কন্যার, তাহার পর বিবাহিতা কন্যার অধিকার হইবে। তত্রাপি প্রথম পুত্রবতী ও সম্ভাবিতপুত্রাকন্যার অধিকাব, তাহার পর বন্ধ্যা বিধবার অধিকার এইরূপ ক্রম বুঝিতে হইবে। যেহেতু গৌতমবচনে প্রথমতঃ দুহিতৃগণের সামান্যতঃ অধিকার বলিয়া অপ্রত্তানাম ইত্যাদি পদ প্রয়োগ করায় ক্রমশঃ অধিকার প্রতিপাদনই বচনের তাৎপর্য্য বোধ হয়। আর যৌতকধনে বন্ধ্যা বিধবা পর্য্যন্ত সমস্ত কন্যারই অধিকার যাজ্ঞবল্ক্য মুনি বলেন যথা ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রজাপত্য, গান্ধর্ব্ব, এই পাঁচ প্রকার বিবাহে স্ত্রীলোক কর্ত্তৃক লব্ধ যৌতক ধনে স্ত্রী অপ্রজা অর্থাৎ নিঃসন্তানা হইয়া মরিলে পর ভর্ত্তার অধিকার হয়। আর যদি সন্তানবতী হইয়া মরে তবে অগ্রে দুহিতৃগণেরই অধিকার তন্মধ্যে প্রথম কুমারীর, তার পর বাগ্দত্তার, তাহার পর বন্ধ্যা বিধবা পর্য্যন্ত বিবাহিতার ক্রমশঃ অধিকার হয়, ও সর্ব্বপ্রকার কন্যার অভাবে পুত্রের অধিকার বুঝিতে হইবে।

বৃহস্পতিনা তু অপ্রত্তাপদেন অপ্রত্তাদ্যভাবে সমূঢ়ায়া অপ্যধিকারঃ সূচিতঃ। ৬৩।

ন চ যৌতকমাত্রধনাভিপ্রায়েণ নেদং বচনং কিন্তু ব্রাহ্মাদিবিবাহেন বিবাহিতায়াযদ্‌যাবদ্ধনং যৌতকমযৌতকং বা তদভিপ্রায়েণেতি বাচ্যং বন্ধুদত্তমিতিবচনস্য নির্বিষয়তাপত্তেঃ মনুবিরোধাচ্চ। যদাহ। ব্রাহ্মদৈবার্ষগান্ধর্ব্বপ্রাজাপত্যেষু যদ্ধনং।

নমু গৌতমবচনাৎ যৌতকধনে সমূঢ়াপর্য্যন্তানাং দুহিতৄণামধিকারোঽস্তু অযৌতকে তু "স্ত্রীধনং তদপত্যানাং দুহিতা চ তদংশিনী। অপ্রত্তা চেৎ সমূঢ়া তু ন লভেন্মাতৃকং ধনমিতি" বৃহস্পত্যুক্তের্ন সমূঢ়ানাং ভর্ত্রাদিসত্ত্বেঽধিকারঃ স্যাদিত্যাশঙ্কায়াং তদ্বচনস্যৈবার্থবিবেচনেন তত্র সমূঢ়াধিকারে প্রমাণমাহ বৃহস্পতিনেতি। অপ্রত্তাপদেনেতি। অত্রায়ং ভাবঃ। অপ্রত্তাপদং ন দুহিতৃবিশেষণপরং সমূঢ়ানিষেধেনৈব দুহিতুরপ্রত্তত্বলাভাৎ কিন্তু অপ্রত্তা চেদর্থাদস্তি তদা সমূঢ়া ন লভেদিত্যেবার্থঃ তথাচাপ্রত্তাভাবে সমূঢ়াধিকারোবৃহস্পতিনা প্রতিপাদিতইতি। অপ্রত্তায়া দুহিতুরধিকারিতায়াং পুত্রসমত্বাৎ অপ্রত্তাভাবে প্রতিপাদিতে অর্থাৎ পুত্রাভাবোঽপি প্রতিপাদিত ইত্যেতদুক্তং অপ্রত্তাদ্যভাবইতি॥ ৬৩॥

ব্রাহ্মাদিবিবাহেন ভার্য্যাত্বং প্রাপ্তায়া যাবদ্ধনগোচরমেব বচনমিতি মিতাক্ষরোক্তমপাকর্ত্তুমাশঙ্কতে নচেতি। নেদং বচনমিতি। অপ্রজাস্ত্রীধনং ভর্ত্তুরিতি-

এইরূপ পুত্রপর্য্যন্ত প্রজার অভাবে ভর্ত্তার অধিকার হইবে। অবশিষ্ট আসুর, রাক্ষস, পৈশাচ, এই তিন বিবাহ লব্ধ যৌতক ধনে কন্যাদি-পুত্র পর্য্যন্ত সমস্ত সন্তানের অভাবে মাতা পিতার অধিকার হয়। আর বৃহস্পতি বচনে অযৌতক ধনেও কুমারী ও পুত্রের অভাবে বিবাহিতার ও অধিকার সূচিত হইয়াছে যথা "যদি অদত্তা কন্যা থাকে তাহা হইলে বিবাহিতা কন্যা পায় না" এই কথা বলায় কাজে কাজেই অদত্তার অভাবে দত্তা পায় এই অর্থ সূচিত হইল॥ ৬৩॥

মিতাক্ষরার মত দুষিবার নিমিত্ত আপত্তি তুলিতেছেন, যদি বল অপ্রজঃ স্ত্রীধনং ভর্ত্তুঃ এই যাজ্ঞবল্ক্যবচনটি কেবল যৌতক ধন মাত্র বিষয়ে নহে। কিন্তু ব্রাহ্মাদি

অপ্রজায়ামতীতায়াং ভর্ত্তুরেব তদিষ্যতে। যত্ত্বস্যাঃ স্যাদ্ধনং দত্তং বিবাহেষ্বাসুরাদিষু। অতীতায়ামপ্রজায়াং মাতাপিত্রো-স্তদিষ্যতে। অস্যাঃ স্যাদ্দত্তমিতি পরাচীনং পূর্ব্বত্রানুষজ্যতে তেন বিবাহেষু যদ্ধনং দত্তমিতি সম্বন্ধাৎ বৈবাহিকধনমাত্রপ্র-তীতেন যাবদ্ধনবিষয়ং। তথা যমঃ। আসুরাদিষু যদ্দ্রব্যং বিবাহেষু প্রদীয়তে। বিবাহক্রিয়ায়াং পূর্ব্বাপরীভূতায়াং

যাজ্ঞবল্ক্যবচনমিত্যর্থঃ। বন্ধুদত্তমিতিবচনস্যেতি। বন্ধুদত্তং তথা শুল্কমন্বাধেয়কমেব চ। অপ্রজায়ামতীতায়াং বান্ধবাস্তদবাপ্নুয়ুরিতি। বক্ষ্যমাণবান্ধবপদোপাত্তভ্রাত্র-ধিকারবোধকবচনস্যেত্যর্থঃ। নির্ব্বিষয়েতি। তত্রাপ্যনেন বচনেন ভবন্মতে ভত্র্ধিকারসিদ্ধেরিত্যাশয়ঃ। অথ তদ্বিরোধাদস্যোৎসর্গবচনস্য বন্ধুদত্তশুল্কেতর-বিবাহপূর্ব্বসময়লব্ধবিবাহোত্তরপুত্রাদিদত্তবিষয়ত্বমস্তিত্যত আহ মনুবিরোধাচ্চেতি। অনুষজ্যতইতি। ন তু প্রাজাপত্যেষু ইত্যনন্তরং ভার্য্যাত্বং প্রাপ্তায়া ইত্য-ধ্যাহারোঽনুষঙ্গাপেক্ষয়া তস্য গুরুত্বাদিতি ভাবঃ। এবঞ্চৈতদেকবাক্যতয়া যাজ্ঞ বল্ক্যবচনেঽপি দত্তমিত্যস্যৈবাধ্যাহারোযুক্তোন তু ভার্য্যাত্বং প্রাপ্তায়াইত্যস্যেতি ভাবঃ। ন যাবদ্ধনবিষয়ত্বমিতি। যৌতকেতরধনে ভর্ত্তৃসত্ত্বেঽপি ভ্রাত্রাদ্যধিকারস্য

বিবাহে বিবাহিতাস্ত্রীর কি যৌতক কি অযৌতক সমস্ত স্ত্রীধনেই এই বচনের অনু-সারে ব্যবস্থা স্থির করা হউক না কেন একথা বলিও না, তাহা হইলে বন্ধুদত্তং তথা শুল্কং ইত্যাদি প্রথম ভ্রাত্রধিকার প্রতিপাদক বচনের স্থল থাকে না এবং মনুবচনের সঙ্গে বিরোধও হয় যথা ব্রাহ্ম, দৈব, আর্ষ, গান্ধর্ব্ব, ও প্রাজাপত্য এই পঞ্চ বিবাহে যে ধন স্ত্রীলোককে দেওয়া হয় তাহা ঐস্ত্রীর মৃত্যুর পর সন্তান না থাকিলে ভর্ত্তারই প্রাপ্য। আর আসুরাদি বিবাহত্রয়ে ইহাকে যে ধন দেওয়া হয় তাহা নিঃসন্তানে মরিলে পর, অগ্রে মাতার তদনন্তর পিতার প্রাপ্য। এই দুইটি মনুবচনের মধ্যে পরবচনস্থ ইহাকে দেওয়া হয় এই কথার পূর্ব্ব বচনের সঙ্গে অনুষঙ্গ করিবায় বিবাহেতে যে ধন দেওয়া হয় এই অর্থ সিদ্ধ হওয়াতে বিবাহ কাল লব্ধ যৌতক ধন মাত্র প্রতীত হইবায় যৌতকাযৌতক সকল স্ত্রীধন বিষয়ক নহে যেহেতু অযৌতক

যদ্দ্রব্যং প্রদীয়তেইতি যৌতকধনমাত্রগোচরত্বমেব প্রতীয়তে। ন চ বিবাহাৎ পূর্ব্বং পরতো বা স্ত্রিয়া লব্ধস্যাপ্রজঃ স্ত্রীধনস্য গতেরশ্রূয়মাণত্বাৎ ব্রাহ্মাদিপদং স্ত্রীপরমিতি বাচ্যং পূর্ব্বাপরলব্ধস্য বিস্তরেণ গতের্ব্বক্ষ্যমাণত্বাৎ॥ ৬৪॥

সম্প্রতি অপ্রজঃস্ত্রীধনাধিকারিণঃ কথ্যন্তে। তত্র যাজ্ঞবল্ক্যঃ। অপ্রজাস্ত্রীধনং ভর্ত্তুর্ব্রাহ্মাদিষু চতুর্ষ্বপি। ব্রাহ্মআদির্যেষাং চতুর্ণাং তে দৈবার্ষপ্রাজাপত্যগান্ধর্ব্বাশ্চত্বারো ব্রাহ্মেণ

বক্ষ্যমাণত্বাদিতি ভাবঃ। বিবাহক্রিয়ায়ামিতি। পূর্ব্বাপরীভূতায়াং বৃদ্ধিশ্রাদ্ধাবধিসপ্তপদীগমনপর্য্যন্তায়ামিত্যর্থঃ॥ ৬৪॥

যৌতকাযৌতকসপ্রজস্ত্রীধনাধিকারিণো নিরূপ্যাপ্রজস্ত্রীধনাধিকারিণোবিবক্ষুঃ প্রতিজানীতে সম্প্রতীতি। ব্রাহ্মেণ সহেতি। অতদ্গুণসম্বিজ্ঞানবহুব্রীহিণা দৈবাদয়শ্চত্বারোঽপিকারসমুচ্চিতেন ব্রাহ্মেণ সহ পঞ্চেত্যর্থঃ উক্তার্থকল্পনে হেতুমাহ ব্রাহ্মেতি। তথাচ মন্বেকমূলত্বানুরোধাৎ অতদ্গুণসম্বিজ্ঞানবহুব্রীহ্যাশ্রয়ণমিতি ভাবঃ। ন পুনরিত্যাদি। উক্তস্যাপি যুক্ত্যন্তরাভিধানায় পুনঃ কীর্ত্তনং তদেবাহ কালার্থত্বাদিতি। নির্দ্দেশস্য ব্রাহ্মাদিপদস্য কালার্থত্বাৎ বিবাহস্য দানাধিকরণত্ব-

ধনে ভর্তৃসত্ত্বেও ভ্রাত্রাদির অধিকার পরে বলা যাইবে। তথা যমবচন, আসুরাদি বিবাহেতে যে দ্রব্য দেওয়া হয় ইহাতে পূর্ব্বাপরীভূত ক্রিয়া অর্থাৎ বৃদ্ধিশ্রাদ্ধাবধি সপ্তপদীগমনান্ত ক্রিয়াকালের মধ্যে যে দ্রব্য প্রদত্ত হয় এই কথা বলায় যৌতক ধন মাত্র স্থলেই এই বচন ঘটিতেছে। নচেৎ বিবাহের পূর্ব্বে কিংবা পরে স্ত্রীকর্তৃকলব্ধ ধনের অধিকার স্থলে নিঃসন্তানতা ঘটিলে কোন গত্যন্তর না থাকায় ব্রাহ্মাদি পদ ব্রাহ্মাদি বিবাহে বিবাহিতা স্ত্রী পর্য্যন্তে লাক্ষণিক, একথা বলিও না। যেহেতু বিবাহের পূর্ব্বে এবং পরে প্রাপ্ত স্ত্রীধনের গতি বিস্তার ক্রমে পরে বলা যাইবে॥ ৬৪॥

এক্ষণে অপ্রজঃস্ত্রীধনাধিকারীর ব্যবস্থা কহিতেছি তদ্বিষয়ে যাজ্ঞবল্ক্যবচন যথা ব্রাহ্ম আদি হইয়াছে, যে চারি বিবাহের এই বাক্যে অতদ্গুণসংবিজ্ঞান বহুব্রীহি

সহ পঞ্চ ভবন্তি। ব্রাহ্মদৈবার্ষগান্ধর্ব্বপ্রাজাপত্যেষিতি মনুনা পঞ্চানামুক্তত্বাৎ তেষু বিবাহেষু বর্ত্তমানেষু যদ্ধনং স্ত্রিয়া লব্ধং তদপ্রজায়ামতীতায়াং ভর্ত্তুরেব ভবতীতি। প্রজা সন্ততিঃ। ন পুনর্ব্রাহ্মাদিনা পরিণীতায়া যৎ যাবদ্ধনং বিবাহাৎ পূর্ব্বং পরতো বা তয়া লব্ধং তৎ সর্ব্বং ভর্ত্তুরিতি ব্যাখ্যানং যুক্তং ব্রাহ্মাদিম্বিতি কালার্থত্বাৎ নির্দ্দেশস্য

বাধেন ব্রাহ্মাদিকালবোধকত্বাৎ গোষু দুহ্যমানাস্বাগত ইত্যাদৌ সতি সপ্তমীস্থানে দুহ্যমানাদীনামাগমনক্রিয়ান্বয়বাধেন দোহনাদিক্রিয়াকাললক্ষণায়া নিরূঢ়ত্বাদিতি ভাবঃ। নমু ব্রাহ্মাদিপদানাং স্ত্রীম্বেব কুতো ন লক্ষণা স্যাদত্রাহ ব্রাহ্মাদিপদানামিতি। স্ত্রীপরত্বে ব্রাহ্মাদিবিবাহেন বিবাহিতস্ত্রীপরত্বে। একত্বেনেতি। ব্রাহ্মাদি-

সমাসদ্বারা দৈব, আর্ষ, প্রাজাপত্য, গান্ধর্ব্ব এই চারি বিবাহ পাওয়া গেল, আর অপিশব্দদ্বারা সমুচ্চিত ব্রাহ্মবিবাহের সহিত মিলিয়া পাঁচটী হইল। যেহেতু ব্রাহ্ম দৈবার্ষ গান্ধর্ব্ব প্রাজাপত্যেষু যদ্ধনং, এই মনুবচনে পাঁচটি বিবাহ উক্ত হইয়াছে সেই হেতু মনুবচনের সঙ্গে একবাক্যতা করিয়া যাজ্ঞবল্ক্যবচনেও কৌশল করিয়া পাঁচটি বিবাহরূপ অর্থ আনীত হইল, সেই পঞ্চ বিবাহ আরব্ধ হইলে তন্মধ্যে যে ধন স্ত্রীকর্ত্তৃক প্রাপ্ত হয় তাহা স্ত্রী নিঃসন্তানা হইয়া মরিলে পর ভর্ত্তারই প্রাপ্য হয়। নচেৎ ব্রাহ্মাদিবিবাহে বিবাহিতা স্ত্রীকর্ত্তৃক বিবাহের পূর্ব্বেই হউক বা পরেই হউক যে কিছু ধন লব্ধ হয় সে সমস্তই ভর্ত্তার প্রাপ্য, এই ব্যাখ্যা যুক্তিসিদ্ধ নহে। যেহেতু ব্রাহ্মাদিশব্দের দানক্রিয়ার সঙ্গে অন্বয় করিবার জন্য ক্রিয়া, ক্রিয়ার অধিকরণ হইতে পারে না বিধায় মুখ্যার্থের বাধ প্রযুক্ত ব্রাহ্মাদিবিবাহোপলক্ষিতকালেই লক্ষণা করিতে হয়, ব্রাহ্মাদিবিবাহে বিবাহিতাস্ত্রীতে লক্ষণা করিতে গেলে পরবচনে "যস্যাঃ স্যাদ্ধনং দত্তং" এই বাক্যে স্ত্রীর একবচন ও ষষ্ঠীবিভক্ত্যন্তর নির্দ্দেশ থাকায় ব্রাহ্মাদিষু এই পদে সপ্তমীর বহুবচন না হইয়া ষষ্ঠীর একবচনই হইতে

ব্রাহ্মাদিপদানাং স্ত্রীপরত্বে একত্বেন ষষ্ঠ্যা চ নির্দ্দেশঃ স্যাৎ যত্তস্যাঃ স্যাদিতি স্ত্রিয়া একত্বেন ষষ্ঠ্যা চ নির্দ্দিষ্টত্বাৎ ॥ ৬৫ ॥

বিবাহকালে লক্ষণায়াঞ্চ বর্ত্তমানসম্বন্ধেন লক্ষণা স্যাৎ স্ত্রীপরত্বে চাতিক্রান্তবিবাহক্রিয়াসম্বন্ধেন লক্ষণা জঘন্যা সা চাযুক্তা। ন চ বিবাহিতস্ত্রীবাচকত্বং ব্রাহ্মাদিপদানাং তত্তল্লক্ষণবিবাহপরত্বেন মন্বাদিভির্নির্দ্দিষ্টত্বাৎ। তদাহ মনুঃ। অষ্টাবি-

---

পদং যদি স্ত্রীপরং তদা অস্যা ইতি উত্তরবচনস্থেন সামানাধিকরণ্যানুরোধাৎ একত্বেন ষষ্ঠ্যা চ নির্দ্দেশঃ স্যাদিতি ভাবঃ ॥ ৬৫ ॥

দূষণান্তরমাহ বিবাহকালে লক্ষণায়ামিতি। বর্ত্তমানসম্বন্ধেনেতি। বর্ত্তমানঃ কালস্তত্র বিবাহস্য যঃ সম্বন্ধোঽধিকরণত্বং তদ্রূপেণ লক্ষণা স্যাদিত্যর্থঃ। অতিক্রান্তেতি অতিক্রান্তা যা বিবাহক্রিয়া তৎসম্বন্ধেন তজ্জন্যসংস্কারবত্বরূপেণ। জঘন্যেতি। বিবাহাধিকরণকালত্বাপেক্ষয়া তজ্জন্যসংস্কারবত্বস্য লক্ষ্যতাবচ্ছেদকস্য গুরুত্বাদিতি ভাবঃ। উপলক্ষণং চৈতৎ কালপরত্বে লক্ষণা নিরূঢ়া স্ত্রীপরত্বে পুনরাধুনিকী তাসু তদ্ধনস্য তদ্দানস্য চাধারত্ববাধোঽপীতি দ্রষ্টব্যং। কেচিত্তু অতিক্রান্তেতি অতীতইত্যর্থঃ অতীতত্বং হি বর্ত্তমানধ্বংসপ্রতিযোগিত্বং তথাচ বর্ত্তমানকাল-

---

পারে। অন্যথা সপ্তমীর বহুবচনান্ত পদের সঙ্গে ষষ্ঠীর একবনান্ত পদের বিশেষ্য বিশেষণভাবে অন্বয় হইতে পারে না ॥ ৬৫ ॥

বিবাহকালে লক্ষণা করিলে বর্ত্তমান সম্বন্ধে লক্ষণাটি ভাল হয়। আর বিবাহিতাস্ত্রীতে লক্ষণা করিতে গেলে অতীতবিবাহক্রিয়াজন্যসংস্কারবিশিষ্টতা সম্বন্ধে লক্ষণা করিতে হয়, এপক্ষে সম্বন্ধ গৌরব প্রযুক্ত লক্ষণা জঘন্যা বিধায় ব্রাহ্মাদিশব্দের বিবাহিতা স্ত্রীতে লক্ষণা করা উচিত নহে। আর ব্রাহ্মাদিপদ স্ত্রীবাচকও বলিতে পার না, কেন না মনুপ্রভৃতি মুনিগণ ব্রাহ্মাদিরূপে অষ্টপ্রকার বিবাহই কহিয়াছেন। ব্রাহ্ম, দৈব, আর্ষ, ইত্যাদিশব্দে স্ত্রীবুঝায় না যথা মনু" এই অষ্টপ্রকার বিবাহ সংক্ষেপরূপে শ্রবণ কর এই উপক্রম করিয়া "ব্রাহ্মোদৈবস্তথৈবার্ষঃ প্রাজাপত্যস্তথাসুরঃ" এই বচন লিখিয়া-

মান্ সমাসেন স্ত্রীবিবাহান্নিবোধতেত্যুপক্রম্য ব্রাহ্মোদৈবস্তথৈবার্ষঃ প্রজাপত্যস্তথাসুরইত্যাদি। তথা নারদঃ। অষ্টৌ বিবাহা বর্ণানাং সংস্কারার্থং প্রকীর্ত্তিতাঃ। ব্রাহ্মস্তু প্রথমস্তেষামিত্যাদি। তথা বিষ্ণুঃ। অষ্টৌ বিবাহা ভবন্তি ব্রাহ্মোদৈবইত্যাদি। অতো বিবাহকাললব্ধস্ত্রীধনবিষয়ং ব্রাহ্মাদিবচনমিতি বিশ্বরূপোক্তমাদরণীয়ং ॥ ৬৬ ॥

আসুরাদিবিবাহসময়লব্ধন্তু স্ত্রীধনং জীবত্যপি ভর্ত্তরি মাতা গৃহ্ণীয়াৎ তদভাবে পিতা মাতাপিত্রোস্তদিষ্যত ইত্যত্র ক্রমাবগতেঃ যুগপদধিকারে পিত্রোরিত্যেবাভিদধ্যাৎ কন্যাধনে

লক্ষণাপেক্ষয়া অতীতবিবাহক্রিয়াসম্বন্ধেন লক্ষণায়াং ধ্বংসপ্রতিযোগিত্বরূপাধিকপদার্থপ্রবেশেন গৌরবাদিতি ভাব ইত্যাহুঃ। ব্রাহ্মাদিপদানাং স্ত্রীষু লক্ষণামসহমান ইত্যাহ ন চেতি। স্ত্রীবাচকত্বমিতি দারাদিপদবৎ নিয়ত পুংলিঙ্গত্বমেবামিত্যাশয়ঃ॥ ৬৬ ॥

মাতা গৃহ্ণীয়াদিতি। এবঞ্চ শেষেষু পিতৃগামি তদিতি যাজ্ঞবল্ক্যবচনে পিতৃপদে একশেষো দ্রষ্টব্যঃ যদ্যপি ধনসম্বন্ধস্য প্রত্যেকপরিসমাপ্তত্বেন সাহিত্যাসম্ভবেঽপি পাণিভ্যান্তূপসংগৃহ্যেত্যাদাবিব দ্বন্দবলাৎ সহত্বপ্রতীতৌ যুগপদ্ধনাধিকারএব প্রতীয়তে তথাপি পিত্রোবিত্যনেনাপি তথার্থসিদ্ধের্মাতাপিত্রোরিতি যৎ ক্রমাভি-

ছেন তথা নারদ, সর্ব্ববর্ণের সংস্কারার্থ আটটি বিবাহ উক্ত হইয়াছে। তাহাদের মধ্যে প্রথম ব্রাহ্ম বিবাহ ইত্যাদি তথা বিষ্ণু, ব্রাহ্ম, দৈব ইত্যাদি আট প্রকার বিবাহ হয়।

অতএব বিবাহ কাল লব্ধ মাত্র স্ত্রীধন বিষয়ে ব্রাহ্মাদি বচন খাটিবে, সকল স্ত্রীধন বিষয়ে নহে এই যে বিশ্বরূপ নামক গ্রন্থকার কহিয়াছেন তাহাই আদরণীয় ॥ ৬৬ ॥

আর আসুর, রাক্ষস, পৈশাচ, এই তিন বিবাহকালীন লব্ধ স্ত্রীধন ভর্ত্তা বিদ্যমানেও প্রথমে মাতা পাইবেন, তাঁহার অভাবে পিতা পাইবেন। যেহেতু

চ মাতুরভাবে পিতুরধিকারশ্রবণাৎ অত্রাপি তথাত্বস্যৈবোচিতত্বাৎ। তথা বৌধায়নঃ। রিকথং মৃতায়াঃ কন্যায়া গৃহ্নীয়ুঃ সোদরাঃ স্বয়ং। তদভাবে ভবেন্মাতুস্তদভাবে ভবেৎ পিতুঃ।

---

ধানং তন্মাতুরভাবে পিতুরিতি ক্রমিকার্থমেবেত্যাহ যুগপদিতি। পিত্রোরিতি। সকৃদুচ্চরিতপিতৃপদস্য জনকত্বেন লক্ষণয়া যুগপদুভয়োপস্থিতিসম্ভবাদিতিভাবঃ। নমু লক্ষণায়াং প্রমাণাভাবাৎ অত্রাপি প্রাতিপদিকপিতৃপদাৎ প্রথমং জনকত্বস্য পুংস্বেনোপস্থিতৌ পশ্চাৎ দ্বিবচনোপনীতদ্বিত্বান্বয়ানুপপত্ত্যৈবৈকশেষকল্পনয়া মাতুরুপস্থিতিরিতিক্রমাভিধানমস্ত্যেব অতএব পিতরৌ ভ্রাতবস্তথেতিযাজ্ঞবল্ক্যবচনে অনয়ৈব রীত্যা পিতৃক্রমাবগমং বক্ষ্যতীতি চেন্নৈবং পিতরৌ ভ্রাতবস্তথেত্যত্র তদভাবে মাতুরিতিস্ফুটক্রমিকাধিকারবোধকবিষ্ণুবচনদর্শনাৎ জনকপুংস্বেব পিতৃপদস্য তাৎপর্য্যমবধার্য্যতে অনন্তরং চ দ্বিবচনবলেনৈকশেষকল্পনয়া মাতুরুপস্থিতৌ যুক্তঃ ক্রমাধিকারঃ ইহ তু তথাবিধ বিশেষবচনাভাবাৎ দ্বন্দ্ববললভ্যার্থবিশেষপরিত্যাগে হেত্বভাবাৎ হন্তৈবং মাতাপিত্রোরিত্যুক্তাবপি ক্রমিকাধিকারবোধকতথাবিধ বচনান্তরাভাবাৎ বাক্যাবগতযুগপদধিকারএব কুতো ন স্যাৎ অতএব শেষেষু পিতৃগামি তদিত্যেকশেষেণ যুগপদধিকারএব যাজ্ঞবল্ক্যবচনেনোক্ত ইত্যতআহ কন্যাধনইতি। অত্রাপীতি। তথাচ দ্বন্দ্বাদেকশেষাদ্বা সাহিত্যাবগমো ন ধনসম্বন্ধাপেক্ষয়া তস্য প্রত্যেক-

---

মাতাপিত্রোস্তদিষ্যতে এই বচনে পাঠক্রম প্রতীত হয়। আর যদি পিতা মাতা উভয়ের এককালীন অধিকার অভিপ্রেত হইত তাহা হইলে মাতাপিত্রোঃ এই পদ না লিখিয়া পিত্রোঃ এই পদটিই লিখিতেন এবং কন্যা অর্থাৎ কুমারীর ধনেও মাতার অভাবে পিতার অধিকার শ্রবণ আছে, বিধায় একত্র দৃষ্ট ন্যায়ানুসারে এস্থলেও সেইরূপ ক্রমের ঔচিত্য হয়। তথা বৌধায়ন বচন, কুমারীর মৃত্যু হইলে তাহার ধন সহদরেরা পায়, সহোদরের অভাবে মাতার অধিকার, মাতার অভাবেই পিতার অধিকার হয়। ইহাদ্বারা কুমারীধনের ব্যবস্থা স্থির হইল। বরদত্তাতিরিক্ত বাগ্দত্তাধনেও ভ্রাতাদির অধিকার। কিন্তু বরদত্তধন ব্যয়াবশিষ্ট বরের প্রাপ্য। ভাল কুমারী ধনের সাংদৃষ্টিক ন্যায়ে আমু-

তদনেন কন্যাধনং ব্যাখ্যাতং। ন চ কন্যাধন ইবাত্রাপি প্রথমং ভ্রাত্রধিকারঃ স্যাদিতি বাচ্যং বচনাভাবাৎ মাতাপিত্রোরেবাধিকারশ্রুতেঃ॥ ৬৭॥

যৎ পুনঃ পরিণয়ানন্তরং পিতৃমাতৃভর্তৃকুলাৎ স্ত্রিয়া লব্ধং ধনং তদ্ভ্রাতৃণামেব। তদাহ যাজ্ঞবল্ক্যঃ। বন্ধুদত্তং তথা শুল্কমন্বাধেয়কমেব চ। অপ্রজায়ামতীতায়াং বান্ধবাস্তদবা-

পরিসমাপ্তত্বাৎকিন্তভিধানাপেক্ষয়া যুগপজ্জ্ঞানং শ্রাদ্ধানি ষোড়শ ইতিবৎ ক্রমিকয়োরপি সম্ভবতীতি কিমধিকারঃ ক্রমেণ যুগপদ্বেত্যাকাঙ্ক্ষায়ামেকত্র দৃষ্টন্যায়াৎ কন্যাধনবৎ তথাবিধোঢ়া ধনেঽপি ক্রমেণৈবাধিকারঃ কল্প্যতইতি ভাবঃ। তদনেনেতি। ন ত্বেতন্নিরূপণং প্রকরণান্তরে পুনঃ করণীয়মিতি ভাবঃ। বাগ্‌দত্তামন্বপ্য তু বরদত্তাবশিষ্টং বরোগৃহ্নীয়াৎ। তথা যাজ্ঞবল্ক্যঃ। দত্ত্বা কন্যাং হবন্ দণ্ড্যোব্যয়ং দদ্যাচ্চ সোদরং। মৃতায়াং সর্বমাদদ্যাৎ পরিশোধ্যোভয়ব্যয়মিতি। তথা চার্হতীত্যনুবৃত্তৌ শঙ্খঃ। স্বঞ্চ শুল্কং বোঢ়েতি। বাগ্‌দানকালে যদ্ যেন দত্তং তৎ তেনৈব গ্রাহ্যমিতি সম্প্রদায়ঃ। অত্রাপি যৌতকধনেঽপি। নন্বু বচনাভাবেঽপি একত্র দৃষ্টন্যায়াদেব তথা স্যাৎ অতআহ মাতাপিত্রোরেবেতি। এবকারেণ ভ্রাতৃব্যবচ্ছেদঃ তথাচানেনৈব তদধিকারাকাঙ্ক্ষানিবৃত্তের্ন ন্যায়াবসর ইতি ভাবঃ॥ ৬৭॥

পিতৃমাতৃভর্তৃকুলাদিতি। অন্বাধেয়পদার্থউক্তঃ ভ্রাতৃণামেবেতি। ন পুনর্ভর্তুঃ পিত্রোর্বেত্যর্থঃ। বচনক্রমানুবোধাৎ প্রথমং বন্ধুদত্তমিতি ব্যাচষ্টে বন্ধুদত্তমিতি।

রাদি বিবাহত্রয়লব্ধ যৌতকধনে যেমন অগ্রে মাতার তার পর পিতার এইরূপ ক্রম স্থির করা হইল সেই রূপ উক্ত যৌতকধনে অগ্রেই ভ্রাতার অধিকার স্থির করা হউক না কেন, ইহা বলিও না উক্ত যৌতকধনে অগ্রিম ভ্রাত্রধিকারের প্রমাণ নাই। বরঞ্চ মাতাপিতারই প্রথমাধিকারের প্রমাণ শ্রুত হয়॥ ৬৭॥

স্ত্রীলোক বিবাহের পর পিতৃকুল, মাতৃকুল, ভর্তৃকুল হইতে যে কিছু ধন প্রাপ্ত হয় তাহা নিঃসন্তান হইয়া মরিলে পর প্রথমে ভ্রাতারই প্রাপ্য যথা

প্ৰযুঃ। বন্ধুদত্তমিতি মাতাপিতৃভ্যাং যদ্দত্তং অতএব তৎপুত্রাশ্চ ভ্রাতরোবান্ধবাঃ। তদাহ বৃদ্ধকাত্যায়নঃ। পিতৃভ্যাঞ্চৈব যদ্দত্তং দুহিতুঃ স্থাবরং ধনং। অপ্রজায়ামতীতায়াং ভ্রাতৃগামি তু সর্ব্বদা। অপ্রজস্ত্বমাত্রনিমিত্তত্বেন ভ্রাতুরধিকারাবগতেঃ সর্ব্বদাপদেন ব্রাহ্মাদিপৈশাচান্তবিবাহিতায়া অপ্রজসো ধনং ভ্রাতৃগাম্যেব ভবতীতি বিশ্বরূপোক্তমাদরণীয়ং। স্থাবরপদাদ্দণ্ডাপূপন্যায়াদেবাস্থাবরস্য ধনস্য সিদ্ধিঃ। বন্ধুদত্তপদেন কন্যাদশায়াং যৎ পিতৃভ্যাং দত্তং তদুচ্যতে বিবাহাৎ

---

কন্যাদশায়ামিত্যনুপদমেব বক্ষ্যতি। অতএব বক্ষ্যমাণবচনৈকবাক্যতয়া পিত্রোর্ব্বন্ধুপদার্থত্বাদেব। ভ্রাতরো বান্ধবা ইতি বন্ধোরপত্যানীতিযোগাদিতি ভাবঃ বন্ধুপদবান্ধবপদয়োরুক্তার্থত্বে প্রমাণমাহ তদাহেতি। অপ্রজস্ত্বমাত্রনিমিত্তত্বেনেতি অতঃ কন্যায়া অপি অপ্রজস্ত্বাবিশেষাৎ তদ্বিষয়ত্বমক্ষতমিতি বন্ধুদত্তপদেনেত্যাদি-

---

যাজ্ঞবল্ক্যবচন, বন্ধুদত্তধন, শুল্কধন অন্বাধেয়ধন, স্ত্রীলোক নিঃসন্তান হইয়া মরিলে বান্ধব অর্থাৎ ভ্রাতা সেই সকল ধন পায়। এই বচনে বন্ধুদত্ত পদে মাতা ও পিতা কর্তৃক দত্তধন বুঝায়, সুতরাং বন্ধুর অপত্য এই অর্থে বান্ধব শব্দ নিষ্পন্ন হইয়া ভ্রাতাকেই বুঝায় তথা কাত্যায়ন বচন, মাতা ও পিতা দুহিতাকে যে স্থাবর সম্পত্তি দান করেন তাহা তাহার মৃত্যুর পর নিঃসন্তানতা ঘটিলে সর্ব্বদা ভ্রাতৃগামী হয় অর্থাৎ সর্ব্বাগ্রে ভ্রাতারই প্রাপ্য। নিঃসন্তানত্ব হেতুক প্রথমে ভ্রাতার অধিকার বোধ হওয়াতে আর সর্ব্বদা শব্দ প্রয়োগ থাকায় ব্রাহ্ম প্রভৃতি পৈশাচ পর্য্যন্ত অষ্টবিবাহে বিবাহিতা স্ত্রীর ধন নিঃসন্তানা হইলে ভ্রাতারই প্রাপ্য এই বিশ্বরূপ সিদ্ধান্তই আদরণীয়। উক্তবচনে স্থাবর গ্রহণ করাতে কাজেকাজে অস্থাবর সম্পত্তি দণ্ডাপূপন্যায়ে পাওয়া যায় জানিবে, বন্ধুদত্ত অর্থাৎ মাতা পিতাকর্ত্তৃক দত্ত এটি অবিবাহিতাবস্থাতেই বুঝিতে হইবে। কারণ বিবাহের পর প্রাপ্ত স্ত্রীধনের ব্যবস্থা অন্বাধেয় পদ দ্বারাই ভ্রাত্রধিকার প্রতিপাদিত হইয়াছে। আর বিবাহকাললব্ধ যৌতক স্ত্রীধনে ব্রাহ্ম প্রভৃতি

পরতোলব্ধধনস্যান্বাধেয়পদেনোপাত্তত্বাৎ বিবাহকালীনে চ ভর্ত্তুঃ পিত্রোর্ব্বাধিকারাৎ॥ ৬৮॥

অন্বাধেয়মাহ কাত্যায়নঃ। বিবাহাৎ পরতো যত্তু লব্ধং ভর্তৃকুলাৎ স্ত্রিয়া। অন্বাধেয়ং তদুক্তন্তু লব্ধং বন্ধুকুলাত্তথা। ভর্তৃকুলাৎ শ্বশুরাদেঃ বন্ধুকুলাৎ পিতৃমাতৃকুলাৎ। তথাপরমাহ ঊর্দ্ধং লব্ধন্তু যৎ কিঞ্চিৎ সংস্কারাৎ প্রীতিতঃ স্ত্রিয়া। ভর্ত্তুঃ সকাশাৎ পিত্রোর্ব্বা অন্বাধেয়স্তু তদ্ভৃগুঃ। শুল্কমাহ।

বক্ষ্যমাণগ্রন্থসঙ্গতিরিতি। অতো রাক্ষসাদৌ শুল্কাভাবাদিত্যাদিবক্ষ্যমাণপক্ষনিরাসোপষ্টম্ভকমাহ সর্ব্বদেতি॥ ৬৮॥

প্রাগুক্তমপ্যন্বাধেয়স্যাতিব্যবহিতত্বাৎ উপস্থিতিসৌকর্য্যার্থং পুনরাহ অন্বাধেয়মাহেতি। ভৃগুরাহেতি শেষঃ। গৃহোপস্করেতি। উপস্করঃ কটককুণ্ডলহারাদিঃ। সূর্পাদীতি কেচিৎ। বাহ্যং বলীবর্দ্দাদি। গৃহাদিকর্ম্মিভিরিতি। গৃহাদিকর্ম্মিভিঃ শিল্পিভি যদগৃহাদিশিল্পকরণং তন্নিমিত্তশিল্পিরূপভত্রাদিপ্রেরণার্থমিত্যর্থঃ। ন চ স্বয়মেব স্ত্রিয়া গৃহাদিশিল্পেন যন্মূল্যং লব্ধং তৎ কথং ন ব্যাখ্যাতমিতি বাচ্যং তস্য "প্রাপ্তং শিল্পৈস্তু যদ্বিত্তং প্রীত্যা চৈব যদন্যতঃ। ভর্ত্তুঃ স্বাম্যং ভবেত্তত্র শেষন্তু স্ত্রীধনং স্মৃতমিত্যনেন স্ত্রীধনত্বনিরাসাৎ তত্র ভর্ত্তুরেবাধিকারাৎ বন্ধুদত্তমিতি বচনস্য

বিবাহপক্ষকে প্রথমে ভর্ত্তার ও আসুরাদি বিবাহলব্ধ যৌতকধনে প্রথমে মাতার তদনন্তর পিতার অধিকার হয়॥ ৬৮॥

অন্বাধেয়ের লক্ষণ যথা কাত্যায়ন, বিবাহের পর ভর্তৃকুল ও বন্ধুকুল হইতে স্ত্রী যাহা প্রাপ্ত হয় তাহা অন্বাধেয় নামে উক্ত হয়। ভর্তৃকুলের অর্থ শ্বশুর ইত্যাদি, বন্ধুকুলের অর্থ পিতৃকুল ও মাতৃকুল। আর একটি বচন যথা বিবাহসংস্কারের পর স্ত্রীলোক ভর্ত্তার নিকট কিংবা পিতা মাতার নিকট হইতে যাহা কিছু পায় তাহাকে ভৃগুঋষি অন্বাধেয় বলেন।

তথা শুল্কের লক্ষণ কহিতেছেন গৃহকর্ম্মী অর্থাৎ ঘরামি ও মিস্ত্রী উপস্করকর্ম্মী অর্থাৎ সম্মার্জনী ও সূর্পপ্রভৃতির কর্ম্মকারী, বলীবর্দ্দাদির কর্ম্মকারী, গো

গৃহোপস্করবাহ্যানাং দোহ্যাভরণকর্ম্মিণাং। মূল্যং লব্ধন্তু যৎ কিঞ্চিৎ শুল্কং তৎ পরিকীর্ত্তিতং। গৃহাদিকর্ম্মভিঃ শিল্পিভিস্তৎকর্ম্মকরণায় ভর্ত্রাদিপ্রেরণার্থং স্ত্রিয়ৈ যদুৎকোচদানং তৎ শুল্কং তদেব মূল্যং প্রবৃত্ত্যর্থত্বাৎ ব্যাসোক্তন্বা যথা। যদা নেতুং ভর্তৃগৃহে শুল্কং তৎপরিকীর্ত্তিতং। ভর্তৃগৃহগমনার্থমুৎকোচাদি যদ্দত্তং তচ্চ ব্রাহ্মাদিষ্ববিশিষ্টং তদেবমাদিকমপ্রজঃস্ত্রীধনং ভ্রাতরো গৃহ্নীয়ুর্ন পুনরাসুরাদিষু বিবাহেষু যৎ কন্যাভ্যঃ শুল্কদানং তদভিপ্রায়ং আসুরমাত্রগোচরত্বাৎ

---

চ প্রকরণাৎ স্ত্রীধনবিষয়ত্বাদিত্যন্যথা ব্যাখ্যাতং ভর্ত্রাদিপ্রেরণার্থমিতি। উৎকোচঃ কথং শুল্কং মূল্যস্যৈব শুল্কত্বাদত আহ তদেবেতি। ব্যাসোক্তং বেতি। বা সমুচ্চয়ে। তচ্চেতি। এতেন বক্ষ্যমাণাসুরাদিবিবাহপ্রাপ্তশুল্কপরত্বাভাবোঽস্য সূচিতঃ। চণ্ডেশ্বরাদিপূর্ব্বস্কৃতং প্রাচীনমতং দূষয়তি ন পুনরিতি। আসুরমাত্রেতি।

---

দোহন কর্ম্মকারী ও আভরণ কর্ম্মকারী অর্থাৎ স্বর্ণকার এই সকল শিল্পকর্ম্মকাবিদের তত্তৎ কর্ম্ম করিতে পাঠাইবার নিমিত্ত তাহাদের স্ত্রীকে যে উৎকোচ অর্থাৎ ঘুষ দেয় তাহাকে শুল্ক বলে, উহা কর্ম্ম প্রবৃত্তির উপযোগি বিধায় মূল্য স্বরূপ। আর একপ্রকার শুল্ক বেদব্যাস বলিয়াছেন যথা ভর্তৃগৃহে লইয়া যাইবার নিমিত্ত স্ত্রীলোককে যে কিছু উৎকোচাদি দেয় তাহাকে শুল্ক বলা যায়। উক্ত দুই প্রকার শুল্কধন হয় তাহাতে স্ত্রীলোকের যে কোন প্রকার বিবাহ হউক না কেন কিছুমাত্র বিশেষ নাই। উক্ত স্ত্রীধন ভগিনী নিঃসন্তানা হইয়া মরিলে পর ভ্রাতারই প্রাপ্য। নচেৎ আসুরাদি বিবাহেতে যাহা কন্যার পণ দেয় তদভিপ্রায়ে উক্ত শুল্কপদ প্রয়োগ হইয়াছে এই মত কখনই সঙ্গত হয় না। যেহেতু কেবল আসুর বিবাহই পণ দিবার স্থল, অপর দুই বিবাহে পণ দিবার কথা উল্লিখিত নাই যথা যাজ্ঞবল্ক্য বচন, পণ দিয়া বিবাহ করার নাম আসুর বিবাহ, বর কন্যার পরস্পর সম্প্রীতি পূর্ব্বক বিবাহের নাম গান্ধর্ব্ব

তচ্ছুল্কস্য। যথোক্তং যাজ্ঞবল্ক্যেন। আসুরোদ্রবিণাদানাগ্দান্ধর্ব্বঃ সময়ান্মিথঃ। রাক্ষসোযুদ্ধহরণাৎ পৈশাচঃ কন্যকাচ্ছলাৎ॥ ৬৯॥

অতোরাক্ষসাদৌ শুল্কাভাবাৎ শুল্কসাহচর্য্যেণাসুরাদিষ্বেব যদ্ধনং তন্মাত্রস্য ভ্রাতৃগামিত্বাভিধানং হেয়ং। তথা তস্য স্ত্রীধনত্বাভাবাচ্চ পিত্রাদিগৃহীতধনস্য চ শুল্কত্বেন কীর্ত্তনাৎ। তথা মনুঃ। ন কন্যায়াঃ পিতা বিদ্বান্ গৃহ্নীয়াচ্ছুল্কমণ্বপি। গৃহ্নন্ হি শুল্কং লোভেন স্যান্নরোঽপত্যবিক্রয়ী।

তথাচাসুরাদীত্যাদিনা রাক্ষসপৈশাচগ্রহণমসঙ্গতমিতিভাবঃ। আসুরমাত্রে শুল্কং নেতবয়োরিত্যুক্তার্থে প্রমাণমাহ যথোক্তমিতি॥ ৬৯॥

শুল্কসাহচর্য্যাদাসুরাদিত্রিষু যদ্বন্ধুদত্তাদিধনং তদেব ভ্রাতৃগামীতি যৎ কৈশ্চিদুক্তং তদপি দূষয়তি অতইতি। রাক্ষসাদাবিত্যাদিনা পৈশাচপবিগ্রহঃ তথাচ তয়োঃ শুল্কাভাবাৎ তৎসাহচর্য্যেণ তদুভয়সম্বন্ধিধনস্য ভ্রাতৃগামিত্বাভিধানমসঙ্গত্যা হেয়মিত্যর্থঃ। অথাদিপদমপহায় আসুবএবেতি বক্তব্যমিত্যতআহ তথেতি। উপলক্ষণমিতি। কন্যাদাতৃমাত্রোপলক্ষণমিত্যর্থঃ। শুল্কসাহচর্য্যাদিতি যদুক্তং তস্য রাক্ষসাদাবাদিপদগ্রাহ্যে শুল্কাভাবদোষেণ হেয়তোক্তা অধুনা পুনরাসুরমাত্রীয়ং বন্ধুদত্তাদিধনং শুল্কসাহচর্য্যাৎ ভ্রাতৃগামীতি মতং নিরস্যতি অতইতি। যতঃ শুল্কং

ও যুদ্ধ করিয়া কন্যা হরণ পূর্ব্বক বিবাহের নাম রাক্ষস বিবাহ, এবং কন্যার নিদ্রাদি অবস্থায় দূষণ পূর্ব্বক বিবাহের নাম পৈশাচ বিবাহ, ইহা সকল বিবাহের মধ্যে অতি নিকৃষ্ট॥ ৬৯॥

উক্ত প্রকারে রাক্ষসাদি বিবাহস্থলে শুল্কদান না থাকায় শুল্কের সাহচর্য্য প্রযুক্ত আসুরাদি বিবাহ স্থলেই যে ধন বন্ধুকর্ত্তৃক দত্ত হয় কেবল সেই ধন ভ্রাতার প্রাপ্য এই যে কাহারো মত আছে তাহাও হেয়। আরো আসুর বিবাহে যে কন্যার পণ প্রদত্ত হয় তাহা আদৌ স্ত্রীধন হইতে পারে না।

পিতেত্যুপলক্ষণং তেন ভ্রাত্রাদিরপি ধনং গৃহ্নন্ শুল্কগ্রাহী তেন পিত্রাদিগৃহীতমেব পরং শুল্কং ভবতীত্যুক্তং। অতো যদুক্তং আসুরএব শুল্করূপস্ত্রীধনসম্ভবাৎ তদেকবাক্যোপাত্তয়োর্ব্বন্ধুদত্তান্বাধেয়য়োরপ্যাসুরবিবাহগোচরয়োরেব ভ্রাতুরধিকারইতিনিরস্তং কিন্তূক্তশুল্করূপস্ত্রীধনস্য সর্ব্ববিবাহেষ্বেব সম্ভবাৎ সর্ব্বত্রৈব ভ্রাত্রধিকারো বাক্যাৎ বিশেষানবগমাৎ। তথা গৌতমবচনমপি কাত্যায়নবচনসমানার্থং। যথা ভগিনীশুল্কং সোদর্য্যাণামূর্দ্ধং মাতুঃ পিতুশ্চ পূর্ব্বং চৈকে। অস্যার্থঃ

কন্যাদাতুরেব ন কন্যায়া অত ইত্যর্থঃ। কিন্তূক্তেতি। গৃহোপস্কর ইত্যাদিনা যদানেতুমিত্যাদিনা চোক্তেত্যর্থঃ এষু শুল্কপরিভাষায়া অপ্যেতদেব প্রয়োজনং প্রয়োজনান্তরস্যাদৃষ্টত্বাৎ ইত্যপি বোধ্যং। বাক্যাদিতি। সামান্যএব বন্ধুদত্তমিত্যাদিবাক্যাদিত্যর্থঃ। বিশেষাশ্রবণাৎ আসুরাদিবিশেষাশ্রবণাৎ। কাত্যায়নসমানার্থমিতি। পিতৃভ্যাঞ্চৈব যদ্দত্তমিত্যাদিকাত্যায়নসমানার্থমিত্যর্থঃ। গৌতমবচনমাহ ভগিনীশুল্কমিতি। অত্র শুল্কপদেন পারিভাষিকশুল্কস্যৈব গ্রহণং শাস্ত্রীয়-

কারণ পিত্রাদি কর্ত্তৃক গৃহীত পণেরই শুল্কত্ব কীর্ত্তন আছে। যথা মনু, জ্ঞানবান্ পিতা কন্যার কিছুমাত্র শুল্ক গ্রহণ করিবেন না। যদি লোভ হেতুক শুল্ক গ্রহণ করেন তবে মনুষ্য অপত্যবিক্রয়ী হয় অর্থাৎ বিবাহস্থলে পুত্র এবং কন্যার পণ লইলে অপত্য বিক্রয় জন্য উপপাতকী হয়। এই বচনে পিতা এই কথা উপলক্ষণ মাত্র, অতএব ভ্রাতৃ প্রভৃতি আত্মীয়েরাও পণ লইলে শুল্কগ্রাহী হয় এইরূপ স্থির হইল। এতাবতা এই যে একটি মত আছে যে আসুর বিবাহেই শুল্করূপ স্ত্রীধন ঘটে তাহার সহিত একটি বচনেতে লিখিত বন্ধুদত্ত ও অন্বাধেয় এই দুই প্রকার ধনে যে ভ্রাতার অধিকার লিখিত আছে তাহা কেবল আসুর বিবাহ স্থলেই মন্তব্য এই মত খণ্ডিত হইল। বস্তুতঃ মৎ প্রদর্শিত দ্বিবিধ শুল্করূপ স্ত্রীধন সর্ব্ববিবাহে বিবাহিতা স্ত্রীর সম্ভব প্রযুক্ত সর্ব্ব-

প্রথমং সোদর্য্যাণাং তেষাং পুনরভাবে মাতুঃ তদভাবে পিতুঃ পূর্ব্বৈঞ্চেকইতি পরমতং॥ ৭০ ॥

অতঃ প্রথমং সোদরাণাং তদভাবে মাতুঃ মাতুরভাবে পিতুঃ এষাং পুনরভাবে তদ্ধনং ভর্ত্তুঃ। যথা কাত্যায়নঃ। বন্ধুদত্তন্তু বন্ধূনামভাবে ভর্ত্তৃগামি তৎ। বন্ধূনামভাবইত্যনেন ভ্রাতুরভাব ইত্যপি সূচিতং ভ্রাতুরভাবে পিত্রোরধিকারাৎ দণ্ডাপূপন্যায়াৎ তৎসিদ্ধেঃ। ভর্ত্তৃপর্য্যন্তাভাবে পুনরিদ-

---

পরিভাষায়া অন্তরঙ্গত্বেন শীঘ্রোপস্থিতিকত্বাৎ নতু মূল্যরূপস্যেতি ভাবঃ। পরমত-মিতি। সোদরানন্তরং পিতুঃ তদনন্তরং মাতুরিতি পরমতমিত্যর্থঃ॥ ৭০ ॥

স্বমতমুপসংহরতি অতঃপ্রথমমিতি। তেষাং ভ্রাতৃমাতৃপিতৄণাং। বন্ধুদত্তং মাতাপিতৃদত্তং। ভ্রাতুরভাবইতি। ভ্রাতুরভাবএব পিত্রোরধিকারাৎ তয়োরভাবে ভর্ত্রধিকারে প্রতিপাদিতে ভ্রাত্রভাবে তদধিকারস্য দণ্ডাপূপন্যায়সিদ্ধত্বাদিতি ভাবঃ। ঔরসপদেনেতি। বিশেষণীভূতলিঙ্গপরিত্যাগেন কন্যাপুত্রয়োর্দ্বয়োরেব প্রকৃত্যর্থত্বাদিতি ভাবঃ। বিশেষণীভূতলিঙ্গপরিত্যাগে হেতুমাহ তয়োরিতি। তথাচ লিঙ্গস্য বিবক্ষণে পুত্রানন্তরকন্যাধিকারবিধি বিরোধঃ স্যাদিতি ভাবঃ। এতচ্চ দত্রিমাদেরপ্যুপলক্ষণং। সপত্নীপুত্রস্যেতি। তত্তগিন্যা অপীতি বোধ্যং

---

এই ভ্রাতার অগ্রে অধিকার হইবে। উক্ত বচনে বিবাহগত কিছুমাত্র বিশে-ষের শ্রবণ নাই গৌতমবচন ও কাত্যায়নবচনের সমানার্থ জানিবে যথা গৌতমবচন, ভগিনীর শুল্কধন সহোদরগণের প্রাপ্য তাহার পর মাতার তাহার পর পিতার প্রাপ্য, কেহ কেহ বলেন মাতার পূর্ব্বে পিতার অধিকার অর্থাৎ সহোদরের পর পিতার তাহার পর মাতার এইটি অন্যের মত॥ ৭০ ॥

অতএব প্রথমে ভ্রাতার অধিকার তাহার অভাবে মাতার অধিকার তাহার পর পিতার অধিকার হয় ইহাদের অভাবে পূর্ব্বোক্ত ধন ভর্ত্তার প্রাপ্য হয়। যথা কাত্যায়ন, বন্ধুদত্ত ধন বন্ধুর অভাবে ভর্ত্তৃগামি হয়। বন্ধুর অভাবে এই

মুচ্যতে। যদাহ বৃহস্পতিঃ। মাতুঃ স্বসা মাতুলানী পিতৃব্যস্ত্রী পিতৃম্বসা। শ্বশ্রূঃ পূর্ব্বজপত্নী চ মাতৃতুল্যাঃ প্রকীর্ত্তিতাঃ। যদাসামৌরসো ন স্যাৎ সুতো:দৌহিত্র এব বা। তৎ সুতো বা ধনং তাসাং স্বস্ত্রীয়াদ্যাঃ সমাপ্নুয়ুঃ। ঔরসপদেন পুত্রকন্যয়োরুপাদানং তয়োঃ সর্ব্বাপবাদকত্বাৎ সুতপদেন চ সপত্নীপুত্রস্য "সর্ব্বাসামেকপত্নীনামেকা চেৎ পুত্রিণী ভবেৎ। সর্ব্বাস্তাস্তেন পুত্রেণ প্রাহ পুত্রবতীর্ম্মনু" রিতিস্মৃতেঃ। ন তু সুতপদ-

---

পুংস্ত্বস্যাবিবক্ষিতত্বাৎ তস্যা অপি স্বপুত্রদ্বারেণ তত্তত্র্যাদিপুরুষত্রয়পিণ্ডদাতৃত্বাদিতি। সপত্নীপুত্রস্যাভাবে দৌহিত্রস্যাধিকারিতেত্যযুক্তমেতৎ দৌহিত্রস্যোপদিষ্টপ্রজাত্বেন স্বভোগ্যভর্তৃপিণ্ডদাতৃত্বেন চ প্রাগধিকারস্যৈবোচিতত্বাৎ বন্ধ্যাবিধবাদুহিতৃসত্ত্বেঽপি প্রাগ্দৌহিত্রাধিকারস্যোক্তত্বাৎ অত্রৌরসপুত্রকন্যয়োরিত্যবিশেষিতকন্যাপদাত্তদভাবে দৌহিত্রস্যাধিকার ইতি স্বোক্তবিরোধাচ্চ। তস্মাৎ সপত্নীপুত্রবন্ধ্যাবিধবাদুহিতৃণাং প্রাগেব যুক্তো দৌহিত্রাধিকার ইতি বোধ্যং অতএব তৎসুতইত্যত্রাপি পাঠক্রমো ন গ্রাহ্যঃ পৌত্রস্য বন্ধ্যাদিদুহিতৃসপত্নীপুত্রদৌহিত্রেভ্যোঽযৌতকধনে প্রাগধিকারস্যোক্তত্বাৎ। ন চ দৌহিত্র এব বেত্যত্র এববাশব্দাভ্যাং জঘন্যত্বাবগমাৎ বাচনিকএব সপত্নীপুত্রানন্তরং দৌহিত্রাধিকার ইতি বাচ্যং সুতপদস্য সপত্নীপুত্র-

---

বলায় ভ্রাতার ও অভাব বুঝিতে হইবে। যেহেতু ভ্রাতার অভাবে মাতাপিতার অধিকার কথিত হইয়াছে সুতরাং মাতাপিতার পূর্ব্বে ভ্রাতার অধিকার দণ্ডাপূপন্যায় সিদ্ধ। ভর্তৃপর্য্যন্তের অভাবে ব্যবস্থা করিতেছি যথা বৃহস্পতি বচন মাসী, মামী, পিতৃব্যস্ত্রী অর্থাৎ খুড়ী ও জেঠাই, পিসী, শাশুড়ী ও জ্যেষ্ঠভ্রাতৃপত্নী, ইহাঁরা মাতৃতুল্যা শাস্ত্রে কথিত হন। যদি ইহাঁদের ঔরস, কিংবা সুত অথবা দৌহিত্র বা তৎসুত না থাকে তবে ভগিনীপুত্রপ্রভৃতিরা স্ত্রীধন পায়। এই বচনে ঔরস শব্দে পুত্র ও কন্যা বুঝাইবে যেহেতু তাহারা সর্ব্বপ্রধান, (উপকার ধরিয়া দত্তকপুত্রেরো স্ত্রীধনাধিকার বুঝিতে হইবে এ বিধায় ঔরস

মৌরসবিশেষণং বৈয়র্থ্যাৎ। সপত্নীপুত্রসম্ভাবেঽপি স্বস্ত্রীয়া-দ্যধিকারাপত্তেশ্চ। ঔরসপুত্রকন্যয়োঃ সপত্নীপুত্রস্য চাভাবে দৌহিত্রস্যাধিকারিতা তৎসুতইতি তচ্ছব্দেন স্বপুত্রসপত্নীপু-ত্রয়োরুপাদানং তেন তৎপুত্রয়োরধিকারো ন তু দৌহিত্রপুত্র-স্যাপি তস্য পিণ্ডদানে বহির্ভাবাৎ॥ ৭১॥

তদেষাং পুত্রাদীনাং ভ্রাত্রাদিভর্ত্তৃপর্য্যন্তানাঞ্চাভাবে সৎ-

---

পরত্যয়াম্বেবং স্যাৎ সৈব ত্বসিদ্ধা প্রমাণাভাবাৎ। নন্বেবং সপত্নীপুত্রসত্ত্বেঽপি ভগিনীপুত্রস্যাধিকারঃ স্যাদিতি চেৎ এতন্মধ্যে পিত্রাদ্যুপাদানাভাবাৎ তৎসত্ত্বেঽপি তর্হি কিন্ন স্যাৎ অথ ভর্ত্তৃপিতৃভ্রাত্রধিকারানন্তরং সংহিতায়াং লিখনাৎ তেষামভাব-এবৈষামধিকার ইতি চেৎ তর্হি পুত্রাদ্যনন্তরস্যাপি সুতরাং প্রাপ্তেরনর্থকমেবৌর-সাদ্যুপাদানং তস্মাদৌরসাদিপদং পূর্ব্বাপূর্ব্বাধিকাবিমাত্রোপলক্ষণং তেষামধিকার ক্রমস্তু বচনান্তরৈরেব প্রাপ্তে স্যাংশ্চানূস্থ তেষামনন্তরং ভগিনীপুত্রাদীনামধিকার-মাত্রবোধকং বৃহস্পতিবচনমিতি রহস্যং॥ ৭১॥

ভর্ত্তৃপর্য্যন্তাভাবেৈ ইত্যাদিনোক্তমুপসংহরতি তদেষামিতি। দৌহিত্রান্তশৃঙ্খলায়াং

---

শব্দে দত্তকাদিপুত্রেরো উপলক্ষণ জানিবে)। আর সুতশব্দে সপত্নীপুত্র বুঝাইবে তাহাতে একের বহুস্ত্রীর মধ্যে যদি এক স্ত্রী পুত্রবতী হয় তাহা হইলে তাহারা সকলে সেই পুত্রদ্বারা পুত্রবতী হয়। মনু বলেন এই স্মৃতি প্রমাণ নতুবা সুতপদটি ঔরসের বিশেষণ দিলে ব্যর্থ হয় ও সপত্নীপুত্র থাকিতেও ভগিনীপুত্রাদির অধিকার হইয়া উঠে। ঔরসপুত্র কন্যা ও সপত্নীপুত্রের অভাবে দৌহিত্রের অধিকার জানিবে। তৎসুত এই শব্দের অর্থ তাহার সুত অর্থাৎ নিজপুত্র ও সপত্নীপুত্রের পুত্র অর্থাৎ আপনার পৌত্র ও সপত্নীপৌত্র বোধিত হইল, দৌহিত্রের পুত্র এরূপ অর্থ কর্ত্তব্য নহে, দৌহিত্রপুত্র পিণ্ডদান বহির্ভূতত্ব প্রযুক্ত ধনাধিকারের বহির্ভূত হয়॥ ৭১॥

অতএব পুত্রপ্রভৃতি দুহিতৃ পর্য্যন্ত সন্তানাভাবে এবং অপ্রজস্ত্রীধনাধিকারে

স্বপি শ্বশুরভ্রাতৃশ্বশুরাদিষু সপিণ্ডেষু ভগিনীপুত্রাদীনামধিকারিতা অনন্যগতে র্বচনাৎ স্ত্রীণাং মাতৃতুল্যত্বপ্রতিপাদনেনামীষাং পুত্রতুল্যত্বজ্ঞাপনেন পিণ্ডদাতৃত্বসূচনস্য দায়প্রকরণে ধনাধিকারজ্ঞাপনৈকপ্রয়োজনকত্বাৎ। তত্র স্বস্ত্রীয়াদ্যাইতি বচনাৎ ভগিনীসুতস্বভর্ত্তৃভাগিনেয়দেবরপুত্রভ্রাতৃশ্বশুরপুত্রভ্রাতৃসুতজামাতৃদেবরাণাং পূর্ব্বপূর্ব্বস্যাভাবে পরপরস্যাধিকারে দেবরস্যৈব সর্ব্বশেষেঽধিকারাপত্তের্ম্মহাজনবিরোধইতি বস্তুবলমালম্ব্য বচনং বর্ণ্যতে॥ ৭২॥

তত্র মনুনা ত্রয়াণামুদকং কার্য্যং ত্রিষু পিণ্ডঃ প্রবর্ত্ততেইতি

---

শ্বশুরভ্রাতৃশ্বশুরাদেরগণনাৎ তেষু সৎসু ইত্যুক্তং। বস্তুবলমিতি। উপকারকত্বরূপং বস্তুবলমিত্যর্থঃ॥ ৭২॥

উক্তবস্তুবলস্য ধনহরণপ্রয়োজকত্বে মানমাহ ত্রয়াণামিতি। অধিক্রিয়তে অধিকারী ভবতি। ননু স্বস্ত্রীয়ঃ পিত্রাদিত্রয়পিণ্ডদাতা ভর্ত্তৃভাগিনেয়শ্চ

---

ভ্রাতৃপ্রভৃতি ভর্ত্তৃপর্য্যন্তের অভাবে শ্বশুর ভ্রাতৃশ্বশুরাদি সপিণ্ড বিদ্যমানেও ভগিনীপুত্রাদির অধিকার অনন্যগত্যা বাচনিক বলিতে হইবে। মাসী প্রভৃতির মাতৃতুল্যত্ব কথনে ভগিনীপুত্রাদির পুত্রতুল্যত্ব জ্ঞাপিত হওয়াতে পিণ্ডদাতৃত্ব সূচিত হইল, দায়ভাগ প্রকরণে পিণ্ডদাতৃত্বসূচনের প্রয়োজন কেবল ধনাধিকার জ্ঞাপন বিধায় স্বস্ত্রীয়াদ্যাঃ এই বচনপ্রমাণে ভগিনীপুত্র, ভর্ত্তৃভাগিনেয়, দেবরপুত্র, ভাশুরপুত্র, ভ্রাতৃপুত্র, জামাতা ও দেবর ইহাদের মধ্যে পূর্ব্বপূর্ব্বের অভাবে পর পরের অধিকার পাঠক্রমানুসারে ব্যবস্থাপিত করিলে দেবরেরই সর্ব্বশেষে অধিকার ঘটে। তাহা মহাজন ব্যবহার বিরুদ্ধ বিধায় উপকারকত্ব রূপ বস্তুবল অবলম্বনপূর্ব্বক পূর্ব্বোক্তবচনের ক্রম বর্ণনা করি॥ ৭২॥

যথা মনুবচন, তিনপুরুষের জলদান করা কর্ত্তব্য ও তিন পুরুষপর্য্যন্ত পিণ্ডদান প্রবৃত্ত হয়। ইহা দায়ভাগপ্রকরণে কথন হেতু তথা যাজ্ঞবল্ক্যবচন,

দায়ভাগপ্রকরণে কীর্ত্তনাৎ যাজ্ঞবল্ক্যেনাপি পিণ্ডদোঽংশহরশ্চৈষামিতি পিণ্ডদানেনাধিকারদর্শনাৎ পুত্রস্যাপি সাতিশয়পিণ্ডদানেন নরকত্রাণকারণতয়া মুখ্যভাবেনাধিকারাবগতেঃ মাতুলোভাগিনেয়স্য স্বস্রীয়োমাতুলস্য চ। শ্বশুরস্য গুরোশ্চৈব সখ্যুর্ম্মাতামহস্য চ। এতেষাং চৈব ভার্য্যাভ্যঃ স্বসুর্ম্মাতুঃ পিতুস্তথা। শ্রাদ্ধদানন্তু কর্ত্তব্যমিতি বেদবিদাং স্থিতিরিতি বৃদ্ধশাতাতপবচনাৎ অমীষাং পিণ্ডদত্বপ্রতিপাদনাৎ অয়ং পিণ্ডদানবিশেষাদধিকারক্রমঃ। তত্র প্রথমং দেবরঃ তৎপিণ্ডতদ্ভর্তৃপিণ্ডতদ্ভর্তৃদেয়পূর্ব্বপুরুষত্রয়পিণ্ডদাতৃত্বাৎ সপিণ্ডত্বাচ্চ

শ্বশুবাদিত্রয়পিণ্ডদাতা তথাচ তুল্যপিণ্ডদাতৃত্বে কথং ভর্ত্তৃভাগিনেয়স্য স্বস্রীয়বাধ্যতা ইত্যতআহ পুত্রাদিতি। পুত্রত্বাতিদেশেন পুত্রদেয়পিণ্ডত্রয়দাতৃত্বেন চ স্বস্রীয়স্য

ইহাদের পিণ্ডদাতাও ধনভাগী হইবে, ইহাতে পিণ্ডদানদ্বাবা ধনাধিকাব দর্শিত হওয়াতে পুত্রেরও সাতিশয় পিণ্ডদান নিবন্ধন নবকত্রাণের কারণতাপ্রযুক্ত প্রধানরূপে অধিকার বোধিত হওয়াতে এবং মাতুল ভাগিনেয়ের ভাগিনের মাতুলের ও শ্বশুরেব, গুরুর, সখার, মাতামহের, এবং ইহাদের ভার্য্যাগণের ও মাতৃষসার ও পিতৃষসার শ্রাদ্ধ দান কবিবে এইটি বেদজ্ঞগণের ব্যবস্থা, এই বৃদ্ধশাতাতপবচনানুসারে উহাদের পিণ্ডদাতৃত্ব প্রতিপাদন হওয়ায় পিণ্ডদানের বিশেষ ধবিয়া এই অধিকাব ক্রম লিখিতেছি তন্মধ্যে প্রথমে দেবর, তাহাব পিণ্ড, তাহার ভর্ত্তৃপিণ্ড, তাহার ভর্ত্তার দাতব্য পূর্ব্বপুরুষত্রয়ের পিণ্ডদাতৃত্ব ও সপিণ্ডত্বপ্রযুক্ত ভ্রাতৃজায়ার ধনে অধিকারী হয়। দেবরের অভাবে ভাশুরপুত্র ও দেবরপুত্র, তৎপিণ্ড তদ্ভর্তৃপিণ্ড তদ্ভর্তৃদেয় পূর্ব্বপুরুষদ্বয়ের পিণ্ডদাতৃত্ব ও সপিণ্ডত্বপ্রযুক্ত উভয়ে পিতৃব্যের স্ত্রীর ধনে অধিকারী হয়, তাহাদের অভাবে অসপিণ্ড হইলেও ভগিনীপুত্র, তৎপিণ্ড, তৎপুত্রদেয় তৎপিত্রাদিত্রয়ের পিণ্ডদাতৃত্বপ্রযুক্ত মাতৃষসার ধনে অধিকারী হয়। তাহার অভাবে ভর্ত্তার ভাগিনেয়,

তদ্ধনেঽধিক্রিয়তে। তদভাবে ভ্রাতৃশ্বশুরদেবরয়োঃ সুতঃ তৎপিণ্ডতদ্ভর্ত্তৃপিণ্ডতদ্ভর্ত্তৃদেয়পূর্ব্বপুরুষদ্বয়পিণ্ডদাতৃত্বাৎ সপিণ্ডত্বাচ্চ পিতৃব্যস্ত্রীধনেঽধিকারী। তদভাবে ত্বসপিণ্ডোঽপি ভগিনীপুত্রঃ তৎপিণ্ডতৎপুত্রদেয়তৎপিত্রাদিপিণ্ডত্রয়দানাৎ মাতৃস্বস্থধনেঽধিকারী। তদভাবে স্বভর্ত্তৃভাগিনেয়ঃ পুত্রাৎ ভর্ত্তুর্দুর্ব্বলত্বাৎ তৎস্থানপাতিনোরপি তথৈব বলাবলস্য ন্যায্যত্বাৎ তদ্ভর্ত্তৃদেয়পূর্ব্বপুরুষত্রয়পিণ্ডদানাৎ তৎপিণ্ডদানাৎ তদ্ভর্ত্তৃপিণ্ডদানাচ্চ মাতুলানীধনেঽধিকারী। তদভাবে ভ্রাতৃসুতঃ তৎপিতৃপিতামহয়োস্তস্যাশ্চ পিণ্ডদানাৎ পিতৃস্বস্থধনেঽধিকারী। তস্যাপ্যভাবে শ্বশুরয়োঃ পিণ্ডদানাৎ জামাতা শ্বশ্রূধনেঽধিকা-

পুত্রস্থানপাতিতা ভর্ত্তৃদেয়পিণ্ডত্রয়দাতৃত্বেন ভর্ত্তৃভাগিনেয়স্য ভর্ত্তৃস্থানপাতিতেত্যর্থঃ। তথাচ ন্যায়বলেনৈব ভর্ত্তৃভাগিনেয়স্য স্বস্রীয়বাধ্যতেতি ভাবঃ ॥ ৭৩ ॥

তৎপিণ্ড তদ্ভর্ত্তৃপিণ্ড তদ্ভর্ত্তৃদেয় পূর্ব্বপুরুষত্রয়ের পিণ্ডদাতৃত্বপ্রযুক্ত মাতুলানীর ধনে অধিকারী হয়, যদি বল ভগিনীপুত্র যেমন পিত্রাদিত্রয়ের পিণ্ডদান করে তেমনি ভর্ত্তৃভাগিনেয় ও শ্বশুরাদিত্রয়ের পিণ্ডদান করে তবে কেন ভর্ত্তৃভাগিনেয়ের পূর্ব্বে নিজভগিনীপুত্রের অধিকার হয়, ইহার উত্তর এই যে ভগিনী পুত্রের পুত্রত্বাতিদেশ ও পুত্রদেয় পিণ্ডত্রয়দাতৃত্বপ্রযুক্তপুত্রস্থানপাতিতা ও ভর্ত্তৃভাগিনেয়ের, ভর্ত্তৃদেয়পিণ্ডত্রয়দাতৃত্বপ্রযুক্ত ভর্ত্তৃস্থানপাতিতা হয়। সুতরাং পুত্রাপেক্ষা ভর্ত্তার যখন ধনাধিকারবিষয়ে দুর্ব্বলত্ব আছে তখন পুত্রস্থানপাতী ও ভর্ত্তৃস্থানপাতী বলিয়া উহাদের বলাবল চিন্তা করা ন্যায্যই বুঝিতে হইবে। ভর্ত্তৃভাগিনেয়ের অভাবে ভ্রাতৃপুত্র, পিসীর ও তাঁহার পিতৃপিতামহের পিণ্ডদাতৃত্ব প্রযুক্ত পিতৃস্বসার ধনে অধিকারী হয়। তাহার অভাবে শ্বশুর শাশুড়ীর পিণ্ডদাতৃত্ব প্রযুক্ত জামাতা শাশুড়ীর ধনে অধিকারী হয়। এইরূপ ক্রমই গ্রাহ্য হইবে তবে যে স্বস্রীয়াদ্যাঃ এই বচন তাহা যথার্থক্রম জ্ঞাপক

রীতি অয়ং ক্রমোগ্রাহ্যঃ স্বস্ত্রীয়াদ্যা ইতি তু ন ক্রমার্থং কিন্ত্বধিকারিমাত্রজ্ঞাপনার্থপরং। যপ্লাং পুনরেতেষামভাবে শ্বশুরভ্রাতৃশ্বশুরাদেঃ সপিণ্ডানন্তর্য্যক্রতো ধনাধিকারো বোদ্ধব্যঃ ॥ ৭৩ ॥

ন চ সপিণ্ডাভাবে সতীদং বচনমিতি বাচ্যং অস্যামধিকারিশৃঙ্খলায়াং দেবরদেবরসুতয়োঃ ভ্রাতৃশ্বশুরসুতস্য চাধিকারজ্ঞাপনাৎ আসন্নতরশ্বশুরাদেঃ পরিত্যাগাৎ অতোবচনার্থাপরি-

---

বচনার্থাপবিজ্ঞানেতি। উক্তমনুযাজ্ঞবল্ক্যবচনয়োস্তাৎপর্য্যার্থাপরিজ্ঞানকৃত ইত্যর্থঃ। ব্যবহারঃ স্বস্ত্রীয়াদ্যাইতিপাঠক্রমেণাধিকারব্যবহারঃ। প্রমাণপরতন্ত্রৈঃ প্রমাণৈকসাপেক্ষৈঃ। অতন্ত্রং অপ্রয়োজকং অপ্রমাণমিতিযাবৎ। অত্রায়ং স্ত্রীধনাধিকারক্রমনির্ণয়ঃ। তত্র কন্যাধনে প্রথমং সোদরভ্রাতুস্তদভাবে মাতুস্তদভাবে পিতুরধিকারঃ, বরদত্তাতিরিক্তবাগ্দত্তাধনেষ্বেবং বরদত্তধনে তু বরস্যাধিকারইতি। ঊঢ়ায়া যৌতকধনে প্রথমং কুমারী তদভাবে বাগ্দত্তাঽধিকারিণী এতয়োরভাবে ঊঢ়য়োঃ পুত্রবতীসম্ভাবিতপুত্রয়ো র্যুগপদধিকারঃ। একস্যা অভাবেঽপরায়াঃ এতয়োরভাবে বন্ধ্যাবিধবয়োস্তুল্যাধিকারঃ একাভাবে চাপরায়াঃ ততঃ পুত্রদৌহিত্রপৌত্রপ্রপৌত্রসপত্নীপুত্রপৌত্রপ্রপৌত্রাণাং ক্রমেণাধিকারঃ গ্রন্থকৃন্মতে তু সপত্নীপুত্রানন্তরং দৌহিত্রস্যাধিকার ইতিবিশেষঃ। ততো ব্রাহ্মাদিবিবাহপঞ্চকসময়লব্ধযৌতকধনে ভর্ত্তা ভ্রাতা মাতা পিতা চেতি ক্রমঃ আসুরাদিবিবাহত্রয়সময়লব্ধযৌতকধনে মাতা পিতা ভ্রাতা ভর্ত্তা চেতিক্রমঃ ততোদেবরঃ ততোদেবরপুত্রভ্রাতৃশ্বশুরপুত্রৌ ততোভগিনীপুত্রঃ ততোভর্ত্তৃভাগিনেয়ঃ ততোভ্রাতৃপুত্রঃ ততোজামাতা ততঃ শ্বশুরঃ ততোভ্রাতৃশ্বশুরঃ ততআনন্তর্য্যক্রমেণ সপিণ্ডাঃ ততঃ সকুল্যাঃ

---

নহে। পরন্তু অধিকারিমাত্রজ্ঞাপক। পূর্ব্বোক্ত ছয় জনের অভাবে শ্বশুর ও ভাশুর ইত্যাদির সাপিণ্ড্যতারতম্য ধরিয়া ধনাধিকার ক্রম বুঝিবে ॥ ৭৩ ॥

যদি বল সমস্তসপিণ্ডের অভাবে এই বৃহস্পতি বচন অধিকারি জ্ঞাপক, তাহা বলিতে পার না। যেহেতু উক্ত অধিকারি শৃঙ্খলাতে দেবর, দেবরপুত্র, ও ভাশুরপুত্রের অধিকার জ্ঞাপিত হইয়াছে আর অতিনিকটবর্ত্তী শ্বশুরাদির

জ্ঞানকৃতো ব্যবহারঃ প্রমাণপরতন্ত্রৈরতন্ত্রী কর্ত্তব্যঃ। ইত্যতিগহনমুক্তমপ্রজঃস্ত্রীধনং ॥ ৭৪ ॥

সম্প্রতি বিভাগানধিকারিণঃ কথ্যন্তে তৎপর্য্যুদাসেনাধিকারিজ্ঞাপনার্থং। তত্রাপস্তম্বঃ। সর্ব্বে হি ধর্ম্মযুক্তা ভাগিনো দ্রব্যমর্হন্তি যস্ত্বধর্ম্মেণ দ্রব্যাণি প্রতিপাদয়তি জ্যেষ্ঠোঽপি সম-

ততঃ সমানোদকা ইতি। যৌতকাতিরিক্তেঽপি পিতৃদত্তে প্রথমং কুমারী ততঃ পুত্রঃ ততঃ পুত্রবতীসম্ভাবিতপুত্রে ততঃ পৌত্রদৌহিত্রপ্রপৌত্রসপত্নীপুত্রপৌত্রপ্রপৌত্রাঃ ততো বন্ধ্যা বিধবা চ যুগপদধিকারিণ্যৌ ততোব্রাহ্মাদিক্রমেণৈব পূর্ব্ববৎ ক্রমঃ। পিতৃদত্তাতিরিক্তে অযৌতকধনে তু পুত্রকুমার্য্যোর্যুগপদধিকারঃ তয়োরভাবে পুত্রবতীসম্ভাবিতপুত্রয়োঃ ততঃ পৌত্রদৌহিত্রপ্রপৌত্রসপত্নীপুত্রপৌত্রপ্রপৌত্রাঃ ক্রমেণাধিকারিণঃ ততো বন্ধ্যা বিধবা চ যুগপদধিকারিণ্যৌ ততঃ পূর্ব্ববৎ ব্রাহ্মাদিক্রম ইতি ॥ ৭৪ ॥

অথ দায়ভাগোনিরূপণীয় ইতিপ্রতিজ্ঞায়াং অনধিকারিনিরূপণং অপ্রস্তুতমত আহ তৎ পর্য্যুদাসেনেতি। তথাচ তদ্ভিন্নাধিকারিকতয়া দায়ভাগনিরূপণে তদপি প্রকৃতমেবেতি ভাবঃ। জ্যেষ্ঠোঽপীতি। প্রতিপাদয়তীত্যনেনান্বয়ঃ। বালেন তন্নাম্না নিবন্ধকারেণেত্যর্থঃ। ভিন্নোদকীকৃতইতি। পাতিত্যাদিদোষেণ যেন সহৈকমুদকং ন পীয়তে ব্যবহারানর্হ ইতি যাবৎ। উত্তমর্ণাধমর্ণেভ্যইতি। ধর্ম্ম-

পরিত্যাগ দৃষ্ট হইতেছে অতএব উক্ত মনু ও যাজ্ঞবল্ক্যবচনের তাৎপর্য্য না বুঝিয়া যে স্বস্ত্রীয়াদ্যা এই বচনের অনুসারে অধিকার ব্যবস্থা করিয়াছেন তাহা প্রমাণ সাপেক্ষ পণ্ডিতগণের প্রমাণী কর্ত্তব্য নহে ॥ ৭৪ ॥

ইতি অতিদুরূহ অপ্রজস্ত্রীধনাধিকার সম্পূর্ণ।

অনন্তর স্ত্রীধনাধিকারের ক্রম সংক্ষেপ করিয়া লিখিতেছি যথা অদত্তা কন্যার ধনে প্রথমে ভ্রাতার অধিকার, ভ্রাতার অভাবে মাতার অধিকার, মাতার অভাবে পিতার অধিকার হইবে। বরদত্তাতিরিক্ত বাগ্দত্তার ধনেও ঐরূপ অর্থাৎ অগ্রে ভ্রাতার তারপর মাতার তারপর পিতার অধিকার হয়,

ভাগং কুৰ্ব্বীতেতি। ইদং বালেনাকুলীকৃত্য পঠিতং যস্তু ধর্ম্মেণ দ্রব্যাণি প্রতিপাদয়তি জ্যেষ্ঠস্তং পিতৃসমভাগং কুৰ্ব্বীতেতি তদনাকরং। তথা অপপাত্রিতস্য রিকৃথপিণ্ডোদকানি নিবর্ত্তন্তে। অপপাত্রিতো ভিন্নোদকীকৃতঃ। তথা বৃহস্পতিঃ। সবর্ণাজোঽপ্যগুণবান্নার্হঃ স্যাৎ পৈতৃকে ধনে। তৎপিণ্ডদাঃ শ্রোত্রিয়া যে তেষাং তদভিধীয়তে। উত্তমর্ণাধমর্ণেভ্যঃ পিতরং ত্রায়তে সুতঃ। অতস্তদ্বিপরীতেন নাস্তি তেন প্রয়োজনং। তয়া গবা

পরোঽয়ং নির্দ্দেশঃ। উত্তমানাং দেবর্ষিপিতৃণাং অধমানাং কীটাদীনাং ঋণং অবশ্যাপাকরণীয়ত্বেন ঋণতুল্যং তেভ্যইত্যর্থঃ। বহুবচনন্তু ব্যক্তি ভেদাৎ অসংস্কৃতোঽনুপ-

কিন্তু বরদত্ত ধন ব্যয় বাদে বরই লইবে। আর বিবহিতা স্ত্রীব যৌতক ধনে প্রথম অদত্তা কন্যা অধিকাবিণী, তারপর বাগ্দত্তা অধিকারিণী, তাবপর বিবাহিতা তনয়ার মধ্যে পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা উভয়ের সমান অধিকার, এক থাকিলে একের অধিকার তাহার পর বন্ধ্যা ও বিধবা কন্যা উভয়ের তুল্যাধিকার তন্মধ্যে এক থাকিলে একের অধিকার হয়। এইরূপ সর্ব্বপ্রকাব কন্যার অভাবে মাতার যৌতকধনে পুত্র অধিকারী হয় তারপর সপত্নীপুত্র, তারপর দৌহিত্র, তারপব পৌত্র, তারপর প্রপৌত্র, তারপর সপত্নীপুত্র, তারপর সপত্নীপ্রপৌত্র ইহাবা ক্রমে অধিকারী হয়। (টীকাকারমতে নিজপ্রপৌত্রের পর সপত্নীপুত্রের অধিকার এইমাত্র বিশেষ) এইরূপ সপত্নীপ্রপৌত্রপর্য্যন্ত সন্তানের অভাবে ব্রাহ্ম, দৈব, আর্ষ, গান্ধর্ব্ব, প্রাজাপত্য এই পঞ্চ বিবাহ সময় লব্ধ যৌতকধনে প্রথম ভর্ত্তা, তারপর ভ্রাতা, তারপর মাতা, তারপর পিতা অধিকারী হয়েন, আর আসুর, রাক্ষস, পৈশাচ, এই তিন বিবাহ সময় লব্ধ যৌতকধনে প্রথমে মাতা তারপর পিতা তারপর ভ্রাতা তারপর ভর্ত্তা অধিকারী হন, তাহার পর দেবর অধিকারী তারপব দেবরপুত্র ও ভাশুরপুত্র এই উভয়ে তুল্যাধিকারী, তারপর ভগিনীপুত্র তারপর ভর্ত্তার-ভাগিনেয় তারপর ভ্রাতৃপুত্র, তার-

কিং ক্রিয়তে যা ন ধেনুর্ন গর্ব্বিণী। কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ধার্ম্মিকঃ। শাস্ত্রশৌর্য্যার্থরহিতস্তপোবিজ্ঞান বর্জ্জিতঃ। আচারহীনঃ পুত্রস্তু মুত্রোচ্চারসমস্ত সঃ। আপ স্তম্বস্যায়মর্থঃ পিত্রাদেরৌর্দ্ধদেহিকস্য কর্ম্মণো ‘হসংস্কৃতঃ সুতঃ

নীতঃ। মহাফলশ্রুতেরিত্যনন্তরং মহানিষ্টনিবারণশ্রুতেশ্চেত্যপি বোধ্যং তেনোক্ত-পুন্নামনরকত্রাণস্য সর্ব্বপুত্রকর্ত্তৃকত্বাভাবেঽপি ন ক্ষতিঃ। বিকর্ম্মস্থাঃ ঔর্দ্ধদেহিকস্য

পর জামাতা তারপর শ্বশুর তারপর ভাশুর তারপর নৈকট্যানুসারে সপিণ্ড, তারপর সকুল্য, তাহার পর সমানোদক নৈকট্যক্রমে অধিকারী হয়।

এবং পিতৃদত্ত স্ত্রীধন অযৌতক হইলেও তাহাতে প্রথমে কুমারী অধিকা-রিণী তারপব পুত্র অধিকারী তারপর পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা তুল্যাধিকা-রিণী তারপর পৌত্র তারপর সপত্নীপুত্র তারপর দৌহিত্র তারপর প্রপৌত্র, তারপর সপত্নীপৌত্র তারপর সপত্নীপ্রপৌত্র (টীকাকার মতে নিজ প্রপৌ-ত্রের পর সপত্নীপুত্র অধিকারী এইটি বিশেষ জানিবে) তারপর বন্ধ্যা ও বিধবা তুল্যাধিকারিণী তারপর পূর্ব্বোক্ত যৌতকধনের ন্যায় ব্রাহ্মাদি পঞ্চ বিবাহের পূর্ব্বেই হউক বা পরেই হউক পিতৃদত্তধনে ভর্ত্তা, ভ্রাতা, মাতা ও পিতা ক্রমে অধিকারী হয়েন।

আর আসুরাদি তিনবিবাহের পূর্ব্বেই হউক বা পরেই হউক পিতৃদত্ত স্ত্রীধনে মাতা, পিতা, ভ্রাতা ও ভর্ত্তা ক্রমেতে অধিকারী হন তাহার পর পূর্ব্ববৎ দেবরাদির অধিকার হয়।

আর পিতৃদত্তাতিরিক্ত অযৌতকধনে অর্থাৎ কি বন্ধুদত্ত কি শুল্ক কি অন্বা-ধেয় কি পুত্রদত্ত কি বিবাহসময়ের পূর্ব্বলব্ধ কি বিবাহোত্তর নিঃসম্পর্কীয়-দত্ত কিংবা শিল্পকর্ম্মলব্ধ সমস্ত অযৌতকধনে পুত্র ও কুমারী উভয়ের তুল্যাধি' কার, এক থাকিলে একের অধিকার হয় তাহার পর পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা দুহিতৃদ্বয়ের সমানাধিকার তাহার পর পৌত্র, সপত্নীপুত্র, দৌহিত্র, প্রপৌত্র, সপত্নীপৌত্র ও সপত্নীপ্রপৌত্র ইহারা ক্রমে অধিকারী হয়। (টীকাকার

শ্রেষ্ঠো নাপরো বেদপারগইতি" "পুন্নাম্নোনরকাৎ যস্মাৎ ত্রায়তে পিতরং সুত" ইত্যাদিবচনেন পুত্রকর্ত্তৃকতয়া মহাফল-

কর্ম্মণোবিরোধীনি যানি কর্ম্মাণি অগম্যাগমনাদীনি তৎকারিণ ইত্যর্থঃ। জাতিপদ-মিতি। জন্মার্থকং জাতিপদং তেন জন্মান্ধজন্মবধিরাবিত্যর্থঃ ॥ ৭৫ ॥

মতে নিজপ্রপৌত্রের পর সপত্নীপুত্র অধিকারী জানিবে) তাহার পর বন্ধ্যা ও বিধবা দুহিতা উভয়ে তুল্যাধিকারিণী তাহার পর ভ্রাতা, মাতা, পিতা ও ভর্ত্তা ক্রমে অধিকারী হন তারপর দেবরপ্রভৃতি সমানোদকপর্য্যন্তের পূর্ব্ববৎ নৈকাট্যানুসারে অধিকার হয়।

ইতি স্ত্রীধনাধিকারক্রমসংক্ষেপ।

সম্প্রতি বিভাগ পাইবার অধিকারী যাহারা নহে তাহাদিগকে কহিতেছি। অনধিকারী নিরাসদ্বারা অধিকারিগণের স্থিরতা জ্ঞান হয়। যথা আপস্তম্ব বচন, সকলে ধর্ম্মনিষ্ঠ হইলে ধন পায় যিনি জ্যেষ্ঠ হইয়াও অধর্ম্মপথে দ্রব্য বিনিয়োগ করেন তাহাকে নির্ভাগ করিবে। এই বচনটি বাল নামক নিবন্ধকার গোলযোগ করিয়া লেখেন যে যে জ্যেষ্ঠভ্রাতা ধর্ম্মপথে দ্রব্য বিনিয়োগ করেন তাহাকে পিতৃসমভাগী করিবে ইহা আকর বিরুদ্ধ জানিবে। তথা অপপাত্রিত ব্যক্তির ধনাধিকারও পিণ্ডোদকদান নিবৃত্ত হয়। অপপাত্রিত শব্দের অর্থ ভিন্নোদকীকৃত, পাতিত্যাদিদোষপ্রযুক্ত যাহার সহিত কেহ জল খায় না অর্থাৎ অব্যবহার্য্য। তথা বৃহস্পতিবচন, সবর্ণাপুত্র হইলেও যদি উৎকট দোষী হয় তাহা হইলে পৈতৃকধনে অধিকারী হয় না, যাহারা ধনির পিণ্ডদাতা ধার্ম্মিক পুত্র তাহাদেরই সেইধন গ্রাহ্য হয়। যে পুত্র পিতাকে দেবর্ষি পিতৃ মনুষ্যাদির ঋণ হইতে মুক্ত করে সেই যথার্থ পুত্র, ইহার বিপরীত পুত্রে প্রয়োজনাভাব। সেই গাভীতে কি প্রয়োজন যে বৎসপ্রসব করে না অথবা গর্ভিণীও হয় না। সেই পুত্র জন্মিয়াই বা কি ফল যে পুত্র বিদ্বান্ বা ধার্ম্মিক হয় না। শাস্ত্র, শূরত্ব অর্থ, তপস্যা, বিজ্ঞান, ও আচারহীন যে পুত্র সে মল মূত্রের সমান। উক্ত আপস্তম্ববচনের অর্থ এই যে অনুপনীত হইলেও

শ্রুতেস্তৎকর্ম্ম বেতনং ধনসম্বন্ধিত্বং অতস্তদকুর্ব্বতঃ কুতো বেতনং। অতএবাহ মনুঃ। সর্ব্বএব বিকর্ম্মস্থা নার্হন্তি ভ্রাতরো ধনং। তথা। অনংশৌ ক্লীবপতিতৌ জাত্যন্ধবধিরৌ তথা। উন্মত্তজড়মূকাশ্চ যে চ কেচিন্নিরিন্দ্রিয়াঃ॥ ৭৫॥

ক্লীবশ্চ কাত্যায়নেন দর্শিতঃ। ন মূত্রং ফেনিলং যস্য বিষ্ঠা চাপ্সু নিমজ্জতি। মেঢ্রশ্চোন্মাদশুক্রাভ্যাং হীনঃ ক্লীবঃ

---

তৎসুত ইতি পাতিত্যানন্তরমুৎপাদিতসুত ইত্যর্থঃ। যদ্যপি পতিতপুত্রস্যাপি পতিতত্বমেব তথাপি তস্য পৃথগুপাদানং তদিতরেষাং ক্লীবাদিপুত্রাণামংশিত্ব-

---

পুত্রই শ্রেষ্ঠ, অন্য বেদপারগ হইলেও তাদৃশ নহে। আর পুত্র পুন্নাম নরক হইতে পিতাকে যেহেতুক ত্রাণ করে ইত্যাদিবচন প্রমাণে পিতার ঔর্দ্ধদেহিক কর্ম্ম পুত্রকর্ত্তৃক অনুষ্ঠিত হইলে স্বর্গফলজনক হয় এজন্য ধনাধিকারটি ঐ সকল শ্রাদ্ধাদিকর্ম্মকরণের বেতনস্বরূপ। সুতরাং সেই কর্ম্ম না করিলে বেতন লাভ কোথায়। অতএব মনুবচন, বিকর্ম্মস্থ অর্থাৎ শ্রাদ্ধতর্পণাদিতে অনধিকারী ভ্রাতৃগণ ধনাধিকারী হয় না তথা ক্লীব, পতিত জন্মান্ধ, জন্মবধির, উন্মত্ত, জড়, বোবা, ও যে কোন ইন্দ্রিয়বিহীন পুত্রাদি ধনাধিকারী হয় না॥ ৭৫॥

কাত্যায়ন, ক্লীবের লক্ষণ দর্শাইয়াছেন যথা যাহার মূত্রে ফেনা হয় না যাহার বিষ্ঠা জলে ডুবিয়া যায় ও মেঢ্র উত্থানশক্তি ও শুক্রবিহীন হয় তাহাকে ক্লীব বলাযায়। মনুবচনে জাতিপদ অন্ধ ও বধির উভয়ের সঙ্গে অন্বয় পায় তাহাতে জন্মান্ধ ও জন্মবধির বুঝাইল। বর্ণোচ্চারণ করিতে যে অসমর্থ তাহার নাম মূক অর্থাৎ বোবা। বেদগ্রহণ করিতে যে না পারে তাহাকে জড় বলে। তথা যাজ্ঞবল্ক্য, পতিত, পতিতের পুত্র, ক্লীব, পঙ্গু, উন্মত্ত, জড়, জন্মান্ধ, ও অচিকিৎসনীয়রোগগ্রস্ত ইহারা ভর্ত্তব্য হইবে অর্থাৎ কেবল গ্রাসাচ্ছাদন ভাগী কিন্তু ধনের ভাগ পাইবে না। পদদ্বয়ে গমনে যে ব্যক্তি অসমর্থ তাহার নাম পঙ্গু। উক্ত ক্লীবপ্রভৃতি ধনভাগী না হইলেও পতিত ও পতিতের পুত্র ভিন্ন সকলকেই গ্রাসাচ্ছাদন দিতে হইবে। যথা দেবল, পিতার মৃত্যু হইলে ক্লীব,

স উচ্যতে। জাতিপদমন্ধবধিরাভ্যাং সম্বধ্যতে। বর্ণানুচ্চা-রকো মূকঃ। বেদগ্রহণাসমর্থো জড়ঃ। তদাহ যাজ্ঞবল্ক্যঃ। পতিতস্তৎসুতঃ ক্লীবঃ পঙ্গুরুন্মত্তকো জড়ঃ। অন্ধোঽচিকিৎ-সরোগার্ত্তো ভর্ত্তব্যাস্তে নিরংশকাঃ। পদ্ভ্যাং ন গচ্ছতীতি-পঙ্গুঃ। নিরংশকত্বেঽপি পতিততৎসুতব্যতিরিক্তা ভর্ত্তব্যাঃ। তদাহ দেবলঃ। মৃতে পিতরি ন ক্লীবকুষ্ঠ্যুন্মত্তজড়ান্ধকাঃ। পতিতঃ পতিতাপত্যং লিঙ্গী দায়াংশভাগিনঃ। তেষাং পতি-তবর্জ্জেভ্যো ভক্তবস্ত্রং প্রদীয়তে। তৎসুতাঃ পিতৃদায়াংশং লভেরন্ দোষবর্জ্জিতাঃ। লিঙ্গী প্রব্রজিতাদিঃ। পতিতপদেন

---

জ্ঞাপনার্থমিতি। ন চ পাতিত্যানন্তরোৎপন্নস্য পতিতত্বেনৈব প্রাপ্তেঃ তৎসুতইতি-প্রাগুৎপন্নপতিতপুত্রসংগ্রহার্থমিত্যেব কিন্নস্যাদিতিবাচ্যং ক্লীবাদিপুত্রাণামিব তস্যাপি নির্দ্দোষত্বাৎ বিভাগার্হতায়া ন্যায্যত্বাৎ তন্নিষেধস্য বাচনিকত্বে চাদৃষ্টার্থকল্পনা-

---

কুষ্ঠরোগী, উন্মত্ত, জড়, জন্মান্ধ, পতিত, পতিতের অপত্য, ও লিঙ্গী ইহারা ধনাধিকারী হয় না। কিন্তু ইহাদের মধ্যে পতিত ব্যতিরেকে সকলকেই অন্না-চ্ছাদন দিতে হয় এবং তাহাদের সন্তান যদি নির্দ্দোষ হয় তাহা হইলে তাহারা পৈতৃকধনের ভাগ পায়। লিঙ্গী অর্থাৎ যতি ইত্যাদি। (অচিকিৎসনীয় রোগগ্রস্ত ব্যক্তির বিভাগের পরেও যদি ঔষধাদিদ্বারা রোগশান্তি হয় তবে পুনর্ব্বার সে ভাগ পাইবে) পতিত পদে তাহার সন্তানকেও পাওয়া যায়। যেহেতু পতিত হইতে যে সন্তান উৎপন্ন হয় সেও পতিত হয়, তবে যে পতিতের সন্তানের আবার ভাগ প্রাপ্তি নিষেধ করিলেন তাহাতে ক্লীবাদির পুত্রের অংশ প্রাপ্তি সূচিত হইল। তথা বৌধায়ন, অন্ধ, জড়, ক্লীব, ব্যসনী, ও ব্যাধিগ্রস্ত প্রভৃতি অকর্ম্মণ্যদিগের গ্রাসাচ্ছাদন দ্বারা ভরণপোষণ করিবে কিন্তু পতিত ও পতিতোৎপন্ন সন্তানের গ্রাসাচ্ছাদন দিবে না। নারদবচন, পিতৃ-দ্বেষী, পতিত, ক্লীব ও উপপাতকী ইহারা ঔরস হইলেও অংশ পায় না তাদৃশ

তৎসুতস্যাপ্যুপাদানং পতিতোৎপন্নত্বেন পতিতত্বাৎ। তদাহ বৌধায়নঃ। অতীতব্যবহারান্ গ্রাসাচ্ছাদনৈর্ব্বিভৃয়ুঃ অন্ধজড়ক্লীবব্যসনিব্যাধিতাদীংশ্চাকর্ম্মিণঃ পতিততজ্জাতবর্জ্জং। তত্র নারদঃ। পিতৃদ্বিট্ পতিতঃ পণ্ডো যশ্চ স্যাদৌপপাতিকঃ। ঔরসা অপি নৈতেঽংশং লভেরন্ ক্ষেত্রজাঃ কুতঃ। আহ কাত্যায়নঃ। অক্রমোঢ়াসুতশ্চৈব সগোত্রাদ্‌যস্তু জায়তে। প্রব্রজ্যাবসিতশ্চৈব ন রিকৃথং তেষু চার্হতি ॥ ৭৬ ॥

হীনবর্ণস্ত্রীপরিণয়নানন্তরং উত্তমবর্ণস্ত্রীপরিণয়নে দ্বয়োরপ্যক্রমোঢ়াত্বং তয়োঃ সগোত্রাৎ নিযুক্তাদুৎপন্নঃ ক্ষেত্রজঃ পুত্রো নার্হতি ধনং অক্রমোঢ়ায়ামপি সবর্ণেন পরিণেত্রা উৎপাদিতঃ পুত্রো ধনাধিকারী ক্রমোঢ়ায়ামসবর্ণজাতোঽপি। তদাহ

---

গৌরবাপত্তেঃ। অচিকিৎসরোগার্ত্তইতিশ্রুতের্যদি বিভাগানন্তরং ঔষধাদিনা রোগনিবৃত্তি স্তদা তস্যাপ্যংশিত্বমেবেতি প্রতিপত্তব্যং ॥ ৭৬॥

অসবর্ণজাতোঽপীতি। উত্তমবর্ণেনাধমবর্ণায়ামুৎপাদিতোঽপীত্যর্থঃ। প্রতিলোমেতি। হীনবর্ণেনোত্তমবর্ণায়ামুৎপাদিতো ন ঋকৃথভাগিত্যর্থঃ। বন্ধুভিঃ তস্য

---

ক্ষেত্রজপুত্রের কথাই বা কি। কাত্যায়নবচন, অক্রমোঢ়া স্ত্রীতে সগোত্র হইতে যে ক্ষেত্রজ পুত্র জন্মে ও সন্ন্যাসধর্ম্মাবলম্বী ইহারা ধনাধিকারযোগ্য নহে ॥ ৭৬ ॥

হীনবর্ণের কন্যা বিবাহ করিয়া উত্তমবর্ণের কন্যা বিবাহ করিলে ঐ দুই স্ত্রীকেই অক্রমোঢ়া বলে, সেই অক্রমোঢ়ার গর্ভে নিয়োগ প্রণালীতে সগোত্র হইতে যে ক্ষেত্রজ পুত্র জন্মে সে ধনাধিকারী হয় না বটে কিন্তু অক্রমোঢ়ার গর্ভে সবর্ণপতি কর্ত্তৃক উৎপাদিত ঔরস পুত্র ধনাধিকারী হয়। আর ক্রমোঢ়ার গর্ভে অসবর্ণজাত অনুলোমজ পুত্রও ধনাধিকারী হয়। যথা কাত্যায়ন, অক্রমোঢ়ার পুত্র ধনাধিকারী হয়, যদি সে পিতার সবর্ণ হয়, আর ক্রমোঢ়ার গর্ভে অসবর্ণজাত হইলেও ধনাধিকারী হয়। কিন্তু তাহার প্রতিলোমজ পুত্র অর্থাৎ

কাত্যায়নঃ। অক্রমোঢ়াসুতস্ত্বৃকৃথী সবর্ণশ্চ যদা পিতুঃ। অসবর্ণপ্রসূতশ্চ ক্রমোঢ়ায়াঞ্চ যো ভবেৎ। প্রতিলোমপ্রসূতোযস্তস্যাঃ পুত্রো ন রিকৃথভাক্। গ্রাসাচ্ছাদনমাত্রং তু দেয়ং যদ্বন্ধুভির্ম্মতং। বন্ধূনামপ্যভাবে তু পিত্র্যং দ্রব্যং তদাপ্নুয়াৎ। স্বপিত্রং তদ্ধনং প্রাপ্তং দাপনীয়া ন বান্ধবাঃ। অস্তি চ ক্লীবাদীনাং দারপরিগ্রহঃ। যদ্যর্থিতা তু দারৈঃ স্যাৎ ক্লীবাদীনাং কথঞ্চন। তেষামুৎপন্নতন্তূনামপত্যং

পিতৃঋক্‌থগ্রাহিভিঃ তৎপিতৃভ্রাত্রাদিভিঃ। স্বপিত্র্যমিতি। যদা বন্ধুভিঃ স্বপিত্র্যমেব ধনং প্রাপ্তং ন তু তৎপিতৃধনং প্রাপ্তং তদা তদ্গ্রাসাচ্ছাদনং রাজ্ঞা বান্ধবা ন দাপনীয়াঃ। অপিত্র্যমিতি পাঠে প্রতিলোমজস্য ন পিতৃসম্বন্ধি ইতি স এবার্থঃ

হীনবর্ণ হইতে উত্তমবর্ণার গর্ব্ভে জাত পুত্র ধনাধিকারী হয় না, কেবল গ্রাসাচ্ছাদন মাত্র তাহাকে তৎপিতৃধনগ্রাহী পিতৃব্যাদি বন্ধুরা দিবেন। যদি পিতৃব্যাদি বান্ধবেরা না থাকে তবে প্রতিলোমজ পুত্রও পিতৃধন পায়। আর তাহার পিতৃধন বান্ধবেরা যদি কিছু না পায়, তবে রাজা তাহার গ্রাসাচ্ছাদন দেওয়াইবেন না।

আর ক্লীবাদিরও দার পরিগ্রহ আছে যথা প্রমাণ। ক্লীবপ্রভৃতির যদি কথঞ্চিৎ দার পরিগ্রহের বাসনা হয় ও তাহাতে যদি তন্তু (পুত্র) উৎপন্ন হয় তবে সেই অপত্য ধনাধিকারের যোগ্য। তন্তুশব্দের অর্থ অপত্য। যদি বল ক্লীবের পুরুষত্ব না থাকায় পুত্রোৎপাদনে অসামর্থ্য ও বোবা প্রভৃতির অধ্যয়ন শক্তি না থাকায় উপনয়নাভাব প্রযুক্ত পাতিত্য জন্মে তবে উহাদের কিরূপে দার পরিগ্রহ সম্ভবে, ইহা বলিতে পার না, কারণ ক্লীবের পত্নীতে সগোত্র নিয়োগদ্বারা পুত্রোৎপাদন সম্ভব হয় এবং উপনয়নের অযোগ্য ব্যক্তির যদি উপনয়ন না হয় তাহাতে সে শূদ্রের ন্যায় অপতিত হয়, উপনয়নযোগ্যেরই উপনয়নাভাবে পাতিত্য জন্মে জানিবে। অতএব উহাদের যথাসম্ভব ঔরস ও ক্ষেত্রজ পুত্র নির্দোষ হইলে আপনার পিতার অনুসারে অর্থাৎ পিতৃ যোগ্যাংশ

দায়মর্হতি। তস্তুরপত্যং। ন চাপুংস্ত্বাৎ ক্লীবস্য জননা-সামর্থ্যাৎ অধ্যয়নাভাবাৎ মূকাদেরুপনয়নাভাবেন পতিতত্বাৎ কথং দায়সম্বন্ধইতি বাচ্যং ক্লীবস্য পত্ন্যামন্যেন পুত্রোৎপাদন-সম্ভবাৎ উপনয়নানর্হস্যানুপনীতত্বে শূদ্রবদপতিতত্বাৎ তেনৈ-তেষাং যথাসম্ভবমৌরসক্ষেত্রজাঃ ক্লীবত্বাদিশূন্যাঃ স্বপিত্রনু-সারেণ ভাগহারিণঃ। দুহিতরশ্চ পরিণয়নং যাবদ্ভর্ত্তব্যাঃ অপুত্রাশ্চ স্ত্রিয়ো যাবজ্জীবং। যদাহ যাজ্ঞবল্ক্যঃ। ঔরসাঃ ক্ষেত্রজাস্ত্বেষাং নির্দ্দোষা ভাগহারিণঃ। সুতাশ্চৈষাং প্রভর্ত্তব্যা যাবন্ন ভর্ত্তৃসাৎকৃতাঃ। অপুত্রাযোষিতশ্চৈষাং ভর্ত্তব্যাঃ সাধু-বৃত্তয়ঃ। নির্ব্বাস্যা ব্যভিচারিণ্যঃ প্রতিকূলাস্তথৈব চ॥ ৭৭॥

তথাচ প্রতিলোমজায় গ্রাসাচ্ছাদনং বন্ধুভিস্তৎ পিতৃধনপ্রাপ্তাবেব দেয়ং নান্যথে-ত্যর্থঃ। ক্লীবাদের্দ্দারপরিগ্রহাসম্ভবাৎ কথং পুত্রসম্ভব ইত্যাশঙ্কামপনেতুমাহ অস্তি চেতি। যথাসম্ভবমিতি। মূকাদেরৌরসস্য ক্ষেত্রজস্য চ সম্ভবঃ ক্লীবস্য তু ক্ষেত্র-জমাত্রস্য সম্ভব ইতি। স্বপিত্রনুসারেণেতি। স্বপিতুর্ব্রাহ্মণীপুত্রক্ষত্রিয়াপুত্রত্বাদিনা যাদৃশো ভাগস্তাদৃশভাগহারিণ ইত্যর্থঃ। যাবজ্জীবমিতি ভর্ত্তব্যা ইতিপূর্ব্বেণান্বয়ঃ। ভর্ত্তৃসাৎকৃতা ইতি। তেন তাসাং বিবাহোপ্যাহবশ্যং কারয়িতব্য ইতি প্রতিপন্নং॥ ৭৭॥

ভাগী হয়। আর কন্যাদিগের বিবাহ পর্য্যন্ত পোষণ করিবে ও বিবাহ দিবে এবং উহাদের পুত্রহীনা স্ত্রীকে যাবজ্জীবন পোষণ করিবে, যথা যাজ্ঞবল্ক্য, ক্লীব প্রভৃতির ঔরস ও ক্ষেত্রজ পুত্র ক্লীবত্বাদি দোষ রহিত হইলে ভাগহারী হয়। আর ইহাদের কন্যা যাবৎ ভর্ত্তৃসাৎকৃতা না হয় তাবৎ ভরণীয়া হয়। আর ইহাদের পুত্রহীনা ভার্য্যা যদি সচ্চরিত্রা হয় তবে তাহাদের গ্রাসাচ্ছাদন দিবে, ব্যভিচারিণী কিংবা প্রতিকূলা হইলে নির্ব্বাসনীয়া হইবে অর্থাৎ ব্যভিচারিণীকে দূর করিয়া দিবে গ্রাসাচ্ছাদন কিছুমাত্র দিবে না। প্রতিকূলা

সম্প্রতি বিভাজ্যমবিভাজ্যঞ্চোচ্যতে। তত্র কাত্যায়নঃ। পৈতামহঞ্চ পিত্র্যং চ যচ্চান্যৎ স্বয়মর্জ্জিতং। দায়াদানাং বিভাগে তু সর্ব্বমেতদ্বিভজ্যতে। যচ্চান্যদিতি চকারঃ স্বয়মিত্যনেন সম্বধ্যতে স্বয়ঞ্চার্জ্জিতমিতি চকারাদন্যস্যাপি তদর্জ্জনং সাধারণধনদ্বারেণেত্যর্থঃ॥ ৭৮॥

অনুপঘাতোপাত্তমবিভাজ্যমাহতুর্ম্মনুবিষ্ণূ। অনুপঘ্নন্ পিতৃদ্রব্যং শ্রমেণ যদুপার্জ্জয়েৎ। স্বয়মীহিতলব্ধং তন্নাকামো দাতুমর্হতি। পিতৃদ্রব্যোপঘাতাভাবেন দ্রব্যদ্বারেণ নেতরেষাং

---

সম্প্রতি ক্লীবাদিভিন্নত্বেনাধিকারিনিরূপণানন্তরমিত্যর্থঃ। পৈতামহঞ্চেতি সম্বন্ধিধনমাত্রোপলক্ষণং। সাধারণধনদ্বারেণেতি। শরীরশ্রমসাধারণ্যেনাপি বোধ্যং তথৈব বক্ষ্যমাণত্বাৎ। স্বীয়ং স্বধনশ্রমমাত্রার্জ্জিতং অসাধারণং ভ্রাতৃভিস্তৈরবিভাজ্যং॥ ৭৮॥

নমু বিদ্যালব্ধস্য পৃথগুপাদানং ব্যর্থং অনাশ্রিত্যেতি সামান্যাভিধানেন তস্যাপি প্রাপ্তেঃ অতস্তৎপ্রয়োজনমাহ। স্বশক্তিপ্রাপ্তস্যাপীতি। নিরাকরণার্থমিতি।

---

অর্থাৎ অবাধ্যাকে তফাতে রাখিয়া যথাকথঞ্চিৎ পালন করিবে যদি সাধ্বী হয় এই অর্থ টি মিতাক্ষরামতানুসারে জানিবে॥ ৭৭॥

সম্প্রতি বিভাজ্য ও অবিভাজ্য অর্থাৎ যাহা ভাগের যোগ্য ও যাহার ভাগ হয় না সেই উভয় প্রকার ধন কহিতেছি। কাত্যায়নবচন, পিতৃ পিতামহ সম্বন্ধীয়ধন ও সাধারণের ধন ও শ্রমদ্বারা যাহা উপার্জ্জিত হয় সেই সকল ধন দায়াদগণের বিভাগ যোগ্য হয়। যচ্চান্যৎ এই চকার স্বয়ং এই পদের সঙ্গে অন্বয় পায় তাহাতে স্বয়ং ও অর্জ্জিত এইরূপ অর্থ হওয়াতে অন্যেরো সাধারণ ধনদ্বারা উপার্জ্জিত বুঝাইল॥ ৭৮॥

অনুপঘাতোপার্জ্জিতধনবিভাগের যোগ্য নহে যথা মনু ও বিষ্ণুবচন, পিতৃদ্রব্যের উপঘাত না করিয়া স্বকীয় শ্রমদ্বারা যাহা উপার্জ্জন করে সেইধন

ব্যাপারঃ স্বচেষ্টালব্ধত্বেন শারীরোঽপি ব্যাপারো নেতরেষা-
মিতি অর্জ্জকস্যৈব তদসাধারণং স্বয়মীহিতলব্ধং তদিতিহেতু-
ত্বেনোপন্যাসাৎ। তথাচ ব্যাসঃ। অনাশ্রিত্য পিতৃদ্রব্যং
স্বশক্ত্যাপ্নোতি যদ্ধনং। দায়াদেভ্যো ন তদ্দদ্যাদ্বিদ্যালব্ধন্তু
যত্তবেৎ। স্বশক্তিমাত্রেণ যৎ প্রাপ্তমিতি সামান্যেনাভিধানাৎ
সর্ব্বমেবম্বিধং স্বীয়মসাধারণং দ্রব্যং। স্বশক্তিপ্রাপ্তস্যাপি
বিদ্যাধনস্য সমাধিকবিদ্যৈঃ সাধারণত্বাৎ ন্যূনবিদ্যাবিদ্যনি-
রাকরণার্থং বিদ্যালব্ধপদং। তথা যাজ্ঞবল্ক্যঃ। পিতৃদ্রব্যা-
বিরোধেন যদন্যৎ স্বয়মর্জ্জিতং। মৈত্রমৌদ্বাহিকঞ্চৈব

---

তথাচ বিদ্যালব্ধস্য ন্যূনবিদ্যাবিদ্যৈন বিভাগঃ তদন্যেষান্ত তথাবিধানাং কেনাপি
সহ ন বিভাগ ইতি ভাগস্য দ্বৈবিধ্যেমৈকবিধ্যাভাবাৎ তস্য পৃথগুপন্যাসইতি ভাবঃ।
ন চ সাধারণধনসম্বন্ধেনাপি বিদ্যার্জ্জিতে বিভাগনিষেধার্থএব কিন্ন স্যাদিতি
বাচ্যং বৈদ্যোঽবিদ্যায়েতি বক্ষ্যমাণবচনবিরোধাৎ। ঔদ্বাহিকং জামাতৃতয়া শ্বশুরা-
দিতো লব্ধং। তত্তস্যৈবেত্যেবকারাৎ ন্যূনবিদ্যাবিদ্যব্যবচ্ছেদঃ। মাধুপর্কিকং

---

স্বোপার্জ্জিত বলিয়া অনিচ্ছু হইলে অন্যকে দিবে না। পিতৃদ্রব্যের উপঘাত
না করায় অন্য ব্যক্তির সাধারণ ধন হয় নাই আর স্বকীয় শ্রম বলায় অন্যের
শারীরিক শ্রমও হয় নাই ইহা বোধ হইল। সুতরাং সেই ধন কেবল অর্জ্জকে-
রই হইবে অন্যে ভাগ পাইবে না. যেহেতু সে ধন স্বকীয় চেষ্টাদ্বারাই উপার্জ্জিত
হইয়াছে। তথা ব্যাস, পিতৃদ্রব্য আশ্রয় না করিয়া নিজশক্তিদ্বারা যে ধন
উপার্জ্জন করে তাহা দায়াদদিগকে দিবে না এবং বিদ্যাদ্বারা যাহা অর্জ্জিত
হয় তাহাও অন্যকে দিবে না। কেবল নিজশক্তিদ্বারা যাহা উপার্জ্জন করে
এই সামান্যতঃ কথনহেতুক এইরূপ সমস্ত দ্রব্য অর্জ্জকের স্বকীয় অসাধারণ
হয়। স্বশক্তিমাত্রলব্ধবিদ্যাধনের ও সমবিদ্য ও অধিকবিদ্যের সহিত
বিভাজ্যত্ব প্রযুক্ত ন্যূনবিদ্য ও বিদ্যাহীনের নিরাকরণার্থ বিদ্যালব্ধধনের

দায়াদানাং ন তদ্ভবেৎ। মৈত্রাদিগ্রহণং প্রদর্শনার্থং এবমাদিষু প্রায়েণানুপঘাতসম্ভবাৎ। তথা মনুঃ। বিদ্যাধনন্তু যদ্যস্য তত্তস্যৈব ধনং ভবেৎ। মৈত্রমৌদ্বাহিকঞ্চৈব মাধুপর্কিকমেব চ। তথা ব্যাসঃ। বিদ্যাপ্রাপ্তং শৌর্য্যধনং যচ্চ সৌদায়িকং ভবেৎ। বিভাগকালে তত্তস্য নান্বেষ্টব্যং স্বরিক্থিভিঃ। পিতৃপিতৃব্যাদিভ্যঃ স্বদায়সম্বন্ধিভ্যঃ প্রসাদাদিনা লব্ধং সৌদায়িকং। তথা নারদঃ। শৌর্য্যভার্য্যাধনে হিত্বা যচ্চ বিদ্যাধনং ভবেৎ। ত্রীণ্যেতান্যবিভাজ্যানি প্রসাদোযশ্চ পৈতৃকঃ। ভার্য্যাপ্রাপ্তিকালে লব্ধং ভার্য্যাধনং

---

আর্ত্বিজ্যলব্ধং। ভার্য্যাধনস্য স্ত্রীধনত্বাৎ বিভাগাপ্রসক্তেরন্যথা ব্যাচষ্টে। ভার্য্যাপ্রাপ্তিকাল ইতি। যতঃ শৌর্য্যভার্য্যাধনে বিদ্যাধনং প্রসাদলব্ধধনঞ্চ এতান্যবিভা·

---

পৃথক্ গ্রহণ হইয়াছে। তথা যাজ্ঞবল্ক্য, পিতৃদ্রব্যের অনুপঘাতে যাহা স্বয়ং অর্জ্জিত হয় তাহা মিত্রলব্ধ হউক বা বিবাহলব্ধ হউক সে ধন দায়াদগণের প্রাপ্য হইবেক না। এই বচনে মিত্রলব্ধাদির গ্রহণ উপলক্ষণ মাত্র, প্রায় এতাদৃশস্থলে সাধারণধনের অনুপঘাত সম্ভব। তথা মনু, যে ধন যাহার বিদ্যাদ্বারা লব্ধ হয় সে ধন তাহারই হয় এবং মিত্র হইতে লব্ধ, বিবাহলব্ধ ও মাধুপর্কিক অর্থাৎ আর্ত্বিজ্যলব্ধ ধন কেবল উপার্জ্জকেরই প্রাপ্য হয়। তথা ব্যাস, বিদ্যাপ্রাপ্ত, শৌর্য্যলব্ধ ও যাহা সৌদায়িক হয় তাহা বিভাগকালে দায়াদগণ বিভাগ করিবার নিমিত্ত অন্বেষণ করিবেন না। স্বদায় সম্বন্ধি অর্থাৎ পিতা ও পিতৃব্যপ্রভৃতির নিকট হইতে অনুগ্রহাদি নিবন্ধন যেধন লব্ধ হয় তাহাকে সৌদায়িক বলা যায়। তথা নারদ, শৌর্য্যলব্ধধন, ভার্য্যাধন, এবং বিদ্যালব্ধধন এই তিন অবিভাজ্য ও পিতৃপ্রসাদলব্ধ ধন পরিত্যাগ করিয়া অন্যধন ভাগ করিবে। ভার্য্যাপ্রাপ্তিকালে অর্থাৎ বিবাহ সময়ে যাহা জামাতৃত্বপ্রযুক্ত শ্বশুরাদির নিকট প্রাপ্ত হয় সেই ধন ভার্য্যাধন শব্দে বুঝায় অর্থাৎ ঔদ্বাহিক-

ঔদ্বাহিকমিত্যর্থঃ এতানি বর্জ্জয়িত্বা অন্যদ্বিভজেদিত্যনুবর্ত্ততে বাক্যান্তরীয়ং॥ ৭৯॥

তদেবমাদিভিঃ শৌর্য্যাদিধনস্বমবিভাজ্যত্বে কারণং নোচ্যতে শৌর্য্যাদ্যর্জ্জিতস্যাপি বিভাগশ্রুতেঃ। তথা ব্যাসঃ। সাধারণং সমাশ্রিত্য যৎ কিঞ্চিদ্বাহনায়ুধং। শৌর্য্যাদিনাপ্নোতি ধনং ভ্রাতরস্তত্র ভাগিনঃ। তস্য ভাগদ্বয়ং দেয়ং শেষাস্তু সমভাগিনঃ। সাধারণদ্রব্যেণার্জ্জিতস্য ধনস্য বিভাগং বদতি।

জ্যানি অতএতানি হিত্বা অন্যদ্বিভজেদিতিবচনার্থং দর্শয়তি। এতানীতি। 'অন্যদ্বিভজেদিতিবচনে নাস্তি কুতোবিবৃতং অত উক্তং অনুবর্ত্তত ইতি॥ ৭৯॥

অশ্রুতো মূর্খঃ। বিভৃয়াদিত্যেকেতি। ইতরনৈরপেক্ষ্যেণ ভরণকর্তৃত্বস্য একবচনবললভ্যত্বাদিতি ভাবঃ। ইতরনৈরপেক্ষ্যঞ্চ সাধারণধননৈরপেক্ষ্যং তদ্ভ্রাতুরসাধারণধননৈরপেক্ষ্যঞ্চ তেনাশ্রুতাভ্যাং দ্বাভ্যাং ত্রিভির্ব্বা ভরণে সর্ব্বেষামেব তেষামংশিতেতি। সমাশ্রিত্যেতি। এতচ্চ ভোজনাচ্ছাদনাতিরিক্তধনাশ্রয়ণপরং তদর্থং

ধন এই সকল পরিত্যাগ করিয়া অন্যধন বিভাগ করিবে এইটি অন্য বচন হইতে অনুবৃত্তি আসিতেছে॥ ৭৯॥

এতাবতা শৌর্য্যাদিলব্ধধনত্ব অবিভাজ্যত্বের কারণ বলা যায় না যেহেতু শৌর্য্যাদিলব্ধধনের ও বিভাগ শ্রবণ আছে যথা ব্যাস, সাধারণ যে কিছু বাহন কিংবা অস্ত্র আশ্রয় করিয়া শৌর্য্যাদিদ্বারা যেধন উপার্জ্জন করে সেধনে ভ্রাতৃগণ অংশী হয়, তন্মধ্যে উপার্জককে দুই অংশ দিবে অবশিষ্ট ভ্রাতারা এক এক অংশ লইবে। এই বচনে সাধারণ দ্রব্যদ্বারা উপর্জিতধনের বিভাগ বুঝাইতেছে। তথা নারদ, যদি একভ্রাতা বিদ্যাভ্যাসে প্রবৃত্ত থাকে তাহার পোষ্যবর্গকে যদি আর এক ভ্রাতা নিজ ধন ব্যয় ও শরীরায়াসদ্বারা ভরণপোষণ করে তাহা হইলে পোষক ভ্রাতা বিদ্যাহীন হইলে ও সেই বিদ্যোপার্জ্জিতধনের ভাগ পায়। তথা অন্নাচ্ছাদন ভিন্ন পিতৃদ্রব্য আশ্রয় না করিয়া যদি বিদ্বান্ ভ্রাতা ধনোপার্জ্জন করে তবে সেই স্বকীয়ধনের অংশ অনিচ্ছু হইলে বিদ্যাহীন

তথা নারদঃ। কুটুম্বং বিভৃয়াদ্ভ্রাতুর্য্যোবিদ্যামধিগচ্ছতঃ। ভাগং বিদ্যাধনাত্তস্মাৎ স লভেতাশ্রুতোঽপি সন্। বিভৃয়াদিত্যেকবচননির্দ্দেশাৎ যদি বিদ্যামভ্যস্যতোভ্রাতুঃ কুটুম্বমপরো ভ্রাতা স্বধনব্যয়শরীরায়াসাভ্যাং সম্বর্দ্ধয়তি তদা তদ্বিদ্যোপার্জ্জিতধনে তস্যাপ্যধিকারঃ। তথা। বৈদ্যোঽবিদ্যায় নাকামো দদ্যাদংশং স্বতো ধনাৎ। পিত্র্যং দ্রব্যং সমাশ্রিত্য ন চেত্তেন তদর্জ্জিতং। পিত্র্যপদং সাধারণধনুপুরং তদনাশ্রিত্যার্জ্জিতং বৈদ্যোঽবিদ্যায় অনিচ্ছন্ন দদ্যাৎ বৈদ্যায় বিদুষে পুনঃ সাধারণমন্তরেণাপ্যর্জ্জিতং দদ্যাদেব। তথা গৌতমঃ। স্বয়মর্জ্জিতমবৈদ্যেভ্যো বৈদ্যঃ কামং ন দদ্যাৎ। অসাধারণধনশরীরব্যাপারার্জ্জিতং স্বয়মর্জ্জিতং অবিদ্বদ্ভ্যো দাতুমনিচ্ছন্ ন দদ্যাৎ বিদ্বদ্ভ্যঃ পুনর্দ্দদ্যাদেব। এতচ্চ বিদ্যাধনমাত্রবিষয়ং। তদাহ কাত্যায়নঃ। নাবিদ্যানান্তু বৈদ্যেন দেয়ং বিদ্যাধনং ক্বচিৎ। সমবিদ্যাধিকানান্তু দেয়ং বৈদ্যেন তদ্ধনং। তত্রো-

---

ধনোপঘাতস্য গৃহস্থিতেনাপ্যবশ্যং কর্ত্তব্যত্বাৎ। সাধারণধনপরমিতি। অন্যথা পিতামহাদিধনোপঘাতে বিভাগানুপপত্তেরিতি ভাবঃ। অবৈদ্যায়েতি বিশেষণস্বরসলভ্যার্থমাহ। বৈদ্যায়েতি। এতস্যৈব বিবরণং বিদুষে ইতি। এতচ্চ

---

ভ্রাতাকে দিবে না। এই বচনে পিতৃদ্রব্য অর্থাৎ সাধারণ ধন আশ্রয় না করিয়া যাহা উপার্জ্জিত হয় তাহা অনিচ্ছু বিদ্বান্ অবিদ্বান্‌কে দিবে না। কিন্তু বিদ্বান্ হইলে দিতে হইবে যথা গৌতম, স্বকীয়ধন ও শরীরায়াসদ্বারা উপার্জ্জিতধন অবিদ্বান্‌কে দিতে অনিচ্ছু হইলে দিবে না কিন্তু বিদ্বান্‌কে দিতে হইবে। এইবচন বিদ্যাধনমাত্র বিষয়ে খাটিবে। যথা কাত্যায়ন, বিদ্বান্ অবিদ্বান্‌কে কদাচ বিদ্যাধন দিবে না পরন্ত সমবিদ্য ও অধিকবিদ্য ভ্রাতাকে বিদ্যালব্ধ-

চ্চরিতবিদ্যাপদং উভাভ্যাং সমাধিকপদাভ্যাং সম্বধ্যতে তেন সমবিদ্যাধিকবিদ্যানাং দাতব্যং ন্যূনবিদ্যাঽবিদ্যয়োঃ পুনরনধিকারঃ ॥ ৮০ ॥

তদেবমাদিবচনৈর্ব্বিদ্যাশৌর্য্যাদিধনেষ্বপি সাধারণধনোপঘাতানুপঘাতাভ্যাং বিভাগাবিভাগয়োরবগমাৎ তস্যৈব প্রযোজকত্বাৎ তৎপদবত্যেব শ্রুতিঃ কল্পনীয়া উপঘাতার্জ্জিতং বিভজেদিতি ন পুনঃ শৌর্য্যাদিপদবত্যপি অবশ্য

---

স্বয়মর্জ্জিতঞ্চ বিদ্যাধনমাত্রেতি। তদতিরিক্তস্য স্বয়মর্জ্জিতস্য তু বিদ্বদ্ভ্যোঽবিদ্বদ্ভ্যো বা অদেয়ত্বাদিতি ভাবঃ। তল্লোচ্চরিতমিতি। সকৃদুচ্চরিতমিত্যর্থঃ। উভাভ্যামিতি। সমবিদ্যেত্যত্র বিদ্যয়ৈব সাম্যাবগতেরধিকেত্যত্রাপি বিদ্যয়ৈবাধিক্যমবসীয়তে ন তু ধর্ম্মান্তরেণ অনুষঙ্গাপেক্ষয়া অধ্যাহারস্য কল্পনে গৌরবাদিতি ভাবঃ ॥ ৮০ ॥

তস্যৈব উপঘাতানুপঘাতার্জ্জিতত্বস্যৈব প্রযোজকত্বাৎ বিভাগে উপঘাতার্জ্জিতত্বস্য অবিভাগে চানুপঘাতার্জ্জিতত্বস্য প্রযোজকত্বাৎ। কল্পনীয়াং শ্রুতিমাহ উপঘাতার্জ্জিতমিতি। অনুপঘাতার্জ্জিতং ন বিভজেদিতি তু শ্রুতির্ন কল্প্যতে তত্রান্যেষাং স্বামিত্বাভাবেন বিভাগাপ্রসক্তেঃ তদভাবস্য সিদ্ধত্বাৎ। সামান্যশ্রুতীতি। শৌর্য্যাদিপদশূন্যোক্তশ্রুতিকল্পনয়েত্যর্থঃ। শৌর্য্যাদিপদবতী উপঘাতেন শৌর্য্যাদ্যর্জ্জিতং বিভজেদিত্যেবংরূপশ্রুতিকল্পনে গৌরবাৎ। ন্যায়মূলত্বমাহ যদ্বেতি।

---

ধন বিদ্বান ভ্রাতা দিবেন। এই বচনে একটি বিদ্যাপদের সম ও অধিক পদের সঙ্গে অন্বয় করাতে সমান অথবা অধিক বিদ্যাশালী ভ্রাতাকে বিদ্যালব্ধ ধনের ভাগ দিতে হইবে কিন্তু ন্যূন বিদ্যা বা বিদ্যাহীন হইলে ভাগ দিবে না ॥ ৮০ ॥

এই সকল পূর্ব্বোক্ত বচনদ্বারা বিদ্যা ও শৌর্য্যাদিলব্ধধনস্থলেও সাধারণধনের উপঘাত ও অনুপঘাতদ্বারা বিভাগ ও অবিভাগের ব্যবস্থা প্রতীত হইবায় উপঘাতই বিভাগের প্রযোজকবিধায় ঐ উপঘাতপদবিশিষ্ট শ্রুতিই

কল্পনীয়সামান্যশ্রুতিকল্পনয়ৈবোপপত্তেঃ হোলাকাধিকরণ-ন্যায়স্যায়মেব বিষয়ঃ। যদ্বা ন্যায়প্রাপ্তএবায়মর্থঃ যদ্যেনার্জ্জিতং তত্তস্মিন্ জীবতি তস্যৈব অসতি বিশেষবচনে। যত্র পুনঃ সাধারণধনমাত্রেণৈকস্য ব্যাপারোঽপরস্য ধনশরীরাভ্যাং তত্রৈকস্যৈকো ভাগোঽপরস্য ভাগদ্বয়ং ন্যায়াবগতমেব নিবদ্ধং। এতেন চৈতদপি সিধ্যতি যৎসাধারণধনোপঘাতে সতি যস্য

---

ধনসাধারণ্যে ব্যাপারসাধারণ্যে বা ভাগ্যন্তরস্য বিভাগোক্তেরুক্তনিয়মে ব্যভিচারমাশঙ্ক্যাহ অসতীতি। তথাচায়মুৎসর্গইতি ভাবঃ। বিশেষবচনঞ্চ সমবিদ্যাধিকেত্যাদ্যুক্তমেব ন্যায়শ্চাত্র উপঘাতার্জ্জিতে অর্জ্জকস্য দ্ব্যংশিত্বাভিধানাৎ অনুপঘাতে তদধিকস্য সর্ব্বস্যৈব গ্রহণং যুক্তমিত্যেবংরূপঃ। যস্য যাবত ইতি। বিভিন্নজাতীয়ভ্রাতৃসাধারণধনোপঘাতার্জ্জিতে ব্রাহ্মণীপুত্রস্য চতুর্ণামংশানাং ক্ষত্রিয়া-

---

কল্পনীয়া। যথা উপঘাতার্জ্জিতধন বিভাগ করিবে ইতি সাধারণধনের উপঘাতে শৌর্য্যাদিদ্বারা অর্জ্জিতধন বিভাগ করিবে এইরূপ শৌর্য্যাদিপদ ঘটাইয়া গুরুতর শ্রুতিকল্পনার আবশ্যকতা নাই। কারণ অবশ্যকল্পনীয় সামান্য লঘুশ্রুতি কল্পনা দ্বারাই সমাধা হইতে পারে এজন্য ইহা হোলাকাধিকরণের স্থল হইল। অথবা এই অর্থ যুক্তিদ্বারাই পাওয়া যাইতেছে অর্থাৎ যে যাহা উপার্জ্জন করে সে জীবিত থাকিতে সে ধন তাহারই হয় যদি বিশেষ বচন না থাকে এই বাক্যের তাৎপর্য্য বিদ্যালব্ধধনে সমবিদ্য ও অধিকবিদ্য ভ্রাতার ভাগপ্রাপ্তির বাধা হইল না জানিবে। আর যেখানে একজনের কেবল সাধারণধনমাত্রের উপঘাত ও আর একজনের ধন ও শরীর এই উভয়ের উপঘাত ও অদ্দিশ থাকে সেখানে একজনের একভাগ আর একজনের অর্থাৎ সাধারণধনোপঘাতে অর্জকের দুইভাগ প্রাপ্য হয় ইহা যুক্তিদ্বারাই পাওয়া গিয়াছে, বচনে তাহার অনুবাদমাত্র হইয়াছে। এতাবতা ইহাও প্রতীত হইল যে সাধারণধনের

যাবত্তোঽংশস্য স্বল্পস্য মহতোবোপঘাতঃ তস্য তদনুসারেণ ভাগকল্পনা কার্য্যা ॥ ৮১ ॥

কিঞ্চ কাত্যায়নবচনং। বিভক্তাঃ পিতৃবিত্তাচ্চেদেকত্র প্রতিবাসিনঃ। বিভজেয়ুঃ পুনর্দ্ব্যংশং স লভেতোদয়ো যতঃ। ইদং সংসৃষ্টস্য সাধারণধনোপঘাতেনার্জ্জকস্য ভাগদ্বয়ং ইতরেষামেকৈকোভাগ ইতি শ্রীকরেণ ব্যাখ্যাতং তেনানুপঘাতার্জ্জিতমর্জ্জকস্যৈব ধনং সংসৃষ্টত্বেঽপি ন পুনস্তদ্ধনং সাধারণমিত্যভিপ্রায়ো মুনের্ব্ব্যাখ্যাতুশ্চ লক্ষ্যতে অনুপঘা-

পুত্রাদীনাঞ্চ ত্রিদ্ব্যেকাংশানামুপঘাতঃ তত্র স্বস্বাংশসমসংখ্যমেব তেষামংশকল্পনমিত্যর্থঃ ॥ ৮১ ॥

বক্ষ্যমাণকাত্যায়নবচনে একত্র প্রতিবাসিনইতিশ্রুতেরেকত্র বাসএব নিয়ামকো ন সাধারণধনার্জ্জিতত্বং তথাচ কথং ন্যায়মূলত্বমিত্যাশঙ্ক্য অন্যাপি ন্যায়মূলত্বং ব্যবস্থাপয়তি কিঞ্চেতি। বিভক্তা ইতি। একত্র প্রতিবাসিনোযদা বিভজেয়ুঃ তদা যতোযস্মাৎ একত্র প্রতিবাসিনো ভ্রাত্রাদেরুদয়ঃ ধনার্জ্জনং স পুনর্ব্বিভাগে দ্ব্যংশং লভেত ইত্যর্থঃ। দ্ব্যংশশ্চার্জ্জিতএব অর্জ্জকোদ্ব্যংশমর্হতীত্যেকমূলকত্বাৎ। ইতরেষামেকৈকো ভাগঃ একৈকস্যেতি শেষঃ। মুনেঃ কাত্যায়নস্য তেন একত্র

উপঘাতস্থলে যাহার যত অংশের উপঘাত হইবে অর্থাৎ সেই অংশ স্বল্প হউক বা অধিক হউক তদনুসারে তাহার ভাগ ব্যবস্থা করিতে হইবে ॥ ৮১ ॥

কাত্যায়নবচন, পিতৃধন হইতে বিভক্ত হইয়া পুনর্ব্বার সংসৃষ্টরূপে একত্র বাস করিলে পর যাহা হইতে উন্নতি হয় অর্থাৎ যে ধনোপার্জ্জন করে সে অর্জ্জিতধনের দুই অংশ পায় এই বচনের সাধারণধনের উপঘাত পূর্ব্বক অর্জ্জন করিলে অর্জকের দুই ভাগ অন্যান্যের এক এক ভাগ প্রাপ্য ইহা শ্রীকরাচার্য্য ব্যাখ্যা করিয়াছেন, ইহাতে সাধারণধনের উপঘাত না করিয়া উপার্জন করিলে সে ধন কেবল অর্জকেরই হইবে, সংসৃষ্ট হইলেও সে ধন সাধারণ

তার্জ্জিতে ভাগবিশেষানভিধানাৎ এবঞ্চেৎ সংসৃষ্টবদবিভক্ত-স্যাপি তথাত্বমেব যুক্তং বিভাগপ্রাগভাবে তৎ প্রধ্বংসেঽপি একত্র প্রতিবাসস্য হেতোরবিশেষাৎ সাধারণধনোপঘাতার্জ্জিতেঽর্জ্জকস্য ভাগদ্বয়মিতি জ্ঞাপনার্থত্বেন বচনস্যাপ্যুপপত্তেঃ ন কেবলং সংসৃষ্টবিষয়ত্বং যুক্তং হোলাকাধিকরণস্যাত্রৈব জাগরূকত্বাৎ ॥ ৮২॥

---

প্রতিবাসিত্বোক্ত্যা সাধারণধনোপঘাতেন দ্ব্যংশিত্বস্য প্রতিপাদিতত্বাৎ অনুপঘাতার্জ্জিতে ভাগানভিধানাৎ। ব্যাখ্যাতুঃ শ্রীকরস্য তেন তথৈব স্ফুটং ব্যাখ্যাতত্বাৎ। অভিপ্রায়ং প্রকাশয়তি অনুপঘাত ইতি। এবঞ্চেৎ উপঘাতার্জ্জিতাভিপ্রায়শ্চেৎ। তথাত্বং দ্ব্যংশিত্বং। অবিভক্তত্বে বিভাগপ্রাগভাবঃ সংসৃষ্টত্বে বিভাগপ্রধ্বংসঃ। একত্র প্রতিবাসস্য অভিন্নধনসম্বন্ধস্য। নমু বচনবলাৎ সংসৃষ্টধনবিষয়ত্বপ্রতীতেস্তদ্বিরোধাৎ কুতোঽবিভক্তবিষয়ত্বকল্পনং অতো বচনমন্যথোপপাদয়তি। সাধারণেত্যাদিনা। ন কেবলমিত্যত্র হেতুমাহ হোলাকেতি। তথাচ যথা হোলাকানুষ্ঠানার্থং হোলাকা কর্ত্তব্যেতি শ্রুতিঃ কল্প্যতে ন কর্ত্তৃবোধকপ্রাচ্যাদিপদবতী তথা সাধারণধনোপঘাতেনার্জ্জিতে অর্জ্জকো দ্ব্যংশং গৃহ্নীয়াদিত্যেব শ্রুতিঃ কল্প্যতে ন ত্বর্জ্জকবিশেষণতয়া সংসৃষ্টপদবতীতি ভাবঃ॥ ৮২ ॥

---

হইবে না ইহা মুনি এবং ব্যাখ্যাকর্ত্তা শ্রীকরাচার্য্যের অভিপ্রায় সুস্পষ্ট দেখা যাইতেছে। যেহেতু অনুপঘাতার্জিতধনে ভাগবিশেষের কথা নাই। এতাবতা সংসৃষ্টের ন্যায় অবিভক্তেরও সেইরূপ ব্যবস্থা যুক্তিসিদ্ধ। অবিভক্তাবস্থায় বিভাগের প্রাগভাব ও সংসৃষ্টাবস্থায় বিভাগের ধ্বংস হইবায় একত্র বাসপূর্ব্বক সাধারণ ধনসম্বন্ধরূপ হেতুর অবিশেষ প্রযুক্ত সাধারণধনসম্বন্ধে উপার্জ্জিতধনে অর্জকের ভাগদ্বয় প্রাপ্য, এইরূপ বচনের মীমাংসা করিলেই সর্ব্বসামঞ্জস্য হয়। নচেৎ কেবল সংসৃষ্ট বিষয়েই এই বচন এমত নহে, এই অর্থেই হোলাকাধিকরণ জাগিতেছে॥ ৮২ ॥

কিঞ্চোপঘাতার্জ্জিতে অর্জ্জকস্য ভাগদ্বয়মিতি তাবন্নির্বিবাদং "সাধারণং সমাশ্রিত্য যৎ কিঞ্চিদ্বাহনায়ুধং। শৌর্য্যাদিনাপ্নোতি ধনং ভ্রাতরস্তত্র ভাগিনঃ। তস্য ভাগদ্বয়ং দেয়ং শেষাস্তু সমভাগিন ইত্যনেনোপঘাতএব ভাগদ্বয়স্য বিধানাৎ অসাধারণধনশরীরব্যাপারার্জ্জিতে তু ন ভাগদ্বয়ং ন্যায্যং কিন্ত্বধিকং সর্ব্বমেব বা কিঞ্চিদূনং বা তত্র কিঞ্চিদূনস্য মুনিভির্নিবদ্ধৃভিশ্চানুক্তত্বাৎ। সাধারণধনব্যাপারেণ ভ্রাত্রন্তরস্য ভাগদর্শনাৎ তদভাবে ভাগাভাবএব যুক্তঃ। দ্বিরর্জ্জয়িতুরিত্যে-

নন্বাচারে পদবৈয়র্থ্যরূপবাধকাভাবাৎ সামান্যশ্রুতিকল্পনমস্তু স্মৃতৌ তু তথাত্বে বিশেষণবৈয়র্থ্যমিতিবিশেষাকারৈব শ্রুতিঃ কল্প্যতে ইত্যতআহ কিঞ্চেতি কিন্ত্বধিকমিতি ভাগদ্বয়াধিকমিত্যর্থঃ। অধিকস্যৈব দ্বৈবিধ্যমাহ সর্ব্বমেব বা কিঞ্চিদূনমিতি চ। সর্ব্বমিতিশেষঃ। ভাগনির্গমাদিতি। ভাগশ্রবণাদিত্যর্থঃ। তদভাবে ভ্রাত্রন্তরভাগনির্গমহেত্বোঃ সাধারণ ধনোপঘাতভ্রাত্রন্তরব্যাপারয়োরভাবে। নন্বর্জ্জকোদ্ব্যংশমর্হতি যেন চৈষামুৎপাদিতং স্যাৎ সোঽপি দ্ব্যংশমেব হরেদিত্যাদৌ সামান্যত এবার্জকতয়া দ্ব্যংশশ্রুতেরনুপঘাতেঽপি দ্ব্যংশএবার্জকস্যাস্তামতআহ দ্বিরর্জয়িতুরিতি। এতস্য এতদর্থকস্য অর্জকোদ্ব্যংশমর্হতীত্যাদেঃ। ন্যায়মূলত্বং যত্রৈকস্য ধনদ্বারেণ অপরস্য ধনশরীরায়াসাভ্যামিত্যুক্তযুক্তিমূলত্বং। অন্যথা ন্যায়ামূলত্বেণ অর্জকত্বানুপ্রবেশোবেতি। পিতা গৃহ্লীতাংশদ্বয়ং স্বয়মিতি মূলশ্রুতৌ অর্জকত্ব-

সাধারণধন সম্বন্ধে উপার্জিতধনে অর্জকের দুই ভাগ প্রাপ্য ইহা নির্ব্বিবাদ হইল। সাধারণ বাহন কিম্বা অস্ত্র আশ্রয় করিয়া শৌর্য্যাদিদ্বারা যে ধন উপার্জ্জন করে সে ধনে ভ্রাতারা অংশি হয়, অর্জ্জককে ভাগদ্বয় দিবে। অবশিষ্ট সকলে সমভাগী, এই বচনে উপঘাতস্থলেই ভাগদ্বয়ের বিধান হেতুক অসাধারণ ধন শরীরায়াসে অর্জিতধনে ভাগদ্বয় ব্যবস্থা হইতে পারে না। কিন্তু তদপেক্ষা অধিক প্রাপ্য বলা উচিত, সেই অধিকটি কি, সকল, কিংবা কিঞ্চিৎ ন্যূন ইহা

তস্য চ ন্যায়মূলত্বমেব যুক্তং অন্যথা শ্রুতিকল্পনে অর্জ্জকত্বানুপ্রবেশোবা পৃথগ্বাধিকারী কল্পনীয়ঃ স্যাৎ। তস্মাদনুপঘাতার্জ্জিতমর্জকস্যৈব নেতরেষামিতি সিদ্ধং ॥ ৮৩ ॥

কিঞ্চাবিভক্তার্জিতং সর্ব্বে বিভজেয়ুরিতি ন তাবৎ সামান্যেন বচনং কল্পনীয়ং শৌর্য্যাদিধনে পর্য্যুদাসদর্শনাৎ। তথা মনুঃ। বিদ্যাধনন্তু যদ্যস্য তত্তস্যৈব ধনং ভবেৎ।

---

বিশেষণপ্রবেশইত্যর্থঃ। নম্বেবং অর্জকঃ পিতা দ্ব্যংশং গৃহ্নীয়াদিতি শ্রুতিকল্পনে পিতুরনর্জকস্য দ্ব্যংশানুপপত্তিঃ অর্জকস্য ভ্রাত্রাদের্দ্ব্যংশানুপপত্তিশ্চেত্যতআহ পৃথগ্বেতি। পিতৃত্বাদিনিরপেক্ষঃ পৃথগর্জকএবাধিকারী কল্প্যঃ স্যাৎ। তথা চোভয়থৈব শ্রুতিকল্পনে গৌরবাৎ ন্যায়মূলত্বমেব যুক্তমিতি ভাবঃ। উপসংহরতি তস্মাদিতি ॥ ৮৩ ॥

নমু ন্যায়মূলত্বে অর্জকস্য ব্যাপারতারতম্যেন বিভাগতারতম্যং স্যাৎ তথাচ সামান্যতএব তস্য ভাগদ্বয়াভিধানমযুক্তমতোঽবিভক্তার্জিতে অর্জকস্য ভাগদ্বয়ং

---

বিচার করিতে গেলে কি মুনিগণ কি নিবন্ধকারগণ কেহই কিঞ্চিৎ ন্যূনের ব্যবস্থা না লেখায় সাধারণের উপঘাতে অর্জনস্থলে অন্যভ্রাতার ভাগপ্রাপ্তিদর্শনে উপঘাতের অভাব স্থলে অন্যের ভাগপ্রাপ্তির অভাবই যুক্তিসিদ্ধ হয়। অর্জকের ভাগদ্বয় প্রতিপাদক বচনের ন্যায়মূলক অর্থাৎ একের কেবল ধনের ব্যাপার ও অর্জকের ধন ও শরীর এই উভয়ের ব্যাপাব ধরিয়া ব্যবস্থা স্থির করাই উচিত, তাহা না করিয়া শ্রুতিকল্পনা করিলে পিত্রাদিস্থলে অর্জকপদ প্রবেশ করিয়া শ্রুতিকল্পনা করিতে হইবে। অথবা পৃথক্ কেবল অর্জকপদ দিয়া শ্রুতিকল্পনা করিতে হইবে, উভয়থাই গৌরব দোষ ঘটিয়া উঠে। সুতরাং অনুপঘাতার্জ্জিত অর্থাৎ সাধারণ ধনসম্বন্ধ না রাখিয়া যে ধন উপার্জিত হয় তাহা কেবল উপার্জ্জকেরই প্রাপ্য তাহাতে অন্যের অধিকার নাই, ইহা সিদ্ধ হইল ॥ ৮৩ ॥

শ্রীকরাচার্য্যের মত তুলিয়া দূষিতেছেন যথা অবিভক্ত অবস্থায় উপার্জ্জিত ধন সকল ভ্রাতারা ভাগ করিয়া লইবে, এইরূপ সামান্যতঃ বচন কল্পনা করা

মৈত্রমৌদ্বাহিকঞ্চৈব মাধুপর্কিকমেব চ। তথা মনুবিষ্ণূ। অনুপঘ্নন্ পিতৃদ্রব্যং শ্রমেণ যদুপার্জয়েৎ। স্বয়মীহিতলব্ধন্তন্নাকামো দাতুমর্হতি। অনুপঘ্নন্নিতি বিদ্যাদিধনেঽপি সম্বধ্যতে সত্ত্যুপঘাতে বিভাগবচনদর্শনাৎ। তথা যাজ্ঞবল্ক্যঃ। পিতৃদ্রব্যাবিরোধেন যদন্যৎ স্বয়মর্জ্জিতং। মৈত্রমৌদ্বাহিকঞ্চৈব দায়াদানাং ন তদ্ভবেৎ। ক্রমাদভ্যাগতং দ্রব্যং হৃতমভ্যুদ্ধরেত্তু যঃ। দায়াদেভ্যো ন তদ্দদ্যাদ্বিদ্যয়া লব্ধমেব চ। তথা নারদঃ। শৌর্য্যভার্য্যাধনে হিত্বা যচ্চ বিদ্যাধনং ভবেৎ।

---

ইতরেষামেকৈকোভাগ ইতি সামান্যশ্রুতিমূলত্বমেবোচিতমর্জ্জকস্যাংশিত্বন্তু অতএবানুপঘাতার্জ্জিতেঽপি প্রতিগ্রহধনে অবিভক্তার্জ্জিতত্বমাত্রেণ সর্ব্বেষাং বিভাগোলোকে দৃশ্যতে ইতিশ্রীকরমতমুক্তোল্য দূষয়ন্তি কিঞ্চাবিভক্তেত্যাদি। শৌর্য্যাদিধনইতি। অনুপঘাতার্জ্জিতশৌর্য্যাদিধনইত্যর্থঃ। সম্বধ্যত ইতি বিদ্যাধনন্তু যদ্যস্যেতি প্রাগ্বচনোক্তবিদ্যাধনেঽপি সম্বধ্যতইত্যর্থঃ বৈদ্যোঽবিদ্যায়েতিপ্রাগুক্তবচনে পিত্র্যং দ্রব্যং

---

অনুচিত। যেহেতু সাধারণ ধনের অনুপঘাতে শৌর্য্যাদি দ্বারা অর্জ্জিতধনে অন্যের ভাগপ্রাপ্তির পর্য্যুদাস দৃষ্ট হয়, যথা মনু, যাহার যে বিদ্যালব্ধধন তাহা তাহারই হয় এবং মিত্রলব্ধ বা বিবাহলব্ধ অথবা পৌরহিত্যলব্ধধন কেবল উপার্জ্জকেরই প্রাপ্য তথা মনু ও বিষ্ণুবচন, পিতৃদ্রব্যের উপঘাত না করিয়া শ্রমদ্বারা যাহা উপার্জ্জন করে সেই স্বোপার্জ্জিতধন অনিচ্ছু হইলে অন্যকে দিবে না। বিদ্যাধনেতেও সাধারণধনের অনুপঘাতে অবিভাজ্যতা উপঘাত হইলে বিভাজ্যতা দৃষ্ট হয়। তথা যাজ্ঞবল্ক্য, পিতৃধনের অবিরোধে যাহা কিছু অর্জ্জিত হয় তাহা মিত্রলব্ধ হউক বা বিবাহলব্ধ হউক কিংবা অন্যরূপই হউক স্বোপার্জ্জিতত্ব প্রযুক্ত তাহা অন্যের প্রাপ্য হইবে না আর পৈতৃকধন অন্য কর্ত্তৃক হৃত হইলে যে ব্যক্তি তাহা উদ্ধার করে সে সে ধন অন্য দায়াদগণকে দিবে না এবং বিদ্যালব্ধধনও অন্যকে দিবে না। তথা

ত্রীণ্যেতান্যবিভাজ্যানি প্রসাদো যশ্চ পৈতৃকঃ। তথা ব্যাসঃ। বিদ্যাপ্রাপ্তং শৌর্য্যধনং যচ্চ সৌদায়িকং ভবেৎ। বিভাগকালে তত্তস্য নান্বেষ্টব্যং স্বরিকৃথিভিঃ। সৌদায়িকং সুদায়সম্বন্ধিভ্যো যল্লব্ধং। পিতামহেন যদ্দত্তং পিত্রা বা প্রীতিপূর্ব্বকং। তস্য তন্নাপহর্ত্তব্যং মাত্রা দত্তঞ্চ যদ্ভবেৎ। অনাশ্রিত্য পিতৃদ্রব্যং স্বশক্ত্যাপ্নোতি যদ্ধনং। দায়াদেভ্যো ন তদ্দদ্যাৎ বিদ্যালব্ধঞ্চ যদ্ভবেৎ ॥ ৮৪ ॥

তদেবমাদিবচনৈর্যাবদ্বর্ণবর্ণান্তরালানাং সঙ্কীর্ণজাতানাং সকলবিদ্যানিমিত্তস্য সৌদায়িকস্য চ স্বজনদত্তস্য চ তথা মিত্র-

---

সমাশ্রিত্য ন চেত্তেন তদর্জিতমিতিশ্রুতেরত্রাপি তদেকবাক্যতয়া বিদ্যাধনেঽপ্যনুপঘাতান্বয় ইতি ভাবঃ। ক্রমাদভ্যাগতমিতি। ক্রমাদাগতমিত্যর্থঃ। এতচ্চাসাধারণমাত্রোপলক্ষণং তেন ভ্রাতৃণাং স্বার্জিতধনেঽপীয়ং ব্যবস্থা। উদ্ধরেদিত্যেকবচনেন অন্যেষাং কায়িকব্যাপারস্যাভাব উক্তঃ॥ ৮৪ ॥

যাবদ্বর্ণেতি। বর্ণাঃ ব্রাহ্মণাদয়শ্চত্বারঃ। বর্ণান্তরালা অম্বষ্ঠকরণাদয়ঃ। সঙ্কীর্ণজাতা রথকারাদয়ঃ। সর্ব্বমেবেতি। অনুপঘাতার্জিতং সর্ব্বমেবেত্যর্থঃ। নির্ব্বি-

---

নারদবচন, শৌর্য্যলব্ধধন, বিবাহলব্ধধন ও বিদ্যালব্ধধন এই তিন ধন এবং পিতার অনুগ্রহলব্ধধন এই সকল অবিভাজ্য, ইহা পরিত্যাগ করিয়া অন্যধন ভাগ করিবে। তথা ব্যাস, বিদ্যাদ্বারাপ্রাপ্ত শৌর্য্যলব্ধ ও যাহা সৌদায়িক অর্থাৎ পিতৃব্যাদি হইতে প্রাপ্ত হয় তাহা অবিভক্তধনাধিকারিরা বিভাগকালে অনুসন্ধান করিবেন না। এবং পিতামহদত্ত বা পিতৃদত্ত কিংবা মাতৃদত্তধন অন্যে ভাগ করিয়া লইবে না। এবং পিতৃধন আশ্রয় না করিয়া নিজশক্তিদ্বারা যে ধন উপার্জ্জন করে সে ধন এবং বিদ্যালব্ধধন দায়াদদিগকে দিবে না ॥ ৮৪ ॥

ইত্যাদি নানা বচন দ্বারা কি চাতুর্ব্বর্ণ্য কি অনুলোমজ কি প্রতিলোমজ সর্ব্বজাতীয়ের পক্ষে বিবিধবিদ্যালব্ধই হউক আর সৌদায়িকই হউক, স্বজনদত্তই

বিবাহমধুপর্কপ্রাপ্তস্য শৌর্য্যেণ চ যুদ্ধাদিনা প্রাপ্তস্য কৃষিসেবা-বাণিজ্যাদিনা চ শ্রমেণোপার্জ্জিতস্য অনুপঘাতেন চ স্বশক্তি-মাত্রার্জ্জিতস্য পর্য্যুদাসাৎ সর্ব্বমেব পর্য্যুদস্তমিতি তদিতরা-ভাবাৎ নির্ব্বিষয়ো বিধিঃ অথ যথাকথঞ্চিদেকো দ্বিকো বা বিষয়ো লভ্যতে তদা তদেব স্বপদেন নির্দ্দেষ্টুমুচিতং মুনীনাং অবিভক্তার্জ্জিতমমুকধনং বিভজেদিতি লাঘবাৎ স্বপদাৎ শীঘ্র-প্রতীতেশ্চ ন তু শৌর্য্যাদিধনেতরতয়া বহুতরপদপ্রয়োগাপত্ত্যা

ষয়োবিধিরিতি। অনুপঘাতেন শৌর্য্যাদ্যর্জ্জিততত্তদ্ধনেতরদবিভক্তার্জ্জিতং বিভজে-দিতি বিধির্ভবদভিমতঃ স চ নির্ব্বিষয়ঃ যাদৃশমপ্রাপ্তবিষয়ং প্রাপ্য বিধিত্বং তাদৃশ-বিষয়শূন্যঃ। অত্র হেতুঃ তদিতরাভাবাদিতি। ন্যায়প্রাপ্তেতরস্য বিষয়স্যাভাবা-দিত্যর্থঃ উপঘাতার্জ্জিতবিভাগস্য তু ন্যায়তএব প্রাপ্ততয়া নাপ্রাপ্তত্বমিতি ভাবঃ। নম্ববিভক্তলব্ধনিধিরেকোঽস্তি বিষয়ঃ কৃপয়োদাসীনদত্তমাদায় দ্বিকোবা বর্ত্ততে এতয়োশ্চাসাধারণব্যাপারার্জ্জিতত্বেন তদ্বিভাগস্য ন্যায়াদপ্রাপ্তেরিতি তৎ কথং নির্ব্বিষয়ত্বমিত্যাশঙ্কতে অথেতি। স্বপদাৎ বিশেষরূপেণ সংবোধকপদাৎ। ন তু শৌর্য্যাদীতি। ন ত্বনুপঘাতেন শৌর্য্যাদ্যর্জ্জিতেতরাবিভক্তার্জ্জিতধনতয়েত্যর্থঃ।

হউক, মিত্রলব্ধই হউক, বিবাহলব্ধই হউক, আর্ত্ত্বিজ্যলব্ধই হউক, যুদ্ধাদিদ্বারা শৌর্য্যলব্ধই হউক, কৃষিবাণিজ্যাদিদ্বারা শ্রমলব্ধই হউক, আর অনুপঘাতে নিজশক্তিদ্বারা উপার্জ্জিতই হউক এই সকল ধনের বিভাগের পর্য্যুদাস করায় সকল ধনই বিভাগে পর্য্যুদস্ত হইয়া উঠিল। তদ্ভিন্ন অবিভক্তার্জ্জিত বিভাজ্য ধন না থাকায় অবিভক্তার্জ্জিতধন বিভাগ করিবে এই বিধির স্থলা-ভাব। আর যদিও যথাকথঞ্চিৎ একটি অথবা দুইটিস্থল পাওয়া যায় তাহা হইলে তাহাই স্বশব্দদ্বারা নির্দ্দেশ করা মুনিগণের উচিত অর্থাৎ অবিভক্তার্জ্জিত অমুকধন ভাগ করিবে এইরূপ বিধি করিলে সুস্পষ্ট শব্দ দ্বারা শীঘ্র বোধ হয়। নতুবা শৌর্য্যাদিলব্ধধন ভিন্ন অন্যধন ভাগ করিবে এরূপে বহুতরপদ প্রয়োগ

গৌরবাৎ পর্য্যুদাসত্বে চ সর্ব্বমুনিভিরেব সকলপর্য্যুদসনীয়-পদানুকীর্ত্তনং কর্ত্তব্যং তদ্বিনা তদিতরজ্ঞানানুপপত্তেঃ মুনীনাং পর্য্যুদাসবচনং বালপ্রলপিতমিব স্যাৎ প্রদর্শনার্থত্বে তু অনাস্থয়া কেনচিৎ কিঞ্চিৎ কীর্ত্তিতং কেনচিচ্চ কিঞ্চিদিতি যুক্তং সর্ব্বস্যাকীর্ত্তনং তস্মাৎ সাধারণধনোপঘাতার্জ্জিতং ধনং বিভজেদিতি বিধিঃ শৌর্য্যাদিপদঞ্চ বাক্যেষু প্রদর্শনার্থং অতোঽবিভক্তার্জিতত্বমাত্রেণ ধনস্য সাধারণত্বাভিধানমপ্রামাণিকং॥ ৮৫॥

বহুতরপদেতি। পদার্থানাং বাক্যার্থঘটকতয়া বাক্যঘটকপদার্থানামুপস্থিতৌ তদন্বিতান্বয়ক্রমেণ প্রকৃতে প্রকৃতোপস্থিতিরিতি বিলম্বোপস্থিতিকত্বাদিত্যর্থঃ ইদমুপলক্ষণং পদার্থোপস্থিত্যাদিকল্পনাগৌরবমপি দ্রষ্টব্যং। বালপ্রলপিতমিতি। বিদ্যাধনেতরদ্বিভজেৎ শৌর্য্যাদিধনেতরৎ বিভজেদিত্যাদিপ্রত্যেকানভিধানে কস্মাদপ্যভিধানাৎ ন বিভাজ্যতাবচ্ছেদকস্য উক্ততাবদ্ধনেতরাবিভক্তার্জিতধনত্বস্য পরিচয়ঃ তথাচ তাদৃশধনবিভাগস্য প্রকৃতস্যাপ্রতিপাদকতয়া নিরর্থকত্বেন বালপ্রলাপতুল্যত্বাৎ বালপ্রলপিতমিত্যর্থঃ। মন্মতে অনুপঘাতার্জনং যত্র যত্র ধনে সম্ভবতি তত্তদুদাহরণার্থত্বেন নানর্থক্যমিত্যাহ প্রদর্শনার্থত্বইতি॥ ৮৫॥

করায় গৌরব দোষ ঘটে। আর তত্তৎ অবিভাজ্যধনের নিরাস করিতে গেলে সকল মুনিরই সমস্ত অবিভাজ্য ধনের উৎকীর্ত্তন করা উচিত। তাহা না করিলে তদ্ভিন্ন বিভাজ্য ধনের জ্ঞান হয় না, এজন্য কতকগুলি অবিভাজ্য-ধনের কীর্ত্তন করা মুনিদিগের শিশুপ্রলপিতের ন্যায় নিরর্থক হয়। আর অনুপঘাতে উপার্জ্জিত ধন বিভাজ্য হয় না তাহার উদাহবণ ঐ সকল রচনে প্রদর্শিত হইয়াছে এইরূপ মীমাংসা করিলে কেহ কিছু কেহ কিছু করিয়া উদাহরণ দিয়াছেন তাহাতে সকল পরিগণনা না করিলে দোষ হয় না বিধায় সাধারণ ধন সম্বন্ধে উপার্জ্জিত ধন বিভাগ করিবে, এইরূপ বিধি করাই কর্ত্তব্য।

কিঞ্চ। ক্রমাদভ্যাগতং দ্রব্যং হৃতমভ্যুদ্ধরেত্তু যঃ। দায়াদেভ্যো ন তদ্দদ্যাৎ বিদ্যয়া লব্ধমেব চ। অত্র যাজ্ঞবল্ক্য বচনেঽপি পিতৃপিতামহাদিধনমপি কেনচিদপহৃতং যোঽভ্যু দ্ধরেৎ তস্যৈব তন্নান্যেষামিতি ভবতোঽপি সম্মতং তেন পূর্ব্বসম্বন্ধলেশে সত্যপি অবিভক্তানামপ্যভ্যুদ্ধারকত্বেন তত্র সম্বন্ধং নিরাকুর্ব্বন্ অপূর্ব্বত্বেন স্বার্জ্জিতে সুদূরমেবান্যেষাং

অথাত্র নিষেধএব ন পর্য্যুদাস ইত্যেকেন সর্ব্বাকীর্ত্তনেঽপি ন.ক্ষতিরিত্যত আহ কিঞ্চেতীতিচূড়ামণিঃ তন্ন বাক্যভেদকল্পনাগৌরবাপত্তেঃ পর্য্যুদাসস্যৈব ন্যায্যত্বাৎ কিন্তুপঘাতাভাবে বিভাগাভাব ইতিপ্রাগুক্তযুক্ত্যন্তরমাহ কিঞ্চেতি। অবিভক্তানামপীতি। অবিশেষেণ বচনস্য বিভক্তা বিভক্তবিষয়ত্বাদিত্যাশয়ঃ। অপূর্ব্বত্বেন পূর্ব্বসম্বন্ধলেশশূন্যত্বেন। ন হীতি। জ্যোতিষ্টোমইতিবাক্যেনান্বয়ঃ। পিতৃদ্রব্যবিনাশাসম্ভবং দর্শয়তি দ্রব্যং হীতি। আনমনং সন্তোষঃ মুখেন দ্বারেণ। একহায়ন্যাদিকমিতি। অরুণয়া একহায়ন্যা পিঙ্গাক্ষ্যা গবা সোমং ক্রীণাতীত্যত্র বিক্রেতুর্ব্বশীকরণদ্বারা যথৈকহায়নী মূল্যতয়া উক্তক্রয়োপযোগিনী তদ্বদিত্যর্থঃ।

শৌর্য্যাদিপদ প্রয়োগ প্রদর্শনমাত্র, অতএব অবিভক্ত কর্তৃক উপার্জ্জিত ধনের সর্ব্বসাধারণত্ব কথন অপ্রামাণিক ॥ ৮৫ ॥

আর পূর্ব্বপুরুষক্রমে আগত ধন অন্যকর্ত্তৃক হৃত হইলে যে উদ্ধার করে সে ধন সে অন্যদায়াদদিগকে দিবে না এই যাজ্ঞবল্ক্যবচনেও পিতৃপিতামহাদি ধন কোন ব্যক্তি কর্তৃক হৃত হইলে যে উদ্ধার করে তাহারই সেই ধন হয় অন্যের ভাগ নাই তোমারও ইহা যখন অভিমত তখন পূর্ব্বপুরুষের সম্বন্ধ লেশ থাকিলেও অবিভক্ত ব্যক্তির উদ্ধারকতা নিবন্ধন তদ্ধনে অন্যের অধিকার সম্বন্ধ নিরাকরণ করত ঋষি, পূর্ব্বপুরুষের সম্বন্ধলেশশূন্যস্থলে স্বোপার্জ্জিত ধনে অন্যের অধিকার সম্বন্ধ সুদূরপরাহত করিলেন। আর যে শ্রীকরাচার্য্য কহিয়াছেন যে যদি পিতৃদ্রব্যের অনুপঘাতে অর্জিত ধন কেবল অর্জকেরই হয় তবে প্রতিগ্রহলব্ধধন কখনই অন্য ভ্রাতার হইতে পারে না। কেন না প্রতি-

সম্বন্ধং নিরস্যতি। যচ্চোক্তং শ্রীকরেণ যদি পিতৃদ্রব্যানুপঘাতার্জ্জিতমর্জ্জকস্যৈব তদা প্রতিগ্রহোপাত্তং ধনং ন কদাচিৎ ভ্রাত্রন্তরস্য ভবেৎ ন হি প্রতিগ্রহঃ পিতৃদ্রব্যবিনাশেন সম্ভবতি দ্রব্যং হি দাতুরানমনমুখেন প্রতিগ্রহে উপযুজ্যতে একহায়ন্যাদিকমিব সোমক্রয়ে কর্ত্তৃশরীরধারণেন বা পয়োব্রতাদিকমিব জ্যোতিষ্টোমে তত্র তাবদদৃষ্টার্থে দানে দ্রব্যান্তরগ্রহণেন

---

আদিনা বাসসা ক্রীণাতীত্যুক্তবাসসঃ পরিগ্রহঃ। ন চ বাসসোগোর্বৈকল্পিকত্বং বিষমশিষ্টত্বাৎ তথাচ বাসোবিশিষ্টায়া একস্যা এব গোঃ ক্রয়সাধনত্বাৎ পৃথক্ক্রয়াসাধনস্য বাসসঃ কথমাদিপদগ্রাহ্যত্বং বাসসা সোমং ক্রীণাতীতিপৃথক্বাক্যবলেন বাসোঽবিশিষ্টগবা ক্রয়েঽপ্রাশস্ত্যাবগমাৎ প্রশস্তক্রয়ে বাসোবিশিষ্টায়া গোরাদিপদগ্রাহ্যত্বসম্ভবাৎ পণ্যান্তরক্রয়ে মূল্যতয়োক্তসুবর্ণাদেরাদিপদগ্রাহ্যত্বসৌলভ্যাচ্চ। কর্ত্তৃশরীরধারণেনেতি। অন্তরা প্রকৃতকর্ম্মণি ইতি শেষঃ। অতএব দূষয়িষ্যতি

---

গ্রহস্থলে দাতার সন্তোষ জননার্থ পিতৃদ্রব্যের উপঘাত সম্ভবে না। যেমন সোমলতা রস ক্রয় করিতে একবৎসরবয়স্কা গবী প্রভৃতির মূল্য আবশ্যক এবং জ্যোতিষ্টোম যাগে দুগ্ধপানাদি যেমন যাগকর্ত্তার শরীরধারণের কারণ বলিয়া যাগের উপযোগী হয়, সেইরূপ প্রতিগ্রহ স্থলে ঘটে না। যেহেতু ধর্ম্মার্থ দানস্থলে দাতাকে দ্রব্যান্তর দিয়া সন্তুষ্ট করিবার আবশ্যকতা নাই। সুতরাং প্রতিগ্রহ লাভ করিতে দাতার তুষ্টিকর দ্রব্যান্তর দানের উপযোগিতা নাই এবং স্বর্গার্থ দীর্ঘকালসাধ্যজ্যোতিষ্টোমযাগে শরীরধারণোপযোগি ভোজন যেমন আবশ্যক করে প্রতিগ্রহে সেরূপ ঘটে না, কারণ প্রতিগ্রহ ক্রিয়া অতি অল্পকালসাধ্য, তাহাতে প্রতিগ্রহকর্ত্তার ভোজনের অপেক্ষা কি? সুতরাং প্রতিগ্রহ লাভ করিতে দ্রব্যান্তর দান কিম্বা সর্ব্বসাধারণ অন্ন ভোজন করা ইত্যাদি কোন প্রকারে সাধারণদ্রব্যের উপঘাত ঘটে না এই মত ভাল নহে। কেন না যে প্রতিগ্রহ দেওয়ায় তাহার আনতি অর্থাৎ সন্তোষের নিমিত্ত উপঢৌকন প্রভৃতি দান নিবন্ধন ধনের উপঘাত লোকে ভূরি ভূরি দৃষ্ট হয়। আর কলিযুগে প্রতিগ্রহলব্ধধন

ন দাতুরানতিরপেক্ষিতেতি ন দাত্রানত্যা দ্রব্যমুপযুজ্যতে প্রতিগ্রহস্য চাল্পকালীনত্বাৎ ন তৎকর্ত্তুর্ভোজনমপেক্ষিতং দীর্ঘকালীনজ্যোতিষ্টোমেনেব স্বর্গকর্ত্তুরিতি তন্মন্দং দাপকানত্যর্থমুপহারপ্রদানাদিনা ধনোপঘাতস্য লোকে বহুলমুপলম্ভাৎ কলৌ চ প্রতিগ্রহধনস্য সেবাধনসমানত্বাৎ অতএব কলৌ ত্বনুগমান্বিত ইতি স্মরন্তি ॥ ৮৬ ॥

যচ্চ চিরাবস্থিতের্ব্যভিচারাৎ ন প্রতিগ্রহকারণত্বমানতেরত আনতিদ্বারা ন প্রতিগ্রহার্থত্বং দ্রব্যস্যেত্যুক্তং তন্মন্দতরং

---

প্রতিগ্রহস্য চেতি। পয়োব্রতাদিকমিবেতি। দীর্ঘকালীনজ্যোতিষ্টোমাদৌ পয়ঃপানং ব্রাহ্মণস্যেত্যানেনাভিহিতং ক্ষীবভোজনাদিকং যথা শবীবধাবণদ্বাবা উপযুজ্যতে তদ্বদিত্যর্থঃ। দ্বয়ং ক্রমেণ দূষয়তি তত্রেত্যাদি প্রতিগ্রহস্যেত্যাদি চ। দীর্ঘকালীনজ্যোতিষ্টোমস্যানেকাহসাধ্যত্বাৎ শবীরধারণার্থং যাগকর্ত্তুর্যথা ভোজনমপেক্ষিতং তথা প্রকৃতে নেতি ব্যতিবেকেণ দৃষ্টান্তঃ। উপহাবপ্রদানাদিনা পাবিতোষিকদ্রব্যদানাদিনা। উপদানাদিনেতি পাঠে উৎকোচদানাদিনেত্যর্থঃ। কলৌ চেতি। তেন সেবায়া বহুতবকালসাধ্যত্বাৎ শবীবধাবণার্থমপি ধনোপঘাতঃ ক্কাচিৎক ইত্যুক্তং। অনুগমেতি অনুগম উপসর্পণং তেনান্বিতে দীয়তে ইত্যন্বয়ঃ। তথাচোক্তং। কৃতে তু দীয়তে গত্বা ত্রেতায়ামাহূতায় বৈ। দ্বাপরে যাচমানায় কলৌ ত্বনুগমান্বিতে ইতি ॥ ৮৬ ॥

চিবাবস্থিতেরিতি। চিরাবস্থিতেবপি প্রতিগ্রহদর্শনাৎ আনতের্ব্যভিচাবাৎ ন কাবণতা ইত্যর্থঃ। আনতিদ্বাবেণ আনতিদ্বাবেণৈব ন তু স্বাতন্ত্র্যেণ তেন

---

সেবাধনের সমান হইয়াছে। অতএব স্মৃতি, সত্যযুগে বাটীতে গিয়া দান করে, ত্রেতাযুগে আহ্বান করিয়া দান করে, দ্বাপরযুগে যাচ্ঞা কবিলে পর দান করে এবং কলিযুগে সর্ব্বদা উপসর্পণ করিলে দান করে ॥ ৮৬ ॥

আরও কোন ব্যক্তি বলেন যে দাতাব নিকটে বহুকাল স্থিতি করিলেও প্রতিগ্রহ লাভ হয় তাহাতে ধনদান করিয়া আনতি অর্থাৎ দাতার সন্তোষ জন্মাই-

আনতিদ্বারেণ চিরাশ্রয়ণাদীনাং প্রতিগ্রহকারণত্বাৎ পুরুষস্যা-শয়বৈচিত্র্যেণ কস্যচিদ্ধনদানেন কস্যচিচ্চিরাশ্রয়ণাদিনা কস্য-চিত্তত্তদ্গুণানুসন্ধানমাত্রেণ দর্শনাৎ সহকার্য্যভাবেন কার্য্যা-নুৎপত্তের্নাকারণতা অতএবোক্তং আনতেরনিয়তোপায়পরি-ণামত্বাদিতি ॥ ৮৭ ॥

---

নানতের্ব্যভিচাব ইতি ভাবঃ। চিবাশ্রয়ণাদীনামিত্যাদিনা ধনদানুগুণানুসন্ধানয়োঃ পবিগ্রহঃ। নমু চিবশ্রয়ণাদীনাং পবস্পবব্যভিচারেণ কথমানতিং প্রতি কাবণতে-ত্যত আহ পুরুষাশ্রয়েতি। পুরুষাশয়স্য আনতিরূপস্য বৈচিত্র্যেণেত্যর্থঃ। তথাচানতিগতবৈজাত্যব্যক্তীনাং প্রত্যেকস্য চিবাশ্রয়ণাদীনাং কায্যতাবচ্ছেদকত্বাৎ ন ব্যভিচাব ইতি ভাবঃ। বস্তুতস্তু এযামেকশক্তিমত্ত্বেনৈব কাবণত্বং তেনানতিগত-নানাবৈজাত্যকল্পনে ন ক্ষতিবিতি বোধ্যং। দর্শনাদিতি। আনতেবিতি শেষঃ। নমু তথাপ্যন্বয়ব্যভিচাবঃ সত্যপি চিবাশ্রয়ণাদৌ কস্যচিৎ আনত্যমুৎপাদাদত আহ সহকার্য্যেতি। পুরুষাশয়বিশেষঃ সহকাবী তদভাবাৎ তত্র নানতিরিতি ন ব্যভি-চাবইতি ভাবঃ। কেচিত্তু নমু সত্যামপ্যানতৌ কচিৎ প্রতিগ্রহাপ্রাপ্ত্যা কথমানতেঃ প্রতিগ্রহকাবণত্বমত আহ সহকার্য্যেতীত্যাহুঃ। অনিয়তোপায়েতি। পবস্পবনিবপেক্ষনানোপায়সাধ্যত্বাদিত্যর্থঃ। তেনৈকশক্তিমত্ত্বাৎ বৈজাত্যাদ্বা কার্য্য-কাবণভাব ইতি ভাবঃ॥ ৮৭॥

---

বাব অপেক্ষা নাই, এজন্য আনতি জননদ্বারা দ্রব্যের প্রতিগ্রহোপযোগিত্ব হয় না এই মতও অতি মন্দ। যেহেতু আনতিদ্বাবাই চিরাবস্থান প্রভৃতি প্রতিগ্রহের কাবণ হয়, তাহাতে পুরুষেব আশয়ের বৈচিত্র্য প্রযুক্ত কাহারো ধন দানদ্বাবা কাহাবো চিবসন্নিধানদ্বাবা কাহাবো গুণানুসন্ধান মাত্র দ্বাবা আনতি দেখা যায়। সুতরাং দাতাব আশয় বিশেষ সহকারী, কাবণ, তাহা না থাকায় কার্য্যের উৎপত্তি না হইলে কাবণতাব ব্যাঘাত হয় না। অতএব উক্ত হইয়াছে পুরুষের আনতি-জনন নানাউপায়সাধ্য অর্থাৎ আশয় বিশেষে উপায়বিশেষ সন্তোষের কারণ হয়॥ ৮৭॥

যদপ্যুক্তং অথ তৎসন্নিধিমন্তরেণ প্রতিগ্রহস্যাসম্ভবাৎ ভোজনমন্তরেণ চ তদযোগাৎ তস্যাং স্থিতৌ ব্যাপ্রিয়মাণং ধনং প্রণাল্যা প্রতিগ্রহং নিষ্পাদয়তীতি তদা জ্যোতিষ্টোমাদি-কর্ম্মণঃ প্রাচীনমপি ভোজনং শরীরস্থিতৌ ব্যাপ্রিয়মাণং প্রাচীনশরীরস্থিতিমন্তরেণ জ্যোতিষ্টোমাদ্যনিষ্পত্তেঃ প্রণাল্যা জ্যোতিষ্টোমার্থমিতি সর্ব্বমেব ভোজনং ক্রত্বর্থং স্যাৎ ন পুরুষার্থং তথাচ তৎসাধনমপি দ্রব্যং ক্রত্বর্থং স্যাৎ তদর্জ্জনোপায়োঽপি ক্রত্বর্থঃ স্যাদিতি পুরুষার্থত্বং দ্রব্যার্জ্জনস্য দ্রব্যস্য ভোজনস্য চ হীয়েতেতি তন্মন্দতমং প্রণাল্যা জ্যোতিষ্টোমোপকারকত্বেঽপি ভোজনস্য সাক্ষাৎ তৃপ্ত্যর্থত্বাৎ পুরুষার্থস্যৈব

শ্রীকরেণৈব প্রতিগ্রহে প্রকারান্তরেণ পিতৃদ্রব্যোপঘাতবাদিমতং যৎ প্রতিবন্ধমুপন্যস্য নিরসিতং তমপি দূষয়িতুমাহ যদপ্যুক্তমিতি হীয়েতেত্যন্তং যদপ্যুক্তমিত্যর্থঃ। তস্যাং স্থিতৌ প্রতিগ্রহাবধি দাতৃসন্নিধিস্থিতৌ প্রণাল্যা পরম্পরয়া। উক্তমর্থং প্রতিবন্দিমুখেন শ্রীকরো দূষয়তি তদেত্যাদিহীয়তইত্যন্তেন। উপকারকত্বেঽপি নান্তরীয়কবিধয়া উপকারকত্বেঽপি। তৃপ্ত্যর্থত্বাদিতি। তথাচ পুরুষার্থত্বং পুরুষোদ্দেশ্যপ্রত্যক্ষফলসাধকত্বং ক্রত্বর্থত্বং ক্রতূদ্দেশ্যকত্বং ইতি ন পুনর্ভোজনস্য ক্রত্বর্থত্বং ক্রতূদ্দেশ্যকত্বাভাবাদিতি ভাবঃ। ঐদমর্থ্যে ইদমর্থকত্বে ক্রতূদ্দেশ্যকত্ব ইতি যাবৎ। নন্বু তদুপকারকত্বস্যৈব তদুদ্দেশ্যকত্বে প্রমাণমতআহ উপকার-

আর যখন দাতার নিকটে চিরাবস্থান না করিলে প্রতিগ্রহ লাভ হয় না তখন তাবৎকাল অন্নাচ্ছাদনদ্বারা শরীরযাত্রা নির্ব্বাহ ব্যতিরেকেও নিকটাবস্থান অসম্ভব প্রযুক্ত সেই উপাসনা কার্য্যে ব্যয়িতধন পরম্পরা সম্বন্ধে প্রতিগ্রহ নিষ্পাদন করে এই কথা যদি বল, তাহা হইলে জ্যোতিষ্টোম প্রভৃতি যাগের প্রাক্কালেও শরীর-ধারণোপযোগি যাহা ভোজন করিয়াছে পরম্পরা সম্বন্ধে বাল্যাবধি সমস্ত ভোজনই জ্যোতিষ্টোমাদি যাগের উপযোগি হইবায় সকল ভোজনকেই ক্রত্বর্থ অর্থাৎ যজ্ঞো-

সতঃ ক্রতূপকারকত্বাৎ তত্রেদমর্থে প্রমাণাভাবাৎ উপকারকত্বস্য তাদর্থ্যাব্যভিচারাৎ অতঃ কথং দ্রব্যার্জনস্য দ্রব্যস্য ভোজনস্য চ ক্রত্বর্থত্বমাপদ্যতইতি। অতএবাস্যাপি পর্য্যনুযোগস্যানবকাশঃ যদি দ্রব্যস্য প্রাচীনভোজনদ্বারা প্রতিগ্রহোপকারকত্বমিষ্যতে তদা জন্মত আরভ্য ভোজনং বিনা শরীরাবস্থিতেরভাবাৎ নার্জনং সম্ভবতীতি সর্ব্বএব ধনোপায়ঃ পিতৃদ্রব্যবিনাশেন স্যাৎ অতোঽনুপঘ্নন্ পিতৃদ্রব্যমিতি বিশেষণং

কত্বস্যেতি। ব্যভিচারাদিতি অন্যাবলোকনার্থানীতদীপাদিতোঽন্যাবলোকনাদৌ ব্যভিচারাদিত্যর্থঃ। অতএবেতি। যতএব উপকারকত্বেঽপি ন তদর্থত্বং অত এবেত্যর্থঃ। পর্য্যনুযোগস্য দোষোদ্ভাবনস্য। হেত্বন্তরমাহ যতইতি। কেচিত্তু

দ্দেশ্যক বলিতে হয় পুরুষার্থ বলা যায় না। আর সেই ভোজনের সাধন অন্নাদিদ্রব্যও ক্রত্বর্থ হইয়া উঠে ও তাহার অর্জনোপায়কেও ক্রত্বর্থ বলিতে হয়। এরূপে দ্রব্যার্জনও দ্রব্য ও দ্রব্যভোজনের পুরুষার্থত্ব নির্বচন একেবারে উৎসন্ন হইয়া যায় এই যে শ্রীকরাচার্য্য কহিয়াছেন তাহাও অত্যন্ত মন্দ, যেহেতু পরম্পরা সম্বন্ধে ভোজন জ্যোতিষ্টোম যাগের উপকারক হইলেও সাক্ষাৎ তৃপ্তির সাধন বিধায় পুরুষের উদ্দেশ্য। অতএব পুরুষার্থ শব্দ বাচ্য পরম্পরা ক্রতু অর্থাৎ যাগের উপযোগি হইলেও ভোজনকে ক্রত্বর্থ বলা যায় না, কারণ ক্রত্বর্থ শব্দের অর্থ ক্রতূদ্দেশক অর্থাৎ যাহার উদ্দেশ্য যজ্ঞ তাহাকেই ক্রত্বর্থ বলে, ক্রতুর উপযোগি হইলেই ক্রতূদ্দেশ্যক হয় এমত প্রমাণ নাই। যেহেতু অন্যের অবলোকনের উদ্দেশে আনীত দীপ হইতে অন্যের অবলোকনও নিষ্পন্ন হয়। অতএব যজ্ঞের উদ্দেশ না থাকায় দ্রব্যার্জ্জন, দ্রব্য, ও দ্রব্যভোজনের যজ্ঞোপযোগিতা পরম্পরা থাকিলেও ক্রত্বর্থত্ব আশঙ্কা কোথায়? ইহাতে উক্ত দোষোদ্ভাবনেরও খণ্ডন হইয়া গেল। যদি পূর্ব্ব পূর্ব্ব ভোজন নিবন্ধন শরীরধারণদ্বারা সাধারণ দ্রব্যোপঘাত প্রতিগ্রহের কারণ বল তাহা হইলে জন্ম প্রভৃতি বিনা ভোজনে শরীর ধারণ অসম্ভব বিধায়

ন স্যাদিতি। যতোবিশেষণানর্থক্যাদেব ভক্ষণাদ্যুপভোগোপযুক্তধনোপঘাতাদন্যস্যেবোপঘাতাদিরূপস্য বচনার্থত্বাৎ॥ ৮৮॥

কিঞ্চ ভক্ষণাদ্যুপভোগার্থধনোপঘাতস্য গৃহগতেনাপ্যবশ্যং কর্ত্তব্যত্বাৎ ন ধনার্জ্জনার্থত্বমুপঘাতস্য তাদর্থ্যমেব চ তৎপ্রযোজকমিতি নাতিপ্রসক্তিঃ। অতএবোক্তং বিশ্বরূপেণ পিতৃদ্রব্যং দত্ত্বা যদি নোপার্জ্জিতং ধনং তদা তস্যেবাসাধারণং

---

অতএব বক্ষ্যমাণহেতোরেব তমাহ্যতইতীত্যাহুঃ। বিশেষণানর্থক্যাদ্‌যতোহেতোরিত্যর্থঃ॥ ৮৮॥

নন্থ ভক্ষণাদীত্যাদিপদগ্রাহ্যোঽনমুগম আচ্ছাদনমাত্রস্যাদিপদগ্রাহ্যত্বেঽপি যত্র বহুতবব্যয়েন ঔষধমুৎপাদ্য তদ্ভক্ষণেন নদীপর্ব্বতলঙ্ঘনমহিম্না বহুতরধনমর্জ্জিতং তস্যাবিভাজ্যতা স্যাদতআহ কিঞ্চেতি। তাদর্থ্যমেবেতি। তথাচোপকারকত্বস্য প্রামাণিকত্বেনাপহাপয়িতুমশক্যত্বাৎ তাদর্থ্যমেবোপঘাতস্য বিশেষণমিতি ভাবঃ। এতেনানুপঘ্নন্ পিতৃদ্রব্যমিত্যাদেবর্জনোদ্দেশেন ধনোপঘাতং বিনা যদর্জ্জিতমিত্যেবার্থ ইতি বোধ্যং। অত্র বৃদ্ধসম্মতিমাহ অতএবেতি। যতস্তাদর্থ্যং বিবক্ষিতং

---

সকল উপায়ই পিতৃদ্রব্যের উপঘাতে ঘটিয়া উঠে, তবে অনুপঘাতে অর্জন আর কোথায় থাকে, কাজে কাজে অনুপঘ্নন্ পিতৃদ্রব্যং এই বিশেষণ নিরর্থক হইয়া যায়, এজন্য অন্নাচ্ছাদনোপযুক্ত সাধারণ ধনোপঘাত ধর্ত্তব্য হইবে না, অন্নবস্ত্রাদি নিমিত্ত ব্যয় ভিন্ন অবিভক্তধনেব উপঘাতেই বচনেব তাৎপর্য্য॥ ৮৮॥

আহারাদির জন্য ধনোপঘাত বাটীতে থাকিলেও অবশ্য করিত, সুতরাং সে ব্যয় অর্জনের উদ্দেশে হয় নাই, অর্জনের উদ্দেশেই যে সাধারণধনেব ব্যয় হয় তাহাকেই উপঘাত বলা যায় ইহাতে কোন দোষাপত্তি ঘটে না। অতএব বিশ্বরূপ নামক নিবন্ধকার বলিয়াছেন যে যদি পিতৃদ্রব্য দিয়া উপার্জ্জন করিয়া না থাকে তাহা হইলে সেই উপার্জিত ধন তাহার বৈবাহিকধনের ন্যায় নিজস্ব হয় তাহাতে সাধারণ অন্নভোজনাদি উপঘাত ধরা হইবে না, কারণ উহা মাতার স্তন্য দুগ্ধ পানাদির তুল্য। অতএব পুত্রের উপনয়ন ও বিবাহোপলক্ষে সানন্দ ও ব্যয়শীল

বৈবাহিকবদেবোক্তং ন তু ভক্ষণাদ্যুপভোগমাত্রেণ তস্য স্তন্য-পানাদিতুল্যত্বাদিত্যন্তেন। অতএব পুত্রোপনয়নবিবাহয়োঃ সোৎসুকসব্যয়পিতৃকৃতবহুতরধনব্যয়েঽপি ন ব্রতভিক্ষাদি-লব্ধস্য বৈবাহিকস্য বা সাধারণ্যং ধনপ্রেপ্সয়া ধনব্যয়স্যাকৃত-ত্বাৎ তস্মাদ্ধনোদ্দেশেনৈব সাধারণধনোপঘাতেনার্জিতং সাধারণং নান্যদিতি সিদ্ধং ॥ ৮৯ ॥

জিতেন্দ্রিয়েণাপি বহুপ্রকারং বিমৃষ্যোক্তং তস্য যাবদুক্ত-প্রপঞ্চস্য সংক্ষেপেণায়মর্থঃ প্রত্যেতব্যঃ যৎকিঞ্চিদ্ধনমসাধার-

---

নোপকারকত্বমত এবেত্যর্থঃ। দত্ত্বেত্যানেন তাদর্থ্যং ব্যক্তমেব তেনাভিহিতমিতি ভাবঃ। স্বয়মপি লোকাচাররূপসম্বাদং দর্শয়তি অতএবেতি। পুত্রোপনয়নেতি। ব্রতভিক্ষা ব্রহ্মচর্য্যভিক্ষা। আদিনা সমাবর্ত্তনোত্তররাজপ্রসাদলব্ধ ভিক্ষাপরিগ্রহঃ। তথাচোক্তং। আবৃত্তানাং গুরুকুলাৎ বিপ্রাণাং পূজকো ভবেৎ। নৃপাণামক্ষয়োহ্যেষ বিধির্ব্রাহ্মোঽভিধীয়তইতি বৈবাহিকস্য বিবাহে শ্বশুরাদিতো লব্ধস্য। তত্রাপি ধনব্যয়স্য কথং ন ধনার্জ্জনার্থত্বমতআহ ধনপ্রেপ্সয়েতি। উপসংহরতি তস্মা-দিতি ॥ ৮৯ ॥

অসাধারণধনশরীরায়াসাভ্যাং যদর্জিতং তদবিভাজ্যত্বে প্রাক্ স্বয়মভিহিতে জিতেন্দ্রিয়সম্বাদমপ্যাহ জিতেন্দ্রিয়েণাপীতি। তদুক্তমাহ তদস্যেতি। অসাধারণো-

---

পিতৃকর্ত্তৃক বহুতর ধন ব্যয় করা হইলেও ব্রহ্মচারির ভিক্ষালব্ধ ও সমাবর্ত্তনানন্তর রাজপ্রসাদলব্ধধন এবং বিবাহোপলক্ষে শ্বশুরাদির নিকট প্রাপ্তধন অন্যের সাধারণ হইবে না কারণ ধনলাভের উদ্দেশে উক্ত ব্যয় করা হয় নাই ধনলাভোদ্দেশেই সাধারণধনোপঘাত করিয়া যেধন উপার্জ্জন করে তাহাই সর্ব্বসাধারণবিভাজ্য, অনুপঘাতে অর্জিতধন বিভাজ্য হয় না ইহা স্থির হইল ॥ ৮৯ ॥

জিতেন্দ্রিয় নামক গ্রন্থকারও বহুপ্রকার বিবেচনা করিয়া বলিয়াছেন যথা এই সমস্ত বিস্তারিত গ্রন্থসন্দর্ভের সংক্ষেপতঃ এই অর্থ বুঝিতে হইবে যে কোনধন

গোপায়ার্জ্জিতং তদসাধারণং বিস্পষ্টার্থস্তু বিদ্যাধনস্তু যদয-স্যেত্যাদিনোদাহরণপ্রপঞ্চেনোপন্যস্তং অসাধারণত্বাদেবাবিভাজ্যমেবংবিধমেব ধনং সাধারণমপি সাধারণহেতুসমুত্থমেবংবিধমেব তদপি সুখাববোধার্থং ক্বচিদর্থসাধারণ্যেন ক্বচিচ্চ ব্যাপারতথাত্বেন সম্বন্ধসাধারণ্যেন চ প্রদর্শিতমিত্যন্তেন। বালকেনাপ্যুক্তং ন হ্যেকেন ভ্রাত্রা বিদ্যাদিনা লব্ধে হপরেষামধিকারসম্ভবঃ প্রমাণাভাবাদিত্যন্তেন ॥ ৯০ ॥

পায়ার্জ্জিতং সাধারণধনানুপঘাতেন স্বয়মেবার্জ্জিতং। উপন্যস্তং বিদ্যাধনাদিকমিতি শেষঃ এতেষু প্রায়েণাসাধারণ্যসম্ভবাদিতি ভাবঃ। এবংবিধমেব বিদ্যাশৌর্য্যাদিলব্ধমেব। সাধারণমপীতি। সাধারণহেতুসমুত্থং এবংবিধমপি সাধারণমেবেতি অপ্যেবশব্দয়োর্বৈপরীত্যেন যোজনা কার্য্যা অন্যথা ক্রমাগতস্যাপি সাধারণত্বেন এবংবিধমেব সাধারণমিতি যথাশ্রুতাসঙ্গতেঃ। সুখাববোধার্থং বিশেষরূপেণ শীঘ্রবোধার্থং। অর্থসাধারণ্যেনেতি। যথা সাধারণং সমাশ্রিত্যেত্যাদি। ব্যাপারসাধারণ্যং যথা অবিদ্যানান্তু সর্ব্বেষামীহাতশ্চেদ্ধনং ভবেৎ। সমস্তত্র বিভাগঃ স্যাদপিত্র্যইতি ধারণাইত্যাদি। সম্বন্ধসাধারণ্যং যথা ঊর্দ্ধং পিতুশ্চ মাতুশ্চেত্যাদি। ইত্থঞ্চ যত্রামুকপুত্রত্বপুরস্কারেণৈকস্মৈ দত্তং তত্র সর্ব্বেষামেব তৎপুত্রাণামধিকারইতি প্রতিপন্নং। প্রদর্শিতং মুনিভিরিতি শেষঃ। ইত্যন্তেনেতি। বিমৃশ্যোক্তমিতিপূর্ব্বেণান্বয়ঃ। উক্তার্থে সম্বাদান্তরমাহ বালকেনাপীতি। বিদ্যাদিনা লব্ধে সাধারণানুপঘাতেন ইতরব্যাপারনৈরপেক্ষেণ চার্জ্জিতে ॥ ৯০ ॥

অসাধারণ উপায়ে উপার্জ্জিত হয় তাহা অসাধারণ হয় ইহা সুস্পষ্ট বোধের নিমিত্ত বিদ্যাধনন্তু যদ্‌যস্য ইত্যাদি নানা উদাহরণ প্রদত্ত হইয়াছে। অসাধারণত্ব প্রযুক্ত এই এইরূপ ধন অন্যের অবিভাজ্য হয়, আর সাধারণ উপায়ে উত্থিত এই এইরূপ ধনও সাধারণ অর্থাৎ বিভাজ্য হয়, ইহা সুব্যক্ত বোধের নিমিত্ত মুনিগণ কোন বচনে ধনের সাধারণ্য ধরিয়া কোন বচনে শ্রমের সাধারণ্য ধরিয়া ও কোন বচনে সম্বন্ধের তুল্যতা ধরিয়া অধিকারের সাধারণ্য ব্যবস্থা প্রদর্শন করিয়াছেন।

যশ্চানুপঘাতপ্রতিগ্রহার্জ্জিতধনস্য বিভাগঃ শিষ্টানাং দৃশ্যতে স ভ্রাতৃস্নেহেন পৌরুষবুদ্ধ্যা বা নানুপপন্নঃ। যদ্বা প্রতিগ্রহ ধনস্য বিদ্যাধনত্বাৎ বিদ্যাধনে চ সাধারণধনানুপঘাতার্জ্জিতেঽপি সমবিদ্যাধিকবিদ্যানাং বিভাগস্য বাচনিকত্বাৎ তদ্বিভাগং পশ্যন্তো বিদ্যাধনস্য বিদ্যাবিশেষকৃতোঽয়ং বিভাগইত্যজানন্তোঽবিভক্তার্জ্জিতত্বেনায়ং বিভাগইতি ভ্রান্তাঃ স্বয়মপি তথৈব ব্যবহৃতবন্তঃ তন্মূলশ্চাপরাপরব্যবহারইতি ন কিঞ্চিদনুচিতং॥ ৯১॥

ননু ভ্রাতৃস্নেহেন পৌরুষবুদ্ধ্যা বা দানে ন্যূনাধিক্যস্য সম্ভবাৎ কথং সমতয়া প্রতিনিয়তো বিভাগইত্যতআহ যদ্বেতি। বিদ্যাবিশেষেতি। বিদ্যার্জ্জিতধনস্য যোবিশেষঃ সমাধিকবিদ্যাভ্যাং বিভাজ্যত্বরূপঃ তৎকৃতোঽয়ং বিভাগইত্যজানন্তইত্যর্থঃ॥ ৯১॥

বালক নামক নিবন্ধকারও বলিয়াছেন যে এক ভ্রাতার বিদ্যাদিদ্বারা লব্ধধনে প্রমাণাভাব হেতু অন্য ভ্রাতার অধিকার সম্ভব হয় না॥ ৯০॥

আর অনুপঘাতে প্রতিগ্রহার্জ্জিতধনের শিষ্টজনকর্ত্তৃক যে বিভাগ দৃষ্ট হয় তাহা ভ্রাতৃস্নেহে অথবা নিজ পৌরুষ প্রদর্শনার্থ ইচ্ছাক্রমেও ঘটিতে পারে, অথবা প্রতিগ্রহদ্বারা যাহা প্রাপ্ত হয় তাহা বিদ্যাধন বিদ্যালব্ধধন সাধারণধনের অনুপঘাতে উপার্জ্জিত হইলেও সমবিদ্য ও অধিকবিদ্যাবিশিষ্ট ভ্রাতাদির সহিত বিভাগ বাচনিক থাকাতে সেই বিভাগ দেখিয়া এই বিভাগ বিদ্যাধনে বিদ্যাবিশেষ নিবন্ধন ইহা বুঝিতে না পারিয়া অবিভক্ত কর্ত্তৃক উপার্জ্জিত বলিয়া এই ভাগ হইল, এইরূপ ভ্রান্ত হইয়া ঐরূপ ব্যবহার করাতে তাহা দেখিয়া অপরাপরেরও তাদৃশ ব্যবহার হইতে পারে ইহা অসম্ভব নহে॥ ৯১॥

যৎ পুনর্ম্মনুবচনং। যৎ কিঞ্চিৎ পিতরি প্রেতে ধনং জ্যেষ্ঠোঽধিগচ্ছতি। ভাগোযবীয়সাং তত্র যদি বিদ্যানুপালিনঃ। তস্যায়মর্থঃ। পিতেব পালয়েৎ পুত্রান্ জ্যেষ্ঠো ভ্রাতৄন্ যবীয়সঃ। পুত্রবচ্চানুবর্ত্তেরন্ জ্যেষ্ঠে ভ্রাতরি ধর্ম্মতঃ। এতস্মাদ্বচনাৎ পিতাপুত্রবদবস্থানাৎ পিত্রর্জ্জিতইবানুপঘাতার্জ্জিতেঽপি জ্যেষ্ঠধনে কনিষ্ঠানামধিকারঃ এতাবান্ পরং বিশেষঃ পিত্রর্জ্জিতেঽবিদুষামপ্যধিকারো জ্যেষ্ঠার্জ্জিতে পুনর্ব্বিদুষামেব। এতচ্চ পিতরি প্রেতইতি জ্যেষ্ঠইতি যবীয়সা-

---

জ্যেষ্ঠোঽধিগচ্ছতীতি নিরপেক্ষশ্রুতিবলাৎ জ্যেষ্ঠএবাসাধারণধনশ্রমাভ্যাং অর্জ্জয়তীত্যর্থঃ। পিতাপুত্রবদবস্থানাদিতি। পিক্রপরমানন্তরমিতিশেষঃ বচনস্য পিক্রপরমপ্রকরণীয়ত্বাৎ। জ্যেষ্ঠধনে ন তু মধ্যমার্জ্জিতধনে। ননু সামান্যবচনস্য পিক্রপরমানন্তরং পিতাপুত্রবদবস্থানবিষয়ত্বে কিং প্রমাণমতআহ এতচ্চেতি। পিতরি প্রেতইতি। অনেন জীবতি পিতরি জ্যেষ্ঠস্যাসাধারণার্জ্জিতে ন কনিষ্ঠানাং ভাগইতিপ্রতিপাদনাৎ পিক্রপরমানন্তর্য্যলাভঃ। জ্যেষ্ঠইতি যবীয়সা-

---

আর যে মনুবচন আছে পিতা মরিয়া গেলে পর জ্যেষ্ঠ যেধন উপার্জ্জন করে কনিষ্ঠ ভ্রাতারা যদি বিদ্যানুপালি হয় তবে তাহাদের তাহাতে ভাগ আছে। ইহার তাৎপর্য্য এই যে জ্যেষ্ঠ ভ্রাতা কনিষ্ঠদিগকে পিতার ন্যায় পালন করিবেন কনিষ্ঠেরাও ধর্ম্মতঃ জ্যেষ্ঠ প্রতি পুত্রের ন্যায় ব্যবহার করিবে এই বচনে পিতাপুত্র ন্যায় অবস্থান হেতু পিতৃকর্ত্তৃক উপার্জ্জিত ধনের ন্যায় অনুপঘাতার্জ্জিত জ্যেষ্ঠধনেও কনিষ্ঠদিগের অধিকার বোধিত হইতেছে, তাহাতে এই মাত্র বিশেষ যে পিত্রর্জ্জিতধনে অবিদ্বান্ পুত্রেরো অধিকার হয় কিন্তু জ্যেষ্ঠ কর্ত্তৃক অর্জ্জিতধনে বিদ্বানেরই অধিকার হয়, পিতা মরিয়া গেলে এই কথা বলায় পিতার জীবদ্দশায় জ্যেষ্ঠ স্বয়ং যাহা উপার্জ্জন করে তাহাতে বিদ্বৎকনিষ্ঠের অধিকার নাই পিতার মৃত্যুর পর জ্যেষ্ঠ যাহা উপার্জ্জন করে

মিতি বিদ্যানুপালিনইতিপদপ্রয়োগস্যানর্থক্যাৎ সিধ্যতি। তস্মাদবিভক্তার্জ্জিতত্বমাত্রেণাবিভক্ত-ভ্রাত্রন্তরস্য ভবতীত্যসঙ্গতং বচনং ॥ ৯২ ॥

তত্র বিদ্যাধনং তাবদভিধীয়তে। তত্র কাত্যায়নঃ। উপন্যস্তে তু যল্লব্ধং বিদ্যয়া পণপূর্ব্বকং। বিদ্যাধনন্তু তদ্বিদ্যাৎ বিভাগে ন নিযোজয়েৎ। শিষ্যাদার্ত্বিজ্যতঃ প্রশ্নাৎ সন্দিগ্ধপ্রশ্ননির্ণয়াৎ। স্বজ্ঞানশংসনাৎ বাদাৎ লব্ধং প্রাধ্যয়নাচ্চ যৎ। বিদ্যাধনন্তু তৎ প্রাহুর্বিভাগে ন নিযুজ্যতে। শিল্পে-

মিতি আভ্যাং উত্তরবচনে পিতাপুত্রবদবস্থিতৌ জ্যেষ্ঠযবীয়ঃপদপ্রয়োগাৎ অত্রাপি জ্যেষ্ঠযবীয়ঃপদপ্রয়োগবলাচ্চ পিতাপুত্রবদবস্থানলাভঃ। বিদ্যানুপালিনইতি: তেন বিদুষামেবেতি সিদ্ধং আনর্থক্যাৎ সাধারণতএব জ্যেষ্ঠার্জ্জিতে কনিষ্ঠমাত্রাধিকারে আনর্থক্যাৎ ॥ ৯২ ॥

অসাধারণার্জ্জতস্যাপি বিদ্যাধনস্য সমবিদ্যাধিকবিদ্যয়োর্ব্বিভাজ্যত্বমুক্তং তচ্চ বিদ্যাধনং কিমিত্যাকাঙ্ক্ষায়াং তন্নিরূপণার্থমাহ তত্রেতি। তত্র তেষবিভাজ্যমানেষু মধ্যে। অত্রেতিপাঠে অস্মিন্নবসরেইত্যর্থঃ। উপন্যস্তেত্বিতি এতৎ সর্ব্বং স্বয়মেব ব্যাখ্যাস্যতি। মূল্যাদীতি। সাধারণ স্বর্ণাদিকমাদায় কুণ্ডলাদিকং নির্ম্মায় স্বর্ণাদিমূল্যাৎ শিল্পগুণেন যদধিকমূল্যং স্যাৎ তদ্বিদ্যাধনমিত্যর্থঃ। বিদ্যয়েতি।

তাহাতে বিদ্যানুপালি কনিষ্ঠদের অধিকার এইরূপ বাক্যের সার্থকতা রাখিবার নিমিত্ত এই ব্যবস্থা স্থির করা হইল। অতএব অবিভক্তকর্তৃক যাহা যাহা অর্জিত হয় তাহাতে অবিভক্ত অন্য ভ্রাতার অধিকার হয়। এইরূপ ব্যাখ্যা অতি অসঙ্গত ॥ ৯২ ॥

তন্মধ্যে বিদ্যালব্ধধন বলিতেছি তদ্বিষয়ে কাত্যায়নবচন, কোন বিষয়ের পণপূর্ব্বক প্রস্তাবে অর্থাৎ যদি তুমি এবিষয়ের ভাল সমাধান করিতে পার তবে তোমাকে এত দিব বলিয়া পণ রাখিলে পর সেই প্রস্তাবে উত্তীর্ণ হইয়া যাহা

যদপি হি ধর্ম্মোঽয়ং মূল্যাদ্যচ্চাধিকং ভবেৎ। পরং নিরস্য যল্লব্ধং বিদ্যয়া দ্যূতপূর্ব্বকং। বিদ্যাধনন্তু তদ্বিদ্যান্ন বিভাজ্যং বৃহস্পতিঃ। যদি ভবান্ ভদ্রমুপন্যস্যতি তদা ভবতে ময়া এতাবদ্দেয়মিতি পণিতং তত্রোপন্যাসং নিস্তীর্য্য লভতে তন্ন বিভাজ্যং। শিষ্যাদধ্যাপিতাৎ। আর্ত্বিজ্যতঃ যজমানাৎ দক্ষিণাদিনা লব্ধং দক্ষিণা চ ন প্রতিগ্রহো বেতনরূপত্বাৎ তস্যাঃ। তথা যৎকিঞ্চিৎ বিদ্যায়াং প্রশ্নে নিস্তীর্ণে অপণিতমপি যদি কশ্চিৎ পরিতোষাদ্দদাতি। তথা যোঽস্মিন্

দ্যূতাতিশয়নৈপুন্যেন দ্যূতপূর্ব্বকং যল্লব্ধমিত্যর্থঃ। বচনার্থান্ ক্রমেণাহ যদীত্যাদি। উপন্যাসং নিস্তীর্য্য ভদ্রকমুপন্যস্য। স্বজ্ঞানশংসনাদিত্যনেনাভিধাস্যমানপ্রতিগ্রহধনেন পৌনরুক্ত্যমপাকর্ত্তুমাশঙ্ক্যাহ দক্ষিণা চেতি। ন প্রতিগ্রহঃ ন প্রতিগ্রহেণ লব্ধং ধনং। প্রশ্নে নিস্তীর্ণে প্রশ্নস্য সম্যগুত্তরে দত্তে এষা প্রশ্নাদিত্যস্য ব্যাখ্যা। সন্দিগ্ধ প্রশ্নেতি ব্যাচষ্টে তথা যোঽস্মিন্নিতি অত্রৈব বিকল্পেন ব্যাখ্যান্তরমাহ

লাভ করে তাহা বিদ্যাধন, উহা অন্যে বিভাগ করিবে না। আর ছাত্রের নিকট ও যজমানের নিকট দক্ষিণারূপে যাহা প্রাপ্ত হয়, আর বিদ্যাবিষয়ে কোন প্রশ্ন উত্থাপিত হইলে তাহার সম্যক্ উত্তর প্রদান করিলে যাহা পারিতোষিক প্রদত্ত হয়, আর যিনি এই শাস্ত্রার্থে আমার সংশয় দূর করিবেন তাঁহাকে আমি এই সুবর্ণ দিব, এইরূপ প্রস্তাবে সংশয় অপনোদন করিয়া যাহা লাভ করে, অথবা দুই বাদী এক বিবাদ উপস্থিত করিয়া মীমাংসার্থ আগত হইলে তাহাদের সন্দিগ্ধ বিষয়ের মীমাংসা করিয়া দিলে যে ষষ্ঠাংশাদি লাভ করে, আর শাস্ত্রাদি বিষয়ে প্রকৃষ্টজ্ঞান প্রদর্শন করিয়া প্রতিগ্রহাদিদ্বারা যাহা লাভ করে, আর দুই ব্যক্তির শাস্ত্র কিংবা অন্য কোন বিষয়ে পরস্পর জ্ঞান ঘটিত বিবাদ উপস্থিত হইলে সেই বিবাদ ভঞ্জন করিয়া দিয়া যাহা লাভ করে, আর এক পারিতোষিক দান প্রস্তাবে বহুর সমাগম হইলে তন্মধ্যে এক-

শাস্ত্রার্থে মম সংশয়মপনয়তি তস্মৈ সুবর্ণমিদং দদানীত্যুপস্থিতস্য সংশয়মপনীয় যল্লব্ধং বাদিনোর্ব্বা সন্দেহে ন্যায়করণার্থমাগতয়োঃ সম্যঙ্ নিরূপণেন যল্লব্ধং ষষ্ঠাংশাদিকং। তথা শাস্ত্রাদিষু স্বপ্রকৃষ্টজ্ঞানং বিভাব্য যৎ প্রতিগ্রহাদিনা লব্ধং। তথা দ্বয়োঃ শাস্ত্রবিজ্ঞানবিবাদেঽন্যত্রাপি যত্র কুত্রচিদন্যোন্যজ্ঞানবিবাদেনির্জ্জিত্য যল্লব্ধং। তথৈকস্মিন্ দেয়ে বহূনামুপপ্লবে যেন প্রকৃষ্টমধীত্য যল্লব্ধং তথা শিল্পাদিবিদ্যয়া চিত্রকরসুবর্ণকারাদিভির্লব্ধং। দ্যূতেনাপি পরং নির্জ্জিত্য যল্লব্ধং তৎ সর্ব্বমবিভাজ্যমিতরৈঃ ॥ ৯৩ ॥

তদয়মর্থো যয়া কয়াচিদ্বিদ্যয়া যল্লব্ধমর্জ্জকস্যৈব তৎ নেতরেষাং প্রদর্শনার্থং তু কাত্যায়নেন বিস্তরেণোক্তং শ্রীকরাদি-

বাদিনোর্ব্বেতি। স্বজ্ঞানশংসনাদিতি ব্যাচষ্টে তথা শাস্ত্রাদিষ্বিতি। বাদাদিত্যস্যার্থমাহ তথা দ্বয়োরিতি। নির্জিত্য এককোটিব্যবস্থাপনেন বিবাদমপনীয় লব্ধং বাদিপণিতং রাজ্ঞা বা প্রসাদদত্তমিত্যর্থঃ। প্রাধ্যয়নাদিতি ব্যাচষ্টে তথৈকস্মিন্নিতি। শিল্পেষপীত্যস্যার্থমাহ তথাশিল্পাদীতি। লব্ধং শিল্পিগুণেন যদধিকং লব্ধং ॥ ৯৩ ॥

সর্ব্বানুগমকমাহ তদয়মিতি। তর্হি এতদেব মুনেরভিধানমুচিতং কিং বিস্তরেণেত্যতআহ প্রদর্শনার্থমিতি। অনুপঘাতার্জিতবিদ্যাধনোদাহরণার্থমিত্যর্থঃ।

জন প্রকৃষ্ট অধ্যয়ন করিয়া যাহা লাভ করে, আর শিল্পাদি বিদ্যার কৌশলে চিত্রকর সুবর্ণকারাদিরা যাহা লাভ করে এবং দ্যূতক্রীড়াদ্বারা অন্যকে জয় করিয়া যাহা প্রাপ্ত হয় সে সমস্তধনই বিদ্যাধনপদবাচ্য, তাহা অন্যে ভাগ করিয়া লইতে পারে না ॥ ৯৩ ॥

এই সকল বচনের নিষ্কৃষ্টার্থ এই যে, যেকোন বিদ্যাদ্বারা যাহা লব্ধ হয় তাহা অর্জকেরই হয়, তাহাতে অন্যের অধিকার নাই, তাহার উদাহরণ বিস্তারিতরূপে শ্রীকরাচার্য্য প্রভৃতির ভ্রম নিরাশের জন্য কাত্যায়ন মুনি

ভ্রমনিরাসার্থং। অতঃ স্বজ্ঞানখ্যাপনাদিনা যৎ প্রতিগ্রহলব্ধং তদপি বিদ্যাধনমেব বিদ্যয়ৈব বিদুষে প্রতিগ্রহদানাৎ। তথা যমঃ। বিদ্যাশীলোধর্ম্মযুক্তঃ প্রশান্তঃ ক্ষান্তোদান্তঃ সত্য-বাদী কৃতজ্ঞঃ। বৃত্তিগ্লানোগোহিতো গোশরণ্যোদাতা যজ্বা ব্রাহ্মণঃ পাত্রমাহুঃ। অব্রতানামমন্ত্রাণাং জাতিমাত্রোপজী-বিনাং। নৈষাং প্রতিগ্রহোদেয়ো ন শিলা তারয়েচ্ছিলাং। বিদ্বত্তয়ৈব পাত্রত্বাৎ অবিদুষাঞ্চাপাত্রত্বাৎ অতো যৎ কেনচি-

শ্রীকরাদীতি। অবিভক্তার্জিতত্বমাত্রেণৈব বিভাজ্যত্বমিতি তেষাং ভ্রমঃ তন্মূলকস্য পরেষাং তথাবিধভ্রমস্য নিরাসার্থমিত্যর্থঃ। অতইতি। কাত্যায়নেন বিদ্যাধন-মধ্যপাঠিতত্বাদিত্যর্থঃ। বিদ্যাধনমেবেতি। তেনাত্র সমাধিকবিদ্যয়োরেব ভাগো-নেতরেষামিতি ভাবঃ। প্রতিগ্রহধনে বিদ্যাধনপদস্য যৌগিকত্বমাহ বিদ্যয়ৈবেতি। প্রমাণমাহ তথা যমইতি। ধর্ম্মযুক্তঃ নিত্যনৈমিত্তিকস্বধর্ম্মাত্যাগী। প্রশান্তঃ স্বল্পলাভেনাপি সন্তুষ্টঃ। ক্ষান্তঃ কেনাপি পীড়িতোঽপি সমর্থঃ সন্‌ তৎপীড়া-পরাঙ্মুখঃ। দান্তঃ ইন্দ্রিয়াদিদমনশীলঃ। কৃতজ্ঞঃ প্রত্যুপকারে সযত্নঃ। বৃত্তিগ্লানঃ

প্রদর্শিত করিয়াছেন। অতএব স্বজ্ঞানপ্রকাশনাদিদ্বারা প্রতিগ্রহে যাহা লাভ করে তাহাও বিদ্যাধন, বিদ্যাহেতুকই পণ্ডিতকে প্রতিগ্রহ দেয় যথা যমবচন, বিদ্যাশীল, ধর্ম্মশীল, স্বল্পলাভে সন্তুষ্ট, ক্ষমাশীল, জিতেন্দ্রিয়, কৃতজ্ঞ, শিলোঞ্ছাদিবৃত্তিনিষ্ঠ, গোগ্রাসদাতা, ব্যাঘ্রাদি হইতে গো রক্ষক এবং দাতা ও যাজ্ঞিক যে ব্রাহ্মণ তিনিই দানের পাত্র এই কথা মুনিরা বলেন। কোন ব্রতাচরণ নাই, মন্ত্রজ্ঞান নাই কেবল জাতিমাত্রোপজীবী এরূপ ব্রাহ্মণকে প্রতিগ্রহ দিবে না। কারণ শিলা শিলাকে কথন পার করিতে পারে না। বিদ্যাবত্তাতেই পাত্রত্ব হয় বিদ্যাহীনের পাত্রত্ব নাই। আর বিদ্যাধনপদে কেবল বিদ্যাধ্যাপনলব্ধ যে ধন তন্মাত্রই বুঝায় এই যে কেহ বলেন তাহা অগ্রাহ্য, উক্ত কাত্যায়নবচনে দৃষ্টি থাকিলে এরূপ বলিতেন না। বিদ্যা-

তুক্তং বিদ্যাধনন্তু বিদ্যাধ্যাপননিমিত্তং যৎ তদুচ্যতে ইতি তদুক্তবচনাদর্শনেনেতি হেয়মেব বিদ্যাশব্দস্য বিদ্‌জ্ঞানইত্যস্মাদ্ধাতোর্নিষ্পত্তের্জ্ঞানবচনাৎ ॥ ৯৪ ॥

যচ্চ প্রতিগ্রহধনস্যাপি বিদ্যাধনত্বেন যাজনাধ্যাপনপ্রতিগ্রহাণাং কঙ্কীর্ণত্বমাপাদিতং শ্রীকরেণ তদতিমন্দং বিদ্যাধনত্বসামান্যস্য যাজনাধ্যাপনপ্রতিগ্রহাদিনানাব্যক্তিসম্বন্ধেঽপি ব্যক্তীনামসঙ্কীর্ণত্বাৎ তদাপি যাজনাধ্যাপনস্যাপ্রতিগ্রহত্বাৎ গোত্ব-

---

শিলোঞ্ছাদিবৃত্তিঃ বৃত্তিহীনোবা। গোহিতো গোগ্রাষাসাহর্ত্তা। গোশরণ্যো ব্যাঘ্রাদিতোদুর্গাচ্চ পরিত্রায়কঃ। আহুরিত্যাহুঃ। তদুচ্যতে তন্মাত্রমুচ্যতে উক্তবচনাদর্শনেন কাত্যায়নবচনাদর্শনেন। বিদ্ জ্ঞানইতি। তেন শিল্পদ্যূতাদিলব্ধস্যাপি গ্রহণমিত্যুক্তং ॥ ৯৪ ॥

সঙ্কীর্ণত্বমিতি। সঙ্কীর্ণত্বমভেদঃ। তথাহি যাজনস্য বিদ্যাধনত্বং বিদ্যয়ৈবার্ত্বিজ্যকরণাৎ এবমধ্যাপনপ্রতিগ্রহয়োরপীতি ত্রয়াণামেব বিদ্যাধনত্বেন পরস্পরং ভেদাভাবইতি শ্রীকরাশয়ঃ। ব্যক্তীনামিতি। তথাচ যাজনাদীনাং বিদ্যাধনত্বাবিশেষেঽপি যাজনত্বাদিনা পরস্পরং ভেদসত্ত্বাৎ ন সঙ্কীর্ণত্বমিতি ভাবঃ। গোত্বেতি।

---

শব্দটি জ্ঞানবাচি, বিদ ধাতু হইতেই নিষ্পন্ন হইয়া সকল প্রকার জ্ঞানই বুঝায় তাহাতে শিল্প দ্যূতাদি লব্ধ ধনও বিদ্যাধন পদ বাচ্য ॥ ৯৪ ॥

আর প্রতিগ্রহলব্ধধনকে বিদ্যাধন বলিলে যাজন অধ্যাপন ও প্রতিগ্রহ এই তিনের সঙ্কীর্ণত্ব অর্থাৎ অভেদ দোষ ঘটিয়া উঠে, এই কথা যে শ্রীকরাচার্য্য কহেন তাহা অতিমন্দ, যেহেতু বিবেচনা করিয়া দেখিলে ঘটত্ব ও কলসত্ব এই জাতিদ্বয়ের যেমন সাঙ্কর্য্য দোষ হয় এস্থলে সেরূপ হইতেছে না, দেখ বিদ্যাধনত্ব এই ধর্ম্মটি যাজন অধ্যাপন ও প্রতিগ্রহাদি নানা ব্যক্তিতে থাকিলেও যাজন অধ্যাপন ও প্রতিগ্রহের পরস্পর ভেদ থাকাতে যাজনত্ব অধ্যাপনত্ব ও প্রতিগ্রহত্ব এই তিন জাতির সঙ্কীর্ণত্ব দোষ হইল না। কেননা

সমবায়েঽপি নীলকপিলকাপোতিকাদিব্যক্তীনামসঙ্কীর্ণত্বস্যা-বিবাদাৎ অতএব শিষ্যাদার্ত্বিজ্যতঃ প্রাপ্তয়োর্ব্বিদ্যাধনত্বং স্মরন্ মুনির্যাজনাধ্যাপনয়োঃ সঙ্করাৎ কথং ন বিভেতি। অতঃ পক্ষগ্রহণমাত্রেণ তদভিধানমিতি হেয়ং॥ ৯৫॥

শৌর্য্যাদিধনমাহ কাত্যায়নঃ। আরুহ্য সংশয়ং যত্র

যথা নীলকপিলাদিগোব্যক্তীনাং গোত্বাবিশেষেঽপি পরস্পরমসঙ্কীর্ণত্বং বিশেষ-রূপেণ ভেদসত্ত্বাৎ তদ্বদিত্যর্থঃ। অতএব সামান্যরূপাবচ্ছিন্নানামপি বিশেষরূপেণ ভেদসত্ত্বাদেব। কথমিতি। কেনাপি প্রকারেণ ন বিভেতীত্যর্থঃ। পক্ষগ্রহ-ণেতি। পূর্ব্বপক্ষগ্রহণমাত্রেণেত্যর্থঃ। তদভিধানং সঙ্কীর্ণত্বাভিধানং। হেয়মিতি। যতঃ পূর্ব্বপক্ষবচনং ন তু সিদ্ধান্তবচনং তৎ অতোহেয়মিত্যর্থঃ। যদ্বা পক্ষগ্রহণ-মাত্রেণ যাজনাদিনা অর্জ্জকস্য পক্ষগ্রহণমাত্রেণ আপত্তিমুখেন যাজনাদিধনে বিদ্যাধনত্বনিরাসেন তত্র সমাধিকবিদ্যয়োর্ভাগনিরাসাৎ তৎপক্ষগ্রহণস্য স্ফুটত্বাৎ তদভিধানং পক্ষাশ্রিতং তদভিধানং অতোহেয়মিত্যর্থঃ॥ ৯৫॥

সংশয়মারুহ্য উৎকটসম্ভাবনাবিষয়করণমপ্যঙ্গীকৃত্য তত্র লব্ধং তস্মিন্ প্রসাদে সতি লব্ধং। তৎ ধ্বজাহৃতমিতি। যদ্যপ্যেতস্যাপি শৌর্য্যধনত্বেনৈব অবিভাজ্যত্বস্য

গোত্ব সামান্যের বিশেষ না থাকিলেও নীল, কপিল ও কাপোতিকাদি নানা ব্যক্তির পরস্পর ভেদ হেতুক অসঙ্কীর্ণত্বে কাহারো বিবাদ নাই। অতএব ছাত্র ও যজমান হইতে প্রাপ্ত ধনদ্বয়ের বিদ্যাধনত্ব স্মরণ করিয়া কাত্যায়ন মুনি যাজন ও অধ্যাপনের পরস্পর ভেদ থাকাতে সাঙ্কর্য্য দোষের কিছুমাত্র ভয় করেন নাই। অতএব শ্রীকরাচার্য্য সিদ্ধান্তপক্ষ অবলম্বন না করিয়া কেবল পূর্ব্বপক্ষ আশ্রয় পূর্ব্বক সঙ্কীর্ণত্ব দোষারোপের কথা যে কহিয়াছেন তাহা অগ্রাহ্য॥ ৯৫॥

শৌর্য্যাদিধন যথা কাত্যায়ন, প্রাণসংশয়ের সম্ভাবনায় প্রবৃত্ত হইয়া কর্ম্ম করিলে স্বামির প্রসাদতঃ লব্ধ যে ধন তাহার নাম শৌর্য্যলব্ধ। আর যে ধন

প্রসভং কর্ম্ম কুর্ব্বতে। তস্মিন্ কর্ম্মণি তুষ্টেন প্রসাদঃ স্বামিনা কৃতঃ। তত্র লব্ধন্তু যৎ কিঞ্চিদ্ধনং শৌর্য্যেণ তদ্ভবেৎ। ধ্বজাহৃতং ভবেদ্যত্তু বিভাজ্যং নৈব তৎ স্মৃতং। সংগ্রামাদাহৃতং যত্তু বিজিত্য দ্বিষতাং বলং। স্বাম্যর্থং জীবিতং ত্যক্ত্বা তদ্ধ্বজাহৃতমুচ্যতে। বৈবাহিকস্তু তদ্বিদ্যাস্তার্য্যয়া যৎ সহাগতং। ভার্য্যাপ্রাপ্তিকালে লব্ধমিত্যর্থঃ। তথাহপরমপ্যবিভাজ্যমাহতুর্ম্মনুবিষ্ণূ। বস্ত্রং পত্রমলঙ্কারং কৃতান্নমুদকং স্ত্রিয়ঃ। যোগক্ষেমপ্রচারঞ্চ ন বিভাজ্যং প্রচক্ষতে। বস্ত্রমঙ্গ-

সিদ্ধেঃ পৃথগভিধানং ব্যর্থং তথাপি ধ্বজাহৃতপরিভাষাব্যুৎপাদনার্থমেব তদ্বচনাবস্ত ইতি বোধ্যং। ভার্য্যাপ্রাপ্তিকালইতি। উপলক্ষণমেতৎ জামাতৃত্বপুরস্কারেণ ত্বন্যদাপি লব্ধং বোধ্যং। অঙ্গযোজিতমিতি। তেন বিক্রীয় বস্ত্রাভরণং ঋণমুদ্গ্রাহ্যমপীতি বৃহস্পতিবচনমেতদ্ব্যতিরিক্তবস্ত্রপরং বহুমূল্যবস্ত্রপরমিত্যন্যে। প্রচারোপযুক্তং ব্যবহারোপযুক্তং তেন যাবদ্ভির্যস্য নির্ব্বাহঃ তেন তাবন্ত্যেব গ্রাহ্যাণি ন তু তত্র সমাংশনিয়ম ইতি ভাবঃ। একাং স্ত্রীং কারয়েৎ কর্ম্ম যথাংশেন গৃহে গৃহে ইতি বৃহস্পতিনা দাসীবিভাগোক্তেরাহ দাসীব্যতিরিক্তাইতি। শয্যেতি। তথাচ সর্ব্বেষামেব ব্যবহারিকবস্তুষু প্রত্যেকনিয়ততুল্যমূল্যেষু বস্ত্রালঙ্কারাদিষু চ

ধ্বজাহৃত হয় তাহা অন্যের অবিভাজ্য। প্রভুকার্য্যে জীবন পণ করিয়া শত্রু সৈন্য জয়পূর্ব্বক যুদ্ধ হইতে যাহা আহরণ করে তাহা ধ্বজাহৃত নামক শৌর্য্যধন হয়।

বিবাহ সময়েই হউক বা অন্য সময়ে জামাতৃত্ব সম্বন্ধে যাহা প্রাপ্ত হয় তাহার নাম বৈবাহিক ধন। তথা মনু ও বিষ্ণু অন্য প্রকার অবিভাজ্য ধন কহিতেছেন যথা অঙ্গযোজিত বস্ত্র ব্যবহার যোগ্য অশ্বাদি বাহন ও অঙ্গুরীয়কাদি অলঙ্কার, লড্ডুকাদি, ব্যবহার যোগ্য জল, দাসী ব্যতিরিক্ত স্ত্রী ও যোগ ক্ষেম প্রচার অর্থাৎ শয্যা আসন ভোজন ও আচমনাদির যোগ্য পাত্র প্রভৃতি

যোজিতং পংক্তিপরিচ্ছদার্থঞ্চ। পত্রং বাহনং অশ্বাদি। অলঙ্কারং অঙ্গুলীয়কাদি। কৃতান্নং লড্ডুকাদি। উদকং কূপবাপীগতং প্রচারোপযুক্তং। স্ত্রিয়ো দাসীব্যতিরিক্তাঃ। যোগক্ষেমপ্রচারং শয্যাসনভোজনাচমনাদ্যুপযুক্তভাজনাদীনি তথা ব্যাসঃ। অবিভাজ্যং সগোত্রাণামাসহস্রকুলাদপি। যাজ্যং ক্ষেত্রঞ্চ পত্রঞ্চ কৃতান্নমুদকং স্ত্রিয়ঃ। যাজ্যং যাগস্থানং দেবতা বা ন তু যাজনলব্ধং ধনং তস্য বিদ্যাধনত্বেনৈব গতার্থত্বাৎ। তথা কাত্যায়নঃ। গোপ্রচারশ্চ রথ্যা চ বস্ত্রং যচ্চাঙ্গযোজিতং। প্রাযোজ্যং ন বিভাজ্যন্তু শিল্পার্থং তু বৃহস্পতিঃ। প্রাযোজ্যং

---

সৎস্থ যদ্যস্য তত্তস্যৈব ন তেষাং বিভাগ ইতিতাৎপর্য্যার্থঃ। ন তস্মূর্খৈরিতি। এতচ্চ পুস্তকতুল্যমূল্যদ্রব্যান্তরসত্ত্বে পুস্তকং পণ্ডিতৈরেব মূর্খৈস্তু দ্রব্যান্তরমেব গ্রাহ্যমিত্যেতৎপরং অন্যথা ক্রমাগতস্য পুস্তকমাত্রধনস্য সত্ত্বে তত্র মূর্খাণামনধিকারে

---

অবিভাজ্য কহেন অর্থাৎ যাহাতে যাহার নির্ব্বাহ হয় সে তাহাই গ্রহণ করিবে তাহাতে সমান অংশের নিয়ম নাই। তথা ব্যাস, যাগস্থান কিংবা দেববিগ্রহ ও সাধারণের ব্যবহারযোগ্য ক্ষেত্র ও বাহন, প্রস্তুত খাদ্য দ্রব্য, জল ও স্ত্রী এই সকল সহস্র পুরুষপর্য্যন্ত জ্ঞাতিবর্গের অবিভাজ্য হয়। এই বচনে যাজ্য শব্দে যাগস্থান ও দেবতা বুঝায় যাজনলব্ধধন বুঝাইবে না তাহা বিদ্যাধন বলিয়া পূর্ব্বে বর্ণিত হইয়াছে। তথা কাত্যায়নবচন গোচারণস্থান, রাস্তা, অঙ্গযোজিত বস্ত্র, প্রাযোজ্য ও শিল্পোপযোগি দ্রব্যকে বৃহস্পতি অবিভাজ্য বলেন। প্রাযোজ্য শব্দের অর্থ যে যাহার প্রয়োজনীয় অর্থাৎ পণ্ডিত প্রভৃতির পুস্তকাদি, তাহা মূর্খের বিভজনীয় নহে ইহাতে এই বিশেষ (যে পৈতৃক পুস্তকের তুল্য মূল্য দ্রব্যান্তর সত্ত্বে পুস্তক পণ্ডিতের গ্রাহ্য দ্রব্যান্তর মূর্খের গ্রাহ্য, কেবল পুস্তকমাত্র পৈতৃক ধন থাকিলে তাহাতে সকলের অধিকার হইবে নচেৎ মূর্খের বৃত্তিলোপ হয়)। শিল্পের উপযুক্ত দ্রব্য শিল্পকর্ম্মিরই হইবে,

যদ্‌যস্য প্রয়োজনার্হং যথা শ্রুতাদৌ পুস্তকাদি তৎ মূর্খৈর্ন বিভজনীয়ং শিল্পোপযুক্তঞ্চ শিল্পিনামেব নাতদ্বিদাং। তথা শঙ্খলিখিতৌ। ন বাস্তুবিভাগো নোদকপাত্রালঙ্কারানুপযুক্ত-স্ত্রীবাসসামপাং প্রচাররথ্যানাং বিভাগশ্চেতি প্রজাপতিঃ॥ ৯৬॥

পিতরি জীবতি যস্মিন্ বাস্তৌ যেন গৃহোদ্যানাদিকং কৃতং তত্তস্যাবিভাজ্যং পিতুরপ্রতিষেধেনানুমতত্বাৎ! তথা পৈতা-মহমপি দ্রব্যং যচ্চিরং নষ্টং অক্ষমত্বাৎ অথবা প্রতীকারপরা-ঙ্মুখতয়া ইতরৈরপ্রতিকৃতং পিত্রা স্বধনব্যয়শরীরায়াসাভ্যাং প্রতিকৃতং তৎপিতুরেব ন সাধারণং। যথা মনুঃ। পৈতৃকং

তেষাং বৃত্তিলোপাপত্তেরিতি বোধ্যং। অনুপযুক্তস্ত্রীবাসসামিতি। অনুপযুক্তং মূর্খাণাং পুস্তকাদি। স্ত্রীবাসসী প্রাগুক্তে॥ ৯৬॥

ন বাস্তুবিভাগইতি ব্যাচষ্টে পিতরি জীবতীতি। পুত্রৈরনবাপ্তমিতি। পাঠা-বনাকরাবিতি। অনবাপ্যেতিপাঠে অন্যেষু নিরস্তেষু ইত্যধ্যাহারস্ত অনবাপ্যমিতি-পাঠে তু অন্যৈরশক্যোদ্ধারমিত্যর্থে লক্ষণায়াঃ প্রসঙ্গাদিতি ভাবঃ। তদভাবে তু

শিল্পানভিজ্ঞের হইবে না। তথা শঙ্খ ও লিখিত মুনির বচন, বাস্তুর বিভাগ হয় না জলপাত্র, অলঙ্কার ও যাহাব যাহা উপযুক্ত নহে ও স্ত্রী এবং অঙ্গযোজিত বস্ত্র জলপ্রণালী আর রাস্তা এই সকলের বিভাগ হয় না ইহা প্রজাপতি বলেন॥ ৯৬॥

আর পিতার জীবদ্দশায় যে বস্তুতে যে গৃহ কিংবা উদ্যানাদি নির্ম্মাণ করে সে তাহারই নিজস্ব অন্যের অবিভাজ্য। কারণ পিতা যখন নিষেধ করেন নাই তখন তাহা পিতার অনুমতি ক্রমেই হইয়াছে বলিতে হইবে। আর পৈতামহ দ্রব্য যাহা বহুকাল বিলুপ্ত হইয়াছিল অন্যে অক্ষমতাতেই হউক বা আলস্যেতেই হউক উদ্ধার করে নাই তাহা যদি পিতা স্বধন ও স্বকীয় শরীরা-য়াসদ্বারা উদ্ধার করেন তাহা পিতারই নিজস্ব সাধারণ হইবে না। যথা মনু-

তু পিতা দ্রব্যমনবাপ্তং যদাপ্নুয়াৎ। ন তৎ পুত্রৈর্ভজেৎ সার্দ্ধমকামঃ স্বয়মর্জ্জিতং। পৈতৃকং দ্রব্যং পুত্রৈরনবাপ্তমপ্রতিকৃতং। অনবাপ্যমিতিঅনবাপ্যেতিপাঠাবনাকরৌ। আহ বৃহস্পতিঃ। পৈতামহং হৃতং পিত্রা স্বশক্ত্যা যদুপার্জ্জিতং। বিদ্যাশৌর্য্যাদিনা প্রাপ্তং তত্র স্বাম্যং পিতুঃ স্মৃতং। প্রদানং স্বেচ্ছয়া কুর্য্যাদ্ভোগঞ্চৈব ততোধনাৎ। তদভাবে তু তনয়াঃ সমাংশাঃ পরিকীর্ত্তিতাঃ। স্বশক্ত্যেত্যসাধারণধনশরীরব্যাপারংদর্শয়তি।

তনয়াইতি। অত্র সমানাংশাভিধানং বিংশোদ্ধারং নিরস্যতি অনন্যথাসিদ্ধের্ব্বচনাদিতিভাবঃ। অধিকইতি। তথাচ উদ্ধর্ত্রে উদ্ধৃতভূমেশ্চতুর্থাংশমধিকং দত্ত্বা তেন সহ সর্ব্বে সমং বিভজেরন্নিতিবচনার্থঃ। ন তু অন্য ইতিশ্রবণাৎ তস্মৈ তুরীয়াংশ-

বচন, পৈতামহ দ্রব্য যাহা পুত্রেরা উদ্ধার করিতে পারে নাই এমত বস্তু পিতা যদি উদ্ধার করেন তাহা হইলে উহা স্বোপার্জ্জিত বলিয়া পুত্রগণের সহিত ভাগ করিবেন না। এই বচনে অনবাপ্তং এই পাঠটিই বিশুদ্ধ। অনবাপ্যং অথবা অনবাপ্য এই দুই পাঠ আকর বিরুদ্ধ। বৃহস্পতিবচন, অন্যকর্ত্তৃক হৃত পৈতামহ দ্রব্য বিদ্যা শৌর্য্যাদি নিজশক্তি দ্বারা পিতা যাহা উদ্ধার করেন তাহাতে পিতার স্বামিত্ব, পিতা তাহা স্বেচ্ছাতঃ দান এবং ভোগ করিবেন, তাঁহার পরলোকানন্তর ঐ ধনে পুত্রেরা সমানাংশি হইবে বিংশোদ্ধারাদি হইবে না। এই বচনে নিজশক্তিদ্বারা এই বলায় অসাধারণ ধন শরীরায়াস দর্শিত হইল।

উক্ত দুই বচনেই পিতৃপদ উপলক্ষণমাত্র, স্বয়মর্জ্জিতং এই হেতুর কথনাধীন অন্য কর্ত্তৃক উদ্ধৃত হইলেও পিতৃকৃত উদ্ধৃতধনের ন্যায় তাহারই প্রাপ্য। স্বোপার্জ্জিত অক্রমাগত দ্রব্যের ন্যায় ক্রমাগত অর্থাৎ পৈতৃক ভূমি ভিন্ন দ্রব্য উদ্ধৃত হইলে এইরূপ ব্যবস্থা বুঝিতে হইবে। ভূমি বিষয়ে শঙ্খমুনি বিশেষ কহিতেছেন যথা পূর্ব্বপুরুষের ভূমি অন্য কর্ত্তৃক হৃত হইলে পর একজনই যদি নিজপরিশ্রমদ্বারা উদ্ধার করে তাহা হইলে উদ্ধারককে চতুর্থাংশ দিয়া অন্যেরা স্ব

বচনদ্বয়েঽপি পিতৃপদমুপলক্ষণং স্বয়মর্জ্জিতমিতি হেতো-রভিধানাৎ এবঞ্চ স্বার্জ্জিতাক্রমাগতদ্রব্যবদেব ক্রমাগতে-ঽপ্যেবংরূপে ভূমিব্যতিরিক্তে ব্যবস্থা বোদ্ধব্যা। ভূমৌ তু বিশেষমাহ শঙ্খঃ। পূর্ব্বনষ্টান্তু যোভূমিমেকএবোদ্ধরেচ্ছ্রমাৎ। যথাভাগং ভজন্ত্যন্যে দত্ত্বা ভাগং তুরীয়কং। যদ্যপি অসা-ধারণধনশরীরব্যাপারমেবকারেণ দর্শয়তি তথাপি উদ্ধর্ত্তু-র্নাসাধারণ্যং কিন্তু প্রতিকৃতভূমেশ্চতুর্থাংশোঽধিকস্তস্মৈ দাতব্যঃ ভূমিপদসামর্থ্যাৎ তদবিবক্ষাকারণাভাবাৎ। ইতি বিভাজ্যাবিভাজ্যনিরূপণং॥ ৯৭॥

সংপ্রতি বিভাগানন্তরজাতস্য বিভাগঃ কথ্যতে। তত্র মনুনারদৌ। ঊর্দ্ধং বিভাগাজ্জাতস্তু পিত্র্যমেব হরেদ্ধনং।

---

মাত্রদানং তথাত্বে অনুদ্ধর্ত্তুরেকত্বে দ্বিত্বে বা উদ্ধর্ত্তুরেব স্বল্পপ্রাপ্ত্যা বিষমশিষ্টত্বা-পত্তেরিতি ভাবঃ। ভূমিপদেতি। ভূমেশ্চতুর্থাংশমিত্যুক্তার্থে প্রমাণমেতৎ॥ ৯৭॥

সংপ্রতীতি। পূর্ব্বজাতবিভাগানন্তরমিত্যর্থঃ। যথাশাস্ত্রমিত্যনেন শাস্ত্রান-ভিজ্ঞতয়া যদি পিতা স্বয়ং স্বল্পং গৃহীত্বা বিভক্তঃ তদা বিভক্তজস্ত ভ্রাতৃভ্যো ভাগ-

---

স্ব স্বত্বানুসারে ভাগ করিয়া লইবে। যদ্যপি এবকারদ্বারা অসাধারণ ধন শরীরা-য়াস দর্শাইতেছেন তথাপি ভূমি বিষয়ে বিশেষ ব্যবস্থা করাতে উদ্ধারকর্ত্তার সমগ্র ভূমি হইবে না। কিন্তু উদ্ধার করা ভূমির চতুর্থাংশ অধিক উদ্ধারকর্ত্তাকে দিতে হইবে (চতুর্থাংশ দিয়া অবশিষ্ট ভূমি উদ্ধারকর্ত্তার সঙ্গে সকলে সমান ভাগ করিয়া লইবে।) ইতি বিভাজ্য ও অবিভাজ্য নিরূপণ সম্পূর্ণ॥ ৯৭॥

সম্প্রতি বিভাগের পর জন্মাইলে তাহার ভাগ ব্যবস্থা কহি। তদ্বিষয়ে মনু ও নারদ বচন। বিভাগের পর যে পুত্র জন্মে সে পিতারই ধন পায়। আর যদি পূর্ব্বজাত ভ্রাতারা পিতার সহিত সংসৃষ্ট হয় তাহা হইলে তাহাদের সঙ্গে বিভক্তজ পুত্র ভাগ করিয়া লইবে। যদি পিতা পুত্রগণকে বিভাগ করিয়া দিয়া

সংসৃষ্টাস্তেন বা যে স্যুর্বিবভজেত স তৈঃ সহ। যদি পিতা পুত্রান্ বিভজ্য স্বয়ঞ্চ যথাশাস্ত্রং ভাগং গৃহীত্বা পুত্রৈরসংসৃষ্ট এব মৃতঃ তদা বিভাগানন্তরং জাতঃ পিতৃধনমেব গৃহ্নীয়াৎ। সএব তস্য ভাগঃ অথ কৈশ্চিৎ পুত্রৈঃ সহ সংসৃষ্টঃ পিতা মৃতঃ তদা সংসৃষ্টেভ্যো ভাগং গৃহ্নীয়াৎ। তথাচ গোতমঃ। বিভক্তজঃ পিত্র্যমেব। বিভাগানন্তরং যস্য গর্ভাধানং স বিভক্তজঃ বিভক্তেন জনিতঃ গর্ভধানাদৃতে জনকস্য জনন-

গ্রহণং ধ্বনিতং। অতইতি। যতোবিভাগানন্তরাহিতগর্ভজাতস্যৈব বিভক্তজত্বং অতইত্যর্থঃ। ভ্রাতৃভ্য ইতি। এতচ্চ যদা পিতা স্বগ্রাহ্যং গৃহীত্বা অবশিষ্টং পুত্রেভ্যো দত্বা বিভক্তএব তিষ্ঠতি তদা বোধ্যং পিতৃমরণে তু পিতৃভ্রাতৃভাগানেকত্রীকৃত্য যথাশাস্ত্রং সর্বৈর্বিভাজ্যমিতি। চূড়ামণিস্তু পিতরি জীবত্যপি পিতামহধনে তদ্গৃহীতদ্ব্যংশাদেরশাস্ত্রীয়তয়া সর্ব্বমিশ্রণেন পুনর্বিভাগইত্যাহ। অত্র জ্ঞাতগর্ভায়াস্তু যদি গর্ভস্থস্য ভাগঃ প্রাগেব রক্ষিতঃ তদা পিত্র্যং ভাগং বিভক্তজাভাবে সর্ব্বএব বিভজেয়ুঃ অথ পিত্রৈব চেদ্গর্ভস্থং নিশ্চিত্যাপি প্রভুতয়া পুত্রেভ্যোভাগো-

আপনি ও যথাশাস্ত্র ভাগ গ্রহণ করিয়া পুত্রদের সঙ্গে পুনর্ব্বার সংসৃষ্ট না হইয়াই মরেন, তাহা হইলে বিভাগের পর জাত পুত্র পিতৃধনই গ্রহণ করিবে সেই তাহার ভাগ। আর যদি কতিপয় পুত্রের সহিত সংসৃষ্ট হইয়া পিতা মরেন তবে, সংসৃষ্ট ভ্রাতৃগণের নিকট হইতে ভাগ করিয়া লইবে। তথাহি গোতম, বিভক্তজ পুত্র পিতারই ভাগ পায়। বিভাগের পর যাহার গর্ভাধান হয় তাহার নাম বিভক্তজ অর্থাৎ বিভক্ত পিতৃকর্ত্তৃক জনিত। কারণ গর্ভাধান ভিন্ন জনকে আর অন্য জনন ব্যাপার নাই, এতাবতা স্ত্রী অজ্ঞাতগর্ভা থাকিতে যদি পুত্রদিগকে পিতা ভাগ করিয়া দেন তবে ঐ পুত্র ভ্রাতৃগণের নিকট হইতে আপনার ভাগ লইবে পিতৃগৃহীত ভাগ লইবেন না। (আর যদি পিতা স্ত্রীর গর্ভ জানিয়া পূর্ব্বেই গর্ভস্থের ভাগ রাখিয়া দেন তবে পিতার ভাগটি বিভক্তজ পুত্র না থাকিলে

ব্যাপারাভাবাৎ অতোযদ্যজ্ঞাতগর্ভায়ামেব স্ত্রিয়াং বিভক্তাঃ পুত্রাঃ তদনন্তরং জাতোভ্রাতৃভ্যএব গৃহ্ণীয়াৎ ন কেবলমেকএব কিন্তু বহবোঽপি বিভক্তজাতাঃ পিত্র্যমেব ধনং গৃহ্ণীয়ুঃ। যদাহ বৃহস্পতিঃ। পিত্রা সহ বিভক্তা যে সাপত্না বা সহোদরাঃ। জঘন্যজাশ্চ যে তেষাং পিতৃভাগহরাস্তু তে। অনীশঃ পূর্ব্বজঃ পিত্র্যে ভ্রাতৃভাগে বিভক্তজঃ॥ ৯৮॥

বিভাগাৎ পূর্ব্বং জাতঃ পিত্রে ধনেঽনধিকারী বিভক্তজশ্চ

---

দত্তঃ তদা তেষামেব তত্র স্বাম্যাৎ ন তত্র গর্ভস্থস্যাধিকারঃ কিন্তু পিত্রাএবেতি বিভক্তজসত্বে তু তেন সহ তুল্যাংশিতেতি বোধ্যং। পিত্রা সহেতি। জঘন্যজা বিভাগানন্তরং পিত্রোৎপাদিতাঃ তে পিতৃভাগহরা ন তু বিভাগাৎ পূর্ব্বং জাতাঃ। তত্র হেতুমাহ অনীশইতি। স্বামিনামেব বিভাগার্হত্বাদিতিভাবঃ। পূর্ব্বোক্তবিবরণমেতদিতি কেচিৎ॥ ৯৮॥

তথেতি। বৃহস্পতিরেবেত্যর্থঃ। স্বয়মর্জ্জিতমিত্যনেন পুত্রান্তরেণ বিভক্তসংসৃষ্টেনাপি পিত্রা অম্লাধারণধনব্যয়শরীরায়াসাভ্যাং যদুপার্জ্জিতং তদপি বিভক্তজ-

---

সর্ব্বসাধারণে ভাগ করিয়া লইবে। আর যদি গর্ভস্থ নিশ্চয় জানিয়াও পিতা প্রভুত্বাধীন পুত্রদিগকে ভাগ করিয়া দেন তবে তাহাতে বিভক্ত পুত্রগণেরই স্বামিত্ব প্রযুক্ত গর্ভস্থ পুত্রের অধিকার হইবে না, কিন্তু পিতৃগৃহীতধনেই তাহার অধিকার। আর যদি বিভক্তজ পুত্র আবার থাকে তবে তাহার সঙ্গে তাহার তুল্যাংশিতা হইবে এইটি টীকার ভাবার্থ বুঝিবে।) কেবল একটি বিভক্তজ পুত্র পিতৃ ভাগ পাইবে এমত নহে, বিভাগের পর বহু পুত্র জন্মিলেও তাহারা সকলে পিতৃধনমাত্রই পাইবে। যথা বৃহস্পতিবচন, পিতার সহিত যাহারা বিভক্ত হইয়াছে তাহারা সহোদর হউক বা বৈমাত্রেয় হউক তাহাদের পর জাত বিভক্তজ ভ্রাতারা পিতৃভাগ ভাগিই হয়। যেহেতু বিভাগের পূর্ব্বজাত পুত্র পিতৃভাগে অপ্রভু ও বিভক্তজ পুত্র বিভক্ত ভ্রাতৃভাগে প্রভুত্ব রহিত হয়॥ ৯৮॥

বিভাগের পূর্ব্বজাত পুত্র বিভক্ত পিতৃধনে অনধিকারী ও বিভাগের পর

ভ্রাতৃধনে। তথা। পুত্রৈঃ সহ বিভক্তেন পিত্রা যৎ স্বয়মর্জ্জিতং। বিভক্তজস্য তৎ সর্ব্বমনীশাঃ পূর্ব্বজাঃ স্মৃতাঃ। যথা ধনে তথর্ণেঽপি দানাধানক্রয়েষু চ। সর্ব্বশব্দাৎ বহুতরমপি ধনং পিত্রার্জ্জিতং বিভক্তজস্যৈব। পরস্পরমনীশাস্তে মুক্ত্বাশৌচোদকক্রিয়াঃ। অশৌচোদকক্রিয়ামাত্রপ্রদর্শনেন সুদূরমেব ধনাধিকারং নিরস্যতি। ইদঞ্চ পিত্রুপাত্তধনমাত্রবিষয়ং। যদি তু পৈতামহধনমপি ভূম্যাদিকং বিভক্তং তদা তদ্ধনবি-

স্যৈব ন সংসৃষ্টিনামিত্যুক্তং। যথাধনইতি। বিভাগানন্তরলব্ধধনগ্রহণবৎ বিভক্তপিতৃণপবিশোধনমপি বিভক্তজেনৈব কার্য্যং এবমেতাদৃশেন পিত্রা যদ্দাতুং প্রতিশ্রুতং যচ্চাহিতং বন্ধকবিধয়া দত্তং বা ক্রীত্বা মূল্যং ন দত্তং বা তৎসর্ব্বং তস্যৈব সমাধেয়মিত্যর্থঃ। নিবস্তুতি বৃহস্পতিরেব। ভূম্যাদিকমিত্যনেন নিবন্ধদ্বিপদয়োর্গ্রহণং মণিমুক্তাদেঃ স্বার্জ্জিততুল্যত্বাৎ। নিবৃত্তেরজসীতি। তথাচ তদ্বিভাগস্য অশাস্ত্রীয়ত্বাৎ নিবর্ত্তনীয়ত্বমিতিভাবঃ। দৃশ্যাদ্বেতি। বাশব্দোঽবধারণার্থঃ তেন

জাত পুত্র বিভক্ত ভ্রাতৃধনে অনধিকারী। তথা বৃহস্পতিবচনান্তর যথা পুত্রদের সহিত বিভক্ত পিতা যাহা স্বয়ং অর্জ্জন করেন সে সকল বিভক্তজ পুত্রেরই হয়, পূর্ব্বজাত পুত্রেরা তাহাতে অনধিকারী। আর ধন বিষয়ে যেরূপ ব্যবস্থা ঋণ দান, বন্ধক, ও ক্রয় বিষয়েও সেইরূপ জানিবে। এই বচনে (স্বয়মর্জ্জিতং এই পদ থাকায় পিতা বিভাগানন্তর সংসৃষ্টী হইয়াও অসাধারণ ধন ব্যয় শরীরায়াসদ্বারা যাহা উপার্জ্জন করেন তাহাও কেবল বিভক্তজের প্রাপ্য, সংসৃষ্টি ভ্রাতারা পাইবে না ইহা উক্ত হইল।) বিভাগানন্তর লব্ধধন গ্রহণের ন্যায় বিভক্ত পিতার ঋণ পরিশোধও বিভক্তজ পুত্রেরই কর্ত্তব্য। আর ঐ পিতা যাহা দান করিতে স্বীকার পাইয়াছেন কিংবা বন্ধক দিয়াছেন অথবা কোন বস্তু ক্রয় করিয়া মূল্য দেন নাই, সে সমস্ত বিভক্তজ পুত্রেরই নির্ব্বাহ হইবে। উক্ত বচনে সর্ব্বশব্দ প্রয়োগ করায় পিতা যদি বহুতর ধনও উপার্জ্জন করিয়া থাকেন তৎসমস্তই বিভক্তজের প্রাপ্য। অশৌচ এবং উদক ক্রিয়া

ভাগং ভ্রাতৃভ্যএব গৃহ্নীয়াৎ মাতুর্নিবৃত্তে রজসি তদ্বিভাগবিধানাৎ। তদাহ বিষ্ণুঃ। পিতৃবিভক্তা বিভক্তানন্তরোৎপন্নস্য বিভাগং দদ্যুরিতি। তথা যাজ্ঞবল্ক্যঃ। বিভক্তেষু সুতো-জাতঃ সবর্ণায়াং বিভাগভাক্। দৃশ্যাদ্বা তদ্বিভাগঃ স্যাদায়ব্যয়বিশোধিতাৎ। পিত্র্যমেব হরেদ্ধনমিতি বিরোধাৎ উক্তযুক্তেশ্চ ক্রমাগতধনবিষয়মিদং॥ ৯৯॥

ভুক্তব্যবচ্ছেদঃ। উক্তযুক্তেরিতি। মাতুর্নিবৃত্তে রজসীত্যুক্তযুক্তেরিত্যর্থঃ। তথাচ জাতেঽজাতে বা গর্ভে মাতৃরজোনিবৃত্তিং বিনা বা কৃতপিতামহধনবিভাগস্যাশাস্ত্রীয়তয়া নিবর্ত্তনীয়ত্বেন তদ্ধনবিভাগবিষয়ত্বমেব অনন্তরোক্তবচনয়োরিতি পূর্ব্বেষাং মন্বাদিবচনানাং পিতুঃ স্বার্জ্জিতবিষয়ত্বমেবেতি ন বৈপরীত্যাশঙ্কা কর্ত্তব্যেতিভাবঃ॥ ৯৯॥

ভিন্ন অন্য কর্ম্মে উক্ত ভ্রাতৃগণের পরস্পরের প্রভুত্ব নাই ইহাতে অশৌচ ও উদকক্রিয়ামাত্রের প্রদর্শন করিয়া ধনাধিকার বিষয়ে পরস্পরের প্রভুত্ব সুদূর পরাহত করিলেন। ইহা পিতার স্বোপার্জিতধন মাত্র স্থলে বুঝিবে। পরন্তু পিতামহাগত ভূমি নিবন্ধ ও দ্বিপদ এই সকল বস্তু যদি পিতা ভাগ করিয়া দিয়া থাকেন, তবে তাহার ভাগ বিভক্ত ভ্রাতৃগণের নিকট বিভক্তজ ভ্রাতা লইবে। কারণ মাতার রজোনিবৃত্তি না হইতেই উক্ত পিতামহধনত্রয়ের বিভাগ অশাস্ত্রীয়ত্ব প্রযুক্ত অসিদ্ধ। কিন্তু পৈতামহমণিমুক্তাদির বিভাগ স্বার্জ্জিত তুল্য বলিয়া সিদ্ধ হইবে। পৈতামহ ভূম্যাদি ত্রয়ের বিভাগস্থলে বিষ্ণুবচন যথা, পিতৃ কর্ত্তৃক বিভক্ত পুত্রেরা বিভাগানন্তর উৎপন্ন ভ্রাতাকে বিভাগ দিবে। তথা যাজ্ঞবল্ক্যবচন যথা বিভক্ত হইলে পর যদি সবর্ণা পত্নীতে পুত্র জন্মে তবে সেই বিভক্তজ পুত্র ব্যয়াবশিষ্ট দৃশ্য ভূমি নিবন্ধ ও দ্বিপদ ধনের ভাগ বিভক্ত ভ্রাতৃগণের নিকট লইবে। এই দুইটি বচন পিতামহধন বিষয়েই খাটিবে অন্যথা বিভক্তজ পুত্র পিতার ভাগই পায় এই বচনের সঙ্গে বিরোধ হয় এবং মাতার রজোনিবৃত্তি যুক্তিরও সার্থক্য থাকে না॥ ৯৯॥

অথ বিভাগানন্তরাগতবিভাগঃ। তত্র বৃহস্পতিঃ। কৃতে-ঽকৃতে বিভাগে বা রিক্থী যত্র প্রদৃশ্যতে। সামান্যঞ্চেদ্ভবে-দ্যত্তু তত্র ভাগহরস্তু সঃ। ঋণং ক্ষেত্রং গৃহং লেখ্যং যস্য পৈতামহং ভবেৎ। চিরকালপ্রোষিতোঽপি ভাগভাগাগতস্তু সঃ। গোত্রসাধারণং ত্যক্ত্বা যোঽন্যদেশং সমাশ্রিতঃ। তদ্বংশস্যাগতস্যাংশঃ প্রদাতব্যো ন সংশয়ঃ। তৃতীয়ঃ পঞ্চম-শ্চৈব সপ্তমোবাপি যোভবেৎ। জন্মনামপরিজ্ঞানে লভেতাংশং

অথেতি। যদ্যপি বিভাগানন্তরাগতস্যাধিকারিতয়া বিভাগঃ সিদ্ধএব তথাপি তদ্বংশপরম্পরাজাতস্য সপ্তমপুরুষপর্য্যন্তস্য বিভাগজ্ঞাপনার্থং পৃথগ্বচনারম্ভঃ স্বদেশা-বস্থানে চতুর্থপুরুষপর্য্যন্তস্যৈব বিভাগার্হত্বাদিতি বোধ্যং। কৃতে দেশান্তরস্থিতং বিহায় বিভাগে কৃতে। সামান্যং সাধারণং বিভাগার্হমিতি যাবৎ। লেখ্যং শাসনারূঢ়ং যদৃণং পৈতামহং পূর্ব্বপুরুষসম্বন্ধি। তেন পূর্ব্বপুরুষবিত্তস্যেব তৎ-কৃতস্যাপি ঋণস্যাংশিতা। গৃহাদিকং সাধারণদ্রব্যমাত্রোপলক্ষণং। সপ্তমোবেতি। বা শব্দঃ সপ্তমান্তর্গতানুক্তসমুচ্চায়কঃ তেন সপ্তমপর্য্যন্তানামেব দেশান্তরাদাগতানাং ভাগিতা ন ত্বষ্টমাদেরিতি। অতএবাসপ্তমাদৃক্থবিচ্ছিত্তির্ভবতীতিবচনমপ্যেত-দ্বিষয়মিতি। কেচিত্তু বাকারোঽনাস্থায়াং তেন বীজিস্বামিমরণাদিদশায়াং যদি

অতঃপর বিভাগানন্তর স্বদেশাগত ব্যক্তির বিভাগবিধি কহিতেছেন যথা বৃহস্পতি, বিভাগ করা হউক বা না হউক যে স্থলে সাধারণ ধনের ভাগী দৃষ্ট হয় সে সেই ধনের ভাগ যাহার পূর্ব্বপুরুষের ঋণ, ক্ষেত্র ও গৃহাদিধন লেখ্যারূঢ় থাকে, চিরকাল প্রবাসী থাকিলেও সে আগত হইয়া সেই ঋণ ও ধনের ভাগী হইবে। জ্ঞাতি সাধারণ ধন পরিত্যাগ করিয়া যে অন্য দেশে গমন করে তাহার বংশের কেহ আগত হইলে পর তাহাকে ঐ ধনের অংশ দিতে হইবে ইহাতে সন্দেহ নাই। তৃতীয়ই হউক বা পঞ্চমই হউক অথবা সপ্তমপুরুষই হউক জন্ম ও নাম পরিজ্ঞান হইলে সে পূর্ব্বপুরুষের ধনের অংশ পাইবে। বংশপরম্পরায়-

ক্রমাগতং। যং পরম্পরয়া মৌলাঃ সামন্তাঃ স্বামিনং বিদুঃ। তদন্বয়স্যাগতস্য দাতব্যা গোত্রজৈর্ম্মহী। তদনেন চিরপ্রোষিত-বংশ্যেন সমন্তাদ্বাসিভির্ম্মৌলৈরাত্মজ্ঞাপনপূর্ব্বকঃ ভাগগ্রহণং কার্য্যং। ইতি বিভাগানন্তরাগতবিভাগঃ॥ ১০০॥

সম্প্রত্যেকপিতৃকাণাং সবর্ণানুলোমপরিণীতস্ত্রীজাতানাং পুত্রাণাং বিভাগঃ কথ্যতে। অস্তি চ সবর্ণানুলোমস্ত্রীপরিণয়নং। তথাচ মনুঃ। সবর্ণাগ্রে দ্বিজাতীনাং প্রশস্তা দারকর্ম্মণি।

তৎপ্রপৌত্রপর্য্যন্তোহস্য পূর্ব্বজস্তিষ্ঠেৎ তদা তস্য স্বামিত্বেন তৎপরম্পরাজাতস্য সপ্তমাদূর্দ্ধস্যাপ্যধিকারঃ যথোত্তরং ধনস্য সংক্রান্তত্বাৎ যদি তু বীজিস্বামিমরণাদিতঃ প্রাগেব তৎপ্রপৌত্রপর্য্যন্তোহস্য পূর্ব্বজোধ্বস্তঃ তদা পঞ্চমস্য পিণ্ডবহির্ভাবেনান-ধিকারাৎ তৎপুত্রাদেরপি নাধিকারইত্যাহুঃ তদসৎ তথাসতি দেশস্থবিদেশস্থয়ো-র্ব্যবস্থায়াং বিশেষাভাবেন বচনবৈয়র্থ্যাপাতাৎ অতএব মূলীভূতশ্রুত্যন্তরকল্পনাপি প্রামাণিকীতি সুধীভির্ভাব্যং। মৌলা বংশপরম্পরাক্রমেণ তদ্দেশাবস্থায়িনঃ। সামন্তাঃ প্রতিবাসিনইত্যর্থঃ॥ ১০০॥

একপিতৃকাণামিতি। একপিতৃকাণাং বিভিন্নজাতিকামাতৃকাণাং পুত্রাণামি-ত্যর্থঃ। অনুলোমেতি। তেন প্রতিলোমপরিণয়নং সর্ব্বথৈব নেতিসূচিতং। ননু

ক্রমে তদ্দেশবাসিরা এবং প্রতিবাসিরা যাহাকে ধনস্বামী বলিয়া জানেন তাহার বংশজাত সন্তান আগত হইলে জ্ঞাতিরা তাহাকে ভূমিসম্পত্তির ভাগ দিবে। এই সকল বচন প্রমাণে চিরপ্রবাসির বংশজাত সন্তান মৌল অর্থাৎ বংশপরম্পরাক্রমে তদ্দেশবাসিগণ ও সামন্ত অর্থাৎ প্রতিবাসিগণ দ্বারা আপ-নার পরিচয় প্রদানপূর্ব্বক জ্ঞাতির নিকট ভাগগ্রহণ করিবে। সপ্তমপুরুষ পর্য্যন্ত দেশান্তর হইতে আগত হইলে ভাগ পাইবে, অষ্টমাদি পুরুষ পাইবে না এই ব্যবস্থা স্থির হইল। ইতি বিভাগানন্তরাগত বিভাগ সম্পূর্ণ॥ ১০০॥

সম্প্রতি একপিতৃজাত সবর্ণার অনুলোমে বিবাহিত ভিন্ন জাতীয় স্ত্রীজাত পুত্রগণের বিভাগ কহিতেছি। সবর্ণার পাণিগ্রহণের পর নিম্নজাতীয়া স্ত্রীর পাণি-

কামতস্তু প্রবৃত্তানামিমাঃ স্যুঃ ক্রমশোঽবরাঃ। শূদ্রৈব ভার্য্যা শূদ্রস্য সা চ স্বা চ বিশঃ স্মৃতে। তে চ স্বা চৈব রাজ্ঞঃ স্যুস্তাশ্চ স্বা চাগ্রজন্মনঃ। শূদ্রৈবেত্যেবকারঃ সর্ব্বত্র সম্বধ্যতে সা তে তা ইত্যনন্তরপূর্ব্বোক্তপরামর্ষাৎ প্রতিলোমপরিণয়নং সর্ব্বথৈব ন কার্য্যমিত্যর্থঃ কামতস্তু প্রবৃত্তানামিতি দোষাল্প-

---

প্রতিজ্ঞেয়ং বালপ্রলাপএব "এতৈরেব গুণৈর্যুক্তঃ সবর্ণঃ শ্রোত্রিয়োবরইতি যাজ্ঞবল্ক্যেন সবর্ণাবিবাহমাত্রস্য প্রতিপাদনাৎ অসবর্ণাবিবাহস্যাপ্রসক্তেবতআহ অস্তি চেতি। প্রশস্তা গার্হস্থ্যোচিতযজ্ঞাদিধর্ম্মোপযোগিনী সবর্ণায়াএব সহত্বেন ধর্ম্ম কর্ম্মাধিকারস্য ভর্ত্তুঃ শরীরশুশ্রূষাং ধর্ম্মকার্য্যঞ্চ নৈত্যিকং। স্বা স্বৈব কুর্য্যাৎ সর্ব্বেষাং নান্যজাতিঃ কথঞ্চনেতি মনুনা প্রতিপাদনাৎ। কামতঃ বিষয়গোচরা-তিরাগতঃ ন তু গৃহিধর্ম্মলিপ্সয়া তেনৈতাসাং বিবাহোভবত্যেব কিন্তু কেবলং রাগাধীনএব স ইতি প্রতিপন্নং। অতএব চতস্রোব্রাহ্মণস্য পরিণীতাঃ তিস্রো দ্বে চৈকা চেতরেষামিতি সঙ্খ্যয়াঽপ্যাহস্ম। অতএবাত্রাঽপি বৈদিককর্ম্মতয়া পূর্ব্বং

---

গ্রহণ আছে। যথা মনুবচন, দারপরিগ্রহ কার্য্যে ব্রাহ্মণাদির পক্ষে অগ্রে সবর্ণাই প্রশস্তা, কামতঃ প্রবৃত্ত হইলে নিকৃষ্ট কল্পে ক্রমশঃ এই কয়েকটিও বিবাহিতা হইতে পারে। শূদ্রজাতির কেবল শূদ্রা কন্যাই বিবাহ্যা, বৈশ্যের পক্ষে সজাতীয়া ও শূদ্রা এই দুই ভার্য্যা হয়, ক্ষত্রিয়ের ক্ষত্রিয়া বৈশ্যা ও শূদ্রা এই তিন ভার্য্যা এবং ব্রাহ্মণের সবর্ণা ক্ষত্রিয়া বৈশ্যা ও শূদ্রা এই চারি ভার্য্যা হইতে পারে। এই বচনে শূদ্রৈব এই এবকার সর্ব্বত্র অন্বয় পায়। আর সা তে তা এই তিন তদ্‌শব্দের পূর্ব্বোক্ত পরামর্শিত্ব প্রযুক্ত প্রতিলোম বিবাহ অর্থাৎ উৎকৃষ্ট জাতীয়ার পাণিগ্রহণ নিম্নজাতীয় পুরুষের পক্ষে সর্ব্বপ্রকারেই অকর্ত্তব্য হইবে। কামতঃ প্রবৃত্ত হইলে এই কথা বলায় দোষের অল্পতা খ্যাপিত হইতেছে, নচেৎ অনুলোমবিবাহে কিছুমাত্র দোষ নাই এমত নহে, যথা শঙ্খ ও লিখিত মুনিবচন, সকলেরই সজাতীয়া ভার্য্যা কর্ত্তব্যা তাহারাই শ্রেয়সী হয় এইটি প্রথম কল্প। আর ব্রাহ্মণের আনুপূর্ব্বে চারি, ক্ষত্রিয়ের তিন, বৈশ্যের

ত্বখ্যাপনার্থং ন তু দোষাভাবএব। তদাহতুঃ শঙ্খলিখিতৌ। ভার্য্যাঃ কার্য্যাঃ সজাতীয়াঃ শ্রেয়স্যঃ সর্ব্বেষাং স্যুরিতি পূর্ব্বঃ কল্পঃ ততোঽনুকল্পঃ চতস্রো ব্রাহ্মণস্যানুপূর্ব্বেণ তিস্রোরাজন্যস্য দ্বে বৈশ্যস্য একা শূদ্রস্য। জাত্যবচ্ছেদেন চতুরাদি-সঙ্খ্যা সম্বধ্যতে ॥ ১০১ ॥

এতাঃ পরিণীতাএব ভার্য্যা ভবন্তি। তথাহ পৈঠীনসিঃ। চতস্রো ব্রাহ্মণস্য পরিণীতাস্তিস্রো দ্বে চৈকা চৈতরেষাং। ইতরেষাং রাজন্যাদীনাং যথাক্রমং তিস্রো দ্বে চৈকা চেতি।

বৃদ্ধিশ্রাদ্ধাদি কর্ত্তব্যমেব গোভিলেন সংস্কারপ্রচয়মভিধায় সর্ব্বাণ্যেবান্বাহার্য্যবন্তী-ত্যুক্তেঃ। দোষসত্ত্বে হেতুমাহ তদাহতুরিতি। অত্রানুকল্পত্বকথনেন সবর্ণা-পরিণয়নসম্ভবে তথাচরণস্যাবৈধত্বেন তদভিগমে প্রত্যবায়ঃ প্রতিপাদিতইতি বোধ্যং। জাত্যবচ্ছেদেনেতি। জাত্যাইত্যর্থঃ। তেন ব্রাহ্মণস্য পঞ্চষট্‌ব্রাহ্মণী-বিবাহো ন বিরুদ্ধইতিভাবঃ ॥ ১০১ ॥

উতথ্যতনয়স্য গৌতমস্য। পক্ষত্রয়মিদং ব্রাহ্মণাদিত্রয়াণাং ব্যবস্থিতং বোধ্যং। নির্দ্দেয়ং ব্যুৎক্রমোঢ়াবিষয়িণীতিপ্রাচীনমতনিরাকরণায়াহ তদনেনেতি। কামতস্তু প্রবৃত্তানামিমাঃস্যুঃ ক্রমশোঽবরাঃ। শূদ্রৈব ভার্য্যা শূদ্রস্য সা চ স্বা চ বিশঃ স্মৃতে।

দুই, শূদ্রের একা ভার্য্যা হয়। এই রূপে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের বিজাতীয়া বিবাহ অনুকল্প বিধায় মুখ্য কল্প সবর্ণা বিবাহ সত্ত্বে অনুকল্প স্বীকার করিলে প্রত্যবায় হয় ইহা সূচিত হইল। তথাপি অনুকল্প বিবাহে বৈদিককর্ম্ম বলিয়া বৃদ্ধিশ্রাদ্ধাদি কর্ত্তব্য হইবে। চারি তিন দুই এই সংখ্যা জাতি ধরিয়া বুঝিতে হইবে, তাহাতে ব্রাহ্মণের পাঁচ ছয় ব্রাহ্মণী কন্যা বিবাহ করা বিরুদ্ধ হইবে না ॥ ১০১ ॥

ক্ষত্রিয়াদি কন্যারা বিবাহিতা হইলেই পত্নী হয় যথা পৈঠিনসি, ব্রাহ্মণের চারি বিবাহিতা ভার্য্যা হয় অন্যের অর্থাৎ ক্ষত্রিয়াদির যথাক্রমে তিন দুই

আনুলোম্যেঽপি দ্বিজাতেঃ শূদ্রায়াং বহুদোষমাহতুর্ম্মনুবিষ্ণূ। হীনজাতিস্ত্রিয়ং মোহাদুদ্বহন্তো দ্বিজাতয়ঃ। কুলান্যেব নয়ন্ত্যাশু সসন্তানানি শূদ্রতাং। শূদ্রাবেদী পতত্যত্রেরুতথ্য তনয়স্য চ। শৌনকস্য সুতোৎপত্ত্যা তদপত্যতয়া ভৃগোঃ। শূদ্রাং শয়নমারোপ্য ব্রাহ্মণোযাত্যধোগতিং। জনয়িত্বা সুতং তস্যাং ব্রাহ্মণ্যাদেব হীয়তে। তদনেন ক্রমোঢ়াবিষয়ত্বং বচনানাং হারীতবচনমপি মন্বাদ্যেকবাক্যতয়া পরিণীতাবিষয়ং। যথা। ব্রহ্মহা ন ভবত্যন্যোব্রহ্মহা বৃষলীপতিঃ। যস্তস্যামাহিতো

ইতি ক্রমিকোঢ়াং শূদ্রামুপক্রম্য নিন্দাবচনেনেত্যর্থঃ। ব্যুৎক্রমোঢ়াবিষয়ত্বে চ ক্ষত্রিয়াদীনামপি ব্যুৎক্রমোঢ়াত্বে দোষশ্রবণাৎ হীনজাতিপদবৈয়র্থ্যাপত্তেরিতি ভাবঃ। নন্বূঢ়ায়া ঋতুভিগমস্য শাস্ত্রীয়তয়া নিন্দায়াঃ স্বয়মনূঢ়াবিষয়ত্বমেব যুক্তমিত্যত আহ হারীতেতি। তথাচাস্য বচনস্য পতিশব্দবলাদূঢ়াবিষয়ত্বেন তদেকবাক্যতয়া মন্বাদিবচনমপ্যূঢ়াবিষয়কং বিধিনিষেধৌ তু শ্যেনবদুপপন্নাবিতি ভাবঃ। অতএবেতি। যতএব শূদ্রাপরিণয়নে তস্যামপত্যোৎপাদনাদৌ চ দোষঃ অতএবেত্যর্থঃ। স্বয়-

এক ভার্য্যা হয়। অনুলোম বিবাহের মধ্যেও দ্বিজের অর্থাৎ ব্রাহ্মণাদি ত্রয়ের শূদ্রা কন্যা বিবাহ করিলে দোষবাহুল্য, মনু ও বিষ্ণু বলেন যথা দ্বিজেরা মোহ প্রযুক্ত হীনজাতির কন্যা বিবাহ করিয়া সন্তান সহিত বংশ পরম্পরাকে শূদ্রত্ব প্রাপিত করে। অত্রি এবং গৌতমের মতে শূদ্রা বিবাহ করিলেই পতিত হয়। শৌনকের মতে তাহাতে পুত্রোৎপাদনদ্বারা পতিত হয়। ভৃগুর মতে পুত্রের পুত্রোৎপত্তি দ্বারা পতিত হয়। ব্রাহ্মণ শূদ্রাকে শয্যারোপিত করিয়া অধোগতি প্রাপ্ত হয়। আর তাহাতে পুত্রোৎপাদন করিয়া ব্রাহ্মণ্য হইতেই চ্যুত হয়। প্রাচীনেরা ক্রমবৈপরীত্যে শূদ্রা বিবাহ স্থলে এই সকল দোষ বলেন তাহা নহে, এই সকল বচন বিচার করিয়া দেখিলে ক্রমপূর্ব্বক শূদ্রা কন্যার বিবাহ স্থলেই সঙ্গত হয়। আর হারীত বচনটিও মন্বাদি বচনের সঙ্গে একবাক্যতা

গর্ভঃ স তেন ব্রাহ্মণোহতঃ। অতএব শূদ্রাবর্জ্জং দ্বিজাতি-ভার্য্যামাহ শঙ্খঃ। ব্রাহ্মণী ক্ষত্রিয়া বৈশ্যা ব্রহ্মণস্য প্রকীর্ত্তিতা। ক্ষত্রিয়া চৈব বৈশ্যা চ ক্ষত্রিয়স্য প্রকীর্ত্তিতা। বৈশ্যৈব ভার্য্যা বৈশ্যস্য শূদ্রা শূদ্রস্য কীর্ত্তিতা। অতঃ স্বয়মনূঢ়ায়াং শূদ্রায়ামপত্যজননেনৈতে দোষাঃ কিন্তু স্বল্পদোষঃ প্রায়শ্চিত্তঞ্চাল্পমিতি বক্ষ্যতি॥ ১০২॥

অত্র চাতুর্ব্বর্ণ্যপুত্রাণাং বিভাগমাহ মনুঃ। ত্র্যংশং দায়াদ্ধরেদ্বিপ্রো দ্বাবংশৌ ক্ষত্রিয়াসুতঃ। বৈশ্যাজোহধ্যর্দ্ধমেকাং-

---

মনূঢ়ায়ামিতি। অন্যেনোঢ়ায়ামিত্যর্থঃ তেন তদপরিণীতাশূদ্রাসুতাভিপ্রায়মিতি বক্ষ্যমাণেন ন বিরোধঃ॥ ১০২॥

কিঞ্চিদ্‌গুণবত্ত্বেনেতি। শূদ্রাপুত্রস্যাপি কিঞ্চিদ্‌গুণবত্ত্বনির্গুণত্বাভ্যামিত্যর্থঃ। দ্বিজাতিপুত্রাণামপি কিঞ্চিদ্‌গুণবত্ত্বেন ইতি কেচিৎ। কীনাশো গোবৃষোযানমলঙ্কারশ্চ বেশ্ম চ। বিপ্রস্যোদ্ধারকং দেয়মেকাংশশ্চ প্রধানতইত্যুদ্ধারস্য প্রাগভিহিতত্বাৎ পূর্ব্ববচনং স্বোদ্ধারবিষয়ং উত্তরবচনঞ্চানুদ্ধারবিষয়মিতি রত্নাকরঃ।

---

করিয়া শূদ্রা কন্যার পাণিগ্রহণ বিষয়েই খাটিবে, যথা ব্রহ্মহত্যাকারী আর অন্য নহে যে ব্রাহ্মণ শূদ্রার পতি হয় সেই ব্রহ্মাহত্যাকারী, কারণ শূদ্রার যে গর্ভাধান করে সে তাহাতে ব্রহ্মহত্যা করে। এজন্য শঙ্খমুনি শূদ্রাবর্জন করিয়া দ্বিজত্রয়ের দারপরিগ্রহের ব্যবস্থা করেন; যথা ব্রাহ্মণী ক্ষত্রিয়া ও বৈশ্যা এই তিন ভার্য্যা ব্রাহ্মণের পক্ষে কীর্ত্তিত হইয়াছে। ক্ষত্রিয়ের ক্ষত্রিয়া এবং বৈশ্যা ভার্য্যা, বৈশ্যের কেবল বৈশ্যা ও শূদ্রের শূদ্রা ভার্য্যা কীর্ত্তিত হয়! অতএব অন্য কর্ত্তৃক বিবাহিতা শূদ্রাতে অপত্যোৎপাদন করিলে এসকল দোষ হয় না। কিন্তু স্বল্প দোষ হয় প্রায়শ্চিত্ত ও অল্প ইহা পরে বলিবেন॥ ১০২॥

চাতুর্বর্ণ পুত্রের বিভাগ কহিতেছেন যথা মনু, পিতৃধন হইতে ব্রাহ্মণীপুত্র তিনভাগ লইবে, ক্ষত্রিয়া পুত্র দুইভাগ, বৈশ্যাপুত্র দেড়ভাগ শূদ্রাপুত্র একভাগ

শমংশং শূদ্রাসুতো হরেৎ। সর্ব্বং বা রিকৃথজাতস্তু দশধা পরিকল্প্য তৎ। ধর্ম্ম্যং বিভাগং কুর্ব্বীত বিধিনানেন ধর্ম্মবিৎ। চতুরোহংশান্ হরেদ্বিপ্রস্ত্রীনংশান্ ক্ষত্রিয়াসুতঃ। বৈশ্যাপুত্রো হরেদ্ব্যংশমংশং শূদ্রাসুতোহরেৎ। কিঞ্চিদ্‌গুণবত্ত্বেন বিভাগপ্রকারদ্বয়ং। তত্র বিষ্ণুঃ। ব্রাহ্মণস্য চতুর্ষু চেৎ পুত্রা

---

তদসৎ ক্ষত্রিয়বিশোরুদ্ধাবাসুক্তেঃ তয়োস্তদভাবাদাধিক্যবিধানানুপপত্তেঃ। কীনাশো হলবাহকঃ। ব্রাহ্মণস্যেত্যাদি। আদিনা পিত্র্যমৃকৃথং দশধা বিভজেয়ুঃ ব্রাহ্মণীপুত্রশ্চতুরোহংশানাদদ্যাৎ ক্ষত্রিয়াপুত্রস্ত্রীন্ দ্বাবংশৌ বৈশ্যাপুত্রঃ শূদ্রাপুত্রস্ত্বেকং অথ চেৎ শূদ্রাপুত্রবর্জ্জং ব্রাহ্মণস্য পুত্রা ভবেয়ুঃ তদা নবধা বিভজেয়ুঃ চতুস্ত্রিদ্বিভাগী কৃতানংশানাদদ্যুঃ বৈশ্যবর্জ্জং অষ্টধা বিভজ্য চতুরস্ত্রীনেকঞ্চ সমাদদ্যুঃ ক্ষত্রিয়বর্জ্জং সপ্তধা কৃত্বা চতুরোদ্বাবেকঞ্চ ব্রাহ্মণবর্জ্জং ষড়্ধা কৃত্বা ত্রীন্‌দ্বাবেকঞ্চ ক্ষত্রিয়স্য ক্ষত্রিয়বৈশ্যশূদ্রেষ্বেবং বিভাগঃ অথ ব্রাহ্মণস্য ব্রাহ্মণক্ষত্রিয়ৌ পুত্রৌ স্যাতাং তদা সপ্তধা কৃত্বা ব্রাহ্মণশ্চতুরোহংশান্ গৃহ্নীয়াৎ ত্রীন্ রাজন্যঃ ব্রাহ্মণস্য ব্রাহ্মণবৈশ্যৌ চেত্তদা ষড়্ধা বিভজ্য চতুরোহংশান্ ব্রাহ্মণ আদদ্যাৎ দ্বৌ বৈশ্যাসুতঃ অথ ব্রাহ্মণস্য ব্রাহ্মণশূদ্রৌ পুত্রৌ স্যাতাং তদা পঞ্চধা বিভজেয়াতাং চতুরোহংশান্ ব্রাহ্মণ আদদ্যাৎ একং শূদ্রঃ অথ ব্রাহ্মণস্য ক্ষত্রিয়বৈশ্যৌ সুতৌ স্যাতাং তদা তদ্ধনং পঞ্চধা বিভজেয়াতাং ত্রীনংশান্ ক্ষত্রিয়স্ত্বাদদ্যাৎ দ্বাবংশৌ বৈশ্যঃ অথ ব্রাহ্মণস্য ক্ষত্রিয়স্য

---

লইবে। অথবা সর্ব্বধন দশভাগ করিয়া ধর্ম্মজ্ঞ ব্যক্তি এইরূপ ধর্ম্মশাস্ত্র সম্মত বিভাগ করিবে। চারিভাগ ব্রাহ্মণী পুত্র লইবে, ক্ষত্রিয়াপুত্র তিনভাগ, বৈশ্যাপুত্র দুইভাগ এবং শূদ্রাপুত্র একভাগ লইবে। কিঞ্চিদ্‌গুণবত্ত্ব ও নির্গুণত্ব দ্বারা উক্ত দুইপ্রকার বিভাগ সঙ্গত হয়। তথা বিষ্ণুবচন, ব্রাহ্মণের চারি পত্নীতে যদি পুত্রজন্মে এই অবধি এই ক্রমে অন্যত্রও অংশকল্পনা হয়, এই পর্য্যন্ত এই বলিয়া বিষ্ণু সূত্র ধৃত হইয়াছে তাহার বিস্তারিত অর্থ যথা, ব্রাহ্মণের চারি পত্নীতে যদি পুত্র জন্মে তবে পিতৃধন দশভাগ করিবে। তন্মধ্যে ব্রাহ্মণী পুত্র চারিভাগ লইবে, ক্ষত্রিয়াপুত্র তিনভাগ, বৈশ্যাপুত্র দুইভাগ, শূদ্রাপুত্র

ভবেয়ুরিত্যাদি অনেন ক্রমেণাংশকল্পনা অন্যত্রাপি ভবতী-ত্যন্তং ॥ ১০৩ ॥

বা ক্ষত্রিয়শূদ্রসুতৌ স্যাতাং তদা তদ্ধনং চতুর্দ্ধা বিভজেয়াতাং ত্রীনংশান্ ক্ষত্রিয় আদদ্যাৎ একং শূদ্রঃ অথ ব্রাহ্মণস্য ক্ষত্রিয়বৈশ্যয়োর্ব্বা বৈশ্যশূদ্রৌ সুতৌ স্যাতাং তদা তদ্ধনং ত্রিধা বিভজেয়াতাং দ্বাবংশৌ বৈশ্য আদদ্যাৎ একং শূদ্রঃ যদি ব্রাহ্মণী পুত্রৌ দ্বৌ স্যাতাং শূদ্রাপুত্র একঃ তদা ব্রাহ্মণীপুত্রৌ অষ্টভাগানাদদ্যাতাং একং শূদ্রাসুতঃ অথ শূদ্রাসুতৌ দ্বৌ স্যাতাং একো ব্রাহ্মণীপুত্রঃ তদা ষড়্ধা বিভজ্য চতুরোঽংশান্ ব্রাহ্মণস্বাদদ্যাৎ দ্বাবংশৌ শূদ্রাসুতাবিতি অনেন ক্রমেণাংশকল্পনান্যত্রাপি ভবতীতি-বিষ্ণুসূত্রং বিস্তরভয়াদনেন ন লিখিতং। অন্যত্রেতি। ব্রাহ্মণীপুত্রএকঃ ক্ষত্রিয়া-পুত্রৌ দ্বৌ ক্ষত্রিয়াপুত্র একঃ ব্রাহ্মণীপুত্রৌ দ্বাবিত্যাদিদ্বিত্যর্থঃ। জন্মনা জ্যেষ্ঠো ব্রাহ্মণীপুত্রাপেক্ষয়া। ভবেদিতি। ব্রাহ্মণপুত্রেণ সহ সমাংশোভবেদিত্যর্থঃ ॥ ১০৩ ॥

একভাগ লইবে। আর ব্রাহ্মণের শূদ্রাপুত্র ভিন্ন অন্যস্ত্রীত্রয় জাতপুত্র থাকিলে নয় ভাগ করিয়া চারি তিন দুইভাগ গ্রহণ করিবে। ক্ষত্রিয়াপুত্র না থাকিলে সাতভাগ কবিয়া চারি দুই একভাগ অন্যেরা লইবে। ব্রাহ্মণী পুত্র না থাকিলে তিন দুই এক এইরূপ ছয়ভাগ করিয়া লইবে। ক্ষত্রিয়ের ক্ষত্রিয়া বৈশ্যা ও শূদ্রা স্ত্রীজাত পুত্রস্থলেও এইরূপ ছয়ভাগ হইবে। ব্রাহ্মণের ব্রাহ্মণী ও ক্ষত্রিয়া স্ত্রীজাত পুত্রস্থলে সাতভাগ করিয়া ব্রাহ্মণী পুত্র চারিভাগ ও ক্ষত্রিয়াপুত্র তিন-ভাগ লইবে। ব্রাহ্মণী ও বৈশ্যাপুত্র চারি দুই এইরূপ ছয়ভাগ করিয়া লইবে। ব্রাহ্মণী ও শূদ্রার পুত্র চারি ও এক এইরূপ পাঁচভাগ করিয়া লইবে। ব্রাহ্মণের ক্ষত্রিয়া ও বৈশ্যাপুত্র তিন দুই এইরূপ পাঁচভাগ করিয়া লইবে। ব্রাহ্মণের কিংবা ক্ষত্রিয়ের ক্ষত্রিয়াও শূদ্রাপুত্র তিন এক এইরূপ চারি ভাগ করিয়া লইবে। ব্রাহ্মণ ক্ষত্রিয় কিংবা বৈশ্যের বৈশ্যা ও শূদ্রা পুত্র দুই এক এইরূপ তিনভাগ করিয়া লইবে। দুই ব্রাহ্মণী পুত্র ও এক শূদ্রাপুত্রস্থলে নয়ভাগ করিয়া ব্রাহ্মণী পুত্রদ্বয় আটভাগ ও শূদ্রাপুত্র একভাগ লইবে। আর শূদ্রাপুত্রদ্বয় ও এক ব্রাহ্মণীপুত্র স্থলে ছয়ভাগ করিয়া চারিভাগ ব্রাহ্মণীপুত্র ও শূদ্রাপুত্রদ্বয় দুইভাগ লইবে। এইক্রমে অন্যত্রও অংশকল্পনা হইবে অর্থাৎ ব্রাহ্মণীপুত্র এক ও ক্ষত্রিয়া

ব্রাহ্মণজাতো রাজন্যাপুত্রএব যদি জন্মনা সর্ব্বজ্যেষ্ঠো গুণবাংশ্চ তদা ব্রাহ্মণেন সহ তুল্যভাগঃ কার্য্যঃ ব্রাহ্মণেন ক্ষত্রিয়েণ বা জাতো বৈশ্যশ্চেত্তদ্রূপঃ তদা ক্ষত্রিয়েণ সহ তুল্যাংশী। যথাহ বৃহস্পতিঃ। বিপ্রেণ ক্ষত্রিয়াজাতো জন্মজ্যেষ্ঠো গুণান্বিতঃ। ভবেৎ সমাংশঃ ক্ষত্রেণ বৈশ্যাজাতস্তথৈব চ। তথা বৌধায়নঃ। সবর্ণাপুত্রানন্তরাপুত্রয়োরনন্তরাপুত্রশ্চেদ্গুণবান্ জ্যেষ্ঠভাগং গৃহ্লীয়াৎ গুণবান্ হি

---

বিপ্রেণ বৈশ্যাজাতঃ তথাবিধঃ ক্ষত্রিয়েণ জাতঃ তথাবিধঃ ক্ষত্রিয়েণ সমাংশইত্যর্থঃ। দর্শিতাইতি। সবর্ণাপুত্রানন্তরাপুত্রয়োরিতি সামান্যাভিধানাদিতি ভাবঃ। অবিশেষেণেতি। পৈতামহমিতি বিশেষমনভিধায় ক্রমাগতমিতি প্রপিতামহাদিসম্বন্ধিসাধারণসামান্যাভিধানাদিতি ভাবঃ। ন পুত্রাদীনামিতি। ক্ষত্রিয়াদিপৌত্রাণামিত্যর্থঃ। অনন্বুজ্ঞানং অধিকারেঽনুমত্যভাবঃ। সিদ্ধমিতিশেষঃ সম্বন্ধিনোঽনধিকারে স্বসম্বন্ধিসম্বন্ধিনোঽনধিকারস্য দণ্ডাপূপন্যায়সিদ্ধত্বাদিতি ভাবঃ। এবঞ্চেতি। বৃহস্পতিবচনৈকমূলকত্বাদিতি ভাবঃ। উক্তং বৃহন্মনুনা। ' বিধানাৎ বিদ্যাশীলোধর্ম্মযুক্তঃ প্রশান্তইত্যাদিনা দানপাত্রকথনাদিতি ভাবঃ। অর্চ্চনলব্ধমাহ আবৃত্তানামিতি। গুরুকুলাৎ বিদ্যামধীত্য স্বগৃহাগতানামিত্যর্থঃ। এষ বিধিঃ অর্চ্চনবিধিঃ

---

পুত্রদ্বয় স্থলে ব্রাহ্মণীপুত্র চারিভাগ ও ক্ষত্রিয়াপুত্রদ্বয় ছয়ভাগ এইরূপে দশভাগ করিয়া লইবে ইত্যাদি ॥ ১০৩ ॥

ব্রাহ্মণের ক্ষত্রিয়া স্ত্রীজাত পুত্র যদি সর্ব্বাপেক্ষা জন্মজ্যেষ্ঠ ও গুণবান্ হয় তবে ব্রাহ্মণীপুত্রের সহিত তুল্যাংশী হয়। আর ব্রাহ্মণ কিংবা ক্ষত্রিয়ের বৈশ্যা স্ত্রীজাত পুত্র যদি সর্ব্বজ্যেষ্ঠ ও গুণবান্ হয় তবে ক্ষত্রিয়াপুত্রের সঙ্গে তুল্যাংশী। যথা বৃহস্পতি, ব্রাহ্মণের ক্ষত্রিয়াস্ত্রীজাতপুত্র জন্মজ্যেষ্ঠ ও গুণাধিক হইলে ব্রাহ্মণীপুত্রের সমভাগী ও বৈশ্যাপুত্র ঐরূপ হইলে ক্ষত্রিয়াপুত্রের সমভাগী হয় তথা বৌধায়ন, সবর্ণাপুত্র ও অনন্তরা পুত্রের মধ্যে যদি অনন্তরাপুত্র জ্যেষ্ঠ ও

শেষাণাং ভর্ত্তা ভবতীতি। অনেনৈব শূদ্রস্যাপ্যেবংবিধস্য বৈশ্যেন সহ সমাংশিতা দর্শিতা। যা তু প্রতিগ্রহেণ পিত্রা-র্জ্জিতা ভূমিঃ সা ব্রাহ্মণীপুত্রস্যৈব ন ক্ষত্রিয়াদেঃ গৃহং ক্রমা-গতং ক্ষেত্রঞ্চ দ্বিজাতিপুত্রাণামেব ন শূদ্রস্য। তদাহ বৃহস্মনুঃ। ব্রহ্মদায়াগতাং ভূমিং হরেয়ুর্ব্রাহ্মণীসুতাঃ। গৃহং দ্বিজাতয়ঃ সর্ব্বে তথা ক্ষেত্রং ক্রমাগতং। ক্রমাদাগতয়োঃ পিতামহ-প্রপিতামহাদিগৃহীতয়োঃ সকলদ্বিজাতিসম্বন্ধঃ ক্রমাগতমি-ত্যবিশেষেণাভিধানাৎ। প্রতিগ্রহভূমৌ চ ক্ষত্রিয়াদিসুতা-নামেবাধিকারনিষেধেন তন্নপ্ত্রাদীনামপ্যননুজ্ঞানং। তদাহ

অক্ষয়োঽভিধীয়তে ইত্যন্বয়ঃ। অর্চ্চনরূপত্বাদন্যেতি। অর্চ্চনং পূজা সা চ গৌর-বিতপ্রীতিহেতুক্রিয়া তথাচ তদ্দানক্রিয়া পারিতোষার্থৈব নাদৃষ্টার্থা অতস্তৎস্বীকারোন প্রতিগ্রহঃ অদৃষ্টার্থত্যক্তদ্রব্যস্বীকারস্যৈব প্রতিগ্রহত্বাদিতি ভাবঃ। প্রতিগ্রহভূমা-ত্রপরত্বে ব্রহ্মপদানর্থক্যমাশঙ্ক্যাহ অথবেতি। ইয়ং অর্চ্চনরূপা একেন মনুনা।

গুণবান্ হয় তবে সে শ্রেষ্ঠ ভাগ পাইবে। যেহেতু গুণবান্ অবশিষ্ঠ সকলের ভরণ পোষণ কর্ত্তা হয়। ইহাতে শূদ্রাপুত্রও জ্যেষ্ঠ ও গুণবান্ হইলে বৈশ্যা-পুত্রের সঙ্গে তুল্যাংশী, ইহা দর্শিত হইল। আর পিতা প্রতিগ্রহ দ্বারা যে ভূমি উপার্জ্জন করেন তাহা ব্রাহ্মণীপুত্রেরই হইবে, ক্ষত্রিয়াদিপুত্রেরা পাইবে না এবং পূর্ব্বপুরুষক্রমে আগত গৃহ এবং ক্ষেত্র দ্বিজাতিপুত্রেরই গ্রাহ্য, শূদ্রাপুত্র পাইবে না। যথা বৃহস্মনু বচন, ব্রহ্মদায়াগতা অর্থাৎ প্রতিগ্রহ প্রাপ্ত ভূমি ব্রাহ্মণীপুত্রেরাই লইবে এবং পূর্ব্বপুরুষক্রমে আগত গৃহ ও ক্ষেত্র দ্বিজপুত্রেরাই লইবে। ক্রমাগত এই শব্দে বিশেষ করিয়া না লেখায় পিতামহ প্রপিতামহ প্রভৃতি পূর্ব্বপুরুষীয় গৃহ এবং ক্ষেত্রে দ্বিজপুত্রেরই অধিকার। এবং প্রতিগ্রহ লব্ধ ভূমিতে ক্ষত্রিয়াদি পুত্রেরই অধিকার যখন নিষিদ্ধ হইল তখন ক্ষত্রিয়া পৌত্রেরও তাহাতে অনধিকার দণ্ডাপূপন্যায় সিদ্ধ জানিবে। যথা বৃহস্পতি,

বৃহস্পতিঃ। ন প্রতিগ্রহভূর্দ্দেয়া ক্ষত্রিয়াদিসুতায় বৈ। যদ্যপ্যস্য পিতা দদ্যান্মৃতে বিপ্রাসুতো হরেৎ। এবঞ্চ প্রতিগ্রহভূমিরেব ব্রহ্মদায়াগতেত্যুক্তং। ব্রহ্ম বেদঃ তদধ্যয়নতদর্থজ্ঞানবত্তয়া প্রতিগ্রহবিধানাৎ ন পুনর্ম্মনূক্তার্চ্চনলব্ধা। যথা। আবৃত্তানাং গুরুকলাদ্বিপ্রাণাং পূজকো ভবেৎ। নৃপাণামক্ষয়ো হ্যেষ বিধির্ব্রাহ্মোঽভিধীয়তে। অর্চ্চনরূপত্বাদস্য। অথবা ইয়মেকেন নিষিদ্ধা অন্যাপরেণ॥ ১০৪॥

ন তু ব্রাহ্মণস্য ভূমির্ব্রহ্মদায়ঃ দ্বিজাতীনাং ক্রমাগতক্ষে-

অন্যা প্রতিগ্রহভূঃ পরেণ বৃহস্পতিনা তথাচ উভয়রূপা ভূর্ব্রাহ্মণীপুত্রস্যৈবেত্যর্থঃ॥ ১০৪॥

ব্রহ্মৈব দায়োধনমস্যেতি যোগাৎ ব্রাহ্মণসম্বন্ধিভূমার্থত্বমাশঙ্ক্যাহ ন ত্বিতি। নমু

প্রতিগ্রহ লব্ধ ভূমি ক্ষত্রিয়াদি পুত্রকে কদাচই দিবে না, যদি পিতা উহাকে দিয়া থাকেন তবে পিতার মৃত্যুব পব ব্রাহ্মণী পুত্র কাড়িয়া লইবে। ব্রহ্মদায়াগতা শব্দে প্রতিগ্রহ লব্ধ ভূমিই বুঝায়, কারণ ব্রহ্ম শব্দের অর্থ বেদ সেই বেদ অধ্যয়ন এবং তদর্থজ্ঞানবত্তাতেই প্রতিগ্রহ ঘটে, মনু কর্ত্তৃক উক্ত অর্চ্চন লব্ধা ভূমিতে ঐ শব্দের তাৎপর্য্য বুঝায় না। যথা মনুবচন, রাজা গুরুকুল হইতে বিদ্যাধ্যয়ন পূর্ব্বক স্বগৃহাগত বিপ্রের পূজনকারী হইবেন, রাজার সম্বন্ধে এই বিপ্রার্চ্চনবিধি অক্ষয় ধর্ম্ম কথিত হয়। এই বচনে পূজার বিধি আছে পূজা অর্থাৎ পরিতোষার্থা ক্রিয়া, সুতরাং তদুপলক্ষে দানক্রিয়া পরিতোষার্থই হয় অদৃষ্টার্থ নহে। অদৃষ্টার্থত্যক্তদ্রব্যের স্বীকারকেই প্রতিগ্রহ বলে। অথবা ভগবান্ মনু এই এক প্রকার অর্থাৎ অর্চ্চনলব্ধা ভূমি নিষেধ করিয়াছেন। আর বৃহস্পতি অন্য প্রকার অর্থাৎ প্রতিগ্রহলব্ধ ভূমি নিষেধ করিয়াছেন। ফলতঃ উক্ত উভয়প্রকার ভূমি ব্রাহ্মণীপুত্রই লইবে অন্যেরা পাইবে না॥ ১০৪॥

ব্রাহ্মণস্বামিক সকল ভূমিই ব্রহ্মদায়পদবাচ্য হইতে পারে না। যেহেতু

ত্রসম্বন্ধস্য বাচনিকত্বাৎ কেবলশূদ্রস্যৈব নিষেধাচ্চ যথা বৃহস্পতিঃ। শূদ্র্যাং দ্বিজাতিভির্জাতো ন ভূমের্ভাগমর্হতি। সজাতাবাপ্নুয়াৎ সর্ব্বমিতিধর্ম্মো ব্যবস্থিতঃ। ভূমিমাত্রোপাদানাৎ ক্রয়প্রসাদাদিনাপি দ্বিজাতিলব্ধভূমৌ শূদ্রস্যানধিকারঃ সিধ্যতি। যস্তু শূদ্র এবৈকঃ পুত্ত্রো ব্রাহ্মণস্য স তৃতীয়ভাগাধিকারী ভাগদ্বয়ং সপিণ্ডানাং তদভাবে সকুল্যানাং তদভাবে শ্রাদ্ধকর্ত্তুঃ। যথা দেবলঃ। নিষাদ একঃ পুত্ত্রস্তু বিপ্রস্য স তৃতীয়ভাক্। দ্বৌ সপিণ্ডঃ সকুল্যোবা স্বধাদাতা-

---

তথাপি গৃহক্রমাগতক্ষেত্রাতিবিক্তভূমাত্রে ক্ষত্রাদেরনধিকারঃ স্যাদতআহ কেবলেতি। তদ্দর্শয়তি যথেতি। সজাতাবিতি। শূদ্র্যাং শূদ্রাজ্জাতইত্যর্থঃ। সর্ব্বমিতি। ন তু তত্র ভূমিকৃতোবিশেষইতি ভাবঃ। তথাচৈতদ্বচনে শূদ্রাপুত্রমাত্রস্য নিষেধেন প্রতিগৃহীতাতিরিক্তভূমৌ ক্ষত্রিয়াদেরধিকারসিদ্ধেন যোগবলেন ব্রহ্মদায়াগতপদস্য ব্রাহ্মণসম্বন্ধিভূম্যর্থত্বমিতিভাবঃ। ইত্থঞ্চৈতদ্বচনৈকবাক্যতয়া মনুবচনমপি শূদ্রাধিকারনিষেধার্থং পরিসংখ্যাবিধিরেব ন তু দ্বিজাতীনামধিকারবিধিঃ তস্য বিধ্যন্তরপ্রা-

---

ক্ষত্রিয়াদিস্ত্রীজাতপুত্রের ব্রাহ্মণ পিতার ক্রমাগত ক্ষেত্রে অধিকার বচনেই ব্যক্তীকৃত আছে। আর কেবল শূদ্রাপুত্রেরই অধিকার নিষেধ দৃষ্ট হয়। যথা বৃহস্পতি, দ্বিজত্রয়ের শূদ্রাস্ত্রীজাত পুত্র কোন ভূমি সম্পত্তির ভাগ পায় না কিন্তু স্বজাতি স্থলে অর্থাৎ শূদ্রাজাত শূদ্রের পুত্র সকলধনই পায় এই ধর্ম্মশাস্ত্র ব্যবস্থা। এই বচনে ভূমি সামান্যের নিষেধাধীন ক্রয়প্রসাদাদি উপায় দ্বারা দ্বিজত্রয় লব্ধ ভূমিতেও শূদ্রাপুত্রের অনধিকার সিদ্ধান্ত হইল। আর যদি ব্রাহ্মণের কেবল শূদ্রাপুত্র মাত্র থাকে তাহা হইলে সে তৃতীয়ভাগাধিকারী হয়, অবশিষ্ট ভাগদ্বয় প্রথম সপিণ্ড, তদভাবে সকুল্য, তদভাবে শ্রাদ্ধকর্ত্তার প্রাপ্য। যথা দেবল, ব্রাহ্মণের যদি কেবল নিষাদপুত্র থাকে সে তৃতীয়ভাগভাগী, আর সপিণ্ড কিংবা সকুল্য অথবা শ্রাদ্ধকর্ত্তা দুইভাগ পাইবে। ব্রাহ্মণের শূদ্রাস্ত্রী-

থবা হরেৎ। ব্রাহ্মণেন শূদ্রায়াং জাতোনিষাদ উচ্যতে। সপিণ্ডসকুল্যয়োস্তু ভেদং বক্ষ্যতি ॥ ১০৫ ॥

ক্ষত্রিয়বৈশ্যয়োস্তু যদি শূদ্র এবৈকঃ পুত্রঃ তদা তদ্ধনস্যার্দ্ধহরঃ অপরমর্দ্ধং বক্ষ্যমাণাপুত্রধনাধিকারক্রমেণ গৃহ্নীয়ুঃ। তথা বিষ্ণুঃ। দ্বিজাতীনাং শূদ্রস্ত্বেকপুত্রোঽর্দ্ধহরঃ অপুত্রর্কথস্য যা গতিঃ সা অর্দ্ধস্য দ্বিতীয়স্য। ইদঞ্চ তৃতীয়ভাগাধিকারিত্বমর্দ্ধহরত্বঞ্চ বিদ্যাবিনয়সম্পন্নস্যেতি বেদিতব্যং।

পুত্রয়া বিধানাসম্ভবাদিতি বোধ্যং। বক্ষ্যতি অপুত্রধনাধিকারপ্রকরণে ইতি শেষঃ॥ ১০৫ ॥

তথা বিষ্ণুরিতি। অত্র দ্বিজাতিপদং ক্ষত্রিয়বৈশ্যোভয়পরং ন তু ব্রাহ্মণপরমপি বিপ্রস্য তৃতীয়াংশাভিধায়কদেবলবচনবিরোধাৎ বহুবচনন্তু ব্যক্তিভেদাদিতিভাবঃ। সৎপুত্রঃ বিদ্যমানদ্বিজাতিপুত্রঃ অপুত্রঃ শূদ্রাতিরিক্তপুত্রশূন্যঃ। পিতৃপ্রসাদেতি। যদি পিতৃপ্রসাদলব্ধস্য দশমাংশতুল্যত্বং তদা শূদ্রাপুত্রায় অন্যৎ ন দেয়মিত্যর্থঃ। বিজ্ঞে-

জাত পুত্রকে নিষাদ বলে। সপিণ্ড ও সকুল্যের যে কি ভেদ তাহা অপুত্র ধনাধিকারপ্রকরণে বলিবেন ॥ ১০৫ ॥

ক্ষত্রিয় ও বৈশ্যে যদি কেবল শূদ্রাস্ত্রীজাত পুত্র থাকে তবে সে সেই ধনের অর্দ্ধভাগী হয়। অপর অর্দ্ধ বক্ষ্যমাণ অপুত্রধনাধিকারিরা গ্রহণ করিবে। যথা বিষ্ণু, ক্ষত্রিয় বৈশ্যরূপ দ্বিজদ্বয়ের যদি এক শূদ্রাপুত্র থাকে তবে অর্দ্ধভাগী হয় ও অপুত্রধনাধিকার রীতিতে দ্বিতীয়ার্দ্ধের গতি হইবে। এই যে তৃতীয়ভাগাধিকারিত্ব ও অর্দ্ধভাগিত্ব ইহা বিদ্যাবিনয়সম্পন্ন শূদ্রাপুত্রের পক্ষে বুঝিতে হইবে। যথা মনু, দ্বিজপুত্র বিদ্যমান থাকুক বা না থাকুক দশমাংশের অধিক শূদ্রাপুত্রকে দিবে না। এই বচনে দ্বিজপুত্রের অভাবেও দশমাংশের অধিক দান নিষেধ প্রযুক্ত তৃতীয়ভাগ ও অর্দ্ধভাগ প্রতিপাদক পূর্ব্ববচন বিদ্যাবিনয়সম্পন্ন এক শূদ্রাপুত্র বিষয়েই খাটিবে ইহা বিদিত হইল। আর যে

যদাহ মনুঃ। যদ্যপি স্যাত্তু সৎপুত্রোযদ্যপুত্রোঽপি বা ভবেৎ। নাধিকং দশমাদ্দদ্যাৎ শূদ্রাপুত্রায় ধর্ম্মতঃ। অনেন দ্বিজাতিপুত্রাভাবেঽপি দশমাংশাধিকদাননিষেধাৎ পূর্ব্বস্য উক্তমৈকশূদ্রাপুত্রগোচরত্বমেব জ্ঞায়তে। যচ্চ মনুনা। ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাপুত্রো ন রিকৃথভাক্। যদেবাস্য পিতা দদ্যাত্তদেবাস্য ধনং ভবেদিতি। অনেন রিকৃথভাগিত্বমেব নিষিদ্ধং তৎ পিতৃপ্রসাদলব্ধধনদশমাংশত্বে সতীতি বিজ্ঞেয়ং। যচ্চাহ বৃহস্পতিঃ। অনপত্যস্য শুশ্রূষুর্গুণবান্ শূদ্রযোনিজঃ। লভেতাজীবনং শেষং সপিণ্ডাঃ সমবাপ্নুয়ুঃ। বর্ত্তনোচিতকৃষ্যাদ্যর্থং কিঞ্চিদ্দাতব্যমিত্যর্থঃ নির্গুণস্য অন্তেবাসিবিধিনা বৃত্তিমূলং ভক্তাদিকং পাদশুশ্রূষয়া দেয়ং ॥ ১০৬ ॥

যচ্চাহ মনুঃ। যং ব্রাহ্মণস্তু শূদ্রায়াং কামাদুৎপাদয়েৎ

---

য়মিতি। যদেবাস্য পিতা দদ্যাদিত্যুক্তেরিতি ভাবঃ। আজীবনমিতি ব্যাচষ্টে বর্ত্তনোচিতেতি ॥ ॥ ১০৬ ॥

তৎ অনন্তরোক্তবচনদ্বয়ং। অপরিণীতা কেনাপ্যপরিণীতা কিন্তু গ্রাম্যধর্ম্মার্থ-

---

বিরুদ্ধ মনুবচন দৃষ্ট হয় যথা, ব্রাহ্মণ ক্ষত্রিয় এবং বৈশ্যের শূদ্রাপুত্র ধনাধিকারী হয় না, কিন্তু ইহার পিতা ইহাকে যাহা দেন তাহাই তাহার প্রাপ্য হয়, এই বচনে শূদ্রাপুত্রের ধনাধিকারিত্বই নিষিদ্ধ হইতেছে। ইহা শূদ্রাপুত্রের পিতৃপ্রসাদ লব্ধ ধন দশমাংশের তুল্য থাকিলে বুঝিতে হইবে। আর বৃহস্পতি বচন যথা, যদি শূদ্রাপুত্র অন্য অপত্যবিহীন পিতার শুশ্রূষাকারী ও গুণবান্ হয় তবে সে আপন জীবিকার উপযুক্ত ধন পাইবে, অবশিষ্ট সপিণ্ডেরা লইবে। ইহার তাৎপর্য্য গুণসত্ত্বে শূদ্রাপুত্রকে জীবিকার্থ কৃষ্যাদি কর্ম্মের উপযুক্ত কিছু ধন দিবে, নিপুণ হইলে চরণ শুশ্রূষার্থ ছাত্রের ন্যায় কেবল অন্নাচ্ছাদনরূপ জীবিকা প্রদান করিবে ॥ ১০৬ ॥

স্মৃতং। স পারয়ন্নেব শবস্তস্মাৎ পারশবঃ স্মৃতঃ। তদপরিণীতাশূদ্রাসুতাভিপ্রায়ং পরিণীতায়াঃ সকৃদৃতাবুপগমনস্য বৈধত্বাৎ তত্রৈব চ গর্ভস্থিতেঃ ন চ দ্বিতীয়াদিসম্পর্কেষ্বপি। যথা যাজ্ঞবল্ক্যঃ। অপুত্রে ভ্রাতরি মৃতে তাস্তু গচ্ছেদৃতৌ সকৃৎ। তথা মনুঃ। যথা বিধ্যুপগম্যৈনাং শুক্লবস্ত্রাং শুচিব্রতাং। মিথোভজেদাপ্রসবাৎ সকৃৎ সকৃদৃতাবৃতৌ। প্রথমোপগমনমাত্রস্য গর্ভহেতুত্বে সকৃদ্বচনং দৃষ্টার্থং স্যাৎ অন্যথাঽদৃষ্টা-

মবরুদ্ধা। অপরিণীতাবিষয়ত্বে হেতুমাহ পরিণীতায়া ইতি। তথাচ পরিণীতাজাতস্য বিধিবোধিতপুত্রত্বেন প্রাশস্ত্যাৎ ভাগিতা যুক্তা অপরিণীতাজাতস্য তু প্রতিষিদ্ধপুত্রত্বেনাপকর্ষাৎ ন ভাগিতা কিন্তু গ্রাসাচ্ছাদনমাত্রার্হতা ইতি ন বৈপরীত্যাশঙ্কেতি ভাবঃ। কেচিত্তু বৈধত্বাদিতি। তথাচ বিধিবিরোধেন নিন্দায়াস্তদিতরবিষয়ত্বস্যৈব যুক্তত্বাদিত্যাশয়ইত্যাহুঃ। তদসৎ সপারয়ন্নেব শব ইতি নিন্দায়া বৈধাবৈধসাধারণত্বেন সঙ্কোচে হেত্বভাবাৎ। ননু সকৃদভিগমস্য বৈধত্বেঽপি ন পুত্রোৎপত্তেবৈধত্বমত আহ তত্রৈবেতি। প্রাথমিকাভিগমএবেত্যর্থঃ গর্ভস্থিতেঃ গর্ভোৎপত্তেঃ তথাচ নিমিত্তস্য সকৃদভিগমস্য বৈধত্বেন নৈমিত্তিকস্য পুত্রজননরূপ ফলস্যাপি বৈধত্বং তদর্থমেব তৎপ্রতিপাদনাৎ যথা ফলচমসমস্মৈ ভক্ষ্যং প্রযচ্ছতীত্যত্র ঋত্বিজে ফলচমসদানস্য নিমিত্তস্য বৈধতয়া ঋত্বিজঃ ফলচমসভক্ষণমপি বৈধ-

আর যে একটি মনুবচন আছে যথা, ব্রাহ্মণ কামহেতুক শূদ্রাতে যে পুত্র উৎপাদিত করেন সে জীবিত থাকিতেই শব, সেই হেতু শাস্ত্রে সে পারশব নামে কথিত হইয়াছে। এই বচন অবিবাহিতা অবরুদ্ধা শূদ্রার গর্ভজাত পুত্রবিষয়ক। কারণ বিবাহিতা শূদ্রার সকৃৎ ঋতুকালগমনের বৈধত্ব আছে এবং সেই সকৃদ্গমনেই গর্ভাধান হয় দ্বিতীয়াদি গমনে নহে। যথা যাজ্ঞবল্ক্য। অপুত্রক ভ্রাতার মৃত্যু হইলে পর নিয়োগবিধিক্রমে ঋতুকালে তৎপত্নীর উপগম বিধেয়। তথা মনু, শুক্লবস্ত্রপরিধায়িনী নিয়মপরায়ণা স্ত্রীর যথাবিধি নিয়োগ স্বীকার পূর্ব্বক যে পর্য্যন্ত গর্ভাধান না হয় সেই পর্য্যন্ত প্রতি ঋতুতে

র্থত্বমস্য কল্পনীয়ং অতএব লোকেঽপি প্রথমসম্পর্কদিবসমা-দায় মঙ্গলাচারার্থং নিয়তমাসবিহিতপুংসবনসীমন্তোন্নয়না-দ্যর্থং মাসগণনা দৃশ্যতে। অতঃ কামাদুৎপাদয়েৎ সুতমিত্য-নূঢ়াশূদ্রাভিপ্রায়মেব ॥ ১০৭ ॥

শূদ্রস্য পুনরপরিণীতাদাস্যাদিশূদ্রাপুত্রঃ পিতুরনুমত্যা পুত্রান্তরতুল্যাংশহরঃ। তদাহ মনুঃ। দাস্যাম্বা দাসদাস্যাং বা যঃ শূদ্রস্য সুতোভবেৎ। সোঽনুজ্ঞাতো হরেদংশমিতি ধর্ম্মো

মিতি ভাবঃ। ননু পর্ব্ববর্জ্জং ব্রজেদৃতাবিতিবিধৌ ঋত্বভিগমনসামান্যস্য বৈধতয়া সকৃদিতি কথং তত্রাহ নেতি উক্তার্থে প্রমাণমাহ যথেতি। দৃষ্টার্থমিতি। পুত্র-জননরূপদৃষ্টপ্রয়োজনার্থমিত্যর্থঃ। অন্যথা অন্যস্যাভিগমনস্যাপি পুত্রোৎপত্তিহেতুত্বে। অস্য সকৃদভিগমনবিধানস্য। তথাচ পুত্রার্থং প্রাথমিকাভিগমএব শাস্ত্রার্থঃ দ্বিতীয়া-দ্যভিগমনং তু দৃষ্টপ্রয়োজনকমাত্রার্থমিতি সাধূক্তং সকৃদিতি ভাবঃ। অতএব "সদৈব বা পর্ব্ববর্জ্জং তাসাং বরমনুস্মরন্নিতি" সদাভিগমনং বরস্মরণনিমিত্ততয়া নির্দ্দিষ্টং অন্যথা পুত্রমিচ্ছন্নিত্যেব নির্দ্দিশ্যেত। প্রাধান্যাদিতি। মঙ্গলেতি। অভি-প্রেতার্থসিদ্ধির্ম্মঙ্গলং তদাচারার্থং তৎপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ। তদপরিণীতাশূদ্রাপুত্রাভি-প্রায়মিত্যুক্তমুপসংহরতি অতইতি ॥ ১০৭ ॥

সকৃৎ সকৃৎ অভিগমন করিবে। ইহাতে প্রথমোপগমনই গর্ভ কারণ, ইহা বলিলে সকৃদ্বচনের দৃষ্টার্থত্ব থাকে তাহা না হইলে উহার অদৃষ্টার্থত্ব কল্পনা করিতে হয়। অতএব লোকাচারেও প্রথম সম্পর্ক দিন ধরিয়া মঙ্গলাচারার্থ তত্তন্মাসবিহিতপুংসবনসীমন্তোন্নয়নাদির নিমিত্ত মাসগণনা দেখা যায়। অতএব কামাদুৎপাদয়েৎ সুতং এই বচন অবিবাহিতা শূদ্রামাত্রেই বুঝিবে। এতাবতা বিবাহিতা শূদ্রার সকৃৎ অভিগমনের বৈধত্ব বিধায় বিবাহিতা পুত্রের বিধিবোধিতত্ব নিবন্ধন প্রাশস্ত্য প্রযুক্ত ধনভাগিত্ব যুক্তিসিদ্ধ ও অবিবাহিতা জাতপুত্রের প্রতিষিদ্ধ পুত্রত্ব নিবন্ধন অপকৃষ্টত্ব প্রযুক্ত ধনভাগিত্ব নাই কিন্তু কেবল গ্রাসাচ্ছাদন মাত্র ভাগিত্ব হইবে ॥ ১০৭ ॥

ব্যবস্থিতঃ। অনুমতিমন্তরেণ ত্বর্দ্ধাংশহরঃ। তদাহ যাজ্ঞবল্ক্যঃ। জাতোঽপি দাস্যাং শূদ্রেণ কামতোঽংশহরোভবেৎ। মৃতে পিতরি কুর্য্যুস্তং ভ্রাতরস্ত্বর্দ্ধভাগিনং। পরিণীতাস্ত্রীজাত-ভ্রাতৃশূন্যস্তু সর্ব্বমেব ধনং গৃহ্নীয়াৎ যদি দৌহিত্রো নাস্তি। তদাহ যাজ্ঞবল্ক্যঃ। অভ্রাতৃকোহরেৎ সর্ব্বং দুহিতৄণাং সুতাদৃতে। সতি তু দৌহিত্রে সমং বিভজ্য গৃহ্নীয়াৎ বিশেষাশ্রবণাৎ। তথাহ্যপরিণীতাজাতত্বেঽপ্যস্য পুত্রত্বাৎ অপরস্য তু পরিণীতাসন্তানত্বেঽপি দৌহিত্রত্বাৎ তুল্যাংশস্যৈব যুক্তত্বাৎ ॥ ১০৮ ॥

---

দাসদাস্যামিতি। দাসস্যাপরিণীতারক্ষিতায়ামিত্যর্থঃ। সমমিতি। সমং স্যাদ-শ্রুতত্বাদ্বিশেষস্যেতি স্যায়াদিতি ভাবঃ ॥ ১০৮ ॥

---

কিন্তু শূদ্রের অবিবাহিতা দাস্যাদি শূদ্রাগর্ভজাত পুত্র পিতার অনুমতিক্রমে পুত্রান্তরের তুল্যভাগ পায়। যথা মনু, দাসীতেই হউক কিংবা দাসের দাসী-তেই বা হউক, শূদ্রজাতির যে পুত্র উৎপন্ন হয় সেই পুত্র শূদ্রপিতার অনুমতি ক্রমে সমভাগ পায় ইহা ধর্ম্মশাস্ত্রসঙ্গত। আর পিতার অনুমতি না থাকিলে অর্দ্ধাংশভাগী হয়। যথা যাজ্ঞবল্ক্য, দাসীর গর্ব্ভে শূদ্রের ঔরসজাত পুত্র পিতার ইচ্ছাক্রমে সমানাংশভাগী হয়, পিতা লোকান্তরিত হইলে তাহাকে অন্য ভ্রাতারা অর্দ্ধভাগী করিবে। আর যদি বিবাহিতাপুত্র না থাকে তাহা হইলে শূদ্রের দাসীপুত্র সমগ্র ধন পায়। কিন্তু দৌহিত্র থাকিলে সমগ্র পাইবে না। যথা যাজ্ঞবল্ক্য, দুহিতার পুত্র অর্থাৎ দৌহিত্র না থাকিলে অভ্রাতৃক শূদ্রদাসী পুত্র শূদ্রপিতার সমস্ত ধন গ্রহণ করিবে। দৌহিত্রসত্ত্বে সমান ভাগ করিয়াই লইবে যেহেতু ভাগের কোন বিশেষ শ্রবণ নাই। এবিষয়ে যুক্তি এই যে অপরিণীতার গর্ভে জন্মাইলেও উহার পুত্রত্ব সম্বন্ধ, অন্যের পরিণীতা সন্তানত্ব থাকিলেও

সম্প্রতি পুত্রিকাকরণানন্তরমৌরসপুত্রে জাতে তয়োর্ব্বিভাগঃ প্রতিপাদ্যতে। তত্র পুত্রিকৌরসয়োস্তুল্যাংশিত্বং ন পুনঃ পুত্রিকায়া জ্যেষ্ঠত্বেন বিংশোদ্ধারার্হতা তদাহ মনুঃ। পুত্রিকায়াং কৃতায়ান্তু যদি পুত্রোঽনুজায়তে। সমস্তত্র বিভাগঃ স্যাৎ জ্যেষ্ঠতা নাস্তি হি স্ত্রিয়াঃ। স্বতো জ্যেষ্ঠপুত্রকার্য্যাকরণাৎ স্বপুত্রদ্বারেণ পুত্রিকায়াঃ পিণ্ডদাতৃত্বাৎ। তদাহ

জ্যেষ্ঠতা শ্রেষ্ঠতা সা চ পুন্নামনরকত্রাণনিবন্ধনা তদভাবাৎ শ্রেষ্ঠত্বাভাব ইত্যতআহ স্বতইতি সাক্ষাদিত্যর্থঃ। জ্যেষ্ঠেতি। জ্যেষ্ঠপুত্রকার্য্যং পুন্নামনরকত্রাণং তদকরণাৎ। তর্হি পুত্রিকাকরণং কিমর্থমত আহ স্বপুত্রদ্বারেণেতি। স্বধাকরং ত্রিবিধক্রিয়াকরং অন্যথা স্বধাকরশব্দস্য শ্রাদ্ধকরণমাত্রার্থত্বে দৌহিত্রান্তর-

দৌহিত্রত্ব সম্বন্ধ বিধায় শূদ্রের দাসীপুত্র ও দৌহিত্রের পরস্পর তুল্যাংশই যুক্তিসিদ্ধ ॥ ১০৮ ॥

ইতি অনুলোমজপুত্রবিভাগ।

সম্প্রতি পুত্রিকাকরণান্তর ঔরস পুত্র জন্মাইলে ঐ উভয়ের বিভাগ বিধি কহিতেছি। পুত্রিকা এবং ঔরসপুত্রের সমান অধিকার হইবে তাহাতে পুত্রিকার জ্যেষ্ঠত্বনিবন্ধন বিংশোদ্ধারযোগ্যতা নাই। যথা মনুবচন, পুত্রিকা করণানন্তর যদি পুত্র জন্মে তবে সে স্থলে সমান ভাগ হয়। যেহেতু স্ত্রীজাতির জ্যেষ্ঠত্ব নাই, কারণ সাক্ষাৎ সম্বন্ধে জ্যেষ্ঠপুত্রের কার্য্য পুন্নামনরকত্রাণ, তাহা পুত্রিকা করিতে পারে না, তবে পুত্রিকাকরণের প্রয়োজন এই যে নিজ পুত্রদ্বারা উহার পিণ্ডদাতৃত্ব আছে যথা মনু, অপুত্র ব্যক্তি এই বিধানে কন্যাকে পুত্রিকা করিবে অর্থাৎ ইহার গর্ভে যে পুত্র জন্মাইবে সে আমার বিশিষ্ট স্বধাকর হইবে, এই অভিসন্ধি করিয়া কন্যাদান করিবে। পুত্রিকার গর্ভে প্রথমতঃ পুত্র জন্মাইলে পর যদি পশ্চাৎ ঔরস পুত্র জন্মায় তাহা হইলে পুত্রিকাপুত্রের জ্যেষ্ঠাংশ ভাগিত্ব বলা যাইবে না। কারণ পুত্রিকার পুত্রকে পৌত্র বলিয়া কীর্ত্তন করিয়াছেন। যথা মনু, পুত্রিকা করা হউক বা না হউক কন্যা অনুরূপ পতি হইতে যে পুত্র

মনুঃ। অপুত্রোঽনেন বিধিনা সুতাং কুর্ব্বীত পুত্রিকাং। যদপত্যং ভবেদস্যাং তন্মম স্যাৎ স্বধাকরং। ন চ পুত্রিকায়ামেব প্রথমং পুত্রে জাতে তদনন্তরমৌরসপুত্রোৎপত্তৌ পুত্রিকাপুত্রস্য জ্যেষ্ঠাংশতা ভবেদিতিবাচ্যং তস্য পৌত্রত্বাৎ। তদাহ মনুঃ। অকৃতা বা কৃতা বাপি যং বিন্দেৎ সদৃশাৎ সুতং। পৌত্রী মাতামহস্তেন দদ্যাৎ পিণ্ডং হরেদ্ধনং। পুত্রিকা হি পুত্রস্তস্যাঃ পুত্রঃ পৌত্রএব ভবতি তদ্বাংশ্চ পৌত্রী ভবতি ন চ জ্যেষ্ঠত্বেন পৌত্রস্যাংশাতিরেকঃ শ্রুতোঽস্তি॥ ১০৯॥

যত্তু বশিষ্ঠবচনং। অভ্রাতৃকাং প্রদাস্যামি তুভ্যং কন্যামলঙ্কৃতাং। অস্যাং যো জায়তে পুত্রঃ স মে পুত্রো ভবেদিতি।

---

সাধারণ্যাৎ পুত্রিকাকরণবৈয়র্থ্যাপত্তেঃ। এতেন পুত্রিকাপুত্রসত্ত্বেঽপি পুত্রিকায়া এব প্রেতকৃত্যাধিকারইতিমতমপি নিরস্তমিতি বেদিতব্যং তথাচ পরস্পরয়োপকারার্থমেব পুত্রিকাপুত্রকরণমিতি ভাবঃ। জ্যেষ্ঠাংশতেতি। তস্য সাক্ষাদেব জ্যেষ্ঠপুত্রকার্য্যকরণাদিতি ভাবঃ। পৌত্রত্বাদিতি। আতিদেশিকপৌত্রত্বাদিত্যর্থঃ॥ ১০৯॥

মনুবিরোধাদিতি। ন চ বিনিগমনাবিরহঃ কিং মনুবিরোধাৎ বশিষ্ঠোক্তং পুত্রত্বং গৌণং কিম্বা বশিষ্ঠবিরোধাৎ মনূক্তং পৌত্রত্বমেব গৌণমিতি বাচ্যং মনুস্মৃতেঃ সর্ব্বস্মৃতিপ্রবলত্বস্যৈব বিনিগমকত্বাৎ। পুত্রত্বং পুত্রব্যপদেশঃ। গৌণমিতি। পিণ্ড-

---

লাভ করে তাহাদ্বারা মাতামহ পৌত্রবিশিষ্ট হয়েন এজন্য সে তাঁহার পিণ্ড দিবে এবং ধন লইবে। পুত্রিকাই পুত্র হয়, তাহার পুত্র পৌত্রই হয় তদ্বিশিষ্ট মাতামহ পৌত্রীপুত্র বাচ্য হয়েন, সুতরাং পৌত্রের জ্যেষ্ঠত্ব পুরস্কারে অংশের অধিকার কোন শাস্ত্রেই শ্রুত হয় না॥ ১০৯॥

আর যে বশিষ্ঠবচন আছে যথা তোমাকে ভ্রাতৃবিহীনা অলঙ্কৃতা কন্যাদান করিতেছি ইহাতে যে পুত্র জন্মিবে সে আমার পুত্র হইবে এই বচনে পুত্রিকা পুত্রের যে পুত্রত্ব কহিতেছেন, তাহা মনুবচনের সহিত বিরোধপ্রযুক্ত পিণ্ডদা-

পুত্রিকাপুত্রস্যৈব পুত্রত্বং বদতি তেন পুত্রিকায়াস্তৎপুত্রস্য চ পুত্রত্বং তৎ মনুবিরোধাৎ পিণ্ডদানমাত্রযোগাৎ পুত্রত্বমস্য গৌণং তদ্দ্বারেণৈব পুত্রিকায়াঃ পিণ্ডদাতৃত্বাৎ একস্য স্বতোঽন্যস্য তদযোগাৎ। পুত্রিকৌরসয়োস্তু সবর্ণত্বে সতি পূর্ব্বোক্ত বিভাগো বোদ্ধব্যঃ অসবর্ণত্বে তু তয়োরসবর্ণৌরসপুত্রবদেব

দাতৃত্বস্য মুখ্যপুত্রগুণস্য যোগাৎ গৌণতা বোধ্যা। পিণ্ডদানযোগমেবোপপাদয়তি তদ্দ্বারেণৈবেতি। একস্য পুত্রিকাপুত্রস্য অন্যস্য পুত্রিকাস্বরূপস্য তদযোগাৎ পুত্রযোগাৎ। ন চ পরম্পরয়া পিণ্ডদানাপেক্ষয়া সাক্ষাৎ পিণ্ডদানস্য বলবত্ত্বেন পুত্রিকাপুত্রস্যৈব পুত্রত্বং ন্যায্যং ন তু পুত্রিকায়া ইতি বাচ্যং পুত্রিকায়া অঙ্গজত্বাৎ তদধীনজন্মতয়া চ তৎপুত্রস্য পিণ্ডদানযোগাৎ তস্যা এবোৎকর্ষেণ পুত্রত্বৌচিত্যাৎ। এতন্ন্যায়াদেব অপুত্রিকায়া অপি দুহিতুরভাবএব দৌহিত্রাধিকারং বক্ষ্যতি অন্যথা সাক্ষাদুপকারকতয়া দৌহিত্রস্যৈব প্রাগধিকারাপত্তেঃ অতএব সমস্তত্রেত্যনেন পুত্রিকৌরসয়োরেব সমভাগিতা মনূক্তা ন তু তস্যাঃ পুত্রস্য ঔরসসমভাগিতা কেনাপ্যুক্তেতি ইত্থং চ পুত্রিকাপুত্রএবচেতি দ্বাদশবিধপুত্রগণনায়াং কর্ম্মধারয়ো ন তু তৎপুরুষ ইতি বিভাবনীয়ং। পূর্ব্বোক্তবিভাগইতি। সমভাগ ইত্যর্থঃ। অস-

তৃত্বরূপ মুখ্যপুত্রের গুণযোগ হেতুক গৌণ জানিবে, পুত্রদ্বারাই পুত্রিকার পিণ্ডদাতৃত্ব প্রযুক্ত পুত্রিকার পুত্রের সাক্ষাৎ সম্বন্ধে আর পুত্রিকার পরম্পরা সম্বন্ধে পিণ্ডদাতৃত্ব হইলেও পুত্রিকার অঙ্গজত্ব প্রযুক্ত প্রাধান্য জানিবে। এতন্ন্যায়মূলকই দুহিতার অভাবে দৌহিত্রের অধিকার পরে বলিবেন। পুত্রিকা এবং ঔরসপুত্র সবর্ণ হইলে পূর্ব্বোক্ত সমভাগ হইবে। আর ঔরস পুত্র অসবর্ণ হইলে পুত্রিকা এবং ঔরসের সমানত্বপ্রযুক্ত সবর্ণ ঔরসের সহিত অসবর্ণ অর্থাৎ ক্ষত্রিয়াদি স্ত্রীজাত ঔরসপুত্রের যাদৃশ ভাগ হইয়া থাকে, সেইরূপ তিন দুই একাংশরূপ ভাগ হইবে। আর পুত্রিকা করিলেও যদি সেই পুত্রিকা পুত্রবিহীনা হইয়া বিধবা হয় অথবা বন্ধ্যারূপে অবধারিতা হয় তাহা হইলে সে পুত্রিকার পিতৃধনে অধিকার হইবে না। কারণ স্বধাকর পুত্রের নিমিত্তই পুত্রিকার বিধান

বিভাগঃ পুত্রিকৌরসয়োঃ সমানত্বাৎ। যদি চ কৃতাপি পুত্রিকা পুত্রমনুৎপাদ্যৈব বিধবা ভূতা বন্ধ্যাত্বেন হি বাবধৃতা তদা তস্যাঃ পিতৃধনেঽনধিকারঃ স্বধাকরপুত্রার্থং পুত্রিকায়াঃ কৃতত্বাৎ তদভাবে দুহিত্রন্তরতুল্যত্বাৎ॥ ১১০॥

ঔরসেন তু ক্ষেত্রজাদীনাং বিভাগে যে পিতৃসবর্ণা ঔরসপুত্রাচ্চোত্তমসমবর্ণাঃ পুত্রিকাপুত্রক্ষেত্রজকানীনগূঢ়জাপবিদ্ধসহোঢ়পৌনর্ভবদত্তকস্বয়মুপাগতকৃতকক্রীতাঃ পুত্রাঃ তে ঔর-

---

বর্ণত্বে তু ঔরসস্যাসবর্ণত্বে তু ঔরসশব্দোঽত্র পরিণীতায়াং স্বয়মুৎপাদিতপরঃ ন তু সবর্ণায়াং সংস্কৃতায়াং স্বয়মুৎপাদয়েত্তু যং। ঔরসং তং বিজানীয়াৎ পুত্রং প্রথমকল্পিতমিত্যুক্তৌরসপরঃ তস্য তু অসবর্ণত্বাসম্ভবাৎ। অসবর্ণে ৌরসপুত্রবদিতি। সবর্ণে ৌরসেন সহ অসবর্ণে ৌরসস্য ক্ষত্রিয়াদের্যাদৃশস্ত্রিভোকাংশরূপোভাগঃ তাদৃশইত্যর্থঃ। দুহিত্রন্তরতুল্যত্বাদিতি। এতাবতা যথা বন্ধ্যায়ামপুত্রিকায়াং তদনন্তরাধিকাধিকারিণো গৃহ্নীয়ুস্তথা পুত্রিকায়ামপীতি প্রতিপাদিতং॥ ১১০॥

দ্বাদশপুত্রানিতি। পুত্রিকয়া সহেত্যর্থঃ। আত্মজাঃ ঔরসপৌনর্ভবপুত্রিকাঃ। পরজাঃ ক্ষেত্রজাঃ। লব্ধাঃ দত্তক্রীতসহোঢ়কানীনকৃত্রিমাঃ। যাদৃচ্ছিকাঃ অযত্নো-

---

হইয়াছে, সেই পুত্রের অভাব হইলে সেই পুত্রিকা সামান্য দুহিতার তুল্যা অর্থাৎ অপুত্রিকা দুহিতা অনপত্যা বিধবা অথবা বন্ধ্যা হইলে যেমন অনন্তরাধিকারিরা তৎপিতৃধন গ্রহণ করে, পুত্রিকাস্থলেও ঐরূপ ব্যবস্থা হইবে॥ ১১০॥

ঔরসের সহিত ক্ষেত্রজপ্রভৃতি পুত্রগণের বিভাগস্থলে যাহারা পিতার সবর্ণ হইয়া ঔরসপুত্রের সমান বর্ণ অথবা উহা অপেক্ষা উত্তম বর্ণ হইবে তাহারা ঔরসপুত্রভাগের তৃতীয়াংশভাগী হইবে। যথা ঔরস, পুত্রিকাপুত্র, ক্ষেত্রজ, কানীন, গূঢ়জ, অপবিদ্ধ, সহোঢ়জ, পৌনর্ভব, দত্তক, স্বয়মুপাগত, কৃতক, এবং ক্রীত এই দ্বাদশ প্রকার পুত্র গণনা করিয়া দেবল মুনি বলিতে-

সপুত্রভাগস্য তৃতীয়াংশভাগিনঃ। তদাহ দ্বাদশপুত্রানভিধায় দেবলঃ। এতে দ্বাদশপুত্রাস্তু সন্তত্যর্থমুদাহৃতাঃ। আত্মজাঃ পরজাশ্চৈব লব্ধা যাদৃচ্ছিকাস্তথা। তেষাং ষট্ বন্ধুদায়াদাঃ পূর্ব্বেঽন্যে পিতুরেব ষট্। বিশেষশ্চাপি পুত্রাণামানুপূর্ব্ব্যা-দ্বিশিষ্যতে। সর্ব্বে হ্যনৌরসস্যৈতে পুত্রা দায়হরাঃ স্মৃতাঃ। ঔরসে পুনরুৎপন্নে তেষু জ্যৈষ্ঠং ন বিদ্যতে। তেষাং সবর্ণা যে পুত্রাস্তে তৃতাংশভাগিনঃ। হীনাস্তমুপজীবেয়ুর্গ্রাসা-চ্ছাদনসম্ভৃতাঃ। ঔরসাদয়ঃ ষট্ ন কেবলং পিতৃদায়হরাঃ কিন্তু বন্ধূনামপি সপিণ্ডাদীনাং দায়হরাঃ অন্যে পরভূতাঃ

পস্থিতাঃ অপবিদ্ধস্বয়মুপাগতগূঢ়োৎপন্নাঃ। যে পিতৃসবর্ণা ইতি। ব্রাহ্মণস্য ব্রাহ্মণ্যাং জাতঃ ক্ষেত্রজঃ ঔরসক্ষত্রিয়াবৈশ্যাপুত্রাপেক্ষয়া উত্তমবর্ণঃ পিতুঃ সবর্ণঃ পিতৃসবর্ণ ইত্যেবমাদয়ইত্যর্থঃ। অয়মেবেতি। ঔরসেন সহ তেষাং যোবিভাগক্রমঃ তৃতী-য়াংশক্রমঃ স এব পুত্রিকয়াপি সহেত্যর্থঃ। এতদর্থমেব স্বয়ং কৃতদ্বাদশবিধপুত্র-গণনায়াং পুত্রিকায়াঃ প্রথমমুদ্দেশইতি বোধ্যং। গুণবদ্গুণতরেতি। সগুণত্ব-নির্গুণত্বাভ্যামিত্যর্থইতি সম্প্রদায়ঃ বস্তুতঃ পিতুর্হীনবর্ণস্য ঔরসসবর্ণত্বে ষষ্ঠাংশিতা তস্মাদুত্তমবর্ণত্বে' পঞ্চমাংশিতা যুক্তা পিতুর্হীনবর্ণস্য ঔরসসবর্ণস্য বিভাগানুক্তেরমধ্য-

ছেন যথা, এই দ্বাদশ প্রকার পুত্র বংশ রক্ষার নিমিত্ত উক্ত হইল। ইহার-মধ্যে ঔরস পৌনর্ভব ও পুত্রিকা এই তিনটি আত্মজাত, ক্ষেত্রজ পুত্রটি পর-জাত, আর দত্ত, ক্রীত, সহোঢ়, কানীন, কৃত্রিম, এই পাঁচটি লব্ধ। আর অপ-বিদ্ধ, স্বয়মুপাগত, ও গূঢ়োৎপন্ন এই তিনটি যাদৃচ্ছিক অর্থাৎ অযত্নোপস্থিত হয়। তন্মধ্যে প্রথম ছয়টি পুত্র সপিণ্ডাদির ধনও পায়; পরে ছয়টি পিতারই ধনভাগী হয় সপিণ্ডাদির ধনাধিকারী হয় না। আর আনুপূর্ব্বীক্রমে পুত্রগণের বিশেষ কথিত হইতেছে। ঔরসপুত্র না থাকিলে সকল পুত্রই পিতার সকল ধন পায়, ঔরসপুত্র জন্মিলে অন্যপুত্রের শ্রেষ্ঠত্ব থাকে না। ঔরস সত্ত্বে

পিতুরেব পরং দায়হরাঃ* ন সপিণ্ডাদীনাং ঔরসপুত্রশূন্যস্য পিতুঃ সর্ব্বহরাঃ ঔরসে সতি যে পিতৃসবর্ণাস্তে তৃতীয়াংশ-হরাঃ। পুত্রিকায়া অপি ঔরসতুল্যত্বাদয়মেব ভাগক্রমঃ। যে তু পিতুর্হীনবর্ণা ঔরসপুত্রাচ্চোত্তমবর্ণাস্তে ঔরসস্য পঞ্চমং ষষ্ঠং বাংশং গুণবদ্‌গুণতয়া গৃহ্লীয়ুঃ। যথা মনুঃ। ষষ্ঠন্তু ক্ষেত্রজস্যাংশং প্রদদ্যাৎ পৈতৃকাদ্ধনাৎ। ঔরসো বিভজন্ দায়ং পিত্র্যং পঞ্চমমেব বা। দেবলবচনেন সর্ব্বেষাং ক্ষেত্রজ-তুল্যত্বাভিধানাৎ মনুবচনে ক্ষেত্রজপদমুপলক্ষণং ॥ ১১১॥

বসায়াপত্বেরিতি বোধ্যং। গুণবদ্‌গুণাপেক্ষয়েতিপাঠে অগুণোনির্গুণঃ তেন গুণবন্নির্গুণরূপবিষয়ভেদাদিত্যর্থঃ। তুল্যত্বাদিতি। তুল্যাংশিত্বপ্রতিপাদনাদি-ত্যর্থঃ॥ ১১১ ॥

ক্ষেত্রজাদিপুত্রেরা যদি পিতার সবর্ণ হয় তবে তাহারা ঔরসের তৃতীয়াংশ প্রাপ্ত হয়। আর হীনজাতীয় হইলে কেবল অন্নাচ্ছাদন পাইবে। পুত্রিকা পুত্রেরও ঔরসতুল্যত্ব প্রযুক্ত তাহাব সঙ্গে বিভাগেরও অনুষ্ঠান ঐরূপ অর্থাৎ পুত্রিকার সহিত ক্ষেত্রজাদিপুত্রের বিভাগস্থলে ক্ষেত্রজাদিপুত্রেরা পুত্রিকার তৃতীয়াংশ প্রাপ্ত হইবে। আর যাহারা পিত্রপেক্ষা হীনবর্ণ হইয়া ঔরসপুত্রা-পেক্ষা উত্তমবর্ণ হয় তাহারা সগুণ হইলে ঔরসপুত্রের পঞ্চমাংশ এবং নির্গুণ হইলে ষষ্ঠাংশ পাইবে। ফলতঃ পিতার হীনবর্ণ অথচ ঔরসাপেক্ষা উত্তমবর্ণ হইলে পঞ্চম ভাগ এবং পিত্রপেক্ষা নীচ, কিন্তু ঔরসপুত্রের সমান বর্ণ হইলে ষষ্ঠাংশ পাইবে যথা মনু, ঔরসপুত্র পিতৃধনবিভাগে প্রবৃত্ত হইয়া তদ্ধন হইতে ক্ষেত্র-জাদি পুত্রকে সগুণ নির্গুণাদি ভেদে পঞ্চম অথবা ষষ্ঠভাগ দিবে। দেবল বচনে সকলপুত্রের ক্ষেত্রজতুল্যত্ব কথন হেতুক মনুবচনে ক্ষেত্রজ পদ উপলক্ষণ বুঝিতে হইবে॥ ১১১ ॥

যে তু পিতুরৌরসাচ্চ ভ্রাতুর্হীনবর্ণাস্তে গ্রাসাচ্ছাদনমাত্রাধিকারিণঃ। তদাহ মনুঃ। এক এবৌরসঃ পুত্রঃ পিত্র্যস্য বসুনঃ প্রভুঃ। শেষাণামানৃশংস্যার্থং প্রদদ্যাত্তু প্রজীবনং। তথা কাত্যায়নঃ। উৎপন্নে ত্বৌরসে পুত্রে তৃতীয়াংশহরাঃ স্মৃতাঃ। সবর্ণা অসবর্ণাস্তু গ্রাসাচ্ছাদনভাগিনঃ। মনুবচনে শেষপদং-কাত্যায়নবচনে চাসবর্ণপদং হীনবর্ণপরং দেবলেনৈকবাক্যত্বাৎ। অনিয়োগোৎপন্নক্ষেত্রজস্য ঔরসেন সহ বিভাগমাহ মনুঃ। যদ্যেকঋক্থিনৌ স্যাতামৌরসক্ষেত্রজৌ সুতৌ। যদ্যস্য

আনৃশংস্যং অনুকম্পা তদর্থং তন্নিমিত্তকমিত্যর্থঃ তেন জীবনদানেঽপি ইচ্ছামাত্রং প্রযোজকং ন তু তেষামধিকারইতি ভাবঃ। জীবনং ভরণং। হীনবর্ণপরমিতি। ন তূত্তমবর্ণপরমপি। দেবলেনেতি। তেন উত্তমবর্ণস্য ভাগিতায়া হীনবর্ণস্য গ্রাসাচ্ছাদনমাত্রস্য চোক্তত্বাদিতি ভাবঃ। অনিয়োগোৎপন্নেতি।

যে ক্ষেত্রজাদি পুত্র, পিত্রপেক্ষা এবং ঔরসপুত্রাপেক্ষা হীনবর্ণ হয়, তাহারা কেবল অন্নাচ্ছাদনমাত্র পায়। যথা মনু, এক ঔরসপুত্রই পিতার সমস্তধনের প্রভু হয়, অবশিষ্ট পুত্রগণকে কৃপা করিয়া জীবিকা প্রদান করিবে। তথা কাত্যায়ন, ঔরসপুত্র জন্মাইলে প্রতিনিধি পুত্রেরা তৃতীয়াংশভাগী হয়, যদি তাহারা সমানজাতীয় হয়, আর পিতা এবং ঔরসপুত্র অপেক্ষা হীন জাতীয় হয় তবে অংশ পায় না, কেবল গ্রাসাচ্ছাদন পায়। উক্ত মনুবচনে শেষ এই শব্দটি এবং কাত্যায়নবচনে, অসবর্ণ এই শব্দটি হীনজাতীয় বুঝায়, যেহেতু দেবলবচনে, ঐরূপ উক্ত হইয়াছে তাহার সঙ্গে একবাক্যতা করায় ঐ অর্থ হইল। আর যদি নিয়োগ ব্যতিরেকে কোন ব্যক্তি শুল্ক দিয়া পরক্ষেত্রে ক্ষেত্রজ পুত্রোৎপাদন করে তাহা হইলে ঐ ক্ষেত্রজ পুত্র বীজির ঔরসের নিকট হইতে তৃতীয়াংশ পাইবে, এবং ঔরস না থাকিলে বীজির সমগ্র ধনই পাইবে। যথা মনু, যদি ঔরস পুত্র এবং ক্ষেত্রজ পুত্র একের ধনে বিবাদী হয়, তাহা হইলে তন্মধ্যে যাহা যাহার পিতৃধন তাহাই সে গ্রহণ করিবে অন্যে

পৈতৃকং ঋকৃথং স তদ্‌গৃহ্লীত নেতরঃ। যস্য বীজাদ্‌যো-জাতঃ স তস্য ধনং গৃহ্লীয়াৎ ইতরোঽন্যবীজজো ন গৃহ্লীয়া-দিত্যর্থঃ। অতএব নারদঃ। দ্বৌ সুতৌ বিবদেয়াতাং দ্বাভ্যাং জাতৌ স্ত্রিয়া ধনে। তয়োর্যদ্‌যস্য পিত্র্যং স্যাৎ স তদ্‌গৃহ্লীত নেতরঃ। যৎপিতৃদত্তং যদ্ধনং স্ত্রিয়াস্তৎপুত্র-স্তদ্বীজজস্তদ্ধনং গৃহ্লীয়াৎ নান্য ইত্যস্তু কিং বিস্তরেণ॥ ১১২॥

অথাপুত্রস্য মৃতস্য ধনে পরস্পরবিরুদ্ধবচনদর্শনেন ব্যাখ্যা-তারো বিবদন্তে। তথা বৃহস্পতিঃ। আম্নায়ে স্মৃতি তন্ত্রে

ঔরসমুৎপাদ্য ক্ষেত্রিণি মৃতে তস্মিন্নেব ক্ষেত্রেঽন্যেন শুল্কং দত্ত্বা য উৎপাদিতঃ তদৌরসেন সহেত্যর্থঃ। শুল্কাদানে তু স ক্ষেত্রিণএব পুত্রো ন বীজিনঃ তেন তস্য ন বীজিধনাধিকারিতা কিন্তু ক্ষৈত্রিণ এব ধনে ঔরসতৃতীয়াংশহারিতেতি। "অশুল্কোপহৃতায়ান্তু পিণ্ডদা বোঢ়ুরেব তে" ইত্যুক্তেরিতিবোধ্যং॥ ১১২॥

অথেতি। পুত্রাধিকারনিরূপণানন্তরমিত্যর্থঃ। ধনে ধনাধিকারবিষয়ে। বিবদন্তইতি। পত্ন্যা ভ্রাত্রাদেঃ পূর্ব্বমধিকারঃ ভ্রাতুঃ পত্নীতঃ পূর্ব্বমধিকার ইতি

লইবে না অর্থাৎ যাহার বীজ হইতে যে জন্মিয়াছে সে তাহার ধন লইবে অন্যের বীজজাত পুত্র লইবে না। অতএব নারদবচন, যথা এক স্ত্রীর গর্ভে দুই জন হইতে যদি দুই পুত্র জন্মিয়া মাতৃধন লইয়া বিবাদ করে সেস্থলে তাহাদের মধ্যে যাহার পিতা যাহা দিয়াছে সে তাহাই গ্রহণ করিবে, অর্থাৎ স্ত্রীধনরূপে যেধন যাহার পিতা দিয়াছে তদ্বীজজাত পুত্র তদ্ধন লইবে, অন্যে লইবে না। আর নিয়োগ ব্যতিরেকে শুল্কদান না করিয়া অন্যক্ষেত্রে অন্যে পুত্রোৎপাদন করিলে সেই ক্ষেত্রজপুত্র নিয়োগোৎপন্ন ক্ষেত্রজের ন্যায় ক্ষেত্রি-রই পুত্র হইবে বীজির পুত্র হইবে না, তাহার প্রমাণ, টীকায় দ্রষ্টব্য আর বাহুল্যের প্রয়োজন নাই॥ ১১২॥

আর অপুত্রক অর্থাৎ পুত্র পৌত্র প্রপৌত্র হীন মৃতব্যক্তির ধনবিষয়ে

চ লোকাচারে চ সূরিভিঃ। শরীরার্দ্ধং স্মৃতা জায়া পুণ্যাপুণ্যফলে সমা। যস্য নোপরতা ভার্য্যা দেহার্দ্ধং তস্য জীবতি। জীবত্যর্দ্ধশরীরেঽর্থং কথমন্যঃ সমাপ্নুয়াৎ সকুল্যৈর্ব্বিদ্যমানৈস্তু পিতৃমাতৃসনাভিভিঃ। অসুতস্য প্রমীতস্য পত্নী তদ্ভাগহারিণী। পূর্ব্বং প্রণীতাগ্নিহোত্রং মৃতে ভর্ত্তরি তদ্ধনং। বিন্দেৎ পতিব্রতা সাধ্বী ধর্ম্মএষ সনাতনঃ। জঙ্গমং স্থাবরং হেম কুপ্যং ধান্যং রসাহম্বরং। আদায় দাপয়েৎশ্রাদ্ধং মাস-

বিরুদ্ধং ভাষন্তইত্যর্থঃ। বিরুদ্ধবচনান্যাহ তথেত্যাদি। আম্নায়তে অভ্যস্যত-ইত্যাম্নায়োবেদঃ। পুণ্যেতি একৈকক্রতে যে পুণ্যাপুণ্যকর্ম্মণী বিহিতনিষিদ্ধকর্ম্মণী তয়োঃ ফলে স্বর্গনরকরূপে ভোক্তৃত্বেন সমেত্যর্থঃ ইদঞ্চ শরীরার্দ্ধমিত্যুক্তাভেদে হেতুঃ স্বকর্ম্মফলভোগস্য স্বানতিরিক্তস্যৈবৌৎসর্গিকত্বাৎ দেহার্দ্ধমিতি। দেহার্দ্ধেন প্রত্যক্ষতয়া স জীবতীত্যর্থঃ। সকুল্যৈঃ সনাভিভিরিতি তৃতীয়াদ্বয়ং সপ্তম্যর্থে তেন সকুল্যাদিষু সৎস্বিত্যর্থঃ। সনাভয়ঃ সহোদরাঃ। প্রমীতস্য মৃতস্য। পতি-

পরস্পর বিরুদ্ধ বচন দর্শনে ব্যাখ্যাকর্ত্তারা বিবাদ করেন অর্থাৎ অনেকে বলেন ভ্রাতৃপ্রভৃতির পূর্ব্বেই পত্নীর অধিকার হইবে। কেহ কেহ বলেন পত্নীর পূর্ব্বেই ভ্রাতার অধিকার হইবে। এইরূপ নিবন্ধকারেরা পরস্পর বিরুদ্ধ মত করেন। তাহাতে বৃহস্পতিবচন, যথা বেদ, স্মৃতি, তন্ত্র, ও লোকাচার সর্ব্বত্রই পত্নীকে শরীরের অর্দ্ধস্বরূপ করিয়া বলিয়াছেন, যেহেতু পত্নী পরস্পর কৃত ধর্ম্মাধর্ম্মের ফলস্বরূপ স্বর্গ ও নরক ভোগ করণে সমানাধিকারিণী হয়। যে পুরুষের স্ত্রীবিয়োগ হয় নাই, তাহার অর্দ্ধ দেহ জীবিত থাকে, সুতরাং অর্দ্ধ শরীর জীবিত থাকিতে তাহার ধন অন্যে কিরূপে লইতে পারে। পিতা মাতা জ্ঞাতি ও সকুল্য বিদ্যমান থাকিলেও নিঃসন্তান মৃতপতির ধন ভাগিনী পত্নীই হইবে। পতিশুশ্রূষারতা সাধ্বী স্ত্রী পতির জীবদ্দশায় মন্ত্র সংস্কৃত অগ্নিহোত্র লাভ করিবে, আর তাঁহার মৃত্যু হইলে তদীয় ধন প্রাপ্ত হইবে এই সনাতন ধর্ম্ম। সাধ্বী স্ত্রীর পতিধনাদিতে অধিকার বলায় ব্যভিচা-

ষাণ্মাসিকাদিকং। পিতৃব্যগুরুদৌহিত্রান্ ভর্ত্তুঃ স্বস্রীয়মাতুলান্। পূজয়েৎ কব্যপূর্ত্তাভ্যাং বৃদ্ধানাথাতিথীন্ স্ত্রিয়ঃ। তৎসপিণ্ডা বান্ধবা বা যে তস্যাঃ পরিপন্থিনঃ। হিংস্যুর্ধনানি তান্ রাজা চৌরদণ্ডেন শাসয়েৎ॥ ১১৩॥

তদেতৈঃ সপ্তবচনৈরপুত্রস্য মৃতস্য যদ্যাবদ্ধনং স্থাবর জঙ্গমহেমাদিকং ভর্ত্তুস্তৎ সর্ব্বং সোদরভ্রাতৃপিতৃব্যদৌহিত্রা-

---

ব্রতা পতিশুশ্রূষাব্রতা ন তু "মৃতে ম্রিয়েত যা পত্যৌ সাধ্বী জ্ঞেয়া পতিব্রতে" ত্যুক্তপতিব্রতামরণেনৈব তস্মিন্পত্তেরত্রাসম্ভবাৎ। সাধ্বী অব্যভিচারিণী. তেন তদ্বিপরীতানামধিকারনিবৃত্তিঃ। সনাতনোঽনাদিপরম্পরাগতঃ। কুপ্যং সুবর্ণ-রূপ্যাভ্যামন্যত্তৈজসং লৌহাদি। অম্বরং বস্ত্রং। আদায় স্বীকৃত্য। দাপয়েদিতি স্বার্থে ণিচ্। মাসষাণ্মাসিকেত্যনেন পার্ব্বণনিষেধঃ। আদিনা আদ্যাদিপ্রেত-শ্রাদ্ধান্তরপরিগ্রহঃ। পিতৃব্যেতি দ্বিতীয়াস্তদ্বয়ং ভর্ত্তুরিত্যত্রাম্বেতি। কব্যং মৃতোদ্দেশেন ত্যক্তং। পূর্ত্তং অন্নপানাদি॥ ১১৩॥

সপ্তবচনৈরিতি। সপ্তানামেব বচনানাং পত্ন্যধিকারতাৎপর্য্যকত্বাদিতি ভাবঃ।

---

রিণীর অধিকার নিবৃত্তি প্রতিপাদিত হইল। আর স্থাবর, জঙ্গম, সুবর্ণ, কুপ্য অর্থাৎ স্বর্ণরূপ্য ভিন্ন তৈজস, রস ও বস্ত্র এই সকল পতিধন লইয়া পত্নী পতির আদ্যকৃত্য ও মাসিক ষাণ্মাসিকাদি শ্রাদ্ধ দান করিবে। ইহা বলায় স্ত্রীর পার্ব্বণ শ্রাদ্ধাচরণ নিষিদ্ধ হইল। এবং ভর্ত্তার পিতৃব্য, গুরুলোক দৌহিত্র, ভাগিনেয় ও মাতুলদিগকে শ্রাদ্ধীয় দ্রব্য ও অন্নপানাদিদ্বারা পূজা করিবে, এবং বৃদ্ধ অনাথ, অতিথি এবং অশরণা স্ত্রী ইহাদিগকে যথাশক্তি অন্নদানাদি-দ্বারা পরিতৃপ্ত করিবে। এবং তদীয় সপিণ্ড অথবা বান্ধবগণ যাহারা ঐ স্ত্রীলোকের বিপক্ষ হইয়া ধনহানি করে তাহাদিগকে রাজা চৌরদণ্ডদ্বারা শাসিত করিবেন॥ ১১৩॥

এতাবতা এই সাতটি বচনদ্বারা পুত্রাদি বিহীন মৃতপতির স্থাবর জঙ্গম সুবর্ণাদি সমস্তধন ভ্রাতা, পিতৃব্য এবং দৌহিত্র প্রভৃতি থাকিলেও পত্নীরই প্রাপ্য

দিষু সৎস্বপি পত্ন্যাএবেতি যে তু তদ্ধনগ্রহণে প্রতিপক্ষাঃ স্বয়মেব বা গৃহ্লন্তি তে চৌরবদ্দণ্ডনীয়া ইতিব্রুবাণো বৃহস্পতিঃ পত্নীসদ্ভাবে পিতৃভ্রাতৃপ্রভৃতীনাং ধনাধিকারং সুদূরং নিরস্যতি। তথা যাজ্ঞবল্ক্যঃ। পত্নী দুহিতরশ্চৈব পিতরৌ ভ্রাতরস্তথা। তৎসুতোগোত্রজোবন্ধুঃ শিষ্যঃ সব্রহ্মচারিণঃ। এষামভাবে পূর্ব্বস্য ধনভাগুত্তরোত্তরঃ। স্বর্যাতস্য হ্যপুত্রস্য সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিঃ। অনেন পূর্ব্বপূর্ব্বস্যাভাবে পরপরস্যাধিকারং বদন্ সর্ব্বেভ্যঃ পূর্ব্বং পত্ন্যাএব ধনাধিকারমভিধত্তে। তথা বিষ্ণুঃ। অপুত্রস্য ধনং পত্ন্যভিগামি তদভাবে দুহিতৃগামি তদভাবে পিতৃগামি তদভাবে মাতৃগামি তদভাবে ভ্রাতৃগামি তদভাবে ভ্রাতৃপুত্রগামি তদভাবে সকুল্যগামি তদভাবে বন্ধুগামি তদভাবে শিষ্যগামি তদভাবে সহাধ্যায়িগামি তদভাবে ব্রাহ্মণধনবর্জ্জং রাজগামি। অনেনাপি ক্রমপরেণ প্রথমং পত্ন্যাএব ধনাধিকারো নিরূপিতঃ॥ ১১৪॥

---

সব্রহ্মচারিণঃ একদৈকগুবোরধ্যয়নেন বেদাভ্যাসেন চ সমানব্রতাচারিণঃ। পূর্ব্বস্যেতিবীপ্সিতং। স্বর্যাতস্য মৃতস্য। উপলক্ষণমেতৎ পতিতাদেরপি বোধ্যং॥ ১১৪॥

---

হইবে। আর যাহারা ঐ স্ত্রীর পতিধনাধিকাবে বিপক্ষতাচরণ করে অথবা ঐধন আপনারাই গ্রহণ করে তাহারা চৌরবৎ দণ্ডনীয় হয়, এইরূপ বলিয়া বৃহস্পতি, পত্নীসত্বে পিতৃ ও ভ্রাতৃ প্রভৃতির ধনাধিকার সুদূরে নিরস্ত করিলেন। তথা যাজ্ঞবল্ক্যমুনি, পত্নী; দুহিতা, পিতা, মাতা, ভ্রাতা, ভ্রাতৃপুত্র, গোত্রজ বন্ধু, শিষ্য, এবং সতীর্থ ইহাদের মধ্যে পূর্ব্বপূর্ব্বের অভাবে পর পর ব্যক্তি নিঃসন্তান মৃতধনির ধনাধিকারী হয়, এই বিধান সর্ব্ব বর্ণেই সমান অর্থাৎ জাতিভেদে কিছুমাত্র ভেদ নাই। এই বচনদ্বারা পূর্ব্বপূর্ব্বের অভাবে পরপরের

ন চ বর্ত্তনোপযুক্তধনমাত্রাধিকারার্থং পত্নীবচনমিতি বাচ্যং সকৃচ্ছ্রুতস্য ধনপদস্য পত্ন্যপেক্ষমকৃৎস্নপরত্বং কৃৎস্নপরত্বঞ্চ ভ্রাত্রাদ্যপেক্ষমিতি তাৎপর্য্যভেদস্যান্যায্যত্বাৎ। অতঃ কৃৎস্নধনগোচরএব পত্ন্যা অধিকারো বাচ্যঃ। তথা বৃহন্মনুঃ। অপুত্রা শয়নং ভর্ত্তুঃ পালয়ন্তী ব্রতে স্থিতা। পত্ন্যেব দদ্যাৎ তৎপিণ্ডং কৃৎস্নমংশং লভেত চ। তৎপিণ্ডমিত্যতস্তদিত্যনুষজ্যতে তচ্ছব্দেন ভর্ত্তুঃ পরামর্ষাৎ ভর্ত্তুঃ কৃৎস্নমংশং পত্নী লভেত ন তু স্বাংশকৃৎস্নমিত্যর্থঃ কৃৎস্নস্বাংশোদ্দেশেন

সকৃচ্ছ্রুতস্যেতি। একস্য ধনপদস্য পত্ন্যন্বয়ে বর্ত্তনোচিতধনবোধকত্বং ভ্রাত্রাদ্যন্বয়ে চ কৃৎস্নধনবোধকত্বং ন সম্ভবতীত্যর্থঃ। ভর্ত্তুঃ শয়নং পালয়ন্তী তদীয়শয়নে পুরুষান্তরং বারয়ন্তী অব্যভিচারিণীতি যাবৎ। ব্রতে পারলৌকিকভর্ত্রুপকারে স্থিতা উদ্যুক্তা। ব্রতে একাদশ্যাদিব্রতে স্থিতা তৎকারিণীত্যর্থঃ ইতি কেচিৎ তদসৎ ভর্ত্তৃমরণক্ষণে তদসম্ভবাৎ। তৎপিণ্ডং ভর্ত্তৃপিণ্ডং। অনুষজ্যতইতি। যদ্যপি সমাসস্থবিশেষণপদস্য অনুষঙ্গো ব্যুৎপত্তিবিরুদ্ধঃ অন্যথা চৈত্র পটমপনয় ঘটমানয়েত্যাদৌ চৈত্রস্যানুসঙ্গেন ঘটানয়নাপত্তেঃ তথাপি তদিতি ষষ্ঠ্যন্তমব্যয়মিত্যভিপ্রায়ঃ। আকাঙ্ক্ষাসত্ত্বে সমাসস্থস্যাবৃত্তৌ বাধকাভাবঃ ভর্ত্তুরিত্যস্যানুষঙ্গস্ত

অধিকার প্রতিপাদন করিয়া সর্ব্বাগ্রে পত্নীর অধিকার বলেন। তথা বিষ্ণু ঋষি, অপুত্রের ধন পত্নীগামি হয় তাহাব অভাবে দুহিতৃগামি, তদভাবে পিতৃগামি তদভাবে মাতৃগামি, তদভাবে ভ্রাতৃগামি, তদভাবে সকুল্যগামি, তদভাবে বন্ধুগামি, তদভাবে শিষ্যগামি, তদভাবে সহাধ্যায়িগামি, তদভাবে ব্রাহ্মণধন ব্যতিরিক্ত রাজগামি হয়। এই ক্রমবিধায়ক বচনদ্বারাও প্রথমে পত্নীরই অধিকার নিরূপণ করিলেন ॥ ১১৪ ॥

ভাল, পত্নীর অধিকার বোধক বচনে স্ত্রীর গ্রাসাচ্ছাদনোপযুক্ত ধনমাত্রই প্রাপ্য ইহা বোধিত হউক না কেন, ইহা বলিতে পারনা। কেননা একটি ধন-

লভেতেতি বিধানানুপপত্তেঃ স্বামিভাবজ্ঞাপনার্থত্বাদস্য ন চ স্বাংশে স্বামিভাবজ্ঞাপনমর্হতি স্বাংশজ্ঞাপনেনৈব জ্ঞাতত্বাৎ ন চ গ্রহণবিধানার্থং তদিতি বাচ্যং স্বধনগ্রহণস্য রাগাদের

ব্যবহিতত্বাদসম্ভবতীতি চূড়ামণিঃ। বস্তুতঃ তদিত্যর্থপরং ইত্যতইত্যনন্তরং উপস্থিতমিতি শেষঃ তথাচ তদ্ভর্তৃস্বরূপমনুষজ্যতে অংশশব্দস্য সসম্বন্ধিকতয়া বুৎপত্তিবলেনোপস্থিতত্বাৎ সম্বন্ধিতয়া অন্বীয়তইত্যর্থঃ। নমু তদ্বাক্যঘটকপদোপস্থিতায়াঃ পত্ন্যা এবান্বয়োযুক্তঃ ন তু ভিন্নবাক্যোপস্থিতস্য ভর্ত্তুঃ তথাচ পত্নী স্বাংশং কৃৎস্নং বর্ত্তনোচিতং লভেত ইত্যেবার্থঃ কিং ন স্যাদতআহ ন ত্বিতি। অনুপপত্তৌ হেতুমাহ স্বামিভাবেতি। স্বত্বজ্ঞাপনার্থত্বাদিত্যর্থঃ। অস্য বচনস্য। ন চ ন হি। স্বাংশে স্বত্বেন জ্ঞাতে। জ্ঞাতত্বাদিতি। তথাচ প্রাপ্তত্বাদ্বিধিত্বাসম্ভবে বৈয়র্থ্যং নিরাকাঙ্ক্ষত্বং চেতি ভাবঃ। ন চ গ্রহণেতি। তথাচ গ্রহণবিধিরয়ং ন স্বত্ববিধিরিতি

পদের পত্ন্যধিকার স্থলে অসমগ্র রূপতা এবং ভ্রাত্রাদির অধিকার স্থলে, সমগ্ররূপতা এইরূপ তাৎপর্য্যের ভেদ হইতে পারে না। অতএব পতির সমগ্রধনেই পত্নীর অধিকার বলিতে হইবে। তথাহি বৃহস্মনু, নিঃসন্তানা স্ত্রী, পতিশয্যাপালন, করতঃ অর্থাৎ ব্যভিচারিণী না হইয়া ও পতির পারত্রিক উপকারক কর্ম্মে তৎপরা থাকিয়া সেই পতির পিণ্ডদান করিবে ও সমগ্র অংশ গ্রহণ করিবে। এই বচনে তৎপিণ্ডং, এইপদ হইতে ভর্ত্তার উপস্থিতি কারক তদ্ শব্দের অনুষঙ্গ অর্থাৎ পুনর্ব্বার অংশ পদের সঙ্গে অন্বয় করায় ভর্ত্তার সমগ্র অংশ পত্নী লইবে এইরূপ অর্থ করাই কর্ত্তব্য। নচেৎ স্ত্রী আপনার সমগ্র অংশ লইবে এরূপ অর্থ হইতে পারে না। যেহেতু আপনার অংশের উদ্দেশে লইবে এরূপ বিধি হইতে পারে না, কারণ অপ্রাপ্ত বিষয়েরই বিধি প্রাপ্ত বিষয়ের বিধি হইতে পারে না, স্বামিত্ব জ্ঞাপনই এই বচনের অর্থ। সুতরাং স্বকীয় অংশে স্বামিত্ব লাভ করিবে এই বিধি করা উচিত হয় না। কারণ স্বকীয় অংশ বুলিলেই স্বামিত্ব জ্ঞান হইয়া যায় সুতরাং স্বত্বাস্পদীভূত অংশের গ্রহণ ইচ্ছাধীনই প্রাপ্ত হয়। এজন্য স্বাংশগ্রহণের বিধিও বলিতে পার না, আর

প্রাপ্তত্বাৎ ন চ নিয়মার্থং বচনমিতি বাচ্যং অদৃষ্টার্থত্বাপত্তেঃ নিয়মে চ নিযোজ্যাদিকল্পনমপি স্যাৎ ॥ ১১৫ ॥

যচ্চোক্তং ন হ্যনন্ধাদিঃ পুত্রোঽংশং কৃৎস্নং লভেত ইত্যুক্তে পিত্র্যং কৃৎস্নমংশমিতি কিং তর্হি কৃৎস্নং স্বাংশমিতি তথাত্রাপি কৃৎস্নং স্বাংশাপেক্ষমিতি তন্ন অনন্ধাদিঃ পুত্রোঽংশং কৃৎস্নং লভেতেতি বচনাভাবাৎ দৃষ্টান্তানুপপত্তেঃ ভবতু

---

ভাবঃ। গ্রহণং যথেষ্টবিনিয়োগলক্ষণং। রাগাদেবেতি। তথাপি বিধিত্বাসম্ভবস্তদবস্থএবেতি ভাবঃ। নিয়মার্থমিতি। স্বাংশং গৃহ্নীয়াদেবেতি নিয়মার্থমিত্যর্থঃ। অদৃষ্টেতি। বিধিনিয়মিতস্য নিত্যতয়া তস্মাৎ পঞ্চনিত্যাপূর্ব্বং কল্পনীয়ং তচ্চ দৃষ্টার্থত্বে সম্ভবতি গৌরবাদন্যায্যমিতি ভাবঃ। গৌরবান্তরমপ্যাহ নিয়মে চেতি। নিযোজ্যেতি। মমেদং কার্য্যমিতি বোদ্ধা নিযোজ্যঃ। গুরুমতে স্বর্গকামোযজেতেত্যাদৌ স্বর্গকামনিযোজ্যকযাগবিষয়কং কার্য্যমিতি বোধস্য সিদ্ধত্বেন প্রকৃতেঽপি নিত্যত্বেন প্রত্যবায়পরীহারফলকামরূপনিযোজ্যকল্পনং আদিপদাদকরণে প্রত্যবায়কল্পনমপি স্যাদিত্যর্থঃ। নিযোজ্যকল্পনায়া উভয়থাপ্যাবশ্যকত্বেঽপি কামনারূপাধিকারাধিক্যমত্রেতি বোধ্যং ॥ ১১৫ ॥

অনন্ধাদিঃ অন্ধাদিভিন্নঃ। কৃৎস্নমংশমিতি অবগম্যতইতিশেষঃ। কৃৎস্নং স্বাংশাপেক্ষমিতি বচনার্থবর্ণনমিতিশেষঃ। নন্বনন্ধাদিরিতি ময়া বচনমিতি কৃত্বা দৃ

---

অবশ্যই স্বাংশগ্রহণ করিবে এরূপ নিয়মও বলা উচিত হয় না, তাহা হইলে তৎপালনে অদৃষ্ট কল্পনা করিতে হয়। দৃষ্টফলসত্ত্বে অদৃষ্টকল্পনার অন্যায্যতা এবং উক্ত নিয়ম পক্ষে প্রত্যবায়পরীহারফলকামনাবিশিষ্ট কর্ত্তাও নিয়মিত কর্ম্মের অকরণে প্রত্যবায় এই উভয়ের কল্পনা রূপ গৌরব দোষও হয় ॥ ১১৫ ॥

আর অন্ধাদি ভিন্ন পুত্র সমগ্র অংশ লইবে এই কথা বলিলে পিতার সমগ্র অংশ না বুঝাইয়া আপনার সমগ্র অংশ লইবে এরূপ যেমন বোধ হয় সেইরূপ এস্থলেও স্ত্রীলোক আপনার গ্রাসাচ্ছাদনের উপযুক্ত সমগ্র অংশ লইবে, এই কথা কেহ যে বলেন তাহা ভাল নহে। কারণ অন্ধাদি ভিন্ন পুত্র সমগ্র অংশ

বা তথাপি পূর্ব্বোক্তহেতুনা স্বাংশং লভেতেতিবিধ্যনুপপত্তেঃ পিত্রংশাপেক্ষমেব বর্ণনং যুক্তং অতএব সর্ব্বত্রান্যধনএব অন্যস্বত্বসম্বন্ধজ্ঞাপনং মুনয়ঃ কুর্ব্বন্তি যথা পিতৃধনে পুত্রাণাং অপুত্রধনে পত্ন্যাদীনামিত্যাদি ন পুনঃ স্বাংশগ্রহণে প্রের়য়ন্তি ॥ ১১৬ ॥

যচ্চ সম্বন্ধিশব্দত্বেন স্বসম্বন্ধ্যুপস্থাপকত্বং যথা মাতেতি ন

---

ষ্টান্ততয়া নোক্তং কিন্তু তাদৃশার্থব্যুৎপত্তিকল্পনাস্থানতয়া তচ্চ বৈদিকস্যেব লৌকিকস্যাপি বাক্যস্যাবিশিষ্টং তথাচ তত্র বচনাভাবোঽকিঞ্চিৎকর ইত্যতআহ ভবতু বেতি। অভ্যুপগমাদাহ ভবতু বেতীতি কেচিৎ। পূর্ব্বোক্তহেতুনা স্বাংশং লভেতেতিবিধানানুপপত্তিরূপেণ। পিত্রংশাপেক্ষমিতি অনন্ধাদিরিত্যুক্তবাক্যেঽপীতি শেষঃ। ন চ পুত্রান্তরস্যাপ্যংশাদেকবচনমনুপপন্নমিতিবাচ্যং তস্যোদ্দেশ্যবিশেষণতয়া অবিবক্ষিতত্বাৎ একপুত্রস্থলাভিপ্রায়েণ বা তৎ। অতএব স্বধনে স্বত্ববিধানাসম্ভবাদেব ॥ ১১৬ ॥

সম্বন্ধিশব্দত্বেনেতিপ সম্বন্ধিশব্দস্যেত্যাদিঃ। স্বসম্বন্ধ্যুপস্থাপকত্বং স্বার্থস্য যঃ সম্বন্ধী প্রতিযোগী নিরূপকরূপস্তদঘটিতস্বার্থবোধকত্বং তং বিহায় স্বার্থান্বয়বোধকত্বা-

---

লইবে এরূপ বচনই অপ্রসিদ্ধ বিধায় দৃষ্টান্ত অসম্ভব, আর বচন না থাকিলেও ব্যুৎপত্তিদ্বারা তাদৃশ অর্থের অনুরূপ-বাক্য কল্পনা করিয়া লইলেও আপনার অংশ আপনি লইবে এইরূপ বিধির অনুপপত্তি ইতঃপূর্ব্বেই দর্শিত হওয়াতে অনন্ধাদি পুত্র পিতার সমগ্র অংশ লইবে এইরূপ বর্ণন করাই উচিত অতএব সর্ব্বত্র অন্যের ধনেই অন্যের স্বত্ব সম্বন্ধ জ্ঞাপন মুনিরা করিয়া থাকেন, যেমন পিতৃধনে পুত্রের ও অপুত্রধনে পত্ন্যাদির অধিকার হয়। কিন্তু আপনার অংশ গ্রহণ করিবে এরূপ নিয়োগ করেন না ॥ ১১৬ ॥

আর সম্বন্ধীয় কোন শব্দ প্রয়োগ করিলে পর আপনার সম্বন্ধে সম্বন্ধীয়কেই ঐ শব্দে বুঝাইয়া দেয় যেমন মাতা এই শব্দ প্রয়োগ করিলে আপনার মাতাকেই

পরমাতাবগম্যতে ইত্যুক্তং তদপ্যযুক্তং অনুপাত্তসম্বন্ধিবিষয়ত্বাৎ তস্য ন হি ডিত্থস্য মাতরমানয়েত্যুক্তে প্রযোজ্যস্য মাতা প্রতীয়তে প্রয়োজকস্য বা তদ্বদত্রাপি তৎপিণ্ডমিতি তৎপদোপাত্তত্বাৎ সম্বন্ধিনঃ কথং পত্ন্যপেক্ষিতা বিধানানুপপত্তিশ্চ পূর্ব্বমুক্তৈব। তস্মাৎ কৃৎস্নতদংশগ্রহণমেব পত্ন্যা বৃদ্ধমনুর্ব্বোধয়তি। তথা পত্ন্যধিকারবিপরীতবোধকানি বচনানি যথা শঙ্খলিখিতপৈঠীনসিযমাঃ। অপুত্রস্য স্বর্যাতস্য ভ্রাতৃ-

সত্ত্বাৎ তদবটিতমূর্ত্তিকত্বাৎ পুত্রত্বাদিরূপসম্বন্ধিতায়া ঘটকতা পুনরুপস্থিতস্যৈব সম্বন্ধিনইতি ভাবঃ। উক্তব্যুৎপত্তিকল্পনস্থলং দৃষ্টান্তবিধয়া দর্শয়তি যথেতি। যথা মাতেত্যুক্তে উপস্থিতস্য বক্তুরেব সম্বন্ধিতয়াঽন্বয়িত্বং তথা প্রকৃতেঽপি অংশশব্দস্য সসম্বন্ধিকতয়া উপস্থিতায়াঃ পত্ন্যাএব তদর্থান্বয়িত্বমিতি তৎকথং ভর্ত্তুঃ কৃৎস্নমংশমিতি ভর্ত্রন্বয়ং ব্যাখ্যাসীতি পূর্ব্বপক্ষঃ। যদ্যপি পত্নীপদস্য সসম্বন্ধিকতয়া তদর্থান্বয়িত্বেন ভর্ত্তাপ্যুপস্থিতএব তথাপি বিশেষণতয়া বিশেষ্যতয়া চ নানাসম্বন্ধ্যুপস্থিতিস্থলে বিশেষ্যতয়োপস্থিতস্যৈবান্বয়িত্বং ন তু বিশেষণতয়োপস্থিতস্যেতি ব্যুৎপত্তিঃ কথমন্যথা যজ্ঞদত্তমিত্রং পিতৃগৃহং প্রবিশতীত্যাদৌ ন যজ্ঞদত্তস্য পিত্রন্বয়ঃ অপি তু

বুঝায় পরের মাতাকে বুঝায় না, এই কথা কেহ বলেন তাহাও অযুক্ত, কেননা কোন সম্পর্কীয়ের উল্লেখ যে স্থলে নাই সেই স্থলেই ঐ রূপ বোধ হয় বটে, কিন্তু অমুকের মাতাকে ডাকিয়া আন, একথা বলিয়া একজনকে প্রেরণ করিলে প্রেরণীয় ব্যক্তি কিম্বা প্রেরক এই উভয়ের মধ্যে কাহারো মাতা বোধ হয় না, সেই রূপ পত্নীর অধিকার স্থলে তাহার পিণ্ড দিবে এই বাক্যে তদ্‌শব্দে ভর্ত্তার উল্লেখ করায় ভর্ত্তারই অংশ বুঝাইবে, পত্নীর আপন অন্নাচ্ছাদনোপযুক্ত অংশ বুঝাইবে না। আর পূর্ব্বোক্ত বিধির অনুপপত্তিরূপ দোষও ঘটিয়া উঠে, অতএব অপুত্র ধনাধিকারে পূর্ব্বোক্ত বচনদ্বারা বৃহন্মনু পত্নীর পতির সমগ্র অংশ গ্রহণ প্রতিপন্ন করিলেন।

গামি দ্রব্যং তদভাবে পিতরৌ হরেতাং পত্নী বা জ্যেষ্ঠা সগোত্র-শিষ্যসব্রহ্মচারিণঃ অত্র ভ্রাতুরভাবে পিত্রোস্তয়োরভাবে পত্ন্যধিকারইতিবিরোধঃ। তথা দেবলঃ। ততোদায়মপুত্রস্য বিভজেয়ুঃ সহোদরাঃ। তুল্যা দুহিতরোবাপি ম্রিয়মাণঃ পিতাপি বা। সবর্ণা ভ্রাতরো মাতা ভার্য্যা চেতি যথাক্রমং। এষামভাবে গৃহ্নীয়ুঃ কুল্যানাং সহবাসিনঃ। অত্র সর্ব্বাদৌ ভ্রাতুরধিকারঃ সর্ব্বশেষে চ ভার্য্যায়াইতি বিরোধঃ॥ ১১৭ ॥

মিত্রস্যেতি নিয়ম উপপদ্যতইতি ভাবঃ। দূষয়তি তদপীতি। অনুপাত্তেতি। সম্বন্ধি পদার্থান্বয়যোগ্যতয়া সম্বন্ধিনঃ শব্দোপাত্তত্বে তস্যৈব তদন্বয়িত্বং ন সম্বন্ধ্যন্তরস্যোপস্থিতস্যাপি তেন পত্ন্যা নাংশান্বয়ঃ তস্যাঃ প্রথমান্তোপস্থিতত্বেন ষষ্ঠ্যন্তসাকাঙ্ক্ষেণ সম্বন্ধিনা অন্বয়াযোগ্যত্বাদিতি ভাবঃ। প্রকৃতে ভর্তৃরূপসম্বন্ধিনঃ শব্দোপাত্তত্বং প্রতিপাদয়তি তৎপিণ্ডমিতি। পত্ন্যপেক্ষিতা পত্নীরূপসম্বন্ধিঘটিতস্বার্থবোধকতা অংশশব্দস্যেতি শেষঃ। পত্ন্যন্বয়ে বাধকমপ্যাহ বিধানানুপপত্তিশ্চেতি। উপসংহরতি তস্মাদিতি। তদংশগ্রহণং ভর্ত্রংশগ্রহণং। তুল্যাঃ সবর্ণাঃ। ম্রিয়মাণঃ নির্দ্দোষঃ সন্ জীবদবস্থঃ। সবর্ণা ভ্রাতরো বৈমাত্রায়াঃ সহোদরাণাং প্রাগুক্তত্বাৎ। কুল্যানাং সহবাসিনঃ সকুল্যাঃ গৃহ্নীয়ুরিত্যর্থঃ॥ ১১৭ ॥

আর পত্নীর অপুত্রধনাধিকারে বৈপরীত্য বোধক বচন সকল দর্শাইতেছি যথা শঙ্খ, লিখিত, পৈঠীনসি, যমমুনিরবচন, অপুত্র মৃত ব্যক্তির ধন ভ্রাতৃগামি হয়, তদভাবে পিতা মাতা গ্রহণ করেন, তাহার পর জ্যেষ্ঠা পত্নী অথবা সগোত্র, শিষ্য ও সব্রহ্মচারী ইহারা ধনভাগী হয়। এই বচনে ভ্রাতার অভাবে পিতা মাতার, তাহার অভাবে পত্নীর অধিকার এই বিরোধ হইল। তথা দেবলবচন, তদনন্তর অপুত্রব্যক্তির দায় সহোদর ভ্রাতারা বিভাগ করিয়া লইবে অথবা সবর্ণা কন্যা, পিতা, সবর্ণ বৈমাত্রেয় ভ্রাতা, মাতা ও ভার্য্যা ইহারা যথাক্রমে লইবে, ইহাদের অভাবে একগ্রামবাসীরা লইবে। এ বচনে সর্ব্বাগ্রে ভ্রাতার অধিকার এবং সর্ব্বশেষে পত্নীর অধিকার এই বিরোধ হইল॥ ১১৭ ॥

অত্র কেচিদবিভক্তসংসৃষ্টগোচরো ভ্রাত্রধিকারঃ প্রথমং বিভক্তাসংসৃষ্টগোচরশ্চ পত্ন্যধিকারইতি সমাদধতি তদ্বৃহস্পতিবিরুদ্ধং। যদাহ। বিভক্তা ভ্রাতরো যে চ সম্প্রীত্যৈকত্র সংস্থিতাঃ। পুনর্বিভাগকরণে তেষাং জ্যৈষ্ঠং ন বিদ্যতে। যদা কশ্চিৎ প্রমীয়েত প্রব্রজেদ্বা কথঞ্চন। ন লুপ্যতে তস্য ভাগঃ সোদরস্য বিধীয়তে। যা তস্য ভগিনী সা তু ততোঽংশং লব্ধুমর্হতি। অনপত্যস্য ধর্ম্মোঽয়মভার্য্যাপিতৃকস্য চ। সংসৃ-

প্রব্রজেৎ আশ্রমান্তরং প্রবিশেদিত্যর্থঃ। ভগিনী অনূঢ়া। অংশং বিবাহোচিতং বিধবাপি বর্ত্তনোচিতমিতি কেচিৎ। ইদমপ্যসংসৃষ্টবিষয়ং কুতোন স্যাদতআহ উপক্রমোপসংহারয়োরিতি। ননূক্তবিরোধপরীহারান্যথানুপপত্ত্যা সন্দংশপতিত-

এতদ্বিষয়ে কেহ কেহ মীমাংসা করেন যে অবিভক্ত এবং সংসৃষ্টস্থলে প্রথমে ভ্রাতার অধিকার হইবে এবং বিভক্ত ও অসংসৃষ্ট স্থলে প্রথমে পত্নীর অধিকার এই মীমাংসা বৃহস্পতি বচনের বিরুদ্ধ। যথা বিভক্ত ভ্রাতারা পুনর্ব্বার প্রীতিপূর্ব্বক যদি একত্র মিলিত হইয়া অবস্থিতি করে তদনন্তর পুনর্ব্বার বিভাগ করিলে তাহাদের মধ্যে জ্যেষ্ঠত্ব নিবন্ধন বিংশোদ্ধারাদি হইবে না। তন্মধ্যে যদি কেহ মরে কিংবা সংন্যাস ধর্ম্ম গ্রহণ করে তবে তাহার ভাগ লোপ হইবে না, সেই ভাগ তাহার সহোদরের প্রাপ্য। আর যদি তাহার অদত্তা ভগিনী থাকে সে তদ্ধন হইতে বিবাহ যোগ্য ব্যয় পায়, এই ব্যবস্থা পুত্র পৌত্র প্রপৌত্র পত্নী কন্যা ও পিতা মাতা না থাকিলে বুঝিতে হইবে। আর সংসৃষ্টগণের মধ্যে যে কেহ বিদ্যাশৌর্য্যাদিদ্বারা ধনোপার্জ্জন করে তাহাকে দুই অংশ দিবে অবশিষ্ট সংসৃষ্টেরা সমান ভাগ করিয়া লইবে। এই বচনে আরম্ভ ও সমাপ্তিতে সংসৃষ্টত্ব কীর্ত্তন করায় তৎসন্দংশ পতিত অর্থাৎ ঐ আরম্ভ ও সমাপ্তি রূপ সাঁড়াশীর মধ্যে নিপতিত "তাহার ভাগ লোপ পায় না উহা সহোদরের প্রাপ্য" এই বচনাংশ অবশ্যই সংসৃষ্ট বিষয়ে

ষ্টানাস্তু যঃ কশ্চিদ্বিদ্যাশৌর্য্যাদিনা ধনং। প্রাপ্নোতি তস্য দাতব্যোদ্ব্যংশঃ শেষাঃ সমাংশিনঃ। অত্রোপক্রমোপসংহারয়োঃ সংসৃষ্টত্বকীর্ত্তনাৎ তৎসন্দংশপতিতং "ন লুপ্যতে তস্য ভাগঃ সোদরস্য বিধীয়তে" ইতিবচনং সংসৃষ্টবিষয়ং বাচ্যং অত্র চানপত্যস্য ধর্ম্মোঽয়মভার্য্যাপিতৃকস্য চেতি পুত্রদুহিতৃপত্নীপিতৃণামভাবে সংসৃষ্টস্য সোদরস্য ভ্রাতুরধিকারং বোধয়তীতি কথং তস্য পত্নীবাধকত্বং। কিঞ্চ ন লুপ্যতইতি অবিভক্তত্বে সংসৃষ্টত্বে চ ভ্রাত্রন্তরীয়দ্রব্যমিশ্রীভূতস্য দ্রব্যস্য পৃথগপ্রতীতৌ লোপাশঙ্কায়াং ন লুপ্যতইতি বচনমুপপদ্যতে বিভক্তস্যাসংসৃষ্টস্য তু ধনে বিভক্তত্বপ্রতীতৌ কা লোপাশঙ্কা তস্মাৎ সংসৃষ্টবিষয়ত্বমেবামীষাং বচনানাং॥ ১১৮॥

কিঞ্চ পত্ন্যাদেঃ পূর্ব্বং ভ্রাত্রধিকারজ্ঞাপকশঙ্খাদিবচনানাং

ন্যায়োনাদরণীয়ইতি বিভক্তবিষয়ত্বমেব বাচ্যমিত্যতআহ কিঞ্চেতি। লোপাশঙ্কায়ামিতি। লোপোঽবিভাজ্যত্বং। অমীষাং বৃহস্পতিবচনানাং॥ ১১৮॥

বলিতে হইবে। আর এই বচনে পুত্র কন্যা পত্নী ও পিতা মাতার অভাবে সংসৃষ্টসহোদরের অধিকার বুঝাইতেছে, তবে কি প্রকারে ভ্রাতা পত্নীর অধিকার বাধক হইবে। আর লোপ পায় না এই কথা অবিভক্ত ও সংসৃষ্ট অবস্থায় অন্য ভ্রাতার দ্রব্যমিশ্রিত সাধারণ ধনের পৃথক্ প্রতীতি না হইবায় লোপের আশঙ্কা থাকে, লোপের আশঙ্কা স্থলেই লোপ হয় না এই কথা বলা সঙ্গত হয়। কিন্তু বিভক্ত কিংবা অসংসৃষ্ট ব্যক্তির ধন যখন পৃথক্‌রূপে প্রতীত হইতেছে তখন তাহার লোপের আশঙ্কা কি? অতএব উক্ত বচনগুলি সংসৃষ্ট ধন বিষয়েই অবশ্য কর্ত্তব্য॥ ১১৮॥

আর পত্নীপ্রভৃতির পূর্ব্বে ভ্রাতার অধিকার বোধক শঙ্খমুনিপ্রভৃতির বচন সংসৃষ্ট ভ্রাতৃবিষয়ে যে বর্ণন করহ তাহা কি বচনানুসারে অথবা যুক্তি অনুসারে

সংসৃষ্টভ্রাতৃবিষয়ত্বং বচনাদ্বা ন্যায়াদ্বা। তত্র ন তাবদ্বচনাৎ বিশেষবচনাভাবাৎ "সংসৃষ্টিনস্তু সংসৃষ্টী"ত্যাদিবচনানাস্তু ভ্রাত্রধিকারাবসরে বিশেষজ্ঞাপনপরত্বেন ভ্রাত্রধিকারমাত্র-পরত্বানুপপত্তেঃ অনন্তরোপন্যস্তবৃহস্পতিবচনানাং চ সংসৃষ্ট-বিষয়ত্বে পুত্রদুহিতৃপত্নীপিতৃপর্য্যন্তাভাবে সোদরভ্রাত্রধিকার-জ্ঞাপকত্বাৎ তদ্বিরুদ্ধত্বাৎ অসংসৃষ্টবিষয়ত্বমেব তাবদ্‌যুক্তং ন তু সংসৃষ্টবিষয়ত্বং ॥ ১১৯ ॥

নিরুক্তবিষয়বিভাগে হেতুমপি বিকল্প্য দূষয়তি কিঞ্চেতি। বিশেষজ্ঞাপন-পরত্বেন সমানসম্বন্ধিনাং মধ্যে সংসর্গিণঃ সংসর্গনিবন্ধনাধিকারবোধকত্বেন অন্যথা পুত্রসত্ত্বেহপি সংসৃষ্টভ্রাত্রধিকারপ্রসঙ্গাদিতি ভাবঃ। প্রত্যুত বিরুদ্ধমেব বচনম-প্যস্তীত্যাহ অনন্তরেতি। পুত্রদুহিত্রিত্যাদি। অনপত্যস্য ধর্ম্মোহয়মভার্য্যাপিতৃকস্য চেত্যভিধানাদিতিভাবঃ। অসংসৃষ্টবিষয়ত্বমেবেতি। শঙ্খাদিবচনানামিতি পূর্ব্বোক্ত-মনুষজ্যতে। যুক্তমিতি। সংসৃষ্টত্বে পত্ন্যভাবে ভ্রাত্রধিকারাৎ অর্থাদসংসৃষ্টত্বে পত্নীসত্ত্বে ভ্রাত্রধিকারস্য স্বরসসিদ্ধত্বাদিতি ভাবঃ ॥ ১১৯ ॥

এই দুই পক্ষের কোন পক্ষ অবলম্বন পূর্ব্বক বলহ, তাহাতে বচনানুসারে বলিতে পার না। যেহেতু তাদৃশ বচন নাই তবে যে সংসৃষ্টির ধন সংসৃষ্টী পায় ইত্যাদি বচন দৃষ্ট হয় তাহা সমান অধিকারি স্থলেই বিশেষ জ্ঞাপক অর্থাৎ যেখানে সংসৃষ্টী ও অসংসৃষ্টী এই দ্বিবিধ ভ্রাতা থাকে সেই স্থলেই সংসৃষ্টী ভ্রাতা অগ্রে অধিকারী হয় নতুবা পুত্র কলত্রাদি সত্ত্বেও সংসৃষ্টিভ্রাতার অধিকার কথন নিতান্ত অনুচিত বিধায় সংসৃষ্টি স্থলে পুত্র কন্যা পত্নী পিতৃ পর্য্যন্তের অভাবে সোদর ভ্রাতার অধিকার বোধক পূর্ব্বোক্ত বৃহস্পতি বচনের সহিত বিরোধ প্রযুক্ত শঙ্খাদিমুনিবচন অসংসৃষ্টি বিষয়েই ব্যবস্থাপনীয়, সংসৃষ্টি বিষয়ে ব্যবস্থাপিত করা যুক্তিসিদ্ধ হয় না ॥ ১১৯ ॥

অথ ন্যায়াদিদমভিধীয়তে তথাহি সংসৃষ্টত্বে যদেকস্য ভ্রাতুর্ধনং তদপরস্যাপি তত্রৈকস্য মরণেন স্বত্বনাশেঽপি জীবতস্তত্র স্বামিত্বানপায়াৎ তস্যৈব তদ্ভবতি ন তু পত্ন্যাঃ ভর্ত্তৃমরণেন পত্নীসত্ত্বস্যাপি নাশাৎ যথা সৎসু পুত্রাদিষু ন তদ্ধনং-পত্ন্যাইতি তন্মন্দং ন হি সংসৃষ্টত্বেঽপি যদেবৈকস্য তদেবাপরস্যাপি কিন্তু অবিজ্ঞাতৈকদেশং তৎ দ্বয়োঃ ন তু সমগ্রমেব সমগ্রস্বত্বকল্পনায়াং প্রমাণাভাবাৎ ইত্যুক্তমাদাবেব ॥ ১২০ ॥

ন্যায়মেবাহ তথা হীতি। তদপরস্যাপীতি। সর্ব্বেষাং সংসৃষ্টানাং সর্ব্বধনএব সামান্যস্বত্বং ন প্রাদেশিকমিতি ভাবঃ। নন্বু দম্পত্যোর্ম্মধ্যগং ধনমিত্যনেন তত্র পত্ন্যা অপি স্বত্বস্য বিদ্যমানতয়া অনন্তরং পত্ন্যা এব যুগপদুভয়োর্ব্বা তদ্ধনং কথং ন স্যাদতআহ ন ত্বিতি। ভর্ত্তৃমরণেন তৎস্বত্বাপগমেন। ভর্ত্তৃমরণাৎ তৎপত্নীস্বত্বনাশে প্রমাণমাহ যথেতি। ইত্থং চ পত্ন্যধিকারস্থলেঽপি ভর্ত্তৃমরণাৎ তস্যাঃ প্রাচীনং স্বত্বং নশ্যত্যেব সামগ্রীসত্ত্বাৎ কিন্তু পুনঃ স্বত্বান্তরমুৎপদ্যতে অতএব তদ্ধনস্য দায়ত্বমপীতি ভাবঃ। কিন্ত্বিতি অবিজ্ঞাতং চৈত্রীয়ত্বাদিনা বিশেষরূপেণ ধর্ম্মিণ্যনিশ্চিতং। একদেশমিতি মধ্যপদলোপিসমাসাশ্রয়ণেন একদেশোদেশ আশ্রয়োযস্য তাদৃশঞ্চ তদিত্যর্থঃ। ন ত্বিতি। ন তু সমগ্রমেব দ্বয়োরিত্যন্বয়ঃ ন তু সমুদিতমেবোভয়স্বামিকমিত্যর্থঃ। প্রমাণাভাবাদিতি। বৈশেষিকব্যবহারানর্হত্বেন প্রমাণাভাবাদিত্যর্থঃ ॥ ১২০ ॥

আর যুক্তি অনুসারে ভ্রাত্রধিকার বলিতে গেলে এই যুক্তি অবলম্বন করিতে হইবে যে এক ভ্রাতার যে ধন তাহা অন্য ভ্রাতারও বটে, তাহাতে একজনের মরণাধীন স্বত্ব নাশ হইলেও জীবিত আর একজনের স্বত্ব না যাওয়ায় তাহারই তাহা রহিল। পত্নীর পতিমরণাধীন দাম্পত্য স্বত্বের নাশ হইবায় যেমন পুত্রাদি সত্বে পতিধন পত্নীর হয় না, সংসৃষ্টপতির মরণস্থলেও সেইরূপ ব্যবস্থা হইবে, এই যুক্তি ভাল নহে। কেন না সংসৃষ্ট হইলেও একের যে ধন তাহাই অন্যেরও বটে, এমত নহে, কিন্তু উভয়ের সেই স্বত্ব

পরিণয়নোৎপন্নং ভর্ত্তৃধনে পত্ন্যাঃ স্বামিত্বং ভর্ত্তৃমরণাৎ নশ্যতীত্যত্র চ প্রমাণাভাবাৎ সতি তু পুত্রে তদধিকার-শাস্ত্রাদেব পত্নীস্বত্বনাশোঽবগম্যতে অত্রাপি সংসৃষ্টভ্রাত্রধিকার-শাস্ত্রাৎ তদ্বিনাশোঽবগম্যতে ইতি চেন্ন সংসৃষ্টভ্রাতৃগোচরত্ব-স্যাদ্যাপ্যসিদ্ধেঃ সিদ্ধে হি ভ্রাতৃসংসৃষ্টভর্ত্তৃমরণেন পত্নীস্বামিত্ব-

---

পরিণয়োৎপন্নং তদধীনদাম্পত্যসংস্কারোৎপন্নং অন্যথা পরিণয়নানন্তরভাবি-ভর্ত্তৃধনে স্বামিত্বানুপপত্তেঃ পরিণয়নস্য বিনষ্টত্বাদিতি। প্রমাণাভাবাদিতি। তথাচ পত্ন্যাঃ স্বত্বস্য বিরোধিনঃ সত্ত্বাৎ ন ভ্রাতৃস্বত্বসম্ভব ইতিভাবঃ। তদধিকারশাস্ত্রা-দেবেতি। তথাচ ভর্ত্তৃমরণাৎ স্বত্বনাশে পুত্রস্বত্বকালঃ সহকারী কল্প্যতইতিভাবঃ। অসিদ্ধেরিতি। তথাচ সংসৃষ্টভ্রাত্রধিকারবোধকশাস্ত্রং এতদ্বচনং ন ভবতীত্যর্থঃ। নম্ভু ভর্ত্তৃমরণাৎ পত্ন্যাঃ স্বত্বনাশাৎ ভ্রাতুঃ স্বত্বোৎপত্তৌ বাধকাভাবইত্যতআহ সিদ্ধে হীতি। সংসৃষ্টবিষয়ত্বং সংসৃষ্টধনভ্রাতৃবিষয়ত্বং সেৎস্যতীতি শেষঃ। সতি

---

অবিজ্ঞাতৈকদেশ অর্থাৎ কোন অংশে কাহার স্বত্ব জন্মাইয়াছে এইটি জানা যায় না মাত্র, নচেৎ সকলের একেবারেই সমগ্র ধনে স্বত্ব জন্মায় না।. কারণ সমগ্র স্বত্ব কল্পনায় প্রমাণাভাব ইহা পূর্ব্বেই উক্ত হইয়াছে ॥ ১২০ ॥

বিবাহাধীন পতিধনে পত্নীর দাম্পত্য সম্বন্ধে স্বত্ব, পতির মৃত্যু হইলেই বিনাশ পায় ইহাতে প্রমাণ নাই। কিন্তু পুত্র থাকিলে তাহার অধিকার বোধক শাস্ত্রদ্বারাই পত্নীর স্বত্বনাশের যেমন অবগতি হইতেছে তেমনি সংসৃষ্ট ভ্রাত্রধি-কার শাস্ত্রাধীনই পত্নীস্বত্বনাশের অবগতি হইতেছে একথা বলিতে পার না। কারণ ভ্রাত্রধিকার শাস্ত্রের সংসৃষ্ট ভ্রাতৃবিষয়ত্ব আদৌ সিদ্ধই হয় নাই, কষ্ট সৃষ্ট্যা এই যুক্তিদ্বারা সিদ্ধ হইলেও অন্যোন্যাশ্রয় দোষ ঘটে। যথা ভ্রাতৃসংসৃষ্ট ভর্ত্তৃমরণাধীন পত্নীস্বত্ব নাশ জ্ঞান হইলে ভ্রাত্রধিকার শাস্ত্রের সংসৃষ্ট বিষয়ত্ব জ্ঞান হয়। আর উক্ত শাস্ত্রের সংসৃষ্ট বিষয়ত্ব জ্ঞান হইলে পত্নীস্বত্বনাশ জ্ঞান

নাশে ভ্রাত্রধিকারশাস্ত্রস্য সংসৃষ্টবিষয়ত্বং সতি তু তদ্বিষয়ত্বে শাস্ত্রস্য পত্নীস্বামিত্বনাশ ইতীতরেতরাশ্রয়ত্বং ॥ ১২১ ॥

কিঞ্চ শঙ্খলিখিতাদিবচনানামবিভক্তসংসৃষ্টগোচরত্বে অবিভক্তস্য সংসৃষ্টস্য চ ধনং তদ্বিধভ্রাতৃগামি তস্য তু তথাবিধস্যাভাবে পিতরৌ হরেতামিত্যম্বয়োবাচ্যঃ তদা চ বিকল্পনীয়ং কিং বিভক্তাসংসৃষ্টৌ পিতরৌ গৃহ্নীয়াতাং উতাবিভক্তসংসৃষ্টৌ তত্র ন প্রথমঃ কল্পঃ পত্নীদুহিতরশ্চেত্যাদিনা বিভক্তা-

তু সিদ্ধে তু। পত্নীস্বত্বনাশইতি। তৎশাস্ত্রবলেনৈব পুত্রসত্তাকালস্যেব সংসৃষ্টভ্রাতৃসত্তাকালস্যাপি সহকারিত্বকল্পনাদিতিভাবঃ ॥ ১২১ ॥

নমু দম্পত্যোর্মধ্যগং ধনমিত্যনেন যত্র পত্যুঃ স্বত্বং তত্রৈব পত্ন্যাঃ স্বত্বং প্রত্যায্যতে ন তু বৈপরীত্যং স্ত্রীধনে ব্যভিচারাৎ তথা চ পত্যুঃ স্বত্বনাশাৎ পত্ন্যাঃ স্বত্বনাশঃ সিদ্ধএবেতিশাস্ত্রস্য সংসৃষ্টভ্রাতৃবিষয়ত্বং নিষ্প্রত্যূহমিতি কান্যোন্যাশ্রয়ঃ পত্নীস্বত্বনাশস্য প্রমাণান্তরসিদ্ধত্বাদতআহ কিঞ্চেতি। তদ্বিধঃ অবিভক্তসংসৃষ্টান্যতরঃ। তস্য ভ্রাতুঃ। তথাবিধস্য উক্তান্যতরস্য। পত্নীদুহিতরশ্চেত্যাদিযাজ্ঞবল্ক্যবচনস্য বিভক্তাসংসৃষ্টবিষয়ত্বমেব কুতইতি চেদত্র চূড়ামণিঃ সর্ব্ববাধ্যায়াঃ পত্ন্যাঃ

হয়। এইরূপ পরস্পর সাপেক্ষ জ্ঞান ঘটিতত্ব প্রযুক্ত ইতরেতরাশ্রয় অর্থাৎ অন্যোন্যাশ্রয় দোষ ঘটে ॥ ১২১ ॥

আর শঙ্খলিখিতাদিবচন, অবিভক্ত ও সংসৃষ্ট বিষয়ে বর্ণন করিলে অবিভক্ত ও সংসৃষ্টের ধন অবিভক্ত ও সংসৃষ্ট ভ্রাতার প্রাপ্য। তদভাবে পিতা ও মাতার প্রাপ্য এই অন্বয় করিতে হইবে। তাহাতে বিচার করিতে হইবে যে পিতা ও মাতা বিভক্ত ও অসংসৃষ্ট হইলে পাইবে কি অবিভক্ত ও সংসৃষ্ট হইলে পাইবে এই দুই পক্ষের কোন্ পক্ষ অবলম্বনীয়। তাহাতে প্রথম পক্ষ ধরা যায় না কারণ পত্নীদুহিতরশ্চ ইত্যাদি শাস্ত্রদ্বারা পত্নী, বিভক্ত ও অসংসৃষ্ট পিতা মাতার অধিকারে বাধা দেয় এজন্য কি প্রকারে উক্ত প্রকার পিতা মাতা পত্নীর পূর্ব্বে অধিকার পাইতে পারেন, আর দ্বিতীয় পক্ষও সম্ভব হয় না

সংসৃষ্টয়োঃ পিত্রোঃ পত্নীবাধ্যত্বাৎ কথং পত্নীতঃ পূর্ব্বং তয়োরধিকার নাপি দ্বিতীয়ঃ অবিভক্তসংসৃষ্টভ্রাতৃসদ্ভাবেঽপি অবিভক্তসংসৃষ্টপিতৃগ্রাহ্যত্বস্য সর্ব্বেষামবিবাদাৎ। কিঞ্চ যথা পিত্রা ভ্রাত্রা চ বিভক্তাসংসৃষ্টধনে শরীরদাতৃতয়া "আত্মা বৈ জায়তে পুত্র" ইত্যেকত্বশ্রুতের্ধনশরীরয়োশ্চ প্রভুত্বাৎ তৎপিতৃদেয়পিতামহপ্রপিতামহপিণ্ডদ্বয়ে চ সপিণ্ডনেন মৃতস্য ভোক্তৃত্বাৎ জীবতি চ পিতরি পুত্রাণাং পার্ব্বণপিণ্ডদানাভাবাৎ ভ্রাতৃভ্যঃ পূর্ব্বং পিতুরধিকারঃ তথেতরত্রাপি যুক্তঃ

প্রথমমধিকারবোধকতয়া তৎপরত্বস্যৈব নিশ্চয়াদিত্যাশয়াদিতি ব্যাচষ্টে। বস্তুতঃ শঙ্খাদিবচনানাং সংসৃষ্টাবিভক্তভ্রাতুঃ পত্নীতঃ পূর্ব্বমধিকারবোধকত্বে পিত্রোরপি তথাবিধয়োরেব পত্নীতঃ পূর্ব্বমধিকারবোধকত্বং তুল্যন্যায়াৎ অতঃ পরিশেষাদেব যাজ্ঞবল্ক্যবচনস্য বিভক্তাসংসৃষ্টবিষয়ত্বমিতি ভাব্যং। পত্নীতঃ পূর্ব্বমিতি শঙ্খাদিবচনাদিতি শেষঃ। অথাস্মদ্বিধানাং বহূনামত্র বিবাদএব যাজ্ঞবল্ক্যবচনাৎ বিভক্তাসংসৃষ্টস্য পিতুর্ভ্রাতৃবাধকত্বে সিদ্ধে শঙ্খাদ্যুক্তভ্রাতৃবাধ্যতায়া অবিভক্তসংসৃষ্টগোচরত্বস্যৈব সম্ভবাদতআহ কিঞ্চেতি। নতু ভ্রাতৃদেয়পিণ্ডত্রয়ে সপিণ্ডনেন তস্য ভোক্তৃত্বাৎ ভ্রাতুরেব প্রাগধিকারোযুক্তইত্যতআহ জীবতি চেতি। ইতরত্রাপি সংসৃষ্টাবিভক্তধনেঽপি। যদি চোক্তহেতূনপেক্ষ্যাপি সংসর্গাবিভক্তত্বয়োরুৎকর্ষইত্যুচ্যতে

যেহেতু অবিভক্ত ও সংসৃষ্ট ভ্রাতৃসত্ত্বেও অবিভক্ত ও সংসৃষ্ট পিতার অধিকারিত্বে কাহারও বিবাদ নাই। ভ্রাতার পূর্ব্বে পিতার অধিকারিত্বের কারণ এই যে পিতা পুত্রের শরীর দাতা, আর আপনিই পুত্ররূপে জন্মান এই শ্রুতি প্রমাণে ধন ও শরীরের প্রভু পিতা, আর পিতামহ ও প্রপিতামহ সম্বন্ধে পিতৃদত্ত পিণ্ডদ্বয়কে সপিণ্ডীকরণের পর মৃতব্যক্তি ভোজন করে, আর পিতার জীবদ্দশায় পুত্রগণের পার্ব্বণ পিণ্ড দানে অধিকার থাকে না, এই সকল কারণে পিতা এবং ভ্রাতার সঙ্গে পৃথক্ অথচ সংসৃষ্ট হয় নাই এতাদৃশ মৃতব্যক্তির ধনে যেমন ভ্রাতার পূর্ব্বে পিতার অধিকার সেইরূপ অবিভক্ত ও সংসৃষ্টধনেও

অবিভাগসংসর্গয়োর্ব্বা অবিশেষাৎ পিতৃভ্রাত্রোস্তুল্যবদধিকারো যুক্তঃ ন তু ভ্রাতুরভাবে পিতুরিতিযুক্তং ॥ ১২২ ॥

কিঞ্চাবিভক্তসংসৃষ্টৌ পিতরৌ গৃহ্ণীয়াতামিতি দ্বিবচনমপ্যনুপপন্নং মাত্রা সহ বিভাগাবিভাগয়োরভাবাৎ অতএব ধনসংসর্গাভাবোঽপি। যদাহ বৃহস্পতিঃ। বিভক্তোযঃ পুনঃ পিত্রা ভ্রাত্রা চৈকত্র সংস্থিতঃ। পিতৃব্যেনোথবা প্রীত্যা স তু সংসৃষ্ট উচ্যতে। অনেনৈতদ্দর্শয়তি যেষামেব হি পিতৃভ্রাতৃপিতৃব্যাদীনাং পিতৃপিতামহার্জ্জিতদ্রব্যেণাবিভক্তত্বমুৎপত্তিতঃ

---

তদা পিতৃভ্রাত্রোর্দ্বয়োরেব তদবিশেষাৎ যুগপদধিকারঃ স্যাদিত্যাহ অবিভাগেত্যাদি ॥ ১২২ ॥

অথ শঙ্খাদিবচনযাজ্ঞবল্ক্যাদিবচনেষু ক্রমেণাধিকারাবগমাৎ যৌগপদ্যাসম্ভবঃ তথাচ তদ্ভোগ্যপিণ্ডদ্বয়দাতৃপিত্রপেক্ষয়া তদ্ভোগ্যপিণ্ডত্রয়দাতৃতয়া তদ্দেয়মাতামহাদিপিণ্ডত্রয়দাতৃতয়া চ ভ্রাতুরুৎকর্ষাৎ তৎ ক্রমেণৈবাধিকাবোযুক্তঃ বিভক্তাসংসৃষ্টপিতুঃ প্রাগধিকারস্তু বাচনিকএবেত্যতআহ কিঞ্চেতি। অবিভাগঃ সাধারণ্যং। অতএব বিভাগবিরহাদেব। উৎপত্তিতইতি। তেন মাতৃব্যাবৃত্তিঃ তস্যা ধনসম্বন্ধস্য পরিণয়াধীনত্বাৎ। বিভাগধ্বংসেন বিভাগাভিব্যক্তস্বত্বধ্বংসেন। যত্ত্বেতি।

---

প্রথমে পিতার অধিকার উচিত হয়। আর অবিভক্ততা ও সংসৃষ্টতাকে প্রধান কারণ বলিয়া ধরিতে গেলে নির্ব্বিশেষ প্রযুক্ত পিতা ও ভ্রাতার তুল্যাধিকার বলাই উচিত কিন্তু ভ্রাতার অভাবে পিতার অধিকার এরূপ কথন যুক্তিসিদ্ধ হয় না ॥ ১২২ ॥

আর অবিভক্ত ও সংসৃষ্ট পিতা ও মাতা পাইবেন এইরূপ পিতা মাতা উভয়ের কথন সঙ্গত হয় না। যেহেতু মাতার সহিত বিভাগ ও অবিভাগের কথা কুত্রাপি শুনা যায় না সুতরাং ধনসংসৃষ্টত্বও ঘটে না। যথা বৃহস্পতি, যে ব্যক্তি বিভক্ত হইয়া পুনর্ব্বার পিতা এবং ভ্রাতা অথবা পিতৃব্যের সহিত

সম্ভবতি তএব বিভক্তাঃ সন্তঃ পরস্পরপ্রীত্যা যদি পূর্ব্বকৃত-বিভাগধ্বংসেন যত্তব ধনং তন্মম ধনং যন্মম ধনং তত্তবাপীতি একত্র গৃহে একগৃহিরূপতয়া সংস্থিতাঃ সংসৃজ্যন্তে ন পুনরেবং-রূপাণাং দ্রব্যসংসর্গমাত্রেণ সম্ভূয়কারিণাং বণিজামপি সংসর্গিত্বং বাপি বিভক্তানাং দ্রব্যসংসর্গমাত্রেণ পূর্ব্বোক্তপ্রীতিপূর্ব্বকাভি-সন্ধানং বিনা অতঃসংসর্গিত্বাবিভক্তত্বয়োর্ম্মাত্রা সহাসম্ভবাৎ কথং মাতৃগতো ভ্রাতৃসদ্ভাবাধিকারবিরোধঃ সমাধেয়ঃ॥ ১২৩॥

যাবদেকত্রাবস্থানমিতিশেষঃ অন্যথা "বিভক্তাঃ পিতৃবিত্তাচ্চেৎ সংপ্রীত্যৈকত্র সংস্থিতাঃ। পুনর্ব্বিভাগকরণে তেষাং জ্যৈষ্ঠ্যং ন বিদ্যত"ইত্যাদিবচনোপদেশিত-পুনর্ব্বিভাগস্য বৈয়র্থ্যাপত্তেঃ। এতেন সংসর্গে সতি স্বত্বং সর্ব্বেষাং সর্ব্বধনেষু সামুদায়িকমেব ন তু বিভাগাৎ পূর্ব্বমিব প্রাদেশিকমিতি সিদ্ধং। অত্র চোক্তাভি-সন্ধানবলেন সাধারণধনশরীরায়াসাভ্যাং সংসৃষ্টিনৈকেনার্জ্জিতধনেঽপি সর্ব্বেষামেব সংসৃষ্টিনাং সামুদায়িকস্বত্বমিতি বোধ্যং। অধিকারবিরোধঃ অধিকারপৌর্ব্বা-পর্য্যবিরোধঃ॥ ১২৩॥

প্রীতিপূর্ব্বক মিলিত হইয়া একত্র অবস্থিতি করে তাহাকে সংসৃষ্ট বলে, এই বচনে ইহা দর্শিত হইতেছে পিতৃভ্রাতৃপিতৃব্য প্রভৃতি যাহাদের পিতৃপিতাম-হোপার্জ্জিত দ্রব্যের সহিত জন্মাবধি অবিভক্তত্ব সম্ভব হয় তাহারই বিভক্ত হইয়া পরে পরস্পর প্রণয়পূর্ব্বক পূর্ব্বকৃত বিভাগ ধ্বংস পুরঃসর যে ধন তোমার সেইধন আমার এবং যেধন আমার সেইধন তোমার এইরূপ অভিসন্ধিদ্বারা যদি একগৃহে একগৃহি রূপে পুনর্ব্বার মিলিত হইয়া অবস্থান করে তবে তাহারাই সংসৃষ্ট পদ বাচ্য হয়। নচেৎ এরূপ অভিসন্ধি না থাকিলে কেবল দ্রব্য সংসর্গমাত্র ধরিয়া একত্র ব্যবসায়ি বণিক্দিগকেও সংসৃষ্ট বলা যাইবে না। অতএব মাতার সহিত সংসৃষ্ট ভাব ও অবিভক্তত্ব অসম্ভবপ্রযুক্ত সংসৃষ্টাদি অবস্থা ধরিয়া ভ্রাতা ও মাতার অধিকার গত পৌর্ব্বাপর্য্য বিরোধ কিরূপে ভঞ্জনীয় হইবে॥ ১২৩॥

সম্প্রতি ধীমদ্ভিঃ সমাধীয়তে। তত্র বিষ্ণ্বাদিবচনেভ্যঃ পুত্রাদ্যভাবমাত্রেণ পত্ন্যধিকারঃ স্পষ্টমবগম্যতে যুক্তং চৈতৎ যস্মৃতধনং পুত্রপৌত্রপ্রপৌত্রাণামেব প্রথমং ভবতি তথাহি মনুবিষ্ণূ। পুন্নাম্নোনরকাদযস্মাৎ পিতরং ত্রায়তে সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবা। তথা হারীতঃ। পুন্নামা নিরয়ঃ প্রোক্তশ্ছিন্নতন্তশ্চ নৈরয়ঃ। তত্র বৈ ত্রায়তে যস্মাৎ তস্মাৎ পুত্র ইতি স্মৃতঃ। তথা শঙ্খলিখিতৌ। পিতৃণামনৃণো জীবন্ দৃষ্ট্বা পুত্রমুখং পিতা। স্বর্গী স তেন জাতেন তস্মিন্ সংন্যস্য তদৃণং। অগ্নিহোত্রং ত্রয়োবেদা যজ্ঞাশ্চ

---

স্বসিদ্ধান্তমাহ সংপ্রতীতি। ন চ স্বার্জ্জিতধনে প্রথমং ভ্রাত্রধিকারঃ পিতৃসম্বন্ধিধনে পিতুরধিকারইতি রত্নাকরাদ্যভিহিতমেব সমাধানং যুক্তমিতিবাচ্যং প্রমাণাভাবাৎ বিনিগমনাবিরহেণ বৈপরীত্যস্যাপি সম্ভবাচ্চ। ধীমদ্ভিরস্মদভিমতার্থবাদিভিঃ হলায়ুধাদিভিরিত্যর্থঃ। বিষ্ণ্বাদীত্যাদিনা যাজ্ঞবল্ক্যপরিগ্রহঃ। বচনেভ্যঃ অপুত্রধনং পত্ন্যভিগামীতি পত্নীদুহিতরশ্চৈবেত্যাদিবচনেভ্যঃ। বচনস্থপুত্রপদস্য বক্ষ্যমাণযুক্ত্যা প্রপৌত্রপর্য্যন্তপরত্বাদাহ আদীতি। পৌত্রপ্রপৌত্রপরি-

---

এক্ষণে অস্মদভিমতার্থবাদি বিদ্বদ্গণ এই মীমাংসা করেন যে বিষ্ণু প্রভৃতির বচন হইতে পুত্র পৌত্র প্রপৌত্রের অভাবেই পত্নীর অধিকার স্পষ্টরূপে প্রতীত হয়। আর ইহা যুক্তিসিদ্ধও বটে, যে মৃতব্যক্তির ধন সর্ব্বাগ্রে পুত্রপৌত্রপ্রপৌত্রগামি হয়। যথা মনু ও বিষ্ণু বচন, যেহেতু পুত্র পিতাকে পুন্নাম নরক হইতে ত্রাণ করে সেই হেতু স্বয়ংব্রহ্মা পুত্র এই সংজ্ঞা করিয়াছেন। তথা হারীতবচন, পুৎ এই নামে একটি নরক কথিত আছে, আর ছিন্নতন্তু নামে আর একটি নরক আছে, তাহা হইতে যেহেতু ত্রাণ করে সেই হেতু পুত্র এই নামে বিখ্যাত হয়। তথা শঙ্খ ও লিখিতবচন, পিতা জীবদ্দশায় পুত্রের মুখ দর্শন করিয়া পিতৃলোকের ঋণ হইতে মুক্ত হয়েন। আর সেইপুত্রে পিতৃঋণ

শতদক্ষিণাঃ। জ্যেষ্ঠপুত্রপ্রসূতস্য কলাং নার্হন্তি ষোড়শীং। তথা মনুশঙ্খলিখিতবিষ্ণুবশিষ্ঠহারীতাঃ। পুত্রেণ লোকান্ জয়তি পৌত্রেণানন্ত্যমশ্নুতে। অথ পুত্রস্য পৌত্রেণ ব্রধ্নস্যাপ্নোতি পিষ্টপং। তথা যাজ্ঞবল্ক্যঃ। লোকানন্ত্যং দিবঃ প্রাপ্তিঃ পুত্রপৌত্রপ্রপৌত্রকৈঃ ॥ ১২৪ ॥

তদেবং পুত্রাদিভির্জন্মতঃ প্রভৃতি পিতুঃ পরলোকোচিতমহোপকারনিষ্পাদনাৎ মৃতস্য তস্য চ পার্ব্বণবিধানা পিণ্ডা-

গ্রহার্থং। স্পষ্টমিতি। অপুত্রধনং পত্ন্যভিগামীত্যভিধানাৎ এষামভাবে পূর্ব্বেষাং ধনভাগুত্তরোত্তরইত্যভিধানাচ্চেতিভাবঃ। অস্য ন্যায়মূলত্বমাহ যুক্তমিতি। নৈরয়ো নরকঃ। নৈরয়ইতি নিরয়গামীত্যর্থইতি কেচিৎ তদসৎ তত্রেত্যানন্বয়াপত্তেঃ কিন্তু নরকএবার্থঃ তদ্ধিতস্যাবিবক্ষণাৎ। তত্র তস্মাৎ। প্রসূতস্যেতি। ভাবে ক্তঃ তেন জন্মনইত্যর্থঃ। ব্রধ্নস্য আদিত্যস্য। পিষ্টপং লোকং। ॥ ১২৪ ॥

শ্রুতং ন্যায়মূলশ্রুতিবোধিতং। অতএব উপকারকত্বেন ধনসম্বন্ধস্য মনোরনুমতত্বাদেব। অন্যথা ন্যায়মূলকত্বাভাবে। ননু বাচনিকএবায়মধিকারক্রমঃ পৌত্রপ্রপৌত্রয়োরপি বচনান্তরাদেবাধিকারোভবিষ্যতীত্যতআহ পৌত্রাধিকার ইতি।

অর্পণ করিয়া তদ্দ্বারা স্বর্গগামী হয়েন। অগ্নিহোত্র, অধীত বেদত্রয় ও প্রচুর দক্ষিণাযুক্ত যজ্ঞ সকল জ্যেষ্ঠপুত্রের জন্মফলের ষোড়শভাগের একভাগও ফল জন্মাইতে পারেন না। তথা মনু, শঙ্খ, লিখিত, বিষ্ণু, বশিষ্ঠ, হারীতবচন, পুত্র দ্বারা স্বর্গলাভ করেন এবং পৌত্রদ্বারা উহার অনন্ততা লাভ করেন। আর পুত্রের পৌত্র অর্থাৎ প্রপৌত্র দ্বারা সূর্য্যলোক প্রাপ্ত হয়েন। তথা যাজ্ঞবল্ক্যবচন, পুত্র পৌত্র এবং প্রপৌত্রদ্বারা যথাক্রমে স্বর্গ, অনন্তস্বর্গ, ও বিশিষ্টস্বর্গের প্রাপ্তি হয় ॥ ১২৪ ॥

এতাবতা পুত্রাদিদ্বারা জন্ম হইতেই পিতার পরলোকে মহোপকার নিষ্পন্ন হওয়ায় এবং মৃতপিতার উদ্দেশে পার্ব্বণবিধানে পিণ্ডদান করায় পুত্রাদি প্রাপ্ত

নাৎ পুত্রাদ্যর্থং তদ্ধনং মৃতমেবোপকরোতীতি ন্যায়প্রাপ্তং পুত্রাদীনাং স্বামিত্বং শ্রুতং। তথোপকারকত্বেনৈব ধনসম্বন্ধং মনুরপ্যাহ। জ্যেষ্ঠেন জাতমাত্রেণ পুত্রী ভবতি মানবঃ। পিতৄণামনৃণশ্চৈব স তস্মাল্লব্ধু মর্হতি। তস্মাদিতি হেতুপন্যাসাৎ দায়ভাগপ্রকরণে চ পুত্রাদীনাং নানাবিধপিত্রাদ্যুপকারকত্বকীর্ত্তনস্য অনন্যপ্রয়োজনকত্বাৎ উপকারকত্বাদেব ধনসম্বন্ধো মনোরনুমতইতি গম্যতে অতএব পুত্রপদং প্রপৌত্রঃ পর্য্যন্তপরং তৎপর্য্যন্তানামেব পার্ব্বণবিধিনা পিণ্ডদানোপকা-

কথঞ্চিদিতি। পৌত্রী মাতামহস্তেন দদ্যাৎ পিণ্ডং হরেদ্ধনমিত্যনেন পুত্রিকাপুত্রস্য পৌত্রতয়া ধনাধিকারপ্রতিপাদনাৎ পৌত্রস্যাপি ধনাধিকারস্যার্থতঃ প্রাপ্তেরিত্যর্থঃ।

মৃতব্যক্তির ধন মৃতব্যক্তিকেই উপকৃত করে, এজন্য পুত্রাদির পিত্রাদিধনে স্বামিত্ব লাভ ন্যায়প্রাপ্তই হইয়াছে। তথা ভগবান্ মনুও উপকারকত্ব সম্বন্ধেই ধনাধিকার সম্বন্ধ কহেন। যথা মনুষ্য জ্যেষ্ঠপুত্রের জন্মমাত্রেই পুত্রবান্ ও পিতৃলোকের সম্বন্ধে অনৃণী হয় সেই হেতুই জ্যেষ্ঠ, পিতার সমস্ত ধন পাইবার যোগ্য হয়। এই বচনে সেই হেতু এই পদদ্বারা হেতুপন্যাস করায় ও দায়ভাগপ্রকরণে পুত্রাদির নানাবিধ উপকারকত্ব কীর্ত্তনের অন্য প্রয়োজন না থাকায় উপকারকত্ব নিবন্ধনই ধন সম্বন্ধ মনুর অভিমত ইহা প্রতীত হইতেছে। অতএব পুত্র এই পদটি প্রপৌত্রপর্য্যন্তের উপলক্ষণ। যেহেতু তৎপর্য্যন্তের পার্ব্বণবিধিক পিণ্ডদানদ্বারা উপকারকত্বের কোন বিশেষ নাই। এজন্য উপকারত্ব ধরিয়াই প্রপৌত্রপর্য্যন্তের ধনাধিকারিত্ব সংস্থাপন করিতে হইবে। অন্যথা পুত্রপদের প্রকৃত স্বার্থদ্বারা প্রপৌত্রপর্য্যন্তের কখনই বোধ হইতে পারে না। যদিও কষ্টসৃষ্ট্যা পৌত্রের অধিকার জ্ঞাপক বচন পাওয়া যায় কিন্তু প্রপৌত্রের অধিকার বোধক পৃথক্ বচন নাই বিধায় উপকারকত্ব নিবন্ধনই প্রপৌত্রের অধিকার প্রতিপাদিত হয় সুতরাং পুত্রপদ প্রপৌত্র

রকত্বস্যাবিশেষাৎ অন্যথা পুত্রপদস্য স্বার্থত্যাগানুপপত্তেঃ পৌত্রাধিকারজ্ঞাপকং বচনং কথঞ্চিৎ যদি লভ্যেতাপি প্রপৌত্রস্য তু ন পৃথক্ বচনমস্তি তস্মাদুপকারকত্বাদেব প্রপৌত্রস্যাপ্যধিকারইতি পুত্রপদমুপলক্ষণং অতএব বৌধায়নঃ। প্রপিতামহঃ পিতামহঃ পিতা স্বয়ং সোদর্য্যা ভ্রাতরঃ সবর্ণায়াঃ পুত্রঃ পৌত্রঃ প্রপৌত্রঃ এতান্ অবিভক্তদায়াদান্ সপিণ্ডানাচক্ষতে বিভক্তদায়াদান্ সকুল্যানাচক্ষতে সৎসঙ্গজেষু তদগামী হ্যর্থোভবতি সপিণ্ডাভাবে সকুল্যঃ তদভাবে চাচার্য্যোঽন্তেবাসী ঋত্বিগ্বাহরেৎ তদভাবে রাজা। অস্যার্থঃ

এবং "অপুত্রপৌত্রে সংসারে দৌহিত্রা ধনমাপ্নুয়ু"-রিত্যনেনাপিতথৈব পৌত্রাধিকার-

পর্য্যন্তের উপলক্ষণ। অত্রএব বৌধায়নবচন, প্রপিতামহ, পিতামহ, পিতা, আপনি, সোদর ভ্রাতা, সবর্ণাস্ত্রীজাত পুত্র, পৌত্র, এবং প্রপৌত্র ইহাদিগকে অবিভক্ত দায়াদ বলেন। আর বিভক্ত দায়াদগণকে সকুল্য বলেন, অঙ্গজ থাকিলে ধন অঙ্গজেরই প্রাপ্য হয়, সপিণ্ডাভাবে সকুল্য তাহার পর আচার্য্য অথবা শিষ্য, কিংবা পুরোহিত, তদভাবে রাজা অধিকারী হয়েন। ইহার তাৎপর্য্যার্থ; পিত্রাদির ভোগ্য পিণ্ডত্রয়ে সপিণ্ডনানন্তর পুত্রাদির ভোক্তৃত্ব থাকে, কারণ পুত্রাদিত্রয় কর্ত্তৃক তৎপিণ্ডত্রয় দানের বিধান থাকায় যে জীবদ্দশায় যাহার পিণ্ডদান করে সে মরণানন্তর সপিণ্ডীকরণের পর তৎপিণ্ডের ভোক্তা হয় ইহাতে স্থির হইল যে মধ্যস্থিত পুরুষ জীবিত থাকিয়া পূর্ব্বপুরুষ ত্রয়ের পিণ্ডদাতা ছিলেন বলিয়া তিনি মৃত হইয়া পূর্ব্বপুরুষত্রয়ের অবিভক্ত পিণ্ডভোক্তা হইবেন এবং আপনার নীচস্থিত তিনপুরুষের অর্থাৎ পুত্র পৌত্র প্রপৌত্রের জীবিতাবস্থায় পিণ্ডদানের সম্প্রদান স্বরূপ ছিলেন বলিয়া মৃত পুত্রপৌত্রপ্রপৌত্রের সহিত আপনার দৌহিত্রাদি দেয় পিণ্ডের অবিভক্তরূপে ভোক্তা হইবেন। অতএব ইনি যাঁহাদের পিণ্ডদাতা অথবা যাহারা ইঁহার

পিত্রাদিপিণ্ডত্রয়ে সপিণ্ডনেন ভোক্তৃত্বাৎ পুত্রাদিভিশ্চ ত্রিভিঃ তৎপিণ্ডস্যৈব দানাৎ যশ্চ জীবন্ যৎপিণ্ডদাতা স মৃতঃ সন্ সপিণ্ডনাৎ তৎপিণ্ডভোক্তা এবঞ্চ সতি মধ্যস্থিতঃ পুরুষঃ পূর্ব্বেষাং জীবন্ পিণ্ডদাতা স মৃতঃ তৎপিণ্ড[illegible] চ পরেষাং জীবতাং পিণ্ডসম্প্রদানভূত আসীৎ মৃতৈশ্চ তৈঃ সহ দৌহিত্রাদিদেয়পিণ্ডভোক্তা অতো যেষাময়ং পিণ্ডদাতা যে বাস্য পিণ্ডদাতারঃ তে অবিভক্তপিণ্ডরূপং দায়মদন্তীত্যবিভক্তদায়াদাঃ সপিণ্ডাঃ পঞ্চমস্য তু পূর্ব্বস্য মধ্যমঃ পঞ্চমো ন পিণ্ডদাতা ন চ তৎপিণ্ডভোক্তা এবমধস্তনোঽপি পঞ্চমো ন মধ্যমস্য পিণ্ডদাতা নাপি তৎপিণ্ডভোক্তা এতেন বৃদ্ধপ্রপিতামহাৎ প্রভৃতয়স্ত্রয়ঃ পূর্ব্বপুরুষাঃ প্রতিপ্রণপ্তুশ্চ প্রভৃত্যধস্তনাস্ত্রয়ঃ পুরুষাঃ একপিণ্ডভোক্তৃত্বাভাবাৎ বিভক্তদায়াদাঃসকুল্যা ইত্যাচক্ষতে॥১২৫॥

---

লাভইত্যর্থঃ। যতএব প্রপৌত্রস্য ধনাধিকারঃ অতএবেত্যর্থঃ। দৌহিত্রাদীত্যাদিনা জীবৎপুত্রান্তরাদিপরিগ্রহঃ। প্রতিপ্রণপ্তুঃ প্রপৌত্রপুত্রাৎ ॥ ১২৫ ॥

---

পিণ্ডদাতা তাঁহারা সকলে অবিভক্ত পিণ্ডরূপ দায় অদন অর্থাৎ ভোজন করেন, এই হেতু অবিভক্তদায়াদ পদ বাচ্য সপিণ্ড হয়েন। আর পূর্ব্বতন পঞ্চমের অর্থাৎ বৃদ্ধপ্রপিতামহের নীচস্থিত মধ্যস্থিত পঞ্চম অর্থাৎ বৃদ্ধপ্রপৌত্র পিণ্ডদান করেন না বলিয়া বৃদ্ধপ্রপিতামহের পিণ্ডভোক্তাও হয়েন না এবং অধস্তন পঞ্চম, মধ্যস্থিত পঞ্চমের পিণ্ডদাতা নহেন বলিয়া তৎপিণ্ডভোক্তা হয়েন না। ইহাতে বৃদ্ধপ্রপিতামহপ্রভৃতি পূর্ব্বপুরুষত্রয় এবং বৃদ্ধপ্রপৌত্র প্রভৃতি অধস্তন পুরুষত্রয় একপিণ্ডভোক্তৃত্ব বিরহপ্রযুক্ত বিভক্ত দায়াদপদবাচ্য সকুল্যনামে কথিত হয় ॥ ১২৫ ॥

ইদঞ্চ সপিণ্ডত্বং সকুল্যত্বঞ্চ দায়গ্রহণার্থমুক্তং। অতএব মনুনাপি। ন ভ্রাতরো ন পিতরঃ পুত্রা রিকৃথহরাঃ পিতুরিত্যভিধায় কুতইত্যপেক্ষায়াং ত্রয়াণামুদকং কার্য্যং ত্রিষু পিণ্ডঃ প্রবর্ত্ততে। অশৌচাদ্যর্থস্তু পিণ্ডলেপভুজামপি তদ্দত্তপিণ্ডলেপভোক্তৃত্বেন সপিণ্ডত্বং মার্কণ্ডেয়পুরাণে নির্দ্দিষ্টং যথা। পিণ্ডলেপভুজশ্চান্যে পিতামহপিতামহাৎ। প্রভৃত্যুক্তাস্ত্রয়স্তেষাং যজমানশ্চ সপ্তমঃ। ইত্যেবং মুনিভিঃ প্রোক্তঃ সম্বন্ধঃ সাপ্তপৌরুষঃ। অশৌচকর ইত্যর্থঃ অতএব মনুনাপ্যুক্তমশৌচপ্রকরণে। সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে। সমা-

সাপ্তপৌরুষসাপিণ্ডবিধিবোধিতবিরোধমাশঙ্ক্যাহ ইদমিতি। ইদং পুরুষত্রয়মাত্রবিশ্রান্তং। বৈধব্যাৎ প্রভৃতীতি। অনেন জন্মপ্রভৃত্যুপকারকেভ্যঃ। পুত্রাদিভ্যোজঘন্যত্বমুপপাদিতং এবং পার্ব্বণপিণ্ডদানাভাবাদপি জঘন্যত্বং বোধ্যং। ন চ পুত্রাদিভ্যঃ পূর্ব্বং পরিণয়নাৎ প্রভৃত্যাশ্রমধর্ম্মাচরণেন উপকারকত্বাৎ তস্যা অপ্যুৎকর্ষসম্ভবইতিবাচ্যং "অলাভে চৈব কন্যায়াঃ স্নাতকব্রতমাচরেদি"ত্যাদিনা আশ্রমধর্ম্মাচরণে তস্যা অনিয়তত্বাৎ জন্মপ্রভৃতিমহোপকারকপুত্রাদিতো জঘন্যতয়া দুর্ব্বলত্বাচ্চ। স্বভত্রে ইতি। উপলক্ষণমেতৎ। শ্বশুরার্য্যশ্বশুরাভ্যামপি বোধ্যং। তর্পণং প্রত্যহং কার্য্যং ভর্ত্তুঃ কুশতিলোদকৈঃ। তৎপিতুস্তৎপিতুশ্চাপি নামগোত্রাদিপূর্ব্বকং। ইতি কাশীখণ্ডবচনাৎ অত্র প্রত্যহমিতি বিধানাৎ এষাং

আর উক্ত ত্রৈপুরুষিক সপিণ্ডত্ব ও সকুল্যত্ব ধনাধিকারের নিমিত্ত কথিত হইয়াছে। অতএব মনুও বলিয়াছেন, না ভ্রাতৃগণ, না পিতা মাতা কিন্তু পুত্রগণই পিতার ধনাধিকারী হয়। এই কথা বলিয়া তাহার কারণ নির্দ্দেশ করিয়াছেন। যথা তিনপুরুষের উদকদান করিবে ও তিনপুরুষের উদ্দেশে পিণ্ডদানে প্রবৃত্ত হইবে। পরন্তু অশৌচাদির নিমিত্ত সাপিণ্ড্যগণনা পিণ্ডলেপভোক্তৃত্ব নিবন্ধন পিণ্ডলেপভোজি বৃদ্ধপ্রপিতামহাদিত্রয়কেও ধরিয়া সপ্তপুরুষপর্য্যন্ত ধরিতে হইবে,

নোদকভাবস্তু জন্মনাম্নোরবেদনে। অন্যথা ত্রয়াণামিত্যনেন বিরোধঃ স্যাৎ। প্রপৌত্রপর্য্যন্তাভাবে তু বৈধব্যাৎ প্রভৃতি-ব্রতাদিনা ভর্ত্তুঃ পরলোকহিতাচরণেন পুত্রাদিভ্যোজঘন্যেতি তেষামভাবে ধনহারিণী পত্নী। তদাহ ব্যাসঃ। "মৃতে ভর্ত্তরি সাধ্বী স্ত্রী ব্রহ্মচর্য্যব্রতে স্থিতা। স্নাতা প্রতিদিনং দদ্যাৎ স্বভর্ত্রে সতিলাঞ্জলীন্। কুর্য্যাচ্চানুদিনং ভক্ত্যা দেবতানাঞ্চ পূজনং। বিষ্ণোরারাধনঞ্চৈব কুর্য্যান্নিত্যমুপোষিতা। দানানি বিপ্রমুখ্যেভ্যো দদ্যাৎ পুণ্যবিবৃদ্ধয়ে। উপবাসাংশ্চ বিবিধান্ কুর্য্যাৎ শাস্ত্রোদিতান্ শুভে। লোকান্তরস্থং ভর্ত্তারমা-

তর্পণং নিত্যং অন্যেষাংকাম্যমিতি বোধ্যং। বিষ্ণোরিতি। আরাধনং পতিবুদ্ধ্যা বিষ্ণোশ্চ পূজনং কার্য্যং পতিবুদ্ধ্যা ন চান্যথা ইতি কাশীখণ্ডবচনাৎ। উপবাসাং-শ্চেতি। শাস্ত্রোদিতান্ নিত্যান্ কাম্যান্ বা অহোরাত্রাভোজনরূপান্ ভোজন-চতুষ্টয়নিবৃত্তিরূপান্ বা উপবাসাংশ্চেত্যর্থঃ। কাম্যোপবাসাশ্চ মহাভারতোক্তাঃ। যথা ত্রিরাত্রং পঞ্চরাত্রং বা পক্ষব্রতমথাপি বা। মাসোপবাসান্ কুর্য্যাদ্বা চান্দ্রায়ণ-মথাপি বা। ইতি ত্রিরাত্রোপবাসোন বৈশ্যশূদ্রয়োঃ "ত্রিরাত্রং পঞ্চরাত্রং বা তেষাং পুষ্টির্ন বিদ্যতে। বৈশ্যাঃ শূদ্রাশ্চ যে মোহাদুপবাসং প্রকুর্ব্বতে" ইতি ভারতবচনাৎ। পুষ্টির্ব্রতফলমিতি। কশ্চিত্তু "উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাসো

ইহা মার্কণ্ডেয়পুরাণে নির্দ্দিষ্ট হইয়াছে। যথা পিতামহের পিতামহ অর্থাৎ বৃদ্ধপ্রপিতামহ প্রভৃতি আর তিনপুরুষ ইহারা পিণ্ডের লেপভোজন করেন, তাঁহাদের সপ্তম পিণ্ডদাতা হয়েন, এইরূপে মুনিগণ কর্ত্তৃক অশৌচাদির নিমিত্ত সাপ্তপৌরুষ সাপিণ্ড্য সম্বন্ধ উক্ত হইয়াছে। অতএব মনুও অশৌচ প্রকরণে লিখিয়াছেন, যথা সপিণ্ডতা সপ্তমপুরুষে নিবৃত্ত হয় ও সমানোদকতা জন্ম ও নামের অস্মরণ হইলে নিবৃত্ত হয়।

এই সাপ্তপৌরুষ সাপিণ্ড্য অশৌচাদির জন্য ধরিতে হইবে, ধনাধিকার বিষয়ে নহে। অন্যথা তিনপুরুষের উদকদান করিবে ইত্যাদি ত্রৈপুরুষিক

ত্মানঞ্চ বরাননে। তারয়ত্যুভয়ং নারী নিত্যং ধর্ম্মপরায়ণা। তদেবমাদিভির্ব্বচনৈঃ পত্ন্যা অপি নরকনিস্তারকত্বশ্রুতেঃ ধনহীনতয়া বা অকার্য্যং কুর্ব্বতী পুণ্যাপুণ্যফলসমত্বেন ভর্ত্তারমপি পাতয়তীতি তদর্থং তদ্ধনং পূর্ব্বস্বাম্যর্থমেব ভবতীতি যুক্তং পত্ন্যাঃ স্বাম্যং ॥ ১২৬ ॥

গুণৈঃ সহ। উপবাসঃ স বিজ্ঞেয়ো ন শরীরবিশোষণমিতি। পারিভাষিকোপবাসপরমেব অত্রোপবাসপদমিত্যাহ তন্ন তস্য সমুদিতস্যৈকবিধত্বেন বিবিধানিত্যনুপপত্তেঃ। ন চ উপবাসসামান্যপরত্বে চাশক্যানুষ্ঠানদোষঃ সর্ব্বস্মিন্নেবাহ্নি কাম্যোপবাসসম্ভবাদিতিবাচ্যং এতস্য সম্ভবপরত্বাৎ দানবৎ। লোকান্তরস্থং দুঃখদাপকৃষ্টস্থানস্থং তারয়তি সুখদোৎকৃষ্টস্থানং প্রাপয়তি। নরকনিস্তারকত্বশ্রুতেরিতি। যুক্তং পত্ন্যাঃ স্বাম্যমিতি বক্ষ্যমাণে হেতুঃ। পুণ্যাপুণ্যইতি। শরীরার্দ্ধং স্মৃতা জায়া পুণ্যাপুণ্যফলে সমেতি বচনাদিভ্যাদিঃ। পাতয়তীতি। ইতি অতোঽপীত্যর্থঃ ॥ ১২৬ ॥

সাপিণ্ড্য প্রতিপাদক বচনের সঙ্গে বিরোধ হয়। প্রপৌত্র পর্য্যন্তের অভাবে বৈধব্যাবধি ব্রতাদিদ্বারা ভর্ত্তার পরলোকে হিতাচরণ করাতে জন্মাবধি উপকারকারি পুত্রাদি হইতে পত্নী নিকৃষ্টা বলিয়া পুত্র পৌত্র প্রপৌত্রের অভাবে পতির ধনে অধিকারিণী হয়। যথা ব্যাসবচন, ভর্ত্তার মৃত্যু হইলে সাধ্বী স্ত্রী ব্রহ্মচর্য্যব্রতে থাকিয়া প্রতিদিন স্নানানন্তর আপন ভর্ত্তা, শ্বশুর ও আর্য্যশ্বশুরের তিলতর্পণ করিবে এবং প্রতিদিন ভক্তিপূর্ব্বক দেবতাপূজন ও পতিবোধে বিষ্ণুর আরাধনা করিবে। আর পুণ্যবৃদ্ধির নিমিত্ত গুণবদ্ব্রাহ্মণকে দান করিবে। এবং শাস্ত্রোক্ত নানাবিধ উপবাস করিবে। হে শুভে! হে বরাননে! পরলোকস্থিত ভর্ত্তাকে এবং আপনাকে সতত ধর্ম্মপরায়ণা নারী উদ্ধার করে। ইত্যাদি বচনদ্বারা পত্নীও নরকনিস্তারিণী হয়। আর ধন না পাইলে যদি কুকর্ম্ম করে তবে পুণ্যাপুণ্য ফলের সমত্বপ্রযুক্ত ভর্ত্তাকেও নরকে পাতিত করে। এজন্য পত্নীপ্রাপ্ত পতিধন পতিরই উপকারার্থ হয় বিধায় পত্নীর পতিধনে স্বামিত্ব লাভ যুক্তিসিদ্ধ ॥ ১২৬ ॥

অতঃ শঙ্খাদিবচনেষু ব্যবহিতযোজনা কার্য্যা অপুত্রস্য স্বর্যাতস্য ধনং জ্যেষ্ঠা পত্নী হরেৎ তদভাবে পিতরৌ হরেতাং তদভাবে ভ্রাতৃগামীতি। তদভাব ইতি মধ্যপঠিতং পূর্ব্বেণ ভ্রাতৃগামীত্যনেন পরেণ চ পিতরৌ হরেতামিত্যনেন সম্বধ্যতে অবিরোধাৎ ন্যায়স্যোক্তত্বাচ্চ ন ত্বশ্রুতা বিভক্তসংসৃষ্টগোচরত্বকল্পনা অতোঽবিশেষেণৈব বিভক্তত্বাদ্যনপেক্ষয়ৈব অপুত্রস্য ভর্ত্তুঃ কৃৎস্নধনে পত্ন্যধিকারোজিতেন্দ্রিয়োক্ত আদরণীয়ঃ॥১২৭॥

অতইতি। পত্ন্যধিকারস্য ন্যায়সিদ্ধত্বং যতোঽতইত্যর্থঃ। শঙ্খাদিবচনেষ্বিতি। অপুত্রস্য স্বর্যাতস্য ভ্রাতৃগামি ধনং তদভাবে পিতরৌ হরেতাং পত্নী বা জ্যেষ্ঠা ইত্যাদি প্রাগুক্তেষ্বিত্যর্থঃ। ব্যবহিতযোজনামেবাহ অপুত্রস্যেতি। অবিরোধাদিতি। বিষ্ণুযাজ্ঞবল্ক্য শঙ্খবচনানাং পরস্পরবিরোধপরীহারায়েত্যর্থঃ। অয়ঞ্চ ব্যবহিতযোজনায়াং মধ্যপঠিতস্য উভয়ত্রান্বয়ে বা উভয়ত্রৈব বা হেতুঃ। নন্থ বিষ্ণ্বাদিবচনেঽপি ব্যবহিতযোজনয়া বিরোধপরীহারসম্ভবে ব্যবহিতযোজনায়াং বিনিগমকাভাব ইত্যত্রআহ ন্যায়স্যেতি। বৈধব্যাৎ প্রভৃতীত্যাদ্যুক্তন্যায়স্যেত্যর্থঃ। তথাচ ন্যায়এব বিনিগমকইতিভাবঃ। নিরাকৃতমপি কেষাঞ্চিন্মতং হেত্বন্তরেণাপি পুনর্নিরাকরোতি ন ত্বিতি। তথাচাশ্রুতকল্পনাগৌরবপরাহতমপি তদিতিভাবঃ। অবিশেষেণৈব বচনে বিভক্তত্বাদিবিশেষানুপাদানেনৈব। বিভক্তত্বাদ্যনপেক্ষা ইত্যত্রৈবং হেতুঃ॥ ১২৭॥

অতএব শঙ্খাদিবচনে ব্যবহিতযোজনা অর্থাৎ উল্‌টিয়া পাল্‌টিয়া অন্বয় করা কর্ত্তব্য। যথা অপুত্র মৃতব্যক্তির ধন জ্যেষ্ঠা পত্নী লইবে, তদভাবে পিতা মাতা পাইবেন, তদভাবে ভ্রাতা পাইবেন, এইরূপ ব্যবহিত অন্বয়ে তদভাবে এই মধ্যস্থিত পদটি পূর্ব্বস্থিত ভ্রাতৃগামি এই পদের সঙ্গে আর পরস্থিত পিতরৌ হরেতাং ইহার সঙ্গেও অন্বয় পাইবে, তাহা হইলে কোন বিরোধ থাকে না। আর বিশিষ্ট উপকারকারিত্ব ন্যায়ও পূর্ব্বে উক্ত হইয়াছে, নচেৎ নূতনরূপ

পত্নীত্বঞ্চ প্রথমং উত্তমবর্ণায়াঃ। জ্যেষ্ঠা পত্নীত্যভিধানাৎ বর্ণক্রমেণ জ্যেষ্ঠত্বাৎ তদাহ মনুঃ। যদি স্বাশ্চ পরাশ্চৈব বিন্দেরন্ যোষিতো দ্বিজাঃ। তাসাং বর্ণক্রমেণৈব জ্যৈষ্ঠ্যং পূজা চ বেশ্ম চ। অতঃ পরিণয়নকনিষ্ঠাপি সবর্ণা জ্যেষ্ঠৈব তস্যা এব যজ্ঞাদিষু ব্যাপারাধিকারাৎ পত্নীত্বং। তথাচ মনুঃ। ভর্ত্তুঃ শরীরশুশ্রূষাং ধর্ম্মকার্য্যঞ্চ নৈত্যিকং। স্বা স্বৈব কুর্য্যাৎ সর্ব্বেষাং নান্যজাতিঃ কথঞ্চন। যস্তু তৎ

বক্ষ্যমাণনারদবচনবিরোধপরীহারায় সবর্ণায়াস্তদভাবে চানন্তরবর্ণায়াশ্চ পত্নীত্বং ন ত্বন্যাসাং ভার্য্যাণামিতি ব্যবস্থাপয়তি পত্নীত্বঞ্চেতি। প্রথমমিত্যনেন তদসম্ভবেঽনন্তরবর্ণায়াঅপি তথাত্বং সূচিতং। তত্র প্রমাণমাহ জ্যেষ্ঠেতি। অভিধানাৎ। জ্যেষ্ঠা বা পত্নীত্যাদিনা শঙ্খাদিভিরিতি শেষঃ। নমু শঙ্খাদিবচনে জ্যেষ্ঠায়াঃ পত্নীত্বমবগম্যতে ন তু সবর্ণায়াইত্যত্রাহ বর্ণক্রমেণেতি। স্বাঃ সজাতীয়াঃ। পরাঃ ভিন্নজাতীয়াঃ। এতাশ্চানুলোমজাতীয়াঃ প্রতিলোমপরিণয়ননিষেধাৎ তথা চৈতদ্বচনপ্রাপ্তবর্ণজ্যেষ্ঠত্বস্য সবর্ণায়ামেব পর্য্যবসানে সবর্ণায়াঃ পত্নীত্বং সিদ্ধমিতি-

অশ্রুতপূর্ব্ব অবিভক্ত ও সংসৃষ্ট বিষয়ত্ব কল্পনা করা অনুচিত। অতএব বচনে বিভক্তত্বাদির বিশেষ কথন না থাকায় বিভক্তত্বাদি অপেক্ষা না করিয়া সর্ব্বপ্রকার অপুত্রমৃতভর্ত্তার সমগ্রধনে পত্নীর অধিকার জিতেন্দ্রিয় নামে গ্রন্থকার কহিয়াছেন তাহাই আদরণীয়॥ ১২৭॥

জ্যেষ্ঠা পত্নী এই বচনে বর্ণক্রমে জ্যেষ্ঠত্ব কথনহেতু উত্তমবর্ণাস্ত্রীরই প্রথম পত্নীত্ব হইবে। যথা মনুবচন, যদি দ্বিজত্রয় সজাতীয়া ও বিজাতীয়া ভার্য্যা পরিগ্রহ করেন তবে তাহাদের বর্ণানুসারেই জ্যেষ্ঠত্ব সম্মান ও গৃহাদি প্রাপ্তি হইবে, বিবাহানুসারে কিংবা বয়ঃক্রমানুসারে জ্যেষ্ঠত্ব ধর্ত্তব্য হইবে না। অতএব বিবাহানুসারে কনিষ্ঠা হইলেও সবর্ণা পত্নীই জ্যেষ্ঠা বলিয়া গণনীয়া হইবে। যেহেতু সেই সজাতীয়ারই যজ্ঞাদিতে অধিকার প্রযুক্ত পত্নীত্ব হইবে। যথা মনু, সকলের সজাতীয়া পত্নীই ভর্ত্তার শরীরশুশ্রূষা ও নিত্য ধর্ম্ম কর্ম্ম

কারয়েন্মোহাৎ স্বজাত্যা স্থিতয়ান্যয়া। যথা ব্রাহ্মণচাণ্ডালঃ পূর্ব্বদৃষ্টস্তথৈব সঃ। সবর্ণায়াঃ পুনরভাবে অনন্তরবর্ণা পত্নী। যথা বিষ্ণুঃ। সবর্ণায়া অভাবে ত্বনন্তরয়ৈবাপদি ন্ ত্বেব দ্বিজঃ শূদ্রয়া। ধর্ম্মকার্য্যং কুর্য্যাদিত্যনুবর্ত্ততে। তেন ব্রাহ্মণস্য ব্রাহ্মণী পত্নী তদভাবে ক্ষত্রিয়াপ্যাপদি ন তু পরিণীতে অপি বৈশ্যাশূদ্রে ক্ষত্রিয়স্য ক্ষত্রিয়া পত্নী তদভাবে বৈশ্যাপি অন-

ভাবঃ। যতোবর্ণক্রমেণ জ্যেষ্ঠত্বং অত ইত্যর্থঃ। পরিণয়নকনিষ্ঠাপীতি। ক্ষত্রিয়ায়াং সত্যাং প্রথমপরিণীতা ব্রাহ্মণীমরণে পশ্চাৎ পরিণীতা ব্রাহ্মণী পরিণয়নকনিষ্ঠা বোধ্যা অন্যথা ব্যুৎক্রমবিবাহাপত্তেরিতি বোধ্যং। নন্থু জ্যেষ্ঠায়াঃ পত্নীত্বেঽপি অন্যাসাং পত্নীত্বে বাধকাভাবঃ তথাচ পত্নীত্বং সর্ব্বাসামেব জ্যেষ্ঠপত্ন্যাঃ পুনর্ধ-নাধিকারইত্যেব কিং ন স্যাদত্রাহ তস্যাএবেতি। যজ্ঞাদীতি। তথাচ "পত্যুর্নো-যজ্ঞসংযোগ"ইতি ব্যাকরণস্মৃত্যা যজ্ঞসম্বন্ধএব পত্নীপদস্য সাধিতত্বাৎ সবর্ণায়াএব যজ্ঞাধিকারাৎ পত্নীত্বং নান্যাসামিতি ভাবঃ। সবর্ণায়াএব যজ্ঞাধিকার ইত্যত্র প্রমাণমাহ তথাচেতি। স্বজাত্যা স্থিতয়েতি। এতেন স্বজাত্যা অভাবেঽন্যাসা-

সাধন করিবে, বিজাতীয়া কখনই তাহা করিতে পারিবে না। যে, সজাতীয়া ভার্য্যা থাকিতে মোহবশতঃ বিজাতীয়াদ্বারা উক্ত কার্য্য করায়, সে যেমন পূর্ব্বে ব্রাহ্মণ চাণ্ডাল দেখা গিয়াছে সেইরূপই গণ্য হইবে। আর সবর্ণার অভাবে অনন্তরবর্ণাও পত্নী হয় যথা বিষ্ণু, সবর্ণার অভাবে আপৎকর্ম্মে দ্বিজেরা অনন্তরবর্ণা ভার্য্যাদ্বারা ধর্ম্মকার্য্য করিবেন। কিন্তু শূদ্রাদ্বারা কদাপি ধর্ম্ম-সাধন করিতে পারেন না। এই বচনপ্রমাণে ব্রাহ্মণের পত্নী ব্রাহ্মণীই হইবে, তাহার অভাবে আপৎকল্পে ক্ষত্রিয়াও পত্নী হইতে পারে, কিন্তু বৈশ্যা ও শূদ্রা বিবাহিতা হইলেও ব্রাহ্মণের পুরস্কৃতা পত্নী হইবে না। ক্ষত্রিয়ের ক্ষত্রিয়াই পত্নী, তদভাবে বৈশ্যাও আপৎকল্পে অনন্তরবর্ণা বলিয়া পত্নী হইবে। কিন্তু শূদ্রা নহে এবং বৈশ্যের বৈশ্যকন্যাই কেবল পুরস্কৃতা পত্নী হইবে। কারণ শূদ্রা দ্বারা দ্বিজত্রয় ধর্ম্ম কর্ম্ম করিতে পারেন না এই বচনে সামান্যতঃ

ন্তরবর্ণত্বাৎ ন শূদ্রা বৈশ্যস্য বৈশ্যৈবৈকা। ন ত্বেব দ্বিজঃ শূদ্র-য়েতি দ্বিজমাত্রস্যৈব শূদ্রানিষেধাৎ অনেনৈব পত্নীভাবক্রমেণ ধনাধিকারিতা বোদ্ধব্যা ॥ ১২৮॥

মপি পত্নীত্বং প্রতিপাদিতং। ননু সবর্ণায়া অভাবে ইতরাসাং সর্ব্বাসামেব পত্নীত্বং স্যাৎ তৎকথং সবর্ণানন্তরবর্ণয়োরেব পত্নীত্বমভিহিতং তত্রাহ সবর্ণায়াঃ পুনরিতি। প্রমাণমাহ যথেতি। অনন্তরয়েবেত্যেবকারেণ ব্যবহিতবর্ণাব্যবচ্ছেদঃ। বৈশ্যস্য অনন্তরবর্ণত্বেন শূদ্রয়া ধর্ম্মকার্য্যপ্রসক্তৌ নিষেধতি ন ত্বেবেতি। এতে-নেদমপি সিদ্ধং যদ্‌ব্রাহ্মণীক্ষত্রিয়য়োর্দ্বয়োরপ্যভাবে অত্যন্তাপদি বৈশ্যাপি ব্রাহ্মণস্য ধর্ম্মচারিণী দ্বিজত্বপুরস্কারেণৈব শূদ্রামাত্রনিষেধাৎ। অন্যথা ব্রাহ্মণক্ষত্রিয়য়োঃ শূদ্রাপ্রসক্ত্যভাবেন দ্বিজইতি বিহায় বৈশ্যইত্যেব ব্রূয়াৎ অতএবানুপদং বক্ষ্যতি দ্বিজমাত্রস্যৈব শূদ্রানিষেধাদিতি। চূড়ামণিস্তু পত্নীত্বঞ্চেত্যাদি গ্রন্থমন্যথা ব্যাচষ্টে যথা পত্নীত্বঞ্চেতি। যাজ্ঞবল্ক্যবিষ্ণ্বাদিবচনৈরপুত্রধনং পত্ন্যভিগামীত্যুক্তং শব্দেন তস্যাএব জ্যেষ্ঠত্বমুক্তং জ্যেষ্ঠত্বঞ্চ যদি স্বাশ্চেতি বক্ষ্যমাণাদুত্তমবর্ণায়া এব তত্র চ ভর্ত্তুঃশরীরশুশ্রূষামিত্যাদিমনুবচনাৎ পতিশুশ্রূষাদীনামেব প্রয়োজকত্বং বিষ্ণুনা চানন্তরবর্ণায়া অপ্যুক্তং অতঃ সকলবচনৈকবাক্যতয়া জ্যেষ্ঠায়া ধনহারিত্বাবগতেঃ ধনহারিণ্যাঞ্চ যাজ্ঞবল্ক্যাদিভিঃ পত্নীপদপ্রয়োগাৎ বক্ষ্যমাণবচনে চ অতথাভূতায়া বর্ত্তনমাত্রং দত্ত্বা ভ্রাত্রাদীনাং ধনাধিকারিত্বাবগমাৎ সবর্ণানন্তরবর্ণয়োরেব পত্নীত্বমিতি ॥ ১২৮॥

দ্বিজমাত্রেরই শূদ্রার নিষেধ আছে। আর উক্ত পত্নীত্বানুসারেই ধনাধিকারিতা বুঝিতে হইবে, ইহার নিষ্কর্ষ এই যে ব্রাহ্মণের ব্রাহ্মণী পত্নীই অপুত্রধনাধিকারিণী হইবে, ব্রাহ্মণীর অভাবে আপৎকল্পে ক্ষত্রিয়াপত্নী পাইবে, ক্ষত্রিয়াপত্নী না থাকিলে অত্যন্তাপৎকল্পে বৈশ্যা পত্নীও ব্রাহ্মণপতির ধন পাইতে পারে ইহা টীকাকারের মত। আর ক্ষত্রিয়ের ধন প্রথম ক্ষত্রিয়া পত্নী পাইবে তদভাবে বৈশ্যা পত্নী অধিকারিণী। বৈশ্যের ধন কেবল বৈশ্যাপত্নীই পাইবে, শূদ্রা পত্নী অনন্তরবর্ণা হইলেও বৈশ্যপতির ধন পাইবে না। কারণ ব্রাহ্মণাদি দ্বিজত্রয়েরই

অতঃ পরিণীতাস্ত্রীণামপ্যপত্নীত্বাৎ তদভিপ্রায়কমেব নারদবচনং। যথা। ভ্রাতৃণামপ্রজাঃ প্রেয়াৎ কশ্চিৎ বৈ প্রব্রজেদ্যদি। বিভজেরন্ ধনং তস্য শেষাস্তে স্ত্রীধনং বিনা। ভরণঞ্চাস্য কুর্ব্বীরন্ স্ত্রীণামাজীবিতক্ষয়াৎ। রক্ষন্তি শয্যাং ভর্ত্তুশ্চেদাচ্ছিন্দ্যুরিতরাসু চ। তথা তস্যৈব। অন্যত্র ব্রাহ্মণাৎ কিন্তু রাজা ধর্ম্মপরায়ণঃ। তৎস্ত্রীণাং জীবনং দদ্যাদেষ দায়বিধিঃ স্মৃতঃ। তদীয়স্ত্রীণামপত্নীনাং বর্ত্তনধনদানং পত্নীনাং পুনঃ কৃৎস্নধনেঽধিকারিত্বেত্যবিরোধঃ। অতএব

অপ্রজা ইতি। পুত্রাদিমাতৃপর্য্যন্তাভাববানিত্যর্থঃ। শেষা ইতবে ভ্রাতরঃ। তেষামেব প্রকৃতত্বাৎ অত্র তৎস্ত্রীণাং ভবণমাত্রবিধানাৎ তৎসত্ত্বেঽপি ভ্রাতৃণামধি-

শূদ্রা পত্নীর ধনাধিকার নাই ইহা উক্তবচনে ধর্ম্মকর্ম্মসাধনাভাব নিবন্ধন পত্নীত্ব নিষেধ করাতেই প্রতিপাদিত হইয়াছে ॥ ১২৮ ॥

অতএব উক্তবচনে শূদ্রা বিবাহিতা হইলেও তাহার অপত্নীত্ব কথন হেতু তদ্বিষয়েই এই নারদবচন খাটিবে, যথা যদি ভ্রাতৃগণের মধ্যে কোন ভ্রাতা পুত্রাদি মাতৃ পর্য্যন্ত বিহীন হইয়া লোকান্তরিত হয় কিংবা সন্ন্যাস ধর্ম্মগ্রহণ করে তাহা হইলে তাহার ধন অবশিষ্ট ভ্রাতারা ভাগ করিয়া লইবে, তদীয় শূদ্রাস্ত্রীর স্ত্রীধন স্ত্রীরই থাকিবে। আর ঐ স্ত্রী যদি স্বধর্ম্মে থাকে তবে উহার মৃত্যুপর্য্যন্ত ভরণ পোষণ করিবে এবং যদি ব্যভিচারিণী হয় তবে তাহাকে কিছুমাত্র দিবে না বরং উহার স্ত্রীধন কাড়িয়া লইবে। আরও একটি নারদবচন যথা, ধর্ম্মপরায়ণ রাজা ব্রাহ্মণব্যতিরেকে অন্যের ধনাধিকারী হইবেন। আর তাহার স্ত্রীদিগের গ্রাসাচ্ছাদন প্রদান করিবেন এই বচনে উক্ত অপত্নী স্ত্রীর কেবল গ্রাসাচ্ছাদন প্রদান ও রাজপর্য্যন্তের অধিকার উক্ত হইয়াছে। কিন্তু পত্নীর পতির সমগ্রধনে অধিকার হয় ইহার সঙ্গে কোন বিরোধ নাই। অতএব বৃহস্পতি, ক্ষত্রিয় বৈশ্য শূদ্র জাতীয় যাহারা পুত্রাদি ও পত্নী এবং ভ্রাতৃবিহীন হইয়া লোকান্তর গত হয় তাহাদের ধন রাজা গ্রহণ করিবেন,

বৃহস্পতিঃ। যেঽপুত্রাঃ ক্ষত্রবিট্‌শূদ্রাঃ পত্নীভ্রাতৃবিবর্জ্জিতাঃ। তেষাং ধনং হরেদ্রাজা সর্ব্বস্যাধিপতির্হি সঃ। পত্ন্যভাবে রাজ্ঞো ধনসম্বন্ধং দর্শয়তি। নারদস্তু। তৎস্ত্রীণাং জীবনং দদ্যাদিতি বর্ত্তনধনং দত্ত্বা রাজ্ঞা সর্ব্বধনং গ্রহীতব্যমিতি যো বিরোধঃ স পত্নীস্ত্রিয়োর্ভ্ভেদেন সমাধেয়ঃ অতএব পত্ন্যধিকার-বচনেষু পত্নীপদানুস্মৃতিঃ বর্ত্তনবচনেষু চ স্ত্রীনার্য্যাদিশব্দ প্রয়োগঃ॥ ১২৯॥

যদপি দেবলবচনং। ততোদায়মপুত্রস্য বিভজেরন্ সহোদরাঃ। তুল্যা দুহিতরো বাপি ম্রিয়মাণঃ পিতাপি বা। সবর্ণা ভ্রাতরো মাতা ভার্য্যা চেতি যথাক্রমং। এষামভাবে

---

কারঃ প্রতীয়তে। তস্যৈব নাবদস্যৈব বচনান্তরমিতিশেষঃ। অপত্নীনামিতি। ব্যবহিতবর্ণানাং শূদ্রাণামিত্যর্থঃ। অতএব স্ত্রীণাং পত্নীত্বাপত্নীত্বাভ্যাং দ্বৈবিধ্যাদেব। পত্নীস্ত্রিয়োর্ভ্ভেদেন পত্ন্যপত্ন্যোর্ভ্ভেদেন। উক্তার্থে স্মৃতিস্বরসমাহ অতএবেতি॥ ১২৯॥

ম্রিয়মাণো ধনাধিকারযোগ্যঃ তেন পতিতাদিব্যাবৃত্তিঃ। বিশেষণানুপপত্তে-

---

যেহেতু তিনিই সকলের প্রভু। এই বচনে পত্নীর অভাবেই রাজার অধিকার দর্শিয়াছেন। কিন্তু নারদমুনি, তাহাব স্ত্রীদিগের গ্রাসাচ্ছাদন দিবেন এই বচনে জীবনোচিত ধন দিয়া রাজা সর্ব্বস্ব লইবেন এই বলাতে যে বিরোধ ঘটিল তাহা পত্নী ও অপত্নী স্ত্রীর প্রভেদ ধরিয়া সমাধান করিতে হইবে। অতএব পত্নীর অধিকার প্রতিপাদক বচন সকলে পত্নীপদের প্রয়োগ আছে আর অন্নাচ্ছাদন দিবার বচন সকলে স্ত্রী, ও নারী প্রভৃতি শব্দের প্রয়োগ দৃষ্ট হয়॥ ১২৯॥

আর একটি যে দেবল বচন আছে যথা অপুত্র মৃত ব্যক্তির ধন সহোদরেরা ভাগ করিয়া লইবে অথবা সবর্ণা কন্যারা লইবে অথবা পাতিত্যাদি রহিত পিতা পাইবেন অথবা সবর্ণ বৈমাত্রেয় ভ্রাতা বা মাতা অথবা পত্নী পাইবে,

গৃহ্লীয়ুঃ কুল্যানাং সহবাসিনঃ। তুল্যাঃ সবর্ণা দুহিতরঃ। সবর্ণা ভ্রাতরঃ সাপত্না অভিমতাঃ। সোদরভ্রাতৃণাং স্বপদোপাত্তত্বাৎ বিশেষণানুপপত্তেঃ। তত্রাপি সহোদরাদিভার্য্যান্তস্য লিখনক্রমো নাধিকারক্রমার্থঃ বিষ্ণ্বাদিবিরোধাৎ কিন্তু বিষ্ণ্বাদ্যুক্তক্রমেণ গৃহ্লীয়ুরিত্যেতদর্থঃ লিখনক্রমেঽনাস্থা ব্যঞ্জনার্থমেব দুহিতরোবাপি পিতাপি বেতি অপিবাশব্দমুভয়ত্র প্রযুক্তবান্ তচ্চান্যত্রাপ্যনুষজ্যতে তেন সহোদরা বা দুহিতরোবা পিতা বেত্যনাস্থা কীর্ত্তনক্রমস্য দেবলবচনেন দর্শিতা ॥ ১৩০ ॥

যচ্চ বালকেনোক্তং অসবর্ণাবিষয়ং বা যুবত্যভিপ্রায়ং বা

---

রিতি। অব্যাবর্ত্তকত্বেন বৈয়র্থ্যাদিতি ভাবঃ। বিষ্ণ্বাদিবিরোধাদিতি। অত্র বিনিগমনাভাবায় এবেতি প্রাগেবোক্তমিতিভাবঃ॥ ১৩০ ॥

অসবর্ণাবিষয়ম্বেতি। এতন্মতে পত্নী বা জ্যেষ্ঠা ইত্যাদিশঙ্খবচনে অকারপ্রশ্লেষাৎ অজ্যেষ্ঠা ইত্যর্থোঽবসেয়ঃ তেন ন বিরোধঃ। যুবত্যভিপ্রায়ম্বেতি। বিধবা

---

ইহাদের অভাবে সহবাসিরা পাইবে, এই বচনে সবর্ণভ্রাতৃপদে বৈমাত্রেয় অভিপ্রেত। কারণ সহোদরভ্রাতার স্বশব্দদ্বারা নির্দ্দেশ থাকায় সবর্ণ এই বিশেষণ নিরর্থক হয়। আর এই বচনে সহোদর আদি করিয়া পত্নীপর্য্যন্তের লিখন ক্রমটি অধিকারক্রমবোধক নহে। এ বচনেব অনুসারে ধনাধিকার ক্রম ধরিলে বিষ্ণ্বাদিবচনের সঙ্গে বিরোধ হয়। পরন্তু বিষ্ণ্বাদিপ্রণীত বচনের ক্রমানুসারেই ধনাধিকার ধর্ত্তব্য এই জন্যই দেবলমুনি লিখনক্রমে অনাস্থা দেখাইবার নিমিত্ত অথবা কন্যা অপি বা পিতা এইরূপে উভয়স্থলে অপিবা শব্দ প্রয়োগ করিয়াছেন। আর উহার অন্যত্রও অনুষঙ্গ হইবে তাহাতে অথবা কন্যা অথবা পিতা এইরূপে লিখনক্রমে অনাস্থা দেবলবচনে দর্শিত হইয়াছে॥ ১৩০ ॥

আর বালক নামক নিবন্ধকার মীমাংসা করেন যে শঙ্খ প্রভৃতি মুনি বচন অসবর্ণা বিষয়েই হউক কিংবা কর্কশা যুবতী স্ত্রী বিষয়েই হউক অথবা অবিভক্ত ও সংসৃষ্ট বিষয়েই হউক বর্ণনীয়, এইরূপ বিকল্প ঘটিত অস্থির শাস্ত্রার্থ কথন

অবিভক্তসংসৃষ্টবিষয়ং বা শঙ্খাদিবচনমিতি। তেন অব্যবস্থিত শাস্ত্রার্থকথনেনাত্মনোবালরূপত্বমেব প্রকটীকৃতং সন্দেহাদেকতরানুষ্ঠানানুপপত্তেঃ। যদপ্যনূঢ়াবরুদ্ধাভিপ্রায়ং বর্ত্তনবচনং বর্ণিতং তদপি ধর্ম্মপত্নীনামনুগ্রহার্থমিতি হেয়মেব বর্ত্তনবিধানবিষয়স্য স্ত্রীণাং পূর্ব্বমেব দর্শিতত্বাৎ॥ ১৩১॥

যৌবনস্থা চ নারী ভবতি কর্কশা। আয়ুষঃ ক্ষপণার্থায় দাতব্যং স্ত্রীধনং সদেতি। যুবত্যাঃ প্রাণধারণমাত্রোপযোগিধনদানমাত্রবিষয়কহারীতবচনৈকমূলত্বাদিতিভাবঃ। অবিভক্তেতি। কেচিদিত্যাদিবাহ্যক্তন্যায়োঽত্র হেতুঃ। তেন বালকেন। অব্যবস্থিতশাস্ত্রার্থকথনেন নির্ণয়ানর্হশাস্ত্রার্থকথনেন। বালরূপত্বং বালকবৎ প্রবৃত্ত্যযোগ্যবাগ্গাদিত্বং। সন্দেহাদিতি। ত্রিযুক্তকোটিষু বিহিতাবিহিতত্বসন্দেহাদিত্যর্থঃ। একতবেতি। অনুষ্ঠানং প্রবৃত্তিঃ। অত্র পূর্ব্বোত্তরপক্ষদ্বয়ে হারীতবচনবিরোধোঽপি দ্রষ্টব্যঃ। যচ্চ তেনৈবাপরমুক্তং স্ত্রীণাং কৃৎস্নধনাধিকারবচনানাং বর্ত্তনমাত্রবিধায়কবচনানাঞ্চ বিবোধপরীহারায় বর্ত্তনবচনং অনূঢ়াবরুদ্ধাবিষয়ং কৃৎস্নধনাধিকারবচনস্তু পবিণীতাবিষয়মিতি ব্যবস্থাপিতং তদপি দূষয়তি যদপীতি। অবরুদ্ধা অন্তঃপুবচাবিণী ভোগ্যা কর্ম্মকবী। ধর্ম্মপত্নীনামিতি। অবরুদ্ধানামিত্যর্থঃ। অনুগ্রহো বর্ত্তনবিধানেন সোপহাসাচেয়ং অবরুদ্ধাসু ধর্ম্মপত্নীত্বোক্তিঃ বস্তুতস্তাসামভার্য্যাত্বাৎ বর্ত্তনমপি কুতইত্যুপহাসঃ। যদ্বা ধর্ম্মপত্নীনামিতি যথাশ্রুতার্থকমেব। অনুগ্রহার্থমিতি তাসামধিকারবোধনাদিত্যভিপ্রায়ঃ॥ ১৩১॥

দ্বারা বালক নামক গ্রন্থকার আপনার বালকত্বই ব্যক্ত করিয়াছেন। কারণ নানা কল্প কথনে সন্দেহ প্রযুক্ত কোন পক্ষেরই অনুষ্ঠান হইতে পারে না। আর অবিবাহিতা অবরুদ্ধা অর্থাৎ দাসী বিষয়ে গ্রাসাচ্ছাদন দানের বচন যে ব্যবস্থাপিত করেন তাহাও ধর্ম্মপত্নীর অনুগ্রহার্থ বিধায় অগ্রাহ্য। যেহেতু কিরূপ স্ত্রীর গ্রাসাচ্ছাদনাধিকাব তাহা পূর্ব্বেই দর্শিত হইয়াছে; ইহাতে দাসীকে ধর্ম্মপত্নী বলায় অসম্যক্ মীমাংসকের প্রতি উপহাস করা হইল। ফলতঃ অবরুদ্ধা দাসীব অন্নাচ্ছাদন দানের প্রমাণ কুত্রাপি নাই॥ ১৩১॥

কিঞ্চ সবর্ণাসবর্ণত্বাভ্যাং পত্নীকৃতবিশেষেঽপি পিত্রো-র্ভ্রাতৃণাং চাধিকারে কথং বিরোধঃ সমাধেয়ঃ। সংসর্গাসং-সর্গাভ্যাঞ্চেৎ সএব বিশেষঃ সর্ব্বব্যাপী ভবতু কিং পত্নীগো-চরসবর্ণাদিবিশেষপরিকল্পনেন অয়মপি বিশেষো দূষিতোঽস্মাভিঃ পূর্ব্বপ্রপঞ্চেন। সোদরাসোদরকৃতশ্চ বিশেষো বৃহস্পতিনা পরাহতঃ। তদাহ। সকুল্যৈর্ব্বিদ্যমানৈস্তু পিতৃমাতৃসনাভিভিঃ। অসুতস্য প্রমীতস্য পত্নী তদ্ভাগহারিণী। সনাভয়ঃ সহোদরাঃ। তেষু সংৎস্বপি পত্ন্যা ধনসম্বন্ধং বোধয়তি তদ্ভাগশব্দাৎ কৃৎস্নএব

কিং পত্নীগোচরেতি। সংসর্গাসংসর্গয়োঃ প্রয়োজকত্বাবশ্যকত্বে কিমধিকেন সবর্ণাসবর্ণত্বাদীনাংপ্রযোজকত্বকল্পনেনেতি ভাবঃ। নন্বু মাস্তু বিশেষকল্পনং কিন্তু সংসর্গাসংসর্গাভ্যামেব বিশেষঃ সর্ব্বব্যাপী ভবত্বিত্যত্রাহ অয়মপীতি। সংসর্গা-সংসর্গকৃতইত্যর্থঃ পূর্ব্বপ্রপঞ্চেন কেচিদিত্যাদিবাদিমতদূষণাবসরে তদ্বৃহস্পতিবচন-বিরুদ্ধমিত্যাদিপ্রপঞ্চেন। অত্র পত্নীতঃ পূর্ব্বং সোদরস্যাধিকারঃ পশ্চাদসোদর-

আর সবর্ণা পত্নী প্রথম অধিকারিণী ও অসবর্ণা পত্নী ভ্রাতাদির পর অধি-কারিণী এই রূপ পত্নীগত বিশেষ ধরিয়া বিরোধ ভঞ্জন করিলেও পিত্রাদির সঙ্গে ভ্রাতার অধিকার বিষয়ক পৌর্ব্বাপর্য্য বিরোধ ভঞ্জন করা দুষ্কর। যদি বল সংসৃষ্টিত্ব ও অসংসৃষ্টিত্ব ধরিয়া উক্ত বিরোধ ভঞ্জন করিব, তাহা বলিলে ঐ সংসর্গাসংসর্গকৃত বিশেষ সর্ব্বত্র ধরা উচিত, তবে পত্নীর অধিকার স্থলে সবর্ণা ও অসবর্ণা বলিয়া বিশেষ কল্পনা কেন।

আর ঐ সংসৃষ্টিত্ব ও অসংসৃষ্টিত্ব নিবন্ধন বিশেষ পূর্ব্বেই বিচার পূর্ব্বক দূষিত হইয়াছে। আর কেহ কহেন সহোদর ভ্রাতা পত্নীর পূর্ব্বে অধিকারী ও বৈমাত্রেয় ভ্রাতা পত্নীর পর অধিকারী, এইরূপ বিশেষ বৃহস্পতি বচন বিরুদ্ধ। যথা পিতা মাতা ও সনাভি বান্ধবগণ বিদ্যমান থাকিলেও অপুত্র মৃতব্যক্তির পত্নী তদ্ভাগ-হারিণী হয়। এই বচনে সনাভি শব্দে সহোদর বুঝায় ঐ সহোদর বিদ্যমানেও পত্নীর পতিধন সম্বন্ধ সুস্পষ্ট বোধিত হইল। তদ্ভাগ শব্দে সমগ্র ভর্ত্তৃভাগ বুঝাইবে,

ভর্ত্তৃভাগোঽবগম্যতে ন পুনস্তদেকদেশঃ। তস্মাদস্মদ্দর্শিতৈব ব্যবস্থা শাস্ত্রার্থঃ॥ ১৩২॥

পত্নী চ ভর্ত্তৃধনং ভুঞ্জীতৈব পরং ন তু তস্য দানাধানবিক্রয়ান্ কর্ত্তুমর্হতি। তদাহ কাত্যায়নঃ। অপুত্রা শয়নং ভর্ত্তুঃ পালয়ন্তী গুরৌ স্থিতা। ভুঞ্জীতামরণাৎ ক্ষান্তা দায়াদা উর্দ্ধমাপ্নুয়ুঃ। গুরৌ শ্বশুরাদৌ ভর্ত্তৃগৃহে স্থিতা যাবজ্জীবং ভর্ত্তৃধনং ভুঞ্জীত ন তু স্ত্রীধনবৎ স্বচ্ছন্দং দানাধানবিক্রয়ানপি কুর্ব্বীত

---

স্তেতি কেচিৎ সমাদধিরে তদপি দূষয়তি সোদবেতি। অত্র রত্নাকরাদয়ঃ "ব্রহ্মচর্য্যব্রতে স্থিতেতিবচনাৎ" সম্যগ্বিধবাব্রতানুষ্ঠাত্রীণাং স্ত্রীণাং প্রথমং সর্ব্বধনাধিকারঃ কিঞ্চিদ্ব্রতচারিণীনামব্যভিচারিণীনাং তদনন্তরমধিকারঃ ব্রতশূন্যানাং তথাবিধানাং বর্ত্তনমাত্রাধিকারঃ তাসামেব পূর্ব্বং ভ্রাত্রধিকারঃ ব্যভিচারিণীনাং বর্ত্তনেঽপি নাধিকার ইতি ব্যবস্থামাহুঃ অত্রাপি কিঞ্চেত্যাদ্যুক্তদূষণং দ্রষ্টব্যং॥ ১৩২॥

দানাধানেতি। আধানং বন্ধকং। ক্ষান্তা পরিমিতাহারেণ ক্ষীণা। দায়াদা দুহিত্রাদয়ঃ। দুহিত্রাদীনামধিকারে হেত্বন্তরমাহ পত্নী হীতি। হি যস্মাৎ পত্ন্যেব তেষাং বাধিকেত্যর্থঃ। তেষাং দুহিত্রাদীনাং। প্রাগভাবইতি। ইদন্ত অনুৎপৎস্যমানস্যাপি প্রাগভাবোঽস্তীতিমতাবলম্বনেনাভিহিতং। তন্মতেঽনুৎপৎস্যমানস্যাপি দুঃখস্য প্রাগভাবার্থিনঃ প্রায়শ্চিত্তাদৌ প্রবৃত্তেঃ প্রায়শ্চিত্তপ্রাক্ দুঃখং মে মাভূদিতি কামনায়া আনুভবিকত্বাদিতি। প্রাগভাবস্য প্রতিযোগিব্যাপ্যত্বনয়ে তু প্রাগভাবপদং অত্যন্তাভাবপরং তেন পতিসত্ত্বএব মরণেন পত্ন্যাঃ প্রাক্কালীনাধি-

---

তাহার কিঞ্চিদংশ অর্থাৎ গ্রাসাচ্ছাদনোপযুক্ত ধন কিছুতেই বুঝায় না। অতএব অস্মৎ স্থিরীকৃত ব্যবস্থাই যথার্থ শাস্ত্রসিদ্ধ হইল॥ ১৩২॥

আর পত্নী ভর্ত্তার ধন কেবল ভোগই করিবেন কিন্তু তাহার দান বন্ধক ও বিক্রয় করিতে পারিবেন না। যথা কাত্যায়ন, পুত্রহীনা পত্নী ভর্ত্তার শয্যা পালন করত পতিগৃহে স্থিতি পূর্ব্বক পরিমিতাহারে ক্ষীণা থাকিয়া যাবজ্জীবন

তস্যাস্তু মৃতায়াং পত্ন্যভাবে যে দুহিত্রাদয়ো দায়াধিকারিণস্তে গৃহ্লীয়ুঃ ন পুনর্জ্ঞাতয়ঃ তেষাং দুহিত্রাদিভ্যো জঘন্যত্বাৎ তদ্বাধকত্বানুপপত্তেঃ পত্নী হি তেষাং বাধিকা তদধিকারস্য প্রাগভাবে প্রধ্বংসে চ বাধকাভাবস্যাবিশেষাৎ বাধানুপপত্তেঃ নাপি স্ত্রীধনাধিকারিণো গৃহ্লীয়ুঃ তেষাং স্ত্রীধনবিষয়ত্বাৎ

কারাত্যন্তাভাবে ইত্যর্থঃ। বাধকাভাবস্যেতি। স্বত্বপ্রত্যাসত্ত্যৈব তস্যা বাধকত্বমিত্যভিপ্রায়ঃ। বস্তুতোলাঘবাৎ তস্যাঃ স্বত্বস্যৈব প্রতিবন্ধকত্বং ন তু তস্যা ইতি বোধ্যং। নাপীতি। দুহিতৃদৌহিত্রাভাবে পতিদায়াদসত্বে ইতি শেষঃ। স্ত্রীধনাধিকারিণো ভ্রাত্রাদয়ঃ। তেষামিতি। তেষাং ধনাধিকারপ্রতিপাদকবচনস্য স্ত্রীধনগোচরত্বাদিত্যর্থঃ। নম্বু "প্রাপ্তং শিল্পৈস্তু যদ্বিত্তং প্রীত্যা চৈব যদন্যতঃ। ভর্ত্তুঃ স্বাম্যং ভবেত্তত্র শেষস্তু স্ত্রীধনং স্মৃতং" ইতি কাত্যায়নবচনাৎ তদপি স্ত্রীধনং ভবত্যেবেত্যাশঙ্ক্যাহ কাত্যায়নেনৈবেতি। পুনরুক্তেতি। তথাচ দায়াধিকারবচনস্য পুনরুক্তত্বাপত্ত্যা দায়ো ন স্ত্রীধনমিতি ভাবঃ তথাত্বে একস্যৈব মুনেঃ স্ত্রীধনে বিরুদ্ধাধিকারিদ্বয়কথনেন বিরোধোঽপি দ্রষ্টব্যঃ। ন চ গোবৃষন্যায়াৎ দায়তদিতরস্ত্রীধনানাং ব্যবস্থাভেদো বচনাভ্যাং ভবিষ্যতীতি নোক্তদোষইতিবাচ্যং দায়স্য স্ত্রীধনত্বমঙ্গীকৃত্য স্ত্রীধনবচনানাং দায়েতরস্ত্রীধনপরত্বেন সংকোচাপেক্ষয়া শেষস্তু স্ত্রীধনমিত্যত্র বচনে শেষপদস্যৈব মুনিপরিগণিতস্ত্রীধনপরতয়া সঙ্কোচস্য ন্যায্যত্বাৎ

পতিধন ভোগ করিবেন, স্ত্রীধনবৎ ইচ্ছানুসারে দান বন্ধক ও বিক্রয় করিবেন না এবং তাঁহার মৃত্যু হইলে পত্নীর অভাবে কন্যা প্রভৃতি যে দায়াধিকারিগণ তাহারাই তদ্ধন গ্রহণ করিবে, কন্যাদিসত্বে জ্ঞাতিবর্গ পাইবেন না। যে হেতু জ্ঞাতিরা কন্যাদি হইতে নিকৃষ্ট। সুতরাং কন্যাদির অধিকারের বাধা দিতে পারে না। পত্নীই কন্যা প্রভৃতির বাধিকা বিধায় পত্নীর অধিকারের অত্যন্তাভাবই হউক বা মরণাধীন অধিকার ধ্বংসই হউক উভয় স্থলেই বাধকাভাব প্রযুক্ত কন্যাদির অধিকার অপ্রতিহত হয়। আর পত্নীর মৃত্যুর পর কন্যা দৌহিত্রের অভাবে উক্ত সংক্রান্তধন স্ত্রীধনাধিকারী অর্থাৎ ভ্রাতৃ প্রভৃতিরা

"কাত্যায়নেনৈব চ স্ত্রীধনাধিকারিণাং বচনান্তরৈরুক্তত্বাৎ পুনরুক্তত্বাপত্তেশ্চ ॥ ১৩৩ ॥

অতঃ পত্নীদুহিতরশ্চেত্যাদিনা যে পূর্ব্বপূর্ব্বস্যাভাবে পরস্তুতাধিকারিণো নির্দ্দিষ্টাস্তে যথা পত্ন্যধিকারপ্রাগভাবে গৃহ্নীয়ুস্তথা জাতাধিকারায়াঃ পত্ন্যা অধিকারপ্রধ্বংসেঽপি ভোগাবশিষ্টং ধনং গৃহ্নীয়ুঃ তদানীং দুহিত্রাদীনামেবান্যাপেক্ষয়া মৃতোপকারকত্বাৎ যুক্তোধনাধিকারঃ। তথা দানধর্ম্মে।

দায়স্ত কেনাপি মুনিনা স্ত্রীধনমধ্যেঽগণনাৎ অতএব বিনিয়োগে স ঈশ্বর ইতি নাপহারং স্ত্রিয়ঃ কুর্য্যুরিত্যাদিনা দায়ে তস্যাঃ স্বাতন্ত্র্যাভাব উপপদ্যতইতি। চূড়ামণিস্তু দায়াদপদস্য স্ত্রীধনাধিকারিভ্রাত্রাদিপরত্বে দোষান্তরমাহ পুনরুক্তত্বাপত্তেরিতি ব্যাচখ্যে ॥ ১৩৩ ॥

উপসংহরতি অতইতি। প্রাগভাবে ইতি। পূর্ব্বোক্তার্থকযুক্তিমাহ তদানীমিতি। পত্নীমরণে ইত্যর্থঃ। ন তু দানাধানেতি যদুক্তং তত্র প্রমাণমাহ তথেতি। ক্ষান্তেতি পূর্ব্ববচনস্বরসাৎ ব্যাচষ্টে উপভোগোঽপীতি। এবঞ্চ ভর্তুরুপকারস্যাপেক্ষণীয়ত্বঞ্চ। ঔর্দ্ধদেহিকক্রিয়ার্থং পারলৌকিকোপকারার্থং। বিনিয়োগে দানাদাবিতি। এবঞ্চ তদ্ধনদানে পতিপক্ষপরতন্ত্রতা যদি তদা স্পষ্টমেব তদনুমত্যা কদাচিৎ পিতৃপক্ষেভ্যোঽপি দানমিতি। এবঞ্চেতি। দুহিতৃতোঽভ্যর্হিতায়াঃ পত্ন্যা এব ভোগাবশিষ্টধনে যত্তনন্তরাধিকারিণামধিকারঃ তদা সুতরাং দুহিত্রনন্তরং তদভাবোক্তানন্তরাধিকারিণামধিকারইতি ভাবঃ। পিতৃধনাধিকারিণঃ স্বপুত্র-

লইতে পারিবে না, স্ত্রীধন বিষয়েই তাহাদের অধিকার কাত্যায়ন মুনিই অন্য বচন দ্বারা প্রতিপাদিত করিয়াছেন। সুতরাং এখানেও স্ত্রীধনাধিকারি ক্রম ধরিলে পৌনরুক্ত্য দোষ হয় বিধায় দায় ধন স্ত্রীধন নহে ॥ ১৩৩ ॥

অতএব "পত্নীদুহিতরশ্চৈব" ইত্যাদি বচনদ্বারা পূর্ব্বপূর্ব্বাভাবে পর পর যে অধিকারী নির্দ্দিষ্ট হইয়াছে তাহারা পত্নীর অভাবস্থলে যেমন গ্রহণ করিত

স্ত্রীণাং স্বপতিদায়স্তু উপভোগফলঃ স্মৃতঃ। নাপহারং স্ত্রিয়ঃ কুর্য্যুঃ পতিদায়াৎ কথঞ্চন। উপভোগোঽপি ন সূক্ষ্মবস্ত্রপরিধানাদিনা কিন্তু স্বশরীরধারণেন পত্যুরুপকারকত্বাৎ দেহধারণোচিতোপভোগাভ্যনুজ্ঞানং। এবঞ্চ ভর্ত্তুরৌর্দ্ধদেহিকক্রিয়াত্যর্থং দানাদিকমপ্যনুমতং অতএব নাপহারং স্ত্রিয়ঃ কুর্য্যুরিত্যপহারবচনং অপহারশ্চ ধনস্বাম্যনুপযোগে ভবতি অতএব বর্ত্তনাশক্তৌ আধানমপ্যনুমতং তত্রাপ্যশক্তৌ বিক্রয়ণমপি ন্যায়স্যাবিশেষাৎ। ভর্ত্তুরৌর্দ্ধদেহিকক্রিয়ার্থং অর্থানুরূপং ভর্ত্তৃ-

---

পিত্রাদয়ঃ। দুহিতৃধনাধিকাবিণস্তদ্দুহিত্রাদয়ঃ। দণ্ডাপূপায়িতমিতি। যথা দণ্ডা-

---

তেমনি ঐ পত্নী জাতাধিকারিণী হইয়া মরিলে পরও ভোগাবশিষ্টধন গ্রহণ করিবে, তৎকালে কন্যা প্রভৃতিরই অন্যাপেক্ষা অধিক উপকারকত্ব প্রযুক্ত তাহাদেরই অধিকার যুক্তিসিদ্ধ হয়। তথা ভারতীয় দানধর্ম্মে স্ত্রীলোকের নিজপতির দায়ধন উপভোগ মাত্র ফল জনক কীর্ত্তিত হয়, স্ত্রীলোক কদাপি পতিধনে অপহার করিতে পারে না। আর উপভোগও যে করিবে তাহাতেও সূক্ষ্মবস্ত্র পরিধানাদির নিষেধ কিন্তু কেবল নিজ শরীর ধারণে শ্রাদ্ধ তর্পনাদি দ্বারা পতির উপকার আছে বলিয়া দেহধারণ যোগ্য ভোগই শাস্ত্রসম্মত বিধায় ভর্ত্তার ঔর্দ্ধদেহিকক্রিয়া অর্থাৎ শ্রাদ্ধাদির নিমিত্ত দানাদি শাস্ত্রানুমত। অতএব স্ত্রীলোক অপহার করিবে না এই বচনে অপহার নিষেধ করিলেন, অপহার শব্দে অপব্যয় বুঝায় অর্থাৎ যাহাতে ধনস্বামির কোন উপকার নাই সেই প্রকার ব্যয়কেই এখানে অপহার বলা যাইবে। অতএব উপস্বত্ব দ্বারা পতিধনে জীবিকা নির্ব্বাহ না হইলে বন্ধক দেওয়াও শাস্ত্রানুমত, তাহাতে না চলিলে স্ত্রীকৃত বিক্রয়ও সিদ্ধ হইবে, তদ্বিষয়ে শরীর ধারণের আবশ্যকত্ব ন্যায়ই প্রমাণ। ভর্ত্তার ঔর্দ্ধদেহিক ক্রিয়োপলক্ষে পত্নী, ভর্ত্তৃপিতৃব্যাদি দিগকেই যথাযোগ্য দান করিবেন, যথা বৃহস্পতি, ভর্ত্তার পিতৃব্য, গুরুজন, দৌহিত্র, ভাগিনেয়, মাতুল, বৃদ্ধ, অনাথ, অতিথি, অশরণা স্ত্রী ইহাদিগকে দৈব পিত্র্য ক্রিয়োপলক্ষে পূজা করিবে এই বচনে পিতৃশব্দে ভর্ত্তার সপিণ্ড বুঝায়,

পিতৃব্যাদিভ্যো দদ্যাৎ। তদাহ বৃহস্পতিঃ। পিতৃব্যগুরুদৌহিত্রান্ ভর্ত্তুঃ স্বস্ত্রীয়মাতুলান্। পূজয়েৎ কব্যপূর্ত্তাভ্যাং বৃদ্ধানাথাতিথীন্ স্ত্রিয়ঃ। পিতৃব্যপদং ভর্ত্তুঃ সপিণ্ডপরং। দৌহিত্রপদং ভর্ত্তুর্দুহিতৃসন্তানপরং। স্বস্ত্রীয়পদং ভর্ত্তুঃ স্বসৃসন্তানপরং। মাতুলপদঞ্চ ভর্ত্তুর্ম্মাতৃকুলপরং। তদেবমাদিভ্যো দদ্যাৎ ন পুনরেতেষু সৎস্বেব স্বপিতৃকুলেভ্যঃ পিতৃব্যাদিবচনানর্থক্যাৎ তদনুমত্যা তু স্বপিতৃমাতৃকুলেভ্যোঽপি দদ্যাৎ। তদাহ নারদঃ। মৃতে ভর্ত্তর্য্যপুত্ত্রায়াঃ পতিপক্ষঃ প্রভুঃ স্ত্রিয়াঃ। বিনিয়োগেঽর্থরক্ষাসু ভরণে চ স ঈশ্বরঃ। পরিক্ষীণে পতিকুলে নির্ম্মনুষ্যে নিরাশ্রয়ে। তৎসপিণ্ডেষু চাসৎসু পিতৃপক্ষঃ প্রভুঃ স্ত্রিয়াঃ। বিনিয়োগে দানাদৌ। পতিপুত্ত্রাভাবে ভর্ত্তৃকুলপরতন্ত্রতা তস্যাঃ। এবঞ্চ দুহিতুরপ্যধিকারে জাতে তস্যাং মৃতায়াং তদভাবোক্তাঃ পিতৃধনাধিকারিণো গৃহ্লীয়ুঃ ন তু দুহিতৃধনাধিকারিণঃ পত্ন্যা চ ভর্ত্তৃধনাৎ কন্যায়ৈ বিবাহার্থং তুরীয়াংশো দেয়ঃ। পুত্ত্রাণামেব তদ্দানপ্রতিপাদনাৎ দণ্ডাপূপায়িতং পত্ন্যাদীনাং দানমিতি পত্ন্যধিকারঃ॥ ১৩৪॥

---

কর্ষে তৎসম্বন্ধস্যাপূপস্যাপ্যাকর্ষঃ তথা অপুত্ত্রসংক্রান্তধনস্য পত্নীগততয়া আকর্ষে তৎসম্বন্ধস্য কন্যাধনাবশিষ্টত্ববিশেষস্যাপ্যাকর্ষ ইতিভাবঃ। ইতি পত্ন্যধিকারঃ॥ ১৩৪॥

---

দৌহিত্র শব্দে ভর্ত্তার কন্যাজাত সন্তান বুঝায়, স্বস্ত্রীয় শব্দে ভর্ত্তার ভগিনীসন্তান বুঝায়, মাতুল শব্দে ভর্ত্তার মাতুলবংশ বুঝাইবে এই সকলকে দান করিবে। ইহারা থাকিতে স্ত্রীলোক আপনার পিতৃপক্ষদিগকে দিতে পারিবে না, নচেৎ পিতৃব্যাদিবচনের আনর্থক্য হয়। কিন্তু তাঁহাদের অনুমতিক্রমে আপনার পিতৃমাতৃপক্ষীয়দিগকেও দিতে পারিবেন। যথা নারদ, ভর্ত্তা মরিলে পর পুত্রহীনা

পত্ন্যভাবে দুহিতুরধিকারঃ। তত্র মনুনারদৌ। যথৈবাত্মা তথা পুত্রঃ পুত্রেণ দুহিতা সমা। তস্যামাত্মনি জীবন্ত্যাং কথমন্যো হরেদ্ধনং। দুহিতরং বিশিনষ্টি নারদঃ। পুত্রাভাবে চ দুহিতা তুল্যসন্তানদর্শনাৎ। পুত্রশ্চ দুহিতা চোভে পিতুঃ সন্তানকারিকে। দুহিতুরধিকারে সন্তানদর্শনং হেতুতয়া নিগদিতং সন্তানশ্চ পিণ্ডদোঽভিমতঃ অপিণ্ডদস্য অনুপকারকত্বেন অন্যসন্তানাদসন্তানাচ্চাবিশেষাৎ দৌহিত্রশ্চ তৎপিণ্ডদাতা ন চ তৎ পুত্রঃ নাপি দৌহিত্রী তৎপর্য্যন্তেন পিণ্ডবিচ্ছেদাৎ

দুহিতুরধিকারো নিরূপ্যত ইতিশেষঃ। বিশিনষ্টি সন্তানবত্তয়াধিকারিত্বেন। অন্যসন্তানাদিতি। অন্যস্য সন্তানোযথা ন পিণ্ডদঃ তথাঽয়মপীত্যবিশেষঃ।

স্ত্রীর পতিপক্ষীয়েরাই তাহার তত্ত্বাবধানের প্রভু হইবে এবং অর্থবিনিয়োগ ও অর্থরক্ষা এবং ভরণ পোষণে তাহারাই কর্ত্তা হইবে। পতির কুল নির্ম্মনুষ্য, নিরাশ্রয় এবং ক্ষয় পাইলে পতির সপিণ্ডও না থাকিলে তবে পিতৃপক্ষীয়েরা স্ত্রীলোকের পক্ষে প্রভু হয়। বিনিয়োগ শব্দে দানাদি বুঝায়। পতি পুত্রের অভাবে স্ত্রীলোকের ভর্ত্তৃকুলাধীনতা বচনের তাৎপর্য্য। আর কন্যারও পিতৃধনে অধিকার হইলে তাহার মৃত্যুর পর কন্যা না থাকিলে যে সকল পিতৃধনাধিকারিরা পাইত তাহারাই ঐ ধন পাইবে, কন্যার স্ত্রীধনাধিকারিরা পাইবে না। পত্নী পতিধনাধিকারিণী হইয়া ভর্ত্তৃধন হইতে কন্যাকে বিবাহার্থ চতুর্থাংশ দিবে। যেহেতু পুত্রেরই যখন কন্যার বিবাহ যোগ্য ধনদান প্রতিপাদিত হইয়াছে তখন পত্নীপ্রভৃতির উক্ত কন্যার বিবাহ যোগ্য ধনদান দণ্ডাপূপন্যায়সিদ্ধ। ইতি পত্ন্যধিকার সম্পূর্ণ॥ ১৩৪॥

পত্নী না থাকিলে দুহিতার অধিকার হয়। যথা মনু ও নারদ বচন, যেমন আত্মা, পুত্রও সেইরূপ, আর দুহিতা পুত্রের সমানা বিধায় আত্মসমা কন্যা থাকিতে অন্যে কি প্রকারে ধন লইবে। তাহাতে কেমন দুহিতা পিতৃধনাধিকারিণী হয়,

অতঃ পুত্রবতী সম্ভাবিতপুত্রা চাধিকারিণী বন্ধ্যা বিধবা দুহিতৃপ্রসূত্যাদিনা বিপর্য্যস্তপুত্রা পুনরনধিকারিণ্যেবেতি দীক্ষিতমতমাদরণীয়ং। তত্র প্রথমং কন্যৈবৈকা পিতৃধনহারিণী। যথা পরাশরঃ। অপুত্রস্য মৃতস্য কুমারী রিক্থং গৃহ্লীয়াৎ তদভাবে চোঢ়া। ঊঢ়াপদং পূর্ব্বোক্তবিশেষপরং। তথা দেবলঃ। কন্যাভ্যশ্চ পিতুর্দ্রব্যাৎ দেয়ং বৈবাহিকং বসু। অপুত্রিকস্য কন্যা স্বা ধর্ম্মজা পুত্রবদ্ধরেৎ। পুত্রিকাপদং পুত্রোপলক্ষণং। স্বা সবর্ণা। ধর্ম্মজা ঔরসী॥ ১৩৫॥

অসন্তানাৎ ঘটাদেঃ। তৎপুত্রো দৌহিত্রপুত্রঃ। বিপর্য্যস্তপুত্রা পুত্রবিপরিতাপত্যা। উন্মাদাদিদোষগ্রস্তপুত্রা ইতি কেচিৎ তদসৎ দুহিতৃপ্রসূত্যাদিনেতি হেত্বনুপপত্তেঃ। কন্যৈবেতি ন তু দত্তয়া সহেত্যর্থঃ। পূর্ব্বোক্তবিশেষোঽবিপর্য্যস্তপুত্রত্বং॥ ১৩৫॥

তাহা নারদমুনি বিশেষ করিয়া কহিতেছেন। যথা পুত্রাভাবে দুহিতা অনুরূপ সন্তান দর্শাইয়া ধনাধিকারিণী হয়, পুত্র এবং দুহিতা এই উভয়, পিতার বংশবিস্তারের কারণ। এই বচনে কন্যার অধিকার স্থলে সন্তান প্রদর্শন হেতুরূপে নির্দ্দিষ্ট হইয়াছে, ঐ সন্তানও মাতামহের পিণ্ডদাতা বুঝিতে হইবে। কারণ অপিণ্ডদ সন্তানের কোন উপকারকতা না থাকায় অন্যের সন্তান এবং অসন্তান অর্থাৎ ঘটপটাদি হইতে কোন বিশেষ নাই। দৌহিত্রই মাতামহের পিণ্ডদাতা দৌহিত্রের পুত্র কিংবা দৌহিত্রীর পিণ্ডবিচ্ছেদ প্রযুক্ত কোন অধিকার নাই। অতএব পুত্রবতী এবং সম্ভাবিতপুত্রা দুহিতাই ধনাধিকারিণী। বন্ধ্যা পুত্রহীনা বিধবা ও বিপর্য্যস্তপুত্রা অর্থাৎ কেবল কন্যাপ্রসবকারিণী দুহিতা অধিকারিণী হয় না। এই দীক্ষিতের মত আদরণীয়। তন্মধ্যে প্রথমে কেবল কুমারীই পিতৃধনাধিকারিণী হয়। যথা পরাশর, অপুত্রমৃতব্যক্তির ধন কুমারী গ্রহণ করিবে, তদভাবে বিবাহিতা তনয়া পাইবে। ঐ বিবাহিতা কন্যা পূর্ব্বোক্তরূপা অর্থাৎ পুত্রবতী অথবা সম্ভাবিতপুত্রা হইলে অধিকারিণী হয়। তথা দেবল, পুত্র পিতৃধন হইতে কুমারী ভগিনীকে বিবাহযোগ্য ধন দিবে। পুত্র ও পুত্রিকাপুত্র

যুক্তঞ্চৈতৎ ধনমন্তরেণাপরিণীতায়াঃ কন্যায়া ঋতুদর্শনে পিত্রাদীনাং নরকপাতশ্রুতেঃ। তদাহ বিষ্ণুঃ। যাবত্তু কন্যামৃতবঃ স্পৃশন্তি তুল্যৈঃ সকামামপি যাচ্যমানাং। তাবন্তি ভূতানি হতানি তাভ্যাং মাতাপিতৃভ্যামিতিধর্ম্মবাদঃ। তথা পৈঠীনসিঃ। যাবন্নোদ্ভিদ্যেতে স্তনৌ তাবদেব দেয়া অথ ঋতুমতী ভবতি তদা দাতা প্রতিগ্রহীতা চ নরকমাপ্নোতি পিতৃপিতামহপ্রপিতামহাশ্চ বিষ্ঠায়াং জায়ন্তে তস্মান্নগ্নিকা দাতব্যা। তস্মাৎ বিবাহোপযুক্তত্বেন পিত্রাদীনাং নরকনিস্তারকত্বাৎ

নগ্নিকাঽনাগতর্ত্তুকা। নগ্নিকাঽনাগতার্ত্তবা ইত্যমরকোষাৎ। পরিণীতায়া অনন্তরং বিবাহিতায়াঃ। পুত্রদ্বারেণেতি। উঢ়ায়া এতদুপকারাবিশেষেঽপি

না থাকিলে সজাতীয়া ও ঔরসী কুমারী দুহিতা পুত্রের ন্যায় পিতৃধন গ্রহণ করিবে। এই বচনে পুত্রিকাপদ পুত্রের উপলক্ষণ স্বাপদে সবর্ণা অর্থাৎ সজাতীয়া ধর্ম্মজা শব্দে ঔরসী বুঝায়॥ ১৩৫॥

ইহা যুক্তিসিদ্ধও বটে, কারণ ধনব্যতিরেকে কন্যার বিবাহ না হইলে ঋতুদর্শনে পিত্রাদির নরকপাত শ্রুত হয়। যথা বিষ্ণু, অনুরূপ বর বিবাহ করিতে প্রার্থনা করিতেছে এবং কন্যাও বিবাহ করিতে ইচ্ছুক এমন স্থলে যতগুলি ঋতু, কন্যাকে স্পর্শ করে ততগুলি গর্ভ জনকজননী কর্ত্তৃক হত করা হয়, এইটি ধর্ম্মশাস্ত্রের মত। তথা পৈঠীনসি, যাবৎ কন্যার স্তনদ্বয় উত্থিত না হয় তাহার মধ্যেই কন্যাদান করিবে। আর যদি ঐ কন্যা ঋতুমতী হয়, তবে দাতা ও গ্রহীতা এই উভয়ই নরকগামী হয় ও পিতাপিতামহ প্রপিতামহেরা বিষ্ঠায় কৃমি হইয়া জন্মে, এজন্য ঋতুমতী না হইতেই কন্যাদান করিবে অতএব কুমারী বিবাহযোগ্যা হইলে বিবাহদ্বারা পিত্রাদির সম্ভাব্যমান নরক হইতে নিস্তার করে এবং বিবাহিতা হইয়া পুত্রদ্বারা সবিশেষ উপকার করে, এনিমিত্ত কুমারী প্রাপ্তধন ধনস্বামীরই উপকারার্থ হয় বিধায় পত্নীর অভাবে অদত্তা কন্যারই স্বত্বাধিকার যুক্তিসিদ্ধ। কুমারী না থাকিলে

পরিণীতায়াশ্চ পুত্রদ্বারেণাপ্যুপকারকত্বাৎ তদর্থং ধনং স্বাম্যর্থমেব ভবতীতি পত্ন্যভাবে ন্যায্যং কন্যাস্বত্বং। কন্যায়াস্ত্বভাবে সম্ভাবিতপুত্রায়াঃ পুত্রবত্যাশ্চাধিকারঃ। তদাহ বৃহস্পতিঃ। সদৃশী সদৃশেনোঢ়া ভর্ত্তৃশুশ্রূষণে রতা। কৃতাকৃতা বাহপুত্রস্য পিতুর্ধনহরী তু সা। সদৃশী পিতৃসবর্ণা। সদৃশেনোঢ়েতি উত্তমাধমবর্ণপরিণীতানিরাসার্থং উত্তমাধমপরিণীতাদুহিতৃজ্জাতস্য অধমোত্তমবর্ণমাতামহাদিশ্রাদ্ধনিষেধাৎ সবর্ণেনোঢ়ায়াস্তু পুত্রদ্বারেণ পিত্রুপকারকত্বাৎ॥ ১৩৬॥

পুত্রিকাপুত্রস্য তু পুত্রবদেবোপকারকত্বাতিশয়েন পুত্রিকায়াঃ পুত্রতুল্যত্বাৎ পুত্রিকৌরসয়োঃ সমোধনাধিকারঃ অপুত্রিকায়াস্তূঢ়ায়াঃ পুত্রাদিন্যূনোপকারকস্বপুত্রদ্বারেণোপকারকত্ব-

ধনাভাবেনাপরিণীতায়া ঋতুমত্যা সম্ভাবিতস্য ভবিষ্যতোনরকস্য প্রতিকর্ত্তৃত্বমেব কুমার্য্যাঃ প্রথমং ধনগ্রহণে নিমিত্তমিতি বোধ্যং। সদৃশীতি। তেনাসবর্ণায়াঃ সদৃশেনোঢ়ায়া অপি ন ধনাধিকারিত্বমিত্যুক্তং। কৃতা পুত্রিকা অকৃতা তদন্যা। অপুত্রস্যেতি। অপত্নীকস্যেত্যপি বোধ্যং পত্ন্যভাবএব কন্যাধিকারাবগমাৎ। নিষেধাদিতি। নিষেধস্তস্মাদেব বিশেষণাৎ কল্পনীয়ইতি॥ ১৩৬॥

সম্ভাবিতপুত্রা ও পুত্রবতী দুহিতার অধিকার হয়। যথা বৃহস্পতি, সবর্ণা কন্যা সবর্ণ পতিকর্ত্তৃক বিবাহিতা হইয়া যদি ভর্ত্তৃশুশ্রূষণে রতা অর্থাৎ সম্ভাবিতপুত্রা হয় তাহা হইলে পুত্রিকা করণ হউক বা না হউক, সেই কন্যা পিতার ধনভাগিনী হয়। সবর্ণ পতিকর্ত্তৃক বিবাহিতা বলায় উত্তম বর্ণ ও অধমবর্ণ দ্বয়ের সহিত বিবাহ হইলে তাহার ধনাধিকার হইবে না, উত্তম ও অধম বর্ণকর্ত্তৃক বিবাহিতা কন্যা হইতে জাত সন্তানের অধম ও উত্তমবর্ণ মাতামহাদির শ্রাদ্ধ নিষেধ। পরন্তু সবর্ণকর্ত্তৃক বিবাহিতা সবর্ণা দুহিতাই পুত্রদ্বারা পিতার উপকারিণী হয়॥ ১৩৬॥

মিতি কন্যাপর্য্যন্তানামভাব এব ধনাধিকারিতা যুক্তা। ন চ বাচ্যং এবন্তর্হি পুত্রবত্যাএব প্রথমাধিকারোঽস্ত তদভাবে তু সম্ভাবিতপুত্রায়াইতি যতস্তস্যাঃ পশ্চাদুৎপন্নস্য দৌহিত্রস্যানধিকারাপত্তেঃ ন চ তদ্যুক্তং দৌহিত্রতয়া দ্বয়োরপ্যুপকারাবিশেষাৎ। ভর্তৃশুশ্রূষাপরত্বেনাবৈধব্যং প্রদর্শয়ন্ সম্ভাবিতপুত্রতাং প্রদর্শয়তি সেতি চ পূর্ব্ববচনোপাত্তা দুহিতা পরামৃশ্যতে তদেবং "সদৃশী সদৃশেনোঢ়া" ইত্যাদি বিশেষণাৎ ন দুহিতৃমা-

---

কৃতাকৃতা বেত্যেকবচনেনোপাত্তত্বাৎ পুত্রিকায়া অপি পত্নীকুমার্য্যোরনন্তরাধিকারঃ স্যাদিত্যাশঙ্কামপনেতুমাহ পুত্রিকাপুত্রস্ত ত্বিতি। অনেন দ্বারগত উৎকর্ষ উক্তঃ। স্বতোঽপ্যুৎকর্ষমাহ পুত্রিকায়া ইতি। তুল্যত্বঞ্চ পুত্রিকায়াং কৃতায়াং ত্বিত্যনেন মনুনা সমবিভাগোক্তেরিতি। পুত্রাদিত্যাদিনা পৌত্রপ্রপৌত্রপরিগ্রহঃ। এবন্তর্হীতি। যদ্যুপকারএব প্রযোজকঃ তদেত্যর্থঃ। যতইতি। অতএব বিধবাসধবয়োঃ পুত্রবত্যোর্ব্বিধবায়া এব প্রাক্ পুত্রদ্বারেণ পিণ্ডদাতৃত্বাৎ প্রথমমধিকারইতি নিরস্তং। ভর্তৃশুশ্রূষায়াঃ পিত্রুপকারত্বাভাবাৎ ধনগ্রহণাপ্রযোজকত্বমাশঙ্ক্যাহ

---

পুত্রিকাপুত্রের পুত্রবৎ উপকারকতাতিশয় নিবন্ধন পুত্রতুল্যত্ব কথনাধীন পুত্রিকাপুত্র ও ঔরসপুত্রের সমান অধিকার হইবে। পুত্রিকাভিন্ন বিবাহিতা দুহিতার পুত্রাদি হইতে ন্যূনোপকারক নিজ পুত্রদ্বারা উপকারকত্ব নিবন্ধন কুমারীপর্য্যন্তের অভাবেই পিতৃধনাধিকার যুক্তিসিদ্ধ।

উপকারই যদি ধনাধিকারের প্রযোজক হয় তবে অগ্রে পুত্রবতী দুহিতার অধিকার। তাহার অভাবে সম্ভাবিতপুত্রা তনয়ার অধিকার হউক না কেন ইহা বলিও না, যেহেতু সম্ভাবিতপুত্রাকন্যার পরে সন্তান জন্মাইলে তাহার অনধিকার হইয়া উঠে, তাহা উচিত হয় না। কারণ দৌহিত্রত্বরূপে উভয়েরই উপকর্ত্তৃত্ব নির্ব্বিশেষ। ভর্তৃশুশ্রূষণে রতা এই বিশেষণদ্বারা অবৈধব্য প্রদর্শন করত সম্ভাবিতপুত্রত্ব দর্শাইলেন এই পদে পূর্ব্ববচনস্থ দুহিতাকে উপ-

ত্রতয়া পিতৃধনাধিকারিতেতিদর্শয়তি । অন্যথা "অঙ্গাদঙ্গাৎ সম্ভবতি পুত্রবদ্দুহিতা নৃণাং। তস্যাঃ পিতৃধনং ত্বন্যঃ কথং গৃহ্নীত মানব" ইত্যনেন দুহিত্রধিকারে কথিতে সদৃশী সদৃশেনোঢ়েত্যাদিনা তস্যৈবাভিধানং পুনরুক্তং স্যাৎ সামান্যপ্রাপ্তেস্তু বিশেষকথনমপুনরুক্তমেব ॥ ১৩৭ ॥

যতএব স্বপুত্রদ্বারেণ পিণ্ডদাতৃতয়া দুহিতুঃ পিতৃধনাধিকারঃ অতএব পুত্রিকায়া অপি পিত্রুপরমজাতধনসম্বন্ধায়াঃ

---

ভর্তৃশুশ্রূষাপরত্বেনেতি। পূর্ব্ববচনেতি। অঙ্গাদঙ্গাৎ সম্ভবতীত্যাদিবচনোপাত্তেত্যর্থঃ। তস্যৈব বৃহস্পতেরেব। সামান্যপ্রাপ্তেরিতি। যদ্যপি বিশেষকত্বেঽপি সামান্যবচনবৈয়র্থ্যং তথাপি সামান্যবচনাভাবে কুমারীণামনূঢ়াত্বেনানধিকারপ্রসক্ত্যা ন বৈয়র্থ্যং উঢ়ায়াস্তু দুহিতৃত্বপুরস্কারেণ সামান্যবচনাদধিকারপ্রাপ্ত্যা বিশেষস্যাপুনরুক্ততৈবেতি ভাবঃ। তস্যাঃ পিতৃধনং ত্বন্যঃ কথমিত্যনেনান্যবাধার্থত্বেনাবৈয়র্থ্যমিতি কেচিৎ ॥ ১৩৭ ॥

বিপর্য্যস্তপুত্রায়া পুত্রাত্যন্তাভাববত্যাঃ। তদ্ধনং গ্রাহ্যমিতি। তদপি পত্ন্যভাবে কুমার্য্যাদীনাং পত্নীবাধ্যত্বাদিতি বোধ্যং। অতইতি। উক্তোভয়স্বত্রাভ্যাং বিপর্য্যস্ত-

---

স্থিত করে। অতএব সদৃশী সদৃশেনোঢ়া ইত্যাদি বিশেষণ কথনে যে কোন প্রকার দুহিতার অধিকার হয় না ইহা দর্শিত হইল. অন্যথা পুত্রবৎ কন্যা মনুষ্যের অঙ্গাঙ্গ হইতে উৎপন্ন হয়, তাহার পিতৃধন সে থাকিতে অন্য ব্যক্তি কি প্রকারে গ্রহণ করিতে পারে, এই বচনে কন্যার সামান্যতঃ অধিকার কথিত থাকায় সবর্ণা অথচ সবর্ণ কর্ত্তৃক বিবাহিতা ইত্যাদি কথন পুনরুক্ত হয় বিধায় প্রথমতঃ সামান্যতঃ কন্যাধিকার কহিয়া সদৃশী সদৃশেনোঢ়া ইত্যাদি দ্বারা বিশেষ করিয়া কহিলেন ইহাতে পৌনরুক্ত্য দোষ হইল না ॥ ১৩৭ ॥

যেহেতু স্বপুত্রদ্বারা পিণ্ডদাতৃত্ব নিবন্ধন দুহিতার পিতৃধনাধিকার হয়, সেই হেতু পুত্রিকা পিতৃমরণাধীন তদ্ধনে জাতাধিকারা হইলেও পশ্চাৎ বন্ধ্যা হইলে অথবা তাহার পতির পুত্রোৎপাদন সামর্থ্যের অভাব প্রযুক্ত পুত্রোৎপত্তি না

পশ্চাদ্বন্ধ্যাত্বেন তদ্ভর্ত্তুর্বা প্রসবাসামর্থ্যেন বিপর্য্যস্তপুত্রায়া মরণে তদ্ধনং ন ভর্ত্তুঃ। যথা শঙ্খলিখিতৌ। প্রেতায়াঃ পুত্রিকায়াস্তু ন ভর্ত্তা দ্রব্যমর্হত্যপুত্রায়াঃ। তথা পৈঠীনসিঃ। প্রেতায়াং পুত্রিকায়াং তু ন ভর্ত্তা দ্রব্যমর্হতি। অপুত্রায়াং কুমার্য্যা বা স্বস্রা গ্রাহ্যং তদন্বয়া। ততঃ কুমার্য্যা স্বস্রা অন্যয়া বা সম্ভাবিতপুত্রয়া স্বস্রা তদ্ধনং গ্রাহ্যং অতঃ স্ত্র্যধিকারে

পুত্রায়াঃ পুত্রিকায়া মরণে কুমার্য্যাদীনামধিকারে প্রাপ্তে ভর্ত্তুরধিকারস্য ব্যাবৃত্তিরিতি সমগ্রোপসংহারঃ প্রাঞ্চস্তু যতঃ পুত্রিকায়া এব বিপর্য্যস্তপুত্রায়া মরণে ন তৎ সংক্রান্ত-দায়ে ভর্ত্তুরধিকারোঽতঃ স্ত্র্যধিকারেঽন্যাসাং দুহিত্রাদীনামপ্যধিকারেঽনন্তরং বিপর্য্যস্ত-পুত্রাণাং তাসাং মরণে ভর্ত্তুরধিকারস্য ব্যাবৃত্তিরিতিব্যাচক্রুঃ তদবিপর্য্যস্তপুত্রায়াইতি। এতস্যৈব বিবরণং উৎপন্নমৃতপুত্রায়াইতি। অত্র পক্ষান্তরাভাবাৎ চকারঃ কাচিৎকঃ পাঠঃ প্রামাদিকঃ। অথাত্র শঙ্খলিখিতাদিবচনমেব উৎপন্নমৃতপুত্রাবিষয়ং মনুবচনন্তু অনুৎপন্নপুত্রাবিষয়মিতি বৈপরীত্যমেব ন কুতঃ অনুৎপন্নপুত্রায়া ইবাবিপর্য্যস্তপুত্রায়া অপি পিতৃরুপকারাভাবেনাবিশেষাদিতি চেন্ন অবিপর্য্যস্তপুত্রায়াঃ পুত্রোৎপত্ত্যৈব পিতুঃ পুন্নামনরকনিবর্ত্তকত্বেন কৃতোপকারকতয়া স্বামিত্বে নির্ব্যূঢ়ে পিতুরিতরাপে-

হইলে সে ধন তাহার মরণে তাহার ভর্ত্তার হইবে না। যথা শঙ্খলিখিত বচন পুত্রহীনা পুত্রিকা লোকান্তরিতা হইলে তৎসংক্রান্তধন ভর্ত্তা পাইবেন না। তথা পৈঠীনসি বচন, পুত্রহীনা পুত্রিকার মরণানন্তর তদ্ধন ভর্ত্তা প্রাপ্ত হয়েন না। কিন্তু তাহার কুমারী ভগিনী অথবা অন্য সম্ভাবিতপুত্রা ভগিনী সেই ধন গ্রহণ করিবে। অতএব স্ত্রীলোকের অধিকার মাত্র স্থলেই স্ত্রীধনাধিকারি ভর্ত্রাদির অধিকারের ব্যাবৃত্তি হইল, তবে যে বিরুদ্ধ মনুবচনটি আছে যথা পুত্রিকা পুত্রহীনা হইয়া মরিলে পর তদ্ধন পুত্রিকার ভর্ত্তাই লইবে তাহাতে সন্দেহ নাই। এই বচন অবিপর্য্যস্তপুত্রা অর্থাৎ উৎপন্নমৃতপুত্রা পুত্রিকার মরণে বুঝিতে হইবে। কারণ যে পুত্রিকার একেবারে পুত্র হয় নাই, তাহা অপেক্ষা যাহার পুত্র হইয়া মরিয়া গিয়াছে তদ্দ্বারা পিতার উপকার আছে,

ব্যাবৃত্তিরন্যাধিকারস্য। যত্তু মনুবচনং। অপুত্রায়াং মৃতায়াং তু পুত্রিকায়াং কথঞ্চন। ধনং তৎ পুত্রিকাভর্ত্তা হরেতৈবাবিচারয়ন্। তদবিপর্য্যস্তপুত্রায়া উৎপন্নমৃতপুত্রায়াঃ পুত্রিকায়া মরণে বেদিতব্যং॥ ১৩৮॥

পিণ্ডদানমেব চ দ্বয়োরেকং নিমিত্তমনুবদতি বৃহস্পতিঃ।

ক্ষয়া তস্যা এবাধিকোপকারকত্বাৎ তদ্ভর্ত্তুরধিকারোযুক্তঃ অতএব "দৌহিত্রস্য মুখং দৃষ্ট্বা কিমর্থমনুশোচসী" ত্যনেন দৌহিত্রমুখদর্শনস্যাপি নরকনিস্তারকতেতি পুত্রানুৎপত্তৌ তু পিত্রুপকারাভাবাৎ তস্যাএব ন স্বামিত্বং কুতস্তৎপত্যুরিতি তৎপিতৃধনাধিকারিণাং কন্যাদীনামেব তদানীং তত্রাধিকারস্য ন্যায্যত্বাৎ যদ্যপি বন্ধ্যাত্বেনাবধৃতায়াং জীবন্ত্যামপ্যেবমুচিতং তথাপি প্রেতায়াইতি গ্রহণাৎ ন জীবন্ত্যাং তস্যাং অন্যদুহিত্রাদীনামধিকারইতি। পরে তু নেদং বচনং পুত্রিকাপিতৃদায়পরং কিন্তু তদীয়সৌদায়িকাদিধনান্তরবিষয়ং পুত্রিকায়াঃ পুত্রত্বেন তস্যাঃ তদ্ধনে পিত্রধিকারপ্রসক্তৌ তদপবাদকমিত্যাহুঃ॥ ১৩৮॥

দৌহিত্রাধিকারার্থমাহ পিণ্ডদানমেব চেতি। চকারোযুক্ত্যন্তরসূচনায়। এবকারশ্চোপকারস্য প্রাধান্যার্থঃ। এতেন বিপর্য্যস্তপুত্রায়াঃ পিণ্ডদানাযোগ্যায়া

যেহেতু দৌহিত্রের মুখদর্শন করিয়াও কি নিমিত্ত অনুশোচনা করিতেছ এই বচনদ্বারা দৌহিত্র মুখদর্শনেরও নরকনিস্তারকতা প্রতিপাদিত হয়। এজন্য পুত্রোৎপত্তি নিবন্ধন পুত্রিকার পিতৃধনে নিব্যূঢ় স্বামিত্ব জন্মিবায় তদ্ধনে তাহার ভর্ত্তার অধিকার যুক্তিসিদ্ধ। আর যে পুত্রিকার আদৌ পুত্র হয় নাই ও পুত্রের সম্ভাবনাও নাই তাহা দ্বারা কিছুমাত্র উপকার না হইবায় সেই পুত্রিকারই যখন পিতৃধনে অধিকার হয় না তখন তাহার ভর্ত্তার অধিকার কোথায়? সুতরাং পুত্রসম্ভাবনায় পুত্রিকা পিতৃধনাধিকারিণী হইয়া অনুৎপন্নপুত্রা হইয়া মরিলে পশ্চ তদ্ধনে পিতৃধনাধিকারিভগিনী প্রভৃতিরই অধিকার হওয়া উচিত॥ ১৩৮॥

এক পিণ্ডদানরূপ উপকারই কন্যা ও দৌহিত্র এই উভয়ের অধিকারের

যথা পিতৃধনে স্বাম্যং তস্যাঃ সৎস্বপি বন্ধুষু। তথৈব তৎসুতোঽপীষ্টে মাতৃমাতামহে ধনে। যথা যেন দৌহিত্রদেয়পিণ্ডেন দুহিতা পিতৃধনাধিকারিণী তথৈব তেনৈব পিণ্ডদানেন দুহিতৃসুতোঽপি মাতামহধনে স্বামী সৎস্বপি পিত্রাদিষু। ন চ পুত্রিকাপুত্রাভিপ্রায়েণেদং বচনং "কৃতাকৃতাবাঽপুত্রস্য পিতুর্দ্ধনহরী তু সা" এতদ্বচনোপাত্তকৃতাঽকৃতদুহিত্রোরেব তস্যাইতি তৎসুতইতি তৎপদেন পরামর্শাৎ প্রত্যাসত্ত্যতিরেকাদ্বা অকৃতাপরামর্শ এব যুক্তোন তু তৎপরিত্যাগঃ।

দুহিতুঃ সুতরাং নাধিকারইত্যপি সূচিতং। যথেত্যস্য বিবরণং যেনেত্যাদি। তথৈবেত্যস্য বিবরণং তেনৈবেত্যাদি। ন চ পুত্রিকাপুত্রেতি। তথাচ দৌহিত্রসামান্যাধিকারে নেদং বচনং কিন্তু পুত্রিকাধিকার এবেতি ভাবঃ। এতেনোক্তবচনস্য-পুত্রিকাবিষয়তয়া তস্যা এবাধিকারে পিণ্ডদানোপকারস্য হেতুতয়া নির্দ্দেশাৎ অপুত্রিকাণাং দুহিতৃত্বপুরস্কারেণৈবাধিকারাৎ তাদৃশ্যা বিপর্য্যস্তপুত্রায়াঃ অপি ধনাধিকারস্য নির্ব্যূঢ়ত্বাৎ তদনন্তরং তত্তত্ত্বেবাধিকারোন্যায্যইতি পূর্ব্বোক্তপূর্ব্ব-

কারণ ইহা বৃহস্পতি অনুবাদ করিয়া বলিতেছেন, যথা পিতৃ প্রভৃতি বন্ধুসত্বেও যেরূপ কন্যার অধিকার হয়, সেইরূপ তাহার পুত্র অর্থাৎ দৌহিত্রও মাতৃ ও মাতামহধনে স্বামী হয়। এই বচনে যথা শব্দের অর্থ যেরূপ অর্থাৎ যে দৌহিত্র দাতব্য পিণ্ডদানদ্বারা কন্যা পিতৃধনাধিকারিণী হয় সেই পিণ্ডদানদ্বারাই কন্যার পুত্রও পিত্রাদির বিদ্যমানে ও মাতামহধনে অধিকারী হয়। ভাল দৌহিত্রাধিকারের বচন কেবল পুত্রিকার পুত্ররূপ দৌহিত্র বিষয়েই বলি না কেন তাহা বলিতে পার না। কারণ কৃতা হউক বা কৃতা না হউক উভয় বিধা দুহিতাই অপুত্রপিতার ধনভাগিনী এই বচনে কৃতা ও অকৃতা এই দ্বিপ্রকার দুহিতারই প্রতিপাদন করাতে তস্যাঃ এই পদে ও তৎসুত এই পদে তদ্ শব্দ দ্বারা ঐ দুইপ্রকার কন্যারই উপস্থিতি হয়, বিশেষতঃ তস্যা এই

অতএব মনুঃ। দৌহিত্রোহ্যখিলং রিক্থমপুত্রস্য পিতুর্হরেৎ। সএব দদ্যাৎ দ্বৌ পিণ্ডৌ পিত্রে মাতামহায় চ। পৌত্রদৌহিত্রয়োর্লোকে বিশেষো নাস্তি ধর্ম্মতঃ। তয়োর্হি মাতাপিতরৌ সম্ভূতৌ তস্য দেহতঃ। মাতামহদেহাৎ দুহিতুঃ সম্ভবং দৌহিত্রস্য ধনাধিকারে হেতুত্বেন নির্দ্দিশতি ন তু পুত্রিকাকরণং ইতরথা তদেব নির্দ্দিশেৎ। তথা ব্যক্তমাহ সএব। অকৃতা বা কৃতা বাপি যং বিন্দেৎ সদৃশাৎ সুতং। পৌত্রী মাতামহস্তেন দদ্যাৎ পিণ্ডং হরেৎ ধনং। অকৃতাজাতস্যাপি দৌহিত্রস্যাধিকারমভিদধাতি॥ ১৩৯॥

---

পক্ষোঽপি সূচিতঃ। পরামর্শাদিতি। তদ্বচনানন্তরমেব এতদ্বচনস্য বৃহস্পতিনা অভিহিতত্বাদিতিভাবঃ। প্রত্যাসত্ত্যেতি। কৃতাপেক্ষয়া অকৃতায়াঃ পশ্চাৎ নির্দ্দিষ্টত্বেন অগ্রিমতস্যাইত্যনেন তস্যা এবাব্যবধানাতিবেকাদিত্যর্থঃ। অতএবেতি। নির্দ্দিশতীত্যগ্রেণান্বয়ঃ। ন ত্বিতি। এতেন এতদ্বচনং ন পুত্রিকাপুত্রবিষয়ং কিন্তু দৌহিত্রসামান্যবিষয়ং দেহসম্ভবস্য হেতুত্বেন নির্দ্দেশাদিত্যপি সিদ্ধং॥ ১৩৯॥

---

পদের অন্বয় করণে নৈকট্য ধরিলে অকৃতা দুহিতারই অগ্রিম উপস্থিতি যুক্তিসিদ্ধ। পরন্তু তাহার পরিত্যাগ কখনই হইতে পারে না অতএব মনুবচন, দৌহিত্র অপুত্রক মাতামহের সমস্ত ধন পাইবে, সেই দৌহিত্রই আপন পিতা ও মাতামহের পিণ্ডদ্বয় দিবে। আর পৌত্র ও দৌহিত্র এই দুয়ের ইহলোকে ধর্ম্মতঃ বিশেষ নাই। যেহেতু তাহাদের মাতা ও পিতা তাঁহার দেহ হইতে উৎপন্ন হইয়াছেন। এই বচনে মাতামহ দেহ হইতে কন্যার উৎপত্তিকেই দৌহিত্রের ধনাধিকারের কারণ নির্দ্দেশ করিলেন, পুত্রিকাকরণকে কারণ কহিলেন না। তাহা হইলে সেই পুত্রিকাকরণকেই হেতুরূপে নির্দ্দিষ্ট করিতেন, তথা সেই মনুই সুব্যক্ত কহিতেছেন, অকৃতা অথবা কৃতা দুহিতা সবর্ণ পতি হইতে যে সুত লাভ করে সেই সন্তানদ্বারা মাতামহ পৌত্রবান্

কিঞ্চ স্মৃতিষু দৌহিত্রপদমপুত্রিকাজাতপরং নিয়তং। যথা বৌধায়নঃ। অভ্যুপগম্য দুহিতরি জাতং পুত্রিকাপুত্রং অন্যং দৌহিত্রং। বিদ্যাদিত্যনুবর্ত্ততে। অতএব ভোজদেবেনাপি কৃতাকৃতদুহিত্রধিকারে বৃহস্পতিরিত্যভিধায় যথা পিতৃধনে স্বাম্যমিতি বচনং লিখিতং। তথা গোবিন্দরাজেনাপি মনুটীকায়াং। অপুত্রপৌত্রে সংসারে দৌহিত্রা ধনমাপ্নুয়ুঃ। পূর্ব্বেষান্তু স্বধাকারে পৌত্রদৌহিত্রকাঃ সমাঃ। এতদ্বিষ্ণুবচনবলেন উদাতঃ প্রাগেব দৌহিত্রস্যাধিকারোদর্শিতঃ স চাস্মভ্যং

---

নম্ন পৌত্রী মাতামহস্তেনেত্যভিধানাৎ অকৃতাপদং অভিসন্ধিকৃতাপরং অপুত্রিকাপুত্রস্য মাতামহপৌত্রত্বানুপপত্তেঃ অভিসন্ধিমাত্রাৎ পুত্রিকেত্যেকেষামিতি গোতমদর্শনাৎ অভিসন্ধিমাত্রেণাপি পুত্রিকাসম্ভবাৎ তথাচাকৃতা অবাকৃতেত্যর্থাৎ নৈতদ্বচনমপুত্রিকাপুত্রবিষয়মতআহ কিঞ্চেতি। অন্যং দৌহিত্রমিতি। এতেনাকৃতেতি বচনং পৌত্রীত্যনুবাদাদস্তু পুত্রিকাপুত্রপরং "দৌহিত্রোহখিলং রিক্থমিতি" বচনন্তু দৌহিত্রপদশ্রবণাৎ অপুত্রিকাপুত্রপরমেবেত্যকৃতাপুত্রস্যাপ্যধিকারঃ সিদ্ধএবেতি দর্শিতং। অভ্যুপগম্য পুত্রিকাত্বেন স্বীকৃত্য। অতএবেতি। যথা পিতৃধনে স্বাম্যমিতি বচনস্য কৃতাকৃতজাতদৌহিত্রবিষয়ত্বাদেবেত্যর্থঃ। বৃহস্পতিবাক্যে পৌত্রাদিপদাভাবাৎ অকৃতা অপুত্রিকেত্যেবার্থ ইত্যাশয়েনাহ সদৃশী সদৃশে-

---

হয়েন, অতএব সেই সন্তানই মাতামহের পিণ্ড দিবে ও ধন লইবে। এই বচনে অকৃতাজাত দৌহিত্রেরও ধনাধিকার কহিলেন॥ ১৩৯॥

আর সকল স্মৃতিতে দৌহিত্র পদটি অপুত্রিকা দুহিতৃজাত দৌহিত্রেরই বাচক নিয়মিত, যথা বৌধায়ন, পুত্রিকারূপে অভিসন্ধি করিয়া দান করিলে সেই কন্যাতে যে পুত্র জন্মে তাহাকে পুত্রিকাপুত্র বলিয়া জানিবে, অন্যকে দৌহিত্র বলিয়া জানিবে। জানিবে এই পদটি পূর্ব্ব হইতে অনুবৃত্তিলব্ধ বুঝিতে হইবে। অতএব ভোজদেবও কৃতা এবং অকৃতা দুহিতার অধিকার-

ন স্নোচতে সদৃশী সদৃশেনোঢ়েত্যাদিবিরোধাৎ বিস্তূঢ়ায়াঃ প্রাগুক্তরূপায়া অভাবএব সৎস্বপি পিত্রাদিদৌহিত্রস্যাধিকারঃ তথৈবেতি দুহিতৃবদ্ভাববিধানাৎ তৎসুতোঽপীত্যপ্যর্থতয়া চ নির্দ্দেশাৎ দৌহিত্রস্য জঘন্যতাবগতেঃ। অতোদুহিত্রনন্তরং দৌহিত্রস্যাধিকারইতি সিদ্ধং ॥ ১৪০ ॥

নেতি। বিরোধাদিতি। তেন পুত্রাভাবএব দুহিতুরধিকারস্য প্রতিপাদনাৎ সুতরামেব দৌহিত্রস্য তদনন্তরত্বাদিত্যর্থঃ। প্রাগুক্তরূপায়া অবিপর্য্যস্তপুত্রায়াঃ। দুহিতৃবদ্ভাববিধানাৎ তত্তুল্যত্বাভিধানাৎ জঘন্যতাবগতেরিত্যগ্রেণান্বয়ঃ অত্র হেতুঃ উপমেয়স্য উপমানাপেক্ষয়া অপকর্ষবোধস্য সার্ব্বলৌকিকত্বমিতি। হেত্বন্তরমাহ তৎসুতোঽপীতি। চকারোভিন্নক্রমে অপ্যর্থতয়া অপ্যর্থান্বিতার্থবোধকতৎসুতোঽ-পীতিশব্দার্থতয়া নির্দ্দেশাচ্চেত্যর্থঃ ॥ ১৪০ ॥

স্থলে বৃহস্পতি কহিতেছেন এই বলিয়া যথা পিতৃধনে স্বাম্যং এই বচনটি লিখিয়াছেন। তথা গোবিন্দরাজ ও মনুর টীকাতে পুত্রপৌত্রবিহীন সংসারে দৌহিত্রেরাই ধন পায়। যেহেতু পূর্ব্বপুরুষগণের শ্রাদ্ধকরণে পৌত্র ও দৌহিত্রগণ সমান হয়, এই বিষ্ণুবচন, বল করিয়া বিবাহিতা কন্যার পূর্ব্বেই দৌহিত্রের অধিকার দর্শাইয়াছেন, তাহা আমাদের মত সিদ্ধ নহে। কারণ উক্ত গোবিন্দরাজের মত সদৃশী সদৃশেনোঢ়া ইত্যাদি বচনের বিরুদ্ধ। কিন্তু পূর্ব্বোক্ত পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা কন্যার অভাবস্থলেই পিত্রাদি বিদ্যমানেও দৌহিত্রের অধিকার হইবে। যেহেতু তথৈব এই পদের প্রয়োগে কন্যার সঙ্গে দৌহিত্রের উপমান উপমেয়ভাব প্রদর্শন করায়, উপমান হইতে উপ-মেয়ের অপকৃষ্টতা লোকপ্রসিদ্ধ। আর তাহার পুত্রও অধিকারী এই বাক্যে অপি শব্দ ঘটিত দৌহিত্রের নির্দ্দেশ করায় কন্যাপেক্ষা দৌহিত্রের নিকৃষ্টতা প্রতীতি হয়। অতএব দুহিতার অধিকারানন্তরই দৌহিত্রের অধিকার শাস্ত্রসিদ্ধ ॥ ১৪০ ॥

সৎস্বপি বন্ধুস্বিত্যনেন পিত্রোরধিকারঃ পত্ন্যভাবে ন্যায্যোঽপি দুহিতৃদৌহিত্রাভ্যাং বাধিত ইতি বাধকাভাবে পিত্রোরধিকারঃ সূচিতঃ। অতএবানন্তরং বৃহস্পতিঃ। তদভাবে ভ্রাতরস্তু ভ্রাতৃপুত্রাঃ সনাভয়ঃ। সকুল্যা বান্ধবাঃ শিষ্যাঃ শ্রোত্রিয়া ধনহারকাঃ। তচ্ছব্দেন দৌহিত্রস্য পিত্রোশ্চ সূচিতয়োঃ পরামর্শঃ। তেনামীষামভাবে ভ্রাত্রাদীনামধিকারঃ। যত্তু বালকবচনং "পত্নী দুহিতরশ্চৈব পিতরৌ ভ্রাতরস্তথা" ইত্যাদিনিয়তক্রমাদধস্তন এব দৌহিত্রস্যাধিকারইতি তদ্বৃহস্পতিবচনেন বিরোধাৎ বালবচনমেব বহুবচনান্তদুহিতৃপদেনৈব

অতএবানন্তরমিতি। যথা পিতৃধনে স্বাম্যমিত্যনন্তরমিত্যর্থঃ। তচ্ছব্দেনেতি। অন্যথা পিত্রোরসূচনে দৌহিত্রাভাব এবং ভ্রাত্রধিকারে পিতরৌ ভ্রাতরস্তথেত্যাদি যাজ্ঞবল্ক্যাদিবিরোধঃ স্যাদিতিভাবঃ। সএব দদ্যাদ্দ্বৌ পিণ্ডাবিতি মনুবচনং পুত্রিকাপুত্রপরমেব পিতৃধনগ্রহণপক্ষে মাতামহধনগ্রহণপক্ষে চ উভয়পক্ষপিণ্ডদানবিধায়কং পিতৃধনাগ্রহণে তু কেবলমাতামহপক্ষস্যৈব পিণ্ডদানমিতি অপুত্রিকাপুত্ররূপদৌহিত্রাধিকারস্তু পত্নী দুহিতরশ্চেত্যাদিনা নির্দ্দিষ্টাধিকারিণাং অনন্তরমেবেতি বালকমতং তদপাকর্ত্তুমাহ যত্ত্বিতি। বৃহস্পতিবচনেনেতি। "তথৈব তৎসুতোঽপীষ্টে মাতৃমাতামহে ধনে" ইত্যনেনেত্যর্থঃ। বালবচনমিতি। শিশোরবিবানভিসংহিততাৎপর্য্যস্য বচনমিত্যর্থঃ। নন্বেবং যাজ্ঞবল্ক্যাদ্যুক্তক্রমবিরোধঃ তৈর্দুহিত্রনন্তরং দৌহিত্রস্যানির্দ্দেশাদতআহ বহুবচনেতি। দুহিতুরূঢ়ানূঢ়াভেদেন

বন্ধুগণ সত্ত্বেও এই বৃহস্পতি বচনদ্বারা পিতামাতার অধিকার পত্নীর অভাবে ন্যায়যুক্ত হইলেও কন্যা ও দৌহিত্র এই দুইজন ঐ অধিকারের যখন প্রতিবন্ধক হইল তখন কন্যা ও দৌহিত্ররূপ বাধকের অভাবে পিতামাতার অধিকার সুতরাং সূচিত হইল। এজন্য আর স্পষ্টরূপে কিছু না বলিয়া যথা পিতৃধনে স্বাম্যং এই বচন বলিয়াই তদনন্তর বৃহস্পতি কহিতেছেন।

কন্যোঢ়াদৌহিত্রাণাং নির্দ্দিষ্টত্বাৎ ক্রমবিরোধাভাবাৎ যথা "স্বর্ষাতস্য হ্যপুত্রস্যেতি" পুত্রপদং প্রপৌত্রপর্য্যন্তপরং পিণ্ডদত্বাবিশেষাৎ তথা দৌহিত্রস্যাপি পিণ্ডদত্বাৎ তৎপর্য্যন্তপরং দুহিতৃপদং যথা বা "পুত্রাভাবে তু দুহিতা তুল্যসন্তানদর্শনাৎ" ইত্যত্র পুত্রপদং পত্নীপর্য্যন্তপরং অন্যথা দুহিতরইতিবহুবচনমনর্থকং স্যাৎ পত্নী তৎসুতইত্যাদিবদেকবচনমেব কুর্য্যাৎ ভ্রাতরইত্যস্যাপি বহুবচনস্যার্থবত্তাং বক্ষ্যামঃ। কিঞ্চ পিত্রাদীনাং রাজপর্য্যন্তানাং ক্রমনিয়মাৎ রাজ্ঞোঽভাবে দৌহিত্র-

দ্বৈবিধ্যাৎ বহুত্বাম্বয়ানুপপত্ত্যা তথৈব তৎসুতোঽপীতি বৃহস্পতিনা দৌহিত্রস্য দুহিতৃধর্ম্মাতিদেশেন চ অজহৎস্বার্থলক্ষণয়া দুহিতৃপদস্য দুহিতৃদৌহিত্রোভয়পরত্বাদিতিভাবঃ। লক্ষ্যতাবচ্ছেদকন্তু অনূঢ়োঢ়াদৌহিত্রান্যতমত্বাদিকমিতি বোধ্যং। অসগোত্রত্বে সতি সাক্ষাৎপরম্পরা সাধারণপার্ব্বণকর্ত্তৃত্বমিতি কেচিৎ। প্রপৌত্র-

যথা তদভাবে ভ্রাতা, ভ্রাতৃপুত্র, জ্ঞাতি, শিষ্য, বান্ধব, সকুল্য, এবং শ্রোত্রিয় ইহাঁরা ধনাধিকারী হন। এই বচনে তদ্‌শব্দদ্বারা দৌহিত্র এবং পূর্ব্বোক্ত প্রকারে সূচিত পিতা এবং মাতার উপস্থিতি হইল। অতএব দৌহিত্র এবং পিতামাতার অভাবে ভ্রাত্রাদির অধিকার হইবে।

দৌহিত্রের অধিকার বিষয়ে বালক নামক নিবন্ধকার বলেন যে "পত্নী দুহিতরশ্চৈব পিতরৌ ভ্রাতরস্তথা" ইত্যাদি বচনে ক্রমনিবদ্ধ থাকায় নির্দ্দিষ্ট অধিকারিগণের সর্ব্বশেষেই দৌহিত্রের অধিকার হইবে, এই কথা বৃহস্পতি বচনের সঙ্গে বিরোধ প্রযুক্ত বালকের কথার ন্যায় অগ্রাহ্য। যেহেতু উক্ত যাজ্ঞবল্ক্যবচনে, বহুবচনান্ত দুহিতৃপদের প্রয়োগ থাকায় তদ্দ্বারা কুমারী ও বিবাহিতা কন্যা এবং দৌহিত্রের নির্দ্দেশ করায় যাজ্ঞবল্ক্যোক্ত ক্রমের সঙ্গে বিরোধ ও ঘটিল না। যেমন স্বর্ষাতস্য হ্যপুত্রস্য এইস্থলে পুত্রপদটী পিণ্ডদানাধিকারের অবিশেষপ্রযুক্ত প্রপৌত্রপর্য্যন্তকে বুঝাইয়া দেয়, আর যেমন

স্যাধিকারো বাচ্যঃ ন চ কদাচিদ্রাজ্ঞোঽভাবোঽস্তীত্যনধিকার এবাভিহিতো ভবেৎ। তস্মাৎ বিশ্বরূপজিতেন্দ্রিয়ভোজদেব-গোবিন্দরাজৈর্দুহিত্রভাবে দৌহিত্রস্যাধিকারো নিরূপিত আদরণীয়ঃ ॥ ১৪১ ॥

যদা চ কন্যা জাতাধিকারা পশ্চাৎ পরিণীতা সতী ম্রিয়তে তদা তদ্ধনং কন্যায়া অনুৎপন্নাধিকারায়া অভাবে যেষামূঢ়া-

---

পর্য্যন্তপরমিতি। অত্র লক্ষ্যতাবচ্ছেদকং সগোত্রত্বে সতি পার্ব্বণকর্ত্তৃত্বং। বক্ষ্যাম-ইতি। সংসৃষ্টবচনব্যাখ্যাবসরে ইত্যর্থঃ। দুহিতৃপদস্য দৌহিত্রপর্য্যন্তপরত্বাভাবে দোষমপ্যাহ কিঞ্চেতি ॥ ১৪১ ॥

দৌহিত্রাধিকারং নিরূপ্য কন্যাধিকারে বিশেষমাহ যদেতি। কেচিত্তু পুত্রিকায়া বিপর্য্যস্তপুত্রায়া অভাবে তৎপিতৃধনং ন ভর্ত্তুঃ কিন্তু পিতৃধনাধিকারিণামিত্যুক্তং

---

পুত্রাভাবে তু দুহিতা তুল্যসন্তানদর্শনাৎ এই বচনে পুত্রপদটী পত্নীপর্য্যন্তের উপস্থাপক হয়, সেইরূপ দৌহিত্রের পিণ্ডদাতৃত্ব থাকায় দুহিতৃ শব্দটি দৌহিত্র-পর্য্যন্তকে উপস্থিত করে, তাহা না হইলে দুহিতরঃ এই বচন নিরর্থক হয়। আর উক্তবচনে পত্নী, তৎসুত, ইত্যাদির ন্যায় একবচনই প্রয়োগ করিতেন এবং ভ্রাতরঃ এইপদে বহুবচনের সার্থকতা সংসৃষ্টবচনের ব্যাখ্যাস্থলে বলিব।

বালকোক্ত মীমাংসায় আরও দোষ দেখাইতেছি যথা, যাজ্ঞবল্ক্যবচনে পিত্রাদি রাজপর্য্যন্তের ক্রমনিবদ্ধ থাকায় উপলক্ষণ স্বীকার না করিলে রাজার অভাবেই দৌহিত্রের অধিকার বলিতে হইবে তাহাতে রাজার অভাব কখনই ঘটিতে পারে না, সুতরাং ফলে দৌহিত্রের অনধিকারই বলা হয়। অতএব বিশ্বরূপ, জিতেন্দ্রিয়, ভোজদেব ও গোবিন্দরাজকর্ত্তৃক দুহিতার অভাবে যে দৌহিত্রের অধিকার স্থিরীকৃত হইয়াছে তাহাই আদরণীয় ॥ ১৪১ ॥

যদি কুমারী পিতৃধনে জাতাধিকারা হইয়া পশ্চাৎ বিবাহিতা হইয়া মরে তবে তদধিকৃত সেই ধনে অনুৎপন্নাধিকারা কন্যার অভাবে অর্থাৎ আদৌ কুমারী না

দীনাং প্রতিপাদিতং উৎপন্নাধিকারায়া অপ্যভাবে তেষামে
তদ্ধনং ন তু তদ্ভর্ত্রাদীনাং ভবতি তস্য স্ত্রীধনবিষয়ত্বাৎ "ভুঞ্জী
তামরণাৎ ক্ষান্তেতি" বচনেন জাতাধিকারায়াঃ পত্ন্যা অভা
অনুৎপন্নাধিকারপত্ন্যভাবোক্তানাং পূর্ব্বধনস্বামিদায়গ্রাহিণ
দুহিত্রাদীনাং ধনাধিকারস্য দর্শিতত্বাৎ পত্নীতো জঘন্যদুহি

অপুত্রিকায়াস্তথাত্বে কিং স্যাদতআহ যদেতি ইত্যাহুঃ। ম্রিয়তে ইতি। পুত্রম
পাদ্যেত্যাদি। তস্যেতি। ভর্ত্রাদ্যধিকারার্থকবচনস্যেত্যর্থঃ আদিনা পিতৃমা
ভ্রাতৄণাং গ্রহণং। উক্তাহর্থে যুক্তিমাহ ভুঞ্জীতেতি। অধিকাবে অধিকারসাধ
অয়মর্থ ইতি। জাতাধিকারাভাবে অনন্তরাধিকারিণামূঢ়াদীনামধিকারইত্যেব
পোঽর্থইত্যর্থঃ। নন্থ যাবদ্বচনং হি বাচনিকমিতি ন্যায়াৎ পত্ন্যধিকারএব তথ
অন্যথা তত্র পত্নীপদোপাদানবৈয়র্থ্যাপত্তিঃ অতঃ পত্নীপদস্য স্ত্রীমাত্রপরত্বমাহ যদ্বে
পত্নীতি। ভুঞ্জীতামরণাৎ ক্ষান্তা ইত্যত্র পত্নীপদং স্ত্রীমাত্রোপলক্ষকমিত্যর্থঃ।
কিমত্র স্ত্রীমাত্রোপলক্ষকত্বে বীজমিতি চেৎ অত্রায়ং ভাবঃ স্ত্রীসংক্রান্ত ধনস্য স্ত্রী

থাকিলে যে বিবাহিতা কন্যাপ্রভৃতিব অধিকার হইত তাহাতে জাতাধিকারা হ
মরিলেও তাহাদেরই সেই ধনে অধিকার হইবে, তাহাব ভর্ত্তা ইত্যাদি স্ত্রীধনা
কারিগণের অধিকার হইবে না। কাবণ স্ত্রীধনস্থলেই ভর্ত্রাদির অধিকার সংক্রা
ধনে নহে, (এই স্থলে টীকাকারেব মতে কিঞ্চিৎ বিশেষ আছে যথা,কুমারী পিতৃধ
ধিকারিণী হইলে যদি তাহার পুত্রসন্তান জন্মে তবে ঐ ধনে তাহার নির্ব্যূঢ়
জন্মিয়া স্ত্রীধনের ন্যায় গণ্য হইবে বিধায় পূর্ব্বস্বামীর উত্তরাধিকারি বিবাহি
কন্যাপ্রভৃতিরা না পাইয়া ঐ ধন ঐ জাতাধিকাবা কুমারীর পুত্র ও ভর্ত্তৃপ্রভৃ
স্ত্রীধনাধিকারিরাই পাইবে, এই বিশেষটি মূলগ্রন্থের মত নহে অর্থাৎ জাতাধিক
কুমারীর পুত্র হউক বা না হউক তাহাব মৃত্যুর পর ঐধন পূর্ব্বস্বামির উত্তরা
কারিরাই নৈকট্যানুসারে লইবে।)

আর "ভুঞ্জীতামরণাৎ ক্ষান্তা" এই বচনদ্বারা জাতাধিকারা পত্নীর অভ
যখন পূর্ব্বস্বামিব উত্তবাধিকাবি কন্যাপ্রভৃতির ধনাধিকার দর্শিত হইয়াছে ত

দৌহিত্রয়োরধিকারে দণ্ডাপূপন্যায়সিদ্ধোঽয়মর্থঃ। যদ্বা পত্নী-ত্যুপলক্ষণং স্ত্রীমাত্রাধিকারে অয়মর্থোবোদ্ধব্যইতি তাৎপর্য্যং। ইতি দুহিতৃদৌহিত্রয়োরধিকারঃ॥ ১৪২॥

দৌহিত্রস্যাভাবে পিতুরধিকারো ন মাতুঃ নাপি যুগপন্মাতা পিত্রোঃ "তদভাবে পিতৃগামি তদভাবে মাতৃগামীতি" বিষ্ণু-বচনবিরোধাৎ। যত্তু মনুবচনং। অনপত্যস্য পুত্রস্য মাতা দায়মবাপ্নুয়াৎ। মাতর্য্যপি চ বৃত্তায়াং পিতুর্ম্মাতা হরেদ্ধনং।

---

ত্বাভাবাৎ অধিকারিবিশেষস্যাত্র বচনাদপ্রাপ্ত্যা বৈয়র্থ্যাপত্তেঃ আকাঙ্ক্ষয়া কল্পনে সাদৃশ্যাৎ স্ত্রীসংক্রান্তধনমাত্রস্য পূর্ব্বস্বামিদায়াদরূপোঽধিকারী কল্পনীয়ইত্যেতদর্থং পত্নীপদস্য স্ত্রীলক্ষকত্বমিতি। অথৈবং পত্নীতোঽভ্যর্হিতায়াঃ পুত্রিকায়াঃ তথা দর্শনাৎ পুত্রিকৌরসয়োঃ সাম্যাৎ পুত্রাদিরহিতস্য ঔরসস্যানন্তরং তদ্ধনং তৎপত্ন্যা ন স্যাৎ স্যাচ্চ দায়াদানাং দুহিত্রাদীনামিতি চেন্নৈবং পুত্রস্য জন্মনৈব কৃতোপকারতয়া তত্র তস্য স্বামিত্বে নির্ব্যূঢ়ে তদনন্তরং তদুত্তরাধিকারিণাং তৎপত্ন্যাদীনাং তত্রাধিকা-রস্য ন্যায্যত্বাৎ বিপর্য্যস্তেপুত্রায়াস্তু পুত্রিকায়া উপকারলেশাভাবাৎ তদধিকারস্যৈবানি-র্ব্যূঢ়তয়া তদনন্তরং দায়াদাধিকারস্যৈব ন্যায্যত্বাদিতি॥ ১৪২॥

দৌহিত্রাধিকারং নিরূপ্য তদনন্তরং পিতুরধিকারমাহ দৌহিত্রস্যাভাবইতি। ন মাতুরিতি পিতুঃ পূর্ব্বমিতি শেষঃ। যাজ্ঞবল্ক্যবচনে পিতরাবিতি দ্বন্দ্বনির্দ্দেশাৎ

---

পত্নী অপেক্ষা নিকৃষ্টা কন্যার অধিকারস্থলেও ঐরূপ অর্থ, অর্থাৎ পূর্ব্বস্বামির উত্তরা-ধিকারিগণের অধিকার দণ্ডাপূপন্যায়সিদ্ধ। অথবা ভুঞ্জীতামরণাৎ ক্ষান্তা এই বচনে পত্নীপদ উপলক্ষণ, অর্থাৎ সকল স্ত্রীলোকের অধিকারস্থলেই নির্ব্যূঢ় স্বত্বা-ভাবপ্রযুক্ত তাহাদের মৃত্যুর পর পূর্ব্বস্বামির উত্তরাধিকারিদেরই অধিকার বুঝিতে হইবে, এইটি বচনের তাৎপর্য্য। ইতি কন্যা ও দৌহিত্রের অধিকার কথন সম্পূর্ণ॥১৪২॥

দৌহিত্র না থাকিলে প্রথম পিতারই অধিকার হইবে মাতার নহে। এবং পিতা মাতা এই উভয়ের এককালীনও অধিকার নহে। যেহেতু তাহার অভাবে পিতৃগামি, তদভাবে মাতৃগামি, এই বিষ্ণুবচনের সহিত বিরোধ হয়। আর অপত্যরহিতপুত্রের

যচ্চ বৃহস্পতিবচনং। ভার্য্যাসুতবিহীনস্য তনয়স্য মৃতস্য চ। মাতা রিকৃথহরী জ্ঞেয়া ভ্রাতা বা তদনুজ্ঞয়া। তৎ পিতৃপর্য্যন্তাভাবে বোদ্ধব্যং ॥ ১৪৩ ॥

ন্যায়াগতঞ্চৈতৎ দৌহিত্রাৎ পরতোমাতৃতশ্চ পূর্ব্বং পিতুরধিকারইতি মৃতপিণ্ডমৃতভোগ্যান্যপিণ্ডদ্বয়দাতুর্দৌহিত্রাৎ মৃতভোগ্যান্যপিণ্ডদ্বয়মাত্রদাতৃতয়া পিতুর্জ্জঘন্যত্বাৎ মাত্রাদিভ্যস্তু মৃতভোগ্যান্যপিণ্ডদ্বয়দাতৃতয়া "বীজস্য চৈবং যোন্যাশ্চ

যৌগপদ্যাধিকারমাশঙ্ক্যাহ নাপি যুগপদিতি। তদভাবইতি। এতেন তদভাবে মাতৃগামি তদভাবে পিতৃগামীতি রত্নাকরাদিভি র্লিখিতঃ পাঠো বক্ষ্যমাণবিরোধাৎ ভ্রমবিজৃম্ভিত এবেতি ধ্বনিতং। তৎপিতৃপর্য্যন্তাভাবইতিবক্ষ্যমাণন্যায়োপলব্ধবিষ্ণুবচনেন মনুবচনে অপত্যপদস্য পত্ন্যাদেঃ বৃহস্পতিবচনে চ ভার্য্যাপুত্রপদয়োঃ পৌত্রাদেরুপলক্ষকত্বস্যাবশ্যকত্বাৎ পিতুরুপলক্ষকত্বস্যাপি যুক্তত্বাদিতি ভাবঃ ॥ ১৪৩ ॥

ন্যায়মাহ ন্যায়াগতমিত্যাদি। দৌহিত্রাৎপরতোঽধিকারে হেতুমাহ মৃতপিণ্ডেতি মাতৃতঃ পূর্ব্বমধিকারে হেতুমাহ মাত্রাদিভ্য ইতি। যুগপদধিকারাভাবে হেত্বন্তরমাহ পিতবাবিত্যত্রেতি। পিতৃক্রমএবেতি। পিতুঃ প্রাক্ প্রতিপাদিতত্বাদিতিভাবঃ। প্রাক্ প্রতিপত্তিং দর্শয়তি তথাহীতি। তথাচ পিতবাবিতি পিতৃক্রমাভিধানপরমেব

ধন মাতা পাইবেন এবং মাতার মৃত্যুর পর পিতার মাতা অর্থাৎ পিতামহী সেই ধন গ্রহণ করিবেন এই মনুবচনটি, আর ভার্য্যাপুত্রবিহীন পুত্রের ধনগ্রাহিণী জননীকে জানিবে অথবা তাঁহার অনুমতিক্রমে ভ্রাতাকে অধিকারী জানিবে এই বৃহস্পতি বচনটি উপলক্ষণদ্বারা পিতৃপর্য্যন্তের অভাবে বুঝিতে হইবে ॥ ১৪৩ ॥

দৌহিত্রের পর এবং মাতার পূর্ব্বে পিতার যে অধিকার, ইহা ন্যায়সিদ্ধও বটে। যথা মৃতব্যক্তির পিণ্ড ও মৃতব্যক্তির ভোগ্য অপর পিণ্ডদ্বয় দাতা দৌহিত্র অপেক্ষা মৃতভোগ্য অপর পিণ্ডদ্বয়মাত্র দাতৃত্ব প্রযুক্ত পিতার নিকৃষ্টতা বিধায় দৌহিত্রের পর পিতার অধিকার ও মাতৃপ্রভৃতি হইতে মৃতভোগ্য পিণ্ডদ্বয় দাতৃত্ব নিবন্ধন এবং বীজ ও যোনি এই উভয়ের মধ্যে বীজকে উৎকৃষ্ট বলাযায়, এই মনুবচনদ্বারা উৎক-

বীজমুৎকৃষ্টমুচ্যতে” ইতি মনুবচনাবগতোৎকর্ষেণ চ বলবত্ত্বাৎ- পিতরাবিত্যত্র চ পিতৃক্রম এবাবগম্যতে। তথাহি পিতৃপদাৎ প্রাতিপদিকাৎ প্রথমং পিতুরবগতেঃ পাশ্চাত্তু দ্বিবচনবলেনৈ-কশেষকল্পনয়া মাতুরবগমাৎ * অতঃ ক্রমজ্ঞানং 'ক্রমাভিধান-ব্যাপ্তং তৎনিবর্ত্তমানং ক্রমজ্ঞানং নিবর্ত্তয়তীত্যনুমানং তদ-

তৎপ্রাপকস্তু উক্তন্যায়োপবৃংহিতবিষ্ণুবচনমেব অতোঽত্র দ্বিবচনাবগতসাহিত্যং অভি-ধানক্রিয়াপেক্ষয়ৈব গর্গা ভোজ্যন্তামিতিবদিতিভাবঃ। কেচিত্তু পিতরাবিত্যত্র যুগপদেব পিত্রোরন্বয়বোধঃ তথাচ ক্রমিকান্বয়বোধস্য ক্রমিক পদার্থস্মরণব্যাপকতয়া প্রকৃতে ব্যাপকস্য ক্রমিকান্বয়বোধস্যাভাবে ব্যাপ্যস্য ক্রমিকপদার্থস্মরণস্যাপ্যভাবাৎ যুগপদেব দ্বয়োরুপস্থিত্যা যুগপদেবাধিকারঃ পিত্রোরিতি বদন্তি তন্মতং দূষয়তি অত-ইতি। উক্তক্রমেণ ক্রমিকোপস্থিতেরাবশ্যকত্বাৎ ইত্যর্থঃ। ক্রমজ্ঞানং ক্রমিক-পদার্থস্মরণং ক্রমাভিধানং ক্রমিকান্বয়বোধঃ তদ্ব্যাপ্তমিত্যর্থঃ তৎক্রমাভিধানং ইত্যনু-মানমিতি ইতিব্যাপ্তের্হেতোর্গদনুমানং ব্যাপ্যাভাবসাধনে ব্যাপকাভাবরূপং যৎ লিঙ্গং তদপ্রমাণং অর্থাসাধকং অর্থাসাধনে স্বরূপাসিদ্ধিহেতুমাহ ব্যাপকনিবৃত্তেরিতি। তথাচ তয়োরন্বয়বোধঃ ক্রমেণৈবেতিভাবঃ। ননু দ্বন্দ্বস্থলে সাহিত্যেন যুগপদন্বয়-

ধাবগতি নিবন্ধন পিতার বলবত্ব প্রযুক্ত মাতার পূর্ব্বে পিতার অধিকার স্থির হইল। আর যাজ্ঞবল্ক্যবচনে পিতরৌ এইপদেও পিতৃক্রমেরই অবগতি হয়। কারণ প্রাতিপদিক পিতৃশব্দে প্রথমতঃ পিতারই উপস্থিতি হয়, পশ্চাৎ দ্বিবচন বলে একশেষ কল্পনা দ্বারা মাতার অবগতি হয় বিধায় অগ্রে পিতা তাহার পর মাতা এইরূপ ক্রম প্রতি-পাদিত হইল। অতএব কেহ যে বলেন ক্রম জ্ঞানটি ক্রম কথনের ব্যাপ্য

* অতইতি জ্ঞানশব্দো অনুভবং, অভিধানং পদার্থস্মরণং ক্রমাভিধানজন্যত্বাৎ ক্রমজ্ঞানস্যেতি ভাবঃ। তদিতি ক্রমাভিধানমিত্যর্থঃ। অনুমানং মাতাপিতরৌ ন পুত্রসম্বন্ধিত্বেন পিতরাবিত্যেতজ্জনকজননীক্রমিকশব্দবিষয়ৌ ক্রমিকতদ্বাক্যস্থপদ-জন্যোপস্থিত্যবিষয়ত্বাৎ যন্ন ক্রমিকোপস্থিতিবিষয়ো ন যৎক্রমিকশব্দানুভবগোচরো যথা দ্বৌ বেদৌ স্ত ইত্যাত্মকং। ব্যাপকনিবৃত্তেরিতি ব্যাপকস্য ক্রমাভিধানস্য নিবৃত্তেরভাবস্য অসিদ্ধত্বাদসত্ত্বাৎ এতেন স্বরূপাসিদ্ধিরুক্তা।

প্রমাণং ব্যাপকনিবৃত্তেরসিদ্ধত্বাৎ বিষ্ণুবচনবিরোধাচ্চ। ইতি পিতুরধিকারঃ ॥ ১৪৪ ॥

পিতুরভাবে মাতুরধিকারঃ পিতুরধিকারানন্তরং তদভাবে মাতৃগামীতি' বিষ্ণুশ্রুতেঃ। যুক্তঞ্চৈতৎ গর্ভধারণপোষণাৎ কৃতোপকারতয়া তন্নিষ্ক্রয়স্যাবশ্যকর্ত্তব্যত্বাৎ পুত্রভোগ্যান্য-পিণ্ডদজননেনাপ্যুপকারকত্বাচ্চ ভ্রাত্রাদিভ্যঃ পূর্ব্বমধিকারস্য

---

বোধোন তু ক্রমিকঃ তথাচ কথং ব্যাপকনিবৃত্তেরসিদ্ধত্বমিত্যতআহ বিষ্ণুবচনেতি তথাচান্বয়বোধস্য যৌগপদিকত্বেঽপি নাধিকারো যৌগপদিকঃ বিষ্ণুবিরোধাৎ কিন্তু ক্রমিক এব যথা পত্নী দুহিতরশ্চেবেত্যত্র সর্ব্বদুহিতৃণামেকান্বয়বোধবিষয়ত্বেঽপি বচনান্তরবলাৎ কুমার্য্যাদিক্রমেণাধিকারইতি ভাবঃ ॥ ১৪৪ ॥

পিতুরনন্তরং মাতুরধিকাবমাহ পিতুরিতি। অস্য ন্যায়মূলত্বমাহ যুক্তঞ্চৈতদিতি। ভ্রাত্রাদিভ্যঃ পূর্ব্বমিতি। যদ্যপি ভ্রাতাপি তদ্ভোগ্যান্যপিণ্ডদঃ তথাপি গর্ভধারণা-

---

ক্রমাভিধান না থাকিলে ক্রমজ্ঞান নিবর্ত্তিত হয়, এই অনুমান অবলম্বন করিয়া পিতামাতার এককালীন অধিকাব হয়, তাহা অপ্রমাণ.অর্থাৎ উক্ত ব্যাপকা-ভাব দ্বারা ব্যাপ্যাভাবেব সাধ্যতা হইতে পারে না। যেহেতু ক্রমাভিধান রূপ ব্যাপকের অভাব ধরা উক্ত স্থলে স্বরূপতঃ অসিদ্ধ হইয়াছে। সুতরাং স্বরূপাসিদ্ধ হেতুতে সাধ্যানুমান অপ্রসিদ্ধ ও বিষ্ণুবচনের সঙ্গে বিরোধও জন্মে। ইতি পিতার অধিকার কথন সম্পূর্ণ ॥ ১৪৪ ॥

পিতার অভাবে মাতার অধিকাব হয়, তাহার প্রমাণ পিতার অধিকারা-নন্তর তদভাবে মাতৃগামি এই বিষ্ণুবচন, ইহা যুক্তিসিদ্ধও বটে, কেন না গর্ভ-ধারণ ও পোষণ নিবন্ধন বিশিষ্ট উপকার করায় তৎপরিশোধের অবশ্য কর্ত্ত-ব্যতা আছে। আর পুত্রভোগ্য অন্য পিণ্ডদাতৃ ভ্রাতৃ জনন দ্বারাও উপকার-কত্ব প্রযুক্ত ভ্রাত্রাদির পূর্ব্বে মাতার অধিকার ন্যায্য হয়। অতএব পিত্রপেক্ষা অধিক গৌরব শ্রুতি নিবন্ধন পিতার পূর্ব্বে মাতার অধিকার এই মত অগ্রাহ্য। কারণ গৌরবাধিক্যকে ধনসম্বন্ধের হেতু বলিলে জনক এবং বেদাধ্যাপক এই

ন্যায্যত্বাৎ অতঃ পিতৃতোগৌরবাতিরেকশ্রুতেঃ মাতুরধিকারঃ পিতৃতঃ পূর্ব্বমিতি হেয়ং গৌরবাতিরেকস্য ধনসম্বন্ধহেতুত্বে উৎপাদকব্রহ্মদাত্রোর্গরীয়ান্ ব্রহ্মদঃ পিতেতি পিতৃতঃ পূর্ব্বমাচার্য্যস্যাধিকারাপত্তেঃ কনিষ্ঠে চ ভ্রাতরি ভ্রাতৃসুতে বা সত্যপি পিতৃব্যাদীনামধিকারাপত্তেশ্চ অতঃ পিতৃতঃ পরতএব মাতুরধিকারইতি ॥ ১৪৫ ॥

এবঞ্চ মৃতস্য পিতৃসন্তানাৎ পূর্ব্বং পিতুশ্চ পরতো মাতুরধিকার ইতি বদতা পিতামহসন্তানাৎ পূর্ব্বং পিতামহাচ্চ

---

হ্যপকারকত্বেন ভ্রাতুর্ম্মাতৃসম্বন্ধাধীনস্বাম্যেন চ প্রথমং মাতুরেবাধিকারইতি। গৌরবাতিবেকেতি। সহস্রন্তু পিতৄন্ মাতা গৌরবেণাতিরিচ্যতে” ইত্যাদিনেত্যর্থঃ। উপসংহরতি অতইতি। পিতৃতঃ পরতইতি ভ্রাত্রাদিভ্যঃ পূর্ব্বমিত্যপি বোধ্যং ॥ ১৪৫ ॥

পিতৃসন্তানাৎ ভ্রাত্রাদেঃ, পিতামহসন্তানাৎ পিতৃব্যাদেঃ। অন্যথেতি। উক্তক্রমেণাধিকাবাকল্পনে ইত্যর্থঃ। ক্রমবিরোধঃ স্যাদিতি। নমু বাচনিকএব পিতরৌ ভ্রাতরস্তথেতিক্রমঃ স চ পিতামহ্যাঃ কল্পনাং বিনা কথমনুপপন্নঃ মৈবং মাতুঃ পরম্পরয়া পিণ্ডত্রয়স্য ধনিভোগ্যস্য দানেঽপি সাক্ষাৎ তদ্ভোগ্যপিণ্ডত্রয়দাতৃতয়া

---

উভয়েব মধ্যে বেদাধ্যাপকরূপ পিতা গরীয়ান্ এই প্রমাণে পিতার পূর্ব্বে আচার্য্য অর্থাৎ বেদাধ্যাপক গুরুর অধিকার হইয়া উঠে এবং কনিষ্ঠ ভ্রাতা ও ভ্রাতৃপুত্র সত্ত্বেও পিতৃব্য প্রভৃতির গৌরবাধিক্য প্রযুক্ত অগ্রে অধিকার ঘটিয়া উঠে, এজন্য পিতার পর ভ্রাত্রাদিব পূর্ব্বেই মাতার অধিকার স্থির হইল ইতি ॥ ১৪৫ ॥

এবঞ্চ মৃতব্যক্তির পিতৃসন্তানের পূর্ব্বে ও পিতার পর মাতার অধিকার বলাতে পিতামহ সন্তানের পূর্ব্বে ও পিতামহের পর পিতামহীর ধনাধিকার সূচিত হইল। অন্যথা পিতরৌ ভ্রাতরস্তথা এই ক্রমের সহিত বিরোধ হয়। অতএব মনুবচন, সন্তানসহিত মাতাও লোকান্তরিতা হইলে পিতার মাতাও

পরতঃ পিতামহ্যা ধনাধিকারঃ সূচিতঃ। অন্যথা পিতরৌ ভ্রাতরস্তথেতিক্রমবিরোধঃ স্যাৎ। অতএব মনুঃ। মাতর্য্যপি চ বৃত্তায়াং পিতুর্মাতা হরেদ্ধনং। সসন্তানায়াং বৃত্তায়ামিত্যর্থঃ অপিশব্দচকারয়োশ্চোভয়ত্রান্বয়ঃ কার্য্যঃ তেন মাতরি চ বৃত্তায়াং পিতামহ্যপি গৃহ্নীয়াৎ কিং পুনর্ভ্রাত্রাদয়ঃ পিতামহ-পর্য্যান্তাইতি অপিশব্দসূচিতাঃ ভ্রাত্রাদয়ঃ। তদয়ং বচনার্থঃ দৌহিত্রান্তাৎ মৃতসন্তানাৎ পরতঃ স্বসন্তানাচ্চ পূর্ব্বং উক্ত-ক্রমেণ পিত্রোরধিকারঃ অতঃ স্বসন্তানাৎ পূর্ব্বং পিতামহপি-তামহ্যোরধিকারোঽনেনৈব দর্শিতঃ অতএব যাজ্ঞবল্ক্যেন মাতুরধিকারপ্রদর্শনেনৈব পিতৃব্যাদিভ্যঃ পূর্ব্বং পিতামহপি-

শ্রেষ্ঠাৎ ভ্রাতৃতঃ পূর্ব্বমধিকারোগর্ভধারণাদ্যুপকারকত্বাদেব মুনিভিরুক্তঃ এবং পিতামহ্যাদ্যধিকারেঽপি যদি সাক্ষাৎ তদ্ভোগ্যপিণ্ডদ্বয়দাতুঃ পিতৃব্যাৎ অন্যদ্বারা তাদৃশপিণ্ডদায়াঃ পিতামহ্যা ধনিপিতৃজননেন পিতৃব্যধনসম্বন্ধমূলতয়া চাধিকোপ-কারকত্বেন পিতৃব্যং বাধিত্বা ধনাধিকারো ন ভবেৎ তদোক্তরূপস্থাপ্রযোজকত্বাৎ মাতৃভ্রাত্রোঃ ক্রমাভিধানং মুনীনাং ন স্যাদিতিভাবঃ। কেচিত্তু পিতামহীপিতৃব্যয়োঃ পৌর্ব্বাপর্য্যং কেনাপি নোক্তং অতঃ কল্প্যং তথাচ অন্যথাকল্পনে মাতৃভ্রাতৃস্থলোক্তস্য উপকারাধীনাধিকারক্রমস্য বিরোধাদিত্যাহুঃ। অপিশব্দসূচিতা ইতি। ব্যাখ্যান-

ধন গ্রহণ করেন, এই বচনে অপি ও চ শব্দ এই দুয়ের উভয়ের সহিত অন্বয় করিতে হইবে তাহাতে মাতাও লোকান্তরিতা হইলে পিতামহীও গ্রহণ করেন এই বলাতে ভ্রাতৃপ্রভৃতি পিতামহপর্য্যন্ত ধনাধিকারিগণ অপিশব্দে সূচিত হইল। তাহাতে উক্ত বচনের অর্থ এইরূপ, যথা মৃতব্যক্তির দৌহিত্র পর্য্যন্ত সন্তানের পর পিতামাতার উক্ত ক্রমানুসারে নিজসন্তানের পূর্ব্বে অধিকার হয়। অতএব পিতামহ ও পিতামহীর নিজসন্তানের পূর্ব্বে ধনাধিকার ভগবান্ মনুই দর্শাইয়াছেন। অতএব যাজ্ঞবল্ক্য মাতার অধিকার প্রদর্শন দ্বারাই পিতৃব্যাদির

তামহ্যোরধিকারস্যাপ্যুক্তত্বাৎ ন পৃথগুক্তঃ। ইতি মাতুরধিকারঃ॥ ১৪৬॥

মাতুরভাবে ভ্রাতুর্ধনং মাতৃগামীত্যভিধায় তদভাবে ভ্রাতৃগামীতি বিষ্ণুবচনাৎ তদিতি মাতুঃ পরামর্শঃ পিতরৌ ভ্রাতরস্তথেত্যত্রাপি পিত্রোরভাবে ভ্রাতুরধিকারাবগতেঃ ন চ ভ্রাতরস্তথা তৎসুতইতি যথা ভ্রাতরোঽধিকৃতাস্তথা ভ্রাতৃপুত্রোঽপি মাতুরনন্তরমধিকারী স্যাদিতি বাচ্যং ভ্রাতৃগামীত্যভিধায় তদভাবে

বাক্যস্থা অপিশব্দসূচিতাইত্যর্থঃ। এতচ্চ পিতরৌ ভ্রাতরস্তথা ইতি মাতৃগামীত্যভিধায় তদভাবে ভ্রাতৃগামীত্যাদ্যেকশ্রুতিমূলত্বাদুক্তং॥ ১৪৬॥

মাতুরনন্তরং ভ্রাতুরধিকারং নিরূপয়তি মাতুরভাবইতি। তথা ভ্রাতৃপুত্রোঽপীতি। তথা চ ভ্রাতৃতৎপুত্রয়োর্যুগপদধিকারঃ স্যাদিতিভাবঃ। তৎস্থানপাতা-

পূর্ব্বে পিতামহ ও পিতামহীর ধনাধিকার কহিবায়, আর পৃথক্ করিয়া বলেন নাই। ইতি মাতার অধিকার কথন সম্পূর্ণ॥ ১৪৬॥

মাতার অভাবে ভ্রাতার ধনাধিকার হয়, মাতৃগামি এই বলিয়া তদভাবে ভ্রাতৃগামি এই বিষ্ণুবচন প্রমাণ, তদভাবে এই লিখনে তদ্শব্দে মাতার উপস্থিতি হয়। পিতরৌ ভ্রাতরস্তথা এই বচনেও পিতামাতার অভাবে ভ্রাতার অধিকার প্রতিপাদিত হয়। ভ্রাতরস্তথা তৎসুত এই বচনে যেমন ভ্রাতৃগণ অধিকারী সেইরূপ ভ্রাতৃপুত্রও মাতার পর অধিকারী এই অর্থে ভ্রাতা ও ভ্রাতৃপুত্র উভয়ে যুগপদধিকারী হউক ইহা বলিও না, তাহা হইলে ভ্রাতৃগামী এই বলিয়া তদভাবে ভ্রাতৃপুত্রগামি এই বিষ্ণুবচনোক্ত ক্রমের সহিত বিরোধ হয়। উক্ত তদভাবে এই তদ্শব্দদ্বারা ভ্রাতার উপস্থিতি হয় ইহা যুক্তিসিদ্ধও বটে, যথা মৃতধনিভোগ্যপিত্রাদিত্রয়পিণ্ডদানদ্বারা ভ্রাতার উপকারকত্ব ও মৃতদেয় মাতামহাদিপিণ্ডত্রয়দান নিবন্ধন ধনিস্থানীয়ত্ব প্রযুক্ত এতাদৃশ ভিন্ন অর্থাৎ ধনিভোগ্যপিণ্ডত্রয় ও ধনিদেয় মাতামহাদি পিণ্ডত্রয় দান করে না এমন যে ভ্রাতৃপুত্র তদপেক্ষা ভ্রাতা বলবান্ বটে,

ভ্রাতৃপুত্রগামীতি বিষ্ণুবিরোধাৎ তদিতি ভ্রাতুঃ পরামর্শঃ ন্যায্যং চৈতৎ মৃতধনিভোগ্যপিত্রাদিত্রয়পিণ্ডদানেন ভ্রাতুরুপকারকত্বাৎ তথা তদ্দেয়মাতামহাদিপিণ্ডত্রয়দানেন তৎস্থানপাতাচ্চ অনেবংরূপাৎ ভ্রাতৃপুত্রাৎ বলবত্বাৎ মাতৃমূলত্বাচ্চ ভ্রাতুরেবংরূপস্য মাতৃতোজঘন্যতেতি মাতৃতঃ পরতএবাধিকারোযুক্তঃ॥ ১৪৭॥

কিঞ্চ 'তথাপদং ভ্রাত্রৈব কুতো ন সম্বধ্যতে তেন যথা পিতরৌ ভ্রাতরোঽপি তথেতি পিত্রোর্ভ্রাতৃণাঞ্চ তুল্যাধিকারঃ স্যাৎ তস্মাৎ বিষ্ণুবচনবিরোধেনৈবায়ং পর্য্যনুযোগঃ পরিহর্ত্তব্যঃ স চান্যত্রাপি সমানঃ। তথাচ মনুঃ। পিতা হরেদপুত্রস্য

দিতি। ধনিকার্য্যকারিত্বেন ধনিস্থানপাতাদিত্যর্থঃ। অনেবংরূপাদিতি। মৃতভোগ্যপিণ্ডত্রয়মৃতদেয়পিণ্ডত্রয়দাতৃভিন্নাদিত্যর্থঃ। নন্বেবং ভ্রাতুর্ব্বলবত্বাৎ মাতৃতঃ প্রাগধিকারঃ স্যাৎ অতআহ মাতৃমূলত্বাচ্চেতি॥ ১৪৭॥

অথোপকারকত্বেঽপি ভ্রাতরস্তথা তৎসুতইত্যনন্যথাসিদ্ধবচনবলাৎ যুগপদধিকারোঽস্ত ইত্যতআহ কিঞ্চেতি। অন্যত্রাপি ভ্রাতৃভ্রাতৃপুত্রয়োরধিকারেঽপি।

কিন্তু এতাদৃশ ভ্রাতার উৎপত্তি স্থান মাতা। সুতরাং ভ্রাতা জননী অপেক্ষা নিকৃষ্ট বিধায় মাতার পরই ভ্রাতার অধিকার যুক্তিসিদ্ধ॥ ১৪৭॥

আর যেমন ভ্রাতৃপুত্রের সঙ্গে তথাপদের অন্বয় করিয়া ভ্রাতা ও ভ্রাতৃপুত্র এই উভয়ের যুগপদধিকারের আপত্তি তোলা হইয়াছে সেইরূপ তথা পদটী ভ্রাতার সহিত কেন অন্বয় পায় না, তাহাতে যেমন পিতা মাতা সেইরূপ ভ্রাতারাও অধিকারী এই অর্থে পিতা মাতা এবং ভ্রাতার তুল্যাধিকার হইতে পারে। কিন্তু বিষ্ণুবচনের সহিত বিরোধ ঘটনায় যখন ঐ আপত্তি খণ্ডন করিতে হইবে, তখন অন্যত্র অর্থাৎ ভ্রাতৃ ও ভ্রাতৃপুত্রের এককালীন অধিকারের আপত্তিস্থলেও উক্ত মীমাংসাপক্ষ সমান। তথা মনুবচন, পুত্রাদিবিহীন

রিকৃথং ভ্রাতর এব বা! ভ্রাতর এব হরেয়ুর্ন তু ভ্রাতৃপু- ত্রোঽধিকারীত্যাহ। কিঞ্চ জীবৎপিতৃকস্যাপি ভ্রাতৃপুত্রস্য কিমধিকারোনেষ্যতে ন চাত্রান্যোহেতুঃ জীবৎপিতৃকস্য পিণ্ডদত্বাভাবেনানুপকারকত্বাদিত্যতঃএবঞ্চেন্মৃতপিতৃকস্যাপি ভ্রাতৃতুল্যোপকারকত্বাভাবাৎ কথং তুল্যবদধিকারিতা। অতএব দেবলেন "ততোদায়মপুত্রস্য বিভজেরন্ সহোদরাঃ। তুল্যা দুহিতরো বাপি ধ্রিয়মাণঃ পিতাপি বা। সবর্ণা ভ্রাতরোমাতা ভার্য্যা চেতিযথাক্রমং! ইত্যনেন ভার্য্যাসবর্ণদুহিতৃপিতৃমাতৃ- সহোদরভ্রাতৃসাপত্নভ্রাতৃপর্য্যন্তাধিকারিশৃঙ্খলায়াং ভ্রাতৃপুত্র- স্যাকীর্ত্তনাৎ সাপত্নভ্রাতৃপর্য্যন্তাভাবএব ভ্রাতৃপুত্রাণামধি- কারঃ কথিতঃ॥ ১৪৮॥

---

এবঞ্চেদিতি। উপকারক্রমেণৈবাধিকারাৎ উপকারতারতম্যেন ক্রমইতিস্থিতঞ্চে- দিত্যর্থঃ। অতএব ভ্রাত্রনন্তরং ভ্রাতৃপুত্রস্যাধিকারাদেব॥ ১৪৮॥

---

পুত্রের ধন. পিতা লইবেন অথবা ভ্রাতারাই লইবে এই বচনে ভ্রাতারাই এই লিখনে ভ্রাতৃপুত্র তৎকালে অধিকারি হয় না ইহা বলিলেন। আর জীবৎ- পিতৃক ভ্রাতৃপুত্রের অধিকার কেন হয় না এই জিজ্ঞাসা করিলে তাহাতে আর অন্য কোন হেতু নাই। কিন্তু পিতা জীবিত থাকিতে পুত্রের পিণ্ডদান করণে অনধিকার বশতঃ উপকারকতা নাই এইটিই অনধিকারের কারণ, ইহাতে ভ্রাতৃপুত্র মৃতপিতৃক হইলেও যখন ভ্রাতার তুল্য উপকাবক হয় না তখন ভ্রাতা ও ভ্রাতৃপুত্র এই উভয়ের তুল্যাধিকাব কি প্রকারে হইবে? অতএব দেবল মুনি, তাহার পর অপুত্রের ধন সহোদরেরা ভাগ করিয়া লইবে। অথবা সবর্ণ দুহিতৃগণ, কিংবা পিতা এবং সবর্ণ বৈমাত্রেয়, মাতা ও ভার্য্যা যথাক্রমে লইবে, এই বচনদ্বারা ভার্য্যা, সবর্ণ দুহিতৃ, পিতৃ, মাতৃ, সহোদর ভ্রাতৃ, বৈমা-

যচ্চ সর্ব্বে তে তেন পুত্রেণেতিপুত্রত্বস্মরণং তৎপিণ্ডদানার্থং ভ্রাত্রভাবে চ ধনাধিকারার্থং পূর্ব্বোক্তবচনেন বিরোধাৎ অন্যথা ভ্রাতৃতঃ পূর্ব্বমেব কুতো ন স্যাৎ। তস্মাৎ ভ্রাতুরেব প্রথমমধিকারঃ তত্রাপি প্রথমং সোদরস্যৈব তদুক্তং "সোদরস্য তু সোদরঃ" ভ্রাতরস্তথেত্যুক্তভ্রাতুরধিকারাবসরে প্রথমং সোদরোগৃহ্ণীয়াদিত্যর্থঃ। তস্য ত্বভাবে সাপত্নোভ্রাতা একপ্রভবত্বেন তস্যাপি ভ্রাতৃশব্দার্থত্বাৎ। তথাচ। সংসৃষ্টিনস্তু সংসৃষ্টী সোদরস্য তু সোদরঃ। দদ্যাচ্চাপহরেদংশং জাতস্য চ মৃতস্য চ। ইদমপি যাজ্ঞবল্ক্যবচনং সোদরাসো-

পূর্ব্বোক্তেতি। তদভাবে ভ্রাতৃপুত্রগামীতি বিষ্ণুবচনেনেত্যর্থঃ। অন্যথা পুত্রত্বাতিদেশবলেনৈবাধিকারে। স্যাদিতি। অধিকারইতি শেষঃ। ভ্রাত্রধিকারে বিশেষমাহ তত্রাপীতি। প্রথমং সোদরস্যাধিকারে প্রমাণমাহ তদুক্তমিতি। ভ্রাতরস্তথেত্যুক্তেতি। তথাচৈতদ্বাক্যেনৈব সোদরাসোদরভ্রাতৃসামান্যস্যাধিকারসিদ্ধৌ সোদরস্য তু সোদরইতি যৎ পুন রভিধানং তৎ সোদরক্রমেণাধিকাবার্থমেব অন্যথা বৈয়র্থ্যং স্যাদিতিভাবঃ। নমু একমাতাপিতৃজন্যপুংস্ত্বমেব ভ্রাতৃপদশক্যতাবচ্ছেদকং তথাচ সোদরএব ভ্রাতৃপদবাচ্যঃ বৈমাত্রেয়াদৌ চ পূর্ব্বপুরুষসমসংখ্য-

ত্রেয়ভ্রাতৃপর্য্যন্তাধিকারী এই শৃঙ্খলাতে ভ্রাতৃপুত্রের উল্লেখ না থাকায় বৈমাত্রেয় ভ্রাতৃপর্য্যন্তের অভাবে ভ্রাতৃপুত্রের অধিকাব কহিলেন॥ ১৪৮॥

আর সকল ভ্রাতার মধ্যে যদি একজন পুত্রবান্ হয় তবে সেই পুত্র দ্বারা সকলেই পুত্রবান্ হইবে, এই যে বচন আছে তাহার তাৎপর্য্য এই যে ভ্রাতৃপুত্র তাহাদের সকলের পিণ্ডদান করিতে পারিবে ও ভ্রাতার অভাবে ধনাধিকারী হইবে, নচেৎ বিষ্ণুবচনের সহিত বিরোধ ঘটে। আর ঐ তাৎপর্য্য না মানিলে ভ্রাতার পূর্ব্বেই ভ্রাতৃপুত্রের অধিকার কেনই বা না হয়। অতএব ভ্রাতারই প্রথমে অধিকার স্থির হইল, তন্মধ্যে প্রথমতঃ সহোদর ভ্রাতার ধনাধিকার

দরয়োর্ভ্রাতৃশব্দার্থত্বং দর্শয়তি অন্যথা সোদরমাত্রস্য তদর্থত্বে সোদরস্য তু সোদরইতি ন পুনর্বিশেষণীয়মিতি ভ্রাতৃশব্দাদেব সোদরাবগতেঃ তস্মাৎ পিতরৌ ভ্রাতরইত্যনেন সোদরাসোদরয়োরেবাধিকারো দর্শিতঃ সোদরবচনেন তু সোদরস্য প্রথমমধিকারঃ সাপত্নস্য চ সোদরাৎ মৃতদেয়ষাট্‌পৌরুষিকপিণ্ডদাতুর্মৃতভোগ্যমাত্রপিত্রাদিপিণ্ডত্রয়দাতৃতয়া জঘন্যত্বাৎ ভ্রাতৃপুত্রাচ্চ মৃতভোগ্যপিণ্ডদ্বয়দাতুর্মৃতভোগ্যপিণ্ডত্রয়দাতৃ-

সন্তানত্বেন রূপেণ গৌণএব ভ্রাতৃপদপ্রয়োগঃ এবঞ্চ সতি সোদরাভাবে ভ্রাতৃপুত্রস্যৈবাধিকারোযুক্তঃ তদভাবে ভ্রাতৃপুত্রগামীতি বিষ্ণুবচনাৎ তৎকথং সোদরাৎ পরতঃ সাপত্নভ্রাতুরধিকারং ব্রূযে ইত্যত্রাহ একপ্রভবত্বেনেতি। তথাচ মাতাপিতৃত্বানিবেশেন একশরীরজন্যপুংস্ত্বমেব ভ্রাতৃপদশক্যতাবচ্ছেদকং লাঘবাদিতিভাবঃ। বৈমাত্রেয়স্য ভ্রাতৃপদবাচ্যত্বে মুনেঃ স্ববসমাহ তথাচেতি। সংসৃষ্টিনইতি। সংসৃষ্টিনোজাতস্য সংসৃষ্টিনোৎপন্নস্য পুত্রস্য অপরঃ সংসৃষ্টী দদ্যাৎমৃতস্য সংসৃষ্টিনোহংশং হরেদিত্যর্থঃ। ইদমপীতি। অপিনা প্রাগুক্তলাঘবতর্কঃ সমুচ্চীয়তে। ক্রমাধি-

হইবে, তাহার প্রমাণ কথিত হইয়াছে যে সহোদরের ধন সহোদর লইবে তাহাতে পূর্ব্বোক্ত ভ্রাতরঃ এই বচন লব্ধ ভ্রাতার অধিকার স্থলে প্রথম সহোদর ভ্রাতা গ্রহণ করিবে এই অর্থ হইল, সেই সহোদর না থাকিলে বৈমাত্রেয় ভ্রাতা পাইবে। কারণ একশরীরোৎপন্নত্ব প্রযুক্ত বৈমাত্রেয়ও ভ্রাতৃশব্দবাচ্য। তথা সংসৃষ্টির ধন সংসৃষ্টি এবং সহোদরের ধন সহোদর, তাহার পুত্র জন্মাইলে পুত্রকে দিবে পুত্রাদিবিহীন হইয়া মরিলে তাহারা লইবে। এই যাজ্ঞবল্ক্য বচনটিও সহোদর এবং বৈমাত্রেয় এই উভয়কে ভ্রাতৃশব্দ বাচ্য বুঝাইতেছে, অন্যথা পূর্ব্বোক্তবচনে ভ্রাতৃশব্দের কেবল সহোদর অর্থ করিলে সোদরস্য তু সোদরঃ অর্থাৎ সহোদরের ধন সহোদর এই বিশেষ কথন পুনর্ব্বার সঙ্গত হয় না। যেহেতু ভ্রাতৃশব্দ দ্বারাই সহোদর জ্ঞান হইয়াছে। অতএব পিতরৌ ভ্রাতরস্তথা এই বচন দ্বারা সামান্যতঃ সহোদর এবং বৈমাত্রেয়ের অধিকার

তয়া উপকারকত্বাতিরেকেণ বলবত্ত্বাৎ মধ্যএবাধিকারঃ শ্রীকর-বিশ্বরূপোক্তএবাদরণীয়ঃ ॥ ১৪৯ ॥

তত্র কিং সংসৃষ্টিনোঽপ্যসোদরস্য সোদরাজ্জঘন্যত্বং ন বেত্যপেক্ষায়ামাহ যাজ্ঞবল্ক্যঃ। অন্যোদর্য্যস্তু সংসৃষ্টী নান্যোদর্য্যো ধনং হরেৎ। অসংসৃষ্ট্যপি চাদদ্যাৎ সংসৃষ্টো নান্য-

কারে যুক্তিমুপ্যাহ সাপত্নস্য চেতি। মধ্যইতি। সোদরভ্রাতৃতৎপুত্রয়োরন্তর-ইত্যর্থঃ ॥ ১৪৯ ॥

সোদরাদিতি। সংসৃষ্ট্যসংসৃষ্টিসাধারণোক্তিঃ। জঘন্যত্বমিতি। সোদরস্য তু সোদরইত্যনেন সোদরস্যৈবাধিকারপ্রতিপাদানাদিতিভাবঃ। ন বেতি। এতদ্বচনস্যাসোদরেণ সংসৃষ্টিনা সোদরতুল্যাধিকারপক্ষে অজঘন্যত্বকোটিঃ। নান্যোদর্য্য-ইত্যস্যার্থমাহ ন পুনরিতি। অন্যোদর্য্যমাত্রইতি। সংসৃষ্ট্যসংসৃষ্টিসাধারণইত্যর্থঃ। প্রথমং অসংসৃষ্টিবৈমাত্রেয়াৎ। সোদরপদমিতি। সোদরস্য তু সোদরইতি পূর্ব্ব-বচনস্থসোদরপদমিত্যর্থঃ। নান্যমাতৃজইতি। তথাচ পূর্ব্বাপরবিরোধভয়াদেবকারোঽধ্যাহার্য্যইতি ভাবঃ। অনুষঙ্গকল্পনে গৌরবাদাহ সংসৃষ্টপদমেব বেতি। অভিধত্তেইতি। গর্ভসংসৃষ্টার্থকত্বাদিতিভাবঃ। অতএব সংসৃষ্টপদস্য সোদরার্থ-

দর্শাইয়া সোদরস্য তু সোদরঃ এই বিশেষ বচনদ্বারা সহোদরের প্রথমাধিকার দর্শাইলেন। আর মৃতব্যক্তির দেয় ষাট্‌পৌরুষিক পিণ্ডদাতা সহোদর অপেক্ষা বৈমাত্রেয় ভ্রাতা মৃতভোগ্যপিত্রাদিত্রয়মাত্রের পিণ্ডদাতৃত্বনিবন্ধন নিকৃষ্ট বিধায় ও মৃতভোগ্যপিণ্ডদ্বয়দাতা ভ্রাতৃপুত্র অপেক্ষা মৃতভোগ্যপিণ্ডত্রয় দাতৃত্বনিবন্ধন উপকাবকত্বাতিশয়হেতুক বলবত্বপ্রযুক্ত সহোদর এবং ভ্রাতৃপুত্রের মধ্যস্থলেই বৈমাত্রেয় ভ্রাতা ধনাধিকারী যে শ্রীকরাচার্য্য এবং বিশ্বরূপ নামক গ্রন্থকার কহিয়াছেন তাহাই আদরণীয় ॥ ১৪৯ ॥

তাহাতে বৈমাত্রেয় ভ্রাতা সংসৃষ্টি থাকিলেও সহোদর অপেক্ষা সে নিকৃষ্ট-রূপে গণ্য হইবে কি না এই আকাঙ্ক্ষায় যাজ্ঞবল্ক্যবচন যথা "অন্যোদর্য্যস্তু সংসৃষ্টি নান্যোদর্য্যো ধনং হরেৎ। অসংসৃষ্ট্যপি চাদদ্যাৎ সংসৃষ্টোনান্যমাতৃজঃ।

মাতৃজঃ। অস্যার্থঃ সংসৃষ্টী পুনরন্যোদর্য্যঃ প্রথমং হরেৎ ন পুনরন্যোদর্য্যমাত্রঃ প্রথমঞ্চ হরন্ সোদরং বাধিত্বৈব বা তেন সহ বেত্যাপেক্ষায়াং উত্তরার্দ্ধং অসংসৃষ্ট্যপি সোদরো-গৃহ্লীয়াৎ সোদরপদমনুবর্ত্ততে নান্যমাতৃজএব সংসৃষ্টী গৃহ্লী-য়াৎ সংসৃষ্টপদমেব বা সোদরমভিধত্তে অতএব বৃহদ্যা-জ্ঞবল্ক্যবচনং সোদরোনান্যমাতৃজইতি জিতেন্দ্রিয়েণ লিখিতং তথাচ পূর্ব্বার্দ্ধস্য সংসৃষ্টিত্যনুবর্ত্ততে তেন ন কেবলমন্যোদর্য্য-

কত্বাদেব। পূর্ব্বার্দ্ধস্যেতি। তথাচান্যমাতৃজঃ সংসৃষ্টঃ কেবলো ন গৃহ্লীয়াদি-ত্যুত্তরার্দ্ধার্থঃ। নির্গলিতার্থমাহ তেনেতি। অপিচশব্দমিতি। তয়োঃ সমুচ্চ-য়ার্থকত্বাদিতিভাবঃ। অত্রেদং চিন্ত্যতে সংসৃষ্ট্যসোদরাসংসৃষ্টিসোদরাভ্যাং বিভজ্য গ্রহণং ন যুক্তিবচনপ্রাচীনস্বরসসিদ্ধং তথাহি সংসৃষ্টিত্বং বিনিগমকান্তরাভাবে এব বিনিগমকং অন্যথা পিতৃব্যে সংসৃষ্টিনি অসংসৃষ্টিনোবৈমাত্রেয়স্যাধিকারো ন স্যাৎ ন চৈতদ্বচনং ভ্রাত্রধিকারমাত্রবিষয়ং সামান্যে বাধকাভাবাৎ পিতৃব্যাদিসংসর্গ-বিষয়কত্বস্য বক্ষ্যমাণত্বাৎ বচনস্য যথোক্তরীত্যা ব্যাখ্যানে চ দদ্যাদিতি ক্রিয়ানুষঙ্গঃ নান্যোদর্য্যইত্যস্য বৈয়র্থ্যং মাত্রপদাধ্যাহারশ্চেতি দূষণানি প্রাচীনাশ্চ শ্রীকরাদয়ো

ইহার অর্থ, বৈমাত্রেয় সংসৃষ্টি হইলে সেই প্রথমে পাইবে অর্থাৎ অসংসৃষ্টি বৈমাত্রেয় পাইবে না। কারণ সংসৃষ্টী হউক বা না হউক সামান্যতঃ বৈমাত্রেয় মাত্রেই পাইবে এমত নহে আর সংসৃষ্টী বৈমাত্রেয় যেমন অসংসৃষ্টী বৈমাত্রেয়ের বাধা জন্মাইয়া অধিকারী হয়, সেইরূপ সহোদরকেও বাধিয়া অধিকারী হইবে কি সেই সহোদবেব সহিত মিলিয়া তুল্যাধিকারী হইবে এই আকাঙ্ক্ষায় শ্লোকের পরার্দ্ধ যথা সহোদর অসংসৃষ্টী হইলেও পাইবে এই অর্থে পূর্ব্ববচনস্থ সহোদর পদটি এখানে অনুবৃত্তি লব্ধ অথবা সংসৃষ্টশব্দই একোদর সংসৃষ্ট অর্থাৎ সহোদর বুঝায়। আর সংসৃষ্টী বৈমাত্রেয়ই কেবল পাইবে না। অতএব যাজ্ঞবল্ক্যবচনকে সোদরো নান্যমাতৃজ এইরূপ পাঠ করিয়া জিতেন্দ্রিয় নামক গ্রন্থকার লিখিয়াছেন, তাহাতে পূর্ব্বার্দ্ধস্থিত সংসৃষ্টী এই পদটি অনুবৃত্তি রূপে

এব সংসৃষ্টী গৃহ্লীয়াৎ কিন্ত্বসংসৃষ্ট্যপি সোদরোগৃহ্লীয়াদিত্যর্থঃ তেনাসংসৃষ্টিনা সোদরেণ সংসৃষ্টিনা চাসোদরেণ বিভজ্য গ্রহীতব্যং অতএবাপিচশব্দং প্রযুক্তবান্॥ ১৫০ ॥

যচ্চ শ্রীকরমিশ্রৈরুক্তং সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীত্যস্য অসোদরসংসৃষ্টিমাত্রবিষয়ত্বে অন্যানপেক্ষত্বাৎ সোরদস্য তু সোদরইত্যস্যাপি অসংসৃষ্টসোদরমাত্রবিষয়ত্বে নৈরপেক্ষ্যাৎ অসোদরে সংসৃষ্টিনি সোদরে চাসংসৃষ্টিনি উভয়োঃ প্রাপ্তৌ যদি

---

যুগপদ্বিভাগং তয়োর্নিষিদ্ধবস্তুইতি তস্মাদ্বচনস্যায়মর্থঃ অন্যোদর্য্যঃ সংসৃষ্টী চেৎ তদা তস্য মৃতস্য ধনং অর্থাৎ অপরঃ সংসৃষ্টী অন্যোদর্য্যো ন হবেৎ তদা কোগৃহ্নীয়াদিত্যত্রাহ অসংসৃষ্ট্যপীতি অপিনা সংসৃষ্ট্যসংসৃষ্টী বা সোদরএব গৃহ্নীয়াৎ ইত্যর্থঃ। অন্যোদর্য্যাহরণে হেতুমাহ অন্যমাতৃজইতি অন্যমাতৃজত্বেন ষট্পুরুষপিণ্ডদাতুঃ সহোদরাৎ জঘন্যত্বপ্রতিপাদনাৎ যতঃ অন্যমাতৃজঃ অতো ন গৃহ্লীয়াদিত্যর্থঃ। ইত্থঞ্চ ব্যাখ্যানে সংসৃষ্ট্যসোদরাসংসৃষ্টিসোদবয়োস্তুল্যবন্তাগোহযুক্তএবেতি সুধীভির্ভাব্যং॥ ১৫০ ॥

অত্র শ্রীকরমতং দূষয়িতুমুত্থাপয়তি যচ্চেতি। অসোদরসংসৃষ্টিমাত্রেতি। অসোদরঃ সংসৃষ্টী কেবলোযত্র তদ্বিষয়ত্বে তস্মিন্ বিষয়ে তস্যাধিকারবোধকত্বে ইত্যর্থঃ। অত্র কেবলেত্যনেন সোদবসত্ত্বব্যবচ্ছেদঃ। অন্যানপেক্ষত্বাৎ বিধ্যন্তরা-

---

আসিতেছে, ইহাতে সংসৃষ্টী অন্যোদর্য্যই কেবল লইবে না। কিন্তু সহোদব অসংসৃষ্টী হইলেও লইবে এই অর্থ হইল, তাহাতে অসংসৃষ্টী সহোদর ও সংসৃষ্টি বৈমাত্রেয় এই উভয়ে বিভাগ করিয়া লইবে। এই নিমিত্তই অপি, চ, শব্দ প্রয়োগ করিয়াছেন॥ ১৫০ ॥

এতদ্বিষয়ে শ্রীকরমিশ্র বলিয়াছেন যে সংসৃষ্টির ধন সংসৃষ্টী লইবে এই বচনটি অসংসৃষ্টী সহোদর না থাকিলে কেবল সংসৃষ্টী বৈমাত্রেয় স্থলে অন্যবিধি নিরপেক্ষ হইয়া প্রবৃত্ত হয়, আর সহোদরের ধন সহোদর পাইবে এই বচনটিও সংসৃষ্টী

দ্বয়মেব প্রবর্ত্ততে তদা অন্যোন্যসাপেক্ষমুভয়োর্বিধায়কত্বং ভবেৎ ॥ ১৫১ ॥

ন চৈকস্য সাপেক্ষং নিরপেক্ষঞ্চ বিধায়কত্বমুচিতং বিধিবৈষম্যপ্রসঙ্গাৎ যথা দর্শিতং দ্বয়োঃ প্রণয়ন্তীত্যধিকরণে পর্ব্বচতুষ্টয়বিহিতায়া উত্তরবেদের্ন পর্ব্বদ্বয়ে প্রতিষেধ উপপদ্যতে তত্র পর্ব্বদ্বয়ে বিকল্পসাপেক্ষং বিধানং পর্ব্বদ্বয়ে চ নিরপেক্ষমিতি উত্তরবেদিবিধিবৈষম্যাপত্তেঃ। তথাচাত্র যত্রৈব নিরপেক্ষং বিধায়কত্বং তত্রৈব সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীত্যস্য সোদ-

নপেক্ষপ্রবৃত্তত্বাৎ বিধ্যন্তরাবিষয়ত্বাদিতি যাবৎ। সোদরমাত্রেতি। সোদরঃ কেবলোযত্র তদ্বিষয়ত্বে তস্মিন্ বিষয়ে তস্যাধিকারবোধকত্বে ইত্যর্থঃ অত্র কেবলেত্যনেন অসোদরসংসৃষ্টিব্যবচ্ছেদঃ। নিরপেক্ষত্বাদিতি। পূর্ব্বোক্তার্থকং। উভয়োঃ তথাবিধসোদরাসোদরয়োঃ। প্রাপ্তৌ প্রাপ্তিনিমিত্তং। দ্বয়মেবেতি। সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীতি সোদরস্য তু সোদরইতি চ বিধিদ্বয়মিত্যর্থঃ। অন্যোঽন্যেতি। সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীত্যেতৎসাপেক্ষং সোদরস্য তু সোদরইত্যস্য বিধায়কত্বং সোদরস্য তু সোদরইত্যেতৎসাপেক্ষঞ্চ সংসৃষ্টিনস্ত্বিত্যস্য বিধায়কত্বমিত্যর্থঃ॥ ১৫১ ॥

নিরপেক্ষঞ্চেতি অস্য বিষয়ঃ প্রাগেব দর্শিতঃ। বিধিবৈষম্যেতি। সংসৃষ্টী কচিদন্যনিরপেক্ষঃ স্বয়মেব গৃহ্নীয়াৎ সোদরে অসংসৃষ্টিনি সতি তু তৎসাপেক্ষঃ তেন সহেত্যর্থঃ ইতি সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীত্যস্য বিধিভেদরূপং বৈষম্যং এবং সোদরোঽ-

বৈমাত্রেয় না থাকিলে কেবল অসংসৃষ্টী সহোদরস্থলে অন্যবিধি নিরপেক্ষ হইয়া প্রবৃত্ত হয়। কিন্তু বৈমাত্রেয় সংসৃষ্টী এবং অসংসৃষ্টী সহোদর এই দুই থাকিলে দুইজনের অধিকার নিমিত্ত যদি দুই বিধিই প্রবৃত্ত হয় তাহা হইলে পরস্পর সাপেক্ষ বিধিদ্বয়ের বিধায়কতা হয়॥ ১৫১ ॥

পরন্তু একবিধির কোনস্থলে সাপেক্ষ ও কোনস্থলে নিরপেক্ষ বিধায়কত্ব উচিত হয় না, তাহা হইলে বিধির ভেদরূপ বৈষম্য ঘটিয়া উঠে অর্থাৎ সংসৃষ্ট

রস্য তু সোদরইত্যস্য চ প্রবৃত্তিঃ স্যাৎ তত্রাসোদরে সংসৃষ্টিনি সোদরে চাসংসৃষ্টিনি সত্যুভয়োরপ্রবৃত্তেস্তদ্ধনং ন কশ্চিদপি গৃহ্নীয়াদিত্যাপদ্যতে তস্মাৎ সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীতি

---

সংসৃষ্টী ক্বচিদন্যনিরপেক্ষঃ স্বয়ং গৃহ্নীয়াৎ সতি চ সংসৃষ্ট্যসোদরে তৎসাপেক্ষঃ তেন সহেতি সোদরস্য তু সোদরইত্যস্য চ বিধিভেদরূপং বিধিবৈষম্যং তৎপ্রসঙ্গাদিত্যর্থঃ। বিধিবৈষম্যে দৃষ্টান্তমাহ দ্বয়োঃ প্রণয়ন্তীতি। পর্ব্বচতুষ্টয়েতি। চাতুর্ম্মাস্যযাগপ্রসঙ্গে বৈশ্বদেববরুণপ্রঘাসশাকমেধশুনাশীর্য্যাখ্যাশ্চত্বারোযাগাঃ চতুর্ম্মাসসাধ্যা উক্তাঃ তত্র চ উপাত্রবপন্তি ন বৈশ্বদেবে উত্তরবেদিমুপকিরন্তি ন শুনাশীর্য্যে উরু বা এতৌ যজ্ঞস্য যদ্বরুণপ্রঘাসঃ শাকমেধশ্চেতি দ্বয়োঃ প্রণয়ন্তীতি শ্রুতিরস্তি। অস্যার্থঃ অত্র পর্ব্বসংজ্ঞকে যাগচতুষ্কে উত্তরবেদিং উপবপন্তি নির্ব্বপন্তি সম্পাদয়ন্তীত্যর্থঃ উত্তরবেদিশ্চ অগ্নিপ্রণয়নোপযোগিপাত্রবিশেষঃ অত্র উত্তরবেদেঃ পর্ব্বত্বেন যাগচতুষ্টয়ে সামান্যবিধিঃ অত্র প্রকৃতীভূতদর্শপৌর্ণমাসীয়স্য অগ্নিপ্রণয়নস্যাতিদেশাদেব প্রাপ্তেস্তদংশে ন বিধিঃ কিন্তু তদর্থং উত্তরবেদিমাত্রং বিধীয়তে ইত্থঞ্চ দ্বয়োঃ প্রণয়ন্তীত্যাদি ন্যায়াবগতমেবোক্তং অগ্নিপ্রণয়নার্থকোত্তরবেদের্যাগদ্বয়ে বিধানে অগ্নিপ্রণয়নস্যাপি যাগদ্বয়ীয়ত্বস্য সিদ্ধত্বাদিতি ন বৈশ্বদেবে ন শুনাশীর্য্যে উত্তরবেদিমুপকিরন্তি অত্র যাগদ্বয়ে বৈশ্বদেবত্বাদিনা বিশেষবিধিদ্বয়ং যাগদ্বয় এবাগ্নিপ্রণয়নস্য বাস্তবিকত্বাৎ তদ্ধেতুভূতং যাগদ্বয়প্রাশস্ত্যমাহ উরু বেতি। মহান্তাবিত্যর্থঃ। যজ্ঞস্য যজ্ঞানাং

---

বৈমাত্রেয়, অসংসৃষ্টী সোদর না থাকিলে নিরপেক্ষরূপে স্বয়ং গ্রহণ করিবে এই এক বিধি, আর সহোদর থাকিলে তৎসাপেক্ষরূপে তাহার সহিত ভাগ করিয়া লইবে এই এক বিধি, এইরূপে বিধির ভেদ, এবং অসংসৃষ্টি সহোদর, সংসৃষ্টী বৈমাত্রেয় না থাকিলে নিরপেক্ষরূপে স্বয়ং গ্রহণ করিবে এই এক বিধি, আর তথাবিধ বৈমাত্রেয় থাকিলে তৎসাপেক্ষরূপে তাহার সঙ্গে মিলিয়া ভাগ করিয়া লইবে এই এক বিধি, এই রূপে দুই বচনেই বিধির ভেদরূপ বৈষম্য ঘটে, ইহার দৃষ্টান্তস্থল দ্বয়োঃ প্রণয়ন্তি এই অধিকরণে উক্ত বিধিবৈষম্যদোষ দর্শিত হইয়াছে যথা চাতুর্মাস্য যাগ প্রসঙ্গে বৈশ্বদেব, বরুণপ্রঘাস, শাকমেধ ও

সংসৃষ্টধনে সংসৃষ্টিনঃ সামান্যতোভাগপ্রাপ্তৌ তদপবাদার্থং সোদরস্য তু সোদর ইতি বচনং এবঞ্চ সংসৃষ্টিনোঽপ্যসোদরস্য

মধ্যে অতো দ্বয়োঃ প্রণয়ন্তি অগ্নিমিতিশেষঃ অত্র বিশেষ বিধিদ্বয়স্য নিষেধরূপত্বে নিষেধবিধেঃ সামান্যবিধ্যুপজীবকতয়া উপজীব্যবাধাযোগাৎ সামান্যবিধেরপি নিষিধ্যমানযাগদ্বয়ে প্রবৃত্তৌ সামান্যবিধের্নিরপেক্ষবিধায়কত্বং শাকমেধাদিযাগদ্বয়ে বিকল্পসাপেক্ষবিধায়কত্বঞ্চ বৈশ্বদেবাদিযাগদ্বয়ে তথাচ শাকমেধাদিদ্বয়ে সদৈবোত্তরবেদিং বপন্তি বৈশ্বদেবাদিদ্বয়ে ত্বিচ্ছয়া বপন্তীতি বিধিভেদরূপং বৈষম্যং স্যাৎ তস্মাদত্র পর্য্যুদাসলক্ষণয়া বৈশ্বদেবশুনাশীর্য্যভিন্নে পর্ব্বাখ্যযাগে উত্তরবেদিং বপন্তীত্যেকএব বিধিরিতি দ্বয়োঃ প্রণয়ন্তীত্যধিকরণে যথা। বিধিবৈষম্যমুক্তং তথা প্রকৃতেঽপীতি পূর্ব্বেণান্বয়ঃ। যত্রৈবেতি। সোদরাসত্ত্বস্থলে অসোদরসংসৃষ্টসত্ত্বস্থলে চ সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীত্যেতয়োর্নিরপেক্ষবিধায়কত্বং বোধ্যং। উভয়োঃ সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীতি সোদরস্য তু সোদর ইত্যেতয়োঃ। আপদ্যেতেতি। বিশেষবচনা ভাবাদিতিশেষঃ।

শুনাশীর্য্য নামে চতুর্ম্মাসসাধ্য চারিটি পর্ব্বনামক যাগ উক্ত হইয়াছে, সেই পর্ব্ব নামক যাগচতুষ্টয়েই সামান্যতঃ উত্তরবেদী নামে অগ্নিসংস্কারীয় পাত্র বিশেষের বিধান আছে, তন্মধ্যে দুই পর্ব্বে বৈশ্বদেব ও শুনাশীর্য্য নামক যাগে উত্তর বেদির বারণ থাকায় পর্য্যুদাস না বলিয়া নিষেধ বিধি বলা উচিত হয় না, তাহা বলিলে নিষেধ বিধি সামান্যবিধির উপজীবি বিধায় উপজীব্য সামান্যবিধির একেবারে উচ্ছেদ হইতে পাবে না। সুতরাং ইচ্ছা হইলে উত্তর বেদি করিবে ইচ্ছা না হইলে করিবে না, এইরূপ বিকল্প নিষেধস্থলে ও স্বীকার্য্য বিধায় উত্তরবেদির বিধানটি বৈশ্বদেব ও শুনাশীর্য্য দুই পর্ব্বযাগে বিকল্প সাপেক্ষ হইতেছে আব বরুণ প্রঘাস ও শাকমেধরূপ দুই পর্ব্বযাগে উত্তরবেদিব নিয়ত অনুষ্ঠান থাকায় উক্ত বিধানটি নিরপেক্ষ হইতেছে। সুতরাং উত্তরবেদি বিধির বৈষম্য দোষ ঘটাতে নিষেধ না করিয়া পর্য্যুদাসদ্বারা বৈশ্বদেব ও শুনাশীর্য্য ভিন্ন পর্ব্বাখ্য যাগে উত্তরবেদি করিবে। এইরূপে এক বিধিই কর্ত্তব্য তাহাতে আর সাপেক্ষ নিরপেক্ষরূপে বিধি বৈরূপ্য থাকে না, সেইরূপ এস্থলেও যেখানে বিধির নিরপেক্ষতা থাকে সেই স্থলেই সংসৃষ্টিনস্তু সংসৃষ্টী

সোদরে সতি ন প্রাপ্তিঃ কিন্তর্হি বিভাগসংসৃষ্টস্য অসংসৃষ্টস্য চ সোদরস্যৈবেত্যন্তং ॥ ১৫২ ॥

তদসঙ্গতং ন হি দ্বয়োরুভয়ত্রৈকৈকশঃ প্রবৃত্তয়োর্যুগপদেকত্র প্রবৃত্তিমাত্রেণ বিধিবৈরূপ্যং কেবলোদ্গাতৃপ্রতিস্তোত্রাপচ্ছেদেন নিরপেক্ষপ্রবৃত্তয়োঃ সর্ব্বস্বদাক্ষিণ্যাদাক্ষিণ্যশাস্ত্রয়ো-

ইত্থং নিরপেক্ষসাপেক্ষবিধানেন দোষমুপন্যস্য স্বয়ং বিধিদ্বয়ং উৎসর্গাপবাদভেদেন ব্যবস্থাপয়তি তস্মাদিতি। অসংসৃষ্টস্য চেতি। তস্যাপি সোদরপদার্থত্বেনাপবাদবিষয়ত্বাদিতিভাবঃ। ইত্যন্তমিতি শ্রীকরমিশ্রৈরুক্তমিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ১৫২ ॥

ন হীতি। দ্বয়োর্ব্বিধ্যোঃ উভয়ত্র উদাহরণদ্বয়ে একৈকশঃ প্রবৃত্তয়োঃ পরস্পরনৈরপেক্ষেণ প্রবৃত্তয়োঃ। বিধিবৈরূপ্যমিতি। সাপেক্ষনিরপেক্ষোদাসীন্যেন সংসৃষ্টিনস্থিত্যাদিনা সংসৃষ্টিমাত্রাধিকারবিধানে সোদরস্য ত্বিত্যাদিনা সোদরমাত্রাধিকারবিধানে চ পরস্পরাপেক্ষা নাস্তি। যুগপদুপস্থিতৌ তু উভয়োরেব বিষয়ত্বাৎ উভয়োরেব যুগপৎ প্রবৃত্তিরিতি ন বাক্যয়োর্ভবদুক্তরীত্যা প্রত্যেকং বিধিভেদরূপং বিধিবৈষম্যমিতিভাবঃ। অত্র প্রতিবন্ধিমাহ কেবলোদ্গাত্রিতি। জ্যোতিষ্টোমে হবির্ধানী নাম গৃহমেকং অপরঞ্চ হবিষ্পবমানাখ্যং তত্র চ যথোক্তক্রমেণ হবির্ধানী-

এবং সোদরস্য তু সোদরঃ এই দুইটি বচন প্রমাণরূপে প্রবৃত্ত হইতে পারে কিন্তু সংসৃষ্টি বৈমাত্রেয় অসংসৃষ্টী সহোদর এই দুই থাকিলে সাপেক্ষত্ব প্রযুক্ত উক্ত দুই বচন খাটিতে পারে না বিধায় সেই ধন প্রমাণাভাবহেতু কেহই পাইতে পারে না এই অনিষ্টই ঘটে। সেইহেতু সংসৃষ্টিনস্তু সংসৃষ্টি এই বচনদ্বারা সংসৃষ্টির ধনে সংসৃষ্টির সামান্যতঃ ভাগ প্রাপ্তি থাকাতে তাহার অপবাদার্থ সোদরস্য তু সোদরঃ এই বচন বলিতে হইবে। অতএব সহোদর থাকিতে সংসৃষ্টি বৈমাত্রেয় ভ্রাতার অধিকার হইবে না, কিন্তু সহোদর সংসৃষ্ট হউক বা না হউক কেবল সহোদরেরই অধিকার হইবে এই পর্য্যন্ত শ্রীকরাচার্য্যেব লিখন ॥ ১৫২ ॥

তাহা সঙ্গত নহে কেন না দুইবিধি দুই স্থলে স্বতন্ত্ররূপে প্রবৃত্ত হইয়া একদা একস্থলে প্রবৃত্ত হইলেই যে বিধি বৈরূপ্য দোষ হয় এমত নহে, তাহা

যুগপদুভয়াপচ্ছেদে সতি নৈকমপি শাস্ত্রং প্রবর্ত্তেত বিধিবৈরূপ্যাৎ। তথা চাতুর্হোত্রাং পৌর্ণমাসীমভিমৃষেৎ পঞ্চহোত্রা

গৃহাৎ ঋত্বিজো হবিষ্পবমানাখ্যং গৃহং গচ্ছন্তি গচ্ছতাঞ্চ মধ্যে উদ্গাতা ঋত্বিক্ যদি স্খলতি তদা, সর্ব্বস্বদক্ষিণাবিধিঃ যদি প্রতিহর্ত্তা ঋত্বিক্ স্খলতি তত্র অসর্ব্বস্বদক্ষিণাবিধিশ্চেতি বিধিদ্বয়মস্তি এতয়োশ্চৈকৈকস্য স্খলনস্থলে একৈকশঃ প্রবৃত্তত্বাৎ যুগপৎস্খলনে নৈকস্যাপি প্রবৃত্তিঃ স্যাৎ ভবন্মতে বিধিবৈরূপ্যাৎ তথাচাত্র প্রথমতঃ প্রতিহর্ত্ত্রে অসর্ব্বস্বং কিঞ্চিদ্দক্ষিণাং দত্বা উদ্গাত্রে সর্ব্বস্বং দক্ষিণা দীয়তে ইতি যুক্তিসিদ্ধঃ পারম্পরীণঃ সিদ্ধান্তো ভবন্মতে ব্যাহতঃ স্যাদিতিভাবঃ। অপচ্ছেদেনেতি। স্খলনে নেত্যর্থঃ অত্রৈব প্রতিবন্ধ্যন্তরমাহ তথেতি। অয়মর্থঃ দর্শপৌর্ণমাসে যাগে শ্রূয়তে চতুর্হোত্রাং পৌর্ণমাসীমভিমৃষেৎ পঞ্চহোত্রামমাবাস্যামিতি। অত্র চতুর্হোত্রপদেন পৃথিবী হোত্রেত্যাকারকোমন্ত্র উচ্যতে তস্য যত্র বিনিয়োগঃ তচ্চাতুর্হোত্রাং পৌর্ণমাসীমিতি সপ্তম্যার্থে দ্বিতীয়া তেন পৌর্ণমাস্যামিত্যর্থঃ। চাতুর্হোত্রামিতি পরিভাষা প্রাপ্তপৃথিবীহোত্রেত্যাদিমন্ত্রস্য করণতা প্রাপ্তয়ে ততশ্চ পৌর্ণমাস্যাং পৃথিবীহোত্রেতিমন্ত্রেণাভিমৃষেৎ স্পৃশেদিতি বিধিপ্রাপ্তৌ কিমিতিস্পর্শ কর্ম্মাকাঙ্ক্ষায়াং

হইলে জ্যোতিষ্টোমযাগে হবির্ধানী ও হবিষ্পবমান নামক দুইটি যাগগৃহ বিহিত হয়, তাহাতে হবির্ধানীগৃহ হইতে হবিষ্পবমানগৃহে যাইতে যাইতে পথি মধ্যে যদি উদ্গাতা ঋত্বিক্ স্খলিত হন তাহা হইলে তাঁহাকে সর্ব্বস্ব দক্ষিণা দিবে। আর যদি প্রতিহর্ত্তা ঋত্বিক্ স্খলিত হন তবে তাঁহাকে অসর্ব্বস্ব দক্ষিণা দিবে, এই বিধিদ্বয় আছে। তাহাতে কেবল উদ্গাতা ও কেবল প্রতিহর্ত্তার পথিমধ্যে স্খলন হইলে উক্ত সর্ব্বস্ব দক্ষিণা ও অসর্ব্বস্ব দক্ষিণা ঘটিত দুইবিধি পরস্পর নৈরপেক্ষে প্রবৃত্ত হওয়াতে দুই ঋত্বিকের একদা পথি মধ্যে পতন হইলে শ্রীকরমতে বিধি বৈরূপ্য প্রযুক্ত দুই শাস্ত্রের কোন শাস্ত্রই খাটিতে পারে না। সেমতে প্রথমতঃ প্রতিহর্ত্তাকে অসর্ব্বস্ব দক্ষিণা দিয়া উদ্গাতাকে সর্ব্বস্ব দক্ষিণা দিতে হয়, এই যুক্তিসিদ্ধ প্রাচীন পরম্পরায় স্থির সিদ্ধান্ত একেবারে উন্মূলিত হইয়া যায়। এবং পৌর্ণমাসীতে উপাংশুযাগ সম্বন্ধি ইন্দ্রদেবতাক দধিকে চতুর্হোত্র মন্ত্রদ্বারা স্পর্শ করিবে এই একটি বিধি

. মমাবাস্যামিতি শাস্ত্রয়োরুপাংশুযাগাগ্নীষোমিয়য়োরৈন্দ্রদধ্যৈন্দ্র-পয়সোরেকৈকশঃ প্রবৃত্তয়োর্দ্বয়োরাগ্নেয়ে প্রবৃত্তৌ বিধি-বৈষম্যাপত্তের্নৈকমপি প্রবর্ত্তেত ॥ ১৫৩ ॥

বাক্যান্তরোপস্থিতানি ঐন্দ্রদধ্যাদীনি হবীংষ্যেব কর্ম্মতয়া অন্বীয়ন্তে। চূড়ামণিস্তু পৌর্ণমাসীপদেন কর্ম্মাভিধীয়তে কর্ম্মণস্তু স্পর্শাভাবাৎ তৎকালীনং মুখ্যং হবিরেবো-পাংশুযাগীয়ং ঐন্দ্রদধিরূপং প্রত্যায্যতে এবমগ্রিমবাক্যেঽপি অমাবস্যাপদেনাপি তদানীং কর্ত্তব্যাগ্নীষোমীয়স্য পয়োরূপং মুখ্যং হবিঃ প্রত্যায্যতইতি ব্যাচষ্টে। এষ চ বিধির্দর্শপৌর্ণমাসান্তর্গতপৌর্ণমাসীকর্ত্তব্যস্যোপাংশুযাগস্য কেবলদধিরূপহবিঃ-স্পর্শনে বিধ্যন্তরনিরপেক্ষপ্রবৃত্তিঃ উপাংশু যাগস্য কেবলদধিকরণকত্বাৎ তথা পঞ্চ-হোত্রামমাবাস্যামিত্যত্র পঞ্চহোত্রপদেন অগ্নিহোত্রেত্যাদিকোমন্ত্র উচ্যতে তস্য যত্র বিনিয়োগঃ তৎ পঞ্চহোত্রাং অমাবাস্যামিত্যত্র সপ্তম্যর্থে দ্বিতীয়া পঞ্চহোত্রামিতি চ তন্মন্ত্রস্য করণত্বলাভায় তেনামাবাস্যায়াং অভিমৃষেদিতি বিধিঃ অত্রাপি কর্ম্মাকা-ঙ্ক্ষায়াং পূর্ব্বোক্তানি হবীংষ্যেবান্বীয়ন্তে অয়ঞ্চ বিধিঃ দর্শপৌর্ণমাসান্তর্গতস্য দর্শ-কর্ত্তব্যস্য অগ্নিষোমীয়যাগস্য কেবলৈন্দ্রপয়োরূপদ্রব্যস্পর্শে নিরপেক্ষপ্রবৃত্তঃ অগ্নীষো-মীয়স্য কেবলপয়োদ্রব্যকরণকত্বাৎ আগ্নেয়ে চ দর্শপৌর্ণমাসান্তর্গতে দর্শে পৌর্ণমাস্যাঞ্চ কর্ত্তব্যে দধিপয়োরূপোভয়দ্রব্যকে হবির্দ্বয়স্পর্শার্থং বিধ্যোর্যুগপৎপ্রবৃত্তৌ ভবন্মতে বিধিবৈষম্যাপাতাৎ ন কোঽপি প্রবর্ত্তেত তথাচাত্র দ্বয়োরেব বিষয়সত্বাৎ প্রবৃত্ত্যা মন্ত্রদ্বয়েন হবির্দ্বয়স্য দধিপয়োরূপস্য স্পর্শইতি সিদ্ধান্তোঽপি ভবন্মতে ব্যাহত ইতি। ইদঞ্চ ন সম্যক্ যুগপৎপ্রবৃত্তাবপি সামান্যবিধ্যোর্ব্বাধাভাবাৎ তদ্রূপবিধিবৈরূপ্যা: প্রসক্তেঃ অতঃ প্রাগুক্তপ্রতিবন্ধিমাত্রং সাধীয় ইতি ধীমদ্ভির্ব্বিভাবনীয়ং ॥ ১৫৩ ॥

আর আমাবস্যাতে অগ্নীষোম যাগ সম্বন্ধি ইন্দ্রদেবতাক দুগ্ধকে পঞ্চহোত্র মন্ত্রদ্বারা স্পর্শ করিবে এই একটি বিধি আছে। তাহাতে এই দুই শাস্ত্র উক্ত দুই যাগে স্বতন্ত্ররূপে প্রবৃত্ত হওয়াতে দধি দুগ্ধ উভয় ঘটিত আগ্নেয় নামক যাগস্থলে শ্রীকরমতে বিধি বৈষম্য প্রযুক্ত দধি দুগ্ধ স্পর্শবিধায়ক দুই শাস্ত্রের কোন শাস্ত্রটি খাটিতে পারে না বিধায় আগ্নেয় যাগে দধি দুগ্ধ স্পর্শ করিবার স্থিরতর সিদ্ধান্তের একদাই উচ্ছেদ হয় ॥ ১৫৩ ॥

তস্মাৎ বাধনিরপেক্ষং নিত্যবদ্বিধানং ক্বচিৎ ক্বচিৎ বিধ্যন্তরবাধসাপেক্ষমিতি বৈরূপ্যলক্ষণং। তথাহি উপাত্র বপন্তীতি বেদিবিধিসাপেক্ষো নিষেধঃ তদ্বাধং বিনা বিধিরেব ন স্যাদিতি বেদিবিধিবাধসাপেক্ষং বিধানং ন চ নিত্যবদেব তস্য

অথৈবং বিধিবৈষম্যলক্ষণং কিমিত্যাকাঙ্ক্ষায়ামাহ তস্মাদিতি। উপাত্রেতি উপাত্র বপন্তীতি যোবেদিবিধিঃ তৎসাপেক্ষইত্যর্থঃ। তদ্বাধং বিনেতি। বেদিবিধিবাধং বিনেত্যর্থঃ। বিধিরেব ন স্যাদিতি। সামান্যবিধের্বৈশ্বদেবাদিযাগদ্বয়াবিষয়কত্বে তত্র বিধ্যভাবাদেব বেদ্যকরণস্য প্রাপ্তত্বাৎ নিষেধবিধেরপ্রাপ্তপ্রাপকত্বাভাবেন বিধির্ন স্যাদিত্যর্থঃ। ইতীতি হেতৌ যতোনিষিধ্যমানযাগয়োরপি সামান্যবিধিবিষয়ত্বেন তদ্বাধেনৈব বৈকল্পিকস্য নিষেধস্য প্রবৃত্তিঃ অতইত্যর্থঃ। নন্থ নিষেধবিধের্ব্বিশেষত্বেন বলত্বাৎ সর্ব্বদৈব সামান্যবিধিমুন্মূলয়েত তথাচ সামান্যবিধেস্তত্রাপ্রবৃত্ত্যা কথং তদ্বাধেন বৈকল্পিকনিষেধবিধানমিত্যাশঙ্ক্যতে ন চেতি। তস্য সামান্যবিধেঃ। বিফলইতি। নিত্যবদেব বাধে সামান্যবিধেস্তদিতরবিষয়ত্বমেব বাচ্যং অন্যথা তদংশে তদ্বিধেরননুষ্ঠানলক্ষণাপ্রামাণ্যাপত্তিঃ তথাচ বিধ্যভাবাদেব নিষেধস্য সিদ্ধত্বাৎ নিষেধবিধির্ব্বিফলঃ স্যাদিত্যর্থঃ। এতদেবোক্তং নিষেধং বিনাপীতি। বেদ্যকরণস্যেতি। ততশ্চেতি। সামান্যবিধের্নিষিদ্ধ্যমান-

অতএব কোন স্থলে বাধকে অপেক্ষা না করিয়া নিত্য বিধি হয় ও কোন স্থলে অন্য বিধির বাধ করিয়া বিধি প্রবৃত্ত হয় এই রূপ বিধি বৈরূপ্যের লক্ষণ করিতে হইবে। তাহাতে বৈশ্বদেবাদি যাগদ্বয়ে উত্তর বেদি করিবে না, এই নিষেধ বিধি উপাত্র রূপন্তি এই সামান্য উত্তর বেদি বিধানকে অপেক্ষা করে। যেহেতু সামান্য বিধির পাক্ষিক বাধ ব্যতিরেকে নিষেধ, বিধিই হইতে পারে না এইজন্য নিষেধ বিধি, সামান্য বিধির পাক্ষিক বাধ সাপেক্ষ নতুবা একেবারেই সামান্য উত্তর বেদি বিধির বাধ বলিলে নিষেধের বৈফল্য হয়। কারণ নিষেধ না করিলেও বিধির অভাব প্রযুক্তই উত্তর বেদির অকরণকে প্রাপ্ত হওয়া যায় বিধায় বৈশ্বদেব ও শুনাশীর্ষ্যরূপ দুই পর্ব্বযাগে উত্তর বেদির সামান্যতঃ

বাধঃ তথা সতি নিষেধো বিফলঃ নিষেধং বিনাপি বেদ্যকরণস্য প্রাপ্তেঃ ততশ্চ বেদিবিধিরপি নিষেধবিধিবাধসাপেক্ষবিধিভাবঃ পর্ব্বদ্বয়ে পর্ব্বদ্বয়ে তু নিরপেক্ষইতি ভবতি বিধিবৈষম্যং বিকল্পশ্চ

যাগদ্বয়বিষয়কত্বাচ্চেত্যর্থঃ। নিষেধবিধিবাধেতি। বিরোধেন নিষেধবিধিবাধং বিনা সামান্যস্য প্রবৃত্ত্যসম্ভবাদিতিভাবঃ। বিধিবৈষম্যমিতি। একস্যৈব বেদিবিধেঃ পর্ব্বদ্বয়ে নিত্যবদ্বিধায়কত্বং পর্ব্বদ্বয়ে চ নিষেধবাধসাপেক্ষবিধায়কত্বমিতি বিধিবৈষম্যমিত্যর্থঃ। বিকল্পশ্চেতি। নিষেধাঙ্গীকারে নিষিধ্যমানযাগদ্বয়ে বেদিকরণাকরণয়োর্ব্বিকল্পশ্চেত্যর্থঃ। অয়ঞ্চ বিকল্পো ন ব্যবস্থিতঃ তাদৃশবিকল্পস্থলে করণে ফলাধিক্যাৎ অধিকফলকামরূপস্যাধিকারিণোভেদাৎ কিন্ত্বৈচ্ছিকঃ তথাচাষ্টদোষাপাতো বাক্যভেদশ্চেতি গৌরবং অতোলাঘবাৎ পর্য্যুদাসলক্ষণয়া বৈশ্বদেবাদিভিন্নে পর্ব্বাখ্যযাগে উত্তরবেদিং বপন্তীত্যেক এব বিধিঃ কল্প্যতইতিভাবঃ। নন্বেবং ন কলঞ্জং ভক্ষয়েদিত্যাদৌ রাগপ্রাপ্তনিষেধে বিকল্পঃ স্যাৎ রাগস্যোপজীব্যত্বেন নিষেধেন নিত্যবদ্বাধাযোগাদত আহ রাগপ্রাপ্তে ত্বিতি। কেচিত্তু কলঞ্জেতরভোজনকলঞ্জভোজনেতরয়োরাগপ্রাপ্তত্বেন কলঞ্জাতিরিক্তং ভুঞ্জীত কলঞ্জভোজনেতরৎ কুর্ব্বীতেতি পর্য্যুদাসাসম্ভবাৎ নিষেধে বিকল্প এবেতি ভ্রমনিরাসার্থমাহ রাগপ্রাপ্তেত্বিতীত্যাহুঃ। কাদাচিৎকস্যাকরণস্যেতি। ন হি নিষিধ্যমানমনুতিষ্ঠন্ যাবজ্জীবমহর্নিশং তদনুতিষ্ঠতি নিষিদ্ধানুষ্ঠানস্য রাগাধীনত্বেন বাগস্যানিয়তত্বাৎ সহকার্য্যান্তরবিলম্বাচ্চেতিভাবঃ। তথাত্র নিষেধবিধিবৈয়র্থ্যাপত্ত্যা ন বিকল্পঃ কিন্তু নিত্যবদ্বাধএবেতিভাবঃ। অতএবেতি। যতএব সামান্যবিশেষয়োবেব

বিধানটিও বৈকল্পিক নিষেধ বিধির বাধ সাপেক্ষ হয়। কারণ নিষেধ বিধির বাধ না করিলে সামান্য বিধির প্রবৃত্তি হইতে পারে না। আর বরুণ প্রঘাস ও শাকমেধরূপ দুই পর্ব্বযাগে উত্তর বেদির নিয়ত অনুষ্ঠান থাকাতে উক্ত সামান্য বিধিটি নিষেধ বিধির বাধ নিরপেক্ষ হইয়া প্রবৃত্ত হয়, এইরূপে নিষেধ স্বীকার করিলে এক উত্তর বেদি বিধির পর্ব্বচতুষ্টয়ের মধ্যে দুই পর্ব্বযাগে নিয়ত বিধায়কত্ব ও দুইপর্ব্ব যাগে নিষেধ বাধ সাপেক্ষ বিধায়কত্ব রূপে বিধি বৈষম্য দোষ ঘটে এবং

স্যাৎ রাগপ্রাপ্তে তু নিত্যবদ্বাধঃ কাদাচিৎকস্যাকরণস্য নিষেধমন্তরেণাপি প্রাপ্তেঃ অতএব ষোড়শিগ্রহণাগ্রহণশাস্ত্রয়োর্ব্বিকল্পঃ ॥ ১৫৪ ॥

যে তু ব্রুবতে প্রাপ্তিপূর্ব্বকত্বাৎ নিষেধস্য ন নিমিত্তং বিধি-

---

বিধিনিষেধয়োঃ কচিদেকত্র প্রবৃত্তৌ সামান্যবিধের্বৈরূপ্যং নত্বেকবিশেষনিষ্ঠযোস্তয়োঃ অতএবেত্যর্থঃ। ষোড়শীতি। তথাচ শ্রুতিঃ অতিরাত্রে ষোড়শিনং গৃহ্লাতি নাতিরাত্রে ষোড়শিনং গৃহ্লাতীতি। অতিরাত্রাখ্যোযাগবিশেষঃ ষোড়শী পাত্রবিশেষঃ গৃহ্লাতীতি লিঙর্থে লট্ অত্রবিধিনিষেধয়োর্দ্বয়োরেবাতিরাত্রাখ্যযাগরূপবিশেষনিষ্ঠত্বেন বিধেঃ কচিন্নিত্যবদ্বিধায়কত্বাভাবেন বিধিবৈরূপ্যাভাবাৎ নিষেধাবিষয়কত্বাভাবেন পূর্ব্বোক্তন্যায়েন পর্য্যুদাসাসম্ভবাচ্চ বিকল্পইত্যর্থঃ অতএবোক্তং এবমেবাষ্টদোষোঽপি যদ্ব্রীহিযববাক্যয়োঃ। বিকল্পঃ সংশ্রিতস্তত্র গতিবন্যা ন বিদ্যতে। ইতি অন্যা গতিঃ পর্য্যুদাসরূপা গতিঃ ॥ ১৫৪ ॥

বিকল্পস্যাদিতি। রাগাতিদেশয়োরপি নিমিত্তত্বাবিশেষাদিতিভাবঃ। নন্নু প্রমাণ-

---

ঐচ্ছিক বিকল্প হয় তাহাতে অষ্ট বিধ দোষ ও বাক্য ভেদ এই রূপ নানাদোষ সম্ভাবনা। অতএব লাঘব ধরিয়া পর্য্যুদাস লক্ষণাদ্বারা বৈশ্বদেবাদি ভিন্ন পর্ব্বাখ্য যাগে উত্তরবেদি অনুষ্ঠান করিবে এতদ্রূপ একটি বিধিই কল্পনীয়। কিন্তু রাগ প্রাপ্ত কর্ম্মে নিষেধ করিলে ঐ নিষেধের সার্থক্য রাখিবার জন্য তৎকর্ম্মের নিয়ত বাধ করিতে হইবে। সেখানে বিকল্প হইবে না, কেননা ইচ্ছা প্রাপ্ত কর্ম্মে নিষেধ না থাকিলেও ইচ্ছার অনৈয়ত্য প্রযুক্ত কদাচিৎ তৎকর্ম্মের অকরণ স্বভাবসিদ্ধ। কারণ যে নিষিদ্ধকর্ম্ম আচরণ করে সে যাবজ্জীবন অহর্নিশই যে সেই কর্ম্ম করে এমন নহে। আর সামান্য বিশেষরূপ বিধি নিষেধেরই কোন স্থলে একত্র ঘটনাতে বিধি বৈষম্য দোষ হয়, এক বিশেষ বিষয়ে নহে। অতএব অতিরাত্রযাগে ষোড়শি নামক পাত্র গ্রহণ করিবে ও অতিরাত্রযাগে ষোড়শি গ্রহণ করিবে না এই এক ষোড়শি বিষয়ক গ্রহণাগ্রহণ বিধায়ক দুই বিধি নিষেধ শাস্ত্রের একদা প্রবৃত্তিতে পর্য্যুদাস না খাটায় বিকল্প স্থিরীকৃত হয় ॥ ১৫৪ ॥

রূপবাধত ইতিন্যায়েন বিকল্পইতি তেষাং মতে ন তৌ পশৌ করোতীত্যাদৌ রাগপ্রাপ্তনিষেধে চ বিকল্পঃ স্যাৎ। কিঞ্চ এবং নিমিত্তিনঃ স্বনিমিত্তবাধাক্ষমত্বাৎ কথং পক্ষেঽপি বাধঃ অতুল্যবলত্বাৎ অথ নিষেধস্যৈবায়ং স্বভাবঃ যৎ স্বনিমিত্ত-মুন্মূলয়তীতি তদা সর্ব্বদৈবোন্মূলয়েৎ প্রাপ্তেরেব দুর্ব্বলত্বাৎ॥ ১৫৫॥

---

য়োস্তুল্যবলত্বে হি বিকল্পঃ অতএব গৌতমোঽপি তুল্যবলবিরোধে বিকল্পইত্যাহ স্ম তথাচ ষোড়শিগ্রহণাগ্রহণশাস্ত্রয়োর্দ্বয়োরেব বৈদিকপ্রমাণত্বাবিশেষাৎ তুল্যবলতয়া বিনিগমনাবিরহেণৈকেনাপ্যপরস্য নিত্যবদ্বাধাযোগাৎ পক্ষতোবাধেন বিকল্পোযুক্তঃ ইহ তু রাগস্য শাস্ত্রাৎ দুর্ব্বলতয়া বিকল্পাসম্ভবাৎ নিষেধেন নিত্যবদ্বাধঃ। এবমতিদেশস্যাপি সামান্যবিধিতয়া বিষয়ান্তরে চরিতার্থত্বেন পর্য্যুদাসসম্ভবাৎ তুল্যবলত্বাভাবেন নিত্য-বদ্বাধএবেতি কথং বিকল্পাপত্তিরতআহ কিঞ্চেতি। প্রাপ্তেরিতি। প্রাপক-বিধেরিত্যর্থঃ॥ ১৫৫॥

---

যাঁহারা বলেন যে নিষেধ বিধিটি প্রাপ্তি পূর্ব্বক হয় সুতরাং ঐ নিষেধ বিধি প্রাপ্তি রূপ নিজ নিমিত্তকে একেবারে নিবারিত করিতে পারে না, এই ন্যায়দ্বারাই নিষিদ্ধ কর্ম্মে বিকল্প স্বীকার্য্য হয়। তাঁহাদের মতে পশুযাগে আঘারাজ্যভাগ করিবে না, ইত্যাদি রাগপ্রাপ্ত নিষেধ স্থলেও বিকল্পকল্পনা হইয়া উঠে। আর প্রাপ্তিপূর্ব্বক নিষেধ বিধির দুর্ব্বলত্ব প্রযুক্ত যদি প্রাপ্তিরূপ নিজ নিমিত্তের বাধা দিতে ক্ষমতাই না থাকে তাহা হইলে ষোড়শি গ্রহণাগ্রহণ স্থলেও পাক্ষিক বাধই বা কিরূপে হইতে পারে। যদি বল নিষেধেরই স্বভাব এই যে আপনার নিমিত্তকে উন্মূলিত করে তাহা হইলে নিষেধের বলবত্তা প্রযুক্ত নিষেধ শাস্ত্রই দুর্ব্বল, প্রাপ্তিশাস্ত্রের একেবারে উন্মূলন করিয়া ফেলে॥ ১৫৫॥

যে তু ব্রুবতে যাদৃচ্ছিকগ্রহণপ্রাপ্তিনিষেধোঽয়ং ন তু বিধিতঃ প্রাপ্তস্যেতি তদতীবাজ্ঞবচনং বৈধগ্রহণস্য অবৈধগ্রহণনিষেধস্য চ যুগপদুপসংহারাসম্ভবাৎ বিকল্পাভাবপ্রসক্তেঃ

পরমতনিরাকরণায়াহ যে ত্বিতি। যাদৃচ্ছিকেতি। স্বারসিকীচ্ছা বা সা যদৃচ্ছা রাগইতি যাবৎ তয়া প্রাপ্তং যদ্‌গ্রহণং তদ্বিষয়োঽয়ং নিষেধইত্যর্থঃ। প্রাপ্তীত্যস্য কৃদ্বিহিতভাবত্বেন প্রাপ্তার্থমাহ ন ত্বিতি। তথাচ বৈধগ্রহণং নিত্যমেবেত্যাশয়ঃ। যুগপদিতি। যৌগপদ্যে উপসংহারস্য বিরোধস্যাসম্ভবাদিত্যর্থঃ। উপসংহারসম্ভবাদিতিপাঠে যুগপদেকদা উপসংহারস্য একত্রাবস্থানস্য সম্ভবাদিত্যর্থঃ। বিকল্পাভাবেতি। তথাচ বিরুদ্ধয়োরেব ভাবাভাবয়োর্ব্বিকল্পত্বং ইহ তু বৈধগ্রহণাবৈধগ্রহণনিষেধয়োরবিরোধাৎ বিকল্পাভাবপ্রসক্তেরিত্যর্থঃ। ননু বিকল্পো ন শ্রৌতঃ কিন্তু কল্প্যঃ অস্য চাষ্টদোষগ্রস্ততয়া গত্যন্তরাভাবএব কল্পনা প্রকৃতে তু বৈধেতরগ্রহণনিষেধরূপগত্যন্তরসত্ত্বাৎ কথং তৎকল্পনং অতোবিকল্পাভাবে ইষ্টাপত্তিরেবেত্যতআহ ক্রত্বর্থতয়া চেতি। ক্রত্বঙ্গতয়া চেত্যর্থঃ। ন ক্রত্বর্থঃ স্যাদিতি। ননু ক্রত্বঙ্গতয়া প্রাপ্তস্য প্রতিযোগিনো নিষেধস্যৈব ক্রত্বঙ্গত্বমিতি নিয়মে প্রমাণাভাবঃ যাগানঙ্গস্যামিষভোজনস্য নিষেধে যাগাঙ্গব্যভিচারশ্চেতি কথং যাদৃচ্ছিকগ্রহণনিষেধস্যাক্রত্বর্থত্বাপত্তিরিতি চেৎ ব্যাপ্তিবলেন নাক্রত্বর্থত্বাপাদনং কিন্ত্বেবং বাক্যার্থঃ-ক্রত্বর্থতয়া যাদৃচ্ছিকগ্রহণস্য প্রসক্ত্যভাবাৎ উপস্থিত্যভাবাৎ তথাচ নিষেধবিধিনা প্রকরণোপস্থিতবৈধগ্রহণস্য নিষেধএব প্রত্যায্যতে ন ত্বনুপস্থিতাবৈধগ্রহণস্য এবঞ্চ সতি বৈধগ্রহণনিষেধস্যৈব ক্রত্বঙ্গতয়া বিধিবোধিতত্বাৎ অবৈধগ্রহণনিষেধো ন ক্রত্বর্থঃ স্যাদিতি ন চ ষোড়শিগ্রহণত্বেন বৈধাবৈধগ্রহণসাধারণেন রূপেণৈব প্রকরণাৎ উপস্থিতিঃ ন তু বৈধগ্রহণত্বেন তথাচ যাদৃচ্ছিকগ্রহণমপ্যুপস্থিতমেবেতি বাচ্যং তথাপি ভবদুক্তাবৈধগ্রহণনিষেধস্য ক্রত্বর্থত্বানুপপত্তেঃ গ্রহণসামান্যাভাবস্যে-

কিন্তু যাঁহারা বলেন যে ইটি যাদৃচ্ছিক গ্রহণ প্রাপ্তির নিষেধ, বিধি প্রাপ্তের নিষেধ নহে, তাহা অত্যন্ত অর্ব্বাচীনের ন্যায় কথা। কেন না বৈধগ্রহণ ও অবৈধ গ্রহণ নিষেধ। এই উভয়ের এককালীন উপসংহার অর্থাৎ বিরোধ অসম্ভব বিধায় বিকল্পেরই অপ্রসক্তি হয়। যেহেতু বিরুদ্ধ ভাবাভাবেরই বিকল্পতা উক্ত

ক্রত্বর্থতয়া চ যাদৃচ্ছিকগ্রহণপ্রসক্ত্যভাবাৎ নিষেধো ন ক্রত্বর্থঃ স্যাৎ তস্মাদস্মদুক্তন্যায়াদেব বিকল্পঃ তদস্তু কিং বিস্তরেণ ॥ ১৫৬ ॥

যচ্চ স্বয়মেব বর্ণিতং অসোদরে সংসৃষ্টিনি সোদরে চাসংসৃষ্টিনি সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীত্যনেন অসোদরস্য ধনসম্বন্ধ

বাঙ্গতায়া বিধিপ্রতিপাদ্যত্বাৎ এবঞ্চ সতি বিরোধাৎ বিকল্পএবেতি হৃদয়ং। কেচিত্তু ক্রত্বর্থতয়েত্যাদিগ্রন্থং অন্যথা যোজয়ন্তি তথাহি নাতিবাত্র ইতি বাক্যেন গ্রহণস্যাঙ্গত্বাভাবোগ্রহণাভাবস্যাঙ্গত্বং পুরুষার্থত্বং বা প্রত্যায্যতে আদ্যে ক্রত্বর্থতয়েতি নিষেধোনিষেধবিধির্ন ক্রত্বর্থঃ ন ক্রতুবিষয়ঃ দ্বিতীয়ে সন্নিহিতবৈধগ্রহণমপহায়াসন্নিহিতাবৈধগ্রহণবিষয়ত্বকল্পনে গৌরবং স্যাৎ তৃতীয়ে প্রকরণবিরোধইতি তদসৎ অস্মদুক্তক্রমেণৈব যথাশ্রুতার্থনির্ব্বাহে আশয়কল্পনানৌচিত্যাৎ। তস্মাদিতি। যস্মাত্তবদুক্তং ন যুক্তং তস্মাদিত্যর্থঃ। অস্মদুক্তন্যায়াৎ নিত্যনিষেধে বিধিনিষেধোভয়বৈয়র্থ্যং নিত্যবিধৌ চ নিষেধবৈয়র্থ্যং স্যাদিত্যেবংরূপাৎ। এবকারস্য ভিন্নযোজনয়া বিকল্প এবেত্যর্থঃ ন তু ভবদুক্তসমুচ্চয়ইত্যর্থঃ। তদস্তু উক্তমতে দূষণান্তরং মতান্তরস্য দূষণমন্যদনিবদ্ধমেব তিষ্ঠতু কিং বিস্তরেণ গ্রন্থবাহুল্যেন তথা চ গ্রন্থগৌরবভয়াৎ উক্তার্থে দূষণান্তরং মতান্তরং তদ্দূষণঞ্চ নোপনিবদ্ধমিতিভাবঃ ॥ ১৫৬॥

শ্রীকরমতদূষণস্যৈব প্রকৃতত্বাৎ সংসৃষ্টিনস্ত্বিতি সোদরস্য ত্বিতি বচনয়োস্তদ্ব্যাখ্যানমনূদ্য দূষয়তি যচ্চেতি। বর্ণনমেবাহ অসোদর ইতি। ইত্যনেন বচনেন অসো

গ্রহণাগ্রহণের বিরোধাভাব, সুতরাং ক্রত্বর্থরূপে যাদৃচ্ছিক গ্রহণ প্রসক্তির অভাব হইলে নিষেধটি যাগাঙ্গই হইতে পারে না সেই হেতু অস্মদুক্ত অর্থাৎ নিত্য নিষেধে বিধিনিষেধোভয় বৈয়র্থ্য। আর নিত্য বিধিতে নিষেধের বৈয়র্থ্য এইরূপ ন্যায়ানুসারে বিকল্প ই হইবে, তাহা থাকুক, আর বাগ্‌জালের প্রয়োজন নাই ॥ ১৫৬ ॥

আর স্বয়ং শ্রীকরাচার্য্য যে বর্ণনা করিয়াছেন যথা, বৈমাত্রেয় সংসৃষ্টী ও অসংসৃষ্টী সহোদর সত্বে সংসৃষ্টির ধন সংসৃষ্টী পায়, এই বচনদ্বারা অসোদরের

প্রাপ্তৌ তদপবাদার্থং সোদরস্য তু সোদরইতি বচনং তদপ্যযুক্তং অস্মিন্নেব বিষয়ে সোদরস্য তু সোদরইতি সোদরস্য ধনসম্বন্ধপ্রসক্তৌ তদপবাদার্থং সংসৃষ্টিবচনস্যাপি সম্ভবাৎ বিনিগমনাকারণাভাবাৎ যচ্চ সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীত্যেতদ্বিবরণার্থত্বেন অন্যোদর্য্যইতি বচনং ব্যাখ্যাতং তদপ্যতীবাযুক্তং অন্যোদর্য্যবচনাদেব বিবক্ষিতার্থলাভাৎ সংসৃষ্টিনস্ত্বিত্যস্যান-

দবস্য সংসৃষ্টনোঽসোদরস্য ধনসম্বন্ধপ্রাপ্তৌ ধনাধিকাবপ্রাপ্তৌ। তদপবাদার্থং তদ্বাধার্থং। বিনিগমনেতি একতব পক্ষপাতিনী যুক্তির্ব্বিনিগমনা তদ্রূপকারণাভাবাদিত্যর্থঃ। অন্যোদর্য্যঃ সংসৃষ্টী যঃ স অন্যোদর্য্যধনং ন হরেৎ সোদরে সতীত্যুক্তবার্দ্ধস্ববসাল্লভ্যতে তর্হি কোগৃহ্নীয়াদিত্যত্রাহ অসংসৃষ্ট্যপীতি অপিরেবার্থো ভিন্নক্রমেণ যোজনীয়ঃ তেনাসংসৃষ্টী সোদরএব গৃহ্নীয়াদিত্যর্থঃ কিং পুনঃ সংসৃষ্টী সোদরইতি কৈমুতিকন্যায়সিদ্ধাধিকাবোঽপি সংসৃষ্টী সোদরঃ চকারেণ সমুচ্চীয়তে ইতি। পূর্ব্ববচনে যৎ সোদবস্য সংসৃষ্ট্যসোদবাপবাদকত্বমুক্তং তদেব দ্বিতীয়বচনেন বিবৃতমিতি যদুক্তং তদপি দূষয়িতুমুপন্যস্যতি যচ্চেতি। আনর্থক্যাপত্তেরিতি বিববণবচনাদেব উক্তার্থলাভে বিব্রিয়মাণবচনবৈয়র্থ্যাদিতিভাবঃ। বক্ষ্যমাণদূষণান্তরং স্পষ্টয়িতুং তদুক্তবিবরণং দর্শয়তি কিঞ্চেতি। তথাচ বচনয়োরেকার্থপর্য্যবসানে বিনিগমনাবিরহাৎ নৈকতরবৈয়র্থ্যং অতএবোক্তং সন্দেদেনান্যতর-

ধনাধিকার প্রাপ্তিতে তাহার খণ্ডন জন্য সোদবের ধন সোদর পাইবে এই বচনটি তাহাও অযৌক্তিক কথা। এতদ্বিষয়েই সোদরস্য তু সোদর এই বচন দ্বারা সহোদবের ধনাধিকার প্রসক্তিতে তৎখণ্ডনার্থ সংসৃষ্টিনস্তু সংসৃষ্টি এই সংসৃষ্টি বচন বিনিগমনা অর্থাৎ একতরপক্ষপাতিনী যুক্তি-বিরহ প্রযুক্ত সম্ভব। আর যে সংসৃষ্টীনস্তু সংসৃষ্টী এইবচনের বিবরণ স্বরূপ অন্যোদর্য্য এই বচন ব্যাখ্যাত হইয়াছে তাহা যাহার পর নাই এমন, অযুক্ত কথা। কারণ অর্থ যে অন্যোদর্য্য অর্থাৎ বৈমাত্রেয় যে সংসৃষ্টি হয় সে অন্যোদর্য্যের ধন পায় না কিন্তু সোদর পদের অনুষঙ্গ করিয়া সোদর অসংসৃষ্টি হইলেও সেই সহোদরই

'র্থক্যাপত্তেঃ। কিঞ্চ অন্যোদর্য্যস্তু সংসৃষ্টীত্যস্যায়মর্থঃ অন্যোদর্য্যস্তু সংসৃষ্টী যঃ স নান্যোদর্য্যধনং হরেৎ কিন্তু সংসৃষ্ট্যপি সোদরপদানুষঙ্গাৎ সোদরএব গৃহ্ণীয়াৎ সংসৃষ্টোঽপি নান্যমাতৃজোগৃহ্ণীয়াদিতি ব্যাখ্যাতং তদপি ন, পূর্ব্বার্দ্ধে একস্য অন্যোদর্য্যপদস্য পুনরুক্তত্বাৎ তথোত্তরার্দ্ধেঽপি নান্যমাতৃজইত্যস্যানর্থক্যাপত্তেঃ অপিশব্দস্য চৈবকারার্থেঽবর্ণনাৎ ॥ ১৫৭ ॥

কিঞ্চ সোদরে চাসংসৃষ্টিনি অসোদরস্য সংসৃষ্টিনোঽপবাদার্থং সোদরবচনস্য বর্ণিতত্বাৎ সোদরাসোদরয়োরসংসৃষ্টিনোরপ্রবৃত্তত্বাৎ তুল্যবদেবাধিকারঃ স্যাৎ ন বা কস্যচিদপি

বৈয়র্থ্যং। ইতি হেতোঃ। অয়ং 'বক্ষ্যমাণোঽর্থঃ শ্রীকরোক্ত ইতি শেষঃ। পুনরুক্তত্বাদিতি। অন্যোদর্য্যঃ সংসৃষ্টী ন গৃহ্ণীয়াদিত্যনেনৈব প্রকৃতার্থসিদ্ধৌ অন্যোদর্য্যপদান্তরস্য ব্যর্থত্বাদিত্যর্থঃ॥ ১৫৭ ॥

ননু সর্ব্বমিদং ভবদুক্তদূষণমকিঞ্চিৎকরং তথাহি সোদরবচনস্যোবাপবাদকত্বং সোদরস্যাধিকোপকারকত্বেন ন্যায়সিদ্ধং ন তু সংসৃষ্টিবচনস্য ন্যায়াভাবাৎ অন্যোদর্য্যইতি নান্যমাতৃজইত্যনয়োর্ভবদুক্তব্যাখ্যানেঽপ্যবিশেষাৎ অপিশব্দস্য অব্যয়ানামনে-

পায়, বৈমাত্রেয় সংসৃষ্টী হইলেও পায় না এই ব্যাখ্যা করেন, তাহাও ভাল নহে। পূর্ব্বার্দ্ধে এক অন্যোদর্য্য পদের পৌনরুক্তে সেইরূপ পরার্দ্ধেও নান্যমাতৃজ এই পদের আনর্থক্য হয়। আর অপিশব্দ এব শব্দের অর্থে কুত্রাপি বর্ণিত হয় না॥ ১৫৭॥

অপিচ অসংসৃষ্টী সোদর সত্বে অসোদর সংসৃষ্টীর খণ্ডনার্থ সোদর বচন বর্ণিত হইবায় সোদরাসোদর উভয় অসংসৃষ্টিস্থলে সোদর বচন না খাটিবায় দুয়ের তুল্যাধিকার হইতে পারে, অথবা দুয়ের মধ্যে কাহারই অধিকার হইতে পারে না। যদি বল উক্ত স্থলেও সোদর বচন খাটে তাহা হইলে একস্থলে সংসৃষ্টীবচনের বাধ

স্যাৎ অথাত্রাপি সোদরবচনমেব প্রবর্ত্ততে তদৈকত্র সংসৃষ্টিবচনবাধসাপেক্ষং অন্যত্র তু বাধানপেক্ষমিতি ভবতামেব বিধিবৈরূপং যথা সোমে বিধীয়মানা বেদিঃ দীক্ষণীয়াদিষ্বতিদেশপ্রাপ্তবেদিবিধিবাধেন অন্যত্র বাধং বিনৈবেতি বৈরূপ্যাৎ অবেদিমতাং তদ্দ্রষ্টব্যমিত্যুক্তং ॥ ১৫৮ ॥

---

কার্য্যত্বেন এবকারার্থেঽপি বর্ত্তনাৎ অতএব "সবিবাদা সদা ভূমিঃ পৌরুষেণাপি ভুজ্যতে" ইত্যত্র অপিরেবার্থোদৃষ্টইত্যত আহ কিঞ্চেতি। অপ্রবৃত্তত্বাদিতি। অপবাদস্য উৎসর্গবিষয়েঽপ্রবৃত্তত্বাদিতি ভাবঃ তুল্যবদিতি। বিশেষকাভাবাৎ ভ্রাতরইতিসামান্যবাক্যেন ভ্রাতৃত্বাবিশেষাৎ দ্বয়োরেব যুগপদধিকারঃ স্যাদিত্যর্থঃ। ন বা কস্যচিদিতি। ভ্রাত্রধিকারবোধকসামান্যবচনস্য সংসৃষ্টাদিতি বিশেষবিষয়কতয়া উপসংহৃতত্বাদিতিভাবঃ। অথেতি। সোদরবচনে সোদরপদস্য সংসৃষ্ট্যসংসৃষ্টিসাধারণসোদরপরত্বেনাত্রাপি সোদরবচনং প্রবর্ত্ততইত্যর্থঃ। একত্র সংসৃষ্ট্যসোদরাসংসৃষ্টিসোদরস্থলে অন্যত্র সোদরাসোদরয়োরসংসৃষ্টিনোরিত্যুক্তস্থলে সোদরবচনস্য সোদরত্বপুরস্কারেণাসোদরমাত্রবাধসাপেক্ষত্বেন সংসৃষ্টিনোঽপ্যসোদরস্য বাধসাপেক্ষত্বাবশ্যকত্বাদিতিভাবঃ। যথেতি অত্রায়মর্থঃ পৌর্ণমাসযাগে প্রকৃতৌ বেদির্ব্বিহিতা সা চাতিদেশাৎ তদ্বিকৃতীভূতদীক্ষণীয়েষ্টৌ প্রাপ্তা বাক্যান্তরে চ সামান্যতঃ সোমদ্রব্যকযাগে বেদির্ব্বিহিতা তত্র দীক্ষণীয়েষ্টেরপি সোমদ্রব্যকতয়া যদি সামান্যবচনং তত্র প্রবর্ত্ততে তদা অতিদেশবিধিবাধেনৈব প্রবর্ত্ততে অন্যথা প্রাপ্তত্বাৎ বিধিত্বানুপপত্তেঃ পৌর্ণমাসবিকৃতিভিন্নে সোমদ্রব্যকযাগান্তরে ত্বতিদেশাভাবাৎ তদবাধেনেতি বিধিবৈষম্যাৎ অবেদিমতাং বাক্যান্তরপ্রাপ্তবেদিকভিন্নানাং যাগানাং তৎ সামান্যবেদিবিধানং দ্রষ্টব্যমিতি তত্রোক্তং বিধিবৈষম্যং যথা তথা প্রকৃতেঽপীতি ॥১৫৮॥

---

সাপেক্ষ, অন্যস্থলে বাধ নিরপেক্ষ এইরূপে তোমাদের মতেই বিধি বৈষম্য দোষ হয়। যথা সোমদ্রব্যকরণকযাগে সামান্যতঃ বেদির বিধি আছে সুতরাং দীক্ষণীয়া ইষ্টি প্রভৃতি সোমদ্রব্যকরণক বিধায় যদি সামান্য বচন সেখানে প্রবৃত্ত হয় তবে

অস্মন্মতে তু শ্রীকরসম্মতমপি বিধিবৈরূপ্যং নাস্তি সংসৃষ্টিসোদরবচনয়োরেকৈকবিষয়ত্বাৎ অন্যোদর্য্যবচনস্য চ সোদরস্যাসংসৃষ্টিনঃ সংসৃষ্টিনশ্চাসোদরস্য তুল্যবদধিকারজ্ঞাপনার্থত্বাৎ তথাহি অন্যোদর্য্যস্তু সংসৃষ্টী সন্ সত্যপি সোদরেঽসংসৃষ্টিনি ধনং হরেৎ নান্যোদর্য্যোঽসংসৃষ্ট্যপি গৃহ্ণীয়াদিতি পূর্ব্বার্দ্ধস্যার্থঃ তত্র কিং সোদরস্তদানীং ন গৃহ্ণীয়াদিত্যপেক্ষায়াং উত্তরার্দ্ধেনোত্তরং ॥ ১৫৯ ॥

অসংসৃষ্ট্যপি চাদদ্যাৎ সোদরইত্যনুষজ্যতে সংসৃষ্টোঽন্যমাতৃজএব ন কেবলঃ কিন্তূভাভ্যাং বিভজ্য গ্রহীতব্যমিত্যর্থঃ

প্রৌঢ্যাহ অস্মন্মতে ত্বিতি। শ্রীকরেতি। বস্তুতস্তু বিধিবৈরূপ্যমেব ন ভবতীতি ভাবঃ। অন্যোদর্য্যবচনস্য তুল্যবদধিকারজ্ঞাপকত্বং যথা তথা ব্যাকরোতি তথাহীতি। নান্যোদর্য্যইতি। এতেনৈকতরস্যান্যোদর্য্যবচনস্য বৈয়র্থ্যমপি পরিহৃতং ॥ ১৫৯ ॥

দর্শপৌর্ণমাসযাগের অতিদেশ প্রাপ্ত বেদি অনুষ্ঠানের বাধ ও অন্যত্র অর্থাৎ পৌর্ণমাস বিকৃতি ভিন্ন সোমকরণক যাগান্তরে অতিদেশ না থাকায় তাহার বাধব্যতিরেকেই প্রবৃত্ত হয়, এইরূপ বিধি বৈরূপ্য দোষ নিবন্ধন সামান্য বেদি বিধান শাস্ত্রটি অন্য প্রমাণপ্রাপ্ত বেদিকভিন্নযাগের সম্বন্ধে দ্রষ্টব্য হইবে ইহা উক্ত হইয়াছে ॥ ১৫৮ ॥

কিন্তু আমাদের মতে শ্রীকরাচার্য্য মত সিদ্ধ ও বিধি বৈরূপ্য নাই. কেমনা সংসৃষ্টি বচনও সোদর বচন এই দুই বচনের স্থল ভিন্ন ভিন্ন। আর অন্যোদর্য্যস্তু সংসৃষ্টি এই বচনটি অসংসৃষ্টী সহোদর ও সংসৃষ্টি বৈমাত্রেয় এই উভয়ের তুল্যাধিকার জ্ঞাপক, তাহাতে বৈমাত্রেয় সংসৃষ্টি হওত অসংসৃষ্টী সহোদর থাকিলেও ধন পাইবে। কিন্তু ঐ বৈমাত্রেয় অসংসৃষ্টী হইলেও পাইবে এমত নহে, এইটি প্রথম অর্দ্ধশ্লোকের অর্থ, তাহাতে তবে কি তৎকালে সহোদর পাইবে না এই আকাঙ্ক্ষায় উত্তরার্দ্ধদ্বারা উত্তর বুঝিতে হইবে ॥ ১৫৯ ॥

অতো বিধিবৈষম্যমপি পরিহৃতং। তথা মনুরপ্যেতদেব দর্শ-য়তি। সোদর্য্যা বিভজেয়ুস্তং সমেত্য সহিতাঃ সমং। ভ্রাতরো যে চ সংসৃষ্টা ভগিন্যশ্চ সনাভয়ঃ। সোদর্য্যমাত্রাণাং সোদর্য্যাইতি অসোদরাণাঞ্চ সংসৃষ্টানাং সংসৃষ্টাইতি বহু-বচনান্তস্বপদাদেবেতরেতরযোগাবগতেঃ সমেত্য সহিতাইতি-পদং উভয়সাহিত্যার্থমেব যুক্তং অন্যথানর্থক্যাৎ। অত উভয়োরিতরেতরযোগস্যাশ্রবণাদিতি অহৃদয়ব্যাহৃতং॥ ১৬০॥

অসংসৃষ্ট্যপীতি। তথা চৈকস্যৈবাসংসৃষ্টিপদস্য কাকাক্ষিন্যায়াদুভয়ত্রান্বয়ইতি ভাবঃ। কেবলইতি। তথাচ সংসৃষ্ট্যন্যোদর্য্যসোদরয়োর্ব্যবস্থিতবিকল্পেনাধি-কারভ্রমনিরাসায় তুল্যবদধিকারপ্রাপকং নান্যমাতৃজবচনমপি সার্থকমিতিভাবঃ। শ্লোকব্যাখ্যানে মনুসম্বাদমাহ তথেতি। তুল্যরূপাণাং সোদরাসোদরাণাং মধ্যে সোদরাএব সহিতা বিভজেরন্ সংসৃষ্টাসংসৃষ্টতুল্যরূপাণাং মধ্যে সংসৃষ্টাঃ সহিতা বিভজেরন্ ইতি বচনার্থমাশঙ্ক্যাহ সোদর্য্যমাত্রাণামিতি। ইতরেতরযোগাবগতেঃ। সোদরমাত্রাণাং সংসৃষ্টমাত্রাণাঞ্চ পরস্পরসাহিত্যাবগতেঃ। উভয়সাহিত্যার্থমিতি। সোদরসংসৃষ্ট্যসোদরসাহিত্যার্থমিত্যর্থঃ। এতচ্চ অন্যোদর্য্যস্তিত্যাদিযাজ্ঞবল্ক্যৈকমূল-কত্বাদুক্তং অতইতি। সহিতপদাদুভয়সাহিত্যশ্রবণং যতোঽতইত্যর্থঃ। অহৃদয়-ব্যাহৃতমিতি। হৃদয়ং জ্ঞানং তেন বচনার্থানভিজ্ঞব্যাহৃতমিত্যর্থঃ॥ ১৬০॥

সহোদর পদ অনুষঙ্গ করিয়া অর্থ হইল যে সহোদর অসংসৃষ্টী হইলেও লইবে কেবল সংসৃষ্টি বৈমাত্রেয়ই লইবে না। পরন্তু অসংসৃষ্ট সহোদর ও সংসৃষ্ট বৈমা-ত্রেয় এই উভয়ে বিভাগ করিয়া লইবে এইটী প্রকৃত অর্থ স্থির সিদ্ধান্ত হইল এবং বিধি বৈরূপ্য দোষও পরিহার করা হইল। তথা ভগবান মনুও ইহাই দর্শাইতেছেন যথা, সোদর ভ্রাতারা সমবেত হইয়া তদ্ধন সমভাগ করিয়া লইবে। আর যে সকল ভ্রাতারা সংসৃষ্ট থাকে তাহারা এবং সহোদরা ভগিনীরাও, এই বচনে সোদর্য্যা এই পদে সহোদর মাত্রের উপস্থিতি হয়। আর সংসৃষ্টা এই বহুবচনান্ত পদ হইতেই সংসৃষ্ট বৈমাত্রেয় গণের ইতরেতর যোগের অবগতি হয়। আর সমেত্য সহিতা এই বচনটি উভয়ের সাহিত্য অবগতির জন্যই প্রয়োগ করা

কিঞ্চ যে চেতি চকারশ্রুতেঃ চার্থে দ্বন্দ্বসমাসস্যাপি শ্রবণাৎ ইতরেতরযোগস্যাশ্রবণাভিধানং দ্বন্দ্বস্যাপ্যতদর্থতামাপাদয়তি তস্মাৎ সোদরাসোদরমাত্রসদ্ভাবে সোদরাণামেব। অতএব বৃহস্মনুঃ। একোদরে জীবতি তু সাপত্নো ন লভেদ্ধনং। স্থাবরেঽপ্যেবমেব স্যাৎ তদভাবে লভেত বৈ। স্থাবরেঽপ্যেবমেবেতি বিভক্তস্থাবরাভিপ্রায়েণ যস্মাদনন্তরমেবাহ যমঃ। অবিভক্তং স্থাবরং যৎ সর্ব্বেষামেব তদ্ভবেৎ। বিভক্তং স্থাবরং

---

ননু একস্য দ্বয়োর্ব্বা তদ্ধনাধিকারানুপপত্ত্যা উদ্দেশ্যবিশেষণত্বেন বহুত্বং যথা ন বিবক্ষিতং তথা সাহিত্যমপীত্যেতদর্থং সমেত্য সহিতাইত্যুক্তং ন তু তেষামিতরেতরসাহিত্যার্থং তৎকথমিতরেতরসাহিত্যশ্রবণং অতআহ কিঞ্চেতি। চার্থে ইতি। চার্থে দ্বন্দ্বইতি সূত্রেণেতি শেষঃ। অতদর্থত্বং ইতরেতরযোগানভিধায়কত্বং। আপাদয়তীতি। তথাচ অনন্যথাসিদ্ধচকারবলেনৈবেতরেতরসাহিত্যাবগমইতি ভাবঃ। ন চৈবং সাহিত্যস্য বিবক্ষিতত্বে একস্য সোদরমাত্রস্য বা তদ্ধনাধিকারানুপপত্তিরিতি বাচ্যং বহুভ্রাতৃকনিরুক্তপক্ষে এবৈতদভিধানাদিতি। উপসংহরতি তস্মাদিতি সোদরশ্চাসোদরমাত্রশ্চেতি দ্বন্দ্বঃ মাত্রপদেন সংসৃষ্টত্বব্যবচ্ছেদঃ। কেচিত্তু সোদরাসোদরয়োর্দ্বয়োরেব মাত্রপদার্থান্বয়মভ্যুপেত্য মাত্রপদং সংসৃষ্টত্বাসংসৃষ্টত্বাভাব-

---

যুক্তি সিদ্ধ অন্যথা নিরর্থক হয়। অতএব উভয়ের ইতরেতরযোগ অর্থের শ্রবণাভাব এই কথা বচনার্থের অনভিজ্ঞ ব্যক্তির কথা ॥ ১৬০ ॥

অপি চ যে চ এই চকার শ্রবণে চার্থে দ্বন্দ্ব সমাসের, শ্রবণ আছে তাহাতে ইতরেতর যোগ অর্থের অশ্রবণ কথন দ্বন্দ্ব সমাসের ও তদর্থতার অর্থাৎ ইতরেতর যোগার্থতার অভাব সম্পাদন করিতেছে। অতএব সোদর ও অসোদর মাত্র সত্ত্বাবে অগ্রে সহোদরেরই প্রাপ্য। অতএব বৃহন্মনুবচন, সহোদর জীবিত থাকিতে বৈমাত্রেয় ধন পায় না, স্থাবর সম্পত্তিতেও এইরূপ ব্যবস্থা কিন্তু সহোদর অভাবে পাইবে। এই বচনে স্থাবর সম্পত্তিতেও এই ব্যবস্থা এই লিখন বিভক্ত স্থাবরাভিপ্রায়ে বুঝিতে হইবে। যেহেতু অনন্তরই যমবচন

গ্রাহ্যং নান্যোদর্য্যৈঃ কথঞ্চন। সর্ব্বেষাং সোদরাসোদরাণা-মিত্যর্থঃ। সোদরাণামেব মধ্যে একস্য সংসৃষ্টত্বে তস্যৈব অসংসৃষ্টিসোদরাসোদরসংসৃষ্টিসদ্ভাবে চ দ্বয়োরেব সাপত্নমাত্র-সদ্ভাবেঽপি প্রথমং সংসৃষ্টিনঃ তদভাবে চাসংসৃষ্টিনোঽসোদরস্য মৃতধনং প্রত্যেতব্যং। অতএব উক্তক্রমেণ বহূনামধিকারপ্রতি-পত্ত্যর্থং ভ্রাতরইতি বহুবচনমুক্তং অন্যথানর্থকং ভবেৎ ॥ ১৬১ ॥

সংসৃষ্টিনস্তু সংসৃষ্টীত্যেতচ্চ তুল্যরূপসম্বন্ধিসমবায়ে সংসর্গ-

পরমিতি ব্যাচক্রুঃ। অতএবেতি। উক্তমনুবচনানুবোধাদেব। বৃহন্মনুঃ তুল্য-রূপসোদরাসোদরয়োরেব মধ্যে সোদরস্যাধিকারং বোধয়তি ন ত্বসংসৃষ্টসোদরসংসৃষ্টা-সোদরয়োঃ সত্ত্বে সংসৃষ্ট্যসোদরস্য অংশং নিরাকরোতীত্যর্থঃ। জীবতীতি। অধি-কারিণি সতীত্যর্থঃ। এবমেবেতি। স্থাবরমপি সোদর এব গৃহ্নীয়াদিত্যর্থঃ। লভেতেতি সাপত্নইত্যনুষঙ্গেনান্বয়ঃ সর্ব্বেষামিতি। তুল্যরূপাণাং সোদরাসোদরাণা-মিত্যর্থঃ পূর্ব্ববচনে তুল্যরূপাণামেব প্রক্রান্তত্বাৎ। সোদরাণামেবেতি যদুক্তং তত্র বিশেষমাহ সোদরাণামেব মধ্যে ইতি। সাপত্নমাত্রেতি। তস্যাপ্যেকোৎপন্নত্বেন ভ্রাতৃত্বাদিতি ভাবঃ। ভ্রাতরইতি বহুবচনস্যার্থবত্তাং বক্ষ্যামইতি যদুক্তং তত্রাহ অতএবেতি ॥ ১৬১ ॥

সংসৃষ্টিনস্থিতিবচনং ন ভ্রাতৃমাত্রবিষয়ং কিন্তু তুল্যরূপসম্বন্ধিমাত্রবিষয়ং সামান্যে

যে স্থাবর অবিভক্ত তাহা সকলেরই হইবে, বিভক্ত স্থাবর সম্পত্তি বৈমাত্রেয়েরা কদাপি গ্রহণ করিবে না। সকলের অর্থাৎ সহোদর ও অসহোদরের মধ্যে এক জন যদি সংসৃষ্টী হয় তবে তাহারই সেই ধন প্রাপ্য। আর অসংসৃষ্টি সহোদর ও সংসৃষ্টি বৈমাত্রেয় সদ্ভাবে দুয়েরই প্রাপ্য হয়। আর কেবল বৈমাত্রেয় স্থলেও প্রথমে সংসৃষ্টিবৈমাত্রেয়ের তাহার অভাবে অসংসৃষ্টি বৈমাত্রেয়ের প্রাপ্য বুঝিতে হইবে। অতএব উক্তক্রমে বহুর অধিকার জ্ঞাপ-নের নিমিত্ত ভ্রাতরঃ এইপদে বহুবচন উক্ত হইয়াছে অন্যথা নিরর্থক হয় ॥ ১৬১

আর সংসৃষ্টির ধন সংসৃষ্টী পাইবে এই বচনটি তুল্যরূপ সম্বন্ধি বিদ্যমানে

কৃতবিশেষপ্রতিপত্ত্যর্থং তেন সোদরাণাং সাপত্নানাং বা তথা ভ্রাতৃপুত্রাণাং পিতৃব্যাদীনাং বা তুল্যানাং সদ্ভাবে সংসর্গী গৃহ্নীয়াৎ বাক্যাদবিশেষশ্রুতেঃ পূর্ব্ববচনেন সর্ব্বেষামেব প্রকৃতত্বাৎ সর্ব্বেষেব চাপেক্ষাসদ্ভাবাৎ অতোভ্রাতৃমাত্রবিষয়ং বচনমিত্যনাদরণীয়ং। ইতি ভ্রাত্রধিকারঃ॥ ১৬২॥

তদভাবে ভ্রাতৃপুত্রস্য ভ্রাতৃগামীত্যভিধায় তদভাবে

---

বাধকাভাবে সঙ্কোচস্যান্যায্যত্বাদিতি ব্যবস্থাপয়তি সংসৃষ্টিনস্থিতি। বিশেষাধিকাবিত্বং তুল্য রূপসম্বন্ধিনোবিবৃণোতি তেনেতি। সোদরাণামিত্যাদিষষ্ঠ্যন্তেষু সর্ব্বত্র সোদরমাত্রাণামিত্যাদিমাত্রার্থান্তর্ভাবঃ তথা ভ্রাতৃপুত্রাণাং সোদরভ্রাতৃপুত্রাণাং সাপত্নভ্রাতৃপুত্রাণাঞ্চ পিতৃব্যাদীনামিত্যত্রাপি বাক্যাদিতি। সংসৃষ্টিনস্থিতিবচনতোভ্রাতরইত্যশ্রবণাদিত্যর্থঃ। নন্বেবং বচনস্য তুল্যরূপসম্বন্ধিসদ্ভাবমাত্রবিষয়ত্বে সোদরাসোদরয়োরসংসৃষ্টিসংসৃষ্টিনোঃ সদ্ভাবে কথমেতদ্বচনপ্রবৃত্তিঃ স্বয়মুক্তমসঙ্গচ্ছতামিতি চেন্ন তুল্যরূপাণামিতি ন বচনপ্রাপ্তং কিন্তু ন্যায়প্রাপ্তমেব তথা চ ন্যায়াবিশেষেণান্যত্রাপি প্রবৃত্তৌ বাধকাভাবঃ তুল্যরূপাণামিতিনিয়মপরত্বাভাবাদিতি সংসৃষ্টিসোদরবচনয়োরেকৈকবিষয়ত্বাদিত্যুক্তব্যাখ্যানপক্ষে অন্যোদর্য্যবচনস্যৈবাত্র প্রবৃত্ত্যা সংসৃষ্টি বচনস্যাপ্রবৃত্তেৰ্বিষ্টত্বাদ্বেতি। পূর্ব্ববচনেন পত্নী দুহিতর ইতিবচনেন সর্ব্বষেব ভ্রাতৃভ্রাতৃপুত্র গোত্রজপদোপাত্তপিতৃব্যেষেব অপেক্ষা ভ্রাতৃপুত্রয়োঃ পিতৃব্যয়োর্ব্বা সংসৃষ্ট্যসংসৃষ্টিনোর্মধ্যে কোগৃহ্নীয়াদিত্যাকাঙ্ক্ষা। অত উক্তযুক্তেঃ॥ ১৬২॥

ভ্রাত্রভাবে ভ্রাতৃপুত্রস্যাধিকারমাহ তদভাবইতি। প্রমাণমাহ ভ্রাতৃগামীত্যভি-

---

সংসর্গকৃত বিশেষ জ্ঞাপক, সেই হেতু সহোদর হউক বা বৈমাত্রেয় হউক অথবা ভ্রাতৃপুত্র হউক বা পিতৃব্য প্রভৃতি তুল্য সম্পর্কীয়ের সদ্ভাবে সংসৃষ্টীই প্রথমে গ্রহণ করিবে। যেহেতু সংসৃষ্টিনস্তু সংসৃষ্টী এই বচনে ভাই বলিয়া বিশেষ শ্রবণ নাই, পূর্ব্ববচনে সকলেই প্রক্রান্ত সুতরাং সকলেরই অপেক্ষা সদ্ভাব আছে। অতএব ভ্রাতৃ মাত্র বিষয়ে এই বচন এই কথা অনাদরণীয়। ইতি ভ্রাত্রধিকাব কথা সম্পূর্ণ॥ ১৬২॥

ভ্রাতৃপুত্রগামীতিবিষ্ণুবচনাৎ। তত্রাপি প্রথমং সোদরভ্রাতৃপুত্রস্য তস্য চাভাবেঽসোদরভ্রাতৃপুত্রস্যাধিকারঃ "সোদরস্য তু সোদর" ইতিবচনাৎ অসোদরভ্রাতৃপুত্রোহি ধনিনোমৃতস্য মাতরং বিহায় স্বপিতামহীবিশিষ্টস্য ধনিপিতুঃ পিণ্ডদাতেতি সোদর ভ্রাতৃপুত্রাজ্জঘন্যস্তদনন্তরং ধনমধিকরোতি॥ ১৬৩॥

ন চ সপত্নীকত্বেন সপত্নীমাতুঃ সপত্নীপিতামহ্যাঃ সপত্নীপ্রপিতামহ্যাশ্চ শ্রাদ্ধেঽনুপ্রবেশঃ মাত্রাদিশব্দানাং স্বজননীপিতৃজননীপিতামহজননীষ্বেব মুখ্যত্বাৎ তৈরেব চ পদৈঃ শ্রাদ্ধে

ধায়েতি। তত্র ভাতৃপুত্রাণাং মধ্যে। প্রথমমিতি। সোদরভ্রাতৃপুত্রস্য অসোদরভ্রাতৃপুত্রাৎ প্রাগধিকারবোধকবচনাভাবেঽপি সোদরস্য তু সোদরইতি বচনেন সোদরস্যাসোদরবাধকত্বাবগমাৎ বাধকপুত্রেণ বাধ্যপুত্রস্য বাধোন্যায্যইত্যভিপ্রায়ঃ। অত্র হেত্বন্তরমপ্যাহ অসোদরভ্রাতৃপুত্রোহীতি। সোদরভ্রাতৃপুত্রাদিতি। মৃতস্য মাতরমাদায় পিতামহপিণ্ডদাতুরিত্যাদিঃ॥ ১৬৩॥

সপত্নীকত্বেনেতি। এতচ্চ সপত্নীকত্বেনৈব পিত্রাদীনাং দেবতাত্বমিতিমতমাশ্রিত্যাভিহিতং। বস্তুতঃ অসাবেতত্তে যজমানস্য পিত্রে অসা-

ভ্রাতার অভাবে ভ্রাতৃপুত্র অধিকারী, ভ্রাতৃগামি এই কথা বলিয়া তাহার অভাবে ভ্রাতৃপুত্রগামি হয় এই বিষ্ণুবচন প্রমাণ, তত্রাপি প্রথমে সহোদর ভ্রাতৃ পুত্রের প্রাপ্য, তদভাবে বৈমাত্রেয় ভ্রাতৃপুত্রের অধিকার হয়, তাহার প্রমাণ সহোদরের ধন সহোদর পায় এই যাজ্ঞবল্ক্য বচন, বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র-মৃত ধনির মাতাকে পরিত্যাগ করিয়া নিজ পিতামহী বিশিষ্ট ধনি পিতার পিণ্ডদাতা বিধায় সহোদর ভ্রাতৃপুত্রাপেক্ষা নিকৃষ্ট, অতএব তাহার পর ধনাধিকারী হয়॥ ১৬৩॥

পত্নী সহিত পিত্রাদির পিণ্ডভোক্তৃত্ব হেতুক সপত্নী মাতা, সপত্নী পিতামহী এবং সপত্নী প্রপিতামহীরও শ্রাদ্ধে অনুপ্রবেশ হইতে পারে না। কারণ

অনুপ্রবেশাৎ। যথা। স্বেন ভর্ত্রা সহ শ্রাদ্ধং মাতা ভুঙ্‌ক্তে স্বধা-ময়ং। পিতামহী চ স্বেনৈব স্বেনৈব প্রপিতামহী। সপত্নীমাত্রা-দীনাঞ্চ পার্ব্বণশ্রাদ্ধানুপ্রবেশোনিষিদ্ধএব যথা পঠন্তি। অপুত্রা যে মৃতাঃ কেচিৎ স্ত্রিয়ো বা পুরুষাশ্চ যে। তেষামপি চ দেয়ং স্যাদেকোদ্দিষ্টং ন পার্ব্বণং। কিঞ্চ সপত্নীকস্য শ্রাদ্ধবিধানস্য নিত্যত্বং সর্ব্বজনসিদ্ধত্বাৎ সপত্নীমাত্রাদীনাঞ্চানিত্যত্বাৎ

---

বেতত্তে যজমানস্য পিতামহায়েত্যাদিনিরপেক্ষশ্রুতিশ্রবণাৎ পত্নীনিরপেক্ষাণা-মেব পিত্রাদীনাং দেবতাত্বং কিন্তু তৎপিণ্ডভোগমাত্রে পত্ন্যাঃ সহ-ত্বমেবেতি। শূলপাণিপ্রভৃতয়োঽপ্যেবমিতি বোধ্যং। মাত্রাদিশব্দানামিতি। স্বেন ভর্ত্রা সহ শ্রাদ্ধমিত্যাদিবচনস্থানামিত্যর্থঃ। আদিনা পিতামহীপ্রপিতামহী-শব্দয়োগ্রহণং। তৈরেবেতি। মাত্রাদিবোধকৈঃ সপত্নীকপদৈরেবেত্যর্থঃ সপত্নী-কত্বেনৈব দেবতাত্বোক্তের্যথাশ্রুতাসঙ্গতেঃ। নম্ন পুত্রহীনানাং সপত্নীমাত্রাদীনাং পার্ব্বণনিষেধেঽপি সপুত্রাণাং তাসাং পার্ব্বণানুপ্রবেশে বাধকাভাবইত্যতআহ কিঞ্চেতি। নিত্যানিত্যেতি। একস্যৈব সপত্নীকাভিলাপবিধের্মাত্রাদ্যংশে নিত্য-বদ্বিধায়কত্বং সপত্নীমাত্রাদ্যংশে কাদাচিৎকবিধায়কত্বমিত্যেতয়োর্বিরোধেনেত্যর্থঃ। ন চ মাত্রাদ্যংশেঽপি কাদাচিৎকবিধায়কত্বমেব জীবন্মাত্রাদিস্থলে তদয়ন্তবাদিতি

---

মাত্রাদি শব্দের মুখ্য অর্থ নিজজননী, পিতৃজননী ও পিতামহজননী। সুতরাং শ্রাদ্ধক্রিয়ায় তাঁহাদেরই অনুপ্রবেশ হইতে পারে। যথা মাতা নিজভর্ত্তার সহিত স্বধাময় শ্রাদ্ধ ভোজন করেন এবং পিতামহী আপন পতির সহিত এবং প্রপিতামহীও নিজ ভর্ত্তার সহিত শ্রাদ্ধ ভোজন করেন। আর সপত্নী মাত্রাদির শ্রাদ্ধানুপ্রবেশে বরং নিষেধই আছে। যথা যে সকল স্ত্রী কিংবা পুরুষ পুত্রহীন হইয়া মৃত হয়, তাহাদেরও একোদ্দিষ্ট শ্রাদ্ধ দাতব্য পার্ব্বণ শ্রাদ্ধ দেয় হইবে না। আর সপত্নীক পার্ব্বণ শ্রাদ্ধ বিধানটি নিত্যরূপে সর্ব্বজন সিদ্ধ কিন্তু সপত্নী মাতৃ প্রভৃতির পক্ষে অনিত্য এইরূপে এক সপত্নীক অভিলাপ বিধির মাত্রাদি অংশে

নিত্যানিত্যসংযোগবিরোধেন মাত্রাদ্যপেক্ষমেব সপত্নীক-শ্রাদ্ধবিধানং যুক্তং ॥ ১৬৪ ॥

নন্থ সোদরভ্রাতৃপুত্ত্রবৎ সোদরপিতৃব্যস্যাপি ধনিদেয়সপত্নীকপূর্ব্বপুরুষদ্বয়স্য পিণ্ডদাতৃত্বাৎ ধনিপিতৃব্যভ্রাতৃপুত্ত্রয়োঃ সমানোঽধিকারঃ স্যাৎ। উচ্যতে পিতৃব্যোহি ধনিনঃ পিতামহপ্রপিতামহয়োঃ পিণ্ডদঃ ভ্রাতুঃ পুত্ত্রস্তু ধনিনঃ প্রধানং

---

বাচ্যং এতস্য শ্রাদ্ধার্হমাত্রাদিবিষয় এব বিধায়কত্বাৎ অন্যথা সপত্নীকাভিলাপস্য প্রসক্ত্যভাবাদিতি ॥ ১৬৪ ॥

সোদরপিতৃব্যস্য পিতুঃ সোদরস্য। অতএব উপকারাধিক্যাদেব। ভ্রাতৃনপ্তা ভ্রাতৃপৌত্ত্রঃ উপকারাধিক্যমাহ মৃতধনিকস্যেতি। পিণ্ডদাতৃত্বাভাবে মানমাহ তথা চেতি। পিতৃদৌহিত্রস্যেতি। সোদরবৈমাত্রেয়ভগিনীপুত্ত্রস্যাপি পিতৃব্যাদিসম্বেহং-পীত্যর্থঃ। যদ্যপি দুহিত্রভাবে দৌহিত্রস্যেব ভগিন্যা এব প্রাগধিকারোযুক্তঃ তথাপি তস্যাঃ স্ত্রীত্বেন পার্ব্বণপিণ্ডদত্বাভাবাৎ নাধিকারঃ দুহিতুস্তু দৌহিত্রাৎ পূর্ব্বং

---

নিয়ত বিধায়কতা ও সপত্নী মাত্রাদি অংশে কাদাচিৎক বিধায়কতাবিধায় বিরোধ প্রযুক্ত পত্নী সহিত পার্ব্বণশ্রাদ্ধ বিধান জননী প্রভৃতিই পক্ষেই যুক্তি সিদ্ধ ॥ ১৬৪ ॥

ভাল, সহোদর ভ্রাতৃপুত্রের ন্যায় সোদর পিতৃব্যেরও ধনিদেয় পত্নীসহিত পুর্ব্বপুরুষদ্বয়ের পিণ্ডদাতৃত্ব আছে বলিয়া পিতৃব্য ও ভ্রাতৃপুত্রের সমান অধিকার হউক না কেন, তাহাতে মীমাংসা কহিতেছি যে খুড়া ও জেঠা ইহাঁরা ধনির পিতামহ ও প্রপিতামহের পিণ্ডদাতা, পরন্তু ভ্রাতৃপুত্র ধনির প্রধানীভূত পিতাকে লইয়া দুই পুরুষের পিণ্ডদাতা বলিয়া. তিনিই বলবান্ বিধায় পিতৃব্যের পূর্ব্বেই ধনাধিকারী হয়েন। অতএব ভ্রাতৃপৌত্রও পিতৃব্যের বাধাজনক। যেহেতু মৃত ধনির প্রধানীভূত পিতার পিণ্ডদান করে, কিন্তু ভ্রাতৃপ্রপৌত্র, ধনির পিতৃসন্তান হইলেও পিতৃব্য কর্ত্তৃক বাধিত হয়। কারণ পঞ্চমত্বপ্রযুক্ত তাহার পিণ্ডদানে অধিকারাভাব। যথা মনু, তিন পুরুষের জলদান করিবে ও তিনপুরুষে পিণ্ডদান প্রবৃত্ত হয়, চতুর্থপুরুষ ঐ তিনপুরুষের পিণ্ডোদক দাতা, পঞ্চম পুরুষ

পিতরমেবাদায় পুরুষদ্বয়স্য পিণ্ডদাতেতি সএব বলবানিতি পিতৃব্যাৎ পূর্ব্বমধিক্রিয়তে। অতএব ভ্রাতৃনপ্তাপি পিতৃব্যস্য বাধকঃ মৃতধনিকস্য পিতুঃ প্রধানস্যৈব পিণ্ডদাতৃত্বাৎ ভ্রাতুঃ প্রতিনপ্তা তু ধনিনঃ পিতৃসন্ততিরপি পিতৃব্যেণ বাধ্যতে পঞ্চমত্বেন পিণ্ডদাতৃত্বাভাবাৎ। তথাচ মনুঃ। ত্রয়াণামুদকং কার্য্যং ত্রিষু পিণ্ডঃ প্রবর্ত্ততে। চতুর্থঃ সম্প্রদাতৈষাং পঞ্চমো নোপপদ্যতে। ইত্যনেন পঞ্চমোনিষিদ্ধঃ কিন্তু পিতুরপি প্রপৌত্রপর্য্যন্তাভাবে পিতৃদৌহিত্রস্যাধিকারো বোদ্ধব্যঃ ধনিদৌহিত্রস্যেব এবং পিতামহপ্রপিতামহসন্ততেরপি দৌহিত্রান্তায়াঃ পিণ্ডপ্রত্যাসত্তিক্রমেণাধিকারো বোদ্ধব্যঃ "দৌহিত্রোঽপি হ্যমুত্রৈনং সন্তারয়তি পৌত্রবদিতি"হেতোরবিশেষাৎ স্বদৌহিত্রবৎ পিত্রাদিদৌহিত্রস্যাপি তদ্ভোগ্যপিণ্ডদানেন সন্তারকত্বাৎ অতএব মনুনা পৃথগমীষামধিকারো ন দর্শিতঃ ত্রয়াণামিতি অনন্তর ইতি বচনদ্বয়েনৈব সংগৃহীতত্বাৎ॥ ১৬৫ ॥

---

"অঙ্গাদঙ্গাৎ সম্ভবতী" ত্যাদিবিশেষবচনাদেবাধিকারইতি ভাবঃ। ধনিদৌহিত্রস্যেবেতি। যথা ধনিপ্রপৌত্রাদ্যনন্তরং তদ্দৌহিত্রাধিকারঃ তথা ইত্যর্থঃ।

---

শ্রাদ্ধ তর্পণে অধিকারী নহে, এই বচনে পঞ্চম নিষিদ্ধ হইল। আর পিতার প্রপৌত্রপর্য্যন্তের অভাবে ধনিদৌহিত্রের ন্যায় পিতৃদৌহিত্রের ধনাধিকার বুঝিতে হইবে এইরূপ পিতামহ ও প্রপিতামহের দৌহিত্র পর্য্যন্ত সন্তানের পিণ্ডদান প্রত্যাসত্তি ক্রমে অধিকার বুঝিবে তাহার প্রমাণ দৌহিত্রও পৌত্রের ন্যায় পরলোকে ইহাঁকে উদ্ধার করে, এই উদ্ধারকত্বরূপ হেতু নির্ব্বিশেষ। যেহেতু পিত্রাদি দৌহিত্রও স্বদৌহিত্রের ন্যায় তদ্ভোগ্য পিণ্ডদানদ্বারা নিস্তারক হয়। অতএব ভগবান্ মনু ইহাদের অধিকার পৃথক্ করিয়া দর্শিত করেন নাই।

যাজ্ঞবল্ক্যেন চ পিত্রাদিদৌহিত্রস্যাপি তদ্গোত্রজাতস্য পিণ্ডদানানন্তর্য্যক্রমেণাধিকারপ্রতিপত্ত্যর্থং গোত্রজপদং কৃতং সপিণ্ডস্ত্রীণাঞ্চ ব্যুদাসার্থং তাসামতদ্গোত্রজাতত্বাৎ অতএব অর্হতি স্ত্রীত্যনুবৃত্তৌ বৌধায়নঃ। ন দায়ং "নিরিন্দ্রিয়া অদায়াশ্চ স্ত্রিয়োমতা"ইতি শ্রুতেঃ। ন দায়মর্হতি স্ত্রীত্যন্বয়ঃ পত্ন্যাদীনাং ত্বধিকারো বিশেষবচনাদবিরুদ্ধঃ। প্রপিতামহ-সন্তানস্য দৌহিত্রান্তস্য মৃতভোগ্যপিণ্ডদাতুরভাবে মৃতদেয় মাতামহাদিপিণ্ডদানেন পিণ্ডানন্তর্য্যাৎ মাতুলাদিগ্রহণার্থং

ত্রয়াণামিতি অনন্তরইতি। ত্রয়াণামুদকং কার্য্যমিত্যনেন পিণ্ডদানমভিধায় অনন্তরঃ সপিণ্ডাদ্য ইত্যনেনানুপদং লিখিষ্যমাণেন পিণ্ডদানাধিকারবোধকেনেত্যর্থঃ॥ ১৬৫॥

গোত্রজপদস্য প্রয়োজনান্তরমপ্যাহ সপিণ্ডস্ত্রীণাঞ্চেতি। তাসাং ব্যুদাসে বচনা-ন্তরসম্বাদং দর্শয়তি অতএবেতি। নিরিন্দ্রিয়া জাত্যন্ধাদয়ঃ স্ত্রিয়শ্চ অদায়া দায়ানর্হা মতা ইতি ইত্যন্তংসূত্রং। অনুবর্ত্তমানার্হতীতিক্রিয়ান্বয়েন নিষিদ্ধং স্পষ্টয়তি শ্রুতেরিতি। শ্রুতেরুক্তবচনস্য। স্ত্রীতি নিরিন্দ্রিয়স্যাপ্যুপলক্ষণং তথাচ পিণ্ডবহি-

যেহেতু ত্রয়াণামুদকং কার্য্যং ও অনন্তরঃ সপিণ্ডাদ্যঃ এই দুই বচনদ্বারাই উহারা সংগৃহীত হইয়াছে॥ ১৬৫॥

এবং যাজ্ঞবল্ক্য মুনিও তদ্গোত্রজাত পিত্রাদি দৌহিত্রেরও পিণ্ডদানের আনন্তর্য্যক্রমে অধিকার জ্ঞাপনার্থ ও অতদ্গোত্রজাত সপিণ্ডস্ত্রীদিগের অধিকার নিবারণার্থ গোত্রজ পদ প্রয়োগ করিয়াছেন। অতএব বৌধায়ন বচন, নিরিন্দ্রিয় অর্থাৎ অন্ধ পঙ্গু প্রভৃতিরা ধন পাইতে পারে না, স্ত্রীলোকেরাও অনধিকারি-রূপে কথিত হয়, এই বচনে পাইতে পারে না এই ক্রিয়া পদটি পূর্ব্ব বচন হইতে অনুবৃত্তিলব্ধ। পরন্তু স্ত্রীলোক হইলেও পত্নী ও কন্যা প্রভৃতির ধনাধিকার বিশেষ বচনাধীন বিরুদ্ধ হয় না। আর মৃতভোগ্য পিণ্ডদাতৃ দৌহিত্র পর্য্যন্ত প্রপিতামহ-সন্তানের অভাবে মৃত দেয় মাতামহাদির পিণ্ডদানদ্বারা নৈকট্যক্রমে মাতুলাদির

বন্ধুপদং প্রযুক্তবান্ যাজ্ঞবল্ক্যঃ মনুনা তু পিণ্ডদানানন্তর্য্যবচনেনৈব দর্শিতং মৃতদেয়মাতামহাদিপিণ্ডত্রয়স্য মাতুলাদিভির্দীয়মানত্বাৎ মাতুলাদ্যর্থত্বং ধনস্য ধনদ্বারেণ তস্যাপি তৎপিণ্ডদাতৃত্বাৎ ধনার্জনস্য হি প্রয়োজনদ্বয়ং ভোগার্থত্বং দানাদ্যদৃষ্টার্থত্বঞ্চ তত্রার্জকস্য তু মৃতত্বাৎ ধনে ভোগ্যত্বাভাবেনাদৃষ্টার্থত্বমেব শিষ্টং। অতএব বৃহস্পতিঃ। সমুৎপন্নাদ্ধনাদর্দ্ধং তদর্থে স্থাপয়েৎ পৃথক্। মাসষাণ্মাসিকে শ্রাদ্ধে বার্ষিকে চ

র্ভাবেন যস্মাৎ নিরিন্দ্রিয়াঃ স্ত্রিয়শ্চ ন দায়ার্হা অতঃ স্ত্রী নিরিন্দ্রিয়শ্চ ন দায়মর্হতীত্যর্থঃ। নন্বেবং পত্ন্যাদীনামপি অনধিকারাপত্তিঃ তাসামপি পিণ্ডবহির্ভাবাবিশেষাৎ অতআহ পত্ন্যাদীনান্ত্বিতি। আদিনা দুহিতৃমাতৃপিতামহীগ্রহণং। বিশেষবচনাৎ পত্নী দুহিতর ইতি "মাতা ঋকৃথহরী জ্ঞেয়েতি" পিতুর্ম্মাতা হরেদ্ধনমি"ত্যাদিবিশেষবচনাদেবেত্যর্থঃ। ভোগ্যত্বাভাবেন সাক্ষাদ্ভোগ্যত্বাভাবেন তদ্ভোগ্যপিণ্ডদাতুরভাবেন পরম্পরয়া ভোগ্যত্বাভাবেন চ। সমুৎপন্নাৎ সম্বন্ধিতয়া জাতাৎ।

অধিকার বোধনার্থ যাজ্ঞবল্ক্য মুনি বন্ধুপদ প্রয়োগ করিয়াছেন। পরন্তু ভগবান্ মনু, পিণ্ডদানের নৈকট্যক্রমে অধিকার বোধক বচনদ্বারাই ঐ মাতুলাদির অধিকার দর্শাইয়াছেন। যখন মাতুল ও মাতুলপুত্রাদি, মৃত ব্যক্তির দেয় মাতামহাদির পিণ্ডদান করেন বলিয়া মৃতধন মাতুলাদিগামি হয়। সুতরাং মাতুলাদিগত সেই ধনদ্বারা পিণ্ড প্রদত্ত হইলে মৃত ব্যক্তি কর্ত্তৃকও তৎপিণ্ডদানের অনুষ্ঠান করা হয়, কারণ ধনোপার্জ্জনের দুই ফল, ভোগ ও দানাদি জন্য শুভাদৃষ্ট, তন্মধ্যে উপার্জ্জকের মৃত্যু হওয়াতে তদ্ধনে তাহার ভোগ সম্ভবে না কেবল অদৃষ্টার্থত্বই সম্ভব। অতএব বৃহস্পতি বচন, যথা সম্বন্ধাধীন লব্ধ ধন হইতে মাসিক, ষাণ্মাসিক ও আব্দিক শ্রাদ্ধের নিমিত্ত যত্নপূর্ব্বক অর্দ্ধভাগ পৃথক্‌রূপে স্থাপিত করিবে। তথা আপস্তম্ববচন, শিষ্যই হউক বা কন্যাই হউক ইহারা মৃত ব্যক্তির নিমিত্ত ধর্ম্মকৃত্যে তদীয় ধন বিনিয়োগ

প্রযত্নতঃ। তথা আপস্তম্বঃ। অন্তেবাসী কার্থান্ তদর্থেষু ধর্ম্মকৃত্যেষু প্রযোজয়েৎ দুহিতা বা" মাসিকাদিনা তস্তোগার্থং ধর্ম্মকৃত্যেম্বিতি অদৃষ্টার্থত্বে হেতুঃ। অতএব দত্তভুক্তফলং ধনমিতি স্মরন্তি ॥ ১৬৬ ॥

তস্মাৎ তদ্ভোগ্যপিণ্ডদাতুরভাবে তদ্দেয়পিণ্ডদাতুর্মাতুলাদেরধিকারো ন্যায্য এব অতএব ত্রয়াণামিতি অনন্তর ইতি বচনদ্বয়েনৈবায়মর্থো দর্শিত ইতিমত্বা তদনন্তরং মনুনোক্তং। অত ঊর্দ্ধং সকুল্যঃ স্যাদাচার্য্যঃ শিষ্যএব বা। সকুল্যোবৃদ্ধ-

---

তদর্থে মৃতস্বাম্যর্থে। মাসষাণ্মাসিকশ্রাদ্ধাদৌ তন্নিমিত্তমিত্যর্থঃ। অন্তেবাসীত্যাপস্তম্ববচনে ভিন্নক্রমোবোধ্যঃ দুহিতুঃ প্রাগধিকারাৎ। দত্তভুক্তফলমিতি। দানভোগফলমিত্যর্থঃ ॥ ১৬৬ ॥

অতএবেতি। ভোগ্যদেয়পিণ্ডানন্তপর্য্যন্তক্রমেণ মাতুলাদিপর্য্যন্তানামপ্যধিকারোযত অতএবেত্যর্থঃ। বৃদ্ধপ্রপিতামহেতি। তথাচ তান্ প্রস্তুত্য "বিভক্তদায়াদান্ সকুল্যানাচক্ষতে" ইতি বৌধায়নবচনে তেষাং সকুল্যত্বস্য দর্শিতত্বাদিতিভাবঃ। উপন্যাসক্রমেণেতি। আদৌ সকুল্যানাং ততঃ সমানোদকানামিতিক্রমেণেত্যর্থঃ। তদভাবে সমানোদকপর্য্যন্তাভাবে। অন্যথা মনুবচনস্য মাতুলাদ্যভিপ্রায়কত্বাভাবে। পূর্ব্ববচনেতি। পূর্ব্বলিখিতবচনেত্যর্থঃ। সন্দংশেতি। দায়ভাগপ্রকরণপাঠাদি-

---

করিবে, মাসিকাদিদ্বারা তদ্ভোগার্থ ধর্ম্মকর্ম্মে বিনিয়োগ করিবে ইহা অদৃষ্ট জননে হেতু, অতএব "দত্তভুক্তফলং ধনং" অর্থাৎ দান ও ভোগ এই দুইটী ধনের প্রয়োজন এই স্মৃতি প্রমাণ ॥ ১৬৬ ॥

ইহাতে তদ্ভোগ্য পিণ্ডদাতার অভাবে তদ্দেয় পিণ্ডদাতৃরূপ মাতুলাদির অধিকার ন্যায্য, অতএব ত্রয়াণামুদকং ইত্যাদি ও অনন্তরঃ সপিণ্ডাৎ ইত্যাদি দুই বচনদ্বারাই এই অর্থ দর্শিত হইয়াছে ইহা মনে করিয়া তদনন্তর মনু বলিয়াছেন যথা ইহার পর সকুল্য, অথবা আচার্য্য, কিম্বা শিষ্য ধনাধিকারী

প্রপিতামহাদিসন্ততিঃ সমানোদকাশ্চ ভণ্যন্তে তেষামুপন্যাস-ক্রমেণাধিকারক্রমঃ। তদভাবে আচার্য্যশিষ্যাদীনাং অন্যথা কথং মাতুলাদীনাং মনুবিরুদ্ধোঽন্তর্ভাবঃ শক্যতে। তস্মাৎ মনুনা পূর্ব্ববচনদ্বয়প্রতিপাদিতোঽয়মর্থ ইত্যবিরোধঃ অতএব দায়ভাগপ্রকরণে "ত্রয়াণামুদকং কার্য্যং ত্রিষু পিণ্ডঃ প্রবর্ত্ততে। চতুর্থঃ সংপ্রদাতৈষাং পঞ্চমোনোপপদ্যতে" ইত্যুক্ত্বা "অনন্তরঃ সপিণ্ডাদ্‌যস্তস্য তস্য ধনং ভবেদি"তি লিখিতং পঞ্চমস্যৈকপিণ্ড-সম্বন্ধহীনস্য পিতৃমাতৃকুলজাতৈকপিণ্ডসম্বন্ধিসদ্ভাবে অনধি-কারার্থং অন্যথা "সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে" ইতি

ত্যর্থঃ। যুক্ত্যন্তরমাহ শ্রাদ্ধস্যেতি। পিতৄন্‌ পিত্রাদিত্রিকান্‌ "অসাবেতত্তে যজমানস্য পিত্রে" ইত্যাদিশ্রুত্যেকবাক্যত্বাৎ তথাচ ত্রয়াণামিত্যস্য পুনরুক্তত্বাপত্ত্যা ন শ্রাদ্ধ-

হয়, এই বচনে সকুল্য শব্দে বৃদ্ধ প্রপিতামহাদিসন্ততি সমানোদক বুঝায় এবং তাহাদের উপন্যাসক্রমে অর্থাৎ আদৌ সকুল্যের, তাহার পর সমানো-দকের অধিকার হয়, তাহার পর আচার্য্য ও শিষ্যাদির অধিকার, অন্যথা মনুবচনের মাতুলাদি বিষয়ে অভিপ্রায় না থাকিলে কি প্রকারে মাতুলাদির মনু বিরুদ্ধ অন্তর্ভাব করা যাইতে পারে? সেই হেতু মনু, পূর্ব্ববচনদ্বয় দ্বারা এই অর্থ প্রতিপাদিত করিয়াছেন তাহাতে আর বিরোধ রহিল না। অতএব দায়ভাগপ্রকরণে "ত্রয়াণামুদকং কার্য্যং ত্রিষু পিণ্ডঃ প্রবর্ত্ততে। চতুর্থঃ সম্প্রদাতৈষাং পঞ্চমো নোপপদ্যতে।" ইহা বলিয়া "অনন্তরঃ সপিণ্ডা-দ্‌যস্তস্য তস্য ধনং ভবেৎ" এই বচন লিখিয়াছেন ইহা পিতৃমাতৃ কুলজাত এক-পিণ্ড সম্বন্ধি সদ্ভাবে এক পিণ্ড সম্বন্ধবিহীন পঞ্চমপুরুষের অনধিকারার্থ বুঝিতে হইবে। অন্যথা সপ্তমপুরুষ অতীত হইলে সপিণ্ডতা নিবৃত্ত হয় এই বচনে সাপিণ্ড্য উক্ত হওয়াতে এবং অনন্তরঃ সপিণ্ডাদ্‌য এই বচনে নৈকট্য ধনগ্রহণের কারণ বলিয়া কথিত হওয়াতে ত্রয়াণামুদকং কার্য্যং

সপিণ্ডত্বস্যোক্তত্বাৎ "অনন্তরঃ সপিণ্ডাদ্ব"ইত্যনেন চানন্তর্য্যস্য ধনগ্রহণকারণত্বেনাভিহিতত্বাৎ ত্রয়াণামিতি অনর্থকং স্যাৎ। ন চ ত্রৈপুরুষিকশ্রাদ্ধবিধানার্থমিদমিতি বাচ্যং দায়ভাগসন্দংশ-মধ্যপাঠাৎ শ্রাদ্ধস্য চ বচনান্তরবিহিতত্বাৎ তথাচ মনুঃ। স্বাধ্যায়েনার্চ্চয়েদৃষীন্ হোমৈর্দ্দেবান্ যথা বিধি। পিতৄন্ শ্রাদ্ধেন নৄনন্নৈর্ভূতানি বলিকর্ম্মণা॥ ১৬৭॥

ন চ জননক্রমেণানন্তর্য্যগ্রহণার্থং বচনং ন তু প্রদাতৃত্বে-নানন্তর্য্যার্থমিতি বাচ্যং জননক্রমস্য বচনাদনবগতেঃ কিন্তু

---

পরত্বমিতিভাবঃ। ন চ পিতৄণাং সংখ্যাগুণবিধায়কত্বমেবাস্তেতি ন পুনরুক্তিরিতি বাচ্যং তথাত্বে তদ্বচনানন্তরমেবৈতন্নির্দ্দেশাপত্তেরিতি ভাবঃ॥ ১৬৭॥

জননক্রমেণেতি। অনেকজননাব্যবহিতাপত্যত্বেনেত্যর্থঃ। তথাচ পৌত্রাদেঃ পূর্ব্বং কন্যায়াঃ পিতৃদৌহিত্রাৎ পূর্ব্বঞ্চ ভগিন্যা ইত্যাদিক্রমেণাধিকারঃ স্যাদিতি

---

এই বচন নিরর্থক হয়। নতুবা তিনপুরুষের শ্রাদ্ধ বিধানের নিমিত্ত এই বচনটি ইহা বলা যায় না। যেহেতু এই বচন দায়ভাগপ্রকরণে পঠিত হয়। আর শ্রাদ্ধের কথা অন্য বচনদ্বারা উক্ত হইয়াছে যথা মনু, বিধিপূর্ব্বক বেদাধ্যয়ন দ্বারা ঋষিগণকে, হোমদ্বারা দেবগণকে, শ্রাদ্ধদ্বারা পিতৃগণকে, অন্নদ্বারা অতিথিদিগকে বলিপ্রদানদ্বারা ভূতগণকে তৃপ্ত করিবে॥ ১৬৭॥

ভাল, পিণ্ডদাতৃত্ব সম্বন্ধে আনন্তর্য্য বোধক না হইয়া জননক্রমে সাপিণ্ড্য-বোধনার্থ ই উক্ত বচনটি বলা যাউক না কেন? তাহা বলা যায় না কারণ উক্ত বচন হইতে উৎপত্তিক্রম বোধ হয় না কিন্তু উদকদানের ন্যায় তিন পুরুষের পিণ্ডদান করা হয় নিম্নগত চতুর্থ সন্তান পিণ্ডদাতা হয়। পরন্তু পূর্ব্বতন পঞ্চম পুরুষ সম্প্রদান অর্থাৎ পিণ্ডদানের পাত্র হন না। আর নিম্নগত পঞ্চম সন্তানও পিণ্ডদাতা হয় না এই কথা বলিয়া আনন্তর্য্য অর্থাৎ নৈকট্য সম্বন্ধ বর্ণন করত ভগবান্ মনু, পিণ্ডদানের অনুসারেই নৈকট্য

উদকবৎ ত্রিভ্যঃ পিণ্ডদানং চতুর্থোঽধস্তনঃ পিণ্ডদাতা পঞ্চমস্তু পূর্ব্বতনো ন সম্প্রদানং নাপ্যধস্তনঃ পঞ্চমঃ পিণ্ডদাতেত্যভিধায় আনন্তর্য্যমভিদধানো মনুঃ প্রদাতৃত্বাতিশয়েনৈবানন্তর্য্যং জ্ঞাপয়তি। তস্মাৎ যোযস্তৎকুলোৎপন্নোঽতদ্গোত্রোঽপি স্বদৌহিত্রপিতৃদৌহিত্রাদিরতৎকুলোৎপন্নো বা মাতুলাদির্ধনিনোমৃতস্য পিতৃমাতৃকুলগতত্রৈপুরুষিকপিণ্ডদাতৃতয়া একপিণ্ডসম্বন্ধেন সপিণ্ডঃ তস্য তস্যাপ্যধিকারার্থং ত্রয়াণামিতিবচনং আনন্তর্য্যেণ চ বিশেষার্থং অনন্তরইতিবচনং বর্ণনীয়ং তেন মৃতভোগ্যমৃতদেয়পিত্রাদিত্রয়পিণ্ডদাতুঃ পিতৃদৌহিত্রাদেরভাবে মৃতদেয়মাতামহাদিপিণ্ডদাতৃণাং মাতুলাদীনামানন্তর্য্যক্রমেণাধিকারো বোদ্ধব্যঃ॥ ১৬৮॥

ভাবঃ। পিণ্ডদানানন্তর্য্যস্যাপি বচনাদনবগতেস্তত্র যুক্তিমাহ কিন্ত্বিতি। স্বমতমুপসংহরতি তস্মাদিতি। সপিণ্ডইতি অধিকারীতি শেষঃ। তেন পিণ্ডদানানন্তর্য্যক্রমস্য বিবক্ষিতত্বেন। মাতুলাদীত্যাদিনা মাতুলপুত্রপৌত্রয়োঃ পরিগ্রহঃ॥ ১৬৮॥

জানাইতেছেন। অতএব যিনি যিনি সেই বংশে উৎপন্ন হইয়া ভিন্নগোত্রও হন অর্থাৎ স্বদৌহিত্র ও পিতৃদৌহিত্র প্রভৃতি ও তদ্বংশ হইতে উৎপন্ন না হইলেও মাতুল প্রভৃতিরা মৃতধনির পিতৃকুল ও মাতৃকুলগত তিনপুরুষের পিণ্ডদান করেন বলিয়া তাঁহারা সপিণ্ডপদ বাচ্য বিধায় তাঁহাদের অধিকারার্থ ত্রয়াণামুদকং কার্য্যং এই বচনটি আর নৈকট্যক্রমে বিশেষ বোধনার্থ অনন্তরঃ সপিণ্ডাদ্যঃ এই বচনটি বর্ণন করিতে হইবে, তদ্দ্বারা মৃতভোগ্য ও মৃতদেয় পিত্রাদিত্রয় পিণ্ডদাতৃরূপ পিতৃদৌহিত্র প্রভৃতির অভাবে মৃতদেয় মাতামহাদি পিণ্ডদাতৃরূপ মাতুলাদির আনন্তর্য্যক্রমে ধনাধিকার বুঝিতে হইবে॥ ১৬৮॥

এতৎপর্য্যন্তাভাবে তু সকুল্যঃ। তদাহ মনুঃ। তদভাবে সকুল্যঃ স্যাদাচার্য্যঃ শিষ্যএব বা। সকুল্যো বিভক্তপিণ্ডঃ প্রতিপ্রণপ্তৃতঃ প্রভৃতি পুরুষত্রয়মধস্তনং বৃদ্ধপ্রপিতামহাদিসন্ততিশ্চ তত্রাপি প্রতিপ্রণপ্ত্রাদেরানন্তর্য্যং পিণ্ডলেপদ্বারেণ তেষামুপকারকত্বাৎ তদভাবে চ বৃদ্ধপ্রপিতামহাদিসন্ততিঃ মৃতদেয়পিণ্ডলেপভোগিভ্যো বৃদ্ধপ্রপিতামহাদিভ্যঃ পিণ্ডদাতৃত্বাৎ এবংবিধসকুল্যাভাবে চ সমানোদকাঃ সকুল্যপদেনৈবোপাত্তা মন্তব্যাঃ তেষামভাবে আচার্য্যঃ তস্যাপ্যভাবে শিষ্যঃ

এতৎপর্য্যন্তাভাবে মাতুলাদিপর্য্যন্তাভাবে। তত্রাপি উর্দ্ধতনাধস্তনসকুল্যয়োর্মধ্যেঽপি। উপকারকত্বাদিতি প্রথমং প্রতিপ্রণপ্ত্রাদয়োঽধিকারিণইতি শেষঃ। সকুল্যপদেনৈবেতি। সমানকুলোৎপন্নত্বরূপযোগার্থস্য তত্রাপি সত্ত্বাদিতি ভাবঃ। একপদোপাত্তত্বেঽপি উপকারতারতম্যাদধিকারক্রমইতি তাৎপর্য্যং। আচার্য্যঃ বেদাধ্যাপয়িতা। শিষ্যশ্চ বেদাধ্যেতা। সব্রহ্মচারীতি। মনুনা আচার্য্যাভাবে শিষ্যস্যোক্তত্বাৎ যাজ্ঞবল্ক্যেন চ শিষ্যাভাবে সব্রহ্মচারিণো বিধানাৎ আচার্য্যবাধ্যত্বং

এতৎপর্য্য অর্থাৎ মাতুল, মাতুলপুত্র ও মাতুলপৌত্রের অভাবে সকুল্য অধিকারী হয়, যথা মনু, তদভাবে সকুল্য অধিকারী হয়, তাহার পর আচার্য্য, তদনন্তর শিষ্য অধিকারী। সকুল্য শব্দে বৃদ্ধ প্রপৌত্র প্রভৃতি নিম্নগত তিনপুরুষ ও বৃদ্ধপ্রপিতামহাদি-সন্ততি বুঝায়, তন্মধ্যে পিণ্ডলেপদান দ্বারা উপকারকত্ব প্রযুক্ত বৃদ্ধ প্রপৌত্র প্রভৃতি প্রথমে অধিকারী, তাহাদের অভাবে বৃদ্ধপ্রপিতামহাদিসন্ততি, মৃতদেয় পিণ্ডলেপভোগিবৃদ্ধ প্রপিতামহপ্রভৃতিকে পিণ্ডদান করে বলিয়া ধনাধিকারী হয় এইরূপ অধস্তন ও উর্দ্ধতন সকুল্যের অভাবে সমানোদকেরা ধনভাগী হয়। মনু বচনে সকুল্য শব্দই সমানোদকের গ্রহণ মানিতে হইবে। সমানোদকের অভাবে গুরু অধিকারী, তদভাবে শিষ্য অধিকারী, তাহার প্রমাণ "আচার্য্যঃ শিষ্য এব বা" এই মনুবচন। তাহার পর সতীর্থ

"আচার্য্যঃ শিষ্যএব বেতি" মনুবচনাৎ। তদভাবে সব্রহ্মচারী "শিষ্যঃ সব্রহ্মচারিণ" ইতি নির্দ্দেশাৎ। তদভাবে চৈকগোত্রাঃ তদভাবে চৈকপ্রবরাঃ "পিণ্ডগোত্রর্ষিসম্বন্ধা ঋকৃথং ভজের-ন্নিতি" গোতমবচনাৎ॥ ১৬৯॥

উক্তপর্য্যন্তানান্তু সর্ব্বেষামভাবে ব্রাহ্মণাঃ তদ্ধনং গৃহ্নীয়ুঃ। যদাহ মনুঃ। সর্ব্বেষামপ্যভাবে তু ব্রাহ্মণা রিকৃথহারিণঃ। ত্রৈবিদ্যাঃ শুচয়ো দান্তা এবং ধর্ম্মো ন হীয়তে। ভোগেন ক্ষীয়মাণোঽপি ধর্ম্মস্তদ্দীয়ধনস্য ব্রাহ্মণগামিত্বেনাপরধর্ম্মপ্রাপ্ত্যা আপূর্য্যমাণো ন হীয়ত ইতি অত্রাপি ধনস্য তাদর্থ্যমেব পুরস্করোতি। তদভাবে ব্রাহ্মণধনবর্জ্জং রাজা গৃহ্নীয়াৎ। গোত্রর্ষিসম্বন্ধানাং ব্রাহ্মণানাং চাভাবঃ তদ্গ্রামে বোদ্ধব্যঃ অন্যথা রাজাধিকারস্য নির্ব্বিষয়ত্বাপত্তেঃ॥ ১৭০॥

---

সব্রহ্মচারিণোদণ্ডাপূপায়িতমিতি। নির্দ্দেশাদিতি। শিষ্যঃ সব্রহ্মচারিণইতি যাজ্ঞ-বল্ক্যেন নির্দ্দেশাদিত্যর্থঃ। পিণ্ডগোত্রেতি। সপিণ্ডত্বসগোত্রত্বসমানপ্রবরত্বসম্বন্ধ-বন্তঃ গাঠিকক্রমেণ রিকৃথং হরেয়ুরিত্যর্থঃ॥ ১৬৯॥

অন্যথেতি। সগোত্রাদীনামভাবে রাজ্ঞোঽধিকারোবাচ্যঃ ন চ পৃথিব্যাং

---

অর্থাৎ এক গুরুসমীপে অধ্যয়নকারী ধনাধিকারী হয়। যথা যাজ্ঞবল্ক্য, "শিষ্য সব্রহ্ম চারিণ" সতীর্থের অভাবে সমানগোত্র, তদভাবে সমানপ্রবরেরা অধিকারী। যথা-গোতম, পিণ্ড, গোত্র, ও প্রবরসম্বন্ধ বিশিষ্ট ব্যক্তিরা ধন বিভাগ করিয়া লইবে॥ ১৬৯॥

পূর্ব্বোক্ত একগ্রামস্থ সগোত্রাদির অভাবে গ্রামস্থ ব্রাহ্মণেরা ধন পাইবে। যথা মনু, সকলের অভাবে বেদজ্ঞ, শুচি ও জিতেন্দ্রিয় ব্রাহ্মণেরা ধন ভাগী হয়, ইহাতে ধর্ম্ম ক্ষীণ হয়েন না। ভোগদ্বারা ধর্ম্ম ক্ষীণ হইলেও মৃতের ধন ব্রাহ্মণগতত্ব প্রযুক্ত সম্বন্ধ দ্বারা অপর ধর্ম্ম পরম্পরা লাভ হেতু ঐ ধর্ম্ম অপূর্য্য-

তত্র যদি ত্রয়াণামিত্যাদিনা পিতৃদৌহিত্রমাতুলাদীনাম-ধিকারো নোক্তঃ স্যাৎ তদা সকুল্যাদীনাং নিয়তক্রমাণাং মধ্যেঽনুপ্রবেশাভাবাদধিকার এব ন স্যাৎ ন চ মাভূদিতি বাচ্যং যাজ্ঞবল্ক্যেন তেষাং গোত্রজবন্ধুপদাভ্যাং দর্শিতত্বাৎ তস্মাৎ মনুনাপি ত্রয়াণামিত্যাদিনৈব দর্শিতমিতি বাচ্যং। তস্মাৎ

তৎসগোত্রাভাবোনির্দ্দেষ্টুং শক্য ইত্যাশয়ঃ উপকারো ধনাধিকারপ্রযোজক-ইতিভাবঃ ॥ ১৭০ ॥

দার্ঢ্যায় পুনরাহ তত্রেতি। নিয়তক্রমাণামিতি। তদভাবে সকুল্যঃ স্যাদিতি” সর্ব্বেষামপ্যভাবইতি” অহার্য্যং ব্রাহ্মণধনমিতি” বচনানাং মনুনা ক্রমেণৈবাভি-ধানাৎ সকুল্যাদীনাং ক্রমনৈয়ত্যমিতিভাবঃ। অতএবেতি। যতএব উপকারেণৈব ধনাধিকারিতা উপকারতারতম্যাচ্চ ধনাধিকারক্রমোঽতএবেত্যর্থঃ। তুল্যবদিতি।

মাণ হইয়া ক্ষয় প্রাপ্ত হইতে পারে না, এজন্য সুব্রাহ্মণ গত ধন মৃত ব্যক্তিরই উপকারক হয়। গ্রামস্থ সুব্রাহ্মণের অভাবে ব্রাহ্মণ ধন ভিন্ন রাজা গ্রহণ করিবেন। সগোত্র ও সমান প্রবর এবং ব্রাহ্মণের অভাব সেই গ্রামে ধরিতে হইবে তাহা না হইলে রাজার অধিকার কথনের নির্ব্বিষয় হইয়া উঠে ॥ ১৭০ ॥

তাহাতে যদি ত্রয়াণামুদকং কার্য্যং ইত্যাদি বচন দ্বারা পিতৃদৌহিত্র ও মাতুল প্রভৃতির অধিকার কথন না হয়, তবে ক্রমপঠিত সকুল্যাদির মধ্যে তাহাদের অনুপ্রবেশ না হইবায় পিতৃদৌহিত্রাদির অধিকারই হইতে পারে না, উহাদের অধিকার নাই বা হইল? ইহা বলা উচিত হয় না। কেননা যাজ্ঞবল্ক্য মুনি, গোত্রজ পদ ও বন্ধু-পদ দ্বারা তাহাদের অধিকার দর্শাইয়াছেন, সুতরাং ভগবান্ মনুও ত্রয়াণামুদকং ইত্যাদি বচন দ্বারা উহা দর্শাইয়াছেন ইহা অবশ্য বক্তব্য। অতএব যে যে প্রকারে মৃতব্যক্তির ধন পারত্রিক উপকারের উপযোগি হয়, সেই সেই প্রকারে অধিকারের ক্রম অনুসরণ করিতে হইবে। অতএব পুত্র ও মৃতপিতৃক পৌত্র এবং মৃতপিতৃক প্রপৌ-ত্রের তুল্যরূপ অধিকার সিদ্ধ হয়, কারণ পুত্রেণ লোকান্ জয়তি ইত্যাদি বচন

যথা যথা মৃতধনস্য তদুপযুক্তত্বং ভবতি তথা তথাঽধিকারক্রমোঽনুসরণীয়ঃ। অতএব পুত্ত্রপৌত্ত্রপ্রপৌত্ত্রাণাং তুল্যবদেবাধিকারঃ সিধ্যতি "পুত্ত্রেণ লোকান্ জয়তী" ত্যাদিবাক্যেভ্যস্তুল্যোপকারশ্রুতেঃ তৎপিণ্ডদানাবিশেষাৎ অতএব জীবৎ পিতৃকয়োঃ পৌত্ত্রপ্রপৌত্ত্রয়োরনধিকারঃ সিধ্যতি। ন জীবন্তমতিদদ্যাদিতি শ্রুত্যা জীবন্তং পিতরমতিক্রম্য তয়োঃ পার্ব্বণনিষেধাদনুপকারকত্বাৎ অন্যথা মৃতপিতৃকয়োরিব তয়োরপি স্যাৎ জননক্রমেণ চ সপিণ্ডানন্তর্য্যাৎ পুত্ত্রস্যৈব স্যাৎ. ন পৌত্ত্রপ্রপৌত্ত্রয়োঃ ॥ ১৭১ ॥

ন চ পুত্ত্রাদীনাং ত্রয়াণাং যুগপদধিকারপ্রতিপাদকং বচন-

---

তথাচ উপকারতারতম্যাভাবাৎ ন ক্রমেণাধিকারঃ কিন্তু যুগপদেবেতিভাবঃ। তয়োরপি স্যাদিতি। জীবৎপিতৃকয়োরপি পৌত্রপ্রপৌত্রয়োঃ সম্বন্ধাবিশেষাদধিকারঃ স্যাদিত্যর্থঃ। জননক্রমেণ চেতি। যজ্জননব্যবহিতং যজ্জননং তদুত্তরং তদধিকারইতি ক্রমস্য প্রযোজকত্বে চেত্যর্থঃ। পৌত্রপ্রপৌত্রয়োর্মৃতপিতৃকপৌত্রপ্রপৌত্রয়োঃ ॥ ১৭১ ॥

অয়মর্থইতি উপকারকত্বেনৈব ধনসম্বন্ধোন্যায়প্রাপ্ত ইত্যেবংরূপোঽয়মর্থো

---

দ্বারা তুল্য উপকার শ্রুত হয় ও পিণ্ডদান কর্ত্তৃত্বেরও কোন বিশেষ দৃষ্ট হয় না এতাবতা জীবৎ পিতৃক পৌত্র এবং জীবৎ পিতৃক প্রপৌত্রের অধিকার হয় না। ইহা সিদ্ধ হইল। যেহেতু জীবিত ব্যক্তিকে অতিক্রম করিয়া দিবে না এই শ্রুতিপ্রমাণে জীবৎপিতাকে অতিক্রম পূর্ব্বক পার্ব্বণ নিষেধ করায় উক্ত জীবৎপিতৃক পৌত্র ও প্রপৌত্রের উপকারকত্ব দৃষ্ট হয় না। অন্যথা মৃত পিতৃকের ন্যায় জীবৎপিতৃক পৌত্র ও প্রপৌত্রেরও অধিকার হইতে পারে। আর উৎপত্তিক্রম ধরিয়া সাপিণ্ড্য নৈকট্য ধরিলে কেবল পুত্ত্রেরই অধিকার হয়, মৃতপিতৃক পৌত্র ও প্রপৌত্রের অধিকার হইতে পারে না ॥ ১৭১ ॥

মস্তি তস্মাৎ উপকারকত্বাবিশেষাদেব তুল্যবন্ধনসম্বন্ধোঽভিধেয়ঃ এবঞ্চ সর্ব্বত্রোক্তরীত্যা মৃতধনস্য মৃতার্থত্বমনুসন্ধেয়ং উক্ত-ক্রমেণ। স চায়মর্থঃ দায়ভাগপ্রকরণে পুত্ত্রাদীনামুপকার-কত্বাতিশয়াভিধানস্য অনন্যপ্রয়োজনকত্বাৎ "পিতৃণামনৃণশ্চৈব স তস্মাল্লব্ধুমর্হতী"ত্যানৃণ্যকরণস্য ধনলাভহেতুত্বেন কীর্ত্তনাৎ "দৌহিত্রোঽপি হ্যমুত্রৈনং সন্তারয়তি পৌত্রবদি"ত্যনেনাপি সন্তারণস্য ধনসম্বন্ধহেতুত্বেন নির্দ্দেশাৎ পুত্ত্রাদীনাঞ্চ ত্রয়াণাং সন্তারণাদন্যস্য তুল্যবন্ধনসম্বন্ধকারণস্যাভাবাৎ "ত্রয়াণামুদক-

---

মন্বাদীনামভিমতইতি মন্যতে ইতি দূরেণাগ্রিমেণান্বয়ঃ। অত্র হেতুমাহ দায়ভাগ-প্রকরণ ইত্যাদি। উপকারকত্বাতিশয়াভিধানস্যেতি ত্রয়াণামুদকং কার্য্যমিতি পুত্রেণ লোকান্ জয়তীত্যাদিনেতি শেষঃ। ধনসম্বন্ধহেতুত্বেনেতি। সন্তার-কত্বস্যেত্যাদি। আনর্থক্যাপত্তেরিতি। উপকারস্যাপ্রযোজকত্বে তৎপ্রতিপাদক-বাক্যস্যানাবশ্যকত্বাদিতিভাবঃ। ক্লীবেতি। ক্লীবাদীনামনধিকারস্য বাচনিকত্বে গৌরবাৎ উপকারস্য প্রযোজকত্বে চ উপকারাভাবেন ন্যায়মূলকত্বে লাঘবাদিতি-ভাবঃ। প্রতিসম্বন্ধিনামিতি। জীবৎপিতৃকপৌত্রপ্রপৌত্রাদীনাং সম্বন্ধিনামিত্যর্থঃ। বচনকল্পনেতি। মৃতপিতৃকাদীনামিব তেষামপি পৌত্রত্বাদ্যবিশেষাদধিকারপ্রসক্তৌ তন্নিষেধার্থং ভবন্মতে বচনকল্পনা মন্মতে তু উপকারাভাবেন তদনধিকারস্য ন্যায়-

---

পুত্র ও মৃতপিতৃক পৌত্র ও প্রপৌত্র এই তিনের একদা অধিকারের বচন নাই বটে কিন্তু উহাদের উপকারকত্ব নির্ব্বিশেষ ধরিয়া সমান ধনাধিকার বলিতে হইবে এবং সর্ব্বত্রই উক্তরীতিক্রমে মৃত ধন যাহাতে মৃতব্যক্তির পার-ত্রিক উপকারোপযোগি হয় সেইরূপ পূর্ব্বোক্ত ক্রমানুসারে অনুসন্ধান করিতে হইবে। ইহাতে এই অর্থ স্থির হইল যে দায়ভাগপ্রকরণে পুত্রাদির উপ-কারকতাতিশয় কথনের আর অন্য প্রয়োজন না থাকায় ও "পিতৃণামনৃণশ্চৈব স তস্মাল্লব্ধুমর্হতি" এই বচনে অনৃণকরণের ধন লাভ কারণ বলিয়া কীর্ত্তন

ম্বি”ত্যাদেশ্চানর্থক্যাপত্তেঃ ক্লীবপতিতজাত্যন্ধাদীনাঞ্চানুপকার-কত্বাদেবানংশিত্বাভিধানস্যোপপত্তেঃ প্রতিসম্বন্ধিনাঞ্চাধিকারার্থং বচনকল্পনা গৌরবাৎ তদর্জ্জিতধনস্য চ তদুপকারতারতম্যেন তাদর্থ্যসম্পাদনস্য ন্যায্যত্বাৎ উপকারকত্বেনৈব ধনসম্বন্ধো-ন্যায়প্রাপ্তো মন্বাদীনামভিমতইতি মন্যতে ইতি নিরবদ্যবিদ্যা-দ্যোতেন দ্যোতিতোঽয়মর্থো বিদ্বদ্ভিরাদরণীয়ঃ। অথাত্রা-পরিতোষো বিদুষাং বাচনিক এবায়মর্থঃ তথাপি যথোক্তএব বচনয়োরর্থোগ্রাহ্যইত্যস্তু কিং বিস্তরেণ॥ ১৭২॥

প্রাপ্ততয়া ন বচনকল্পনেতিভাবঃ। অথৈতাসাং স্মৃতীনাং ন্যায়মূলত্বে সত্যপি তদ্ভোগ্যপার্ব্বণদাতবি তস্য গঙ্গায়ামস্থিপ্রক্ষেপ্তুর্গয়ায়াং পিণ্ডদাতুর্ব্বা উদাসীনস্যাধি-কারাপত্তিরিত্যতআহ অথাত্রেতি। যতো ন্যায়মূলত্বে বিদুষামসন্তোষোঽতোবাচনিক এবার্থ ইতি যদি তথাপীত্যর্থঃ। যথোক্তএব তদ্ভোগ্যতদ্দেয়পিণ্ডলেপদাত্রাদীনাং আনন্তর্য্যক্রমেণাধিকারক্রমইত্যেবংরূপ এব। বচনয়োঃ “ত্রয়ানামুদকং কার্যমিতি” “অনন্তরঃ সপিণ্ডাদ্য”ইতিবচনয়োরর্থইত্যর্থঃ এবং সতি চ তদস্থি প্রক্ষেপ্ত্রাদেরু-দাসীনস্য নাধিকারইতি ভাবঃ॥ ১৭২॥

করায় ও “দৌহিত্রোঽপি হ্যমুত্রৈনং সন্তারয়তি পৌত্রবৎ” এই বচনে সন্তারণকে ধনাধিকারের হেতু বলিয়া নির্দ্দিষ্ট করায়, আর পুত্রাদি ত্রয়ের সন্তারণ ভিন্ন অন্য সমানাধিকারের কারণ না থাকায় এবং “ত্রয়াণামুদকং কার্য্যং” ইত্যাদি বচনের অন্যথা আনর্থক্য সম্ভাবনায় ও ক্লীব পতিত জন্মান্ধ প্রভৃতির উপকার-কত্বাভাব নিবন্ধনই নিরংশিত্ব কহিবায় ও প্রতি সম্পর্কীয়ের অধিকার প্রতি-পাদনের জন্য বচন কল্পনায় গৌরব দোষ সম্ভাবনায় ও তৎকর্ত্তৃক উপার্জ্জিত ধনের তদীয় উপকারতারতম্যানুসারে তদভীষ্ট সম্পাদনের ন্যায্যত্ব বিধায় উপকারকর্ত্তৃত্ব হেতুকই ধনাধিকার ন্যায়প্রাপ্ত, ইহা মনু প্রভৃতি মুনিগণের অভিমত ইহা বোধ হইতেছে বিধায় নিরবদ্য বিদ্যা প্রকাশে প্রকাশিত এই অর্থ বিদ্বদ্গণের আদরণীয় হইবে আর মদুক্ত এই অর্থে যদি বিদ্বদ্গণের সন্তোষ

ব্রাহ্মণধনবর্জ্জং রাজা গৃহ্নীয়াৎ। তদাহ মনুঃ। অহার্য্যং ব্রাহ্মণদ্রব্যং রাজ্ঞা নিত্যমিতিস্থিতিঃ। ইতরেষান্তু বর্ণানাং

ব্রাহ্মণধনবর্জ্জং রাজাধিকরীতিপ্রাগুক্তার্থে প্রমাণমাহ ব্রাহ্মণেতি। ধর্ম্মভ্রাতা ভ্রাতৃত্বেনাভ্যুপেতোঽপরোবানপ্রস্থোগৃহ্নীয়াৎ যথাসংখ্যক্রমেণেত্যর্থঃ। অত্র প্রমাণমাহ তদাহেতি। অনুলোমক্রমস্য বিবক্ষিতত্বে বানপ্রস্থস্য আচার্য্যাসম্ভবাদাহ প্রতিলোমেতি। ধর্ম্মভ্রাত্রাদিব্যুৎক্রমেণেত্যর্থঃ। তথা আচার্য্যাভাবে একতীর্থিন ইতি গ্রন্থকৃৎসম্মতোবচনার্থঃ। বস্তুতো ধর্ম্মভ্রাতৃপদং একতীর্থিবিশেষণমেব অন্যথৈতয়োঃ পৃথক্তে, যথাসংখ্যক্রমানুপপত্তেরিতি ধ্যেয়ং। যথাসম্ভবঞ্চেতি। তেন বানপ্রস্থধনং সঞ্চিতনীবারাদি। যতিধনং কমণ্ডলুকৌপীনাদি। ব্রহ্মচারিধনং পুস্তকবস্ত্রাদি। ব্রহ্মচারী দ্বিবিধঃ নৈষ্ঠিকঃ উপকুর্ব্বাণশ্চ। তত্র নৈষ্ঠিকস্যৈব ধনে আচার্য্যস্যাধিকারোঽপরস্য তু ধনে তৎপিত্রাদীনাং ক্রমেণাধিকারইত্যাহ ব্রহ্মচারী চেতি। কৃতত্বাৎ সঙ্কল্পিতত্বাৎ। উপকুর্ব্বাণস্য অকৃততথাসঙ্কল্পস্য অধ্যয়নসমাপ্ত্যনন্তরং পিতৃগেহনিবাসাভিমুখস্য।

না জন্মে তবে উক্ত অর্থ বাচনিকই বক্তব্য। পরন্তু তদ্বিষয়ে "ত্রয়াণামুদকং কার্য্যং," আর "অনন্তরঃ সপিণ্ডাদ্যঃ" এই দুই বচনের অর্থ যেরূপ বলিয়াছি সেইরূপই গ্রাহ্য, অর্থাৎ তদ্ভোগ্য ও তদ্দেয়পিণ্ড ও পিণ্ডলেপ দাতৃ প্রভৃতির নৈকট্য ধরিয়া ধনাধিকারক্রম স্থির করিতে হইবে ইতি আর বাগাড়ম্বরের প্রয়োজন নাই ॥ ১৭২ ॥

ব্রাহ্মণব্যতিরিক্তের ধন রাজা গ্রহণ করিবেন ইহার প্রমাণ যথা মনু, রাজা কদাপি ব্রাহ্মণের দ্রব্য লইবেন না এইটি ধর্ম্মশাস্ত্রব্যবস্থা। পরন্তু অন্য বর্ণের অর্থাৎ ক্ষত্রিয়াদির ধন সর্ব্বশেষে রাজা পাইবেন, এই বচনে সর্ব্বশব্দে ব্রাহ্মণ পর্য্যন্তের গ্রহণ। এবং বানপ্রস্থ, ও যতি অর্থাৎ সংন্যাসী ও ব্রহ্মচারী এই তিনের ধন যথাক্রমে ধর্ম্মভ্রাতা অর্থাৎ ভ্রাতৃত্বে অঙ্গীকৃত অপর বানপ্রস্থ ও সচ্ছিষ্য ও গুরু, এই তিন জন গ্রহণ করিবেন উহাদের অভাবে একাশ্রমী পাইবেন। যথা যাজ্ঞবল্ক্য, বানপ্রস্থ, যতি ও ব্রহ্মচারী এই তিনের অনুলোম-

সর্ব্বাভাবে হরেন্নৃপঃ। সর্ব্বশব্দেন ব্রাহ্মণপর্য্যন্তস্যোপাদানং।
বানপ্রস্থযতিব্রহ্মচারিণাং ধনং ধর্ম্মভ্রাতৃসচ্ছিষ্যাচার্য্যাঃ গৃহ্নীয়ুঃ

অত্রায়ং মৃতপুন্ধনাধিকারিক্রমঃ। তত্র প্রথমং পুত্রঃ তদভাবে পৌত্রঃ তদভাবে প্রপৌত্রঃ মৃতপিতৃকপৌত্রমৃতপিতৃপিতামহকপ্রপৌত্রয়োস্তু পুত্রেণ সহ যুগপদধিকারঃ। প্রপৌত্রপর্য্যন্তাভাবে পত্নী সা চ প্রাপ্তভর্ত্তৃদায়া ভর্ত্তৃকুলং তদভাবে পিতৃকুলং বা সমাশ্রিতা সতী শরীররক্ষার্থং ভর্ত্তৃদায়ং ভুঞ্জীত তথা ভর্ত্তুরুপকারার্থং যথাকথঞ্চিদ্দানাদিকমপি কুর্ব্বীত ন তু স্ত্রীধনবৎ স্বচ্ছন্দং বিনিযুঞ্জীত। তদভাবে দুহিতা তত্র প্রথমং কুমারী তদভাবে বাগদত্তা তদভাবে ঊঢ়া সা চ পুত্রবতী সম্ভাবিতপুত্রা চ দ্বে যুগপদেবাধিকারিণ্যৌ বন্ধ্যা পুত্রহীনা বিধবা চ নাধিকারিণী। ঊঢ়ায়া অভাবে দৌহিত্রঃ তদভাবে পিতা তদভাবে মাতা তদভাবে ভ্রাতা তত্রাপি প্রথমং সোদরঃ তদভাবে বৈমাত্রেয়ঃ মৃতস্য ভ্রাতৃসংসৃষ্টত্বে তু সোদরমাত্রবিষয়ে প্রথমং সংসৃষ্টসোদর এবাধিকারী তদভাবে চাসংসৃষ্টসোদরঃ এবং বৈমাত্রেয়মাত্রবিষয়ে প্রথমং সংসৃষ্টবৈমাত্রেয়ঃ তদভাবে চাসংসৃষ্টবৈমাত্রেয়ঃ যদা তু সংসৃষ্টোবৈমাত্রেয়ঃ সোদরশ্চাসংসৃষ্টঃ তদা তাবুভৌ তুল্যবদধিকারিণৌ। ভ্রাতৃনামভাবে ভ্রাতৃপুত্রঃ তত্রাপি প্রথমং সোদরভ্রাতৃপুত্রঃ তদভাবে বৈমাত্রেয়ভ্রাতৃপুত্রঃ সংসর্গে তু সোদরভ্রাতৃপুত্রমাত্রবিষয়ে প্রথমং সংসৃষ্টসোদরভ্রাতৃপুত্রঃ তদভাবে চাসংসৃষ্টসোদরভ্রাতৃপুত্রঃ বৈমাত্রেয়ভ্রাতৃপুত্রমাত্রবিষয়ে প্রথমং সংসৃষ্টবৈমাত্রেয়ভ্রাতৃপুত্রঃ তদভাবে চাসংসৃষ্টবৈমাত্রেয়ভ্রাতৃ-

---

ক্রম না ধরিয়া প্রতিলোমক্রমানুসারে আচার্য্য, সচ্ছিষ্য ও ধর্ম্মভ্রাতা এই তিনজন ধনাধিকারী হইবেন অর্থাৎ ব্রহ্মচারীর ধনে আচার্য্য, যতির ধনে সচ্ছিষ্য, বানপ্রস্থের ধনে ধর্ম্মভ্রাতা অপর বানপ্রস্থ অধিকারী হয়েন, ইহাদের অভাবে একাশ্রমী অধিকারী হন। এই বচনে ব্রহ্মচারী শব্দের অর্থ নৈষ্ঠিক ব্রহ্মচারী অভিমত। যেহেতু উক্ত নৈষ্ঠিক, পিত্রাদি পরিত্যাগ পূর্ব্বক যাবজ্জীবন গুরুকুল নিবাস ও গুরু পরিচর্য্যা নিষ্ঠায় কৃতসংকল্প হয়েন, কিন্তু উপকুর্ব্বাণ ব্রহ্মচারির ধন তাঁহার পিতৃ প্রভৃতি অধিকারিগণ যথাক্রমে গ্রহণ করিবেন কারণ উপকুর্ব্বাণ যাবজ্জীবন গুরুগৃহ নিবাসে সঙ্কল্প করেন না। পরন্তু পাঠ সমাপ্তি হইলেই তিনি পিতৃগৃহে গমন করেন ইতি অপুত্রধনাধিকার সম্পূর্ণ।

তদভাবে একতীর্থী একাশ্রমী গৃহ্নীয়াৎ তদাহ যাজ্ঞবল্ক্যঃ।
বানপ্রস্থযতিব্রহ্মচারিণাম্নৃকথভাগিনঃ। ক্রমেণাচার্য্যসচ্ছিষ্য-
ধর্ম্মভ্রাত্রেকতীর্থিনঃ। প্রতিলোমক্রমেণ যথাসম্ভবং ধনং

পুত্রঃ যদা তু সোদরভ্রাতৃপুত্রোঽসংসৃষ্টো বৈমাত্রেয়ভ্রাতৃপুত্রশ্চ সংসৃষ্টঃ তদা দ্বৌ ভ্রাতৃবত্তুল্যাধিকারিণৌ। ভ্রাতৃপুত্রাভাবে ভ্রাতৃপৌত্রঃ তত্রাপি ভ্রাতুঃ সোদরা-সোদরক্রমঃ সংসর্গাসংসর্গক্রমশ্চ বোধ্যঃ। তদভাবে পিতৃদৌহিত্রঃ স চ সোদর-ভগিনীপুত্রঃ বৈমাত্রেয়ভগিনীপুত্রঃ তদভাবে পিতামহঃ তদভাবে পিতামহী তদভাবে. পিতুঃ সহোদবঃ তদভাবে পিতুর্ব্বৈমাত্রেয়ঃ তদভাবে পিতৃসহোদরপুত্র-পিতৃবৈমাত্রেয়পুত্রপিতৃসোদরপৌত্রপিতৃবৈমাত্রেয়পৌত্রাণাং ক্রমেণাধিকারঃ। তদ-ভাবে পিতামহদৌহিত্রঃ তত্রাপি পিতৃসোদরভগিনীপুত্রঃ তদভাবে পিতৃবৈমাত্রেয়-ভগিনীপুত্রশ্চ বক্ষ্যমাণপ্রপিতামহদৌহিত্রাধিকারেঽপ্যেবং তদভাবে প্রপিতামহঃ তদভাবে প্রপিতামহী তদভাবে পিতামহসহোদরভ্রাতৃতদ্বৈমাত্রেয়ভ্রাতৃতৎপুত্রপৌত্র প্রপিতামহদৌহিত্রাঃ ক্রমেণাধিকারিণঃ। এতাবৎপর্য্যন্তানাং ধনিভোগ্যপিণ্ড-দাতৃণামভাবে ধনিদেয়পিণ্ডদাতৃণাং মাতামহমাতুলাদীনামধিকারঃ তত্রাপি প্রথমং মাতামহস্তদভাবে মাতুল তৎপুত্রপৌত্রাণাং ক্রমেণাধিকারঃ। তদভাবে চাধস্তন-

অথ মৃত পুংধনাধিকার ক্রম সংক্ষেপ। যথা প্রথমে পুত্র পিতার ধনে অধিকারী হয় তাহার পর পৌত্র, তারপর প্রপৌত্র অধিকারী। আর মৃত পিতৃক পৌত্র ও মৃত পিতৃ পিতামহক প্রপৌত্র এই দুয়ের পুত্রের সঙ্গে সমান অধিকার হয়। প্রপৌত্রপর্য্যবন্তের অভাবে পত্নী অধিকারিণী হইয়া আদৌ ভর্ত্তৃকুল তদভাবে পিতৃকুল আশ্রয় করিয়া শরীর রক্ষার্থ ভর্ত্তৃধন ভোগ করিবে ও ভর্ত্তার পারত্রিক উপকারার্থ যথা কথঞ্চিৎ দানাদি করিবে কিন্তু স্ত্রীধনের ন্যায় স্বেচ্ছা ব্যবহার করিতে পারিবেন না। পত্নীর পর কন্যা অধিকারিণী তন্মধ্যে প্রথমে কুমারী তারপর বাগ্দত্তা তারপর বিবাহিতা কন্যা তন্মধ্যে পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা এই দুই কন্যা তুল্যাধিকারিণী হয়। বন্ধ্যা ও পুত্র-হীনা বিধবা কন্যা অধিকারিণী হয় না। কন্যার অভাবে দৌহিত্র, দৌহিত্রের

জ্ঞেয়ং। ব্রহ্মচারী চ নৈষ্ঠিকোঽভিমতঃ পিত্রাদিপরিত্যাগেন যাবজ্জীবমাচার্য্যকুলনিবাসপরিচর্য্যানিষ্ঠায়াঃ তেন কৃতত্বাৎ উপকুর্ব্বাণস্য তু ধনং পিত্রাদিভিরেব গ্রাহ্যং। ইতি অপুত্রধনবিভাগঃ ॥ ১৭৩ ॥

---

